mmittee, of the number of marks awarded to each candidate in the *viva voce* examination; whereupon the Government Examiners shall proceed to examine the answers to the written questions and determine to what number of marks each candidate is entitled for such answers, and declare as to each candidate whether, according to the rules above laid down, he has or has not passed the examination; provided that the Local Committee shall not forward to the Government Examiners the written answers of any candidate who shall fail to obtain 20 marks in the *viva voce* examination.

পত্র প্রেরণ করিবেন। তাহা হইলে গবর্ণমেন্ট পরীক্ষকেরা লিখিত প্রশ্নের উত্তর সমালোচনা করিয়া ঐ উত্তরের উপলক্ষে যাঁহার নামে যত অঙ্ক পাত হইবে তাহা নিরূপণ করিয়া পূর্ব্বোক্ত বিধিমতে প্রত্যেক পদাকাঙ্ক্ষির নামে ইনি পরীক্ষাতে উত্তীর্ণ হইয়াছেন ইনি হন নাই ইহা ব্যক্ত করিবেন। কিন্তু কোন পদাকাঙ্ক্ষী বাচনিক পরীক্ষা দিয়া যদি ২০ অঙ্ক পাইতে না পারেন, তবে স্থানীয় কমিটী গবর্ণমেন্ট পরীক্ষকেরদের নিকটে তাঁহার লিখিত উত্তর পাঠাইবেন না।

16. As soon as the examination shall have been concluded, the Government Examiners shall submit a report of their proceedings to the Registrar of the High Court, who shall transmit the same to the Government.

১৬। পরীক্ষা সমাপ্ত হইলে পর গবর্ণমেন্ট পরীক্ষকেরা হাই কোর্টের রেজিষ্ট্রার সাহেবের নিকটে আপনারদের কার্য্যের রিপোর্ট অর্পণ করিবেন, তিনি গবর্ণমেন্টে তাহা পাঠাইবেন।

17. The names of the successful candidates shall be published in the *Government Gazette.*

১৭। পরীক্ষোত্তীর্ণ ব্যক্তিদের নাম গবর্ণমেন্ট গেজেটে প্রকাশ হইবে।

Examinations for the lower grade of Pleaders.

নিম্ন শ্রেণীর প্লীডরের পরীক্ষা

18. An examination shall be held once in each year, at the head-quarters of each district, on the last Monday in January.

১৮। প্রতি বৎসর জানুআরি মাসের শেষ সোমবারে প্রত্যেক জিলার সদর মোকামে পরীক্ষা হইবে।

19. The examination shall be conducted in English, or in the Vernacular of the district, at the option of the candidate

১৯। ঐ পরীক্ষা পদাকাঙ্ক্ষির ইচ্ছামতে ইংলণ্ডীয় ভাষায় কি জিলার প্রচলিত ভাষায় হইবে।

20. The examination shall be held by the Deputy Commissioner, assisted, if he think fit, by any other officer whom he may call in.

২০। ডেপুটী কমিস্যনর সাহেব পরীক্ষা গ্রহণ করিবেন। তিনি উচিত বোধ করিলে অন্য কোন কর্ম্মকারককে সহায়স্বরূপ আহ্বান করিবেন।

21. Previously to each examination the Government Examiners shall prepare two written papers of questions, of which one shall be on Criminal Law and Procedure, and one on Civil Law and Procedure, and shall forward them to the Deputy Commissioner.

২১। পরীক্ষা হইবার প্রত্যেকবার পূর্ব্বে গবর্ণমেন্ট পরীক্ষকেরা লিখিত প্রশ্নের দুই পত্র প্রস্তুত করিয়া ডেপুটী কমিস্যনর সাহেবের নিকটে প্রেরণ করিবেন; এক পত্রে ফৌজদারী আইন ও কার্য্যবিধানের ও অন্য পত্রে দেওয়ানী আইন ও কার্য্যবিধানের প্রশ্ন থাকিবে।

22. There shall also be a *viva voce* examination conducted by the Deputy Commissioner assisted as abovementioned, if he think fit to call in assistance.

২২। তদ্ভিন্ন ডেপুটী কমিস্যনর সাহেব বাচনিক পরীক্ষা লইবেন ও উচিত বোধ করিলে স্বীয় সাহায্যার্থে পূর্ব্বোক্ত সহায়কে আহ্বান করিবেন।

23. There shall be twelve questions in each paper. The number of marks to which a candidate shall be entitled for a full answer to each question shall be separately specified by the Government Examiners at the time of preparing the questions.

২৩। প্রত্যেক পত্রে দ্বাদশটি প্রশ্ন থাকিবে। প্রত্যেক প্রশ্নের সম্পূর্ণ উত্তর হইলে পদাকাঙ্ক্ষির নামে যত অঙ্ক পাত হইবে গবর্ণমেণ্ট পরীক্ষকেরা প্রশ্ন প্রস্তুত করণ কালে তাহা নিরূপণ করিবেন।

24. The aggregate number of marks for full answers to the whole of the twelve questions shall be 160.

২৪। দ্বাদশ প্রশ্নের সম্পূর্ণ উত্তর হইলে সর্ব্বশুদ্ধ ১৬০ যাইট অঙ্ক হইবে।

25. The full number of marks for the *viva voce* examination, in which candidates shall be asked at least four questions, shall be 50.

২৫। বাচনিক পরীক্ষাতে পদাকাঙ্ক্ষদের নিকটে চারি প্রশ্নের ন্যূন করা যাইবে না। সম্পূর্ণ উত্তরের ৫০ অঙ্ক পাত হইবে।

26. The written questions, and also the questions upon the *viva voce* examination, shall be so framed as to test the knowledge of the candidates in the subjects mentioned in Rule 18 of the rules passed by the High Court, for the quali-

২৬। হাই কোর্টের সাহেবেরা পূর্ব্বোক্ত মফঃসল আদালতে প্লীডর ও মোক্তারদিগের কর্ম্মোপযোগিতার ও গ্রাহ্য হওনের ও নাম লেখাইবার যে বিধি প্রণয়ন করিয়াছেন তাহার ১৮ ধারাতে যেং বিষয়ের উল্লেখ হইয়াছে ঐ লিখিত প্রশ্ন এবং বাচনিক পরী-

fication, admission, and enrolment of Pleaders and Mookhtears in Mofussil Courts abovementioned, and they shall be so prepared that a candidate may be enabled to pass by studying the Regulations, Enactments, and Text-Books set opposite to the respective subjects in the said section.

ক্ষার প্রশ্নও এই ভাবের হইবে যে পদাকাঙ্ক্ষিদের সেই২ বিষয়ের জ্ঞানানুভূতি হয় ও সেই প্রশ্ন এমন প্রস্তুত করিতে হইবে যে উক্ত ধারার নির্দ্দিষ্ট বিষয়ের পার্শ্বে যে২ আইন ও বিধান ও পুস্তকের উল্লেখ হইয়াছে তাহা আলোচনা করিলে পদাকাঙ্ক্ষী উত্তীর্ণ হইতে পারেন।

27. To be entitled to pass, a candidate must obtain 100 marks at least in each of the written papers, and 30 marks in the *viva voce* examination.

২৭। লিখিত প্রত্যেক পত্রোপলক্ষে পদাকাঙ্ক্ষির নামে ১০০.শত অঙ্ক ও বাচনিক পরীক্ষোপলক্ষে ৩০ অঙ্কপাত না হইলে তিনি উত্তীর্ণ হইবেন না।

28. The number of marks, whether full or less than full, to which each candidate shall be entitled for his answers, as well to the written questions as upon the *viva voce* examination, shall be determined by the Deputy Commissioner with such assistance as abovementioned, if called in; and the Deputy Commissioner shall thereupon declare as to each candidate, whether he has or has not passed the examination, and report the result to the Registrar of the High Court, who shall transmit the same to the Government.

২৮। লিখিত প্রশ্নের এবং বাচনিক পরীক্ষার উত্তরের উপলক্ষে প্রত্যেক পদাকাঙ্ক্ষির নামে সম্পূর্ণ অঙ্ক কি ন্যূন অঙ্ক পাত হইবে ডেপুটী কমিস্যনর সাহেব পূর্ব্বোক্ত সহায় ব্যক্তি আহূত হইলে তাঁহার সহায়তাতে এই কথা নিরূপণ করিবেন, এবং প্রত্যেক পদাকাঙ্ক্ষির বিষয়ে ইনি উত্তীর্ণ হইয়াছেন, ইনি হন নাই ইহা ব্যক্ত করিয়া হাই কোর্টের রেজিষ্ট্রার সাহেবের নিকটে ঐ পরীক্ষার ফলের রিপোর্ট করিবেন। রেজিষ্ট্রার সাহেব তাহা গবর্ণমেণ্টে পাঠাইবেন

29. The names of the successful candidates shall be published in the *Calcutta Gazette*.

২৯। পরীক্ষোত্তীর্ণ পদাকাঙ্ক্ষিদের নাম কলিকাতা গেজেটে প্রকাশ হইবে।

Examination of Mookhtears.

মোক্তারদের পরীক্ষা।

30. The examination of Mookhtears, under Section 34 of the abovementioned rules passed by the High Court, shall be held by the Deputy Commissioner in every district.

৩০। হাই কোর্টের সাহেবেরা পূর্ব্বোক্ত যে বিধি প্রণয়ন করিয়াছেন তাহার ৩৪ ধারামতে প্রত্যেক জিলার ডেপুটী কমিস্যনর সাহেব মোক্তারেরদের পরীক্ষা লইবেন।

31. The examination shall be held once in each year, on the second Monday in February, and shall be by questions in writing and *viva voce*.

৩১। পরীক্ষা প্রতিবৎসর ফেব্রুআরি মাসের দ্বিতীয় সোমবারে লিখিত ও বাচনিক প্রশ্নদ্বারা হইবে।

32. The examination shall be conducted in English, or in the Vernacular of the district, at the option of the candidate.

৩২। পদাকাঙ্ক্ষির ইচ্ছামতে ইংলণ্ডীয় ভাষায় কি জিলার চলিত ভাষায় পরীক্ষা হইবে।

33. Previously to each examination the Government Examiners shall prepare two written papers of questions, of which one shall be on Criminal Law and Procedure, and one on Civil Law and Procedure, and shall forward them to the Deputy Commissioner.

৩৩। পরীক্ষা হইবার প্রত্যেকবার পূর্ব্বে গবর্ণমেণ্ট পরীক্ষকেরা লিখিত প্রশ্নের দুই পত্র প্রস্তুত করিয়া ডেপুটী কমিস্যনর সাহেবের নিকটে পাঠাইবেন। এক পত্রে ফৌজদারী আইন ও কার্য্যবিধানের অন্য পত্রে দেওয়ানী আইন ও কার্য্যবিধানের প্রশ্ন হইবে।

34. There shall also be a *viva voce* examination.

৩৪। বাচনিক পরীক্ষাও হইবে।

35. There shall be six questions in each paper. The number of marks to which a candidate shall be entitled for a full answer to each question shall be separately specified by the Government Examiners at the time of preparing the questions.

৩৫। প্রত্যেক পত্রে ছয় প্রশ্ন থাকিবে। এক২ প্রশ্নের সম্পূর্ণ উত্তরের উপলক্ষে পদাকাঙ্ক্ষির নামে যত অঙ্কপাত হইবে গবর্ণমেণ্ট পরীক্ষকেরা প্রশ্ন প্রস্তুত করণ কালে তাহা নিরূপণ করিবেন।

36. The aggregate number of marks for full answers to the whole of the six questions shall be 160.

৩৬। ছয় প্রশ্নের সম্পূর্ণ উত্তর উপলক্ষে সর্ব্বশুদ্ধ ১৬০ অঙ্ক হইবে।

37. The full number of marks for the *viva voce* examination, in which candidates shall be asked at least four questions, shall be 50.

৩৭। বাচনিক পরীক্ষাতে পদাকাঙ্ক্ষিরদের নিকট চারি প্রশ্ন করা যাইবে তাহার সম্পূর্ণ উত্তর উপলক্ষে ৫০ অঙ্ক হইবে।

38. The written questions, and also the questions upon the *viva voce* examination, shall be so

৩৮। পূর্ব্বোক্ত বিধির ৩৪ ধারাতে যে২ বিষয়ের উল্লেখ হইয়াছে ঐ লিখিত প্রশ্ন এবং বাচনিক পরীক্ষার

framed as to test the knowledge of the candidates in the subjects mentioned in Rule 34 of the aforesaid rules.

প্রশ্ন এই ভাবে করিতে হইবে যে সেইং বিষয়ে পরীক্ষার্থিরদের জ্ঞানানুভূতি হয়

39. To be entitled to pass, a candidate must obtain 100 marks at least in the written paper, and 30 in the *viva voce* examination.

৩৯। লিখিত পত্রে ১০০ অঙ্কের ন্যূন ও বাচনিক পরীক্ষাতে ৩০ অঙ্কের ন্যূন হইলে পদাকাঙ্ক্ষী উত্তীর্ণ হইবেন না।

40. The number of marks, whether full or less than full, to which each candidate shall be entitled for his answers, as well to the written questions as upon the *viva voce* examination, shall be determined by the Deputy Commissioner, who shall thereupon declare as to each candidate, whether he has or has not passed the examination, and report the result to the Registrar of the High Court, who shall transmit the same to the Government.

৪০। লিখিত ও বাচনিক পরীক্ষাতে প্রশ্নের উত্তরোপলক্ষে যে পদাকাঙ্ক্ষির নামে সম্পূর্ণ কি ন্যূন যত অঙ্কপাত হইবে তাহা ডেপুটী কমিসনর সাহেব নিরূপণ করিবেন। ও প্রত্যেক পদাকাঙ্ক্ষির বিষয়ে ইনি উত্তীর্ণ হইয়াছেন ইনি হন নাই ইহা ব্যক্ত করিয়া হাই কোর্টের রেজিষ্ট্রার সাহেবের নিকটে পরীক্ষার ফলের রিপোর্ট করিবেন। তিনি গবর্নমেণ্টে সেই রিপোর্ট প্রেরণ করিবেন।

41. The names of the successful candidates shall be published in the *Calcutta Gazette.*

৪১। পরীক্ষোত্তীর্ণ পদাকাঙ্ক্ষিদের নাম কলিকাতা গেজেটে প্রকাশ হইবে।

DECLARATION UNDER SECTION 2, ACT VI. OF 1857.

The 16th January 1867.

Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken up by Government at the public expense, for a public purpose, *viz.*, for the accommodation of the Post Office building at Kissengunge, it is hereby declared that for the above purpose a piece of land is required, measuring about 10 cottahs, situated at Kissengunge, being the present site of the Post Office, and being bounded as follows :—

East.—Mal land uncultivated, in possession of Bengal Indigo Company.

North.—The Ferry Fund Road from Kishnaghur to Kissengunge.

West.—River Echamutty.

South.—Mal land uncultivated, in possession of Bengal Indigo Company.

2. This Declaration is made, under the provisions of Section 2, Act VI. of 1857, to all whom it may concern.

১৮৫৭ সালের ৬ আইনের ২ ধারামতের বিজ্ঞাপন।

১৮৬৭ সাল ১৬ জানুআরি

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেব অবগত হইয়াছেন যে রাজকীয় কার্য্যার্থে অর্থাৎ কৃষ্ণগঞ্জস্থ ডাকঘর প্রস্তুত করণার্থে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্টের ভূমি লওয়া আবশ্যক, অতএব সংবাদ দেওয়া যাইতেছে যে পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে কৃষ্ণগঞ্জে ॥০ কাঠা পরিমিত ভূমির প্রয়োজন। ডাকঘর এখন সেই স্থানে আছে, উক্ত ভূমির সীমা এইং—

পূর্ব্ব সীমা—বেঙ্গল ইণ্ডিগো কোম্পানির অধিকৃত অকর্ষিত মাল ভূমি।

উত্তর সীমা—কৃষ্ণনগর অবধি কৃষ্ণগঞ্জপর্য্যন্ত ফেরিফণ্ডের পথ।

পশ্চিম সীমা—ইচ্ছামতী নদী।

দক্ষিণ সীমা—বেঙ্গল ইণ্ডিগো কোম্পানির অধিকৃত অকর্ষিত মাল ভূমি

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক আছে তাঁহাদের জ্ঞানার্থে ১৮৫৭ সালের ৬ আইনের ২ ধারার বিধানমতে এই সংবাদ প্রকাশ করা গেল।

DECLARATION UNDER SECTION II., ACT VI. OF 1857.

The 19th January 1867.

Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken at the public expense, for a public purpose, *viz.*, for the construction of a strand road from Maddarbarree road to the Goaldangah road in continuation of the Maddarbarree strand road, it is hereby declared that for the above purpose, a strip of land is required, measuring about 1¾ miles in length, and about 96 feet in width on an average, or more or less, and

১৮৫৭ সালের ৬ আইনের ২ ধারামতের বিজ্ঞাপন।

১৮৬৭ সাল ১৯ জানুআরি।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব অবগত হইয়াছেন যে রাজকীয় কার্য্যার্থে অর্থাৎ মাদারবাড়ীর রাস্তা অবধি গোয়ালডাঙ্গার রাস্তা পর্য্যন্ত নদীর ধারের পথ দীর্ঘ করিয়া পথ প্রস্তুত করণার্থে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্টের ভূমি লওয়া আবশ্যক, অতএব ইহাতে সম্বাদ দেওয়া যাইতেছে যে পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে ন্যূনাধিক ১।৷ মাইল দীর্ঘ ও গড়ে ৯৬ ফুট প্রশস্ত এবং কালীতে ন্যূনাধিক ১ দ্রোণ ১৪ কাহন ১৮ গণ্ডা ২ কড়া ০ কন্ত ৪ ব ৩ ভূমি। উক্ত ভূমি চট্টগ্রাম জিলার অন্তর্গত ইস্‌লামাবাদ থানার মাদার-

containing an area of about 1*d.* 14*k.* 18*g.* 2*c.* 0*k.* 4*d.*, more or less, situated in Mouzahs Maddarbarree and Goaldangah, Thannah Islamabad, in the district of Chittagong, and passing generally parallel to the right bank of the Koornafolee River.

বাড়ী ও গোয়ালডাঙ্গা মৌজায় স্থিত ও সামান্যতঃ কর্ণফুলী নদীর ধারে২ সমান্তরালে চলে।

This declaration is made, under the provisions of Section II., Act VI. of 1857, to all whom it may concern.

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক রাছে তাঁহাদের জ্ঞানার্থে ১৮৫৭ সালের ৬ আইনের ২ ধারার বিধানমতে এই সংবাদ প্রকাশ করা গেল।

A. EDEN,
Secy. to the Govt. of Bengal.

এ ইডেন,
বঙ্গদেশের গবর্ণমেন্টের সেক্রেটরী।

ORDERS OF THE HIGH COURT OF JUDICATURE AT FORT WILLIAM IN BENGAL.

বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর হাইকোর্টের আজ্ঞা।

APPOINTMENTS.

নিয়োগ।

The 22nd January 1867.

১৮৬৭ সাল ২২ জানুআরি

Moulvie Kazim Hossien to officiate as Moonsiff of Kishengunge, Zillah Bhaugulpore, on the full salary of a Moonsiff of the second grade.

শ্রীযুত মৌলবী কাজিমহুসেন ভাগলপুর জিলার কৃষ্ণগঞ্জের মুন্সেফের কর্ম্ম করিবেন। তিনি দ্বিতীয় শ্রেণীর মুন্সেফের সম্পূর্ণ বেতন পাইবেন।

Baboo Radha Kisno Sein to officiate as Moonsiff of Hurhurparah, Zillah Moorshedabad, from the 12th instant.

শ্রীযুত বাবু রাধাকৃষ্ণ সেন এই মাসের ১২ তারিখ অবধি মুরশিদাবাদ জিলার হরহড়পাড়ার মুন্সেফের কর্ম্ম করিবেন।

LEAVE OF ABSENCE

ছুটী।

The 26th January 1867.

১৮৬৭ সাল ২৬ জানুআরি।

Baboo Joogul Pershad, Moonsiff of Sewan, Zillah Sarun, for four months, under paragraph 11 of the Uncovenanted Absentee Rules, placing the Serishtadar in charge of the current duties of his office until further orders.

সারণ জিলার সেওয়ানের মুন্সেফ শ্রীযুত যুগলপ্রসাদ বাবু অচিহ্নত কার্য্যকারকদের ছুটীর বিধির ১১ ধারামতে চারি মাসের ছুটীপাইয়াছেন। অন্য আজ্ঞা না হওনপর্য্যন্ত তিনি আপন কার্য্যালয়ের চলিত কর্ম্মের ভার সিরাস্তাদারের প্রতি অর্পণ করিবেন।

L. R. TOTTENHAM,
Registrar.

এল আর টটনহাম,
রেজিষ্ট্রার।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৬৭। ২৯ জানুআরি।]

GOVERNMENT ADVERTISEMENTS. গবর্ণমেণ্টের ইশ্‌তিহার।

LAND ADVERTISEMENTS. ভূমিবিষয়ক ইশ্‌তিহার।

NOTICE.

To be sold to the highest bidder, at the Court of the Principal Sudder Ameen of Zillah Cuttack, on Friday, the 8th day of February 1867, at the hour of 12 o'clock noon, the Rights and Interests of the Defendant Rajah Puddonath Deb of Killah Aul, in the said Killah of Aul in satisfaction of certain decrees held by Peary Deyee, mother and guardian of Sahib Surrun Lall, Plaintiff, and execution of which has been taken out against him.

The Killah in question is a fixed Tributary Estate the permanent *Jumma* of which is Rupees 28,139-2-7 per annum.

Twenty-five per cent. on the amount bid will be required to be paid in at the time of purchase and the balance within a fortnight from the date of sale.

W. WRIGHT,
Principal Sudder Ameen.

জিলা চট্টগ্রাম।

এস্তেহারনামা কাছারি কালেক্‌টরি জিলে চট্টগ্রাম।

এহার দ্বারায় সম্বাদ দেওয়া যাইতেছে যে চট্টগ্রাম জেলার নীচের লিখিত মহাল মালগুজারির বাকি বাবত ইংরেজী সন ১৮৬৭ সালের ১১ ফেব্রুআরি তারিখ মোতাবেক সন ১২৭৩ বাঙ্গলা তারিখ ৩০ মাঘ রোজ সোমবার এই কালেক্‌টরী কাছারিতে বিনা ওজর নীলামে ধর যাইবেক ইতি। সন ১৮৬৭ ইংরাজী তারিখ ১৭ জানুআরি।

প্রথম শ্রেণীর কাএমি মহাল।

৫৭।৩৫ নং তরফ আরদেবাকচ্ছ মালিক নিত্যানন্দ রক্ষিত ও শ্রীমতী আনন্দময়ী ও প্রাণকৃষ্ণ ও দুর্গাদাস ও গিরিশচন্দ্র ও গুরুদাস ও জীবনকৃষ্ণ ও নবকৃষ্ণ ও রাজকৃষ্ণ রায়ের মধ্যে প্রাণকৃষ্ণ রক্ষিত ও নবকৃষ্ণ রক্ষিত ও রাজকৃষ্ণ রক্ষিত ও দুর্গাদাস রক্ষিত ও আনন্দময়ী ও পরমেশ্বরী ও নিত্যানন্দ রক্ষিতের হিস্যা জের বাটওয়ারা সূত্রে আদায় করাতে তাহাদিগের হিস্যা সেওয়ায় গিরিশচন্দ্র রক্ষিত ও গুরুদাস রক্ষিতের হিস্যা নীলাম হইবেক মোছলম মহালের সদর জমা ১০৩৮৫৲

R. H. WILSON,
Offg. Collector.

জেলা পাবনা

এস্তাহারনামা কাছারি কালেক্‌টরী জেলা পাবনা অত্র কালেক্‌টরির ইস্তমরারি জমা ধার্য্য হওয়া মহাল মধ্যে পং জাঙ্গিরাবাদের অন্তর্গত তাং মেঘনা, রায় রামবল্লভ ও সদাশিব সরকার, হরগোবিন্দ ঘোষ, জয়নারায়ন বসুর নামে বার্ষিক ৮৬৪৭৷৶৴১০ পাই জমার তালুক লিখা যায়, ১২৪ নং যাহার হিস্যা ৵৬৷৷= ক্রান্তী রায় রামবল্লভ ও সদাশিব সরকারের হকিয়ত তাহার সদর জমা ২৮৮২৷৵১০ পাই ও ৭২ ৵৬৷৷= ক্রান্তী জয়নারায়ন বসুর তাহার সদর জমা ২৮৮২৷৷৶০ আনা ও ৭২ ৵৬৷৷= ক্রান্তী হরগোবিন্দ ঘোষের তাহার সদর জমা ২৮৮২৷৷৶০ আনার স্বতন্ত্র২ রূপে হিসাব পৃথক আছে, তন্মধ্যে রায় রামবল্লভ ও সদাশিবের হিসার দরুণ ১২৭৩ সালের অগ্রহায়ণ পর্য্যন্তের বাকি রাজস্ব ৭৭৮৶৯ পাই সদর বোর্ডের নির্দ্ধারিত গত ১২ জানুআরি সূর্য্যাস্তের পূর্ব্ব পর্য্যন্ত বাকিদার অথবা অন্য কেহ দাখিল করে নাই যেহেতু এই মহালের হিসাব ১৮৫৯ সালের ১১ আইনের বিধানক্রমে স্বতন্ত্র হইয়াছে এবং ঐ বাকি রায় রামবল্লভ দিগরের অংশের দরুন বটে অতএব রায় রামবল্লভদিগরের উক্ত অংশ নীলামের দিবস আগামী ১৮৬৭ সালের ৭ ফেব্রুআরি বাঙ্গলা ১২৭৩ সালের ২৬ শে মাঘ অবধার্য্য পূর্ব্বক ঘোষণা দেওয়া যাইতেছে যে, ঐ দিবস নামিক রায় রামবল্লভ দিগরের উপরোক্ত অংশ নীলাম করণ দ্বারা উক্ত বাকি আদায় করা যাইবেক এবং নিতান্ত পক্ষেই ক্ষমা হইবেক না। পরন্তু ইহা অপ্রকাশ না থাকে যে এই মহালের অপরাপর অংশীগণের অংশ এই নীলাম হইতে রক্ষিত হইবেক, এবিষয় সর্ব্ব সাধারণের বিজ্ঞাপনার্থে এই এস্তাহার প্রচার করা গেল ইতি ১৮৬৭। ১৪ জানুআরি।

W. V. G. TAYLER,
Collector.

জিলা দিনাজপুর।

এস্তুলানামা কাছারি কালেক্টরি জেলা দিনাজপুর

১৮৫৯। ১১ আইনের ৬ ধারানুযায়ি ইহা দ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে জেলা দিনাজপুরের নীচের লিখা মহাল ১৮৬৭। ১২ জানুআরি তকের বাকি মালগুজারির নিমিত্তক ১৮৬৭ সনের ১৬ ফেব্রুআরি মোং ১২৭৩। ৫ ফাল্গুন রোজ শনিবার এই জেলার কালেক্টরী কাছারিতে নীলাম ধরা যাইবেক ও বিনা বাধাতে বিক্রয় হইবেক।

প্রথম শ্রেণীর এস্তমরারি জমা দাখিল হওয়া মহাল।

৪৬ নম্বর। মৌজে অমৃতপুর ওগয়রহ পরগনে মহিসিংহপুর লিখিত মালিক ছাদত হুসেন চৌধুরী সালিয়ানা সদর জমা ৬৫৮১/১১ পাই।

কৈফিয়ৎ—সরকারী রাজস্ব কিস্তি আশ্বিন হইতে অগ্রহায়ণ পর্যান্তের বাকি ২০৬০৲ টাকা আদায় জন্য।

২১৪ নম্বর। মৌজে কাকড় সিংহ পরগনে মহলো লিখিত মালিক কমলমোহন রায় ও হাদি মাহাম্মদ ও মুরাদ মাহাম্মদ সাহা ও বিবি ফেনানী মাদরে আলানকুস ও আজাম সাহা সালিআনা সদর জমা ২৬৩০।/৭॥ পাই।

কৈফিয়ৎ—১৮৩১। ১০ আইনের ডিক্রীদার নন্দনন্দন দত্তর প্রাপ্য ৫৭৭৲ টাকা আদায় জন্য মুরাদ মাহাম্মদ ও বিবি ফেনানী মাদরে আলানকুস ও আজাম সাহার এই মহালের ২১৯৬/৬ পাই সদর জমাতে উক্ত দেনদারের যে স্বত্ব ও লাভ আছে তাহাই নীলামে ধরা হইল।

৫৫১ নম্বর। মৌজে ভারকি ওগয়রহ পরগনে পাং লিখিত মালিক রাশবেহারী ও দীনবন্ধু ও জগবন্ধু ও শ্রীনারায়ণ ও দেবেন্দ্রনারায়ণ ও লক্ষ্মীনারায়ণ ঘোষ সালিয়ানা সদর জমা ১৭২৬৲৬। পাই।

কৈফিয়ৎ—১৮১৪। ১৯। ৩৩ শারামত রাশবেহারী ও জগবন্ধু ও দীনবন্ধু ঘোষের হিস্যা ॥০ আনা যাহার সদর জমা ৭৬২৲৩ পাই তাহার হস্তক আশ্বিন বাবাএদ কিস্তী অগ্রহায়ণের ২৬৫৲ টাকা সরকারী রাজস্ব বাকীর দায়ে নীলামে ধরা গেল।

৭৯৬ নম্বর। মৌজে হরেকৃষ্ণপুর পরগনে বিহি নগর লিখিত মালিক বিবি পরধন ও বিবি মেরকন সালিয়ানা সদর জমা ২১১৪৲৬ পাই।

কৈফিয়ৎ—১৮৫৯। ১০ আইনের ডিক্রীদার রাজচন্দ্র শাশনবিসের প্রাপ্য ১৩৭৩৷০ আনা আদায় জন্য বিবি মেরকন মাদরে মশরক আলী চৌধুরী ও বিবি পরধন মাদরে কেরমতউল্লা ও এনাউল্লা চৌধুরির যে স্বত্ব লাভ আছে তাহা নীলামে ধরা গেল।

C. D. Field,
Offg. Collcelor.

সন ১৮৬৭। ২১ জানুআরি।

NOTICE.

The undersigned is prepared to grant licenses (with effect from 1st April 1867 to 31st March 1868), to catch Elephants in the Western Dooars of Bhootan.

The license fee is Rupees 20, for each Kunki employed. The right of pre-emption of captured elephants is reserved to Government.

Further particulars may be obtained by application (personal or by letter) to the undersigned.

J. Tweedie,
Dy. Commissioner, Western Dooars.

Mynagoree, Bhootan.
The 12th December 1866.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৭। ২৯ জানুআরি।]

কলিকাতা বাঙ্গাল সেক্রেটারীয়েট যন্ত্রালয়ে গবর্ণমেণ্টের জন্যে শ্রীযুত এক জে বার্কো সাহেবকর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত হইল।

গবর্ণমেণ্ট গেজেটের ক্রোড়পত্র

TUESDAY, JANUARY 29, 1867.

মঙ্গলবার ১৮৬৭ সাল ২৯ জানুআরি

বিজ্ঞাপন।

ইহাতে সংবাদ দেওয়া যাইতেছে যে নিম্ন লিখিত বিক্রয়ের বিজ্ঞাপনে যে সকল মহালের উল্লেখ হইল সে সকল মহালে গবর্ণমেণ্টের যে মালিকী স্বত্ব আছে তাহা নিম্ন লিখিত নিয়মের অধীন হইয়া বিক্রয় হইবে।

বিক্রয়ের নিয়ম।

১।—প্রত্যেক মহাল পার্শ্বের লিখিত নির্দ্দিষ্ট সদর জমার অধীন হইয়া যে ব্যক্তি নীলামে প্রথম ডাকের উপর সর্ব্বাপেক্ষা উচ্চ ডাকিবেক তাহাকে দেওয়া যাইবে।

২।—বর্ত্তমান পাট্টা এবং বন্দোবস্তের কাগ্য কি প্রবল আইনহইতে উৎপন্ন স্বত্ব সকল বিক্রয়ের পরে বহাল থাকিবে। রাজস্বের কার্য্যকারকদিগের কৃত জমাবন্দীতে যেং খোদকস্তা রাইয়ত স্বাক্ষর করিয়াছে ক্রেতারা তাহারদিগের স্বত্ব মানিতে বাধ্য হইবে।

৩।—একশত টাকার অনধিক পণ হইলে সেই সমুদয় টাকা তৎক্ষণাৎ দিতে হইবে।

৪।—একশত টাকার অধিক হইলে ডাক পণের চারি অংশের এক অংশ তৎক্ষণাৎ দাখিল করিতে হইবে বিক্রয়ের দিবস এক দিন বলিয়া গণনা করিলে বিক্রয়ান্তর পঞ্চদশ দিনের মধ্যাহ্ন কালে, কিম্বা সেই দিবস বন্দের দিন হইলে তৎপরে প্রথম যে দিন কাছারী খোলা যায় সেই দিনের মধ্যাহ্ন কালে, যদি অবশিষ্ট টাকা দাখিল না হয়, তবে বিক্রয় রহিত ও গচ্ছিত টাকা গবর্ণমেণ্টে জব্দ হইবে, ও প্রথম স্থলীয় বিক্রয়ের ন্যায় পুনর্ব্বার বিজ্ঞাপন প্রকাশ করণপূর্ব্বক ঐ ত্রুটিকারি ক্রেতার ঝুঁকিতে সেই মহাল পুনর্ব্বার বিক্রয় হইবে।

৫।—মহালের উপর যে সামান্য সদর জমা ধার্য্য হইয়াছে ক্রেতারা তদতিরিক্ত রাস্তা প্রস্তুত ও গমনাগমনের সুবিধার নিমিত্ত করও দিতে বাধিত হইবেন। তাঁহারা যে তারিখঅবধি ক্রীত মহাল দখল করেন সেই তারিখঅবধি সদর জমার উপর শতকরা এক টাকার হিসাবে এ কর ধার্য্য হইবে। এ কর বাকী রাজস্বের ন্যায় আদায় হইতে পারিবে।

রেবিনিউ বোর্ডের আজ্ঞাক্রমে,

আর বি চাপমান।
সেক্রেটারী।

নীলামের ইশ্‌তিহার।

জিলা ময়মুনসিংহ।

এস্তাহারনামা কাছারি কালেক্‌টরি।

ইহাতে সংবাদ দেওয়া যাইতেছে যে ময়মুনসিংহ জেলার মধ্যবর্ত্তী পশ্চাৎ লিখিত মহালে গবর্ণমেন্টের মালিকী স্বত্ব ইংরেজী ১৮৬৭ সনের ফেব্রুআরি মাসের ২৭ তারিখ মোতাবেক বাঙ্গলা ১২৭৩ সনের ফাল্গুণ মাসের ১৬ তারিখ বুধবার জেলা ময়মুনসিংহের কালেক্‌টরি কাছারিতে বিক্রয় হইবেক।

এই সকল মহাল যে ব্যক্তিরা ক্রয় করেন তাঁহারা ক্রোড়পত্রের শিরোভাগের লিখিত নিয়মের অধীনে থাকিবেন ইতি। সন ১৮৬৬ সাল তারিখ ১০ ডিসেম্বর।

সরকারি সর্ব্বোপরি তৌজির নম্বর	জেলার তৌজির নম্বর।	মহাল ও পরগনার নাম	যত একর পরিমাণ	সদর জমা।			নীলামের প্রথম ডাক।	মন্তব্য।
				ধার্য্য করা রাজস্ব	রাস্তার টাক্‌স।	মোট		
৭	৪৯৮৪	তালুক সৈয়দ চান্দ পরগনে নসিরাজিয়াল ...	এঃ রুঃ পঃ ৩৫। ৩। ৩০	২০৲	✓০	২০✓০	৪০৲	
		পঃ জয়নসাহি সরকারি খরিদা হিস্যা।✓৫। গণ্ডার অধীন সিকমি তালুক ...						
১৩৫	২০৪ নং ৬৬২০নং	তালুক ভিকারি বারৈ পঃ তথা ...	০।০।২১।৪৬	০	০	০	৪।✓০	এই পাঁচ মহাল নিকরক্রমে বিক্রয় হইবেক।
১১৮	২০৩ নং ৬৬১৯নং	তালুক বিরনারায়ণ বারৈ পরগনে তথা ...	০।০।২১।২৪।	০	০	০	৩৸০	
১১৬	২০২ নং ৬৬১০নং	তালুক যাদব বারৈ পরগনে তথা ..	০।১।১০।৭।	০	০	০	৪।✓০	
১৩৪	২০১ নং ৬৬১৭নং	তালুক রামপ্রসাদ বারৈ পরগনে তথা ...	০।০।৩৪।৯।।	০	০	০	৪।✓০	
১১৫	২০০ নং ৬৬১৬নং	তালুক ভিকারি বারৈ পরগনে তথা ...	০।২।৪।৯	০	০	০	৭।।০	

H. J. REYNOLDS,
Collector.

জিলা ত্রিপুরা।

ইস্তাহারনামা কাছারি কালেক্টরি জিলে ত্রিপুরা।

ইহার দ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে অত্র জেলার মধ্যবর্ত্তি নিম্নের ইষ্টেটমেণ্টের লিখিত খাস মহালের গবর্ণমেণ্টের মালিকী স্বত্ব ইংরেজী সন ১৮৬৭ সনের ১২ ফিব্রুআরি মোতাবেক বাঙ্গলা ১২৭৩ সনের ১ ফাল্গুণ রোজ মঙ্গলবার অত্র জিলার কালেক্টরি কাছারিতে বিক্রয় হইবেক।

২। এই মহাল যে ব্যক্তিরা ক্রয় করেন তাঁহারা এই ক্রোড়পত্রের শিরোভাগে রেবিনিউ বোর্ডের সেক্রেটর সাহেবের স্বাক্ষরিত বিক্রয়ের নিয়মের অধীনে থাকিবেন।

৩। সরকার জমিদারস্বরূপ গ্রামের চৌকীদারের যে খরচ এপর্য্যন্ত দিয়াছেন তাহা ভবিষ্যতে ইহার লিখিত মহালাতের সদর জমার অতিরিক্ত খরিদারান আদায় করিবেক ইতি সন ১৮৬৬ ইং তাং ১৪ নবেম্বর।

রাজকীয় মহালের কৈফিয়তের নম্বর।	জিলার বহীর নম্বর।	মহাল ও পরগনার নাম।	যত একর পরিমাণ।	সদর জমা।			নীলামের প্রথম ডাক।	মন্তব্য কথা।
				ধার্য্য করা রাজস্ব।	রাস্তার টাক্স।	মোট।		
			এঃ রুঃ পঃ	টাকা।	টাকা।	টাকা।		
১৩০ নং ১৮৫৯ ইং	১৮১	পং বরদাখাত তং কুবি থাই মধ্যে সন ১৮১৯ ইং ২ ফাল্গুনের ডিক্রীর ২১৪নং চর লালপুর	৪৯৩।০।০	৪৫০৲	৪।।০	৪৫৪।।০	৯০০৲	
৩ নং ১৮৬১।৬২	৫৪৬	পং পুরচণ্ডী তালুক আত্মারাম সরদার	৭।০।০	৭৸৶০	৶০	৮৲	১৬৲	
৬ নং ১৮৬৩।৬৪	৬	পং আমীরাবাদ ৪৮ নং চর কাঠালীয়া	৩৬।০।০	২৬৲	।০	২৬।০	৫২৲	
১১ নং তথা	৩৩৬নং	পং টোবা তালুক কাশীনাথ দত্ত	৩০।০।০	৩০৲	।৶০	৩০।৶০	৬০৲	
১৩ নং তথা	১৫০নং	পং গুণানন্দী তালুক দয়ারাম দেও মং হিং ৶০ আনা যাদু রায়	১১।০।০	৫।০	৶০	৫।৶০	১১৲	
১ নং ১৮৬৫।৬৬	১৪৩৭নং	পং মৈজদ্দী ৬৬নং চর খানেপুর ওরফে কুতবপুর	২।০।০	০	০	০	৭।।০	নাখেরাজস্বত্বে বিক্রয় করা যাইবেক।
২নং তথা	৩০২ নং	পং পুরচণ্ডী তালুক কাশিরাম বর্দ্ধন	৪।০।০	১৶৬	০	১৶৬	২।।০	

F. G. MILLETT,
Collector.

জিলা ফরিদপুর।

ইশ্‌তিহার নামা কাছারি কালেক্টরী জেলা ফরিদপুর।

ইহাতে সংবাদ দেওয়া যাইতেছে যে ফরিদপুর জেলার মধ্যবর্ত্তি পশ্চাৎ লিখিত মহালে গবর্ণমেণ্টের মালিকি স্বত্ব ইংরেজী ১৮৬৭ সালের ফেব্রুআরি মাসের ১২ তারিখে মোতাবেক ১২৭৩ সনের ফাল্গুণ মাসের ১ তারিখে জেলা ফরিদপুরের কালেক্টরীর কাছারীতে বিক্রয় হইবেক। ইতি সন ১৮৬৬ সন তারিখ ২৬ ডিসেম্বর।

রাজকীয় মহালের তৌজি খতের নম্বর।	জেলার বহীতে নম্বর।	মাহাল ও পরগনার নাম।	যত একর পরিমাণ।	সদর জমা।			নীলামের প্রথম ডাক।	মন্তব্য।
				ধার্য্য করা রাজস্ব।	রাস্তার টেক্স।	মোট জমা।		
২৪০	৮২১	পরগনে জালালপুর জজিরাচর নাছীর পুরের মধ্যগত পুর্ব্বাংশের নতুন চর	৫৬৪।১৭।১৭	৩৮৯৵০	৩৬৷৵০	৩৯১৲	উক্ত তালুকদারকে বিক্রয় হইবেক।	

E. E. Lowis,
Offg. Collector.

জিলা বাকরগঞ্জ।

এস্তাহারনামা কাছারি কালেক্টরী জেলা বাকরগঞ্জ।

ইহাতে সংবাদ দেওয়া যাইতেছে যে বাকরগঞ্জ জেলার মধ্যবর্ত্তি পশ্চাৎ লিখিত মহাল গবর্ণমেণ্টের মালিকি স্বত্ব ইংরেজী ১৮৬৭ সালের ১৫ মার্চ মোতাবেক ১২৭৩ সালের ৩ চৈত্র রোজ শুক্রবার বাকরগঞ্জ জেলার কালেক্টরিতে বিক্রয় হইবেক। ইতি সন ১৮৬৭ তারিখ ২ জানুআরি।

২। এই মহাল যে ব্যক্তিরা ক্রয় করিবেন তাহারা এই ক্রোড়পত্রের শিরোভাগে লিখিত রিবনুও বোর্ডের সেক্রেটর সাহেবের স্বাক্ষরিত বিক্রয়ের নিয়মের অধীনে থাকিবেন।

রাজকীয় মহালের তৌজিরতের নম্বর।	জেলের বহির নম্বর।	মহালের ও পরগনার নাম।	পরিমাণ যত একর।	সদর জমা।			নীলামের প্রথম ডাক।	মন্তব্য।
				ধার্য্য করা রাজস্ব	রাস্তার টেক্স।	মোট		
২১	৪৫৩০	পং রামনগর কোলচরি পাতার চর...	এঃ রুঃ ৯৭৷১০	২৫০৪৲	২৫৲	২৫২৯৲	৫০৭৮৲	

H. C. Sutherland,
Offg. Collector.

বাঙ্গাল সেক্রেটারীয়েট যন্ত্রালয়ে শ্রীযুত এফ জে বার্লো সাহেবকর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত হইল।

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, FEBRUARY 5, 1867.

মঙ্গলবার ১৮৬৭ সাল ৫ ফেব্রুআরি।

GOVERNMENT OF BENGAL.

LEGISLATIVE DEPARTMENT.

THE following Bill was read in the Council of the Lieutenant-Governor of Bengal for the purpose of making Laws and Regulations on the 26th January 1867, and was referred to a Select Committee who are to report thereon after the 2nd of March next:—

A Bill to provide for the punishment of public gambling and the keeping of common gaming-houses in the territories subject to the Lieutenant-Governor of Bengal.

[Preamble.]

WHEREAS it is expedient to make provision for the punishment of public gambling and the keeping of common gaming-houses in the territories subject to the Lieutenant-Governor of Bengal; It is enacted as follows:—

[Interpretation Clause. "Common gaming-house."]

I. In this Act—"Common gaming-house" means any house, walled enclosure, room, or place in which cards, dice, tables, or other instruments of gaming are kept or used for the profit or gain of the person owning, occupying, using or keeping such house enclosure, room, or place, whether by

বঙ্গদেশের গবর্ণমেণ্ট।

ব্যবস্থাপন কর্ম্মবিভাগ।

আইনের নিম্ন লিখিত পাণ্ডুলিপি বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের আইন ও ব্যবস্থা করণার্থ মন্ত্রিসভায় ১৮৬৭ সালের জানুআরি মাসের ২৬ তারিখে পঠিত হইয়া মনোনীত কমিটীর প্রতি অর্পিত হইয়াছে। আগামি মার্চ মাসের ২ তারিখের পর তাঁহারা তদ্বিষয়ের রিপোর্ট করিবেন।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের শাসিত দেশে দ্যূত ক্রীড়ার ও সামান্য দ্যূতগৃহ রাখিবার দণ্ড বিধায়ক আইনের পাণ্ডুলিপি।

[হেতুবাদ।]

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের শাসিত দেশের মধ্যে দ্যূতক্রীড়ার ও সাধারণ দ্যূতগৃহ রাখিবার দণ্ডের বিধান করা বিহিত এই হেতুক নিম্ন লিখিত আজ্ঞা করা যাইতেছে

[অর্থ করণের ধারা। সাধারণ দ্যূতগৃহের অর্থ।]

১ ধারা। কোন ব্যক্তি কোন ঘরের কি ভিত্তি বেষ্টিত স্থানের কি কুঠরীর কি অন্য স্থানের স্বামী কি অধিকারী কি ব্যবহারী কি রক্ষক হইয়া যদি তন্মধ্যে তাস কি পাশা কি শারীফলক কিম্বা দ্যূতক্রীড়ার অন্য উপকরণ রাখে কিম্বা দ্যূত ক্রীড়ার উপকরণের কিম্বা ঐ ঘর কি আবৃত স্থানে কি কুঠরী কি অন্য স্থানের ব্যবহার

way of charge for the use of the instruments of gaming, or of the house, enclosure, room, or place, or otherwise howsoever.

করিবার ব্যয় পোষণার্থে কি অন্য কারণে স্বীয় লভ্যের কি উপকারের জন্যে তাহা ব্যবহার করেন, তবে এই আইনেতে সাধারণ দ্যূতগৃহ শব্দে সেই ঘর কি আবৃত স্থান কি কুঠরী কি অন্য স্থান জানিতে হইবে ইতি।

[Power to extend Act.]

II. It shall be competent to the Lieutenant-Governor, whenever he may think fit, to extend, by a Notification to be published in three successive numbers of the *Calcutta Gazette*, all or any of the Sections of this Act, to any city, town (save the town of Calcutta, as defined by Act VI of 1863, passed by the Lieutenant-Governor of Bengal in Council), suburb, railway station-house, and place being not more than three miles distant from any part of such station-house, within the territories subject to his government, and in such Notification to define, for the purposes of this Act, the limits of such city, town, suburb, or station-house, and from time to time to alter the limits so defined. From the date of any such extension so much of any rule having the force of law which shall be in operation in the territories to which such extension shall have been made as shall be inconsistent with or repugnant to any Section so extended, shall cease to have effect in such territories.

[আইনবিস্তৃত করিবার ক্ষমতার কথা।]

২ ধারা। শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব যখন উচিত বোধ করেন, তখন কলিকাতা গেজেটে ক্রমশঃ তিনবার জ্ঞাপনপত্র প্রকাশ করিয়া (বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের প্রচলিত ১৮৬৩ সালের ৬ আইনেতে কলিকাতা নগরের যে সীমা নির্দ্দিষ্ট হয় সেই সীমার অন্তর্গত স্থানভিন্ন) স্বীয় শাসিত দেশের অন্তর্গত কোন শহরে কি নগরে কি শাখানগরে কি রেলওয়ে ষ্টেশন ঘরে ও সেই ষ্টেশন ঘরের কোন ভাগহইতে তিন মাইলের অনধিক দূরবর্ত্তি কোন স্থানে এই আইনের সকল কি কোন ধারা বর্ত্তাইতে পারিবেন। এবং তিনি এই আইনের কার্য্য সাধনের জন্যে উক্ত জ্ঞাপনপত্রে ঐ শহরের কি নগরের কি শাখানগরের কি ষ্টেশন ঘরের সীমা নির্ণয় করিবেন, এবং সেই নিরূপিত সীমা সময়ে২ পরিবর্ত্তনও করিতে পারিবেন। এই আইনের কোন ধারা যে প্রদেশে বর্ত্তান যায়, সেই প্রদেশের মধ্যে আইনের তুল্য বলবৎ যে কোন বিধি প্রচলিত হইয়া উক্ত কোন ধারার অসঙ্গত কি বিপক্ষভাবাপন্ন হয় তাহা ঐ ধারা প্রচলিত হইবার তারিখ অবধি ঐ প্রদেশে বলহীন হইবে ইতি।

[Penalty for owning or keeping, or having charge of, a gaming-house.]

III. Whoever, being the owner or occupier, or having the use of any house, walled enclosure, room, or place, situate within the limits to which this Act applies, opens, keeps, or uses the same as a common gaming-house; and whoever, being the owner or occupier of any such house, walled, enclosure, room, or place as aforesaid, knowingly or wilfully permits the same to be opend, occupied, used, or kept by any other persons as a common gaming-house; and whoever as the care or management of, or in any manner assists in conducting, the business of any house, walled enclosure, room, or place as aforesaid, opened, occupied, used, or kept for the purpose aforesaid and whoever advances or furnishes money for the purpose of gaming with persons frequenting such house, walled enclosure, room, or place, shall be liable, on conviction before an officer invested with the full powers of a Magistrate, to a fine not exceeding two hundred Rupees, or to imprisonment of either description, as defined in the Indian Penal Code, for any term not exceeding three months.

[দ্যূতগৃহের স্বামী কি রক্ষক কি কর্ম্ম সম্পাদক হইবার দণ্ডের কথা।]

৩ ধারা। এই আইন যে সীমাতে প্রচলিত হয় তাহাতে যদি কোন ব্যক্তি সেই সীমার অন্তর্গত কোন গৃহের কি ভিত্তিবেষ্টিত স্থলের কি কুঠরীর কি স্থানের স্বামী কি অধিকারী হইয়া কিম্বা তাহার ব্যবহার পাইয়া তাহা সাধারণ দ্যূতগৃহস্বরূপ খোলে কি রাখে কি ব্যবহার করে, এবং কোন ব্যক্তি যদি তদ্রূপ কোন গৃহের কি ভিত্তিবেষ্টিত স্থলের কি কুঠরীর কি স্থানের স্বামী কি অধিকারী হইয়া অন্য দ্বারা সাধারণ দ্যূতগৃহস্বরূপ সেই গৃহাদি খুলিতে কি অধিকার কি ব্যবহার করিতে কি রাখিতে দেন, উক্ত কোন গৃহ কি ভিত্তিবেষ্টিত স্থল কি কুঠরী কি স্থান পূর্ব্বোক্ত অভিপ্রায়ে খোলা গেলে কি অধিকৃত কি ব্যবহৃত হইলে কি রাখা গেলে যদি কোন ব্যক্তি সেই গৃহাদির তত্ত্বাবধান করেন কি তাহার কর্ম্মসম্পাদক হন কিম্বা কোন প্রকারে তাহার কার্য্য চালাইবার সাহায্য করেন, এবং যাহারা সেই গৃহে কি ভিত্তিবেষ্টিত স্থলে কি কুঠরীতে কি স্থানে গিয়া থাকে যদি কোন ব্যক্তি তাহাদের সঙ্গে দ্যূতক্রীড়া করিবার নিমিত্তে টাকা অগ্রীম দেয় কি যোগায়, তবে মাজিষ্ট্রেটের সম্পূর্ণ ক্ষমতাপ্রাপ্ত কোন কার্য্যকারকের সম্মুখে ঐ বিষয়ের প্রমাণ হইলে ঐ ব্যক্তির দুই শত টাকার অনধিক অর্থদণ্ড অথবা ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের অবধারিত একতর প্রকারে তিন মাসের অনধিক কারাদণ্ড হইতে পারিবে ইতি।

[Penalty for being found in a gaming-house.]

IV. Whoever is found in any such house, walled enclosure, room, or place, playing or gaming with cards, dice, counters, money, or other instruments of gaming, or is found there present

[দ্যূতগৃহে পাওয়া যাইবার দণ্ডের কথা।]

৪ ধারা। পূর্ব্বোক্ত কোন গৃহে কি ভিত্তিবেষ্টিত স্থলে কি কুঠরীতে কি স্থানে যদি কোন ব্যক্তিকে তাস কি পাশা কি ঘুটি কি টাকা কিম্বা দ্যূতক্রীড়ার অন্য উপকরণ লইয়া খেলা কি দ্যূতক্রীড়া করিতে দেখা

for the purpose of gaming, whether playing for any money, wager, stake, or otherwise, shall be liable, on conviction before such Magistrate as aforesaid, to a fine not exceeding one hundred Rupees, or to imprisonment of either description, as defined in the Indian Penal Code, for any term not exceeding one month; and any person found in any common gaming-house during any gaming or playing therein, shall be presumed, until the contrary be proved, to have been there for the ose of gaming.

[Power to enter and authorize Police to enter and search.]

V. If the Magistrate of a District, or other officer invested with the full powers of a Magistrate, or the District Superintendent of Police, upon credible information, and after such enquiry as he may think necessary, has reason to believe that any house, walled enclosure, room, or place, is used as a common gaming-house, he may either himself enter, or by his warrant authorize any officer of Police, not below such rank as the Lieutenant-Governor shall appoint in this behalf, to enter, with such assistance as may be found necessary, by night or by day, and by force if necessary, any such house, walled enclosure, room, or place, and may either himself take into custody, or authorize such officer to take into custody, all persons whom he or such officer finds therein, whether or not then actually gaming; and may seize or authorize such officer to seize all instruments of gaming, and all monies and securities for money, and articles of value, reasonably suspected to have been used or intended to be used for the purpose of gaming, which are found therein; and may search or authorize such officer to search all parts of the house, walled enclosure, room, or place, which he or such officer shall have so entered, when he or such officer has reason to believe that any instruments of gaming are concealed therein, and also the persons of those whom he or such officer so takes into custody; and may seize or authorize such officer to seize and take possession of all instruments of gaming found upon such search.

[Finding cards, &c., in suspected houses, to be evidence that such houses are common gaming-houses.

VI. When any cards, dice, gaming-table, cloth, boards, or other instruments of gaming are found in

যায়, কিম্বা টাকা কি পণ কি বাজীর নিমিত্তে কি অন্য প্রকারে যদি তাহাকে দ্যূতক্রীড়া করিবার জন্যে তথায় উপস্থিত পাওয়া যায়, তবে পূর্ব্বোক্ত প্রকার মাজিষ্ট্রেটের সম্মুখে উক্ত বিষয়ের প্রমাণ হইলে তাহার এক শত টাকার অনধিক অর্থদণ্ড কিম্বা ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের অবধারিত একতর প্রকারে এক মাসের অনধিক কারাদণ্ড হইতে পারিবে। সাধারণ দ্যূতগৃহে কোন দ্যূতক্রীড়া কি খেলা হইতেছে এমন সময়ে যে কোন ব্যক্তিকে সেই গৃহে পাওয়া যায় সে দ্যূতক্রীড়া করিবার জন্যে সেই ঘরে আছে, বিপক্ষ প্রমাণ না হইলে, এমত বোধ হইবে ইতি

[গৃহে প্রবেশ করিবার ক্ষমতার ও পোলীসকে প্রবেশ করিয়া অন্বেষণ করিবার ক্ষমতা দানের কথা।]

৫ ধারা। জিলার মাজিষ্ট্রেট সাহেব কিম্বা মাজিষ্ট্রেটের সম্পূর্ণ ক্ষমতাপ্রাপ্ত অন্য কার্য্যকারক কি পোলীসের ডিষ্ট্রিক্ট সুপারিন্টেণ্ডেণ্ট সাহেব বিশ্বাস যোগ্য সম্বাদ পাইয়া, এবং যে অনুসন্ধান আবশ্যক জ্ঞান করেন তাহা করিয়া কোন গৃহ কি ভিত্তিবেষ্টিত স্থল কি কুঠরী কি স্থান সামান্য দ্যূতগৃহস্বরূপ ব্যবহার হইয়া থাকে, ইহা যদি বোধ করেন, তবে তিনি যাহাদিগকে সহায়স্বরূপ লইবার আবশ্যক বোধ করেন তাহারদিগকে লইয়া তদ্রূপ কোন গৃহে কি ভিত্তিবেষ্টিত স্থলে, কি কুঠরীতে কি স্থানে আপনি রাত্রিতে কি দিনে ও আবশ্যক হইলে বলক্রমে, প্রবেশ করিতে পারিবেন, কিম্বা শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব সেই কর্ম্মের নিমিত্তে পোলীসের যে শ্রেণীর কর্ম্মকারককে নিরূপণ করেন তাহার অন্যূন শ্রেণীর কোন কর্ম্মচারিকে তদ্রূপে স্বীয় আজ্ঞাপত্র দিয়া প্রবেশ করিবার অনুমতি দিবেন। এবং সেই স্থানে যে যে ব্যক্তিকে পান তাহারা তৎকালে দ্যূতক্রীড়া করুক কি না করুক তিনি তাহারদিগকে আপনি আটক করিয়া রাখিবেন কিম্বা ঐ কর্ম্মচারিকে আটক করিয়া রাখিতে অনুমতি দিবেন। এবং দ্যূতক্রীড়ার সকল উপকরণ এবং যে সকল টাকা ও টাকার যে নিদর্শনপত্র এবং মূল্যবান যে সকল দ্রব্য বিষয়ে যুক্তিমতে বোধ হয় যে দ্যূতক্রীড়াতে ব্যবহার হইল কি হইবার নিমিত্তে আছে এমত যে দ্রব্য তথায় পান তাহা আপনি ধৃত করিয়া রাখিবেন কিম্বা ঐ কর্ম্মচারিকে ধৃত করিয়া রাখিতে অনুমতি দিবেন। এবং সেই ঘরে কি ভিত্তিবেষ্টিত স্থলে কি কুঠরীতে কি স্থানে প্রবেশ করিলে তথায় দ্যূতক্রীড়ার কোন উপকরণ গুপ্তভাবে রাখা গিয়াছে ইহা যদি তিনি কি উক্ত কার্য্যকারক কোন কারণে বোধ করেন, তবে তিনি আপনি ঐ গৃহাদির সকল স্থানে এবং যে ব্যক্তিদিগকে আটক করা যায় তাহাদের অঙ্গবস্ত্রে ঐ উপকরণের অন্বেষণ করিবেন কিম্বা ঐ কার্য্যকারককে অন্বেষণ করিতে অনুমতি দিবেন। ও তদ্রূপ অন্বেষণক্রমে দ্যূতক্রীড়ার যে সকল উপকরণ পাওয়া যায় তাহা ধৃত করিয়া রাখিবেন কিম্বা ঐ কার্য্যকারককে ধৃত করিয়া রাখিতে অনুমতি দিবেন ইতি।

[সন্দিগ্ধগৃহে তাসাদি পাওয়াগেলেই সাধারণ দ্যূতগৃহ হওয়ার প্রমাণের কথা।]

৬ ধারা। পূর্ব্বোক্ত ধারামতে কোন গৃহে কি ভিত্তিবেষ্টিত স্থলে কি কুঠরীতে কি স্থানে প্রবিষ্ট হইয়া অন্বে-

any house, walled enclosure, room, or place, entered or searched under the provisions of the last preceding Section, or about the person of any of those who are found therein, it shall be evidence until the contrary is made to appear, that such house, walled enclosure, room or place, is used as a common gaming-house and that the persons found therein were there present for the purpose of gaming, although no play was actually seen by the Magistrate or Police Officer, or any of his assistants.

[Penalty on persons arrested for giving false names and addresses.]

VII. If any person found in any common gaming-house entered by any Magistrate or officer of Police under the provisions of this Act, upon being arrested by any such officer or upon being brought before any Magistrate, on being required by such officer or Magistrate to give his name and address, shall refuse or neglect to give the same, or shall give any false name or address, he may, upon conviction before the same or any other Magistrate, be adjudged to pay any penalty not exceeding five hundred Rupees, together with such costs as to such Magistrate shall appear reasonable and on the non-payment of such penalty and costs, or in the first instance if to such Magistrate it shall seem fit, may be imprisoned for any period not exceeding one month.

[On conviction for keeping a gaming-house instruments of gaming to be destroyed.]

VIII. On conviction of any person for keeping or using any such common gaming-house, or being present therein for the purpose of gaming, the convicting Magistrate may order all the instruments of gaming found therein to be destroyed, and may also order all or any of the securities for money, and other articles seized, not being instruments of gaming, to be sold and converted into money, and the proceeds thereof with all monies seized therein to be forfeited; or in his discretion, may order any part thereof to be returned to the persons appearing to have been severally thereunto entitled.

[Proof of playing for stakes unnecessary.]

IX. It shall not be necessary, in order to convict any person of keeping a common gaming-house, or of being concerned in the management of any common gaming-house, to prove that any person found playing at any game was playing for any money, wager, or stake.

[Magistrate may require any person apprehended to be sworn and give evidence.]

X. It shall be lawful for the Magistrate before whom any persons shall be brought, who have

শণ হইলে যদি তন্মধ্যে কিম্বা সেই গৃহাদিতে ধৃত ব্যক্তির অঙ্গবস্ত্রে কোন তাস কি পাশা কি শারিফলক কি হুক কি তক্তা কিম্বা দ্যূতক্রীড়ার কোন উপকরণ পাওয়া যায়, তবে মাজিষ্ট্রেট সাহেব কি পোলীসের কর্ম্মকারক কিম্বা তাঁহার সহায় কোন ব্যক্তি যদিও কোন দ্যূতক্রীড়া না দেখিয়া থাকুন তথাপি বিপক্ষ প্রমাণ না হইলে, সেই তাসআদি উপকরণের প্রাপ্তি সেই ঘরের সাধারণ দ্যূতগৃহ স্বরূপ ব্যবহার হইবার ও তত্রস্থ ব্যক্তিদের দ্যূতক্রীড়ার জন্যে তথায় উপস্থিত হইবার প্রমাণ হইবে ইতি।

[ধৃত ব্যক্তিরা মিথ্যা নাম ও নিবাসাদি জানাইলে তাহারদের দণ্ডের কথা।]

৭ ধারা। কোন মাজিষ্ট্রেট সাহেব কি পোলীসের কর্ম্মকারক এই আইনের বিধানমতে কোন সাধারণ দ্যূতগৃহে প্রবেশ করিয়া যে ব্যক্তিকে পান, সেই ব্যক্তি ঐ কার্য্যকারককর্ত্তৃক ধৃত হইলে, কিম্বা কোন মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে তাহাকে উপস্থিত করা গেলে, ও সেই কার্য্যকারক কি মাজিষ্ট্রেট সাহেব তাহাকে আপন নাম ও নিবাসাদি জানাইতে আজ্ঞা করিলে, যদি সেই ব্যক্তি তাহা না জানায় কি জানাইতে স্বীকার না করে কিম্বা কোন মিথ্যা নাম কি নিবাসাদি জানায় তবে সেই কি অন্য কোন মাজিষ্ট্রেটের নিকটে ঐ বিষয়ের প্রমাণ হইলে, মাজিষ্ট্রেট সাহেব তাহার প্রতি পাঁচ শত টাকার অনধিক দণ্ড এবং খরচার যত টাকা উপযুক্ত জ্ঞান করেন তত টাকা দিতে আজ্ঞা করিবেন। ঐ দণ্ড ও খরচার টাকা না দিলে, অথবা মাজিষ্ট্রেট সাহেব যদি উচিত বোধ করেন, তবে ঐ দণ্ডের আজ্ঞা না করিয়া তাহার এক মাসের অনধিক কারাদণ্ডের আজ্ঞা করিবেন ইতি।

[দ্যূতগৃহ রাখিবার অপরাধ প্রমাণ হইলে, দ্যূতক্রীড়ার উপকরণ নষ্ট করিবার কথা।]

৮ ধারা। যখন কোন ব্যক্তির তদ্রূপ কোন দ্যূতগৃহ রাখিবার কি ব্যবহার করিবার কিম্বা দ্যূতক্রীড়ার জন্যে তথায় উপস্থিত থাকার অপরাধ প্রমাণ হয়, তখন দ্যূতক্রীড়ার যে সকল উপকরণ তথায় পাওয়া গেল ঐ অপরাধ নির্ণায়ক মাজিষ্ট্রেট সাহেব তাহা নষ্ট করিতে, এবং দ্যূতক্রীড়ার উপকরণ ভিন্ন টাকার যে সকল কি যে কোন নিদর্শনপত্র কি অন্য দ্রব্য ধৃত হইয়াছে তাহা বিক্রয় করণ পূর্ব্বক টাকা গ্রহণ করিতে এবং সেই টাকা ও ঐ ঘরে ধৃত সকল টাকা রাজহৃত হইতে আজ্ঞা করিতে পারিবেন। অথবা তিনি বিহিত বিবেচনা করিলে, ঐ টাকা যেং ব্যক্তির প্রাপ্য বোধ হয় তাহারদিগকে ঐ টাকার কোন অংশ ফিরিয়া দিবার আজ্ঞা করিতে পারিবেন ইতি।

[বাজী রাখিয়া খেলা করিবার প্রমাণ অনাবশ্যক হওয়ার কথা।]

৯ ধারা। কোন ব্যক্তির সাধারণ দ্যূতগৃহ রাখিবার কিম্বা সাধারণ দ্যূতগৃহের কার্য্য নিষ্পাদনে লিপ্ত হইবার প্রমাণ করিবার জন্যে, যে ব্যক্তি দ্যূতক্রীড়া করণ কালে ধৃত হইয়াছিল সে টাকা কি পণ কি বাজী রাখিয়া খেলা করিতেছিল ইহার প্রমাণ করিবার আবশ্যক নাই ইতি।

[ধৃত ব্যক্তিদিগকে শপথ করাইয়া তাহারদের সাক্ষ্য লইতে মাজিষ্ট্রেটের ক্ষমতার কথা।]

১০ ধারা। এই আইনের বিধানমতে কোন গৃহে কি ভিত্তিবেষ্টিত স্থলে কি কুঠরীতে কি স্থানে প্রবিষ্ট

been found in any house, walled enclosure, room, or place, entered under the provisions of this Act, to require any such persons to be examined on oath or solemn affirmation, and give evidence touching any unlawful gaming in such house, walled enclosure, room, or place, or touching any act done for the purpose of preventing, obstructing, or delaying the entry, into such house, walled enclosure, room, or place, or any part thereof, of any Magistrate or officer authorized as aforesaid. No person so required to be examined as a witness shall be excused from being so examined when brought before such Magistrate as aforesaid, or from being so examined at any subsequent time by or before the same or any other Magistrate, or by or before any Court on any proceeding or trial in any ways relating to such unlawful gaming or any such acts as aforesaid, or from answering any question put to him touching the matters aforesaid, on the ground that his evidence will tend to criminate himself. Any such person so required to be examined as a witness, who refuses to make oath or take affirmation accordingly or to answer any such question as aforesaid, shall be subject to be dealt with in all respects as any person committing the offence described in Section 178 or Section 179 (as the case may be) of the Indian Penal Code.

[Witnesses indemnified.]

XI. Any person who shall have been concerned in gaming contrary to this Act, and who shall be examined as a witness before a Magistrate on the trial of any person for a breach of any of the provisions of this Act or of any other Act relating to gaming, and who, upon such examination, shall in the opinion of the Magistrate make true and faithful discovery, to the best of his knowledge, of all things as to which he shall be so examined, shall thereupon receive from the said Magistrate a certificate in writing to that effect, and shall be freed from all prosecutions under this or any other Act for anything done before that time in respect of such gaming.

[Act not to apply to certain games.]

XII. Nothing in the foregoing provisions of this Act contained, shall be held to apply to any game of mere skill wherever played.

[Gaming and setting birds and animals to fight in public streets. Destruction of intruments of gaming found in public streets.]

XIII. A Police Officer may apprehend without warrant any person found playing for money or other valuable thing with cards, dice, counters, or other instruments of gaming, used in playing any game not being a game of mere skill, in any public street, place, or thoroughfare situated with-

হইলে যে ব্যক্তিদিগকে পাওয়া যায়, তাহারদিগকে কোন মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে উপস্থিত করা গেলে, তিনি তাহারদিগকে শপথ কি ধর্ম্মতঃ প্রতিজ্ঞা করাইয়া তাহারদের পরীক্ষা লইবার, এবং সেই গৃহে কি ভিত্তিবেষ্টিত স্থলে কি কুঠরীতে কি স্থানে অবৈধ ক্রীড়ার বিষয়ে, কিম্বা সেই গৃহে কি ভিত্তিবেষ্টিত স্থলে কি কুঠরীতে কি স্থানে কি তাহার কোন ভাগে কোন মাজিষ্ট্রেট সাহেবের কি পূর্ব্বোক্তমতে ক্ষমতাপন্ন কার্য্যকারকের প্রবেশ করিবার বাধা কি প্রতিরোধ কি বিলম্ব করণার্থে যে কোন ক্রিয়া হইয়া থাকিবে তদ্বিষয়ে সাক্ষ্য দিবার আজ্ঞা করিতে পারিবেন। পূর্ব্বোক্ত মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে উপস্থিত করা গেলে সাক্ষিস্বরূপে যে ব্যক্তির উক্ত প্রকারে পরীক্ষা হইবার আজ্ঞা হয় সে ঐ সাক্ষ্য দিলে আপনাকে দোষী করিবে ইহা বলিয়া তাহার নিষ্কৃতি হইবে না এবং পশ্চাৎ কোন সময়ে সেই অবৈধ দ্যূতক্রীড়ার কি পূর্ব্বোক্ত কোন ক্রিয়ার বিষয়ে সেই কি অন্য মাজিষ্ট্রেটের সম্মুখে কিম্বা কোন আদালত কর্ত্তৃক কি তৎসম্মুখে মোকদ্দমাঘটিত কোন কার্য্য কি বিচার হইলে ঐ ব্যক্তি তদ্রূপ পরীক্ষা হইতে, কিম্বা পূর্ব্বোক্ত বিষয়ের কোন প্রশ্ন হইলে তাহার উত্তর দান হইতে নিষ্কৃতি পাইবে না। কোন ব্যক্তি সাক্ষিস্বরূপে পরীক্ষা দিতে আজ্ঞা পাইলে যদি তদনুসারে শপথ কি প্রতিজ্ঞা করিতে কিম্বা পূর্ব্বোক্ত কোন প্রশ্নের উত্তর দিতে স্বীকার না করে, তবে ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের ১৭৮ কিম্বা (বিষয় বিশেষে) ১৭৯ ধারার নির্দ্দিষ্ট অপরাধ হইলে অপরাধির প্রতি যদ্রূপ ব্যবহার হয়, ঐ ব্যক্তির প্রতি সর্ব্বতোভাবে তদ্রূপ ব্যবহার হইবে ইতি।

[সাক্ষিরদের নিষ্কৃতি পাইবার কথা।]

১১ ধারা। কোন ব্যক্তি এই আইনের বিপক্ষে দ্যূতক্রীড়াতে লিপ্ত হইয়া যদি এই আইনের কিম্বা দ্যূতক্রীড়া বিষয়ক কোন আইনের কোন বিধান লঙ্ঘন হেতুক অন্য ব্যক্তির বিচারকালে মাজিষ্ট্রেটের সম্মুখে সাক্ষিস্বরূপে পরীক্ষিত হয়, ও মাজিষ্ট্রেটের বিবেচনামতে যদি সে ঐ পরীক্ষা কালে আপনার জ্ঞানানুসারে জিজ্ঞাসিত সকল বিষয়ের সত্য ও যথার্থ সন্ধান দিয়া থাকে, তবে উক্ত মাজিষ্ট্রেট তাহাকে সেই মর্ম্মের সংশিতপত্র দিবেন। এবং ঐ ব্যক্তি তৎকালের পূর্ব্বে ঐ দ্যূতক্রীড়া সংক্রান্ত যে কোন কার্য্য করিয়া থাকে তদ্ধেতুক এই কি অন্য কোন আইনদ্বারা তাহার অভিযোগ হইতে নিষ্কৃতি হইবে ইতি।

[এই আইন কোনং ক্রীড়ার প্রতি না বর্ত্তিবার কথা।]

১২ ধারা। কেবল নৈপুণ্যের পরীক্ষার্থে যে ক্রীড়া যে স্থানে হয়, তাহার প্রতি এই আইনের প্রোক্ত কোন বিধান বর্ত্তে না ইতি।

[রাজপথে দ্যূতক্রীড়ার ও পশুকে কি পক্ষিকে লড়াই করাইবার কথা। ও দ্যূতক্রীড়ার যে উপকরণ রাজপথে পাওয়া যায় তাহা নষ্ট করিবার কথা।]

১৩ ধারা। কেবল নৈপুণ্যের পরীক্ষার্থ ক্রীড়াভিন্ন কোন দ্যূতক্রীড়াতে যে তাস কি পাশা কি ঘুটী কি অন্য উপকরণের ব্যবহার হইয়া থাকে, কোন ব্যক্তি টাকার কি অন্য মূল্যবান দ্রব্যের নিমিত্তে তাহা লইয়া পূর্ব্বোক্ত সীমার অন্তর্গত কোন রাজপথে কি স্থানে কি অপ্রতিরোধ পথে খেলা করিলে, এবং কোন ব্যক্তি

in the limits aforesaid, or any person setting any birds or animals to fight in any public street, place, or thoroughfare situated within the limits aforesaid, or any person there present aiding and abetting such public fighting of birds and animals. Such person when apprehended shall be brought without delay before a Magistrate, and shall be liable to a fine not exceeding fifty Rupees, or to imprisonment, either simple or rigorous, for any term not exceeding one calendar month, and such Police Officer may seize all instruments of gaming found in such public place or on the person of those whom he shall so arrest, and the Magistrate may on conviction of the offender order such instruments to be forthwith destroyed.

[Offences by whom triable.]

XIV. Offences punishable under this Act shall be triable by any Magistrate having jurisdiction in the place where the offence is committed. But such Magistrate shall be restrained within the limits of his jurisdiction under the Code of Criminal Procedure, as to the amount of fine or imprisonment he may inflict.

[Penalty for subsequent offences.]

XV. Whoever, having been convicted of an offence punishable under this Act, shall be guilty of any such offence, shall be subject for every such subsequent offence to double the amount of punishment to which he would otherwise have been liable for the same: Provided that he shall not be liable in any case to a fine exceeding six hundred Rupees, or to imprisonment for a term exceeding one year.

[Portion of fine may be paid to informer.]

XVI. The Magistrate trying the case may direct any portion of any fine which shall be levied under Sections III. and IV. of this Act, or any part of the monies or proceeds of articles seized and ordered to be forfeited under this Act, to be paid to an informer.

[Recovery and application of fines.]

XVII. The provisions for the recovery of fines contained in Sections 64, 65, 66, and 67 of the Indian Penal Code and Section 61 of the Code of Criminal Procedure, shall apply to all fines and penalties imposed under this Act in any town or place other than the town of Calcutta; and such fines shall (subject to the provisions contained in the last preceding Section) be applied as the Lieutenant-Governor shall from time to time direct. And the provisions of Act IV. of 1866 passed by the Lieutenant-Governor of Bengal in Council and of every other Act for regulating the Police of the town of Calcutta for the time being in force shall apply to all fines and penalties im-

সেই সীমার অন্তর্গত কোন রাজপথে কি স্থানে কি অপ্রতিরোধ পথে কোন পক্ষিদিগকে কি পশুদিগকে লড়াই করিতে রাগাইয়া দিলে, কিম্বা কোন ব্যক্তি তথায় উপস্থিত হইয়া পশুপক্ষিদের প্রকাশ্যরূপে লড়াইয়ের সহকারিতা ও সাহায্য করিলে পোলীসের কর্ম্মকারক ধৃতির অনুজ্ঞাপত্র ভিন্ন তাহাকে ধরিতে পারিবেন। ধরিলে তাহাকে অব্যাজে মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে উপস্থিত করিতে হইবে। ও তাহার পঞ্চাশ টাকার অনধিক অর্থদণ্ড কিম্বা কঠিন পরিশ্রমসহিত কি ভদ্ভিন্ন ইঙ্গলণ্ডীয় পঞ্জিকামত এক মাস কারাদণ্ড হইতে পারিবে। আরো পোলীসের কর্ম্মকারক সেই প্রকাশ স্থানে কিম্বা যাহাকে ধৃত করিয়াছেন তাহার অঙ্গবস্ত্রে দ্যূতক্রীড়ার যে সকল উপকরণ পান তাহাও ধৃত করিবেন। এবং অপরাধির দোষ প্রমাণ হইলে মাজিষ্ট্রেট ঐ সকল দ্রব্য অগৌণে নষ্ট করিবার আজ্ঞা করিতে পারিবেন ইতি।

[অপরাধ যাঁহার বিচার্য্য তাঁহার কথা।]

১৪ ধারা। এই আইনক্রমে যে অপরাধের দণ্ড হইতে পারে, সেই অপরাধ যে মাজিষ্ট্রেটের ক্ষমতাধীন স্থানে করা যায় তাঁহারি বিচার্য্য হইবে। কিন্তু সেই মাজিষ্ট্রেট আপনার ক্ষমতাধীন স্থানের মধ্যে ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনক্রমে যত টাকা অর্থদণ্ডের কি যত কাল কারাদণ্ডের আজ্ঞা করিতে পারেন তাহার অধিক দণ্ডের আজ্ঞা করিবেন না ইতি।

[পুনশ্চ অপরাধ করিলে দণ্ডের কথা।]

১৫ ধারা। কোন ব্যক্তির এই আইনমত দণ্ডনীয় অপরাধ নির্ণয় হইলে পর যদি পুনশ্চ তদ্রূপ অপরাধ করে, তবে প্রত্যেক সময়ে তাহার পূর্ব্বকৃত অপরাধের দণ্ডের দ্বিগুণ দণ্ড হইবে। কিন্তু কোন সময়ে ছয় শত টাকার অধিক অর্থদণ্ড কিম্বা এক বৎসরের অধিক কারাদণ্ড হইবে না ইতি।

[অর্থদণ্ডের এক ভাগ সন্ধানবাদিকে দিবার কথা।]

১৬ ধারা। এই আইনের ৩ ও ৪ ধারামতে যে অর্থদণ্ড আদায় করা যায়, কিম্বা যে টাকা কি যে দ্রব্য ধৃত হইয়া এই আইনমতে রাজস্বত হইবার আজ্ঞা হয় তাহা বিক্রয় হইয়া যে টাকা উৎপন্ন হয় মোকদ্দমার বিচারক মাজিষ্ট্রেট সন্ধানবাদিকে সেই টাকার কোন অংশ দিবার আজ্ঞা করিতে পারিবেন ইতি।

[অর্থদণ্ড আদায় ও প্রয়োগ করিবার কথা।]

১৭ ধারা। ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের ৬৪, ৬৫, ৬৬, ৬৭ ধারাতে এবং ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের ৬১ ধারাতে অর্থদণ্ড আদায় করিবার যে বিধান আছে, কলিকাতা নগরভিন্ন কোন নগরে কি স্থানে এই আইনমতে যে অর্থদণ্ডের ও দণ্ডের আজ্ঞা হয় তাহার প্রতি সেই বিধান বর্ত্তিবে। এবং পূর্ব্বোক্ত ১৬ ধারার বিধান প্রবল রাখিয়া শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব যে সময়ে যদ্রূপ আজ্ঞা করেন ঐ টাকার তদ্রূপ প্রয়োগ হইবে। এবং কলিকাতা নগরের পোলীসের কোন মাজিষ্ট্রেট এই আইনমতে যে সকল অর্থদণ্ডের ও দণ্ডের আজ্ঞা করেন তাঁহার প্রতি মন্ত্রিসভাধিষ্ঠিত বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের ১৮৬৬ সালের ৪ আইনের এবং কলিকাতা নগরের পোলীসের বিধান করণার্থ অন্য যে

posed under this Act by any Magistrate of Police for the Town of Calcutta.

আইন যে সময়ে প্রবল থাকে তাহারও বিধান বর্ত্তিবে ইতি।

[Offences under this Act to be offences within meaning of Penal Code]

[এই আইন মত অপরাধ দণ্ডবিধির আইনের অর্থের অন্তর্গত অপরাধ হইবার কথা।]

XVIII. Anything made punishable by this Act shall be deemed to be an 'offence' within the meaning of the Indian Penal Code.

১৮ ধারা। এই আইন দ্বারা যে ক্রিয়া দণ্ডনীয় হয় তাহা ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের অর্থগত অপরাধ জ্ঞান হইবে ইতি।

[Certain Sections of Act to apply without extension.]

[আইনের কোনং ধারা বিস্তৃত না হইয়া বর্ত্তিবার কথা।]

XIX. The provisions of Sections VII, X., and XIII of this Act shall from and after the passing of this Act apply to the Town of Calcutta, and to the Suburbs of the Town of Calcutta as the same may be from time to time defined by any Notification published by the Lieutenant-Governor in pursuance of Act VI of 1866 passed by the Lieutenant-Governor of Bengal in Council; and the provisions of Section XIII of this Act shall, from and after the passing of this Act, apply to the whole of the said territories.

১৯ ধারা। শ্রীযুত লেপ্টেনেন্ট গবরণর সাহেব মন্ত্রিসভাধিষ্ঠিত বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবরণর সাহেবের প্রচলিত ১৮৬৬ সালের ৬ আইনমতে জ্ঞাপনপত্র প্রকাশ করিয়া কালিকাতা নগরের ও কলিকাতার শাখা নগরের যে সীমা যে সময়ে প্রকাশ করেন, এই আইন প্রচলিত হইলে ইহার ৭, ১০ ও ১৩ ধারার বিধান সেই সীমামতে সেই নগরে ও শাখানগরে বর্ত্তিবে। এবং এই আইন প্রচলিত হইলে পর ইহার ১৩ ধারার বিধান উক্ত সমুদয় দেশে বর্ত্তিবে ইতি।

[Immediate and prospective repeal of certain Sections of Acts II and IV 1866, B. C.

[বঙ্গদেশীয় ১৮৬৬ সালের ২ ও ৪ আইনের কএক ধারা আশুপক্ষে ও ভাবিকার্য্যপক্ষে রহিত হইবার কথা।]

XX. From and after the passing of this Act the provisions of Sections XXXII of Act II of 1866 passed by the Lieutenant-Governor of Bengal in Council and of Section LII of Act IV of 1866 passed by the same authority shall stand and be repealed; and from and after any extension of this Act to the Suburbs of the Town of Calcutta, the provisions of Sections XXV, XXVI, XXVII, XXVIII, XXIX, and XXX of the said Act II of 1866 shall stand and be repealed.

২০ ধারা। মন্ত্রিসভাধিষ্ঠিত বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবরর্ণর সাহেবের প্রচলিত ১৮৬৬ সালের ২ আইনের ৩২ ধারা এবং ঐ কর্ত্তৃপক্ষের প্রচলিত ১৮৬৬ সালের ৪ আইনের ৫২ ধারা এই আইন প্রচলিত হইবার সময়াবধি রহিত করা যাইবে। এবং এই আইন কলিকাতার শাখানগরে প্রচলিত হইলে, ১৮৬৬ সালের উক্ত ২ আইনের ২৫, ২৬, ২৭, ২৮, ২৯, ও ৩০, ধারা তৎকালাবধি রহিত হইবে ইতি।

STATEMENT OF OBJECTS AND REASONS.

অভিপ্রায়ের ও হেতুর বর্ণনা।

AT present there are no sufficient powers to suppress gambling and common gaming-houses in the territories subject to the Lieutenant-Governor, save in the Town of Calcutta and the Suburban Municipality. The present Bill is intended to enable the Lieutenant-Governor to extend provisions, similar to those now in force in Calcutta, to other places within those territories in which they may seem necessary.

এইক্ষণে কলিকাতা নগর ও শাখা নগরভিন্ন শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের শাসিত দেশের কোন স্থানে দ্যূতক্রীড়া নিবারণের ও দ্যূত গৃহ অবরোধ করিবার যথোপযোগি ক্ষমতা নাই। কলিকাতায় যে বিধান প্রচলিত আছে, শ্রীযুত লেপ্টেনেন্ট গবরর্ণর সাহেব স্বীয় শাসিত দেশের যে স্থানে আবশ্যক বোধ করেন সেই স্থানে তত্তুল্য বিধান প্রচলিত করিতে সক্ষম হন, ইহা এই পাণ্ডুলিপির উদ্দেশ্য।

The Bill is framed in terms similar to one which is now depending before the Council of the Governor General, giving similar powers to the Local Executive Government in the North-West-

উত্তর পশ্চিম দেশের ও পঞ্জাবের ও অযোধ্যার ও মধ্য প্রদেশের ও ব্রিটনীয় ব্রহ্ম দেশের কর্ত্তৃত্ব সম্পাদক গবর্ণমেন্টের প্রতি সেইরূপ ক্ষমতা প্রদান করণার্থ অন্য পাণ্ডুলিপি শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের মন্ত্রি-

ern Provinces, the Punjab, Oude, the Central Provinces, and British Burmah, and which has already been approved by a Seleat Committee of that body.

A. EDEN.

The 19th January 1867.

J. PITT KENNEDY,
Asst. Secy. to the Govt. of Bengal, Legislative Dept.

সভায় উপস্থিত করা গিয়াছে এবং ঐ সভার মনোনীত কমিটী তাহা সুগ্রাহ্য করিয়াছেন।

এ ইডেন।

১৮৬৭ সাল ১৯ জানুআরি।

জে পিট কেনেডি।
বঙ্গদেশের গবর্ণমেণ্টের ব্যবস্থাপক সভার আসিস্টাণ্ট সেক্রেটারী।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

CIRCULAR ORDERS BY THE HIGH COURT OF JUDICATURE AT FORT WILLIAM IN BENGAL.

(Civil Side.)

No. 2.

To all Civil Judges,—(dated Calcutta, the 14th January 1867.)

THE High Court is pleased to direct that, in Civil cases sent up to it in appeal, in which the preparation of maps may have been necessary for the elucidation of any points of importance, such maps may be posted upon cloth before being despatched with the Records. The Court has at times been subjected to much inconvenience, from the tattered condition in which maps in important cases have come before it.

By Order, &c.,
(Sd.) L. R. TOTTENHAM,
Registrar.

বঙ্গদেশের ফোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্টের সরক্যুলর অর্ডর।

দেওয়ানী পক্ষ।

২ নম্বর।

সকল সিবিল জজ সাহেব সমীপেষু

কলিকাতা ১৮৬৭ সাল ১৪ জানুআরি।

কোন দেওয়ানী মোকদ্দমা সংক্রান্ত গুরুতর বিষয় স্পষ্ট করণার্থে যদি মানচিত্র প্রস্তুত হইয়া থাকে তবে কাগজপত্রের সহিত সেই মোকদ্দমা আপীলক্রমে হাই কোর্টে পাঠাইবার পূর্ব্বে ঐ চিত্র খানি কাপড়ে আটা দিয়া বসাইতে হইবে, হাই কোর্টের এই আজ্ঞা। যেহেতুক ভারি মোকদ্দমাতে যে মানচিত্র উপস্থিত করা গিয়া থাকে তাহা ছেঁড়া হওয়াতে কোর্টের কখনং অত্যন্ত ক্লেশ হইয়াছে।

হাই কোর্টের আজ্ঞাক্রমে,
এল আর টটনহাম,
রেজিষ্ট্রার।

No. 4.

To all the Civil Appellate Courts in the Lower Provinces,—(dated Calcutta, the 16th January 1867.)

THE Court having observed, in several cases which have recently come before them, that the decree of the subordinate Appellate Court has not contained the Memorandum of Appeal, and much inconvenience being found to result from the omission, the attention of the Zillah Judges and Principal Sudder Ameens is directed to the provisions of Section 360 of the Civil Procedure Code, which require that the Memorandum should be embodied in the decree; and to the terms of Section 334, which points out that the Memorandum itself must contain.

2. It is not enough, the Judges will observe, to set out the first ground of appeal before them followed by the words "et cætera," but all the grounds of appeal must be stated seriatim, so that the High Court may know, when the judgment on appeal comes before them, upon what grounds the appeal was preferred to the lower Appellate Court.

By Order of the High Court,
(Sd.) L. R. TOTTENHAM, *Registrar.*

৪ নম্বর।

বঙ্গপ্রভৃতি দেশের সকল দেওয়ানী আপীল আদালত সমীপেষু।

কলিকাতা ১৮৬৭ সাল ১৬ জানুআরি।

হাই কোর্টের সম্মুখে সম্প্রতি যে সকল মোকদ্দমা উপস্থিত হইয়াছে তাহার অনেক মোকদ্দমায় হাই কোর্টের সাহেবেরা দেখিয়াছেন যে অধঃস্থ আপীল আদালতের ডিক্রীতে আপীলের মর্ম্মাত্মকপত্র লেখা যায় নাই। ইহাতে অনেক ক্লেশ হয়। অতএব তাঁহারা জিলার জজ সাহেবদিগকে ও প্রধান সদর আমীনদিগকে দেওয়ানী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের ৩৬০ ধারার প্রতি মনোযোগ করিতে আদেশ করিতেছেন। সেই ধারাতে ডিক্রীর মধ্যে মর্ম্মাত্মক লিপি করিবার আজ্ঞা আছে। ৩৩৪ ধারাতেও মনোযোগের আদেশ করেন, তাহাতে ঐ মর্ম্মাত্মক লিপির লিখিতব্য কথা প্রকাশ হইয়াছে।

২। বিচার কর্ত্তৃপক্ষেরা দেখিবেন যে, আপীলের প্রথম হেতু মাত্র লিখিয়া তৎপরে "প্রভৃতি" শব্দ দিলে হইবে না, আপীলের সমস্ত হেতু একাদিক্রমে লিখিত হইবে। তাহাহইলে আপীলক্রমে যে নিষ্পত্তি [illegible] হাই কোর্টের সম্মুখে তাহা আনা গেলে আপীল যেং হেতুতে অধঃস্থ আপীল আদালতে অর্পণ করা গিয়াছিল তাহাও জানিতে পাইবেন।

হাই কোর্টের আজ্ঞাক্রমে,
এল আর টটেনহাম, রেজিষ্ট্রার।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

গেজেট। ১৮৬৭। ৫ ফেব্রুআরি।

ORDERS BY THE LIEUTENANT-GOVERNOR OF BENGAL.

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের আজ্ঞা।

No. 309.

৩০৯ নম্বর।

Appointments.

নিয়োগ

The 22nd January 1867.

১৮৬৭ সাল ২২ জানুআরি।

The following gentlemen are appointed to the Fourth Grade of the Bengal Educational Service, *viz.:*

Mr. J. W. McCrindle, M. A.
Reverend J. Nesfield, M. A.

নিম্ন লিখিত মহাশয়েরা বঙ্গদেশের শিক্ষাসংক্রান্ত কার্য্যের চতুর্থ শ্রেণীতে নিযুক্ত হইয়াছেন।

শ্রীযুত জে ডবলিউ মাক্রিণ্ডেল সাহেব এম, এ,
পাদরী শ্রীযুত জে নেস্‌ফিল্ড সাহেব এম, এ,

The 23rd January 1867.

১৮৬৭ সাল ২৩ জানুআরি।

Mr. J. D. F. Harvey to be Secretary to the Local Committee of Public Instruction at Bograh, and the following gentlemen to be Members of Committee, *viz.:—*

Mr. H. W. J. Bamber.
Baboo Madhub Chunder Moitra.
Moonshee Musheeatoollah.

শ্রীযুত জে ডি এফ হার্বি সাহেব বগুড়াতে সাধারণ বিদ্যাধ্যাপনীয় কমিটীর সেক্রেটারী এবং নিম্ন লিখিত মহাশয়েরা উক্ত কমিটীর মেম্বর হইবেন।

এচ ডবলিউ জে বাম্বর সাহেব।
বাবু মাধবচন্দ্র মৈত্র।
মুন্‌শী মুশীয়ৎউল্লা

Baboo Kali Prosonno Mookerjee to be a Member of the Local Committee for the management of the Charitable Dispensary at Serajgunge.

শ্রীযুত বাবু কালীপ্রসন্ন মুখোপাধ্যায় শেরাজগঞ্জের দাতব্য ঔষধালয়ের কর্ম্ম সম্পাদনার্থ কমিটীর এক জন মেম্বর হইবেন।

The 24th January 1867.

১৮৬৭ সাল ২৪ জানুআরি।

The following gentlemen to be Visitors of the Wards' Institution:—

Mr. A. Grote, Member, Board of Revenue ... } Ex-officio.
Mr. V. H. Schalch, Officiating Member, Board of Revenue ... } Ex-officio.

Baboo Degumber Mitter.
„ Kristo Das Pal.

নিম্ন লিখিত মহাশয়েরা রাজানুপালিত বালক বিদ্যালয়ের পরিদর্শক হইবেন।

রেবিনিউ বোর্ডের মেম্বর শ্রীযুত এ গ্রোট সাহেব ... } স্বং পদোপলক্ষে।
রেবিনিউ বোর্ডের একটিং মেম্বর শ্রীযুত বি, এচ, শক সাহেব ... } স্বং পদোপলক্ষে।

ত বাবু দিগম্বর মিত্র।
বাবু কৃষ্ণদাস পাল।

Mr. T. F. Bignold to officiate as Magistrate and Collector of Pubna, during the absence, on leave, of Mr. W. V. G. Tayler, or until further orders.

ত ডবলিউ কি জি টেলর সাহেবের ছুটীপ্রযুক্ত অনুপস্থান কালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত টি এফ বিগনল্ড সাহেব পাবনার মাজিষ্ট্রেট ও কালেক্‌টরের কর্ম্ম করিবেন।

The 25th January 1867.

১৮৬৭ সাল ২৫ জানুআরি।

Moulvie Azharul Huq, Deputy Magistrate and Deputy Collector of Bagirhaut, is posted to the Sub-Division of Nurail.

বাগিরহাটের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্‌টর শ্রীযুত মৌলবী আজহরুউলহক নড়াইল শাখাখণ্ডে অবস্থিত হইয়াছেন।

Baboo Gopal Chunder Sen, Deputy Magistrate and Deputy Collector, to have charge of the Sub-Division of Bagirhaut, and to exercise the powers of a Subordinate Magistrate of the First Class, and those of a Deputy Collector, in Jessore. Baboo Gopal Chunder Sen is further empowered, under Section 38 of the Code of Criminal Procedure, to hold the preliminary enquiry into cases triable by the Court of Sessions, to commit or hold to bail persons to take their trial before such Court of Sessions, and to exercise all the powers necessary for that purpose.

ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্‌টর শ্রীযুত বাবু গোপালচন্দ্র সেন বাগিরহাট শাখাখণ্ডের কর্ম্মের ভার পাইবেন ও যশোহরে অধঃস্থ প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের ও ডেপুটী কালেক্‌টরের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন। আরো তিনি ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের ৩৮ ধারামতে সেশন আদালতের বিচার্য্য মোকদ্দমার প্রথম স্থলীয় অনুসন্ধান লইতে কিম্বা উক্ত সেশন আদালতের সম্মুখে যাহাদের বিচার হইবে তাহাদিগকে সমর্পণ করিতে কিম্বা তাহাদের স্থানে উপস্থিত হইবার প্রতিভূ লইতে ও তদর্থে যে সকল ক্ষমতার প্রয়োজন তদনুসারে কর্ম্ম করিতে ক্ষমতাপন্ন হইয়াছেন।

Captain Q. D. Parsons to be a Municipal Commissioner for the Town of Canning.

কাপ্তান শ্রীযুত কিউ ডি পার্সন্স সাহেব কানিংনগরের এক জন মুনিসিপল কমিসানর হইবেন।

The following gentlemen to be Members of the Local Committee for the management of the Charitable Dispensary recently established at Chooadangah, *viz.* :—

Mr. R. M. Towers, Assistant Magistrate of Chooadangah.

Moonshee Kafilooddin Joardar.

Baboo Goshye Das Goopto.

The 26th January 1867.

The Reverend A. L. Mitchell to officiate as Chaplain of Howrah, during the absence, on deputation, of the Reverend W. Spencer, or until further orders.

The 28th January 1867.

Baboo Rutton Lall Ghose, Deputy Magistrate and Deputy Collector, to have temporary charge of the Sub-Division of Gurbettah, and to exercise the powers of a Magistrate in the Districts of Midnapore and Bancoorah.

This cancels the appointment of Mr. W. H. Verner to the Sub-Division of Gurbettah, notified in the *Calcutta Gazette* of the 23rd instant.

Mr. J. R. Hallett, Assistant Magistrate and Collector, to have charge of the Sub-Division of Bood-Bood, and to exercise the powers of a Subordinate Magistrate of the First Class, and those of a Deputy Collector, in Burdwan and Bancoorah. Mr. Hallett is further empowered, under Section 38 of the Code of Criminal Procedure, to hold the preliminary enquiry into cases triable by the Court of Sessions or the High Court, to commit or hold to bail persons to take their trial before such Court of Sessions or High Court, and to exercise all the powers necessary for that purpose.

The 29th January 1867.

Mr. A. E. Russell to officiate as Civil and Sessions Judge of Burdwan, during the absence, on leave of Mr. J. E. S. Lillie, or until further orders.

Mr. G. G. Morris is appointed to officiate temporarily as Additional Judge of Hooghly, Burdwan, and the 24-Pergunnahs, and vested with the powers of a Sessions Judge in Howrah.

Lord H. Ulick Browne is appointed to officiate as Additional Judge of Jessore, and vested with the powers of a Civil and Sessions Judge in Nuddea.

Mr. H. Bell to officiate as Magistrate and Collector of Nuddea.

Mr C. D. Field to officiate as Judge of the Principal Courts of Small Causes at Kishnaghur and Jessore, and Judge of the Court of Small Causes at Santipore. In his capacity as Officiating Judge of the Principal Court of Small Causes at Kishnaghur, Mr. Field is vested with controlling jurisdiction over the Courts of Small

চুয়াডাঙ্গায় সম্প্রতি যে দাতব্য ঔষধালয় স্থাপন হইয়াছে নিম্ন লিখিত মহাশয়েরা তাহার কার্য্য সম্পাদনা কমিটীর মেম্বর হইবেন।

চুয়াডাঙ্গার আসিষ্টান্ট মাজিষ্ট্রেট শ্রীযুত আর এম টৌর্স সাহেব।

শ্রীযুত মুন্‌শী কফীলুদ্দীন জোয়ারদার।

শ্রীযুত বাবু গোঁসাই দাস গুপ্ত।

১৮৬৭ সাল ২৬ জানুআরি।

পাদরী শ্রীযুত ডবলিউ স্পেন্সর সাহেবের ছুটীপ্রযুক্ত অনুপস্থান কালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত পাদরী শ্রীযুত এ এল মিচেল সাহেব হাবড়ার ধর্ম্মোপদেশকের কর্ম্ম করিবেন।

১৮৬৭ সাল ২৮ জানুআরি।

ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু রতনলাল ঘোষ কিয়ৎকালের নিমিত্তে গড়বেটা শাখা খণ্ডের কর্ম্মের ভার পাইবেন এবং মেদিনীপুর ও বাঁকুড় জিলাতে মাজিষ্ট্রেটের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন।

শ্রীযুত ডবলিউ এচ বর্ণর সাহেবের গড়বেটা শাখা খণ্ডে নিযুক্ত হইবার যে কথা এই মাসের ২৮ তারিখের বাঙ্গলা গেজেটে প্রকাশ হয় তাহা ইহাতে রহিত হইল।

আসিষ্টান্ট মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত জে আর হালেট সাহেব বুদ্বুদ্ শাখাখণ্ডের কর্ম্মের ভার পাইবেন এবং বর্দ্ধমান ও বাঁকুড়াতে অধঃস্থ প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের ও ডেপুটী কালেক্টরের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন। আরো তিনি ফৌজদারী মোকদ্দমার কার্য্য বিধানের আইনের ৩৮ ধারামতে সেশন আদালতের কিম্বা হাই কোর্টের বিচার্য্য মোকদ্দমার প্রথম স্থলীয় অনুসন্ধান লইতে কিম্বা উক্ত সেশন আদালতের কি হাই কোর্টের সম্মুখে যাহাদের বিচার হইবে তাহাদিগকে সমর্পণ করিতে কিম্বা তাহাদের স্থানে উপস্থিত হইবার প্রতিভূ লইতে ও তদর্থে যে সকল ক্ষমতার প্রয়োজন তদনুসারে কর্ম্ম করিতে ক্ষমতাপন্ন হইয়াছেন।

১৮৬৭ সাল ২৯ জানুআরি।

শ্রীযুত জে ই এস লিলী সাহেবের ছুটীপ্রযুক্ত অনুপস্থান কালে অথবা অন্য আজ্ঞা না হওনপর্য্যন্ত শ্রীযুত এ ই রসেল সাহেব বর্দ্ধমানের সিবিল ও সেশন জজের কর্ম্ম করিবেন।

শ্রীযুত জি জি মরিস সাহেব কিয়ৎকালের নিমিত্তে হুগলীর ও বর্দ্ধমানের ও ২৪-পরগনার আডিসানল জজের কর্ম্ম করণার্থে নিযুক্ত হইয়াছেন এবং হাবড়াতে সেশন জজের ক্ষমতা পাইয়াছেন।

শ্রীযুত লর্ড এচ ইউলিক ব্রোণ সাহেব যশোহরের আডিসানল জজের কর্ম্ম করণার্থে নিযুক্ত হইয়াছেন, এবং নদীয়াতে সিবিল ও সেশন জজের ক্ষমতা পাইয়াছেন।

এচ বেল সাহেব নদীয়ার মাজিষ্ট্রেট ও কালেক্টরের কর্ম্ম করিবেন।

শ্রীযুত সি ডি ফিল্‌ড সাহেব কৃষ্ণনগর ও যশোহরস্থ ক্ষুদ্র মোকদ্দমার প্রধান আদালতের জজের ও শান্তিপুরের ক্ষুদ্র মোকদ্দমার আদালতের জজের কর্ম্ম করিবেন। কৃষ্ণনগরের ক্ষুদ্র মোকদ্দমার প্রধান আদালতের জজের কর্ম্ম করাতে তিনি নদীয়া জিলার অন্তর্গত মেহেরপুরের ও কুষ্ঠার ও চুয়াডাঙ্গার ক্ষুদ্র মোকদ্দমার আদালতের উপর এবং যশোহরের ক্ষুদ্র

Causes at Meherpore, Kooshteah, and Chooadangah, in the Nuddea District, and as Judge of the Principal Court of Small Causes of Jessore, with the same authority over those at Jessore, Moogoorah, Jenidah, and Nurail.

Mr. E. C. Craster to officiate as Civil and Sessions Judge of Bhaugulpore, during the absence, on leave, of Mr. H. R. Madocks, or until further orders.

Mr. C. T. Metcalfe to officiate as Magistrate and Collector of Monghyr.

Mr. J. Combe to officiate as Joint-Magistrate and Deputy Collector of Monghyr.

Mr. C. E. C. Merington to officiate as Joint-Magistrate and Deputy Collector of Gya, during the absence, on deputation, of Mr. H. F. J. Kean, or until further orders.

LEAVE OF ABSENCE.

The 19th January 1867.

Mr. J. E. S. Lillie, Judge of Burdwan, for eight days, preparatory to resigning the service.

The 22nd January 1867.

Mr. A. Levien, Magistrate and Collector of Dacca, for one month, under Section 6 of the Covenanted Service Absentee Rules, in extension of the leave granted to him under orders of the 31st ultimo.

The 23rd January 1867.

Mr. J. B. Birch, Assistant Superintendent of Police, Maunbhoom, or fourteen days, under paragraph 11 of the Uncovenanted Service Absentee Rules, from the date on which he may have availed himself of the leave.

Third Grade Sub-Assistant Surgeon Tariny Churn Dutt, recently appointed to the Dispensary at Chittagong, for one month, under paragraph 16 of the Uncovenanted Service Absentee Rules from the date on which he may have availed himself of the leave.

Dr. J. A. Greene, Medical Officer of Tipperah for two months, under the orders of the Right Hon'ble the Secretary of State for India, dated 8th November 1865.

The 24th January 1867.

Mr. W. V. G. Tayler, Magistrate and Collector of Pubna, for one month, under Section 6 of the Covenanted Service Absentee Rules, from the 7th proximo, or any subsequent date on which he may avail himself of the leave.

The 25th January 1867.

Mr. J. Ward, Assistant Magistrate and Collector of Cuttack, for one month, under Section 6 of the Covenanted Service Absentee Rules.

Mr. A. C. Howard, District Superintendent of Police, Patna, for twenty months, under paragraph

মোকদ্দমার প্রধান আদালতের জজের কর্ম্ম করাতে যশোহরের ও মাগুড়ার ও ঝিনিদহের ও নড়াইলের ক্ষুদ্র মোকদ্দমার আদালতের উপর কর্ত্তৃত্ব করণের ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

শ্রীযুত এচ আর মাডক্স সাহেবের চুটীপ্রযুক্ত অনুপস্থানকালে অথবা অন্য আজ্ঞা না হওনপর্য্যন্ত শ্রীযুত ই সি ক্রাষ্টর সাহেব ভাগলপুরের সিবিল ও সেশন জজের কর্ম্ম করিবেন।

শ্রীযুত সি টি মেটকাফ সাহেব মুঙ্গেরের মাজিষ্ট্রেটের ও কালেক্টরের কর্ম্ম করিবেন।

শ্রীযুত জে কোম সাহেব মুঙ্গেরের জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের কর্ম্ম করিবেন।

রাজকীয় কার্য্যোপলক্ষে শ্রীযুত এচ এফ জে কীন সাহেবের অনুপস্থানকালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত সি ই সি মেরিংটন সাহেব গয়ার জাইন্ট মাজিষ্ট্রেটের ও ডেপুটী কালেক্টরের কর্ম্ম করিবেন।

ছুটী।

১৮৬৭ সাল ১৯ জানুআরি।

বর্দ্ধমানের জজ শ্রীযুত জে ই এস লিলি সাহেব কর্ম্ম ত্যাগ করণার্থ প্রস্তুত হইবার নিমিত্তে আট দিনের ছুটী পাইয়াছেন।

১৮৬৭ সাল ২২ জানুআরি।

ঢাকার মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত এ লেবিয়ন সাহেব গত মাসের ৩১ তারিখের আজ্ঞামতে যে ছুটী পান তদতিরিক্ত চিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ ধারামতে এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৬৭ সাল ২৩ জানুআরি।

মানভূমের পোলীসের আসিষ্টান্ট সুপরিন্টেণ্ডেন্ট শ্রীযুত জে বি বর্চ সাহেব যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখ অবধি অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১১ ধারামতে চৌদ্দ দিনের ছুটী পাইয়াছেন।

তৃতীয় শ্রেণীর সব-আসিষ্টান্ট চিকিৎসক শ্রীযুত তারিণীচরণ দত্ত যিনি সম্প্রতি চট্টগ্রামের ঔষধালয়ে নিযুক্ত হইয়াছেন, তিনি যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখ অবধি অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৬ ধারামতে এক মাসের ছুটী পাইয়াছেন

ত্রিপুরার চিকিৎসক ডাক্তর শ্রীযুত জে এ গ্রীন্ সাহেব ভারতবর্ষের পক্ষ মহিমবর শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেবের ১৮৬৫ সালের নবেম্বর মাসের ৮ তারিখের আজ্ঞামতে দুই মাসের ছুটী পাইয়াছেন

১৮৬৬ সাল ২৪ জানুআরি।

পাবনার মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত ডবলিউ বি জি টেলর সাহেব আগামি মাসের ৭ তারিখ অবধি অথবা তাহার পর অন্য যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখ অবধি চিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ ধারামতে এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৬৭ সাল ২৫ জানুআরি।

কটকের আসিষ্টান্ট মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত জে ওয়ার্ড সাহেব চিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ ধারামতে এক মাসের ছুটী পাইয়াছেন।

পাটনার পোলীসের ডিষ্ট্রিক্ত সুপরিন্টেণ্ডেন্ট শ্রীযুত এ সি হোয়ার্ড সাহেব অচিহ্নিত কার্য্যকারক-

11 of the Uncovenanted Service Absentee Rules.

The 28th January 1867.

Lieutenant N. Lowis, late Officiating Cantonment Magistrate of Dinapore, for one month, to enable him to appear before the Standing Medical Committee at the Presidency.

The 29th January 1867.

Mr. H. R. Madocks, Judge of Bhaugulpore, for three months, under Section 6 of the Covenanted Service Absentee Rules, from the 5th proximo, or any subsequent date on which he may avail himself of the leave.

NOTIFICATIONS.

The 22nd January 1867.

Baboo Madhub Chunder Moitra, Deputy Magistrate and Deputy Collector of Bograh, having returned to his duties on the 29th December last, the unexpired portion of the leave granted to him under orders of the 18th ultimo, and of which he availed himself on the 26th idem, is cancelled.

The 26th January 1867.

A supplementary Commission of the Peace for Bengal, Behar, and Orissa was issued, on the 19th instant, by the High Court of Judicature at Fort William in Bengal, directed to Captain Edmund Yeamans Walcott, Officiating Cantonment Magistrate of Barrackpore.

The 28th January 1867.

The leave granted to Baboo Kristo Chunder Dutt, Deputy Magistrate and Deputy Collector of Mymensing, under orders of the 15th October last, is commuted to privilege leave.

NOTIFICATION.

The 29th January 1867.

In continuation of Notification dated the 22nd instant, published in the *Calcutta Gazette* of the 23rd idem, Baboo Madhub Chunder Moitra is declared, on the report of the Board of Examiners, to have passed by the Second or Higher Standard of Examination, prescribed in the Government Resolution of the 19th November 1851.

The following Police Officers also are declared, on the report of the Board of Examiners, to have passed, *viz.*:—

By the Higher Standard.

Mr. Anley.
„ Daly.
Blair.
Patch.
Ridsdale.
Lambert.
Masters.
Baboo Isree Pershad.

দের ছুটীর বিধির ১১ ধারামতে কুড়ি মাসের ছুটী পাইয়াছেন।

১৮৬৭ সাল ২৮ জানুআরি।

দানাপুরের সৈন্যাবাসের ভূতপূর্ব্ব একটিংস মাজিষ্ট্রেট লেপ্টেনেণ্ট শ্রীযুক্ত এন লোইস সাহেব রাজধানীস্থ স্থায়ি চিকিৎসক সভায় উপস্থিত হইতে পারিবার নিমিত্তে এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৬৭ সাল ২৯ জানুআরি।

ভাগলপুরের জজ শ্রীযুত এচ আর মাডক সাহেব আগামি মাসের ৫ তারিখ অবধি অথবা তাহার পর যে কোন তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখ অবধি চিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ ধারামতে তিন মাসের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৬৭ সাল ২২ জানুআরি।

বগুড়ার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু মাধবচন্দ্র মৈত্র গত ডিসেম্বর মাসের ২৯ তারিখে আপন কর্ম্মে প্রত্যাগমন করাতে গত মাসের ১৮ তারিখের আজ্ঞামতে প্রাপ্ত যে ছুটী ঐ মাসের ২৬ তারিখ অবধি লইতে আরম্ভ করেন তাহার অবশিষ্টাংশ রহিত হইল।

১৮৬৭ সাল ২৬ জানুআরি।

বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্ট কর্ত্তৃক বারাকপুরের সৈন্যাবাসের একটিং মাজিষ্ট্রেট কাপ্তান শ্রীযুত এডমণ্ড ইয়ামন্স ওয়ালকট সাহেবের নামে এই মাসের ১৯ তারিখে বঙ্গ বেহার ও উড়িষ্যার শান্তিরক্ষার্থ অতিরিক্ত কমিস্যন প্রদত্ত হইল।

১৮৬৭ সাল ২৮ জানুআরি।

ময়মুনসিংহের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু কৃষ্ণচন্দ্র দত্ত গত অক্টোবর মাসের ১৫ তারিখের আজ্ঞামতে যে ছুটী পান তাহা অনুগ্রহের টী বলিয়া গণ্য হইবে।

বিজ্ঞাপন।

১৮৬৭ সাল ২৯ জানুআরি।

এই মাসের ২২ তারিখের যে বিজ্ঞাপন এই মাসের ২৯ তারিখের বাঙ্গলা গেজেটে প্রকাশিত হয় তদতিরিক্ত পরীক্ষক বোর্ডের রিপোর্টক্রমে ইহাতে প্রকাশ করা যাইতেছে যে শ্রীযুত বাবু মাধবচন্দ্র মৈত্র গবর্ণমেণ্টের ১৮৫১ সালের ১৯ নবেম্বর তারিখের নির্দ্ধারণের নির্দ্দিষ্ট উচ্চতর কষ্টির পরীক্ষাতে উত্তীর্ণ হইয়াছেন।

পরীক্ষক বোর্ডের রিপোর্টমতে প্রকাশ করা যাইতেছে যে নিম্ন লিখিত পোলীসের কার্য্যকারকেরাও উত্তীর্ণ হইয়াছেন, যথা—

উচ্চতর কষ্টিতে

ও আন্‌লী সাহেব।
„ ডেলি সাহেব।
„ ব্লের সাহেব।
„ পাচ সাহেব।
„ রিডস্‌ডেল সাহেব।
„ লাম্বর্ট সাহেব।
„ মাষ্টর্স সাহেব।
„ ঈশ্বরী প্রসাদ বাবু।

By the Lower Standard.

Mr. Birch.
" Rattray.
" Bolst.
" Jerdon.
" Dawson.
" Masters.
" Cawley.
" Wilkins.
" Campbell.

নিম্নতর কষ্টিতে।

বর্চ সাহেব।
রাট্রে সাহেব।
বোলস্ট সাহেব।
জের্ডন সাহেব।
ডাসন্ সাহেব।
মাষ্টর্স সাহেব।
কলে সাহেব।
উইলকিন্স সাহেব।
কাম্বেল সাহেব।

NOTIFICATION.

The 21st January 1867.

It is hereby notified, for general information, that the LieutenantGovernor has been pleased to sanction the following changes of subordinate civil jurisdictions in the district of Dinagepore, *viz.*:—the abolition of the office of Sudder Ameen; the abolition of the separate Moonsiffee of Rajarampore, and its incorporation with the Sudder Moonsiffee; and the abolition of the Moonsiffee of Ghoraghat; Thannahs Ghoraghat and Nawabgunge from the jurisdiction of the last named Moonsiffee being added to the jurisdiction of the Moonsiff of Chintamun, who will henceforth have his head-quarters at Phoolbaree, and the remaining two Thannahs, Khetlall and Lallbazar, being assigned to the jurisdiction of the Moonsiff of Putneetollah, whose head-quarters will be at Baboo Ghaut.

বিজ্ঞাপন

১৮৬৭ সাল ২১ জানুআরি।

ইহাতে সর্ব্বসাধারণের জ্ঞানার্থে প্রকাশ করা যাইতেছে যে শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব দিনাজপুর জিলার অধঃস্থ দেওয়ানী আদালতের বিচারাধিপত্য নিম্ন লিখিত মতে পরিবর্ত্তন বিষয়ে অনুমোদন করিয়াছেন, যথা—সদর আমীনের পদ উঠাইয়া দেওয়া গেল, রাজারামপুরের স্বতন্ত্র মুনসেফী পদ রহিত হইয়া সদর মুনসেফীর সহিত সংযোগ হইবে এবং গোড়াঘাটের মুনসেফী পদ উঠাইয়া দেওয়া গেল। গোরাঘাট ও নবাবগঞ্জের থানা শেষোক্ত মুনসেফীর বিচারাধিপত্য হইতে লইয়া চিন্তামনের মুনসেফের বিচারাধিপত্যে ভুক্ত হইবে, এই মুনসেফের সদর স্থান এই অবধি ফুলবাড়ীতে হইবে এবং অবশিষ্ট দুই থানা অর্থাৎ ক্ষেত লাল ও লালবাজার পত্নীটোলার মুনসেফের বিচারাধিপত্যে ভুক্ত হইবে তাঁহার সদর স্থান বাবুঘাটে হইবে।

NOTIFICATION.

The 24th January 1867.

It is hereby notified, for general information, that small-pox in a very virulent and fatal form is now raging at Pooree, and intending pilgrims to Juggernath are warned of the serious danger which they will incur in visiting the town at the present time.

All Magistrates are desired to make this notification as widely known as possible without any delay.

বিজ্ঞাপন।

১৮৬৭ সাল ২৪ জানুআরি।

সর্ব্ব সাধারণের জ্ঞানার্থে ইহাতে সংবাদ দেওয়া যাইতেছে যে পুরাতে এখন বসন্ত রোগ অতি প্রবল ও মারাত্মক হইয়া উঠিয়াছে অতএব জগন্নাথের যাত্রিদিগকে সাবধান করা যাইতেছে। কেননা উক্ত নগরে এখন গমন করিলে তাঁহাদের সেই গুরুতর বিপদ ঘটিবার সম্ভাবনা।

সকল মাজিস্ট্রেট সাহেব এই বিজ্ঞাপন অবিলম্বে বিস্তারিতরূপে প্রকাশ করুন এই আদেশ হইল।

DECLARATION UNDER SECTION 2, ACT VI. OF 1857.

The 25th January 1867.

Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken at the public expense, for a public purpose, *viz.*, for the site of Post Office at Bongong, it is hereby declared that, for the above purpose, a piece of ground, measuring five cottahs, more or less, situated in Mouzah Khoshdoha, *alias* Bongong, Pergunnah Khoshdoha, District of Nuddea, is required.

The land required is within a plot of land measuring about one beegah, bounded on the East

১৮৫৭ সালের ৬ আইনের ২ ধারামতের বিজ্ঞাপন।

১৮৬৭ সাল ২১ জানুআরি।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব অবগত হইয়াছেন যে রাজকীয় কার্য্যার্থে অর্থাৎ বনগাঁয়ে ডাকঘর প্রস্তুত করণার্থে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্টের ভূমি লওয়া আবশ্যক, অতএব সংবাদ দেওয়া যাইতেছে যে পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে নদীয়া জিলার অন্তর্গত খোসদহ পরগনার খোসদহ অথবা বনগাঁ মৌজায় ।• কাঠা পরিমিত এক খণ্ড ভূমির প্রয়োজন।

প্রয়োজনীয় ভূমিখণ্ড এই সীমাবেষ্টিত এক বিঘা ভূমির মধ্যে, অর্থাৎ পূর্ব্ব সীমা কলিকাতা ও যশোহরের

by the Calcutta and Jessore Road; South by Bona-Beel; West by land belonging to the village zemindars and unoccupied; and North by Chamar Bazar.

2. This Declaration is made, under the provisions of Act VI of 1857 to all whom it may

পথ দক্ষিণ সীমা বোনাবিল, পশ্চিম সীমা গ্রামের জমীদারের শূন্য ভূমি, উত্তর সীমা চামার বাজার।

২। উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক আছে তাঁহাদের জ্ঞানার্থে ১৮৫৭ সালের ৬ আইনের বিধানমতে এই সংবাদ প্রকাশ করা গেল।

DECLARATION UNDER ACT VI. OF 1857.

The 25th January 1867.

Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken at the public expense, for a public purpose, *viz.*, for Sub-Divisional buildings at Kurreemgunge, it is hereby declared that, for the above purpose, one plot of land measuring as below is required situated in Mouzahs Khola Cherra and Bammalee. Pergunnah Cooseearcool, Zillah Sylhet.

A plot of land called old Kurreemgunge Bazar with an area of about twenty beegahs. on the North by the Kussara River, and on the other three sides by the cultivated lands of Talooks, Nos. 166, 338.

This Declaration is made, under the provisions of Act VI. of 1857, to all whom it may concern.

১৮৫৭ সালের ৬ আইনমতের বিজ্ঞাপন।

১৮৬৭ সাল ২৫ জানুআরি।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব অবগত হইয়াছেন যে রাজকীয় কার্য্যার্থে অর্থাৎ করিমগঞ্জে শাখাখণ্ডের বাটী প্রস্তুত করণার্থে রাজকীয় অর্থ ব্যয়ে গবর্ণমেন্টের ভূমি লওয়া আবশ্যক, অতএব সংবাদ দেওয়া যাইতেছে যে পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে শ্রীহট্ট জিলার অন্তর্গত কুশীয়ারকুল পরগনার খোলাচেরা ও বামালি মৌজায় স্থিত নিম্ন লিখিত পরিমাণের ভূমি খণ্ড প্রয়োজন.

পুরাতন করিমগঞ্জ নামে খ্যাত ২০/ বিঘা পরিমিত এক খণ্ড ভূমি। ইহার উত্তর সীমা কুসরা নদী অন্য তিন দিগের সীমা ১৬৬ ও ৩৩৮ নং তালুকের কর্ষিত ভূমি।

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক আছে তাঁহাদের জ্ঞানার্থে ১৮৫৭ সালের ৬ আইনের বিধানমতে এই সংবাদ প্রকাশ করা গেল।

DECLARATION UNDER ACT VI. OF 1857.

The 25th January 1867.

Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken at the public expense, for a public purpose, *viz.*, for the construction of Sub-Divisional buildings at Hubbeegunge, it is hereby declared that, for the above purpose, a plot of land is required measuring four kears, three powas, one and a half jeyts, situate on the South of Hubbeegunge, in Village Nateerpore, Pergunnah Turrup, Zillah Sylhet, appertaining to Talook Syud Mahomed Nateer, Hissa Syud Mahomed Nateer and Bateer, No. 1050.

This Declaration is made, under the provisions of Act VI. of 1857. to all whom it may concern

১৮৫৭ সালের ৬ আইনমতের বিজ্ঞাপন

১৮৬৭ সাল ২৫ জানুআরি।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব অবগত হইয়াছেন যে রাজকীয় কার্য্যার্থে অর্থাৎ হবিবগঞ্জের শাখাখণ্ডের বাটী প্রস্তুত করণার্থে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেন্টের ভূমি লওয়া আবশ্যক, অতএব সংবাদ দেওয়া যাইতেছে যে পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে ৪ কিয়র ৩ পোয়া ১৷৷০ জৈত্ত পরিমিত ভূমির প্রয়োজন। উক্ত ভূমি শ্রীহট্ট জিলার অন্তর্গত তরপ পরগনার নাতিপুর গ্রামস্থ হবিবগঞ্জের দক্ষিণদিগে স্থিত সৈয়দ মহাম্মদ নাতীর ও হিস্যা সৈয়দ মহম্মদ নাতীর ও বাটীর ১০৫০ নং তালুক সংক্রান্ত।

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক আছে তাঁহাদের জ্ঞানার্থে ১৮৫৭ সালের ৬ আইনের বিধানমতে এ সংবাদ প্রকাশ করা গেল

DECLARATION UNDER ACT VI. OF 1857.

The 25th January 1867.

Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is erquired to be taken at the public expense, for a public purpose, *viz.*, for the construction of Sub-Divisional buildings at Sunamgunge, it is hereby declared that, for the above purpose, one or more of the three plots of land measuring as below, and situated to the West of Bongoug Police Station, Zillah Sylhet:—

Plot No. 1, extent from North to South 10[illegible] cubits, and East to West 130 cubits. Area two kears, three powas, and three jeyts,

১৮৫৭ সালের ৬ আইনমতের বিজ্ঞাপন।

১৮৬৭ সাল ২৫ জানুআরি।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব অবগত হইয়াছেন যে রাজকীয় কার্য্যার্থে অর্থাৎ সুনামগঞ্জে শাখাখণ্ডের বাটী প্রস্তুত করণার্থে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেন্টের ভূমি লওয়া আবশ্যক, অতএব সংবাদ দেওয়া যাইতেছে যে পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে শ্রীহট্ট জিলার অন্তর্গত বনগাঁয়ের পোলীস থানার পশ্চিমদিগে স্থিত নিম্ন লিখিত ৩ খণ্ড ভূমির মধ্যে এক কি ততোধিক খণ্ড ভূমির প্রয়োজন।

১ খণ্ড—উত্তর দক্ষিণ ১০০ হাত ও পূর্ব্বপশ্চিম ১৩০ হাত। কালীতে দুই কিয়র তিন পোয়া তিন জৈত্ত।

Plot No. 2, extent from North to South 105 cubits, and East to West 95 cubits. Area one kear, one powa.

Plot No. 3, extent from North to South 105 cubits, and East to West 100 cubits. Area two kears, one powah, one jeyt.

This Declaration is made, under the provisions of Act VI. of 1857, to all whom it may concern.

A. EDEN,
Secy. to the Govt. of Bengal.

২ খণ্ড—উত্তর দক্ষিণ ১০৫ হাত ও পূর্ব্বপশ্চিম ৯৫ হাত। কালীতে এক কিয়র এক পোয়া।

৩ খণ্ড—উত্তর দক্ষিণ ১০৫ হাত ও পূর্ব্বপশ্চিম ১০০ হাত। কালীতে দুই কিয়র এক পোয়া এক জৈত

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক আছে তাঁহাদের জ্ঞানার্থে ১৮৫৭ সালের ৬ আইনের বিধানমতে এই সংবাদ প্রকাশ করা গেল।

এ ইডেন,
বঙ্গদেশের গবর্ণমেন্টের সেক্রেটরী।

PUBLIC WORKS DEPARTMENT.

পবলিক ওর্কস ডিপার্টমেণ্ট।

CIVIL BUILDINGS.

No. 39.

The 29th January 1867.

Declaration under Section II. of Act VI. of 1857.—(In supersession of Declaration dated 14th January 1862.)—Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken up, at the public expense, for a public purpose, *viz.*, for the Buildings of the Sub-Division of Chooadangah, in the District of Nuddea, it is hereby notified that a piece of land, beegahs 14-5 in extent, situated in Mouzah Buzrukgorgori, Pergunnah Shahaoujiyal, bounded on the North by the land of Jeebun Doss; on the South by the land of Sharoop Mundul, Okhoy Mundul, Jeebun Doss and Doulat Joardar; on the East by the land of Sharoop Mundul and Jeebun Doss; and on the West by the public road from Damoorhoda to Chooadangah, and on which the Sub-Divisional Residence and Out-houses, Cutcherries, Small Cause Court, Hajut, Guard-house and Pound are situated, is required for the said purpose.

2. This Declaration is made, under Section II. of Act VI. of 1857, to all whom it may concern.

J. E. T. NICOLLS, *Lieut.-Col., R. E.,*
Offg. Secy. to the Govt. of Bengal,
P. W. D.

বিচারালয় বিষয়ক

৩৯ নম্বর।

১৮৬৭ সাল ২৯ জানুআরি।

(১৮৬২ সালের জানুআরি মাসের ১৪ তারিখের বিজ্ঞাপন রহিত করিয়া) ১৮৫৭ সালের ৬ আইনের ২ ধারামতের এই বিজ্ঞাপন।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব অবগত হইয়াছেন যে রাজকীয় কার্য্যার্থে অর্থাৎ নদীয়া জিলার অন্তর্গত চুয়াডাঙ্গার শাখাখণ্ডের বাটী প্রস্তুত করণার্থে রাজকীয় অর্থ ব্যয়ে গবর্ণমেণ্টের ভূমি লওয়া আবশ্যক, অতএব সংবাদ দেওয়া যাইতেছে যে শাহা উজিয়াল পরগনার বুজরুক গড়গরী মৌজায় স্থিত ১৪।০ কাঠা ভূমির প্রয়োজন। উক্ত ভূমির উত্তর সীমা জীবন দাসের ভূমি, দক্ষিণ সীমা স্বরূপমণ্ডলের ও অক্ষয় মণ্ডলের ও জীবন দাসের ও দৌলৎ জোয়ারদারের, ভূমি, পূর্ব্ব সীমা স্বরূপমণ্ডলের ও জীবনদাসের ভূমি, পশ্চিম সীমা দামুরহুদা অবধি চুয়াডাঙ্গাপর্য্যন্ত রাজপথ, তাহার ধারে শাখাখণ্ডের ঘর ও বাহীর বাটী, ও কাছারী ও ক্ষুদ্র মোকদ্দমার আদালত ও হাজত, ও চৌকী ও খোঁয়াড়।

২। উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক আছে তাঁহাদের জ্ঞানার্থে ১৮৫৭ সালের ৬ আইনের ২ ধারার বিধানমতে এই সংবাদ প্রকাশ করা গেল।

জে. ই, টি, নিকলস, লেপ্টেনেন্ট কর্ণেল, আর, ই,
পবলিক ওর্কস ডিপার্টমেণ্টে বঙ্গদেশের
গবর্ণমেণ্টের একটিং সেক্রেটারী।

ORDERS OF THE HIGH COURT OF JUDICATURE AT FORT WILLIAM IN BENGAL.

বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর হাইকোর্টের আজ্ঞা

APPOINTMENT.

The 30th January 1867.

Baboo Sheo Churn Lal to officiate as Moonsiff of Sewan, Zillah Sarun.

নিয়োগ।

১৮৬৭ সাল ৩০ জানুআরি।

শ্রীযুত বাবু শিবচরণ লাল জিলা সারণের অন্তর্গত সেওয়ানের মুনসেফের কর্ম্ম করিবেন।

[*Government Gazette, 5th February 1867.*]

LEAVE OF ABSENCE.

The 29th January 1867.

Moulvie Adiloöddeen Mahomed, Moonsiff of Manbazar, Chota Nagpore, for one month under paragraph 16 of the Uncovenanted Absentee Rules.

L. R. TOTTENHAM,
Registrar.

১৮৬৭ সাল ২৯ জানুআরি

ছোট নাগপুরের অন্তর্গত মানবাজারের মুনসেফ শ্রীযুত মৌলবী আদিলুদ্দীন মাহম্মদ অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৬ ধারামতে এক মাসের পাইয়াছেন।

এল আর টটনহাম,
রেজিষ্ট্রার।

GOVERNMENT ADVERTISEMENTS. গবর্ণমেণ্টের ইশ্‌তিহার।

LAND ADVERTISEMENTS. ভূমিবিষয়ক ইশ্‌তিহার।

জেলা ২৪ পরগনা।

এস্তেহারনামা কাছারি কালেক্টরি জেলা ২৪ পরগনা। এই যে

সন ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারামতে সংবাদ দেওয়া যাইতেছে যে জেলা চব্বিশ পরগনার নীচের লিখিত মহালাত মালগুজারির বাকি বাবত ইংরাজী সন ১৮৬৭ সালের ১৪ ফেব্রুআরি ঐ জেলার কালেক্টরি কাছারিতে বিনা ওজর নীলাম ধরা যাইবেক ইংরাজী সন ১৮৬৭ সাল তারিখ ২৬ জানুআরি।

প্রথম শ্রেণীর এস্তমুরারি জমাধার্য্য হওয়া মহাল।

১৫১ নং কিঃ পঃ বরিদহাটীওং কিঃ চকহাটুরিয়াওং লিখিত মালিক ভগবতী দাসীওং সদর জমা কোং ৪০০৭৩॥৵৬

৩৩৯ নং কিঃ পঃ দক্ষিণসাগর মৌং মধুসূদনপুরওং লিখিত মালিক বৈদ্যনাথ বসু সদর জমা কোং ১৪৪৩/৮

অন্য দেনার জন্য এই মহাল নীলাম হইবেক।

১৩৬৭ নং পঃ বুড়ন মৌং ভৈরবপুরওং লিখিত মালিক জহিরদ্দীন খাঁ সদর জমা কোং ৭৯৬/৩

দ্বিতীয় শ্রেণী গএর বন্দবস্তি হওয়া মহাল।

১৮২৮ নং ১৬৬ নং সুন্দরবন লাট চক কাশীমারী লিখিত মালিক প্রাণনাথ চৌধুরীওং সদর জমা মায় রোড ফণ্ড ২১২৫/৬

২২০৮ নং খাস রমজান নগর লিখিত মালিক তারাশঙ্কর রায় চৌধুরীওং সদর জমা মায় রোড ফণ্ড ১৫০৬।৴০

A. SMITH,
Collector.

জেলা পাবনা।

এস্তাহারনামা কাছারি কালেক্টরী জেলা পাবনা অত্র কালেক্টরির ইস্তমরারি জমা ধার্য্য হওয়া মহাল মধ্যে পং জাঙ্গিরাবাদের অন্তর্গত তরফ মেঘনা, রায় রামবল্লভ ও সদাশিব সরকার, হরগোবিন্দ ঘোষ, জয়নারায়ণ বসুর নামে বার্ষিক ৮৬৫৭৸/১০ পাই জমায় তালুক লিখা যায়, ১৩৪ নং যাহার হিস্যা ৵৬৷৷= ক্রান্তী রায় রামবল্লভ ও সদাশিব সরকারের হকিয়ত তাহার সদর জমা ২৮৮২।৵১০ পাই ও রং ৵৬৷৷= ক্রান্তী জয়নারায়ণ বসুর তাহার সদর জমা ২৮৮২॥৵০ আনা ও রং ৵৬৷৷= ক্রান্তী হরগোবিন্দ ঘোষের তাহার সদর জমা ২৮৮২॥৵০ আনার স্বতন্ত্র২ রূপে হিসাব পৃথক আছে, তন্মধ্যে রায় রামবল্লভ ও সদাশিবের হিস্যার দরুণ ১২৭৩ সালের অগ্রহায়ণ পর্য্যন্তের বাকি রাজস্ব ৭৫৮৵৯ পাই সদর বোর্ডের নির্দ্ধারিত গত ১২ জানুআরি সূর্য্যাস্তের পূর্ব্ব পর্য্যন্ত বাকিদার অথবা অন্য কেহ দাখিল করে নাই যেহেতু এই মহালের হিসাব ১৮৫৯ সালের ১১ আইনের বিধানক্রমে স্বতন্ত্র হইয়াছে এবং ঐ বাকি রায় রামবল্লভ দিগরের অংশের দরুন বটে অতএব রায় রামবল্লভদিগরের উক্ত অংশ নীলামের দিবস আগামী ১৮৬৭ সালের ৭ ফেব্রুআরি বাঙ্গলা ১২৭৩ সালের ২৬ শে মাঘ অবধার্য্য পূর্ব্বক ঘোষণা দেওয়া যাইতেছে যে, ঐ দিবস নামিক রায় রামবল্লভদিগরের উপরোক্ত অংশ নীলাম করণ দ্বারা উক্ত বাকি আদায় করা যাইবেক এবং নিতান্ত পক্ষেই ক্ষমা হইবেক না। পরন্তু ইহা অপ্রকাশ না থাকে যে এই মহালের অপরাপর অংশীগণের অংশ এই নীলাম হইতে রক্ষিত হইবেক, এবিষয় সর্ব্ব সাধারণের বিজ্ঞাপনার্থ এই এস্তাহার প্রচার করা গেল ইতি ১৮৬৭। ১৫ জানুআরি।

W. V. G. TAYLER,
Collector.

জিলা চট্টগ্রাম।

এস্তেহারনামা কাছারি কালেক্টরি জিলে চট্টগ্রাম।

এহার দ্বারায় সম্বাদ দেওয়া যাইতেছে যে চট্টগ্রাম জেলাহার নীচের লিখিত মহাল মালগুজারির বাকি বাবত ইংরেজী সন ১৮৬৭ সালের ১১ ফেব্রুআরি তারিখে মোতাবেক সন ১২৭৩ বাঙ্গলা তারিখ ৩০ মাঘ রোজ সোমবার এই কালেক্টরী কাছারিতে বিনা ওজর নীলামে ধরা যাইবেক ইতি। সন ১৮৬৭ ইংরাজী তারিখ ১ জানুআরি।

প্রথম শ্রেণীর কাএমি মহাল।

৫৭।৩৫ নং তরফ আরদেবাকছ মালিক নিত্যানন্দ রক্ষিত ও শ্রীমতী আনন্দময়ী ও প্রাণকৃষ্ণ ও দুর্গাদাস ও গিরিশচন্দ্র ও গুরুদাস ও জীবনকৃষ্ণ ও নবকৃষ্ণ ও রাজকৃষ্ণ রায়ের মধ্যে প্রাণকৃষ্ণ রক্ষিত ও নবকৃষ্ণ রক্ষিত ও রাজকৃষ্ণ রক্ষিত ও দুর্গাদাস রক্ষিত ও আনন্দময়ী ও পরমেশ্বরী ও নিত্যানন্দ রক্ষিতের হিস্যা জের বাটওয়ারা সূত্রে আদায় করাতে তাহাদিগের হিস্যা সেওয়ায় গিরিশচন্দ্র রক্ষিত ও গুরুদাস রক্ষিতের হিস্যা নীলাম হইবেক মোছলম মহালের সদর জমা ১০৫৮৪৲

P. Hurley,
Asst. Collector in charge.

জিলা দিনাজপুর।

এস্তেহারনামা কাছারি কালেক্টরি জেলা দিনাজপুর।

১৮৫৯। ১১ আইনের ৬ ধারানুযায়ি ইহা দ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে জেলা দিনাজপুরের নীচের লিখা মহাল ১৮৬৭। ১২ জানুআরি তকের বাকি মালগুজারির নিমিত্তক ১৮৬৭ সনের ১৬ ফেব্রুআরি মোং ১২৭৩। ৫ ফাল্গুন রোজ শনিবার এই জেলার কালেক্টরী কাছারিতে নীলাম ধরা যাইবেক ও বিনা বাধাতে বিক্রয় হইবেক।

প্রথম শ্রেণীর এস্তমুরারি জমা ধার্য্য হওয়া মহাল।

৪৬ নম্বর। মৌজে অমৃতপুর ওগয়রহ পরগনে মহসিংহপুর লিখিত মালিক ছাদত হুসেন চৌধুরী সালিয়ানা সদর জমা ৬৫৮২/১১ পাই।

কৈফিয়ৎ—সরকারী রাজস্ব কিস্তি আশ্বিন হইতে অগ্রহায়ণ পর্য্যন্তের বাকি ২০৬০৲ টাকা আদায় জন্য।

২১৪ নম্বর। মৌজে কাকড় সিংহ পরগনে মহশো লিখিত মালিক কমললোচন রায় ও হাদি মাহাম্মদ ও মুরাদ মাহাম্মদ সাহা ও বিবি ফেলানী মাদরে আলাবকুস ও আজীম সাহা সালিয়ানা সদর জমা ২৬৩০।/৭।। পাই।

কৈফিয়ৎ—১৮৫৯। ১০ আইনের ডিক্রীদার যদুনন্দন কুণ্ডর প্রাপ্য ৫৭৮৲ টাকা আদায় জন্য মুরাদ মাহাম্মদ ও বিবি ফেলানী মাদরে আলাবকুস ও আজীম সাহার এই মহালের ২১৯৬/৬ পাই সদর জমাতে উক্ত দেনদারের যে স্বত্ব ও লাভ আছে তাহাই নীলামে ধরা হইল।

৫৫১ নম্বর। মৌজে ভাবকি ওগয়রহ পরগনে পাজরা লিখিত মালিক রাশবেহারী ও দীনবন্ধু ও জগবন্ধু ও শ্রীনারায়ণ ও দেবেন্দ্রনারায়ণ ও লক্ষ্মীনারায়ণ ঘোষ সালিয়ানা সদর জমা ১১২৪৲৬।। পাই।

কৈফিয়ৎ—১৮১৪। ১৯। ৩৩ ধারামত রাশবেহারী ও জগবন্ধু ও দীনবন্ধু ঘোষের হিস্যা ।।০ আনা যাহার সদর জমা ৭৬২৲৩। পাই তাহার ইস্তক আশ্বিন লাগাএদ কিস্তী অগ্রহায়ণের ২৬৪৲ টাকা সরকারী রাজস্ব বাকীর দায়ে নীলামে ধরা গেল।

৭৯৬ নম্বর। মৌজে হরেকৃষ্ণপুর পরগনে বিহি নগর লিখিত মালিক বিবি পরধন ও বিবি মেরকন সালিয়ানা সদর জমা ২১১৫৲৬ পাই।

কৈফিয়ৎ—১৮৫৯। ১০ আইনের ডিক্রীদার রাজচন্দ্র খাশনবিসের প্রাপ্য ১৩৭৩।০ আনা আদায় জন্য বিবি মেরকন মাদরে মশরফ আলী চৌধুরী ও বিবি পরধন মাদরে কেরমউল্লা ও এনাউল্লা চৌধুরির যে স্বত্ব লাভ আছে তাহা নীলামে ধরা গেল।

C. D. Field,
Offg. Collector.

সন ১৮৬৭। ২১ জানুআরি।

NOTICE.

To be sold to the highest bidder, at the Court of the Principal Sudder Ameen of Zillah Cuttack, on Friday, the 8th day of February 1867, at the hour of 12 o'clock noon, the Rights and Interests of the Defendant Rajah Puddonath Deb of Killah Aul, in the said Killah of Aul in satisfaction of certain decrees held by Peary Deyee, mother and guardian of Sahib Surrun Lall, Plaintiff, and execution of which has been taken out against him.

The Killah in question is a fixed Tributary Estate the permanent *Jumma* of which is Rupees 18,139-2-7 per annum.

Twenty-five per cent. on the amount bid will be required to be paid in at the time of purchase and the balance within a fortnight from the date of sale.

W. WRIGHT,
Principal Sudder Ameen.

NOTICE.

THE undersigned is prepared to grant licenses (with effect from 1st April 1867 to 31st March 1868), to catch Elephants in the Western Dooars of Bhootan.

The license fee is Rupees 20, for each Kunki employed. The right of pre-emption of captured elephants is reserved to Government.

Further particulars may be obtained by application (personal or by letter) to the undersigned.

J. TWEEDIE,
Dy. Commissioner, Western Dooars.

MYNAGOREE, BHOOTAN.
The 12th December 1866.

TO RAILWAY CONTRACTORS, &c., &c., &c.

NOTICE is hereby given that a Sale of Sâl Wood, now growing in the "Roopuspoor Jungle," appertaining to the Hetampore Wards' Estate, situated in the district of Beerbhoom, will take place on Monday, the 11th day of March 1867, at Roopuspoor.

The number of trees, measuring over twenty (20) inches in circumference has been estimated to amount to nearly thirty thousand (30,000), and it is supposed they will answer the purpose of Railway sleepers, light timber, &c.

The Jungle will be sold in twelve (12) different and distinct Lots, each comprising an average area of about three hundred and fifty (350) beegahs, for the convenience of purchasers, each of whom will be required to pay down, at the conclusion of the sale, a deposit of twenty-five (25) per cent. on the amount of his bid, which deposit will be liable to forfeiture in the event of the purchaser not paying the balance of the purchase money within three (3) months from the date of the Sale.

The purchaser of each separate Lot will also clearly have to understand that the wood must be cut and removed within six (6) months of the date of the Sale, otherwise, whatever wood may remain uncut and unremoved will be considered the property of the said Hetampore Wards' Estate again, and be liable to be re-sold.

Railway Contractors, dealers in timber, and others, are invited to inspect the said Jungle before hand, and to communicate with the Collector of the district or the undersigned, who will supply any further information that may be required.

A. HUME SMITH,
Manager, Hetampore Estate.

SOORIE, BEERBHOOM;
The 31st January 1867.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৭। ৫ ফেব্রুআরি।]

৬৩। বাঙ্গাল সেক্রেটারীয়েট যন্ত্রালয়ে গবর্ণমেণ্টের জন্যে শ্রীযুত এফ জে বার্কো সাহেবকর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত হইল।

গবর্ণমেণ্ট গেজেটের ক্রোড়পত্র।

TUESDAY, FEBERUARY 5, 1867.

মঙ্গলবার ১৮৬৭ সাল ৫ ফেব্রুআরি

বিজ্ঞাপন।

ইহাতে সংবাদ দেওয়া যাইতেছে যে নিম্ন লিখিত বিক্রয়ের বিজ্ঞাপনে যে সকল মহালের উল্লেখ হইল সে সকল মহালে গবর্ণমেণ্টের যে মালিকী স্বত্ব আছে তাহা নিম্ন লিখিত নিয়মের অধীন হইয়া বিক্রয় হইবে।

বিক্রয়ের নিয়ম

১।—প্রত্যেক মহাল পার্শ্বের লিখিত নির্দ্দিষ্ট সদর জমার অধীন হইয়া যে ব্যক্তি নীলামে প্রথম ডাকের উপর সর্ব্বাপেক্ষা উচ্চ ডাকিবেক তাহাকে দেওয়া যাইবে।

২।—বর্ত্তমান পাট্টা এবং বন্দোবস্তের কার্য্য কি প্রবল আইনহইতে উৎপন্ন স্বত্ব সকল বিক্রয়ের পরে বহাল থাকিবে। রাজস্বের কার্য্যকারকদিগের কৃত জমাবন্দীতে যে২ খোদকস্তা রাইয়ত স্বাক্ষর করিয়াছে ক্রেতারা তাহারদিগের স্বত্ব মানিতে বাধ্য হইবে।

৩।—একশত টাকার অনধিক পণ হইলে সেই সমুদয় টাকা তৎক্ষণাৎ দিতে হইবে।

৪।—একশত টাকার অধিক হইলে ডাক পণের চারি অংশের এক অংশ তৎক্ষণাৎ দাখিল করিতে হইবে বিক্রয়ের দিবস এক দিন বলিয়া গণনা করিলে বিক্রয়ান্তর পঞ্চদশ দিনের মধ্যাহ্ন কালে, কিম্বা সেই দিবস বন্দের দিন হইলে তৎপরে প্রথম যে দিন কাছারী খোলা যায় সেই দিনের মধ্যাহ্ন কালে, যদি অবশিষ্ট টাকা দাখিল না হয়, তবে বিক্রয় রহিত ও গচ্ছিত টাকা গবর্ণমেণ্টে জব্দ হইবে, ও প্রথম স্থলীয় বিক্রয়ের ন্যায় পুনর্ব্বার বিজ্ঞাপন প্রকাশ করণপূর্ব্বক ঐ ত্রুটিকারি ক্রেতার ঝুঁকিতে সেই মহাল পুনর্ব্বার বিক্রয় হইবে।

৫।—মহালের উপর যে সামান্য সদর জমা ধার্য্য হইয়াছে ক্রেতারা তদতিরিক্ত রাস্তা প্রস্তুত ও গমনাগমনের সুবিধার নিমিত্ত করও দিতে বাধিত হইবেন। তাঁহারা যে তারিখঅবধি ক্রীত মহাল দখল করেন সেই তারিখঅবধি সদর জমার উপর শতকরা এক টাকার হিসাবে ঐ কর ধার্য্য হইবে। ঐ কর বাকী রাজস্বের ন্যায় আদায় হইতে পারিবে।

রেবিনিউ বোর্ডের আজ্ঞাক্রমে,

আর বি চাপমান।
সেক্রেটারী।

নীলামের ইশ্‌তিহার।

জিলা ময়মুনসিংহ।

এস্তাহারনামা কাছারি কালেক্‌টরি।

ইহাতে সংবাদ দেওয়া যাইতেছে যে ময়মুনসিংহ জেলার মধ্যবর্ত্তী পশ্চাৎ লিখিত মহালে গবর্ণমেণ্টের মালিকী স্বত্ব ইংরেজী ১৮৬৭ সনের ফেব্রুআরি মাসের ২৭ তারিখ মোতাবেক বাঙ্গলা ১২৭৩ সনের ফাল্গুণ মাসের ১৬ তারিখ বুধবার জেলা ময়মুনসিংহের কালেক্টরি কাছারিতে বিক্রয় হইবেক।

এই সকল মহাল যে ব্যক্তিরা ক্রয় করেন তাঁহারা ক্রোড়পত্রের শিরোভাগের লিখিত নিয়মের অধীনে থাকিবেন ইতি। সন ১৮৬৬ সাল তারিখ ১০ ডিসেম্বর।

সরকারি সম্পত্তির রেজেষ্টরির নম্বর	জেলার বহীতে যে নম্বর।	মহাল ও পরগনার নাম।	যত একর পরিমাণ	সদর জমা।			নীলামের প্রথম ডাক।	মন্তব্য।
				ধার্য্য করা রাজস্ব	রাস্তার টাকুস।	মোট		
			এঃ রূঃ পঃ					
৭	৪১৮৪	তালুক সৈয়দ চান্দ পরগনে নসিরাজিয়ান ...	৪৫।৩।৩০	২০৲	৶০	২০৶০	৪০৲	
		পং জয়নসাহি সরকারি খরিদা হিস্যা।৶৫। গণ্ডার অধীন সিকমি তালুক ...						
১৩৫	২০৪ নং ৬৬২০নং	তালুক ভিকারি বারৈ পং তথা ...	০।০।২১।৪৶	০	০	০	৪।৶০	এই পাঁ মহাল ফি ক্ষরক্রমে বিক্রয় হ ইবেক।
১১৪	২০৩ নং ৬৬১৯নং	তালুক বিরনারায়ণ বারৈ পরগনে তথা ...	০।০।২১।২৪।	০	০	০	৩৷০	
১১৩	২০২ নং ৬৬১৮নং	তালুক যাদব বারৈ পরগনে তথা ..	০।১।১০।৭৷	০	০	০	৪।৶০	
১৩৪	২০১ নং ৬৬১৭নং	তালুক রামপ্রসাদ বারৈ পরগনে তথা ...	০।০।৩৪ ৯৷	০	০	০	৪।৶০	
১১৫	২০০ নং ৬৬১৬নং	তালুক ভিকারি বারৈ পরগনে তথা ...	০।২।৪।৯	০	০	০	৭৷০	

H. J. Reynolds,
Collector.

জিলা ত্রিপুরা।

ইস্তাহারনামা কাছারি কালেক্টরি জিলে ত্রিপুরা।

ইহার দ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে অত্র জেলার মধ্যবর্ত্তি নিম্নের ইস্টেটমেন্টের লিখিত খাস মহালের গবর্ণমেন্টের মালিকী স্বত্ব ইংরেজী সন ১৮৬৭ সনের ১২ ফিব্রুআরি মোতাবেক বাঙ্গলা ১২৭৩ সনের ১ ফাল্গুন রোজ মঙ্গলবার অত্র জিলার কালেক্টরি কাছারিতে বিক্রয় হইবেক।

২। এই মহাল যে ব্যক্তিরা ক্রয় করেন তাঁহারা এই ক্রোড়পত্রের শিরোভাগে রেবিনিউ বোর্ডের সেক্রেটর সাহেবের স্বাক্ষরিত বিক্রয়ের নিয়মের অধীনে থাকিবেন।

৩। সরকার জমিদারস্বরূপ গ্রামের চৌকীদারের যে খরচ এপর্য্যন্ত দিয়াছেন তাহা ভবিষ্যতে ইহার লিখিত মহালাতের সদর জমার অতিরিক্ত খরিদারান আদায় করিবেক ইতি সন ১৮৬৬ ইং তাং ১৪ নবেম্বর।

রাজস্বকীর মহালের টৈকিয়তের নম্বর।	জিলার বহীর নম্বর।	মহাল ও পরগনার নাম।	যত একর পরিমাণ।	সদর জমা।			নীলামের প্রথম ডাক।	মন্তব্য কথা।
				ধার্য্য করা রাজস্ব।	রাস্তার টেক্স।	মোট।		
			এঃ রুঃ পঃ	টাকা।	টাকা।	টাকা।		
১৩০ নং ১৮৫৯ ইং	১৮১	পং বরদাখাত তং কুবি খাই মধ্যে সন ১৮১৯ ইং ২ কাস্ত-নের ডিক্রীর ২১৪নং চর লালপুর	৫৯৩।০।০	৫৫০৲	৪॥০	৫৫৪॥০	৯০০৲	
৩ নং ১৮৬১।৬২	৫৪৬	পং পুরচণ্ডী তালুক আত্মরাম সরদার	৭।০।০	৭৸৶০	৴০	৮৲	১৬৲	
৬ নং ১৮৬৩।৬৪	৬	পং আমীরাবাদ ৫৮ নং চর কাঠালীয়া	৩৬।০।০	২৬৲	।০	২৬।০	৫২৲	
১১ নং তথা	৩৩৬নং	পং টোবা তালুক কাশীনাথ দত্ত	৩০।০।০	৩০৲	।৴০	৩০।৴০	৬০৲	
১৩ নং তথা	১৫০নং	পং গুণানন্দী তালুক দয়ারাম দেও মং ছিং ৵০ আনা যাদু রায়	১৩।০।০	৫।০	৴০	৫।৴০	১১৲	
১ নং ১৮৬৫।৬৬	১৪৩৭নং	পং মৈজদ্দী ৬৬নং চর খানেপুর ওরফে কুতবপুর	২।০।০	০	০	০	৭॥০	নাখেরাজ স্বত্বে বিক্রয় করা যাইবেক।
২নং তথা	৫৫২ নং	পং পুরচণ্ডী তালুক কাশিরাম বর্দ্ধন	৪।০।০	১৵৬	০	১৵৬	২॥০	

F. G. MILLETT,
Collector.

জিলা ফরিদপুর।

ইশ্তিহার নামা কাছারি কালেক্টরী জেলা ফরিদপুর।

ইহাতে সংবাদ দেওয়া যাইতেছে যে ফরিদপুর জেলার মধ্যবর্ত্তি পশ্চাৎ লিখিত মহালে গবর্ণমেন্টের মালিকি স্বত্ব ইংরেজী ১৮৬৭ সালের ফেব্রুআরি মাসের ১২ তারিখে মোতাবেক ১২৭৩ সনের ফাল্গুণ মাসের ১ তারিখে জেলা ফরিদপুরের কালেক্টরীর কাছারীতে বিক্রয় হইবেক। ইতি সন ১৮৬৬ সন তারিখ ২৬ ডিসেম্বর।

রাজকীয় মহালের তৌজি খতের নম্বর।	জেলার বহীতে নম্বর।	মাহাল ও পরগনার নাম।	যত একর পরিমাণ।	সদর জমা।			নীলামের প্রথম ডাক।	মন্তব্য।
				ধার্য্য করা রাজস্ব।	রাস্তার টাকস।	মোট জমা।		
২৫০	৮২১	পরগনে জালালপুর জজিরাচর মাছীর পুরের মধ্যগত পুর্ব্বাংশের নতুন চুর	৫৬৪।১।৭।১৭	৩৮৯৵০	৩৬৵০	৩৯৩৲	উক্ত ডাকলিয়াকে বিক্রয় হইবেক।	

E. E. Lowis,
Offg. Collector.

জিলা বাকরগঞ্জ।

এস্তাহারনামা কাছারি কালেক্টরী জেলা বাকরগঞ্জ।

ইহাতে সংবাদ দেওয়া যাইতেছে যে বাকরগঞ্জ জেলার মধ্যবর্ত্তি পশ্চাৎ লিখিত মহাল গবর্ণমেন্টের মালিকি স্বত্ব ইংরেজী ১৮৬৭ সালের ১৫ মার্চ মোতাবেক ১২৭৩ সালের ৩ চৈত্র রোজ শুক্রবার বাকরগঞ্জ জেলার কালেক্টরিতে বিক্রয় হইবেক। ইতি সন ১৮৬৭ তারিখ ২ জানুআরি।

২। এই মহাল যে ব্যক্তিরা ক্রয় করিবেন তাহারা এই ক্রোড়পত্রের শিরোভাগে লিখিত রিবনুও বোর্ডের সেক্রেটর সাহেবের স্বাক্ষরিত বিক্রয়ের নিয়মের অধীনে থাকিবেন।

রাজকীয় মহালের তৌজিখতের নম্বর।	জেলের বহির নম্বর।	মহালের ও পরগনার নাম।	পরিমাণ যত একর।	সদর জমা।			নীলামের প্রথম ডাক।	মন্তব্য।
				ধার্য্য করা রাজস্ব	রাস্তার টাকস।	মোট		
২১	৪৫৩০	পঃ রামনগর কোলচরি পাতার চর...	এঃ রুঃ ৯৭॥০	২৫০৪৲	২৫৲	২৫২৯৲	৫০৭৮৲	

H. C. Sutherland,
Offg. Collector.

জিলা চট্টগ্রাম।

এস্তাহারনামা কাছারি কালেক্টরী জেলে চট্টগ্রাম।

ইস্তাহারায় সম্বাদ দেওয়া যাইতেছে যে চট্টগ্রাম জেলার মধ্যবর্ত্তী নীচের লিখিত খাসমহালের গবর্ণমেণ্টের মালিকী স্বত্ব আগামী সন ১৮৬৭ ইংরাজির ১২ ফেব্রুআরি মোতাবেক সন ১২৭৩ বাঙ্গলার ১ ফাল্গুন মঙ্গলবার অত্র জেলার কালেক্টরী কাছারিতে বিক্রী হইবেক।

উক্ত মহাল যে ব্যক্তি ক্রয় করেন সে নিম্নের লিখিত নিয়মের অধীনে থাকিবেক ইতি সন ১৮৬৬ ২৯ ডিসেম্বর।

রাজকীয় মহালের নম্বর।	জিলার বহির নম্বর।	মহাল ও পরগনার নাম।	জমিন একর পরিমাণ।	সদর জমা। মালের জমা টাকা।	রাস্তার টাকা।	মোট।	নীলামের প্রথম ডাক।	মন্তব্য।
			এঃ রুঃ পাঃ গঃ					
৩	৩৩৪৮০	মৌজে কাথরা গএরহ থানে চকরিয়া ইজারা সেখ ওবেতুল্লা …	১৯৮।০।৫ ১৬৮	৫৩৭৲	৫।৵০	৫৪২৷৵০	৮৭৪৲	১২৭৪ বাঙ্গালার প্রথম হইতে নীলাম খরীদার দখল পাইবেক।
৮	৩৩৫৮২	মৌজে গণ্ডামারা গএরহ থানে সাতকানীয়া ইজারা কমর আলী …	১৭৩।০।২২।২৭॥	১২০৬৶/১	১৶/১১	১২৫৶/০	২৪৮৲	ঐ ঐ
১৫৩	৩৮৫৮৮	মৌজে বগাচতর থানে চকরিয়া তাং মুতিয় রহমান	১৫৯।১।৫।২৩৮	৭৭৲	৬৯	৭৭৬৯	১৫৫৲	ঐ ঐ
১ ৬৫.৬৬	১৮২৫১	মৌজে গণ্ডামারা থানে সাতকানীয়া তালুক খতিজাবানু গএরহ …	৩১।১।১৫।২৪	১৯।৵৬	৶৬	১৯॥৵০	৩৯৲	খরিদের তারিখ হইতে দখল পাইবেক।
৫	২৪০৮৮	মৌজে ইছাখালী থানে জোরারগঞ্জ ইজারা উমাচরণ রায় ..	৮১।০।৭।১০।	৬৯৬/১	॥৶/২	৭০॥৩	১৪০৲	ঐ
৬	৩৩৬	মৌজে ঘটীভাঙ্গারী টৈমস্খালী তালুক হায়দর আলী ..	১০২।০।৩১।২৪।	১২৩॥/১০	১৶/১১	১২৪॥৶/৯	২৫৮৲	ঐ

P. HURLEY,
Asst. Collector in charge.

জিলা বাকরগঞ্জ।

এস্তাহারনামা কাছারি কালেক্টরি জিলা বাকরগঞ্জ।

ইহাতে সংবাদ দেওয়া যাইতেছে যে বাকরগঞ্জ জেলার মধ্যবর্ত্তী পশ্চাৎ লিখিত মহাল গবর্ণমেন্টের মালিকি সত্ব ইঙ্গরেজী ১৮৬৭ সালের ১৫ মার্চ মোতাবেক ১২৭৩ বাঙ্গালার ৩ চৈত্র রোজ শুক্রবার বাকরগঞ্জ জেলার কালেক্টরি কাছারিতে বিক্রয় হইবেক ইতি সন ১৮৬৭ সাল তাং ১২ জানুআরি।

২। এই মহাল যেং ব্যক্তি ক্রয় করেন তাহার এই ক্রোড় পত্রের শিরোভাগে রেবিনিউ বোর্ডের সেক্রেটারী সাহেবের স্বাক্ষরিত বিক্রয়ের নিয়মের অধীনে থাকিবেন।

রাজকীয় মহালের টেকিরতের নম্বর।	তৌজীর নম্বর।	মহালের ও পরগনার নাম।	পরিমাপ যত রবক।	সদর জমা।			নীলামের প্রথম ডাক।	মন্তব্য।
				মাল্য জমা রাজস্ব।	রাস্তার টেক্স।	মোট।		
			এ রু পো					
	২৬০১	তপেপ লক্ষ্মীদীয়া শিবচন্দ্র ও রাজচন্দ্র দাস তালুক ৬৮৪	২।১।০	১॥০	৶৩	১॥৩	৩৲	
	৩১৮৯	রাজনগর পরগনে মেবা কিসমত ৩৭৫॥২।	২৫।১।০	২৬/৩২০	২৸০	২৩৪॥০	৪৬৪৶০	
	৩৮৮৯	খারিজা পরগনে ইদিলপুর ভোলানাথ শর্ম্মা ৩।৩	১।১।০	২৲	৶৪	২৶৪	৪৲	এক বৎসর ম্যাদে বন্দবস্ত।
	৪০৪৯	খারিজা পরগনে কালীশঙ্কর চট্টোপাধ্যায় তালুক ৮৬৩	৩।০।০	৪৸০	৵০	৪৸৶০	৯॥৶০	

T. SMITH,
Offg. Dy. Collector, in charge.

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, FEBRUARY 12, 1867.

মঙ্গলবার ১৮৬৭ সাল ১২ ফেব্রুআরি।

HOME DEPARTMENT.

Legislative.

he following Act of the Governor General of India in Council received the assent of His Excellency the Governor General on the 1st February 1867 and is hereby promulgated for general information :—

Act No. IV of 1867.

An Act to enlarge the meaning of the word 'offence' in certain Sections of the Indian Penal Code, and for other purposes.

[... amble.]

W... ... ent to enlarge the meaning of the word ... certain Sections of the Indian Penal Code so as to make it ... only anything made punishable by the said Code, but also anything made punishable by any special or local law as therein defined; It is hereby enacted as follows :—

['Offence' in certain Sections of Penal Code to include anything punishable only by a special or local law.]

I. Sections 187, 194, 195, 203, 211, 213, 214, 221, ... 223, 224, 225, 327, 328, 329, 330, 331, 347, 34... 389 and 445 of the Indian Penal Code sha... if the word 'offence' ... punishable by the said

হোম ডিপার্টমেণ্ট।

ব্যবস্থাপক সভা।

মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুক্ত গবর্ণর জেন... সাহেবের নিম্ন লিখিত আইন বিষয়ে মহিমবর শ্রীযু... গবর্ণর জেনরল সাহেব ১৮৬৭ সালের ফেব্রুআরি মা... সের ১ তারিখে স্বীয় সম্মতি প্রকাশ করিয়াছেন, এই... ক্ষণে তাহা সকলের জ্ঞানার্থে প্রকাশ করা যাইতেছে।

১৮৬৭ সালের ৪ আইন।

ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের কোনং ধারাস্থ "অপরাধ" শব্দের অর্থ বৃদ্ধিকরণার্থ ও অন্যান্য অভিপ্রায়ার্থ আইন

[হেতুবাদ।]

ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের কোনং ধারাতে অপরাধ শব্দের ব্যবহার হইলে তাহা কেবল ... ... কার্য্যের প্রতি বর্ত্তে, কিন্তু ঐ আই... নের নির্ব্বাচিত বিশেষ কি স্থানীয় ... ... দণ্ডনীয় কার্য্যের প্রতি বর্ত্ত হবার জন্যে ঐ ... অর্থ বিস্তৃত করা বিহিত এই হেতুক নিম্ন লিখিত ... করা গেল।

[দণ্ডবিধির আইনের কোনং ধারার লিখিত অপরা... শব্দে বিশেষ কি স্থানীয় আইনমত দণ্ডনীয় কার্য্য... গণ্য হইবার কথা।]

১ ধারা। ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের ১৮৭ ও ১৯... ১৯৫, ২০৩, ২১১, ২১৩ ২১৪, ২২১, ২২২, ২২৩, ২... ২২৫, ৩২৭, ৩২৮, ৩২৯, ৩৩০, ৩৩১, ৩৪৭, ৩৪৮, ৩... ৩৮৯, ও ৪৪৫ ধারার অর্থ করিলে, তন্মধ্যে অপ... শব্দে ঐ আইনের দণ্ডনীয় এবং সেই আইনের বি...

Code, or by any special or local law as therein defined; and Sections 141, 176, 177, 201, 202, 212, 216 and 441 of the said Code shall be construed in the same way when the thing made punishable by the special or local law is punishable by such law with imprisonment for a term of six months or upwards whether with or without fine.

চিত বিশেষ কি স্থানীয় কোন আইনমত দণ্ডনীয় কার্য্যও ব্যক্ত হইয়াছে, ঐ ধারার অর্থ এই ভাবে করিতে হইবে। আরো যদি সেই বিশেষ কি স্থানীয় আইনমতে দণ্ডনীয় কার্য্যহেতুক অর্থদণ্ডসহিত কি তদ্ভিন্ন ছয় মাস কি তদধিক কাল কারাদণ্ড হয়, তবে দণ্ডবিধির আইনের ১৪১, ১৭৬, ১৭৭, ২০১, ২০২, ২১২, ২১৬, ও ৪৪১ ধারার অর্থ পূর্ব্বোক্ত প্রকারে করিতে হইবে ইতি।

[Sections 222 and 223 of Penal Code to apply to commitments to custody.]

II. Sections 222 and 223 of the said Code shall be construed as if after the word 'offence' the following words were inserted; (that is to say), 'or lawfully committed to custody,' and Section 222 of the said Code shall also be construed as if the following words were added to the same Section; (that is to say), 'or if the person was lawfully committed to custody.'

[স্থানাসেধে অর্পণের কার্য্যপ্রতি দণ্ডবিধির আইনের ২২২ ও ২২৩ ধারা বর্ত্তিবার কথা।]

২ ধারা। উক্ত আইনের ২২২ ধারার মধ্যে "আদালতের হুকুমমতে" এই কথার পরিবর্ত্তে "আদালতের দণ্ডাজ্ঞার অধীন কিম্বা আইনমতে স্থানাসেধে অর্পিত" এই কথা প্রয়োগ করিয়া, এবং "ইচ্ছাপূর্ব্বক ত্রুটি করে" এই কথার পরে "কিম্বা সেই ব্যক্তি আইনমতে স্থানাসেধে অর্পিত হইলে যদি" এই কথা প্রয়োগ করিয়া, এবং ২২৩ ধারাতে "যাহার অপরাধ প্রমাণ হইয়াছে" এই কথার পরে "কিম্বা যাহাকে আইনমতে স্থানাসেধে অর্পিত হইয়াছে" এই কথা প্রয়োগ করিয়া, ঐ ধারার অর্থ করিতে হইবে ইতি।

[Punishment for escape by person in custody for failing to furnish security.]

III. Whoever escapes or attempts to escape from any custody in which he is lawfully detained for failing to furnish any security required under Chapter XIX of the Code of Criminal Procedure, shall be punished with imprisonment of either description as defined in the Indian Penal Code for a term which may extend to one year, or with fine, or with both.

[কোন ব্যক্তি প্রতিভূ না দেওনপ্রযুক্ত স্থানাসিদ্ধ হইয়া পলায়ন করিলে তাহার দণ্ডের কথা।]

৩ ধারা। ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের ১৯ অধ্যায়মতে যে প্রতিভূ দিতে হয়, তাহা না দেওয়া প্রযুক্ত যদি কোন ব্যক্তি আইনমতে কোন স্থানে আসিদ্ধ হইয়া পলায়ন করে কি পলায়ন করিবার উদ্যোগ করে, তবে ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের নির্দ্দিষ্ট একতর প্রকারে তাহার এক বৎসর পর্য্যন্ত কারাদণ্ড কি অর্থদণ্ড কি উভয় দণ্ড হইবে ইতি।

[Saving of provisions of special and local laws.]

IV. Nothing contained in this Act shall be taken to affect any of the provisions of any special or local law.

[বিশেষ ও স্থানীয় আইনের বিধান রক্ষা করিবার কথা।]

৪ ধারা। এই আইনের কোন কথা দ্বারা বিশেষ কি স্থানীয় কোন আইনের বিধানের বৈলক্ষণ্য হইল এমত জ্ঞান করিতে হইবে না ইতি।

WHITLEY STOKES,
Asst. Secy. to the Govt. of India,
Home Dept. (Legislative).

উইটলী ষ্টোকস্,
দেশীয় কর্ম্মবিভাগে ভারতবর্ষের
গবর্ণমেন্টের আসিষ্টান্ট সেক্রেটারী।

The following Act of the Governor General of India in Council received the assent of His Excellency the Governor General on the 1st February, 1867, and is hereby promulgated for general information:—

মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের নিম্ন লিখিত আইন বিষয়ে মহিমবর শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব ১৮৬৭ সালের ১ ফেব্রুআরি তারিখে [illegible] সম্মতি প্রকাশ করিলেন, তাহা সর্ব্বসাধারণের জ্ঞানার্থ প্রকাশ করা যাইতেছে।

ACT No. VII OF 1867.

১৮৬৭ সালের ৭ আইন।

An Act to reduce the precuniary penalty for purchasing from Soldiers arms, ammunition, clothes, and other articles.

সৈন্যেরদের স্থানে অস্ত্রশস্ত্রাদি যুদ্ধোপকরণ ও বস্ত্রপ্রভৃতি নানাদ্রব্য ক্রয় করিলে যে অর্থদণ্ড হয় তাহা ন্যূন করিবার আইন।

[Preamble]

WHEREAS by the Act for punishing mutiny and desertion, and for the better payment of the

[হেতুবাদ।]

রাজদ্রোহিতা ও সৈন্যদলহইতে পলায়ন করিবার দণ্ড এবং সৈন্যদের [illegible]

y and their quarters, it is enacted as fol-
:—

[Penalty on purchasing soldiers' necessaries, s, &c.]

Any person who shall knowingly detain, buy, exchange, or receive from any soldier or deserter or any other person acting for or on his behalf, on any pretence whatsoever, or who shall solicit or entice any soldier, or shall be employed by any soldier, knowing him to be such, to sell any arms, ammunition, medals for good conduct or for distinguishment or other service clothes or military furniture, or any provisions, or any sheets or other articles used in Barracks provided under Barrack regulations, or regimental necessaries, or any article of forage provided for any horses belonging to Her Majesty's service, or who shall have in his or her possession or keeping any such arms, ammunition, medals, clothes, furniture, provisions, spirits, articles, necessaries or forage, and shall not give a satisfactory account how he or she came by the same, or shall change the colour of any clothes as aforesaid, shall forfeit for every such offence any sum not exceeding twenty pounds, together with treble the value of all or any of the several articles of which such offender shall so become or be possessed; and if any person having been so convicted shall afterwards be guilty of any such offence, he shall for every such offence forfeit any sum not exceeding twenty pounds, but not less than five pounds and the treble value of all or any of the several articles of which such offender shall have so become possessed, and shall in addition to such forfeiture be committed to the Common Goal or House of Correction, there to be imprisoned, with or with- hard labour, for such term, not exceeding six months, as the convicting Justice or Justices shall think fit; and upon any information against any person for a second or any subsequent ice, a copy of the former conviction, certified by the proper officer having the care or custody of such conviction, or any copy of the same proved to be a true copy, shall be sufficient evidence to prove such former conviction; and if any credible person shall prove on oath before a Justice of the Peace, or person exercising like authority accord- to the laws of the part of Her Majesty's dominions in which the offence shall be committed, reasonable cause to suspect that any person has his or her possession, or on his or her premises, property of the description hereinbefore des-, on or with respect to which any such shall have been committed, such Justice t a warrant to search for such property, case of stolen goods; and if upon such any such property shall be found, the same

থাকিবার স্থানের সুনিয়ম বিধায়ক আইনের নিম্ন লিখিত আজ্ঞা,—

[সৈন্যেরদের প্রয়োজনীয় দ্রব্য সামগ্রী ক্রয় করিবার দণ্ডের কথা।]

সৈন্যেরদের যে অস্ত্রশস্ত্র ও যুদ্ধোপকরণ এবং সদাচারের কিম্বা প্রসিদ্ধ কর্ম্মের কি অন্য কার্য্যের যে পদক কিম্বা বারিকের বিধানমতে যে বস্ত্র কি সৈনিক দ্রব্য কি আহারীয় সামগ্রী কি চাদর কি অন্য দ্রব্য বারিকে তাঁহারদের ব্যবহারের নিমিত্তে দেওয়া যায়, কিম্বা সৈন্যদলসংক্রান্ত যে আবশ্যক দ্রব্য থাকে কিম্বা শ্রীশ্রীমতীর কর্ম্মার্থে নিযুক্ত কোন অশ্বের আহারাদির জন্যে যে দ্রব্য দেওয়া যায়, যদি কেন ব্যক্তি কোন সেনার কি পলাতক সেনার স্থানে, কিম্বা তজ্জন্যে কি তৎপক্ষে কর্ম্মকারি অন্য ব্যক্তির স্থানে কোন কৌশলে ঐ দ্রব্য জ্ঞানপূর্ব্বক আটক কি ক্রয় কি বিনিময় কি গ্রহণ করেন, কিম্বা তাহা বিক্রয় করণার্থে কোন সেনাকে প্ররোচনা করেন কি প্রবৃত্তি দেন, কিম্বা যদি কেহ অন্য ব্যক্তিকে সৈন্য জানিয়া তাঁহার দ্বারা ঐ দ্রব্য বিক্রয় করণার্থে নিযুক্ত করেন, অথবা তদ্রূপ কোন অস্ত্রশস্ত্র ও যুদ্ধোপকরণ ও পদক ও বস্ত্র ও সামগ্রী ও আহারীয় দ্রব্য ও মদ্য ও বিষয় ও আবশ্যক দ্রব্য ও অশ্বভোজ্য দ্রব্য কোন ব্যক্তির নিকটে থাকিলে, সেই ব্যক্তি তাহা কিপ্রকারে পাইলেন, ইহার হৃদ্বোধজনক বিবরণ যদি কহিতে না পারেন, কিম্বা যদি পূর্ব্বোক্ত কোন বস্ত্রের বর্ণ পরিবর্ত্তন করেন, তবে উক্ত প্রত্যেক অপরাধের জন্যে ঐ ব্যক্তির ২০ পৌণ্ড (অর্থাৎ ২০০৲ টাকার) অনধিক অর্থদণ্ড ও পূর্ব্বোক্ত যে সকল কি যে কোন দ্রব্য উক্ত প্রকারে প্রাপ্ত হন কি অধিকার করেন তাহার মূল্যের ত্রিগুণ দণ্ড হইবে। ও কোন ব্যক্তি পূর্ব্বোক্তমতে অপরাধি নিশ্চিত হইলে পর যদি পুনশ্চ উক্ত কোন অপরাধের অপরাধী হন, তবে তদ্রূপ প্রত্যেক অপরাধের জন্যে তাঁহার ২০ পৌণ্ডের (অর্থাৎ ২০০৲ টাকার) অনধিক ও ৫ পৌণ্ডের (অর্থাৎ ৫০৲ টাকার) অন্যূন অর্থদণ্ড, এবং ঐ অপরাধী উক্ত যে সকল কি যে কোন দ্রব্য প্রাপ্ত হন তাহার মূল্যের ত্রিগুণ দণ্ড হইবে। ও সেই অর্থদণ্ডাতিরিক্ত সামান্য কারাগারে কি হরিণবাড়ীতে সমর্পিত হইয়া অপরাধ নির্ণায়ক বিচারকর্ত্তার কি বিচারকর্ত্তারদের বিবেচনামতে ছয় মাসের অনধিককাল কঠিন পরিশ্রম সহিত কি তদ্ভিন্ন বদ্ধ হইবেন। কোন ব্যক্তির নামে দ্বিতীয়বার কি তৎপরে উক্ত কোন অপরাধসূচন হইলে, পূর্ব্ব অপরাধনির্ণয়পত্র উপযুক্ত যে কর্ম্মচারির রক্ষণে কি অধিকারে থাকে তাঁহার সংশোধপত্রসহিত সেই নির্ণয়পত্র কিম্বা ঐ পত্রের যথার্থ প্রতিলিপি এই প্রমাণসিদ্ধ প্রতিলিপি পূর্ব্ব অপরাধের প্রচুরপ্রমাণ হইবে। অথবা পূর্ব্বোক্ত প্রকারের যে দ্রব্য সম্পর্কে পূর্ব্বোক্ত কোন অপরাধ করা গেল তন্মধ্যে কোন দ্রব্য কোন ব্যক্তির অধিকারে কি বাটীতে থাকিবার অনুভবের উপযুক্ত কারণ আছে যদি বিশ্বাসযোগ্য কোন ব্যক্তি কোন শান্তিরক্ষার্থ জষ্টিসের সম্মুখে কিম্বা শ্রীশ্রীমতীর শাসিত দেশের যে স্থানে ঐ অপরাধ করা গেল সেই স্থানের ব্যবস্থানুসারে যে ব্যক্তি জষ্টিসের তুল্য ক্ষমতাক্রমে কার্য্য করেন তাঁহার সম্মুখে শপথ পূর্ব্বক পূর্ব্বোক্ত কথার প্রমাণ করেন, তবে উক্ত জষ্টিস চোরা দ্রব্যের ন্যায় সেই দ্রব্যের অন্বেষণ করিবার আজ্ঞাপত্র দিতে পারিবেন। এবং সেই অন্বেষণ হইলে যদি উক্ত কোন দ্রব্য পাওয়া যায়, তবে যে কর্ম্মচারী ঐ আজ্ঞাপত্র সাধনার্থে প্রাপ্ত হইয়াছিলেন তিনি ঐ

shall and may be seized by the officer charged with the execution of such warrant, who shall bring the offender in whose possession the same shall be found before the same or any other Justice of the Peace, to be dealt with according to law: Provided always, that it shall be lawful for the legislature of any of Her Majesty's foreign dominions, on the recommendation of the officer or officers for the time being administering the government thereof, but not otherwise, to make provision by law for reducing such pecuniary penalty, if not exceeding twenty pounds, to such amount as may to such legislature appear to be better adapted to the ability and pecuniary means of Her Majesty's subjects and others inhabiting the same, which reduced penalty shall be sued for and recovered in such and the same manner as the full penalty hereby imposed: Provided also, that it shall be competent to Her Majesty, or to the person or persons administering the government of any such foreign dominions as aforesaid, to exercise in respect of the laws so to be passed as aforesaid, all such powers and authorities as are by law vested in Her Majesty or in any such officer or officers as aforesaid in respect of any other law made or enacted by any such legislature."

And whereas the officers now administering the government of British India have recommended that the pecuniary penalty aforesaid, if not exceeding twenty pounds, shall be reduced to the amount hereinafter mentioned as being better adapted to the ability and pecuniary means of Her Majesty's subjects and others inhabiting British India; And whereas it is expedient to give effect to such recommendation;—In exercise of the said power for this purpose contained in the said Act and of every other power enabling the Governor General of India in Council in this behalf, and on the recommendation aforesaid; It is hereby enacted as follows:—

[Reduction of pecuniary penalties provided by Mutiny Act.]

1. From and after the passing of this Act, wherever the pecuniary penalty which might have been imposed under the said recited Section if this Act had not been passed shall not exceed twenty pounds or two hundred rupees, the first part of the said Section shall be read as if for the words "twenty pounds," wherever they occur, the words "fifty rupees" were substituted, and as if for the words "five pounds," the words "five

দ্রব্য ধৃত করিতে পারিবেন ও করিবেন, এবং যে অপ রাধির নিকটে তাহা পাওয়া যায় তাহাকে সে কি অন্য শান্তিরক্ষার্থ জষ্টিসের সম্মুখে আনিবে তাহাতে তাহার পক্ষে ব্যবস্থানুসারে কার্য্য হইবে কিন্তু শ্রীশ্রীমতী মহারাজ্ঞীর অধিকৃত ভিন্নদে শাসন কার্য্যের ভার যৎকালে যে কার্য্যকারকের কার্য্যকার দের প্রতি অর্পিত হয় তাঁহারা পরামর্শ দিলে ঐ দেশের ব্যবস্থাপনীয় কর্ম্মকারকেরা বিশ পৌণ্ডের অনধিক উক্ত অর্থদণ্ড ন্যূন করিয়া শ্রীশ্রীমতী মহারাজ্ঞীর উক্ত দেশ নিবাসি প্রজাপ্রভৃতির ক্ষমতা ও সঙ্গতি বিবেচনায় যত টাকা উপযুক্ত বোধ করেন তত টাকা দণ্ড নির্দ্ধার্য্য করিবেন, উক্ত পরামর্শ ভিন্ন করি- বেন না। করিলে এই আইনের অবধারিত সম্পূর্ণ দণ্ডের ন্যায় সেই ন্যূনীকৃত দণ্ডের নিমিত্ত অভিযোগ ও সেই টাকা আদায় হইতে পারিবে। আরো পূর্ব্বোক্ত ব্যবস্থাপনায় কর্ম্মকারকেরা অন্য যে আইন প্রণয়ন কি প্রচলিত করেন তৎসম্পর্কে শ্রীশ্রীমতী মহারাজ্ঞীর কিম্বা তাঁহার অধিকৃত পূর্ব্বোক্ত ভিন্ন দেশের শাসন কার্য্যের ভার যে ব্যক্তির কি ব্যক্তিদের প্রতি অর্পিত হইল তাঁহার কি তাঁহাদের প্রতি আইনক্রমে কার্য্য করিবার যে সকল শক্তি ও ক্ষমতা অর্পিত হইয়াছে তদনুসারে পূর্ব্বোক্ত যে আইন প্রচলিত হয় তদ্বিষয়েও শ্রীশ্রীমতী মহারাণী কিম্বা উক্ত কার্য্যকারক কি কার্য্য- কারকেরা সেই ক্ষমতানুসারে কার্য্য করিতে পারি- বেন।

এইক্ষণে ব্রিটনীয় ভারতবর্ষের শাসন কার্য্য নিযুক্ত পদাধিকারিরা দুই শত টাকার অনধিক পূর্ব্বোক্ত অর্থ দণ্ড ন্যূন করিবার এবং শ্রীশ্রীমতী মহারাণীর ব্রিটনীয় ভারতবর্ষ নিবাসি প্রজাপ্রভৃতির ক্ষমতা ও সঙ্গতি সাধ্য নিম্ন লিখিত দণ্ড ধার্য্য করিবার পরামর্শ দিয়া ছেন এবং সেই পরামর্শ বলবৎ করা বিহিত এজন্যে পূর্ব্বোক্ত আইনেতে যে ক্ষমতা ব্যক্ত হইয়াছে তদনু সারে এবং এতদ্বিষয়ে মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের অন্য প্রত্যেক ক্ষমতানুসারে ও পূর্ব্বোক্ত পরামর্শানুসারে নিম্ন লিখিত বিধান করা গেল।

[রাজদ্রোহ বিষয়ক আইনের নির্দ্দিষ্ট অর্থদণ্ড ... করণের কথা।]

১ ধারা। এই আইন প্রচলিত না হইলে যে অর্থদণ্ড পূর্ব্বোক্ত বিধানানুসারে বিশ পৌণ্ডের কি ... শত টাকার অনধিক হইতে পারিত, এই আইন প্রচলিত হইবার পরে সেই২ স্থলে উক্ত ধারার প্রথম ... স্থানে বিশ পৌণ্ড লেখা আছে সেই স্থানে ... ও যে স্থানে পাঁচ পৌণ্ড লেখা আছে সেই ... টাকা লিখিত হওয়ার ন্যায় ঐ ভাগ ... ইতি।

THE following Act of the Governor General of India in Council received the assent of His Excellency the Governor General on the 1st February 1867, and is hereby promulgated for general information:—

ACT No. VIII. OF 1867.

An Act to amend the law regarding Horse-racing in India.

[Preamble.]

WHEREAS it is expedient to exempt certain transactions connected with horse-racing from the operation of Act No. XXI of 1848 *(for avoiding wagers)*; It is hereby enacted as follows:—

[Subscriptions or agreements to subscribe to plates, &c., may be lawful notwithstanding Act No. XXI of 1848.]

I. No subscription or contribution, or agreement to subscribe or contribute, made or entered into after the passing of this Act, for or toward any plate, prize, or sum of money, of the value or amount of five hundred rupees or upwards, to be awarded to the winner or winners of any horse-race, shall be deemed unlawful by reason of anything contained in the said Act No. XXI of 1848.

[Nothing in this Act to legalize lotteries.]

II. Nothing in this Act shall be deemed to legalize any transaction connected with horse-racing to which the provisions of Act No. V of 1844 *(for the suppression of all lotteries not authorized by Government)*, apply.

WHITLEY STOKES,
Asst. Secy. to the Govt. of India,
Home Dept. (Legislative.)

মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের নিম্ন লিখিত আইন বিষয়ে মহিমবর শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব ১৮৬৭ সালের ১ ফেব্রুআরি তারিখে স্বীয় সম্মতি প্রকাশ করিলেন, তাহা সর্ব্বসাধারণের জ্ঞানার্থ প্রকাশ করা যাইতেছে।

১৮৬৭ সালের ৮ আইন

ভারতবর্ষের মধ্যে ঘোড়দৌড় করণ বিষয়ক আইন সংশোধন করণার্থ আইন।

[হেতুবাদ।]

বাজি রাখা ব্যর্থ করণের আইন নামে ১৮৪৮ সালের যে ২১ আইন প্রচলিত আছে ঘোড়দৌড় সম্পর্কীয় কোন২ ব্যাপার তাহার বিধান হইতে মুক্ত করা বিহিত। এহেতুক নিম্ন লিখিত বিধি করা গেল।

[১৮৪৮ সালের ২১ আইন প্রবল হইলেও রৌপ্য পাত্রাদি ক্রয় করণার্থ টাকা দিবার কিম্বা চাঁদা করিবার অনুমতির কথা।]

১ ধারা। কোন ঘোড়দৌড়েতে যে ব্যক্তি কি ব্যক্তিরা জয়ী হন তাঁহাকে কি তাঁহাদিগকে এই আইন প্রচলিত হইবার পর পুরস্কারস্বরূপে পাঁচ শত কি অধিক টাকা কিম্বা তত টাকা মূল্যের রৌপ্যাদির পাত্র কি পুরস্কার দিবার জন্যে যে টাকার চাঁদা কি দান হয়, কিম্বা চাঁদা কি দান করিবার যে নিয়ম হয় তাহা ১৮৪৮ সালের উক্ত ২১ আইনের কোন কথা হেতুক আইনবিরুদ্ধ জ্ঞান হইবে না ইতি।

[এই আইনের কোন কথাদ্বারা শর্ত্তি খেলা আইনসিদ্ধ কার্য্য জ্ঞান না হইবার কথা।]

২ ধারা। গবর্ণমেণ্টের বিনানুমতির সকল শর্ত্তি নিবারণার্থ আইন নামে ১৮৪৪ সালের যে ৫ আইন প্রচলিত আছে, তাহার বিধান ঘোড়দৌড় সম্পর্কীয় যে কোন ব্যাপারের প্রতি বর্ত্তে, সেই ব্যাপার এই আইনের কোন কথাতে আইনসিদ্ধ জ্ঞান হইবে না ইতি।

হুটলী ষ্টোকস্,
দেশীয় ব্যবস্থাপন কার্য্যবিভাগে,
ভারতবর্ষের গবর্ণমেণ্টের আসিস্টাণ্ট সেক্রেটারী।
JOHN ROBINSON, *Bengalee Translator.*

ORDERS BY THE LIEUTENANT-GOVERNOR OF BENGAL.

No. 492.

APPOINTMENTS.

The 22nd January 1867.

[Fo]llowing Officiating Deputy Magistrates [and Dep]uty Collectors are confirmed in the Sixth [Grade of the] Subordinate Executive Service,

[Moulv]ie Willyut Hossein.
[Shah] Mahomed Ishaq
[G]. N. Banerjee.

[illegible]

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের আজ্ঞা।

৪৯২ নম্বর।

নিয়োগ

১৮৬৭ সাল ২২ জানুআরি।

নিম্ন লিখিত একটিং ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরেরা অধঃস্থ ষষ্ঠ শ্রেণীর বিচারকর্তৃপদে স্থির-তর হইয়াছেন।

শ্রীযুত বিলায়ত হুসেন।
,, শাহ মহম্মদ ইসাক।
জি. এন. বন্দ্যোপাধ্যায়।

The 25th January 1867.

The following gentlemen are appointed to form a Committee for the management of the Charitable Dispensary at Khoolnah, *viz.:*—

The Deputy Magistrate and Deputy Collector ...	Ex-officio.
The Additional Deputy Magistrate and Deputy Collector ...	
The Assistant Superintendent of Police ...	
The Moonsiff ...	

Baboo Saturam Mozoomdar.
,, Pranhurri Das.
,, Prosonno Chunder Mitter.
,, Preo Nath Sircar.
,, Umesh Chunder Mitter.
Mr. Duell.

The 29th January 1867.

Dr. J. Anderson to officiate as Professor of Botany at the Calcutta Medical College, during the absence, on duty, of Dr. T. Anderson, or until further orders, with effect from the 1st ultimo.

Baboo Umbica Churn Roy Chowdry, Deputy Magistrate and Deputy Collector of Rungpore, to have temporary charge of the Sub-Division of Bhowanigunge.

The 30th January 1867.

Mr. A. C. Woodward, Deputy Magistrate and Deputy Collector, Bhuddruck, is vested with the powers of a Magistrate in Balasore.

The following gentlemen to be Members of the Municipal Committee at Pubna, *viz.:*—

Baboo Baney Madhub Shome.
,, Nobin Krishna Sircar.
Bishnoo Chunder Dutt.
,, Onath Bundhoo Sen.

The following gentlemen to be Members of the Local Committee for the management of the Charitable Dispensary at Pubna:—

Baboo Brijonath Shaha.
,, Bishnoo Chunder Dutt.
Moulvie Abdool Jubber.

Mr. C. H. James to be Assistant Superintendent of Police in the Garrow Hills.

Mr. J. Masters, Assistant Superintendent of Police, Seebsaugor, is transferred to Mymensing.

Baboo Hurrochunder Ghose, Deputy Magistrate and Deputy Collector of Cuttack, on leave, is transferred to Bancoorah, and vested with the powers of a Magistrate in the latter District.

The 31st January 1867.

. W. McCrindle, M. A., is promoted to the rade of the Bengal Educational Service,

১৮৬৭ সাল ২৫ জানুআরি।

নিম্ন লিখিত মহাশয়েরা খুলনার দাতব্য ঔষধালয়ে কর্ম্ম সম্পাদনার্থ কমিটীর মেম্বর হইবেন।

ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর ...	আপনং পদোপলক্ষে
আডিসানল ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর ...	
পোলীসের আসিষ্টান্ট সুপরিন্টেণ্ডেণ্ট ...	
মুনসেফ ...	

শ্রীযুত বাবু সাতুরাম মজুমদার।
,, বাবু প্রাণহরি দাস।
,, বাবু প্রসন্নচন্দ্র মিত্র।
,, বাবু প্রিয়নাথ সরকার।
,, বাবু উমেশচন্দ্র মিত্র।
.. ডুয়েল সাহেব।

১৮৬৭ সাল ২৯ জানুআরি।

কার্য্যোপলক্ষে ডাক্তর শ্রীযুত টি আণ্ডরসন সাহেবের অনুপস্থান কালে অথবা অন্যপ্রাত আহনক্রমে কাল ডাক্তর শ্রীযুত জে আণ্ডরসন সাহেব অর্পিত হইয়াছে কাল কালেজে উদ্ভিদ্ বিদ্যার অধ্যাপকের কর্ম্ম করিবেন। উক্ত নিয়োগ গত মাসের ১ তারিখ অবধি প্রবল হইবে।

রঙ্গপুরের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু অম্বিকাচরণ রায় চৌধুরী কিয়ৎকালের নিমিত্তে ভবানীগঞ্জ শাখাখণ্ডের কর্ম্মের ভার পাইবেন

১৮৬৭ সাল ৩০ জানুআরি।

ভদ্রকের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত এ সি উডওয়ার্ড সাহেব বালেশ্বরে মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন।

নিম্ন লিখিত মহাশয়েরা পাবনাস্থ মুনিসিপল কমিটীর মেম্বর হইবেন।

শ্রীযুত বাবু বেণীমাধব সোম।
বাবু নবীনকৃষ্ণ সরকার।
,, বাবু বিষ্ণুচন্দ্র দত্ত।
বাবু অনাথবন্ধু সেন।

নিম্ন লিখিত মহাশয়েরা পাবনাস্থ দাতব্য ঔষধালয়ের কার্য্য সম্পাদনার্থ কমিটীর মেম্বর হইবেন।

শ্রীযুত বাবু ব্রজনাথ শাহা।
,, বাবু বিষ্ণুচন্দ্র দত্ত।
,, মৌলবী আবদুল জব্বর।

শ্রীযুত সি এচ জেমস সাহেব গারো পর্ব্বতে পোলীসের আসিষ্টান্ট সুপরিন্টেণ্ডেণ্ট হইবেন।

শিবসাগরের পোলীসের আসিষ্টান্ট সুপরিন্টেণ্ডেণ্ট শ্রীযুত জে মাষ্টর্স সাহেব ময়মনসিংহে নিযুক্ত হইয়াছেন।

কটকের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু হরচন্দ্র ঘোষ বাঁকুড়ায় নিযুক্ত হইয়াছেন এবং শেষোক্ত জিলাতে মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন। তিনি ছুটী লইয়াছেন।

১৮৬৭ সাল ৩১ জানুআরি।

জে ডবলিউ মাকৃক্রিণ্ডেল সাহেব এম, এ বঙ্গদেশের শিক্ষাসংক্রান্ত কার্য্যের তৃতীয় শ্রেণীতে

and appointed to be Principal of the Patna College.

The Reverend J. Nesfield, M. A., to be a Professor in the Kishnaghur College.

The 1st February 1867.

Baboo Kali Prosonno Chowdry to be a Member of the Municipal Committee at Serajgunge.

Mr. P. T. Carnegy, Extra Assistant Commissioner, Kamroop, is vested with the powers of a Principal Sudder Ameen in Assam.

The Reverend C. H. Hesselmeyer to be a Member of the Local Committee of Public Instruction at Tezpore.

The following gentlemen to be Members of the Local Committee of Public Instruction at Gya:—

The Reverend W. Macfarlane.
Baboo Umesh Chunder Sircar.
Mr. J. Lambert.

Lieutenant E. H. Steel to be an Assistant Revenue Surveyor in the Lower Provinces, on

1. No subscription (

ent to subscrib

The 2nd February 1867.

The Reverend R. Bion, Dacca, is licensed to solemnize marriages, under Clause 4, Section 6, Act V. of 1865, and is authorized, under Section 47, Part V. of the Act, to grant certificates of marriage between Native Christians being converts from any religion in India.

The Reverend W. J. Wilkins, Calcutta, is licensed to solemnize marriages, under Clause 4, Section 6, Act V. of 1865.

The 4th February 1867.

Third Grade Sub-Assistant Surgeon Ramlall Dey to have charge of the Charitable Dispensary at Berhampore, during the absence, on leave, of Baboo Obhoy Churn Newgee, or until further orders.

Mr. J. A. Hopkins, Assistant Magistrate and Deputy Collector, Raneegunge, is vested temporarily, and as a special case, with the powers of a Magistrate in the District of Bancoorah.

The 5th February 1867.

Mr. A. E. Russell to be Civil and Sessions Judge of Burdwan.

Mr. E. C. Craster to be Magistrate and Collector of Rungpore, but to continue to officiate as Civil and Sessions Judge of Bhaugulpore, during the absence, on leave, of Mr. H. R. Madocks, or until further orders.

Mr. S. C. Bayley to be Magistrate and Collector of Monghyr, and on the First Grade, but to continue to officiate temporarily as Junior Secretary to the Government of Bengal.

The above three appointments will have effect from the date of departure from India of Mr. J. E. S. Lillie.

[*Government Gazette*, 12*th February* 1867.]

হইয়া পাটনা কালেজের প্রিন্সিপলের পদে নিযুক্ত হইলেন।

পাদরী শ্রীযুত জে নেস্‌ফিল্ড সাহেব এম, এ, কৃষ্ণনগর কালেজের অধ্যাপক হইবেন।

১৮৬৭ সাল ১ ফেব্রুআরি।

শ্রীযুত বাবু কালীপ্রসন্ন চৌধুরী শেরাজগঞ্জস্থ মুনিসিপাল কমিটীর এক জন মেম্বর হইবেন।

কামরূপের অতিরিক্ত আসিষ্টাণ্ট কমিস্যনর শ্রীযুত পি টি কার্ণেগী সাহেব আসামে প্রধান সদর আমীনের ক্ষমতা পাইয়াছেন।

পাদরী শ্রীযুত সি এচ হেসেলমেয়র সাহেব তেজপুরস্থ সাধারণ বিদ্যাধ্যাপনীয় কমিটীর এক জন মেম্বর হইবেন।

নিম্ন লিখিত মহাশয়েরা গয়ার সাধারণ বিদ্যাধ্যাপনীয় কমিটীর মেম্বর হইবেন।

পাদরী শ্রীযুত ডবলিউ মাকফারলেন সাহেব।
ত বাবু উমেশচন্দ্র সরকার।
,, জে লাম্বর্ট সাহেব।

লেপ্টেনেণ্ট শ্রীযুত ই এচ ষ্টীল সাহেব বঙ্গ প্রভৃতি দেশের পরীক্ষার্থ আসিষ্টাণ্ট রেবিনিউ সরবেয়র হইবেন।

১৮৬৭ সাল ২ ফেব্রুআরি।

ঢাকার পাদরী শ্রীযুত আর বিয়ন্‌ সাহেব ১৮৬৫ সালের ৫ আইনের ৬ ধারার ৪ প্রকরণমতে বিবাহসাধন করিতে অনুমতি পাইয়াছেন এবং ভারতবর্ষের কোন ধর্ম্মের পরিবর্ত্তে যাঁহারা খ্রীষ্টীয় ধর্ম্মাবলম্বী হন তাঁহারদিগকে উক্ত আইনের পঞ্চমখণ্ডের ৪৭ ধারামতে বিবাহের সর্টিফিকট দিতে ক্ষমতাপন্ন হইয়াছেন।

কলিকাতার পাদরী শ্রীযুত ডবলিউ জে উইলকিন্স সাহেব ১৮৬৫ সালের ৫ আইনের ৬ ধারার ৪ প্রকরণমতে বিবাহসাধন করিতে অনুমতি পাইয়াছেন।

১৮৬৭ সাল ৪ ফেব্রুআরি।

শ্রীযুত বাবু অভয়াচরণ নেউগীর ছুটীপ্রযুক্ত অনুপস্থানকালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত তৃতীয় শ্রেণীর সব-আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত রামলাল দে বহরমপুরের দাতব্য চিকিৎসালয়ের কর্ম্মের ভার পাইবেন।

রাণীগঞ্জের আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত জে এ হপকিন্স সাহেব কিয়ৎকালের নিমিত্তে বিশেষ গতিকে বাঁকুড়া জিলায় মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন।

১৮৬৭ সাল ৫ ফেব্রুআরি।

শ্রীযুত এ ই রসল সাহেব বর্দ্ধমানের সিবিল ও সেশন জজ হইবেন।

শ্রীযুত ই সি ক্রাষ্টর সাহেব রঙ্গপুরের মাজিষ্ট্রেট ও কালেক্টর হইবেন, কিন্তু শ্রীযুত এচ আর মাডকুস সাহেবের ছুটীপ্রযুক্ত অনুপস্থানকালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত ভাগলপুরের সিবিল ও সেশন জজের কর্ম্ম করিতে থাকিবেন।

শ্রীযুত এস সি বেলী সাহেব মুঙ্গেরের প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেট ও কালেক্টর হইবেন, কিন্তু কিয়ৎকালের নিমিত্তে বঙ্গদেশের গবর্ণমেণ্টের ছোট সেক্রেটারীর কর্ম্ম করিতে থাকিবেন।

উপরোক্ত তিন নিয়োগ শ্রীযুত জে ই এস লিলি সাহেবের ভারতবর্ষহইতে গমনের তারিখ অবধি প্রবল হইবে।

Mr. T. Norman to officiate as Joint-Magistrate and Deputy Collector of Hooghly.

শ্রীযুত টি নর্ম্মান সাহেব হুগলীর জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্‌টরের কর্ম্ম করিবেন।

Mr. T. E. Coxhead to have temporary charge of the Sub-Division of Meherpore, and to exercise the powers of a Subordinate Magistrate of the First Class and Deputy Collector in Nuddea. *Mr. Coxhead is further empowered*, under Section 38 of the Code of Criminal Procedure, to hold the preliminary enquiry into cases triable by the Court of Sessions, to commit or hold to bail persons to take their trial before such Court of Sessions, and to exercise all the powers necessary for that purpose.

শ্রীযুত টি ই কক্সহেড সাহেব কিয়ৎকালের নিমিত্তে মেহেরপুর শাখাখণ্ডের কর্ম্মের ভার পাইবেন ও নদীয়াতে অধঃস্থ প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের ও ডেপুটী কালেক্‌টরের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন। আরো তিনি ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের ৩৮ ধারামতে সেশন আদালতের বিচার্য্য মোকদ্দমার প্রথম স্থলীয় অনুসন্ধান লইতে ও উক্ত সেশন আদালতের সম্মুখে যাহারদের বিচার হইবে তাহাদিগকে সমর্পণ করিতে কি তাহাদের স্থানে উপস্থিত হইবার প্রতিভূ লইতে ও তদর্থে যে সকল ক্ষমতার প্রয়োজন তদনুসারে কর্ম্ম করিতে ক্ষমতাপন্ন হইয়াছেন।

Leave of Absence.

The 29th January 1867.

Moulvie Ameeroodden Ahmed, Officiating Deputy Magistrate and Deputy Collector of Bhowanigunge, for three months, under paragraph 11 of the Uncovenanted Service Absentee Rules.

১৮৬৭ সাল ২৯ জানুআরি।

ভবানীগঞ্জের একটিং ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্‌টর শ্রীযুত মৌলবী আমীরুদ্দীন আহম্মদ অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১১ ধারামতে তিন মাসের ছুটী পাইয়াছেন।

The 31st January 1867.

Mr. J. C. Price, Assistant Magistrate and Collector, Moorshedabad, for three months, under Section 6 of the Covenanted [illegible] Absentee Rules, in continuation of the ti[illegible] him for joining his present appointment at [illegible]dabad.

১৮৬৭ সাল ৩১ জানুআরি।

মুরশিদাবাদের আসিষ্টান্ট মাজি[illegible] টর শ্রীযুত জে সি প্রাইস সাহেব মুরশিদাবাদে আপন কর্ম্মে পঁহুছিবার নিমিত্তে যে ছুটী পান তদতিরিক্ত চিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ ধারামতে তিন মাসের ছুটী পাইয়াছেন।

The 1st February 186[illegible]

Mr. A. C. Woodward, Deputy M[illegible] and Deputy Collector, Balasore, for two [illegible] under the orders of the Right Hon'ble the [illegible]ary of State for India, dated 8th November [illegible], from the date on which he may have availed himself of the leave.

১৮৬৭ সাল ১ ফেব্রুআরি।

বালেশ্বরের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্‌টর শ্রীযুত এ সি উডওয়ার্ড সাহেব যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখ অবধি ভারতবর্ষের পক্ষ মহিমবর শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেবের ১৮৬৫ সালের নবেম্বর মাসের ৮ তারিখের আজ্ঞামতে দুই মাসের ছুটী পাইয়াছেন।

The 4th February 1867.

First Grade Sub-Assistant Surgeon Obhoy Churn Newgee, attached to the Charitable Dispensary at Berhampore, for three months, under the orders of the Right Hon'ble the Secretary of State, dated 8th November 1865.

১৮৬৭ সাল ৪ ফেব্রুআরি।

বহরমপুরস্থ দাতব্য ঔষধালয়ে নিযুক্ত প্রথম শ্রেণীর সব-আসিষ্টান্ট চিকিৎসক শ্রীযুত বাবু অভয়াচরণ নেউগী ভারতবর্ষের পক্ষ মহিমবর শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেবের ১৮৬৫ সালের নবেম্বর মাসের ৮ তারিখের আজ্ঞামতে তিন মাসের ছুটী পাইয়াছেন।

Notification.

The 31st January 1867.

Mr. C. H. Campbell, C. S., reported his departure from India per Steam-ship *Surat*, which was left at sea by the Pilot on the 24th instant.

বিজ্ঞাপন

১৮৬৭ সাল ৩১ জানুআরি।

সিবিল কার্য্যসম্পর্কীয় শ্রীযুত সি এচ কাম্বেল সাহেব সুরাট নামক বাষ্পীয় জাহাজে ভারতবর্ষহইতে গমন করিয়াছেন এমত রিপোর্ট করেন। আড়কাটী সাহেব সেই জাহাজ এই মাসের ২৪ তারিখে সমুদ্রে ছাড়িয়া আইসেন।

The 2nd February 1867.

Mr. A. Anley officiated as District Superintendent of Police of Backergunge, from the 14th November 1866 to 5th January 1867.

১৮৬৭ সাল ২ ফেব্রুআরি।

শ্রীযুত এ আন্‌লী সাহেব ১৮৬৬ সালের নবেম্বর মাসের ১৪ তারিখ অবধি ১৮৬৭ সালের জানুআরি মাসের ৫ তারিখ পর্য্যন্ত বাকরগঞ্জের পোলীসের ডিষ্ট্রিক্‌ট সুপরিন্টেণ্ডেন্টের কর্ম্ম করিয়াছেন।

The 4th February 1867.

[illegible]ppointment of Baboo Radha Gobind Dass, [illegible]cial Deputy Magistrate and Deputy [illegible] of Cuttack, notified in the *Calcutta* [illegible] of the 23rd ultimo, is cancelled.

১৮৬৭ সাল ৪ ফেব্রুআরি।

শ্রীযুত বাবু রাধাগোবিন্দ দাসের কটকে বিশেষ ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্‌টরের পদে নিযুক্ত হইবার যে কথা গত মাসের ২৯ তারিখের বাঙ্গলা গেজেটে প্রকাশ হয় তাহা রহিত হইল।

The services of Third Grade Sub-Assistant Surgeon Shama Churn Mookerjee are placed at the disposal of the Government of the North-Western Provinces.

তৃতীয় শ্রেণীর সব-আসিষ্টান্ট চিকিৎসক শ্রীযুত বাবু শ্যামাচরণ মুখোপাধ্যায় উত্তর পশ্চিম দেশের গবর্ণমেণ্টের আজ্ঞাধীনে নিযুক্ত হইয়াছেন।

Notification.

The 28th January 1867.

Mr. S. Cooper, of the Uncovenanted Civil Service, has been permitted by the Right Hon'ble the Secretary of State for India to return to his duty.

On the report of the Board of Examiners, the following Officers are declared to have passed the prescribed examination by the First Standard, *viz.*:—

Lieutenant W. F. Trotter.
Ensign T. B. Michell.

বিজ্ঞাপন।

১৮৬৭ সাল ২৮ জানুআরি।

ভারতবর্ষের পক্ষ মহিমবর শ্রীযুত ষ্টেট সেক্রেটার সাহেব অচিহ্নিত সিবিল কার্য্যসম্পর্কীয় শ্রীযুত এস কুপর সাহেবকে আপন কর্ম্মে প্রত্যাগমন করিবার অনুমতি দিয়াছেন।

পরীক্ষক বোর্ডের রিপোর্টমতে প্রকাশ করা যাইতেছে যে নিম্ন লিখিত কার্য্যকারকেরা নির্দ্দিষ্ট প্রথম কষ্টির পরীক্ষাতে উত্তীর্ণ হইয়াছেন।

লেপ্টেনেন্ট শ্রীযুত ডবলিউ এফ ট্রটর সাহেব।
এন্‌সাইন শ্রীযুত টি বি মিচেল সাহেব।

Appointments.

The 28th January 1867.

The following Officers are vested with the powers of a Subordinate Magistrate, First Class, and Moonsiff, in Assam:—

Lieutenant W. F. Trotter.
Ensign T. B. Michell.

নিয়োগ।

১৮৬৭ সাল ২৮ জানুআরি।

নিম্ন লিখিত কার্য্যকারকেরা আসামে অধঃস্থ প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের ও মুনসেফের ক্ষমতা পাইয়াছেন।

লেপ্টেনেন্ট শ্রীযুত ডবলিউ এফ ট্রটর সাহেব।
এন্‌সাইন শ্রীযুত টি বি মিচেল সাহেব।

Declaration under Section II. of Act VI. of 1857.

The 18th January 1867.

Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken up by Government at the public expense, for a public purpose, *viz.*, for the Police Station of Bistopore, Sub-District Alipore, in the District of the 24-Pergunnahs, it is hereby declared that, for the above purpose, a plot of land, measuring 1 beegah, 17 cottahs, 1 chittack, situated at Bistopore, and bounded by the tank belonging to Taran Kisen Deb on the North; by the village road leading to Bistopore on the South; by the paddy land of Taran Kissen Deb and others, and the ditch on the West; and by the Diamond Harbour metalled road on the East, is required.

2. This Declaration is made, under the provisions of Act VI. of 1857, to all whom it may concern.

১৮৫৭ সালের ৬ আইনের ২ ধারামতের বিজ্ঞাপন।

১৮৬৭ সাল ১৮ জানুআরি।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব অবগত হইয়াছেন যে রাজকীয় কার্য্যার্থে অর্থাৎ ২৪ পরগণে জিলার আলীপুর শাখাখণ্ডের বিষ্ণুপুরে পোলীস থানা প্রস্তুত করণার্থে রাজকীয় অর্থ ব্যয়ে গবর্ণমেণ্টের ভূমি লওয়া আবশ্যক, অতএব সংবাদ দেওয়া যাইতেছে যে পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে বিষ্ণুপুরে ১৸৴০ ছটাক ভূমির প্রয়োজন, উক্ত ভূমির উত্তর সীমা তারাকৃষ্ণ দেবের পুষ্করিণী, দক্ষিণ সীমা বিষ্ণুপুর গ্রামে গমনের পথ, পশ্চিম সীমা তারাকৃষ্ণ দেবপ্রভৃতির ধানের ভূমি ও খানা পূর্ব্ব সীমা কলীগাছীর পাকা রাস্তা।

২। উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক আছে তাঁহাদের জ্ঞানার্থে ১৮৫৭ সালের ৬ আইনের বিধানমতে এই সংবাদ প্রকাশ করা গেল

Declaration under Section II. of Act VI. of 1857.

The 29th January 1867.

Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that and is required to be taken up by Government at the public expense, for a public purpose, *viz.*, for enlarging the Sarun Jail, it is hereby notified that, for the above purpose, land is required, measuring 1 beegah, 6 cottahs, and 12 dhoons, and bounded on

১৮৫৭ সালের ৬ আইনের ২ ধারামতের বিজ্ঞাপন।

১৮৬৭ সাল ২৯ জানুআরি।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব অবগত হইয়াছেন যে রাজকীয় কার্য্যার্থে অর্থাৎ সারণের জেল বড় করণার্থে রাজকীয় অর্থ ব্যয়ে গবর্ণমেণ্টের ভূমি লওয়া আবশ্যক, অতএব সংবাদ দেওয়া যাইতেছে যে পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে ১।১২ ধুল পরিমিত ভূমির প্রয়োজন। উক্ত ভূমির উত্তর সীমা রাজপথ ও বাজার, পূর্ব্ব সীমা গবর্ণমেণ্টের জেলের পথ,

the North by the public road and bazar; East by the road of Government Jail; West by the houses of Dirjopal Singh and Gopee Bhugut; and South by the houses of Bhugwan Baniah and Bulakee Kooer.

2. This Declaration is made, under the provisions of Act VI. of 1857, to all whom it may concern.

A. EDEN,
Secy. to the Govt. of Bengal.

পশ্চিম সীমা দিজপাল সিংহের ও গোপীভক্তের বাটী, দক্ষিণ সীমা ভগবান বেণের ও বলাকী কুয়ারের বাটী।

২। উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক আছে তাঁহাদের জ্ঞানার্থে ১৮৫৭ সালের ৬ আইনের বিধানমতে এই সংবাদ প্রকাশ করা গেল।

এ ইডেন,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

GOVERNMENT ADVERTISEMENTS.

গবর্ণমেণ্টের ইশ্‌তিহার

NOTICE.

THE Commissioners for enquiring into the Famine in Orissa and Bengal sit daily at 10 A. M., and at 11 A. M. proceed to record the statements of public officers and private persons acquainted with the subject. Their sittings will be open to any gentlemen who wish to be present, on the understanding that the statements made are not to be taken down and published till the enquiry is complete.

P. DICKENS,
Secretary to the Commissioners.

5, *Wellesly Place.*

বিজ্ঞাপন।

উড়িষ্যা ও বঙ্গদেশের দুর্ভিক্ষ বিষয়ের অনুসন্ধানকারি কমিস্যানরেরা তদ্বিষয়াবগত রাজকীয় কর্ম্মচারিগণের ও সাধারণ ব্যক্তিদের স্থানে তদ্বৃত্তান্ত রিকার্ড করণার্থে প্রতিদিন পূর্ব্বাহ্ন বেলা ১০ ও ১১ ঘণ্টার সময়ে উপবিষ্ট হইবেন। উক্ত উপবেশন কালে কোন মহাশয় গমনেচ্ছুক হইলে গমন করিতে পারিবেন, কিন্তু জানিবেন যে অনুসন্ধানের কার্য্য সমাপন না হওনপর্য্যন্ত তৎসম্পর্কীয় কোন বৃত্তান্ত লিখিয়া লইতে বা মুদ্রিত করিতে পারিবেন না।

পি ডিকেন্স,
কমিস্যানরদের সেক্রেটারী।

৫ ওয়েলেসলী প্লেস।

NOTICE.

UNDER Section XIV. of Act XI. of 1865, it is hereby notified that the Court of Small Causes will sit at Santipore on the 10th, 20th and 30th of each month, but should these days fall on a holiday the Court will then sit on the next open Court day after the holiday. During the remainder of the month the Court will sit at Kishnaghur.

H. BELL,
Judge of the Principal Court of Small Causes of Kishnaghur.

uary 1867.

বিজ্ঞাপন।

১৮৬৫ সালের ১১ আইনের ১৪ ধারামতে সংবাদ দেওয়া যাইতেছে যে প্রতিমাসের ১০, ২০, ও ৩০ তারিখে শান্তিপুরে ক্ষুদ্র মোকদ্দমার আদালতের উপবেশন হইবে। যদি উক্ত কোন দিন ছুটীর দিন হয়, তবে তৎপরে প্রথম যে দিন আদালত খোলা যাইবে সেই দিনে হইবে। এতদ্ভিন্ন অন্য সকল দিনে কৃষ্ণনগরে আদালত হইবে।

এচ বেল,
কৃষ্ণনগরের ক্ষুদ্র মোকদ্দমার প্রধান আদালতের জজ।

১৮৬৭ সাল ২ ফেব্রুআরি।

NOTICE.

THE undersigned is prepared to grant licenses (with effect from 1st April 1867 to 31st March 1868), to catch Elephants in the Western Dooars of Bhootan.

The license fee is Rupees 20, for each Kunki employed. The right of pre-emption of captured elephants is reserved to Government.

Further particulars may be obtained by application (personal or by letter) to the undersigned.

J. TWEEDIE,
Dy. Commissioner, Western Dooars.

MYNAGOREE, BHOOTAN.
The 12th December 1866.

TO RAILWAY CONTRACTORS, &c., &c., &c.

NOTICE is hereby given that a Sale of Sâl Wood, now growing in the "Roopuspoor Jungle," appertaining to the Hetampore Wards' Estate, situated in the district of Beerbhoom, will take place on Monday, the 11th day of March 1867, at Roopuspoor.

The number of trees, measuring over twenty (20) inches in circumference has been estimated to amount to nearly thirty thousand (30,000), and it is supposed they will answer the purpose of Railway sleepers, light timber, &c.

The Jungle will be sold in twelve (12) different and distinct Lots, each comprising an average area of about three hundred and fifty (350) beegahs, for the convenience of purchasers, each of whom will be required to pay down, at the conclusion of the sale, a deposit of twenty-five (25) per cent. on the amount of his bid, which deposit will be liable to forfeiture in the event of the purchaser not paying the balance of the purchase money within three (3) months from the date of the Sale.

The purchaser of each separate Lot will also clearly have to understand that the wood must be cut and removed within six (6) months of the date of the Sale, otherwise, whatever wood may remain uncut and unremoved will be considered the property of the said Hetampore Wards' Estate again, and be liable to be re-sold.

Railway Contractors, dealers in timber, and others, are invited to inspect the said Jungle before hand, and to communicate with the Collector of the district or the undersigned, who will supply any further information that may be required.

A. HUME SMITH,
Manager, Hetampore Estate.

SOORIE, BEERBHOOM;
The 31st January 1867.

[*Government Gazette*, 12*th February* 1867.]

Calcutta and Darjeeling Government Bullock Train.

কলিকাতা এবং ডারজিলিং সরকারি বুলক ট্রেন—

Schedule of rates Per Maund at which Goods and Passengers will be conveyed by Government Bullock Train.

সরকারি বুলক ট্রেন দ্বারায় আরোহিগণদিগকে এবং দ্রব্য লওনের প্রত্যেক মনের ভাড়ার নিয়ম—

The upward and downward rates are the same.

যাতায়াতের একই ভাড়া

Calcutta. কলিকাতা।	Colgong. কলগং	Carragola. ক্যারাগোলা।	Purneah. পুরণিয়া।	Kissengunge. কৃষ্ণগঞ্জ।	Titalyah. টিটেলিয়া।	Punkabarry. পাঙ্খাবাড়ি।
From Calcutta. কলিকাতা হইতে।	0 0 ০ ০	2 14 ২৸৶০	3 5 ৩৲০	4 4 ৪।০	5 3 ৫৶০	5 10 ৫॥৶০
	Colgong. কলগং।	0 8 ।০	0 15 ৸৶০	1 14 ১৸৶০	2 13 ২৸৲০	3 4 ৩।০
		Carragola. ক্যারাগোলা।	0 7 ।৶০	1 6 ১।৶০	2 5 ২৲০	2 12 ২৸০

The downward rates for country produce.

দেশী দ্রব্য আনিবার ভাড়া

Punkabarry. পাঙ্খাবাড়ি।	Titalyah. টিটেলিয়া।	Kissengunge. কৃষ্ণগঞ্জ।	Purneah. পুরণিয়া।	Carragola. ক্যারাগোলা।	Colgong. কলগং।	Calcutta. কলিকাতা।
From Punkabarry. পাঙ্খাবাড়ি হইতে।	0 11 ॥৶০	1 2 ১৵০	1 9 ১॥৴০	1 14 ১৸৶০	2 6 ২।৶০	3 12 ৩৸০
	Titalyah. টিটেলিয়া।	0 7 ।৶০	0 14 ৸৶০	1 3 ১৵০	1 11 ১॥৶০	3 1 ৩৴০
		Kissengunge. কৃষ্ণগঞ্জ।	0 7 ।৶০	0 12 ৸০	1 4 ১।০	2 10 ২॥৶০

Purneah. পুরনিয়া।	0 15 ৸৶০	1 14 ১৸৶০	2 3 ২৶০
	Kissengunge. কৃষ্ণগঞ্জ।	0 15 ৸৶০	1 6 ১৶০
		Titalyah. টিটেলিয়া।	0 7 ।৶০

Purneah. পুরনিয়া।	0 5 ৶০	0 . 13 ৸/০	2 3 ২৶০
	Carragola. ক্যারোগোলা।	0 8 ॥০	1 14 ১৸৶০
		Colgong. কালগং।	0 0 ০ ০

N. B.—Passengers are conveyed to and from Carragola, the fare of each passenger is the charge for three maunds of goods.

১। আরোহিগণ ক্যারোগোলা পর্য্যন্ত যাতায়াত করিতে পারিবেন ৩ মোনের ভাড়া প্রত্যেক আরোহিকে দিতে হইবে।

2. A Transit Agent has been stationed at Punkabarry for the purpose of receiving and forwarding packages from Punkabarry to Darjeeling by coolies.

২। এক জন বিশেষ কর্ম্মচারি পাঙ্কাবাটীতে নিযুক্ত আছেন তিনি মজুরের দ্বারায় পাঙ্কাবাটীহইতে দারজিলিং পর্য্যন্ত পাকেট সকল গ্রহণ ও প্রেরণ করিবেন।

3. No packages will be recevied for any Station between Calcutta and Carragola.

৩। কলিকাতা এবং কেরোগোলার মধ্যস্থিত কোন স্থানের জন্য পাকেজ লওয়া যাইবেক না।

4. Passengers will be conveyed if there is room, or if a full cart load is engaged.

৪। আরোহিগণকে প্রেরণ করা যাইবেক যদ্যপি স্থান থাকে কিম্বা যদ্যপি একখানা গাড়ীর সম্পূর্ণ বোঝাই ভাড়া দেন।

5. No packages, however small, will be charged for at a less rate than for half a maund.

৫। যত ছোট পাকেজ হউক অর্দ্ধমোনের ভাড়ার কম লওয়া যাইবেক না।

6. Fractional parts of a maund up to half a maund will be charged as half a maund, above half a maund as a maund.

৬। অর্দ্ধমনের কম হইলে অর্দ্ধমন পর্য্যন্ত অর্দ্ধমনের ভাড়া লাগিবেক অর্দ্ধমনের অধিক হইলে একমন পর্য্যন্ত এক মনের ভাড়া লাগিবেক।

7. Light packages will, at the discretion of the Agent or Post Master of the Office of despatch, be charged by measurement at the rate of 3½ cubic feet per maund.

৭। রপ্তানি দপ্তরখানার কর্ম্মচারি কিম্বা পোষ্টমাষ্টর বিবেচনানুসারে হালকা পাকেজ সকল মাপ করিয়া ৩॥০ কিউবিক্ ফুটে এক মন ধরিয়া ভাড়া ধার্য্য করিবেন।

LAND ADVERTISEMENTS. ভূমিবিষয়ক ইশ্‌তিহার

জেলা ২৪ পরগনা।

এস্তেহারনামা কাছারি কালেকটরি জেলা ২৪ পরগনা। এই যে

সন ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারামতে সংবাদ দেওয়া যাইতেছে যে জেলা চব্বিশ পরগনার নীচের লিখিত মহালাত মালগুজারির বাকি বাবত ইংরাজী সন ১৮৬৭ সালের ১৪ ফেব্রুআরি ঐ জেলার কালেকটরি কাছারিতে বিনা ওজর নীলাম ধরা যাইবেক ইংরাজী সন ১৮৬৭ সাল তারিখ ২৬ জানুআরি।

প্রথম শ্রেণীর এস্তমরারি জমাধার্য্য হওয়া মহাল।

১৫১ নং কিঃ পঃ বরিদহাটীওং কিঃ চকহাটুরিয়াওং লিখিত মালিক ভগবতী দাসীওং সদর জমা কোং ৪০০৭৩॥৵৬

৩২৯ নং কিঃ পঃ দক্ষিণসাগর মৌঃ মধুসূদনপুরওং লিখিত মালিক বৈদ্যনাথ বসু সদর জমা কোং ১৪৪৩/৮

অন্য দেনার জন্য এই মহাল নীলাম হইবেক।

১৩৬৭ নং পঃ বুড়ন মৌঃ ভৈরবপুরওং লিখিত মালিক জহিরদ্দীন খাঁ সদর জমা কোং ৭৯৬/৩

দ্বিতীয় শ্রেণী গএর বন্দবস্তি হওয়া মহাল।

১৮২৮ নং ১৬৬ নং সুন্দরবন লাট চক কাশীমারী লিখিত মালিক প্রাণনাথ চৌধুরীওং সদর জমা মায় রোড ফণ্ড ২১২৫/৬

২২০৮ নং খাস রমজান নগর লিখিত মালিক তারাশঙ্কর রায় চৌধুরীওং সদর জমা মায় রোড ফণ্ড. ১৫০৬।৶০

A. Smith,
Collector.

জিলা দিনাজপুর।

এস্তেলানামা কাছারি কালেকটরি জেলা দিনাজপুর।

১৮৫৯। ১১ আইনের ৬ ধারানুযায়ি ইহা দ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে জেলা দিনাজপুরের নীচের লিখা মহাল ১৮৬৭। ১২ জানুআরি তকের বাকি মালগুজারির নিমিত্তক ১৮৬৭ সনের ১৬ ফেব্রুআরি মোং ১২৭৩। ৫ ফাল্গুণ রোজ শনিবার এই জেলার কালেকটরী কাছারিতে নীলাম ধরা যাইবেক ও বিনা বাধাতে বিক্রয় হইবেক।

প্রথম শ্রেণীর এস্তমরারি জমা ধার্য্য হওয়া মহাল।

৪৬ নম্বর। মৌজে অমৃতপুর ওগয়রহ পরগনে মহীসংতোষপুর লিখিত মালিক ছাদত হুসেন চৌধুরী সালিয়ানা সদর জমা ৬১৮২/১১ পাই।

কৈফিয়ৎ—সরকারী রাজস্ব কিস্তি আশ্বিন হইতে অগ্রহায়ণ পর্য্যন্তের বাকি ২০৬০৲ টাকা আদায় জন্য।

২১৪ নম্বর। মৌজে কাকড় সিংহ পরগনে মহেশো লিখিত মালিক কমললোচন রায় ও হাদি মাহাম্মদ ও মুরাদ মাহাম্মদ সাহা ও বিবি ফেলানী মাদরে আলাবকুস ও আজীম সাহা সালিয়ানা সদর জমা ২৬৩০।/৭॥ পাই।

কৈফিয়ৎ—১৮৫৯। ১০ আইনের ডিক্রীদার যদুনন্দন কুণ্ডুর প্রাপ্য ৪৭৫৲ টাকা আদায় জন্য মুরাদ মাহাম্মদ ও বিবি ফেলানী মাদরে আলাবকুস ও আজীম সাহার এই মহালের ২১৯৶/৬ পাই সদর জমাতে উক্ত দেনদারের যে স্বত্ব ও লাভ আছে তাহাই নীলামে ধরা হইল।

৫৫১ নম্বর। মৌজে ভানকি ওগয়রহ পরগনে পাজরা লিখিত মালিক রাশবেহারী ও দীনবন্ধু ও জগবন্ধু ও শ্রীনারায়ণ ও দেবেন্দ্রনারায়ণ ও লক্ষ্মীনারায়ণ ঘোষ সালিয়ানা সদর জমা ১৫২৩৲৬॥ পাই।

কৈফিয়ৎ—১৮১২। ১৯। ৩১ ধারামত রাশবেহারী ও জগবন্ধু ও দীনবন্ধু ঘোষের হিস্যা ।।০ আনা যাহার সদর জমা ৭৬২৲৩। পাই তাহার ইংতক আশ্বিন লাগাএদ কিস্তী অগ্রহায়ণের ২৬৪৲ টাকা সরকারী রাজস্ব বাকীর দায়ে নীলামে ধরা গেল।

৭৯৬ নম্বর। মৌজে হরেকৃষ্ণপুর পরগনে বিহি নগর লিখিত মালিক বিবি পরধন ও বিবি মেরকণ সালিয়ানা সদর জমা ২১১৫৲৬ পাই।

কৈফিয়ৎ—১৮৫৯। ১০ আইনের ডিক্রীদার রাজচন্দ্র খাশনবিসের প্রাপ্য ১৩৭৩।০ আনা আদায় জন্য বিবি মেরকন মাদরে মশরফ আলী চৌধুরী ও বিবি পরধন মাদরে কেরমউল্লা ও এনাউল্লা চৌধুরির যে স্বত্ব লাভ আছে তাহা নীলামে ধরা গেল।

C. D. Field,
Offg. Collector.

জানুআরি।

ট। ১৮৬৭। ১২ ফেব্রুআরি।]

[illegible] জিলা বাকরগঞ্জ।

সম্বাদ দেওয়া যাইতেছে যে সন ১৮৫৯ ইং ১১ আইনের বিধিমতে সন ১২৭৩ সালের নাগাএদ কিস্তি অগ্রহায়ণের বাকি খাজানা ও অন্যং দাওয়ার টাকা আদায়ের শেষ দিবস সন ১৮৬৭ ইং ১২ জানুআরি মোতাবেক সন ১২৭৩ সালের ২৯ পৌষ রোজ শনিবার নির্দ্ধারিত থাকায় ঐ দিবস সূর্য্যাস্তের পুর্ব্বে নীচের লিখিত মহালের দাওয়ার টাকা আদায় না হওয়াতে ঐ সকল মহাল নীলাম করা শ্রেয় হইয়া উক্ত আইনের ৬ ধারার বিধিমতে এস্তাহার দেওয়া যাইতেছে যে সন ১৮৬৭ ইং ১২ ফেব্রুআরি মোং ১২৭৩ বাঙ্গলার ১ ফাল্গুন রোজ মঙ্গলবার অত্র কালেক্টরি কাছারিতে নীলামে ধরা যাইবেক ও বিনা বাধায় বিক্রয় হইবেক ইতি সন ১৮৬৭ তারিখ ১৮ জানুআরি।

শ্রেণীর নম্বর	মহালের শ্রেণী	জেলার তৌজীতে মহালের নম্বর	নাম মহাল	মহালের মালিক	সদর জমা	বাকী পাওনা সরকার নাং অগ্রহায়ণ শেষ কিস্তী দিজম্বর সন ১৮৬৬	কৈফিয়ৎ
১	এস্তমুরারি জমা ধার্য্য হওয়া মহাল	৩৮৫০	সিকিমাদ পরগনা হিস্যা ১৭। গণ্ডা	গোকুলচন্দ্র বসু হিং ২।।৶১৭।। তিল	মোট ৫৭৮৪৷৶৬ তাহার রসদ ৫৮৯৮।।৶৮।। বাদে ৮৮৩।৵৯।।	৩১০৸৶৫।।	
২	এস্তমুরারি জমা ধার্য্য না হওয়া মহাল	৫৮৪৩ *	জালালপুর পরগনা কালিকীরি চর চতুর্থ ভং	রামদুর্ল্লভ চক্রবর্ত্তী গৌরমোহন চক্রবর্ত্তী শিবসুন্দরী দেব্যা রামনারায়ণ শাহা ও রাধানাথ শাহা উবেরন্নেছা বিবি তাজন্নেছা বিবি ও সেতারা বেগম পার্ব্বতীচরণ গুহ গিরমোহন আলী কালীশঙ্কর গুহ বঙ্গচন্দ্র গুহ ওমরাও খানম ও এয়াদত নেছা বিবি ও আনওয়ার গাজী সৈদ বেনীওদ্দীন ওছি ও আকছর নেছা খাতুন আকুসে নেছা খাতুন ও বৈকুণ্ঠরাম শাহা রামরত্নমণি।	খাজানা ৫৯৮০৸৶২ মালিকানা ৬৬৫।।৴ রাস্তা খরচ ৭৭০	খাজানা ১৪০০৲ মালিকানা ১৫৯৸৶১১। ——— ১৫৫৯৸৶১১।	চতুর্থ ঘরের লিখিত মহালের ৫ ঘরের লিখিত হিস্যা নীলাম হইবেক বিশ্বেশ্বর রায় নকুলেশ্বর রায় গীরিশচন্দ্র ঘোষ মহিমাচন্দ্র রায় কৃষ্ণকামিনী চৌধুরাণী ১৫৸/২।। হিস্যা পৃথকর মতে ১৮৫৯। ১১ আইনের ১০ ধারামতে হিসাব পৃথক্‌ হইয়াছে তাহা সেওয়ায় মহাল মজুকুরে ম্যাদী বন্দবস্তগৃহীতাগনের যে স্বত্ব সম্পার্ক তাহা নীলাম হইবেক।

H. C. SUTHERLAND,
Offg. Dy. Collector. in Charge.

জিলা হুগলী।

ইস্তাহারনামা কাছারি কালেক্টরি জিলা হুগলী।

[কোর্ট যেং স্থলে আডমিনিষ্ট্রেটর জেনরল সাহেবের নিরূপণাধিকারিত্বপত্র নিবর্ত্ত করিয়া উইলক্রমে নিরূপিত কর্ম্ম সম্পাদককে কি আসন্ন বন্ধুকে প্রবেট প্রভৃতি দিতে পারেন তাহার কথা ও উইলের প্রমাণ না হইলে ঐ নিরূপণাধিকারিত্বপত্র অন্যথা করিবার প্রার্থনা ছয় মাসের মধ্যে ও অনাবশ্যক বিলম্ববিনা করিতে হইবার কথা।]

২৫ ধারা। যদি মৃত ব্যক্তির উইলক্রমে নিরূপিত কর্ম্মসম্পাদকের কিম্বা আসন্ন বন্ধুর উপর আহ্বানপত্র পর্য্যর্পিত না হয় কিম্বা তিনি তদনুসারে উপস্থিত হইবার সময়মতে যদি ঐ আহ্বানের সংবাদ না পান, আর যদি কোর্টের হৃদ্বোধমতে আডমিনিষ্ট্রেটর জেনরল সাহেবের অগ্রে উইলের প্রবেট কিম্বা নিরূপণাধিকারিত্বপত্র পাইবার স্বত্ব সপ্রমাণ করেন, তবে আডমিনিষ্ট্রেটর জেনরল সাহেবকে এই আইনের শক্তিক্রমে যে নিরূপণাধিকারিত্বপত্র দেওয়া গিয়াছে তাহা অন্যথা ও নিবর্ত্ত করা যাইতে পারিবে, এবং উইলক্রমে নিরূপিত কর্ম্মসম্পাদককে প্রবেট কিম্বা পুর্ব্বোক্ত অন্য ব্যক্তিকে নিরূপণাধিকারিত্বপত্র দেওয়া যাইতে পারিবে। পরন্তু যে স্থলে মৃত ব্যক্তির উইলের কিম্বা তৎসম্বলিত ক্রোড়পত্রের প্রমাণ প্রেসিডেন্সীতে করা যায় সেই স্থলভিন্ন, আডমিনিষ্ট্রেটর জেনরল সাহেবকে ঐ পত্র দেওয়া গেলে পর ছয় মাসের মধ্যে যদি তাহা নিবর্ত্ত করিবার প্রার্থনা না করা যায় আর ঐ প্রার্থনা করিবার বিষয়ে কিম্বা প্রার্থনা যে লিপির ক্ষমতাক্রমে করা যায় তাহ পাঠাইবার বিষয়ে কোন অনুপযুক্ত বিলম্ব হয় নাই ইহা যদি আদালতের হৃদ্বোধমতে প্রমাণ না হয়, তবে

making the application, or in transmitting the authority under which the application shall be made.

[Costs of obtaining administration, commission, &c., may, on revocation, be ordered by Court to be paid to the Administrator General out of the assets.]

XXVI. If any letters of administration which shall be granted to the Administrator General in pursuance of this Act shall be revoked, the Court may order the costs of obtaining such letters of administration, and the whole or any part of any commission which would otherwise have been payable under this Act, together with the costs of the Administrator General in any proceedings taken to obtain such revocation, to be paid to or retained by the Administrator General out of any assets belonging to the estate. Provided that, in any such case, when the deceased has left a Will appointing an executor, and probate of the Will has been granted by any Court in the Presidency to such executor within three months after the death, or when the widow or next-of-kin has, within one month, if resident within the Presidency, or within three months, if resident beyond the Presidency, obtained from any such Court letters of administration to the estate and effects of the deceased, then and in either of such cases the Administrator General shall (without prejudice to the provisions contained in Sections 17 and 18 of this Act) not be entitled to receive or retain any commission out of any assets belonging to such estate and situate within the jurisdiction of the Court by which probate or administration shall have been granted as last aforesaid.

[Exclusion of creditors who have not proved from assets with which a dividend is made. After one year from grant of administration, distribution of assets by Administrator General to be allowed against all claims of which he had no notice. Person receiving payments liable to refund. What to be notice of debt or claim.]

XXVII. Whenever the Administrtor General shall declare a dividend among such creditors of the deceased as have proved their debts, and shall notify the payment of such divident by advertisement in the official *Gazette*, no creditor of the deceased who shall not previously to such declaration and advertisement have proved his debt, shall be entitled to participate as such in the assets wherewith such dividend shall be made. Any payment or delivery of assets to any legatee or to any person entitled in distribution, which shall be made by an Administrator General after the expiration of one year from grant of the letters

আডমিনিষ্ট্রেটর জেনরল সাহেবকে যে নিরূপণাধিকারিত্বপত্র দেওয়া গিয়াছে তাহা পূর্ব্বোক্ত কারণে নিবর্ত্ত কি ব্যর্থ করা যাইবে না ইতি।

[অন্যথা হইলে আডমিনিষ্ট্রেটর জেনরল সাহেবকে সংস্থানহইতে নিরূপণাধিকারিত্ব প্রাপণের খরচ ও কমিস্যনপ্রভৃতির খরচ দিবার আজ্ঞা হইবার কথা।]

২৬ ধারা। আডমিনিষ্ট্রেটর জেনরল সাহেবকে এই আইনঅনুসারে নিরূপণাধিকারিত্বপত্র দেওয়া গেলে পর যদি তাহা নিবর্ত্ত করা যায়, তবে কোর্ট আজ্ঞা করিতে পারিবেন যে, ঐ নিরূপণাধিকারিত্বপত্র পাইবার খরচ এবং তাহা ব্যর্থ না হইলে এই আইনঅনুসারে তিনি যে কমিস্যন পাইতে পারিতেন তাহার সমুদয় কি কোন অংশ এবং নিবর্ত্ত করিবার আজ্ঞা প্রাপণাশয়ে যে কার্য্য করা যায় তাহাতে তাঁহার যে খরচ হইল তাহা আডমিনিষ্ট্রেটর জেনরল সাহেবকে ঐ সম্পত্তির কোন সংস্থানহইতে দেওয়া যায় কিম্বা তিনি তাহা রাখেন। কিন্তু তদ্রূপ কোন স্থলে, যদি মৃত ব্যক্তি উইল লিখিয়া ঐ উইলের কর্ম্মসম্পাদককে নিযুক্ত করিয়া থাকেন, এবং মরণের পর তিন মাসের মধ্যে প্রেসিডেন্সীর কোন কোর্টকর্ত্তৃক ঐ উইলের প্রবেট দেওয়া গিয়া থাকে, কিম্বা স্ত্রী কি আসন্ন বন্ধু প্রেসীডেন্সীর মধ্যে বাস করিলে যদি এক মাসের মধ্যে কিম্বা প্রেসিডেন্সীর বাহিরে বাস করিলে যদি তিন মাসের মধ্যে তদ্রূপ কোন কোর্টহইতে মৃত ব্যক্তির সম্পত্তি ও নিরূপণাধিকারিত্বপত্র গ্রহণ করিয়া থাকেন, তবে উক্ত অন্যতর স্থলে শেষোক্ত প্রবেট কি নিরূপণাধিকারিত্বপত্র যে কোর্টকর্ত্তৃক প্রদত্ত হইয়াছে, সেই কোর্টের বিচারাধিপত্যের মধ্যে ঐ ইষ্টেটের যে কোন সংস্থান থাকে তাহাহইতে আডমিনিষ্ট্রেটর জেনরল সাহেব কোন কমিস্যন গ্রহণ করিতে কি রাখিতে পারিবেন না। কিন্তু ইহাতে এই আইনের ১৭ ও ১৮ ধারার বিধানের ব্যাঘাত হইবে না ইতি।

[যে সংস্থানহইতে ডিবিডেণ্ড দেওয়া যায় উত্তমর্ণেরা ঋণের প্রমাণ না করিলে তদ্দ্বারা উপকার না পাইবার কথা, নিরূপণাধিকারিত্বপত্র প্রদানের এক বৎসর গত হইলে পর আডমিনিষ্ট্রেটর জেনরল সাহেব যে দাওয়ার সম্বাদ পান নাই তাহার বিরুদ্ধে সম্পত্তি বণ্টন দৃঢ়ীভূত হইবার কথা কিন্তু টাকা গ্রাহকেরদের স্থানে ফিরিয়া লইতে পারিবার কথা ও ঋণের কি দাওয়ার সম্বাদ নিরূপণের কথা।]

২৭ ধারা। মৃত ব্যক্তির যে উত্তমর্ণেরা আপনাদের প্রাপ্যের প্রমাণ করিয়াছেন, তাঁহাদের মধ্যে বণ্টন হইবার জন্যে যখন আডমিনিষ্ট্রেটর জেনরল সাহেব ডিবিডেণ্ড প্রকাশ করিয়া রাজকীয় গেজেটে জ্ঞাপনপত্র প্রকাশপূর্ব্বক ঐ ডিবিডেণ্ডের টাকা দাতব্য হইবার সম্বাদ দেন, তখন মৃত ব্যক্তির যে উত্তমর্ণেরা ঐ জ্ঞাপনপত্র ও সম্বাদ প্রকাশ করিবার পূর্ব্বে তাঁহার ঋণের প্রমাণ না করেন, ঐ ডিবিডেণ্ড যে সংস্থানহইতে দেওয়া যায় তাঁহারা উত্তমর্ণস্বরূপ সেই সংস্থানের অংশী হইতে পারিবেন না। আডমিনিষ্ট্রেটর জেনরল সাহেব উইলক্রমে কোন দানপাত্রকে কি নিরূপণাধিকারিত্বপত্রের বলে অংশের স্বত্ব বি. ব্যক্তিকে যে টাকা দেন কি সংস্থান অর্পণ করেন, সেই পত্র দানের

of administration under which such payment or delivery shall be made, shall be allowed to the Administrator General as against all creditors and other claimants against the estate, of whose debts or claims he shall not have had notice before making such payment or delivery: Provided that nothing herein contained shall exempt the person to whom such payment or delivery shall be made, from any liability to refund to which he would otherwise be liable: And provided also, that no notice of any debt or claim shall affect the Administrator General, unless proceedings to enforce the bebt or claim be commenced within one month after the giving of such notice, and be prosecuted without unreasonable delay.

[Letters of administration to be granted to Administrator General in virtue of his office. Authority given by such letters.]

XXVIII. All letters of administration which shall be granted to any Administrator General in virtue of his office shall be granted to him by his name of office, and all letters of administration heretofore granted to the Ecclesiastical Registrar or Administrator General officially, or which shall be granted to any Administrator General in virtue of his office, shall authorize the Administrator General for the time being of the same Presidency to act as administrator of the estate to which such letters of administration shall relate.

[Grant of probate to Administrator General named as executor by virtue of his office.]

XXIX. Every probate which shall be granted to any Administrator General of a Will wherein he shall be named as executor by virtue of his office, shall be granted to him by his name of office, and shall authorize the Administrator General for the time being of the same Presidency to act as executor of the estate to which such probate shall relate.

[Transfer by private executor or administrator of interest under probate or letters of administration.]

XXX. It shall be lawful for any private executor or administrator, with the previous consent of the Administrator General of the Presidency in which the property comprised in the probate or letters of administration is situate, by an instrument in writing under his hand, bearing a stamp of ten rupees and notified in the local *Gazette*, to transfer all estates, effects and interests vested in him by virtue of such probate or letters to the Administrator General by his name of office; and thereupon the transferrer shall be exempt from all liability as such executor or

পর এক বৎসর গত হইলে যদি উত্তমর্ণেরা ও অন্য দাওয়াদারেরা ঐ সম্পত্তির উপর দাওয়া করেন কিন্তু তিনি উক্ত টাকা দিবার কি সম্পত্তি অর্পণ করিবার পূর্ব্বে তাঁহাদের ঋণের কি দাওয়ার সংবাদ না পাইয়া থাকেন তবে আডমিনিষ্ট্রেটর জেনরলের দানাদি তাঁহাদের বিপক্ষে স্থির থাকিবে। পরন্তু যে ব্যক্তিকে ঐ প্রকারের টাকা দেওয়া যায় কি সম্পত্তি অর্পণ করা যায় তিনি যদি অন্য বিধানমতে তাহা ফিরিয়া দিবার দায়ী হইতেন, তবে এই ধারার লিখিত কোন কথাক্রমে সেই দায়হইতে মুক্ত হইবেন না। আরো ঋণের কি দাওয়ার সংবাদ দিবার সময়াবধি এক মাসের মধ্যে যদি সেই ঋণ কি দাওয়া বলবৎ করিবার কার্য্য আরম্ভ হইয়া অনুপযুক্ত বিলম্ব বিনা চালান না যায়, তবে সেই সংবাদে আডমিনিষ্ট্রেটর জেনরল সাহেবের কোন ক্ষতি বৃদ্ধি অর্শিবে না ইতি।

[আডমিনিষ্ট্রেটর জেনরল সাহেবের পদোপলক্ষে তাঁহাকে নিরূপণাধিকারিত্বপত্র দানের কথা, ও ঐ পত্রক্রমে দত্ত ক্ষমতার কথা।]

২৮ ধারা। কোন আডমিনিষ্ট্রেটর জেনরল সাহেবকে তাঁহার পদপ্রযুক্ত যে সকল নিরূপণাধিকারিত্বপত্র দেওয়া যায় তাহা তাঁহার পদের নামোল্লেখে দেওয়া যাইবে। ইতিপূর্ব্বে এক্লিসিআষ্টিকল রেজিষ্ট্রারকে কিম্বা আডমিনিষ্ট্রেটর জেনরল সাহেবের পদোপলক্ষে তাঁহাকে যে সকল নিরূপণাধিকারিত্বপত্র দেওয়া যাইত কিম্বা কোন আডমিনিষ্ট্রেটর জেনরলকে তাঁহার পদোপলক্ষে দেওয়া যায়, তাহার বলে যিনি যে সময়ে সেই রাজধানীতে আডমিনিষ্ট্রেটর জেনরল হন তিনি ঐ নিরূপণাধিকারিত্বপত্র সংক্রান্ত সম্পত্তির নিরূপণাধিকারিত্বকর্ম্ম করিবেন ইতি।

[আডমিনিষ্ট্রেটর জেনরল সাহেবের পদোপলক্ষে তিনি উইলের কর্ম্মসম্পাদক নিরূপিত হইলে তাঁহাকে প্রোবেট দিবার কথা।]

২৯ ধারা। যদি কোন উইলেতে আডমিনিষ্ট্রেটর জেনরল সাহেবের পদোপলক্ষে তাঁহাকে কর্ম্মসম্পাদকতাপদে নিযুক্ত করা যায়, তবে যে প্রবেট দত্ত হয় তাহা তাঁহার পদের খ্যাতানুসারে দেওয়া যাইবে তাহার বলে যিনি যে সময়ে ঐ রাজধানীর আডমিনিষ্ট্রেটর জেনরল হন তিনি তৎকালে ঐ প্রবেট সংক্রান্ত সম্পত্তির কর্ম্মসম্পাদকতা করিতে সমর্থ হইবেন ইতি।

[সাধারণ ব্যক্তি উইলের কর্ম্মসম্পাদক কি দ্রব্য নিরূপণাধিকারী হইলে প্রবেট কিম্বা দ্রব্য নিরূপণাধিকারিত্বপত্রানুসারে যে সম্পর্ক পান তাহা হস্তান্তর করিবার কথা।]

৩০ ধারা। কোন সাধারণ ব্যক্তি উইল নিরূপিত কর্ম্মসম্পাদক কি দ্রব্য নিরূপণাধিকারী হইলে সেই প্রবেট কি পত্রের দ্বারা তাঁহার প্রতি যে সকল সম্পত্তি ও দ্রব্য সামগ্রী ও সম্পর্ক বর্ত্তে তাহা তিনি আডমিনিষ্ট্রেটর জেনরল সাহেবের নামে কি পদের খ্যাতিক্রমে তাঁহার হস্তে অর্পণ করিতে পারিবেন। কিন্তু ঐ প্রবেট কি নিরূপণাধিকারিত্বপত্র যে সম্পত্তি সম্পর্কীয় হয় সেই সম্পত্তি যে প্রেসীডেন্সীর অন্তর্গত থাকে সেই প্রেসীডেন্সীর আডমিনিষ্ট্রেটর জেনরল সাহেবের দশ টাকার ষ্টাম্প কাগজে স্বীয় স্বাক্ষরিত লেখা দ্বারা ঐ সম্পত্তি হস্তান্তর করণ বিষয়ে সম্মতি স্বীকার করা ও স্থানীয় গেজেটে তাহা প্রকাশ করা

administrator as the case may be, for any act or omission in respect of the said property after the date of the said transfer; and the Administrator General for the time being shall have the rights and be subject to the liablities which he would have had, and to which he would have been subject, if the probate or letter of administration, as the case may be, had been granted to him by his name of office at the date aforesaid. Nothing herein contained shall be taken to exempt any such transferrer from liability for acts and omissions in respect of the said property prior to the transfer.

[Vesting of estates, &c., in successor of Administrator General.]

XXXI. All estates, effects and interests which, at the time of the death, resignation or removal from office of any Administrator General, shall be vested in him by virtue of such letters of administration, probates or transfers as aforesaid, shall, upon every such death, resignation or removal, cease to be vested in him, and shall vest in his successor in office immediately upon his appointment thereto. All books, papers and documents kept by such Administrator General by virtue of his office or as such executor or transferree as aforesaid, shall be transferred to and vested in his successor in office.

(b.)—Suits by and against the Administrator General.

[Administrator General to sue and be sued in his representative capacity by his name of office. Suit not to abate by death, &c. Proviso as to costs.]

XXXII. All suits or other proceedings which shall be commenced by or against any Administrator General in his representative character, may be brought by or against him by his name of office, and no suit or other proceedings already commenced or which shall be commenced by or against any person as Administrator General, either alone or jointly with any other person shall abate by reason of the death, resignation or removal from office of any such Administrator General, but the same may, by order of the Court, and upon such terms as to the service of notices or otherwise as the Court may direct, be continued by or against his successor immediately upon his appointment, in the same manner as if no such death, resignation or removal had occurred: Provided that nothing hereinbefore contained shall render any such successor personally liable for any cost incurred prior to the order for continuing the suit against him.

প্রয়োজন। উক্ত হস্তান্তর কার্য্য করা গেলে পর উক্ত সম্পত্তি সম্পর্কীয় যে কোন কার্য্য কি ত্রুটি কর যায় তৎসম্পর্কে নিরূপিত কর্ম্মসম্পাদক কি দ্রব্যনিরূপণাধিকারী স্বরূপে উইলক্রমে ঐ হস্তান্তর কর্ত্তা সকল দায় হইতে মুক্ত হইবেন এবং উক্ত প্রবেট কিম্বা বিষয় বিশেষে নিরূপাণধিকারিত্বপত্র পূর্ব্বোক্ত তারিখে আডমিনিষ্ট্রেটর জেনরল সাহেবের পদের খ্যাত্যনুসারে তাঁহাকে প্রদত্ত হইলে তাঁহার যে স্বত্ব হইত ও তাঁহার প্রতি যে দায় বর্ত্তিত, যিনি যৎকালে আডমিনিষ্ট্রেটর জেনরল হন তাঁহার তৎকালে সেই স্বত্ব ও তাঁহার প্রতি সেই দায় বর্ত্তিবে। কিন্তু হস্তান্তর করণের পূর্ব্বে ঐ সম্পত্তি সম্পর্কে যে কার্য্য ও ত্রুটি করা যায় তাহার দায়হইতে সেই হস্তান্তরকর্ত্তা মুক্ত হন এই ধারার কোন কথায় এমত অর্থ বুঝিতে হইবে না ইতি।

[আডমিনিষ্ট্রেটর জেনরল সাহেবের উত্তরপদধারির প্রতি সম্পাদাদি বর্ত্তাইবার কথা।]

৩১ ধারা। কোন আডমিনিষ্ট্রেটর জেনরল সাহেবের মরণ কি পদ ত্যাগ করণ কি অপসৃত হওন কালে তাঁহার প্রতি পুর্ব্বোক্ত নিরূপণাধিকারিত্বপত্র ও প্রবেট ও হস্তান্তর করণ পত্রের বলে যে সকল সম্পদ ও দ্রব্য সামগ্রী ও সম্পর্ক বর্ত্তে, তাহা তাঁহার মৃত্যুর কি পদত্যাগ কি অপসৃত হওনের পর তাঁহার প্রতি আর বর্ত্তিবে না, ও পশ্চাৎ যিনি সেই পদে নিযুক্ত হন, তাঁহার নিযুক্ত হওনকালেই তাঁহার প্রতি বর্ত্তিবে। উক্ত আডমিনিষ্ট্রেটর জেনরল সাহেব আপন পদের বলে কিম্বা উইলক্রমে নিরূপিত কর্ম্মসম্পাদক কিম্বা হস্তান্তরিত দ্রব্য গ্রহীতাস্বরূপ যে সকল পুস্তক ও লেখ্য ও নিদর্শনপত্র রাখিতেন তাহা তাঁহার উত্তরপদধারিকে দেওয়া যাইবে ও তাঁহার প্রতি অর্শিবে ইতি।

(খ) আডমিনিষ্ট্রেটর জেনরল দ্বারা ও তদ্বিপক্ষ মোকদ্দমার বিধি।

[স্থলাভিষিক্তস্বরূপে আডমিনিষ্ট্রেটর জেনরল সাহেবের পদের খ্যাত্যনুসারে নালিশ করিতে ও তাঁহার নামে নালিশ হইতে পারিবার কথা ও মৃত্যু প্রভৃতির দ্বারা মোকদ্দমা স্থগিত না হইবার কথা ও খরচার উপবিধি।]

৩২ ধারা। স্থলাভিষিক্ত স্বরূপে আডমিনিষ্ট্রেটর জেনরল সাহেবের দ্বারা কি তাঁহার নামে যে সকল মোকদ্দমা কি ব্যবহারঘটিত যে কার্য্য আরম্ভ করা যায়, তাহা তাঁহার পদের খ্যাত্যনুসারে তাহার দ্বারা কি তাঁহার বিপক্ষে উপস্থিত করা যাইবে, এবং আডমিনিষ্ট্রেটর জেনরল স্বরূপ যে ব্যক্তি দ্বারা কি যাঁহার নামে একক কি অন্য ব্যক্তির সহিত সাধারণ্যে কোন মোকদ্দমা কি ব্যবহারঘটিত অন্য কার্য্য আরম্ভ হইয়াছে কি হয় তাহা সেই আডমিনিষ্ট্রেটর জেনরলের মৃত্যু কি কর্ম্ম ত্যাগ কি অপসৃত হওন হেতুক স্থগিত হইবে না। কিন্তু তাঁহার মৃত্যু না হওনের ন্যায় আদালতের আজ্ঞাক্রমে ও আদালত সম্বাদ প্রভৃতি পর্য্যর্পণের যে নিয়ম করেন তাঁহার উত্তরপদধারী নিযুক্ত হইলেই সেই নিয়মানুসারে তাঁহারই দ্বারা কি তাঁহার নামে চলিবে। কিন্তু তাঁহার নামে মোকদ্দমা চলিবার আজ্ঞা হইবার পুর্ব্বে যে কোন খরচ বর্ত্তিয়াছে তজ্জন্যে সেই উত্তরপদধারী স্বয়ং দায়ী হন এই ধারার লিখিত কোন কথার এমন অর্থ হইবে না ইতি।

[Creditors' suits against Administrator General.]

XXXIII. If any suit shall be brought by a creditor against any Administrator General in his representative character, the plaintiff shall be liable to pay the cost of the suit and shall not be entitled to have the decree (if any) in such suit enforced, unless upon proof by affidavit or otherwise that not less than one calendar month previous to the institution of the suit he had applied in writing to the Administrator General, stating the amount and other particulars of the claim, and supporting the same by such evidence as, under the circumstances of the case, the Administrator General was reasonably entitled to requrie, and that the Administrator General had refused or neglected to register the claim according to the practice of his office. If any such suit judgment is pronounced in favour of the plaintiff, he shall, nevertheless, be only entitled to payment out of the assets of the deceased *pari passu* with the other creditors.

[আডমিনিষ্ট্রেটর জেনরল সাহেবের নামে উত্তমর্ণেরদের মোকদ্দমা করিবার কথা।]

৩৩ ধারা। যদি কোন উত্তমর্ণ আডমিনিষ্ট্রেটর জেনরল সাহেবের স্থলাভিষিক্ত পদোপলক্ষে তাহার নামে মোকদ্দমা উপস্থিত করেন, তবে সেই মোকদ্দমা উপস্থিত করিবার পূর্ব্বে ইংলণ্ডীয় পঞ্জিকামতে এক মাস থাকিতে আপনি যত টাকার দাওয়া করিবেন তাহা ও অন্য বৃত্তান্ত লিখিয়া আডমিনিষ্ট্রেটর জেনরল সাহেবকে জ্ঞাত করিয়াছেন, এবং গতিক বিশেষে আডমিনিষ্ট্রেটর জেনরল সাহেব যুক্তিমতে যে প্রমাণ চাহিতে পারেন এমত প্রমাণ দ্বারা সেই দাওয়ার প্রতিপোষণ করিয়াছেন এবং আডমিনিষ্ট্রেটর জেনরল সাহেব আপন কার্য্যালয়ের রীতিমতে সেই দাওয়া রেজিষ্টর করিতে অস্বীকার কি উপেক্ষা করিয়াছেন, এই কথা যদি আফিডেবিটক্রমে কি প্রকারান্তরে সপ্রমাণ করিতে না পারেন, তবে মোকদ্দমার খরচা বাদির দিতে হইবে ও সেই মোকদ্দমার ডিক্রী হইলেও তিনি সেই ডিক্রী প্রবল করাইতে স্বত্ববান হইবেন না। তদ্রূপ কোন মোকদ্দমায় যদিও বাদির পক্ষে নিষ্পত্তি হয় তথাপি তিনি মৃত ব্যক্তির সংস্থানহইতে কেবল অন্য উত্তমর্ণেরদের সহিত সমান হারে শোধ পাইতে সক্ষম হইবেন ইতি।

(c).—*Grant of Certificates by the Administrator General.*

(গ) আডমিনিষ্ট্রেটর জেনরল সাহেবের দ্বারা সর্টিফিকট দিবার উপবিধি।

[In what case Administrator General may grant certificate. No certificate to be granted where probate or administration taken out, or in respect of money in Government Savings' Bank.]

XXXIV. Whenever any person, not being a Hindú, Muhammedan or Buddhist, or exempted under the Indian Succession Act, 1865, Section 332, from the operation of that Act, shall have died, whether within any of the said Presidencies or not, whether before or after the passing of this Act, and whether testate or intestate, and shall have left moveable assets within any of the said Presidencies, and the Administrator General of such Presidency shall be satisfied that such assets do not exceed in the whole one thousand rupees in value, he may, after the lapse of one month from the death if he shall think fit, or before the lapse of the said month if he shall be requested so to do by writing under the hand of the executor or the widow or other person entitled to administer the effects of the deceased, grant to any person claiming otherwise than as a creditor to be entitled to a share of such effects, certificates under his hand entitling the claimant to receive the sums or securites for money therein severally mentioned, belonging to the effects of the deceased, to the value of any sum not exceeding in the whole one thousand rupees: Provided that no certificate shall be granted under this Section

[আডমিনিষ্ট্রেটর জেনরল সাহেব যে স্থলে সর্টিফিকট দিতে পারিবেন তাহার কথা এবং প্রবেট কি নিরূপণাধিকারিত্বপত্র গ্রহণ হইলে, কিম্বা গবর্ণমেন্ট-সেবিংস ব্যাঙ্কে যে টাকা থাকে তদ্বিষয়ে সর্টিফিকট না দিবার কথা।]

৩৪ ধারা। হিন্দু কি মুসলমান কি বৌদ্ধ ভিন্ন এবং উত্তরাধিকারিত্ব বিষয়ক ভারতবর্ষীয় ১৮৬৫ সালের আইনের ৩৩২ ধারামতে যাঁহারা ঐ আইনের বিধানের বহির্ভূত হন তাঁহারা ভিন্ন কোন ব্যক্তি এই আইন প্রচলিত হইবার পূর্ব্বে কি পরে উক্ত কোন প্রেসিডেন্সীর মধ্যে অস্থাবর সম্পত্তি রাখিয়া ঐ প্রেসীডেন্সীর অন্তর্গত কি বহির্ভূত কোন স্থানে উইল লিখিয়া কি না লিখিয়া মরিলে, সেই সংস্থান এক সহস্র টাকার অধিক মূল্যের নয় ঐ প্রেসিডেন্সীর আডমিনিষ্ট্রেটর জেনরল সাহেব যদি ইহা হৃদ্বোধমতে জানেন, তবে যে ব্যক্তি উত্তমর্ণ ভিন্ন কারণান্তরে আপনাকে ঐ দ্রব্যের প্রধান অংশের স্বত্ববান বলিয়া প্রকাশ করেন তাঁহাকে তিনি উপযুক্ত বোধ করিলে ঐ মৃত্যুর এক মাস পরে কিম্বা মৃত ব্যক্তির উইলের কর্ম্মসম্পাদকের কি স্ত্রীর কি দ্রব্য নিরূপণাধিকারের স্বত্ববান্ অন্য ব্যক্তির স্বাক্ষরিত পত্রক্রমে আদিষ্ট হইলে উক্ত এক মাসের পূর্ব্বে সেই ব্যক্তিকে আপনার স্বাক্ষরিত সর্টিফিকট দিবেন তৎক্রমে মৃত ব্যক্তির সম্পদের অন্তর্গত যে টাকা কি টাকার যে নিদর্শনপত্র ঐ সর্টিফিকটে নির্দ্দিষ্ট থাকে দাওয়াদার এক সহস্র টাকার অনধিক মূল্যের সেই টাকা প্রভৃতি গ্রহণ করিতে স্বত্ববান হইবেন। কিন্তু যদি মৃত ব্যক্তির উইলের প্রবেট কিম্বা তাঁহার দ্রব্য নিরূপণাধিকারিত্বপত্র পূর্ব্বে দেওয়া গিয়া থাকে, তবে তদ্বিষয়ে অথবা গবর্ণমেন্টসেবিংব্যাঙ্কে যে টাকা গচ্ছিত

where probate of the deceased's Will or letters of administration of his effects has or have been granted, or in respect of any sum of money deposited in a Government Savings' Bank.

[Grant of certificate to creditors. Proviso.]

XXXV. If in cases falling within Section 34 of this Act no person claiming otherwise than as a creditor to be entitled to a share of the effects of the deceased shall within three months, obtain a certificate from the Administrator General under the same Section, or letters of administration to the estate and effects of the deceased, the Administrator General may administer the estate without letters of administration, in the same manner as if such letters of administration had been granted to him ; and if he shall neglect or refuse to take upon himself the administration of the estate and effects, he shall, upon the application of a creditor and upon being satisfied of his title, grant a certificate in the same manner as if such creditor were entitled to a share of the effects of the deceased, and such certificate shall have the same effect as a certificate granted under the provisions of the same Section, and shall be subject to all the provisions of this Act which are applicable to such certificate : Provided that the Administrator General may, before granting such certificate, if he think fit, require the creditor to give reasonable security for the due administration of the estate and effects of the deceased.

[Administrator General not bound to grant certificate unless satisfied of claimant's title, &c.]

XXXVI. The Administrator General shall not be bound to grant any such certificate, unless he shall be satisfied of the title of the claimant and of the value of the effects of the deceased, either by the oath or solemn affirmation of the claimant (which oath or affirmation the Administrator General is hereby authorized to administer or take), or by such other evidence as he shall require.

[Copy of cerificate with receipt annexed, when signed by certificate-holder, to be a discharge. Right of executor or administrator against certificate-holder. Right of creditor against assets in hands of certificate-holder.]

XXXVII. A copy of any such certificate with a receipt annexed shall when such copy and receipt are signed by the person to whom the certificate has been granted, be a full discharge for payment or delivery to him of the money or security for money therein mentioned, to the person paying or delivering the same : but nothing in this Act shall preclude any executor or administrator of the deceased from recovering, from

হয় তদ্বিষয়ে এই ধারামত সর্টিফিকট দেওয়া যাইবে না ইতি।

[উত্তমর্ণদিগকে সর্টিফিকট দিবার কথা ও উপবিধি।]

৩৫ ধারা। যদি কোন ব্যক্তি এই আইনের ৩৪ ধারার নির্দ্দিষ্ট স্থলে আপনাকে মৃত ব্যক্তির সম্পদের প্রধান অংশের স্বত্ত্ববান প্রকাশ করিয়া তিন মাসের মধ্যে সেই ধারামতে আডমিনিষ্ট্রেটর জেনরল সাহেবের স্থানে সর্টিফিকট কিম্বা মৃত ব্যক্তির সম্পত্তির ও দ্রব্য সামগ্রীর নিরূপণাধিকারিত্বপত্র প্রাপ্ত না হন, তবে আডমিনিষ্ট্রেটর জেনরল সাহেব নিরূপণাধিকারিত্বপত্র প্রাপ্ত হওয়ার ন্যায় ঐ পত্রবিনা সেই সম্পত্তি নিরূপণ করিতে পারিবেন। যদি তিনি স্বয়ং ঐ সম্পত্তির ও দ্রব্য সামগ্রীর নিরূপণাধিকারিত্ব কার্য্য করিতে শৈথিল্য কি অস্বীকার করেন, তবে কোন উত্তমর্ণ প্রার্থনা করিলে ও তিনি ঐ উত্তমর্ণের স্বত্ব হৃদ্বোধমতে জানিলে সেই মৃত ব্যক্তির দ্রব্যসামগ্রীর প্রধানাংশের স্বত্ববানের ন্যায় সেই মহাজনকে সর্টিফিকট দিবেন ও সেই সর্টিফিকট ঐ ধারার বিধানমতে দত্ত সর্টিফিকটের তুল্য ফলবৎ হইবে ও এই আইনের যে সকল বিধান পূর্ব্বোক্ত সর্টিফিটের প্রতি বর্ত্তে তাহা শেষোক্ত সর্টিফিকটের প্রতিও বর্ত্তিবে। কিন্তু আডমিনিষ্ট্রেটর জেনরল সাহেব উপযুক্ত বোধ করিলে সেই সর্টিফিকট দিবার পূর্ব্বে উত্তমর্ণকে মৃত ব্যক্তির সম্পদ ও দ্রব্য সামগ্রী উপযুক্তমতে নিরূপণ করিবার যুক্তিমত প্রাতিভাব্য দিতে আজ্ঞা করিতে পারিবেন ইতি।

[দাওয়াদারের স্বত্বাদি হৃদ্বোধমতে না জানিলে আডমিনিষ্ট্রেটর জেনরল সাহেবের সর্টিফিকট দিতে না হইবার কথা।]

৩৬ ধারা। আডমিনিষ্ট্রেটর জেনরল সাহেব দাওয়াদারের শপথ কি ধর্ম্মতঃ প্রতিজ্ঞাক্রমে কি অন্য যে প্রমাণ চাহেন তৎক্রমে দাওয়াদারের স্বত্ব ও মৃত ব্যক্তির দ্রব্য সামগ্রীর মূল্য হৃদ্বোধমতে জ্ঞাত না হইলে, তিনি তদ্রূপ কোন সর্টিফিকট প্রদান করিতে আবদ্ধ নহেন। আডমিনিষ্ট্রেটর জেনরল সাহেব এতৎক্রমে উক্ত শপথ ও প্রতিজ্ঞা করাইতে ক্ষমতাপন্ন হইলেন ইতি।

[সর্টিফিকটপ্রাপ্ত ব্যক্তি রসীদে স্বাক্ষর করিলে রসীদ সম্বলিত সর্টিফিকট যথোচিত মুক্তিপত্র হইবার কথা সর্টিফিকটপ্রাপ্ত ব্যক্তির বিপক্ষে উইলের কর্ম্মসম্পাদকের কি নিরূপণাধিকারির স্বত্বের কথা ও সর্টিফিকটগৃহীতার হস্তে যে সংস্থান থাকে তদ্বিপক্ষে উত্তমর্ণের স্বত্বের কথা।]

৩৭ ধারা। যাঁহাকে সর্টিফিকট দেওয়া গেল, তিনি তাহার প্রতিলিপিতে ও তৎসংযুক্ত রসীদে স্বাক্ষর করিলে, ঐ পত্র লিখিত টাকা কি টাকার নিদর্শনপত্র দাতা কি অর্পণকারকের পক্ষে ঐ রসীদ সম্বলিত ঐ সর্টিফিকটের প্রতিলিপি সম্পূর্ণ মুক্তিপত্র স্বরূপ জ্ঞান হইবে। কিন্তু সেই ব্যক্তি দ্রব্য নিরূপণের যথার্থ প্রণালীক্রমে যে সকল ঋণ কি অন্য ন্যায্য দাওয়া শোধ করেন তাহা বাদ দিয়া তাঁহার হাতে যত টাকা থাকে মৃত ব্যক্তির উইলক্রমে নিরূপিত কর্ম্মসম্পাদক

the person receiving the same the amount remaining in this hands after deducting the amount of all debts or other demands lawfully paid or discharged by him in due course of administration. And any creditor or claimant against the estate of the deceased shall be at liberty to recover his debt or claim out of the assets received by such person and remaining in his hands unadministered, in the same manner and to the same extent as if such person had obtained letters of administration to the estate of the deceased.

[Administrator Generl not bound to take out administration on account of effects in respect of which he has granted certificate.]

XXXVIII. The Administrator General shall not be bound to take out letters of administration to the estate of any deceased person on account of the effects in respect of which he shall grant any such certificate, but he may do so if he shall discover any fraud or misrepresentaion made to him, or that the value of the estate exceeded one thousand rupees.

[Fee for certificate.]

XXXIX. For every such certificate the Administrator General shall be entitled to charge a fee calculated after the rate of three rupees in the hundred on the amout mentioned in the certificate.

(d).—Expenses of the Administrator General's Establishment.

[Administrator General to defray expenses of establishment, and all other charges not expressly provided for.]

XL. The Administrator General shall defray all the expenses of the establishment necessary for his office, and all other charges to which the said office shall be subject, except those for which express provision is made by this Act.

(e).—Accounts and Schedules.

[Administrator General to keep a separate account for each estate, to be open to inspection on payment of fee.]

XLI. The Administrator General of each of the said Presidencies shall enter into books to be kept by him for that purpose, separate and distinct accounts of each estate, and of all such sums of money, bonds and other securities for money, goods, effects and things as shall come to his hands, or to the hands of any person employed by him or in trust for him under this Act; and likewise of all payments made by him on account of such estate, and of all debts due by or to the same, specifying the dates of such receipts and payments respectively. Such books shall be kept in the Administrator General's

কিম্বা দ্রব্যনিরূপণাধিকারী তাঁহার স্থানে ঐ টাকা আদায় করিতে পারিবেন এই আইনের কোন কথাতে ইহার বাধা নাই। এবং ঐ ব্যক্তি সেই মৃত ব্যক্তির দ্রব্য নিরূপণাধিকারিত্বপত্র প্রাপ্ত হইলে কোন উত্তমর্ণ কিম্বা মৃত ব্যক্তির সম্পত্তির উপর কোন দাওয়াদার যে প্রকারে ও যত দূর ঐ ঋণ আদায় কি দাওয়া করিতে পারিতেন ঐ ব্যক্তির প্রাপ্ত যে সংস্থান অনিরূপিত হইয়া তাঁহার হস্তে থাকে তাহাহইতে আপনার ঋণাদায় কি দাওয়া করিতে সক্ষম হইবেন ইতি।

[আডমিনিষ্ট্রেটর জেনরল যে সম্পত্তির বিষয়ে সর্টিফিকট দেন তজ্জন্যে নিরূপণাধিকারিত্বপত্র গ্রহণ করিতে তাঁহার আবদ্ধ না হওয়ার কথা।]

৩৮ ধারা। আডমিনিষ্ট্রেটর জেনরল সাহেব মৃত ব্যক্তির যে দ্রব্য সামগ্রীর বিষয়ে পূর্ব্বোক্ত প্রকারের সর্টিফিকট দিয়া থাকেন তিনি সেই দ্রব্যের নিরূপনাধিকারিত্বপত্র গ্রহণ করিতে আবদ্ধ নহেন। কিন্তু যদি তাঁহার নিকটে কোন প্রতারণা প্রকাশ হয় কি মিথ্যা কথা কহা যায় কিম্বা যদি তিনি সম্পত্তির মূল্য এক সহস্র টাকার অধিক জানিতে পান, তবে নিরূপণাধিকারিত্বপত্র লইতে পারিবেন ইতি।

[সর্টিফিকটের জন্যে ফীর কথা।]

৩৯ ধারা। আডমিনিষ্ট্রেটর জেনরল সাহেব তদ্রূপ প্রত্যেক সর্টিফিকটের নিমিত্তে ঐ সর্টিফিকটের লিখিত শত টাকার প্রতি তিন টাকা ফী লইতে পারিবেন ইতি।

(ঘ) আডমিনিষ্ট্রেটর জেনরল সাহেবের কর্ম্মচারিগণের বিধি।

কর্ম্মচারিদের ব্যয় ও অন্য যে সকল ব্যয়ের স্পষ্ট বিধান নাই তাহা আডমিনিষ্ট্রেটর জেনরলের দিবার কথা।]

৪০ ধারা। আডমিনিষ্ট্রেটর জেনরল সাহেবের কার্য্যালয়ের নিমিত্তে যত কর্ম্মচারির আবশ্যক তিনি তাহাদের বেতনাদি দিবেন, এবং এই আইনে উক্ত কার্য্যালয় সংক্রান্ত যে সকল খরচের স্পষ্ট বিধান হয় নাই তাহাও দিবেন ইতি।

(ঙ) হিসাবের ও তফসীলের বিধি।

[আডমিনিষ্ট্রেটর জেনরল সাহেবের নানা সম্পত্তির স্বতন্ত্র হিসাব রাখিবার এবং ফী লইয়া দৃষ্টি করিতে অনুমতি দিবার কথা।]

৪১ ধারা। উক্ত প্রত্যেক রাজধানীর আডমিনিষ্ট্রেটর জেনরল সাহেব প্রত্যেক সম্পদের স্বতন্ত্র ও পৃথক্ হিসাব, এবং এই আইনানুসারে তাঁহার হাতে কিম্বা তাঁহার দ্বারা নিযুক্ত কি তাঁহার পক্ষে ন্যাসস্বরূপে কোন ব্যক্তির হাতে যে সকল নগদ টাকা ও বণ্ড ও টাকার অন্য নিদর্শনপত্র ও সম্পত্তি ও দ্রব্য আইসে তাহার পৃথক্ হিসাব লিখিবার বহী রাখিয়া তাহাতে লিখিবেন। আর উক্ত সম্পদের নিমিত্তে তিনি যে সকল টাকা দেন তাহা এবং সম্পদের দেনা পাওনা সকল টাকা ঐ হিসাবের বহীতে লিখিবেন আর ঐ টাকা পাওনের ও দেওনের তারিখ নির্দ্দিষ্ট করিয়া লিখিবেন। ঐ বহী আডমিনিষ্ট্রেটর জেনরল সাহেবের কার্য্যালয়ে থাকিবে, এবং উক্ত আদা

office, and shall be open for the inspection of all such persons, practitioners in the said Courts and others, as may have occasion to inspect the same at office hours, paying only such reasonable fee as hath been or shall be from time to time fixed by the Government and published in the official *Gazette* of the Presidency to which the same may relate.

[Administrator General to furnish half-yearly schedules. Schedules to be filed and published.]

XLII. The Administrator General of each of the said Presidencies shall twice in every year, that is to say, on or before the first day of April and on or before the first day of October, or on such other days as the Government shall, by any rules or orders to be published as aforesaid, direct, exhibit and deliver, in the High Court at Calcutta, Madras or Bombay, as the case may be, a true schedule showing the gross amount of all sums of money received or paid by him on account of each estate in his charge, and the balances during the period of six months ending severally on the thirty-first day of December and thirtieth day of June next before the day of delivering such schedule, and a true list of all bonds or other securities received on account of each of the said estates during the same period; and also a true schedule of all administrations whereof the final balances shall have been paid over to the persons entitled to the same, during the same period, specifying the amount of such balances and the persons to whom paid. Such schedules shall be filed of record in such High Court, and shall, within fourteen days afterwards be published in the official *Gazette* of the Presidency by the said Administrator General; and copies thereof in triplicate shall be delivered by such Administrator General to the Government, and shall be sent by such Government to the Secretary of State for India, in order that such Secretary may, if he think fit so to do, order the same to be deposited at the India Office for public inspection, and may cause notices to be published in the *London Gazette* and other leading newspapers, that such schedules are open to inspection there, or may make such other orders respecting the same as he may think fit.

লতের উকীল প্রভৃতি যে সকল ব্যক্তি তাহা দৃষ্টি করিতে চাহেন তাঁহারা কার্য্যালয়ের কার্য্য চলিবার সময়ে উপযুক্ত ফী দিয়া দেখিতে পারিবেন। গবর্ণমেণ্ট সময়ে২ ঐ ফী নিরূপণ করিয়া ঐ সম্পাদ যে রাজধানী সম্পর্কীয় হয় তত্রত্য রাজকীয় গেজেটে প্রকাশ করিবেন ইতি।

[আডমিনিষ্ট্রেটর জেনরল সাহেবের যাণ্মাসিক তফসীল দিবার কথা ও তাহা গাঁথিয়া রাখিবার ও প্রকাশ করিবার কথা।]

৪২ ধারা। উক্ত প্রত্যেক প্রসিডেন্সীর আডমিনিষ্ট্রেটর জেনরল সাহেব প্রতিবৎসর দুইবার অর্থাৎ আপ্রিল মাসের প্রথম দিবসে কি তৎপূর্ব্বে ও অক্টোবর মাসের প্রথম দিবসে কি তৎপূর্ব্বে কিম্বা গবর্ণমেণ্ট পূর্ব্বোক্তমতে কোন বিধি কি আজ্ঞা প্রকাশ করিয়া অন্য যে দিবস নিরূপণ করেন সেই দিবসে কলিকাতার কিম্বা স্থলবিশেষে মান্দ্রাজের কি বোম্বাইয়ের হাই কোর্টে যথার্থ তফসীল প্রকাশ করিয়া অর্পণ করিবেন। তাঁহার হস্তস্থিত প্রত্যেক সম্পত্তির জন্যে যত টাকা গ্রহণ কি দান করেন ও সেই তফসীল অর্পণ করিবার পূর্ব্ব ডিসেম্বর মাসের ৩১ তারিখে ও জুন মাসের ৩০ তারিখে যে ছয় মাস অতীত হয় তৎকালের যত টাকা উদ্বর্ত্ত থাকে তাহার তফসীল ও সেই কালের মধ্যে উক্ত প্রত্যেক সম্পত্তির জন্যে যে সকল বণ্ড কি অন্য নিদর্শনপত্র প্রাপ্ত হন তাহার যথার্থ নির্ঘণ্ট অর্পণ করিবেন, এবং কোন ব্যক্তির দ্রব্য নিরূপণ করণানন্তর সেই কালের মধ্যে তাহার অবশিষ্ট টাকা পাইবার স্বত্ববান যে২ ব্যক্তিকে যত টাকা দিয়াছেন তাহা নির্দ্দিষ্ট করিয়া দেখাইবেন ও যথার্থ তফসীল অর্পণ করিবেন। ঐ২ তফসীল ঐ হাই কোর্টের কাগজপত্রের মধ্যে গাঁথা যাইবে তৎপরে ঐ আডমিনিষ্ট্রেটর জেনরল সাহেব চৌদ্দ দিবসের মধ্যে প্রসিডেন্সীর রাজকীয় গেজেটে তাহা প্রকাশ করিবেন। আরো তাহার তিন২ প্রস্থ প্রতিলিপি ঐ গবর্ণমেণ্টের নিকটে উপস্থিত করিবেন এবং ঐ গবর্ণমেণ্ট ভারতবর্ষের পক্ষে শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেবের নিকটে প্রেরণ করিবেন। উক্ত সেক্রেটারী সাহেব উচিত বোধ করিলে সর্ব্বসাধারণের দৃষ্টির জন্যে তাহা ইণ্ডিয়া আফিসে অর্পণ করিবেন এবং ঐ তফসীল সেই স্থানে সকল লোকের দেখিবার জন্যে রহিয়াছে এই কথা লণ্ডন গেজেটে এবং অন্যান্য প্রধান সম্বাদপত্রে প্রকাশ করিতে পারিবেন ও তদ্বিষয়ে অন্য যে কোন আজ্ঞা উচিত বোধ করেন তাহা করিতে পারিবেন ইতি

PART IV.

Of the Audit of the Administrator General's Accounts.

[Government to appoint auditors.]

XLIII. The Government shall from time to time appoint auditors to examine the accounts of the Administrator General at the times of the

চতুর্থ খণ্ড।

আডমিনিষ্ট্রেটর জেনরল সাহেবের হিসাব আডিট করিবার বিধি।

[আডিটরদিগকে নিযুক্ত গবর্ণমেণ্টের করিবার কথা।]

৪৩ ধারা। ঐ তফসীল অর্পণ করণের সময়ে, ও গবর্ণমেণ্ট অন্য যে কোন সময় উপযুক্ত বোধ করেন সেই সময়ে, গবর্ণমেণ্ট আডমিনিষ্ট্রেটর জেনরল

delivery of the said schedules, and also at any other time when the Government shall think fit.

সাহেবের হিসাব সমালোচন করিবার জন্যে আডিটরদিগকে নিযুক্ত করিবেন ইতি।

[Auditors to examine schedule and report to Government.]

[আডিটরেরদের তফসীল সমালোচন করিয়া গবর্ণমেণ্টে রিপোর্ট করিবার কথা।]

XLIV. The auditors shall examine the schedules and accounts, and report to the Government whether they contain a full and true account of every thing which ought to be inserted therein, and whether the books which by this Act are, or which by any such general rules and orders as hereinafter mentioned shall be, directed to be kept by the Administrator General, have been duly and regularly kept, and whether the assets and securities have been duly kept and invested and deposited in the manner prescribed by this Act, or which shall be prescribed by any such rules and orders to be made as aforesaid.

৪৪ ধারা। ঐ আডিটরেরা তফসীল ও হিসাব সমালোচন করিবেন। তাহার মধ্যে যে২ বিষয় লেখা উচিত সেই২ বিষয়ের সম্পূর্ণ ও যথার্থ বৃত্তান্ত লেখা হইয়াছে কি না, আর এই আইনদ্বারা অথবা পশ্চাল্লিখিত কোন সাধারণ বিধান ও আজ্ঞাদ্বারা উক্ত আডমিনিষ্ট্রেটর জেনরল সাহেবের প্রতি যে২ বহী রাখিবার আজ্ঞা হইয়াছে বা হয় সেই২ বহী উপযুক্ত ও নিয়মমতে রাখা গিয়াছে কি না, আর এই আইনদ্বারা কিম্বা পূর্ব্বোক্তমতে যে কোন বিধান ও আজ্ঞা করা যায় তাহাতে যে প্রকার নির্দ্দিষ্ট হইয়াছে বা হয় সেই প্রকারে সংস্থান ও নিদর্শনপত্র রীতিমতে রাখা গিয়াছে ও গচ্ছিত হইয়াছে ও অর্পিত করা গিয়াছে কি না, এই২ কথা গবর্ণমেণ্টের নিকটে রিপোর্ট করিবেন ইতি।

[Auditors to have power to summon witnesses and to call for books, &c. Penalty for non-attendance.]

[আডিটরদিগের সাক্ষি আহ্বান করিবার ও পুস্তকাদি আনাইবার ক্ষমতার কথা। ও উপস্থিত না হইবার দণ্ডের কথা।]

XLV. Every auditor shall have power to summon as well the Administrator General as any other person whose presence he may think necessary, to attend him from time to time; and to examine the Administrator General or other person if he shall think fit, on oath or solemn affirmation to be by him administered; and to call for all books, papers, vouchers and documents, which shall appear to him to be necessary for the purposes of the said reference. If the Administrator General or other person when summoned shall refuse, or, without reasonable cause, neglect to attend or to produce any book, paper, voucher or document so required, or shall attend and refuse to be sworn or make a solemn affirmation, when by law an affirmation may be substituted for an oath, or shall refuse to be examined, the auditors shall certify such neglect or refusal in writing to the High Court at the Presidency town; and every person so refusing or neglecting shall thereupon be punishable in like manner as if such refusal or neglect had been in contempt of the said High Court.

৪৫ ধারা। প্রত্যেক আডিটর উক্ত আডমিনিষ্ট্রেটর জেনরল সাহেবকে এবং অন্য যে ব্যক্তিকে উপস্থিত করাণ আবশ্যক বোধ করেন তাঁহাকে সময়ে২ আপনার নিকট উপস্থিত হইতে আহ্বান করিতে পারিবেন। আর তিনি উচিত বোধ করিলে ঐ আডমিনিষ্ট্রেটর জেনরল সাহেবকে বা অন্য ব্যক্তিকে শপথ বা ধর্ম্মতঃ প্রতিজ্ঞা করাইয়া তাঁহার কি তাঁহারদের পরীক্ষা লইতে পারিবেন। আর উক্ত প্রকারে সমালোচনের নিমিত্তে যে পুস্তক ও কাগজপত্র ও প্রমাণপত্র ও লেখ্য আবশ্যক জ্ঞান করেন তাহা আনিবার আজ্ঞা দিতে পারিবেন। যদি ঐ আডমিনিষ্ট্রেটর জেনরল সাহেব বা অন্য ব্যক্তি আহূত হইলেও উপস্থিত হইতে অথবা আজ্ঞা পাইলেও পুস্তক বা কাগজপত্র কি প্রমাণপত্র কি লেখ্য উপস্থিত করিতে অস্বীকার অথবা উপযুক্ত কারণ বিনা শৈথিল্য করেন, অথবা যদি উপস্থিত হইয়া শপথ করিতে স্বীকার না করেন কি যে স্থলে শপথের পরিবর্ত্তে আইনঅনুসারে প্রতিজ্ঞা হইতে পারে সেই স্থলে ধর্ম্মতঃ প্রতিজ্ঞা করিতে স্বীকার না করেন অথবা পরীক্ষা দিতে স্বীকৃত না হন, তবে ঐ আডিটরেরা ঐ রাজধানীর হাই কোর্টে ঐ অস্বীকার কি শৈথিল্যের কথা লিখনক্রমে জ্ঞাত করিবেন এবং উক্ত হাই কোর্টের অবজ্ঞাপূর্ব্বক সেই শৈথিল্য কি অস্বীকার করিলে যেরূপ দণ্ড হইত সেই অস্বীকার কি শৈথিল্যকারি প্রত্যেক ব্যক্তির সেইরূপ দণ্ড হইবে ইতি।

[Costs of preparing schedules, &c., how to be paid.]

[তফসীল প্রভৃতি প্রস্তুত করণের খরচ যে প্রকারে দেওয়া যাইবে তাহার কথা।]

XLVI. The costs and expenses of preparing and publishing the said schedules and copies thereof, and of every such reference and examination as aforesaid, shall be defrayed by all the estates to which such schedules or accounts shall relate. Such costs and expenses and the portion thereof to be contributed by each of the said

৪৬ ধারা। উক্ত তফসীল কি হিসাব যে সম্পত্তি সংক্রান্ত হয় সেই সম্পত্তিহইতে ঐ তফসীল ও তাহার প্রতিলিপি প্রস্তুত ও প্রকাশ করণের এবং ঐ সমালোচন ও পরীক্ষা করণের ব্যয় ও খরচ দেওয়া যাইবে। ঐ খরচ ও ব্যয় ও তাহার যে অংশ উক্ত যে সম্পদহইতে লওয়া যাইবে তাহা আডিটরেরা নিরূপণ করিয়া স্থির করিবেন, ও গবর্ণমেণ্ট অনুমোদন করিলে আড-

estates, shall be ascertained and settled by the auditors, subject to the approval of the Government, and shall be paid out of the said estates accordingly by the Administrator General.

মিনিষ্ট্রেটর জেনরল সাহেব তদনুসারে উক্ত সম্পত্তি-হইতে তাহা দিবেন ইতি।

[Auditors to report specially to Government if accounts appear not correct.]

XLVII. If upon any such reference and examination the auditors shall see reason to believe that the said schedules do not contain a true and correct account of the matters therein contained or which ought to be therein contained, or that the assests have not been duly kept and invested or deposited in the manner directed by this Act, or which shall be directed by any such rules and orders as aforesaid, or that the Administrator General has failed to comply with the provisions and directions of this Act or of any such rules and orders, they shall report accordingly to the Government.

[হিসাব অশুদ্ধ বোধ হইলে গবর্ণমেণ্টের নিকটে আডিটরেরদের বিশেষ রিপোর্ট করিবার কথা।]

৪৭ ধারা। ঐ তফসীলে যে কথা লেখা আছে কি লেখা উচিত তাহার সত্য ও যথার্থ বিবরণ হয় নাই কিম্বা এই আইনের কিম্বা পূর্ব্বোক্ত কোন বিধির ও আজ্ঞার আদেশমতে সংস্থান উপযুক্তরূপে রক্ষিত ও গচ্ছিত কি অর্পিত হয় নাই কিম্বা আডমিনিষ্ট্রেটর জেনরল সাহেব এই আইনের কিম্বা পূর্ব্বোক্ত কোন বিধির ও আজ্ঞার বিধান ও আদেশানুসারে কর্ম্ম করেন নাই আডিটরেরা তদ্রূপ সমালোচন ও পরীক্ষা কালে ইহা বিশ্বাস করিবার কারণ জানিলে তদনুসারে গবর্ণমেণ্টে রিপোর্ট করিবেন ইতি।

[Proceedings upon such report.]

XLVIII. The Government may refer every such report af last aforesaid to the consideration of the Advocate-General for the Presidency, who shall thereupon, if he shall think fit proceed summarily against the defaulter or his executor or administrator in the High Court in the Presidency town, by petition for an account, or to compel obedience to this Act or to such rules and orders as aforesaid, or otherwise as he may think fit, in respect of all or any of the estates then or formerly under the administration of such defaulter; and the said Advocate-General shall have power to exhibit interrogatories to the said Administrator General, executor or administrator (hereinafter called the defendant), who shall be bound to answer the same as fully as if a commission had been issued under the provisions of the Code of Civil Procedure for his examination upon the said interrrogatories. The Court shall have power upon any such petition to compel the attendance in Court of the defendant and any witnesses who may be thought necessary, and to examine them orally or otherwise as the said Court shall think fit, and to make and enforce such order or orders as the Court shall think just.

[ঐ রিপোর্ট হইলে ইতিকর্ত্তব্যতার কথা।]

৪৮ ধারা। গবর্ণমেণ্ট শেষোক্ত প্রকারের প্রত্যেক রিপোর্ট প্রেসিডেন্সীর আডবোকেট জেনরল সাহেবের বিবেচনার নিমিত্তে অর্পণ করিতে পারিবেন। তিনি উপযুক্ত বোধ করিলে তখন ঐ ত্রুটিকারির নিরূপণাধিকারিত্ব যে সম্পত্তি থাকে কি পূর্ব্বে ছিল ঐ ত্রুটিকারির কি তাহার উইলের নিরূপিত কর্ম্মসম্পাদকের কিম্বা নিরূপণাধিকারির নামে রাজধানীর হাই কোর্টে সেই সমুদয় কি তন্মধ্যে কোন সম্পত্তির হিসাব অর্পণ করিবার কিম্বা এই আইন কি পূর্ব্বোক্ত বিধি ও আজ্ঞামতে বলপূর্ব্বক কার্য্যসাধন করাইবার কি অন্য যে কার্য্য উচিত বোধ করেন তাহা হইবার প্রার্থনা উপস্থিত করিবেন। এবং উক্ত আডবোকেট জেনরল সাহেব উক্ত আডমিনিষ্ট্রেটর জেনরল সাহেবকে কিম্বা উইলের কর্ম্ম সম্পাদক কি নিরূপণাধিকারিকে প্রশ্ন দিতে ক্ষমতাপন্ন হইবেন। (সেই আডমিনিষ্ট্রেটর জেনরল প্রভৃতিকে এতৎ পরে প্রতিবাদী নামে বলা যাইবে।) দেওয়ানী মোকদ্দমার কার্য্যবিধানের আইন-অনুসারে উক্ত প্রশ্নক্রমে তাঁহার পরীক্ষা লইবার কমিস্যান দেওয়া গেলে তিনি তাহার সম্পূর্ণ উত্তর দিতে যেমন আবদ্ধ হন তেমনি ঐ প্রশ্নেরও উত্তর দিতে বাদ্ধ হইবেন। কোর্ট তদ্রূপ প্রার্থনাপত্র প্রাপ্ত হইলে সেই প্রতিবাদির ও সাক্ষির উপস্থিতি আবশ্যক জ্ঞান হয় তাহাদিগকে বলপূর্ব্বক কোর্টে উপস্থিত করাইতে ও বাচনিক কিম্বা উক্ত কোর্ট অন্য যে প্রকারে বিহিত বোধ করেন তদ্রূপে তাঁহাদের পরীক্ষা লইতে এবং যে আজ্ঞা যথার্থ জ্ঞান করেন তাহা করিয়া প্রবল করিতে সক্ষম হইবেন ইতি।

[Costs of reference, &c., how to be defrayed.]

XLIX. The costs, including those of the Advocate-General and of the reference to him, if the same shall be directed by the Court to be paid, shall be defrayed either by the defendant or out of the estates rateably as the said Court shall direct; and whenever any costs shall be recovered from the defendant, the same shall be repaid to the

[দৃষ্টি করণ প্রভৃতি খরচ যে প্রকারে দিতে হইবে তাহার কথা।]

৪৯ ধারা। কোর্ট যদি আডবোকেট জেনরল সাহেবের খরচ এবং ঐ দৃষ্টি করণের খরচ সহিত খরচা দেওনের আজ্ঞা করেন, তবে কোর্টের আদেশানুসারে প্রতিবাদির সেই খরচা দিতে হইবে, অথবা সম্পদহইতে অংশাংশমতে দেওয়া যাইবে। আর প্রতিবাদির স্থানে যখন কোন খরচা আদায় করা যায় তখন যে সম্পদহইতে তাহা আদৌ দেওয়া গিয়াছিল সেই

estates by which they shall have been in the first instance contributed, and the Court may, if it shall think fit, order the defendant to receive his costs out of the said estates.

সম্পদে ফিরিয়া দেওয়া যাইবে, এবং ঐ কোর্ট উপযুক্ত বোধ করিলে প্রতিবাদিকে ঐ সম্পদহইতে আপন খরচা লইতে আজ্ঞা করিতে পারিবেন ইতি।

PART V.

Of the Commission of the Administrator General.

পঞ্চম খণ্ড।

আডমিনিষ্ট্রেটর জেনরলের কমিস্যনের বিধি।

[Commission to be received by Administrators General.]

L. The Administrator General of each of the said Presidencies, under any letters of administration which shall be granted to him in his official character, or under any probate which shall be granted to him of a Will wherein he shall be named as executor by virtue of his office; or under any probates or letters of administration which are or shall be vested in him by Section 8 or Section 30 of this Act, shall be entitled to receive a commission at the following rates respectively, *viz.*:—

The Administrator General of Bengal at the rate of three *per centum*, and the Administrators General of Madras and Bombay respectively at the rate of five *per centum*, upon the amount or value of the assets which they shall respectively collect and distribute in due course of administration.

[আডমিনিষ্ট্রেটর জেনরলদের কমিস্যন পাইবার কথা।]

৫০ ধারা। উক্ত প্রত্যেক প্রেসিডেন্সীর আডমিনিষ্ট্রেটর জেনরল সাহেবের পদোপলক্ষে তাঁহাকে যে নিরূপণাধিকারিত্বপত্র দেওয়া যায় কিম্বা তাঁহার পদোপলক্ষে তাঁহাকে যে উইলের কর্ম্মসম্পাদক করা গেল সেই উইলের যে প্রবেট তাঁহাকে দেওয়া যায়কিম্বাএই আইনের ৮ কি ৩০ ধারামতে যে কোন প্রবেট কি নিরূপণাধিকারিত্বপত্র তাঁহার প্রতি বর্ত্তে, তৎপ্রযুক্ত তিনি নিম্নলিখিত হিসাবে কমিস্যন পাইবার স্বত্ত্ববান হইবেন।

দ্রব্যনিরূপণের কার্য্যপ্রণালীক্রমে বঙ্গদেশের আডমিনিষ্ট্রেটর-জেনরল সাহেব যে সকল দ্রব্যাদি সংগ্রহ ও বন্টন করেন তাহার ও তাহার মূল্যের উপর শত করা তিন টাকার হিসাবে এবং মান্দ্রাজের ও বোম্বাইয়ের আড- মিনিষ্ট্রেটর জেনরল সাহেবেরা শত করা পাঁচ টাকার হিসাবে কমিস্যন পাইবেন ইতি।

[Section 50 not to apply to property of officers and soldiers dying on service which shall come to hands of Administrator General. Administrator General entitled to a commission of only three per cent. on gross amount of such property.]

LI. The last preceding Section shall not apply to cases in which the property of an officer or soldier dying on service shall come to the hands of the Administrator General of any of the said Presidencies, under the ninth or the twelfth Section of the Statute called "The Regimental debts' Act, 1863;" and such Administrator General shall not be entitled to take, and it shall not be lawful for him to take, a precentage on any such property exceeding three *per centum* on the gross amount coming to his hands after the passing of the Administrator General's Act, 1865, if preferential charges as defined by the fourth Section of the said Statute have been previously paid, or on the gross amount remaining in his hands after payment by him of such charges, as the case may be.

[সেনাপতির ও সৈন্যের পদস্থ ব্যক্তিরা মরিলে তাঁহাদের যে সম্পত্তি আডমিনিষ্ট্রেটর জেনরল সাহেবের হাতে আইসে তাহার প্রতি ৫০ ধারার বিধান না বর্ত্তিবার কথা ও সেই সম্পত্তির মোট মূল্যের উপর আডমিনিষ্ট্রেটর জেনরল সাহেবের শত করা কেবল তিন টাকা কমিস্যন পাইবার কথা।]

৫১ ধারা। সেনাপতিরা কি পদস্থ সৈন্যেরা মরিলে তাঁহাদের যে সম্পত্তি সৈন্যেদের ঋণবিষয়ক ১৮৬৩ সালের আইন নামক ব্যবস্থার ৯ কি ১২ ধারা মতে উক্ত কোন প্রেসিডেন্সীর আডমিনিষ্ট্রেটর জেনরল সাহেবের হাতে আইসে তাহার প্রতি ইহার পূর্ব্ব ধারার কথা বর্ত্তিবে না। এবং আডমিনিষ্ট্রেটর জেনরলের ১৮৬৫ সালের আইন প্রচারিত হইবার পর তাঁহার হাতে যে সম্পত্তি আইসে যদি ঐ ব্যবস্থার ৪ ধারাক্রমে অগ্রগণ্য ব্যয় শোধ হওনানন্তর তিনি সেই সম্পত্তি প্রাপ্ত হন, তবে সেই সম্পত্তির মূল্যের উপর অথবা তিনি ঐ ব্যয় শোধ করিলে তাঁহার হাতে যে মোট মূল্য থাকে তাহার উপর শত করা তিন টাকার অধিক কমিস্যন লইতে স্বত্ববান নহেন ও লইতে পারিবেন না ইতি।

[What expenses, &c., commission is to cover. How payable. Commission retained to be deemed a distibution.]

LII. The Administrator General shall be entitled to reimburse himself for any payments made by him in respect of any estate in his charge, which a private administrator of such estate might have lawfully made; but save as

[ঐ কমিস্যনহইতে যে২ খরচ দেওয়া যাইবে তাহার কথা ও তাহার আদায়ের কথা ও যে কমিস্যন রাখা যায় তাহা বন্টনের মধ্যে গণ্য হইবার কথা।]

৫২ ধারা। কোন সাধারণ ব্যক্তি সম্পত্তির নিরূপণাধিকারী হইলে তাঁহার হস্তগত টাকাহইতে বৈধমতে যে২ কার্য্যের খরচ শোধ করিতে পারেন আডমিনিষ্ট্রেটর জেনরল সাহেবও তাহাহইতে সেই খরচ শোধ করিতে পারিবেন। পূর্ব্বোক্ত তিন প্রেসিডে-

aforesaid, the commission to which the Administrator General of each of the said three Presidencies shall be entitled is intended to cover, not merely the expense and trouble of collecting the assets, but also his trouble and responsibilty in distributing them in due course of adminstration. It is therefore enacted that one-half of such commission shall be payable to and retained by such Administrator General upon the collection of the assets and the other half thereof shall be payable to the Administrator General who shall distribute any assets in the due course of administration, and may be retained by him upon such distribution. The amount of the commission lawfully retained by an Administrator General upon the distribution of assets, shall be deemed a distribution in the due course of administration within the meaning of this Act.

(২।) ছাপাইবার কি প্রকাশ করিবার স্থানের যত বার পরিবর্ত্তন হয় তত বার নূতন প্রতিজ্ঞাপত্রের আবশ্যক

(3.) As often as the printer or the publisher who shall have made such declaration as is aforesaid shall leave British India, a new declaration from a printer or publisher resident within the said territories shall be necessary.

[Authentication and deposit of declaration. Inspection and copies of declaration.]

VI. Each of the two originals of every declaration so made and subscribed as is aforesaid, shall be authenticated by the signature and official seal of the Magistrate before whom the said declaration shall have been made. One of the said originals shall be deposited among the records of the office of the Magistrate, and the other shall be deposited among the records of the High Court of Judicature, or other Court within the local limits of whose ordinary original civil jurisdiction the said declaration shall have been made. The officer in charge of each original shall allow any person to inspect that original on payment of a fee of one rupee, and shall give to any person applying a copy of the said declaration, attested by the seal of the Court which has the custody of the original, on payment of a fee of two rupees.

[Office copy of declaration to be *primâ facie* evidence.]

VII. In any legal proceeding whatever, as well Civil as Criminal, the production of a copy of such declaration as is aforesaid, attested by the seal of some Court empowered by this Act to have the custody of such declarations shall be held (unless the contrary be proved) to be sufficient evidence, as against the person whose name shall be subscribed to such declaration, that the said person was printer or publisher, or printer and publisher (according as the words of the said declaration may be) of every portion of every periodical work thereof the title shall correspond with the title of the periodical work mentioned in the declaration.

[New declaration by persons who have signed a declaration and subsequently ceased to be printers or publishers.]

VIII. Provided always, that any person who may have subscribed any such declaration as is aforesaid, and who may subsequently cease to be the printer or publisher of the periodical work mentioned in such declaration, may appear before any Magistrate, and make and subscribe in duplicate the following declaration :—

"I, *A. B.*, declare, that I have ceased to be the printer (*or* publisher, *or* printer and publsiher) of the periodical work entitled ."

Each original of the latter declaration shall be authenticated by the signature and seal of the Magistrate before whom the said latter declaration

(৩।) যে প্রিণ্টর কি প্রকাশক পূর্ব্বোক্ত প্রতিজ্ঞাপত্র করেন তিনি যদি ব্রিটনীয় ভারতবর্ষহইতে অন্য স্থানে যান তবে যে প্রিণ্টর কি প্রকাশক উক্ত দেশের মধ্যে বাস করেন তাঁহার নূতন প্রতিজ্ঞাপত্র করা আবশ্যক ইতি।

[প্রতিজ্ঞাপত্র সত্য করণের ও গচ্ছিত এবং দৃষ্টি করণের ও তাহার প্রতিলিপি গ্রহণের কথা।]

৬ ধারা। পূর্ব্বোক্ত প্রকারে যে মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে প্রতিজ্ঞাপত্র করা গিয়া স্বাক্ষরিত হয় তাঁহার স্বাক্ষর ও রাজকীয় মোহর দ্বারা ঐ প্রতিজ্ঞাপত্রের দুই মূলপত্র সত্যাকৃত হইবে। উক্ত মূলপত্রের মধ্যে একখানি মাজিষ্ট্রেট সাহেবের কার্য্যালয়ের রিকার্ডের মধ্যে গচ্ছিত হইবে। অন্য খানি হাই কোর্টের রিকার্ডের মধ্যে কিম্বা ঐ উক্ত প্রতিজ্ঞাপত্র দেওয়ানী মোকদ্দমা আদৌ বিচার করিবার সাধারণ ক্ষমতা বিশিষ্ট যে আদালতের অধীন স্থানে করা যায় সেই আদালতের কাগজপত্রের মধ্যে গচ্ছিত হইবে। ঐ মূলপত্র যে কর্ম্মচারির অধিকারে থাকে তিনি এক টাকা ফী লইয়া কোন ব্যক্তিকে সেই মূলপত্র দেখিবার অনুমতি দিবেন এবং যদি উক্ত প্রতিজ্ঞাপত্রের প্রতিলিপি পাইবার প্রার্থনা হয় তবে দুই টাকা ফী লইয়া মূল পত্র যে আদালতের রক্ষণে থাকে সেই আদালতের মোহরযুক্ত ঐ পত্রের প্রতিলিপি দিবেন ইতি।

[কার্য্যালয়হইতে প্রাপ্ত প্রতিজ্ঞাপত্রের প্রতিলিপি আদি দৃষ্টে প্রমাণ হইবার কথা।]

৭ ধারা। এই আইনের দ্বারা যে আদালত পূর্ব্বোক্ত প্রকারের প্রতিজ্ঞাপত্র রাখিতে ক্ষমতাপন্ন হন যদি সেই প্রতিজ্ঞাপত্রের প্রতিলিপিতে ঐ আদালতের মোহর থাকে, তবে ঐ প্রতিলিপি দেওয়ানী ও ফৌজদারী কোন মোকদ্দমায় উপস্থিত করা গেলে ঐ প্রতিজ্ঞাপত্রে যাঁহার নাম স্বাক্ষরিত হইয়াছে তিনি ঐ প্রতিজ্ঞাপত্রের নামাঙ্কিত সাময়িক সংবাদ পত্রের নাম প্রাপ্ত সাময়িক প্রত্যেক পত্রাদির প্রত্যেক অংশের প্রিণ্টর কি প্রকাশক কিম্বা উক্ত প্রতিজ্ঞাপত্রের বচনানুসারে প্রিণ্টর ও প্রকাশক আছেন, বিপক্ষ প্রমাণ না হইলে সেই প্রতিলিপিই এই বিষয়ের প্রচুর প্রমাণ হইবে ইতি।

[যিনি প্রতিজ্ঞাপত্রে স্বাক্ষর করিয়া পশ্চাৎ প্রিণ্টর কি প্রকাশক না হন তাঁহার নূতন প্রতিজ্ঞাপত্র করিবার কথা।]

৮ ধারা। পরন্তু কোন ব্যক্তি পূর্ব্বোক্ত প্রকারের প্রতিজ্ঞাপত্রে স্বাক্ষর করিলে পর যদি সেই ব্যক্তির ঐ প্রতিজ্ঞাপত্রলিখিত সাময়িক পত্রাদির প্রিণ্টরের কি প্রকাশকের কর্ম্ম রহিত হয়, তবে তিনি কোন মাজিষ্ট্রেটের সম্মুখে উপস্থিত হইয়া নিম্নলিখিত প্রতিজ্ঞা করিয়া তাহার দুই পত্রে স্বাক্ষর করিবেন।

আমি শ্রী অমুক জ্ঞাত করিতেছি যে আমি এক্ষণে অমুক নামের সাময়িক পত্রাদির প্রিণ্টর (কিম্বা প্রকাশক কিম্বা প্রিণ্টর ও প্রকাশক) নই।

শেষোক্ত কথা যে মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে ব্যক্ত করা যায় তিনি আপনার স্বাক্ষর ও মোহরক্রমে শেষোক্ত প্রত্যেক মূল প্রতিজ্ঞাপত্র সত্য করিবেন এবং

shall have been made, and one original of the said latter declaration shall be filed along with each original of the former declaration. The officer in charge of each original of the latter declaration shall allow any person applying to inspect that original on payment of a fee of one rupee, and shall give to any person applying a copy of the said latter declaration, attested by the seal of the Court having custody of the original, on payment of a fee of two rupees. In all trials in which a copy, attested as is aforesaid, of the former declaration shall have been put in evidence, it shall be lawful to put in evidence a copy, attested as is aforesaid, of the latter declaration, and the former declaration shall not be taken to be evidence that the declarant was, at any period subsequent to the date of the latter declaration, printer or publisher of the periodical work therein mentioned.

শেষোক্ত প্রতিজ্ঞাপত্রের এক প্রস্থ পূর্ব্বোক্ত প্রতিজ্ঞাপত্রের প্রত্যেক মূল প্রস্থের সঙ্গে গাঁথা যাইবে। শেষোক্ত প্রতিজ্ঞাপত্রের প্রত্যেক মূলপত্র যে কর্ম্মচারির অধিকারে থাকে তাঁহার নিকটে কোন ব্যক্তি ঐ মূলপত্র দৃষ্টি করিবার প্রার্থনা করিয়া এক টাকা ফী দিলে তিনি তাঁহাকে সেই পত্র দেখিতে দিবেন এবং যদি শেষোক্ত প্রতিজ্ঞাপত্রের প্রতিলিপি পাইবার প্রার্থনা হয় তবে দুই টাকা ফী লইয়া মূলপত্র যে আদালতের রক্ষণে থাকে সেই আদালতের মোহরযুক্ত ঐ পত্রের প্রতিলিপি দিবেন। পূর্ব্বোক্তমতে স্বাক্ষরিত প্রথমোক্ত প্রতিজ্ঞাপত্রের প্রতিলিপি যে কোন মোকদ্দমায় প্রমাণস্বরূপে অর্পণ করা যাইতে পারে তদ্রূপ স্বাক্ষরিত শেষোক্ত প্রতিজ্ঞাপত্রেরও প্রতিলিপি সেই মোকদ্দমায় প্রমাণে দেওয়া যাইতে পারিবে। এবং শেষোক্ত প্রতিজ্ঞাপত্র যে তারিখে করা যায় তাহার পশ্চাৎ কোন সময়ে ঐ প্রতিজ্ঞাকারি ব্যক্তি উল্লিখিত পত্রাদির প্রিন্টর কি প্রকাশক ছিলেন প্রথম প্রতিজ্ঞাপত্র ইহার প্রমাণে গ্রাহ্য হইবে না ইতি।

PART III.

Delivery of Books.

তৃতীয় খণ্ড

পুস্তক দিবার বিধি

[Three copies of books printed after this Act comes into force and of all subsequent editions, to be delivered to Government within a month.]

[এই আইন প্রচলিত হইলে পর, যে সকল পুস্তক প্রকাশ করা যায় তাহার তিন২ প্রস্থ ও যাহা পূর্ব্বে প্রকাশ হইয়াছে তাহার নূতন সংস্করণের তিন২ প্রস্থ এক মাসের মধ্যে গবর্ণমেণ্টে দিবার কথা।]

IX. Three printed or lithographed copies of the whole of every book which shall be printed or lithographed in British India after this Act shall come into force, together with all maps, prints or other engravings belonging thereto, finished and coloured in the same manner as the best copies of the same shall be produced, and also of any second or subsequent edition which shall be so produced with any additions or alterations, whether the same shall be in letter-press or in the maps, prints or other engravings belonging thereto, and whether the first edition of such book shall have been produced before or after this Act shall come into force shall, within one calendar month after the day in which any such book shall first be delivered out of the press, and notwithstanding any agreement (if the book be published) between the printer and publisher thereof, be delivered by the printer, bound, sewed or stitched together, and upon the best paper on which the same shall be printed or lithographed, at such place and to such officer as the Local Government shall, by notification in the official *Gazette*, from time to time direct. The publisher or other person employing the printer shall, at a reasonable time before the expiration of the said month, supply him with all maps, prints and engravings,

৯ ধারা। এই আইন প্রচলিত হইবার পরে যে সকল পুস্তক ব্রিটনীয় ভারতবর্ষে অক্ষরে কি প্রস্তরে মুদ্রিত হয়, ও ঐ২ পুস্তকের সর্ব্বাপেক্ষা উত্তম২ প্রস্থে যে মানচিত্র ও চিত্রপট ও খোদিত অন্য ছবি সম্পাদিত ও রঞ্জিত হয়, সেই উত্তম চিত্রাদির সহিত ঐ সম্পূর্ণ পুস্তক, এবং যদি দ্বিতীয়বার ও পরে অন্যবার মুদ্রিত হয়, তবে এই আইন প্রচলিত হওনের পুর্ব্বে কি পরে প্রথমবার প্রকাশ হউক ও তাহাতে অতিরিক্ত কথা দেওয়া যাউক কি পূর্ব্ব কথা পরাবৃত্ত হউক ও সেই বৃদ্ধি কি পরিবর্ত্তন পুস্তকের মূলপাঠে কি মানচিত্রে কি চিত্রপটে কি খোদিত অন্য ছবিতে হউক ঐ দ্বিতীয় কি অন্য সংস্করণ, যে প্রথম দিবসে প্রেসহইতে বাহির হয়, এবং পুস্তক সাধারণের পাঠার্থে প্রকাশ করা গেলে, প্রিন্টরের ও প্রকাশকের মধ্যে যে কোন নিয়ম হউক, সেই দিবসের পর এক মাসের মধ্যে তাহার তিন২ প্রস্থ অক্ষরে কি প্রস্তরে যে উত্তম কাগজে মুদ্রিত হয় সেই কাগজে বাঁধা কি সেলাই করা কি ষ্টিচ হইয়া, বঙ্গদেশের গবর্ণমেণ্ট রাজকীয় গেজেটে জ্ঞাপনপত্র প্রকাশ করণদ্বারা যে স্থান ও যে ব্যক্তি নিরূপণ করেন সেই স্থানে সেই কার্য্যকারকের নিকটে ঐ প্রকাশকের পক্ষে দেওয়া যাইবে। প্রিন্টর পূর্ব্বোক্ত আজ্ঞাক্রমে কার্য্য করিতে পারেন এই নিমিত্তে প্রকাশক কি অন্য যে ব্যক্তি তাঁহার দ্বারা ঐ পুস্তক ছাপাইয়া লন তিনি উক্ত মাস গত হইবার পুর্ব্বে উপযুক্ত সময়ের মধ্যে তাঁহাকে পূর্ব্বোক্তমতে প্রস্তুত ও রঞ্জিত সকল ম্যাপ ও চিত্রপট ও খোদিতছবি দিবেন। এই আইনের ৫ ধারার

[*Government Gazette*, 2nd *April* 1867.]

finished and colourd as aforesaid, which may be necessary to enable him to comply with the requirements aforesaid. Nothing in the former part of this Section shall apply to any periodical work published in conformity with the rules laid down in Section 5 of this Act.

লিখিত বিধিমতে যে সাময়িক পত্রাদি প্রকাশ হয় এই ধারার পুর্ব্বাংশের কোন কথা তাহাতে বর্ত্তিবে না ইতি

[Receipt and payment for copies.]

X. Such officer shall thereupon give a receipt in writing for the copies so received, and, if the book is for sale to the public, shall, on the publication thereof, pay the publisher for the same copies at the rate as which the book shall be *bonâ fide* sold for cash to the public.

[ঐ২ গ্রন্থের রসীদ ও মূল্য দিবার কথা।]

১০ ধারা। ঐ কার্য্যকারক ঐ পুস্তকের যত খানি পান তাহার রসীদ লিখিয়া দিবেন। এবং ঐ পুস্তক যদি সাধারণের নিকটে বিক্রেয় হয়, তবে সাধারণ ব্যক্তিরদের নিকট যে প্রকৃত নগদ মূল্যে বিক্রয় করা যায় ঐ কার্য্যকারক তাহার সেই মূল্য দিবেন ইতি।

[Disposal of the three copies.]

XI. One of such copies shall be transmitted to the Secretary of State for India, another copy shall be disposed of as the Governor General of India in Council shall from time to time, by general or special order, direct, and the remaining copy shall, after a memorandum containing the particulars hereinafter mentioned respecting the book shall have been registered as hereinafter provided, be deposited in such public libraries, or be otherwise disposed of, as the Local Government shall from time to time determine.

[ঐ পুস্তক লইয়া যাহা করা যাইবে তাহার কথা।]

১১ ধারা। উক্ত পুস্তকের এক২ গ্রন্থ ভারতবর্ষের পক্ষে শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেবের নিকট প্রেরণ করা যাইবে। অন্যগ্রন্থ লইয়া মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব সাধারণ কি বিশেষ আজ্ঞা করিয়া সময়ে২ যদ্রূপে অনুজ্ঞা করেন তদ্রূপে কার্য্য হইবে। অবশিষ্ট এক গ্রন্থ, স্থানীয় গবর্ণমেন্ট সময়ে২ যে পুস্তকালয় নিরূপণ করেন পুস্তকের নিম্নলিখিত পরিচয়লিপি পশ্চাৎ লিখিত বিধানমতে রেজিষ্টর করা গেলে পর সেই আলয়ে অর্পিত হইবে, কিম্বা অন্য যে প্রকারে আজ্ঞা করেন তাহা লইয়া তদ্রূপ কার্য্য হইবে ইতি।

PART IV.
Penalties.

চতুর্থ খণ্ড।
দণ্ডের কথা।

[Penalty for printing contrary to rule in Section 3.]

XII. Whoever shall print or publish any book or paper otherwise than in conformity with the rule contained in Section 3 of this Act, shall, on conviction before a Magistrate, be punished by fine not exceeding five thousand rupees, or by simple imprisonment for a term not exceeding two years, or by both.

[৩ ধারার বিধি লঙ্ঘন করিয়া ছাপাইবার দণ্ডের কথা।]

১২ ধারা। যদি কোন ব্যক্তি এই আইনের ৩ ধারার লিখিত বিধি না মানিয়া কোন পুস্তক কি পত্র মুদ্রিত কি প্রকাশ করেন, তবে মাজিষ্ট্রেটের সম্মুখে প্রমাণ হইলে তাহার পাঁচ সহস্র টাকাপর্য্যন্ত অর্থদণ্ড কিম্বা দুই বৎসর পর্য্যন্ত বিনা পরিশ্রমে কারাদণ্ড কি উভয় দণ্ড হইবে ইতি।

[Penalty for keeping press without making declaration required by Section 4.]

XIII. Whoever shall keep in his possesion any such press as aforesaid, without making such a declaration as is required by Section 4 of this Act, shall, on conviction before a Magistrate, be punished by fine not exceeding five thousand rupees, or by simple imprisonment for a term not exceeding two years, or by both.

[৪ ধারার লিখিত প্রতিজ্ঞাপত্র না করিয়া মুদ্রাযন্ত্র রাখিবার দণ্ডের কথা।]

১৩ ধারা। এই আইনের ৪ ধারাতে যে প্রতিজ্ঞাপত্র করিবার আদেশ হইয়াছে যদি কোন ব্যক্তি তাহা না করিয়া তদ্রূপ কোন মুদ্রাযন্ত্র অধিকারে রাখেন, তবে মাজিষ্ট্রেটের সম্মুখে প্রমাণ হইলে তাহার পাঁচ সহস্র টাকার অনধিক দর্থদণ্ড কিম্বা দুই বৎসর পর্য্যন্ত বিনা পরিশ্রমে কারাদণ্ড কি ঐ উভয় দণ্ড হইবে ইতি।

[Punishment for making false statement.]

XIV. Any person who shall, in making any declaration under the authority of this Act, make a statement which is false, and which he either knows or believes to be false, or does not believe to be true, shall, on conviction before a Magistrate, be punished by fine not exceeding five thousand rupees, and imprisonment for a term not exceeding two years.

[মিথ্যা প্রতিজ্ঞা করিবার দণ্ডের কথা।]

১৪ ধারা। কোন ব্যক্তি এই আইনের আজ্ঞাক্রমে প্রতিজ্ঞা করণকালে যদি মিথ্যা কথা কহেন কিম্বা আপনি যাহা মিথ্যা জানেন কি বিশ্বাস করেন কিম্বা সত্য বিশ্বাস না করেন এমত কথা কহেন, তবে মাজিষ্ট্রেটের সম্মুখে প্রমাণ হইলে তাঁহার পাঁচ সহস্র টাকা পর্য্যন্ত অর্থদণ্ড এবং দুই বৎসর পর্য্যন্ত কারাদণ্ড হইবে ইতি।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৬৭। ২ আপ্রিল।]

[Penalty for printing or publishing periodicals without conforming to rules.]

XV. Whoever shall print or publish any such periodical work as is hereinbefore described without conforming to the rules hereinbefore laid down, or whoever shall print or publish, or shall cause to be printed or published, any such periodical work, knowing that the said rules have not been observed with respect to that work, shall, on conviction before a Magistrate, be punished with fine not exceeding five thousand rupees, or imprisonment for a term not exceeding two years, or both.

[বিধিমতে কর্ম্ম না করিয়া সাময়িক পত্রাদি ছাপাইবার কি প্রকাশ করিবার দণ্ডের কথা।]

১৫ ধারা। যদি কোন ব্যক্তি পূর্ব্বলিখিত বিধি পালন না করিয়া পূর্ব্বলিখিত সাময়িক কোন পত্রাদি ছাপান কি প্রকাশ করেন, কিম্বা সাময়িক কোন পত্রাদি বিষয়ে উক্ত বিধি পালন হয় নাই জানিয়া যদি তাহা ছাপান কি প্রকাশ করেন, কিম্বা অন্যের দ্বারা ছাপাইয়ালন কি প্রকাশ করান, তবে মাজিষ্ট্রেটের সম্মুখে প্রমাণ হইলে তাহার পাঁচ সহস্র টাকা পর্য্যন্ত অর্থদণ্ড কিম্বা দুই বৎসর পর্য্যন্ত কারাদণ্ড কিম্বা ঐ উভয় দণ্ড হইবে ইতি।

[Penalty for non-delivery of books.]

XVI. If any printer of any such book as is referred to in Section 9 of this Act, or of any second or subsequent edition of any such book, shall neglect to deliver three copies of the same pursuant to this Act, he shall for every such default forfeit, besides the value of the copies which he ought to have delivered, a sum not exceeding fifty rupees to be recovered by the said officer on conviction before a person exercising any of the powers of a Magistrate. If any publisher or other person employing any such printer shall neglect to supply him in manner aforesaid with the maps, prints or engravings, finished and coloured as aforesaid, which may be necessary to enable him to comply with the provisions of the same Section, such publisher or other person shall, for every such default, forfeit, besides the value of the said maps, prints or engravings which he ought to have supplied, a sum not exceeding the said amount, and such sum shall be recovered in manner last aforesaid.

[পুস্তক না দিবার দণ্ডের কথা।]

১৬ ধারা। এই আইনের ৯ ধারাতে যে পুস্তকের উল্লেখ হইয়াছে যদি কোন প্রিন্টর সেই পুস্তকের কিম্বা তাহার দ্বিতীয় কি পশ্চাৎ কোন সংস্করণের তিন গ্রন্থ এই আইনঅনুসারে সমর্পণ করিতে উপেক্ষা করেন, তবে তাঁহার যত পুস্তক দেওয়া কর্ত্তব্য ছিল তত পুস্তকের মূল্য দণ্ড হইবে ও তদ্ভিন্ন তাঁহার তদ্রূপ প্রত্যেক দোষের জন্যে পঞ্চাশ টাকা পর্য্যন্ত দণ্ড হইবে। উক্ত কার্য্যকারক মাজিষ্ট্রেটের ক্ষমতাক্রমে কার্য্যকারি কোন ব্যক্তির সম্মুখে প্রমাণ করিয়া ঐ দণ্ডের টাকা আদায় করিবেন। প্রিন্টর উক্ত ধারার বিধানানুসারে কার্য্য করিতে সক্ষম হন এতদর্থে পূর্ব্বোক্ত প্রকারের সম্পাদিত ও রঞ্জিত যে ম্যাপ ও চিত্রপট ও খোদিত ছবি তাঁহাকে দিতে হয় পুস্তক প্রকাশক কিম্বা অন্য যে ব্যক্তি ঐ প্রিন্টরের দ্বারা ঐ পুস্তক ছাপান তিনি যদি পূর্ব্বোক্তমতে তাহা না দেন, তবে ঐ প্রকাশকের কি অন্য ব্যক্তির যে ম্যাপ ও চিত্রপট ও খোদিত ছবি দেওয়া কর্ত্তব্য ছিল তাহার মূল্যের অতিরিক্ত সেই দোষ হেতুক ঐ প্রকাশকের কি অন্য ব্যক্তির পূর্ব্বোক্ত টাকা পর্য্যন্ত দণ্ড হইবে। সেই টাকা পূর্ব্বোক্ত প্রকারে আদায় হইতে পারিবে ইতি।

[Mode of recovering fines.]

XVII. All pecuniary penalties imposed under this Act may be recovered, if for offences committed outside the local limits of the towns of Calcutta, Madras and Bombay, in the manner prescribed by the Code of Criminal Procedure, and if for offences committid within those limits, in the manner prescribed by any Act for regulating the Police of such towns in force for the time being. All such penalties shall be disposed of as the Local Government shall from time to time direct.

[অর্থদণ্ড আদায় করিবার নিয়মের কথা।]

১৭ ধারা। যদি কলিকাতা ও মান্দ্রাজ ও বোম্বাই নগরের সীমার বহির্ভূত স্থানে ঐ অপরাধ করা যায় তবে এই আইনক্রমে যে অর্থদণ্ড ধার্য্য হইল তাহা ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের অবধারিতমতে আদায় হইতে পারিবে। যদি ঐ সীমার মধ্যবর্ত্তি স্থানে অপরাধ করা যায় তবে ঐ নগরের পোলীসের ব্যবস্থা করণার্থ যে আইন যৎকালে প্রচলিত হয় তদনুসারে ঐ দণ্ড আদায় হইবে। স্থানীয় গবর্ণমেণ্ট সময়ে২ যদ্রূপ আদেশ করেন ঐ দণ্ডের টাকা লইয়া তদ্রূপ কার্য্য হইবে ইতি।

PART V.

Registration of Books.

[Registration of memoranda of books.]

XVIII. There shall be kept at such office, and by such officer as the Local Government shall appoint in this behalf, a book to be called a Catalogue of Books printed in British India, wherein shall be registered a memorandum of every book

পঞ্চম খণ্ড।

পুস্তক রেজিষ্টরী করিবার বিধি।

[পুস্তকের পরিচয় লিপির রেজিষ্টরী করণের কথা।]

১৮ ধারা। স্থানীয় গবর্ণমেণ্ট যে কার্য্যালয় নিরূপণ ও যে কার্য্যকারককে নিযুক্ত করেন তিনি সেই কার্য্যালয়ে ব্রিটনীয় ভারতবর্ষে প্রকাশিত পুস্তকাদির নাম নির্ঘণ্ট নামক এক পুস্তক রাখিবেন। এই আইনের ২ ধারামতে যে সকল পুস্তক অর্পণ করা যায় তাহার পরিচয়

which shall have been delivered pursuant to Section 9 of this Act. Such memorandum shall (so far as may be practicable) contain the following particulars; (that is to say) :—

(1.)—The title of the book and the contents of the title-page, with a translation into English of such title and contents, when the same are not in the English language :

(2.)—The language in which the book is written :

(3.)—The name of the author, translator, or editor of the book or any part thereof :

(4.)—The subject :

(5.)—The place of printing and the place of publication :

(6.)—The name or firm of the printer and the name or firm of the publisher :

(7.)—The date of issue from the press or of the publication :

(8.)—The number of sheets, leaves, or pages :

(9.)—The size :

(10.)—The first, second or other number of the edition :

(11.)—The number of copies of which the edition consists :

(12.)—Whether the book is printed or lithographed :

(13.)—The price at which the book is sold to the public; and

(14.)—The name and residence of the proprietor of the copyright or of any portion of such copyright.

Such memorandum shall be made and registered in the case of each book as soon as practicable after the delivery of the copies thereof in manner aforesaid. Every registration under this Section shall, upon payment of the sum of two rupees to the officer keeping the said Catalogue, be deemed to be an entry in the Book of Registry kept under Act No. XX of 1847 *(for the encouragement of learning in the Territories subject to the government of the East India Company, by defining and providing for the enforcement of the right called copyright therein)*; and the provisions contained in that Act as to the said Book of Registry shall apply, *mutatis mutandis*, to the said Catalogue.

[Publication of memoranda registered.]

XIX. The memoranda registered during each quarter in the said Catalogue shall be published in the local *Gazette*, as soon as may be after the end of such quarter, and a copy of the memoranda so published shall be sent to the said Secretary of State, and to the Secretary to the Government of India in the Home Department respectively.

লিপি তাহাতে লিখিতে হইবে। ঐ পরিচয় লিপিতে সাধ্যমতে এইং বিবরণ থাকিবে যথা।

(১) পুস্তকের নাম ও নামপত্রের লিখিত কথা। তাহা যদি ইঙ্গলণ্ডীয় ভাষাতে না হয়, তবে ইঙ্গলণ্ডীয় ভাষায় তাহার অনুবাদ করিতে হইবে।

(২) পুস্তক যে ভাষায় লিখিত হইয়াছে।

(৩) পুস্তকের কি তাহার কোন অংশের লেখকের কি অনুবাদকের কি সম্পাদকের নাম।

(৪) মর্ম্ম।

(৫) ছাপাইবার ও প্রকাশ করণের স্থান।

(৬) প্রিন্টরের নাম কি কুঠীপ্রভৃতি ও প্রকাশকের নাম কি কুঠীপ্রভৃতি।

(৭) প্রেসহইতে বাহির হইবার কিম্বা প্রকাশ হইবার তারিখ।

(৮) যক্ত তা কি পত্র কি পৃষ্ঠা।

(৯) যে পরিমাণ।

(১০) প্রথম বার প্রকাশিত কি দ্বিতীয় কি অন্য সংস্করণ।

(১১) ঐ সংস্করণের যত প্রস্থ প্রকাশ হইয়াছে।

(১২) অক্ষরে মুদ্রিত কি প্রস্তরে মুদ্রিত।

(১৩) যে মূল্যে সাধারণের নিকটে বিক্রয় হয়;

(১৪) গ্রন্থ স্বত্বাধিকারির কিম্বা তাহার কোন অংশের অধিকারির নাম ও বাস।

প্রত্যেক পুস্তকের পূর্ব্বোক্ত তিন প্রস্থ অর্পণ করা গেলে পর উক্ত পরিচয় লিপি সাধ্যমতে ত্বরায় প্রস্তুত ও রেজিস্টর করা যাইবে। উক্ত নির্ঘণ্ট পুস্তক যে কর্ম্মচারির রক্ষণে থাকে তাঁহাকে ২ টাকা ফী দিলে এই ধারামতে যে রেজিস্টরী করা যায় তাহা ১৮৪৭ সালের ২০ আইনমতে (অর্থাৎ কোম্পানি বাহাদুরের শাসিত দেশের মধ্যে গ্রন্থস্বত্ব নামক স্বত্ব নির্ণয় ও প্রবল করণদ্বারা ঐ দেশের মধ্যে বিদ্যার সাহায্য করণের আইন মতে) যে রেজিস্টরীর বহী আছে তাহাতে লিখিত হওয়ার তুল্য জ্ঞান হইবে। এবং উক্ত রেজিস্টরী বহীর বিষয়ে উক্ত আইনের যেং বিধান আছে প্রয়োজনমতে কথা পরিবর্ত্তন করিয়া সেইং বিধান উক্ত পুস্তকাদির নামনির্ঘণ্ট পুস্তকের প্রতি বর্ত্তিবে।

[ঐ পরিচয় লিপি প্রকাশ করিবার কথা।]

১৯ ধারা। পুস্তকাদির নামনির্ঘণ্টপুস্তকে তিনং মাসে যে পরিচয় লিপি লেখা যায়, তাহা সেই তিন মাসের পর সাধ্যমতে ত্বরায় রাজকীয় গেজেটে প্রকাশ করা যাইবে এবং তদ্রূপ প্রকাশিত ঐ পরিচয় লিপির এক প্রস্থ উক্ত শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেবের নিকটে এবং হোম ডিপার্টমেন্টে ভারতবর্ষের গবর্ণমেন্টের নিকটে প্রেরণ করা যাইবে ইতি

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৬৭। ২ আপ্রিল।]

PART VI.

Miscellaneous.

[Power to make rules.]

XX. The Local Government shall have power to make such rules as may be necessary or desirable for carrying out the objects of this Act, and from time to time to repeal, alter and add to such rules. All such rules, and all repeals and alterations thereof, and additions thereto, shall be published in the local *Gazette*.

[Power to exclude any class of books from operation of Act.]

XXI. The Governor General of India in Council may, by notification in the *Gazette of India*, exclude any class of books from the operation of the whole or any part or parts of this Act.

[Continuance of Act.]

XXII. Part III, and Section 16, and Part V of this Act shall remain in force until the Governor General of India in Council shall declare to the contrary by notification in the *Gazette of India*.

[Commencement of Act.]

XXIII. This Act shall come into operation on the first day of July 1867.

WHITLEY STOKES,
Asst. Secy. to the Govt. of India,
Home Dept. (Legislative.)

ষষ্ঠ খণ্ড।

বিবিধ বিধি।

[বিধি করিবার ক্ষমতার কথা।]

২০ ধারা। এই আইনের অভিপ্রায় সফল করিবার জন্যে যে সকল বিধি আবশ্যক কি বিহিত হয়, স্থানীয় গবর্ণমেন্ট তাহা করিতে ক্ষমতাপন্ন হইবেন, এবং ঐ বিধি সময়েং অন্যথা কি পরিবর্ত্তন কি বৃদ্ধি করিতে পারিবেন। ঐ সকল বিধি এবং তাহা রহিত করণের কথা ও তাহার পরিবৃত্ত ও বর্দ্ধিতাংশ রাজকীয় গেজেটে প্রকাশ হইবে ইতি।

[বিশেষ প্রকারের কোন পুস্তক এই আইনের বিধানের বহির্ভূত করিবার ক্ষমতার কথা।]

২১ ধারা। মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব ইণ্ডিয়া গেজেটে জ্ঞাপনপত্র প্রকাশ করিয়া কোন বিশেষ প্রকারের পুস্তক এই আইনের সমুদয় কি কোনং বিধানের বহির্ভূত করিতে পারিবেন ইতি।

[এই আইন যত কাল প্রবল থাকিবে তাহার কথা।]

২২ ধারা। মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব ইণ্ডিয়া গেজেটে জ্ঞাপনপত্রদ্বারা যত কাল এই আইনের তৃতীয় খণ্ড এবং ১৬ ধারা এবং পঞ্চম খণ্ড রহিত হইবার কথা প্রকাশ না করেন তত কাল প্রবল থাকিবে ইতি।

[এই আইনের প্রারম্ভের কথা।]

২৩ ধারা। এই আইন ১৮৬৭ সালের জুলাই মাসের ১ দিবসাবধি প্রচলিত হইবে ইতি।

হুইটলী স্টোক্স,
দেশীয় ব্যবস্থাপন কর্ম্মবিভাগে ভারতবর্ষের
গবর্ণমেন্টের আসিষ্টান্ট সেক্রেটারী।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

CIRCULAR ORDERS OF THE BOARD OF REVENUE, L. P.

JANUARY. 1867.

No. 1.

THE following order of Government regarding the preparation of Periodical Returns, consequent on the change in the financial year, is circulated for general information. District and Divisional Returns must be prepared in accordance with the Government order.

From Junior Secretary to the Government of Bengal, to the Secretary to the Board of Revenue, Circular No. 5033, dated the 20th December 1866.

The Government of India having, by orders in the Financial Department, No. 270, dated the 1st May 1866, resolved that the Financial Year shall henceforth close on the 31st March, instead of on the 30th April as heretofore, I am directed by the Lieutenant-Governor to request that all Annual Returns submitted to Government accord-

বঙ্গপ্রভৃতি দেশের রেবিনিউ বোর্ডের সরক্যুলর অর্ডর।

১৮৬৭ সাল। জানুআরি মাস।

১ নম্বর।

রাজস্ব সম্পর্কীয় হিসাবের বৎসর পরিবর্ত্তন হওয়াতে সাময়িক রিটর্ণ প্রস্তুত করণ বিষয়ে গবর্ণমেন্টের নিম্নলিখিত আজ্ঞা সর্ব্বসাধারণের জ্ঞানার্থে প্রকাশ করা যাইতেছে। জিলার ও খণ্ডের সকল রিটর্ণ গবর্ণমেন্টের আজ্ঞাক্রমে প্রস্তুত করিতে হইবে।

রেবিনিউ বোর্ডের সেক্রেটারী সাহেবের নিকট বঙ্গদেশের গবর্ণমেন্টের দ্বিতীয় সেক্রেটারী সাহেবের ১৮৬৬ সালের ডিসেম্বর মাসের ২০ তারিখের ৫০৩৩ নম্বরী সরক্যুলর পত্র।

ভারতবর্ষের গবর্ণমেন্ট ফিনান্সিয়ল ডিপার্টমেন্টে ১৮৬৬ সালের মে মাসের ১ তারিখের ২৭০. নম্বরের যে আজ্ঞা করিলেন তাহাতে নিষ্কার্য্য হইয়াছিল যে, রাজস্ব সম্পর্কীয় হিসাবের বৎসর পুর্ব্বাবধি যেমন আপ্রিল মাসের ৩০ তারিখে শেষ হইত তেমনি না হইয়া এই অবধি মার্চ মাসের ৩১ তারিখে সমাপ্ত হইবে। এই হেতুক শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের

ing to the Financial Year may, in future, be made up to the former date.

2. Under these orders, the Returns for 1866-67 will of course embrace only eleven months, from 1st May 1866 to the 31st March 1867, the results of April 1866 having already been included in the Returns for 1865-66.

3. In regard to Half-yearly Reports submitted according to the Financial Year, it should be noted that the first half of the year will end on the 30th September, and the second half on the 31st March.

No. 2.

To secure the speedy compilation of the Provincial Statements made in the Board's Office, the Board have resolved that, instead of Returns being forwarded in duplicate, as in most instances is now done to the Commissioner (by whom one copy is transmitted to their Office), District Officers shall send one copy only to the Commissioner, and the other direct to the Board, each being accompanied by the necessary explanations; and that Returns IVA, XI, XII, and XXIA, which now come through Commissioners, shall be sent to the Board only.

2. The following alterations must accordingly be made in the Board's Rules:—

Page 257, Section II, Clause 3, score through the present clause, and substitute the following:—

3. "When one copy of a Return is sent to the Commissioner, and another to the Board, explanations must accompany both."

Page 262, Appendix, Instruction 1. For the words "the rest" substitute "those marked§." Put a semicolon after "Revenue," and add the clause "of the rest (which have no mark), one copy is to be sent to the Commissioner, and another to the Board direct."

In the list, place the mark* against IVA, XI and XII.

3. No change is intended to be made in the present practice in regard to Returns XX, XXV, and XXVI. These should have the mark § placed against them.

4. Commissioners will understand that though most of the Returns will no longer come through them to the Board, they are not relieved of the duty of inspecting the Returns, and forwarding to the Board a copy of any remarks which they think ought to be communicated. In the case especially of Returns IX, X, XIV, XXXI, XXXII and XXXIX, the Board will expect to

আজ্ঞাক্রমে আদেশ করিতেছি যে রাজস্ব সম্পর্কীয় হিসাবের বৎসর অনুসারে যে সকল রিটর্ণ বৎসরং গবর্ণমেন্টের নিকটে অর্পণ করা যায় তাহা এই অবধি শেষোক্ত তারিখ পর্য্যন্ত নিষ্পত্তি করিতে হইবে।

২। এই আজ্ঞাক্রমে ১৮৬৬। ৬৭ সালের রিটর্ণের মধ্যে কেবল এগার মাস অর্থাৎ ১৮৬৬ সালের মে মাসের ১ তারিখঅবধি ১৮৬৭ সালের মার্চ মাসের ৩১ তারিখ পর্য্যন্ত ধরা যাইবে। কেননা ১৮৬৬ সালের আপ্রিল মাসের বিবরণ ১৮৬৫। ৬৬ সালের রিটর্ণের মধ্যে ধরা গিয়াছে।

৩। রাজস্ব সম্পর্কীয় হিসাবের বৎসর অনুসারে যে যাণ্মাসিক রিপোর্ট দিতে হয়, তদ্বিষয়ের মন্তব্য যে প্রথম ছয় মাস সেপ্টেম্বর মাসের ৩০ তারিখে ও দ্বিতীয় ছয় মাস মার্চ মাসের ৩১ তারিখে সমাপ্ত হয়।

---

২ নম্বর।

জিলার কর্ত্তৃপক্ষেরা কমিসানর সাহেবদের নিকটে এক্ষণে দুই প্রস্থ রিটর্ণ পাঠাইয়া থাকেন ও কমিস্যনরেরা তাহার এক প্রস্থ বোর্ডের কার্য্যালয়ে পাঠান। কিন্তু সেই আফিসে নানা প্রদেশের যে কৈফিয়ৎ প্রস্তুত হইয়া থাকে তাহা প্রস্তুত করিবার গৌণ না হয় এই কারণে বোর্ডের সাহেবেরা নির্দ্ধার্য্য করিয়াছেন যে জিলার কর্ম্মকারকেরা কমিস্যনর সাহেবের নিকটে এক প্রস্থ ও বোর্ডের নিকটে অন্য প্রস্থ পাঠাইবেন। উভয় প্রস্থে প্রয়োজন মতে হেতুবাদ লিখিতে হইবে। এবং ৪A, ১১, ১২, ২১A চিহ্নিত যে রিটর্ণ এক্ষণে কমিস্যনরেরদের দ্বারা আসিয়া থাকে তাহা কেবল বোর্ডে পাঠাইতে হইবে।

এই হেতু বোর্ডের বিধি নিম্নলিখিত মতে পরিবর্ত্তন হইয়াছে।

বিধি পুস্তকের ২৫৭ পৃষ্ঠার ২ অধ্যায়ের ৩ ধারা উঠাইয়া তৎপরিবর্ত্তে এই ধারা দিতে হইবে।

৩। "যদি কমিস্যনর সাহেবের নিকটে এক প্রস্থ ও বোর্ডের নিকটে অন্য প্রস্থ পাঠান যায় তবে উভয়ের সঙ্গে হেতুবাদ লিখিতে হইবে।"

২৬২ পৃষ্ঠার ক্রোড়পত্রের ১ অঙ্কিত উপদেশের মধ্যে "অবশিষ্ট" এই শব্দের পরিবর্ত্ত "§ চিহ্নের রিটর্ণ" এই শব্দ পাঠ করিতে হইবে। "পাঠাইতে হইবে" এই কথার পর এই কথা লেখ, অবশিষ্ট যে রিটর্ণের কোন চিহ্ন নাই তাহার এক প্রস্থ কমিস্যনর সাহেবের নিকটে অন্য প্রস্থ বোর্ডে পাঠাইতে হইবে।

নির্ঘণ্টের মধ্যে ৪ A. ১১ ও ১২ এইং অঙ্কের কাছে * এই চিহ্ন দিতে হইবে।

৩। ২০, ২৫, ও ২৬ নম্বরের রিটর্ণসম্পর্কীয় যে রীতি প্রচলিত আছে তাহা পরিবর্ত্তন করা উদ্দেশ্য নহে। ঐং অঙ্কের কাছে § এই চিহ্ন দিতে হইবে।

৪। যদিও অধিকাংশ রিটর্ণ কমিস্যনরেরদের দ্বারা পাঠাইবার আর প্রয়োজন নাই তথাপি কমিস্যনরেরা জানিবেন যে ঐ রিটর্ণ দৃষ্টি করিয়া তাঁহাদের বিবেচনায় যেকোন মন্তব্য কথা লেখা উচিত বোধ করেন তাহা বোর্ডের নিকটে প্রেরণ করিবার কার্য্যহইতে নিষ্কৃতি পাইতে পারিবেন না। বিশেষতঃ ৯, ১০, ১৪, ৩১ ৩২, ও ৩৯ সংখ্যার রিটর্ণ বিষয়ে তাঁহাদের যে মত হয় এবং সেই রিটর্ণের লিখিত বিবরণোপলক্ষে তাহারা যে কার্য্য

receive their opinion and report on the steps taken by them on the facts exhibited in the Returns, and will await their recommendations in regard to the propositions made by the District Officers in such matters as the remission of balances, removal of estates, disposal of Government estates, &c., &c.

5. The Board desire that the change of practice may be adopted from the 1st February 1867, so as to be of material use in the submission of this year's Preliminary Report to Government.

করিয়াছেন তদ্বিষয়ের রিপোর্ট বোর্ডের সাহেবের প্রাপ্ত হইতে চাহেন, এবং জিলার কর্তৃপক্ষেরা বাকী রাজস্ব ক্ষমা করণ ও মহাল খারিজদাখিল ও গবর্ণমেণ্ট মহাল বিক্রয় করণপ্রভৃতি বিষয়ের যে প্রস্তাব করেন তদ্বিষয়ে বোর্ডের সাহেবেরা কমিস্যনরদের প্রস্তাবের অপেক্ষায় থাকিবেন।

৫। গবর্ণমেণ্টের নিকটে এই বৎসরের আদিস্থলীয় রিপোর্ট পাঠাইবার সময়ে উক্ত পরিবৃত্ত রীতির ফল দর্শন হয় এই নিমিত্তে বোর্ডের সাহেবেরা ১৮৬৭ সালের ফেব্রুআরি মাসের ১ তারিখ অবধি নূতন প্রণালীমতে কার্য্য করিবার আদেশ করিতেছেন।

No. 3.

As several District Officers have omitted to report in column 6 of Table I in (Rent Suits) Return No. II, the "value of claims" in *new* institutions under the headings "l. Resistance of Process Cases," "o. Leave to measure," and "p. Measurement by Collector," it is hereby notified for guidance that the proper practice to be followed in submitting the required information, is that laid down in the Board's Rules, clause 6, page 234, with reference to Schedule B, Act X of 1862, Article II, Clause E.

2. District Officers will accordingly supply now the omissions hitherto made in their Returns No. II, with a view to the completion of the Board's Register.

৩ নম্বর।

জিলার কর্তৃপক্ষেরা খাজানার মোকদ্দমার ২ নম্বরী রিটর্ণের ১ চিহ্নিত টেবিলের ৬ ঘরেতে নূতন উপস্থিত মোকদ্দমা সম্পর্কে "l আজ্ঞাপত্র সাধন করিবার বাধা জন্য মোকদ্দমা। o মাপিবার অনুমতি। p কালেক্টর সাহেব দ্বারা মাপন" এই তিন শিরোলিপির ঘরে দাওয়ার মূল্য জ্ঞাত করেন নাই। এই হেতুক তাঁহাদের উপদেশার্থে জ্ঞাত করা যাইতেছে, যে বোর্ডের বিধি পুস্তকের ২৩৪ পৃষ্ঠার ৬ ধারাতে ১৮৬২ সালের ১০ আইনের B চিহ্নিত তফসীলের ২ প্রকরণের E দফা সম্পর্কে যে নিয়ম নির্দ্দিষ্ট হইয়াছে তাহাই প্রয়োজনীয় সম্বাদ দিবার উপযুক্ত নিয়ম

২। জিলার কর্তৃপক্ষেরা আপনাদের ২ নং রিটর্ণে যে কথা লিখিতে ক্রটি করিয়াছেন বোর্ডের রেজিষ্টর পূর্ণ করিবার অভিপ্রায়ে তাহা পাঠাইবেন

No. 4.

The Government have by their Orders, No. 3274, dated 11th December 1866, invested Head Constables in charge of Police outposts of the 1st and 2nd grades with powers to seize and search for illicit Opium and other intoxicants, and to arrest persons found in possession of them, under the provisions of Section 59 of Act XXI of 1856.

2. The following alterations are accordingly made in the Board's Rules:—After "Constable" in the 1st line of each of the clauses 2 and 3, Section VII, pages 112 and 113, add "and Head Constables in charge of Police outpost, of the 1st and 2nd grades.

৪ নম্বর।

প্রথম ও দ্বিতীয় যে হেড কনষ্টাবলেরা পোলীসের ফাঁড়ির কর্ম্মের ভার প্রাপ্ত হন গবর্ণমেণ্ট ১৮৬৬ সালের ডিসেম্বর মাসের ১১ তারিখের ৩২৭৪ নম্বরের আজ্ঞাক্রমে তাঁহাদের প্রতি ১৮৫৬ সালের ২১ আইনের ৫৯ ধারার বিধানমতে আইন বিরুদ্ধ আফিম ও অন্য মাদক দ্রব্য ধরিয়া লইবার ও অন্বেষণ করিবার ও যে ব্যক্তিদের নিকটে পাওয়া যায় তাহাদিগকে আসেধ করিবার ক্ষমতা প্রদান করিয়াছেন।

২। এই হেতুক নিম্নলিখিতমতে বোর্ডের বিধির পরিবর্ত্তন করিতে হইবে যথা ১১২ ও ১১৩ পৃষ্ঠার ৭ অধ্যায়ের ২ ও ৩ প্রকরণের প্রথম পংক্তিতে কনষ্টাবল এই শব্দের পরে "এবং প্রথম ও দ্বিতীয় শ্রেণীর যে হেড কনষ্টাবলেরা পোলীস ফাঁড়ির কর্ম্মের ভার পান" এই কথা যোগ করিতে হইবে।

No. 5.

Before the words "and on any broken bundles" in the penultimate sentence in clause 18, page 78 of the Board's Rules add, "when the bundles in which such deficiency is discovered exhibit signs of having been tampered with."

৫ নম্বর।

বোর্ডের বিধি পুস্তকের ৭৮ পৃষ্ঠার ১৮ প্রকরণে "কোন ভাঙ্গাআটি" এই কথার পূর্ব্বে "যে আটিতে কিছু ন্যূনতা প্রকাশ হয় তাহাহইতে যদি গাঁজা বাহির করিবার চিহ্ন দেখা যায়" এই কথা পাঠ করিতে হইবে।

No. 6.

"Return No. XXIIA" in Rule 5, at page 261, and Rule 3, Section XII, at page 331, should be altered to "Return No. XXIA."

৬ নম্বর।

২৬১ পৃষ্ঠার বিধির ৫ ধারাতে এবং ৩৩১ পৃষ্ঠার ১২ অধ্যায়ের ৩ ধারাতে ২২A রিটর্ণ এই কথার পরিবর্ত্তে ২১A রিটর্ণ পাঠ করিতে হইবে।

No. 7.

The following errata and omissions have been discovered in the Board's Rules :—

Page 70, clause 42, add "Forms 17 and 19 must also be submitted to the Collector (see clause 43) for purpose of check." Page 80, clause 30, for "83" read "84." Page 219, Register 24, heading 5, for "the area in acres of share" read "specification of the share." Page 226, Register 84, insert heading 5 A, "From what place."

N. B.—This is necessary to fill up Return No. XL.

No. 8.

District Officers are requested, in future, to credit in their Monthly Cash Accounts amounts realized as interest on sale proceeds of Waste Lands under I, "Land Revenue," instead of under XVII, "Interest."

No. 9.

With reference to the Bill published in the *Gazette of India* of the 10th March 1866, to empower Committees appointed under Section 7, Act XX of 1863, to raise funds for the costs and expenses incurred in the performance of their duties, and for other purposes connected with the management of religious endowments, Commissioners are requested to report whether any attempt has yet been made by such Committees to raise such funds, and with what result.

2. An immediate reply is requested, as the Bill is under consideration of the Legislative Council.

No. 10.

The following rule is to be added as No. 2A, Section VI, at page 210, of the Board's Rules :-

2A. A separate application must be made for copies of all papers required or connected with one cause or matter. When copies are wanted of papers relating to different matters or causes, as many applications are necessary as the matters or causes to which the papers relate.

No. 11.

The attention of all Collectors and Treasury Officers is drawn to the following Notification of the Financial Department, No. 243, dated 14th January 1867, which is published at page 63 of the *Gazette of India*. It should be acted on freely.

৭ নম্বর।

বোর্ডের বিধিপুস্তকের মধ্যে নিম্নলিখিত অশুদ্ধতা ও ভুল প্রকাশ হইয়াছে যথা,—

৭০ পৃষ্ঠার ৪২ ধারাতে এই কথা লিখিতে হইবে "এবং শুদ্ধতা রক্ষার জন্যে ১৭ ও ১৯ নং পাঠও কালেক্টর সাহেবের নিকটে অর্পণ করিতে হইবে (৪৩ ধারা দেখ)।" ৮০ পৃষ্ঠার ৩০ ধারাতে ৮৩ এই অঙ্কের পরিবর্ত্তে ৮৪ অঙ্ক পাঠ করিতে হইবে। ২১৯ পৃষ্ঠার ২৪ নং রেজিষ্টরের ৫ নম্বর ঘরের শিরোলিপিতে "একরের হিসাবে অংশের পরিমাণ" এই কথার পরিবর্ত্তে "অংশের বিশেষ বর্ণনা" এই কথা লিখিতে হইবে। ২২৬ পৃষ্ঠার ৮৪ নং রেজিষ্টরের ৫ A নূতন ঘর করিয়া "যে স্থান হইতে" এই শিরোলিপি দিতে হইবে।

মন্তব্য। ৪০ নং রিটর্ণ পূর্ণ করিবার জন্যে ইহ আবশ্যক।

৮ নম্বর

জিলার কর্ত্তৃপক্ষেরা পতিত ভূমি বিক্রয় করণদ্বার উৎপন্ন টাকার উপর যে সুদ পান তাহা আপনাদে মাসিক নগদের হিসাবের ১৭ দফায় "সুদ" এই পাঠে ন লিখিয়া ১ দফা "ভূমির রাজস্ব" এই পাঠে জ করিবেন।

৯ নম্বর।

১৮৬৩ সালের ২০ আইনের ৭ ধারাক্রমে যেং নিযুক্ত হন তাঁহাদিগকে আপনাদের কর্ত্তব্য ক সম্পাদনের ব্যয় ও পারিশ্রমিক শোধ করিবার এব ধর্ম্মার্থে দত্ত ভূম্যাদির কর্ম্মসম্পাদন সংক্রান্ত অন্যান্য কার্য্যের ব্যয় পোষণের উপযুক্ত টাকাতুলিবার ক্ষমত দানার্থে আইনের পাণ্ডুলিপি ১৮৬৬ সালের মা মাসের ১০ তারিখের ইণ্ডিয়া গেজেটে প্রকাশ হইয়াছে তদুপলক্ষে কমিটীরা ঐ টাকা তুলিবার কোন উদ্যো করিয়াছেন কি না যদি করিয়া থাকেন তবে তাহার f ফল হইল এই বিষয়ের রিপোর্ট করিতে কমিসনর দের প্রতি আজ্ঞা হইয়াছে।

সেই আইনের পাণ্ডুলিপি এক্ষণে ব্যবস্থাপনী মন্ত্রিসভায় বিবেচনাধীন আছে অতএব এই পত্রে উত্তর ত্বরায় পাঠাইবার আদেশ হইল।

১০ নম্বর।

বোর্ডের বিধি পুস্তকের ২১০ পৃষ্ঠায় ৬ বিধি ২A ধা বলিয়া নিম্নস্থ বিধি লিখিতে হইবে।

২A. একি মোকদ্দমার কি বিষয়ের যে সক কাগজপত্রের প্রতিলিপি পাইবার প্রয়োজন হয় তাহ জন্যে পৃথক২ প্রার্থনাপত্র দিতে হইবে। যদি ভি বিষয়ের কি মোকদ্দমার কাগজপত্রের প্রয়োজন হ তবে ঐ কাগজপত্র যত বিষয়ের কি মোকদ্দম সংক্রান্ত হয় তত প্রার্থনা পত্র দিতে হইবে।

১১ নম্বর।

ফিনান্সিয়ল ডিপার্টমেণ্ট সম্পর্কীয় ১৮৬৭ সালে জানুআরি মাসের ১৪ তারিখের ২৪৩ নম্বরের নিম্নলি খিত জ্ঞাপনপত্র ইণ্ডিয়া গেজেটের ৬৩ পৃষ্ঠায় প্রকা হইয়াছে। তদ্বিষয়ে সকল কালেক্টর সাহেবকে এ খাজানাখানার সকল কার্য্যকারকদিগকে মনোযো করিতে আদেশ হইতেছে। সেই পত্রমতে অবাধিতরূ কর্ম্ম করা কর্ত্তব্য।

2. The following Rule will stand in modification of the present Rule 3 at page 25 of the Board's Rules.

3. Treasury Officers shall endeavour to keep up their supply of Currency Notes of the Circle within which their districts are situate by ordinarily cashing all such Notes freely on demand, except when the demand of Silver for Notes may be such that the Treasury Officer cannot meet it without serious inconvenience.

The word "not" on the margin of Rule 3 should be scored through.

২। বোর্ডের বিধি পুস্তকের ২৫ পৃষ্ঠার ৩ ধারাতে যে বিধি আছে তৎপরিবর্ত্তে এই বিধি দেওয়া যাইবে।

৩। খাজানাখানার কার্য্যকারকদের জিলা যে চক্রের মধ্যে থাকে সেই চক্রের করেন্সি নোট ভাঙ্গাইয়া নগদ টাকা পাইবার প্রার্থনা হইলে যদি খাজনাখানার কার্য্যকারক গুরুতর কষ্ট বিনা তাহার টাকা দিতে পারেন তবে অবশ্য দিবেন।

বিধির পার্শ্বে "না" যে শব্দ আছে তাহা তুলিয়া ফেলিতে হইবে।

Financial Department Notification, No. 243, dated 14th January 1867.

The Governor General in Council directs that Treasury Officers shall endeavour to keep up their supply of Currency Notes of the Circle within which their districts are situate by ordinarily cashing all such Notes freely on demand.

By law, the Government is not required to cash Currency Notes at any of its Treasuries, but this provision of the law should be availed of only when the demand of Silver for Notes may be such that the Treasury Officer could not meet it without serious inconvenience.

ফিনানসিয়ল ডিপার্টমেন্টের ১৮৬৭ সালের জানুআরি মাসের ১৪ তারিখের ২৪৩ নম্বরের জ্ঞাপন।

রাজকীয় খাজানাখানার কর্ম্মকারকদের জিলা যে চক্রের মধ্যে থাকে সেই চক্রের করেন্সি নোট তাহাদের নিকট উপস্থিত করা গেলে তাঁহারা তৎপরিবর্ত্তে অবাধিতরূপে নগদ টাকা দিয়া তাঁহাদের জিলার মধ্যে ঐ নোট পর্য্যাপ্ত ভাবে চালাইবেন। মন্ত্রি সভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের এই আজ্ঞা।

২। আইনমতে গবর্ণমেণ্ট আপনার কোন ট্রেজুরীতে করেন্সি নোট ভাঙ্গাইতে আবদ্ধ নহেন কিন্তু অধিক নোট ট্রেজুরিতে আনীত হইলে যদি সমুদয়ের টাকা দিলে নগদ টাকার অকুলান হইবার সম্ভাবনা, তাহা হইলে ঐ আইনমতে কার্য্য হইবে নতুবা নয়

No. 12.

All administrative questions relative to the establishment of Treasure Chests at the Head-Quarters of Sub-divisions, such as the supply of iron chests for the use of Sub-divisional Officers, should in future be disposed of by Commissioners of Divisions under the Board's sanction.

১২ নম্বর।

শাখাখণ্ডের সদর স্থানে খাজানার সিন্দুক রাখিবার কার্য্য নিরূপণ সম্পর্কে কার্য্যকারকদের ব্যবহারের জন্যে লৌহের সিন্দুক দেওন প্রভৃতি যে সকল কথা উত্থাপন হয় খণ্ডের কমিস্যনর সাহেবেরা বোর্ডের সম্মতি গ্রহণপূর্ব্বক তাহা নিষ্পত্তি করিবেন।

No. 13.

The following addition is to be made to Budget Rule 2 at page 22: –

The estimates and sheets of explanations are to be submitted to the Board in duplicate, one copy being required for record in their office.

১৩ নম্বর।

২২ পৃষ্ঠালিখিত বজেটের বিধির ২ ধারাতে নিম্নলিখিত কথা সংযোগ করিতে হইবে, যথা,

আয় ব্যয়ের অনুমানপত্রের ও হেতু বর্ণনার ফর্দের দুই২ প্রস্থ বোর্ডের নিকটে পাঠাইতে হইবে। এক প্রস্থ তাঁহারদের কার্য্যালয়ে রাখিবার জন্যে প্রয়োজন।

No. 14.

The following addition is made to Rule I, Section IV, page 159 of the Board's Rules.

For a Commissioner of Division; two single-poled tents, each measuring 16 feet square, and costing Rs. 850 (or Rs. 1,700 for both.)

১৪ নম্বর।

বোর্ডের বিধি পুস্তকের ১৫৯ পৃষ্ঠালিখিত বিধির ৪ অধ্যায়ের ১ ধারার সঙ্গে এই বিধি সংযোগ করিতে হইবে।

খণ্ডের কমিস্যনর সাহেবের নিমিত্তে এক২ দণ্ডের দুই তাম্বু। তাহার পরিমাণ ১৬ বর্গ ফুট। মূল্য ৮৫০ টাকা করিয়া, কি উভয়ে ১৭০০৲ টাকা।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

[*Government Gazette*, 2nd *April* 1867.]

CIRCULAR ORDERS BY THE HIGH COURT OF JUDICATURE AT FORT WILLIAM IN BENGAL.

(*Civil Side.*)

No. 7.

To the Civil Authorities in the Lower Provinces,—(dated Calcutta, the 20th February 1867.)

The Court circulate for general information and guidance the accompanying copy of a letter No. 884 of the 8th instant, from the Secretary to the Government of Bengal, exempting the Native Gentlemen named bellow from personal attendance in the Civil Courts.

By Order of the High Court,

L. R. TOTTENHAM,

Registrar.

Baboo Prosono Coomar Tagore, C. S. I.
Baboo Ramgopal Ghose.
Moonshee Ameer Ali Khan, Bahadoor.
Baboo Degumbur Mitter.
Khaja Abdool Gunny.
Baboo Romanath Tagore.
Rajah Anundo Nath Roy, Bahadoor, C. S. I.

বঙ্গপ্রভৃদেশের হাই কোর্টের সরকুলার অর্ডর

দেওয়ানী পক্ষ।

৭ নম্বর।

বঙ্গপ্রভৃতি দেশের দেওয়ানী কর্তৃপক্ষ সমীপেষু। কলিকাতা, ১৮৬৭ সাল ২০ ফেব্রুআরি।

হাই কোটের সাহেবেরা বঙ্গদেশের গবর্ণমেণ্টের শ্রীযুত সেক্রেটারী সাহেবের বর্ত্তমান মাসের ৮ তারিখের ৮৮৪ নম্বরের নিম্নলিখিতপত্র সর্ব্ব সাধারণের জ্ঞান ও উপদেশার্থে প্রচার করিতেছেন তৎক্রমে নিম্নলিখিত মহোদয়গণ দেওয়ানী আদালতে স্বয়ং উপস্থিত হইতে নিষ্কৃতি পান।

হাই কোর্টের আজ্ঞাক্রমে,

এল আর টটেনহাম,

রেজিষ্ট্রার।

বাবু প্রসন্নকুমার ঠাকুর C. S. I.
বাবু রামগোপাল ঘোষ।
মুন্‌শী আমিরালী খাঁ বাহাদুর।
বাবু দিগম্বর মিত্র।
খাজা আবদুল গণি।
বাবু রমানাথ ঠাকুর।
রাজা আনন্দনাথ রায়বাহাদুর C. S. I.

No. 884.

From the HON'BLE A. EDEN, Secretary to the Government of Bengal, to the Registrar of the High Court,—(dated Fort William, the 8th February 1867.)

I AM directed to request that, with the permission of the Hon'ble Judges of the High Court, you will be so good as to include the gentlemen named in the enclosure in the list of persons who have been exempted from personal attendance in the Civil Courts under the provisions of Section 22, Act VIII of 1859.

(Sd.) A. EDEN,

Secretary to the Government of Bengal.

৮৮৪ নম্বর।

হাই কোটের রেজিষ্টর সাহেবের নিকটে বঙ্গদেশে গবর্ণমেণ্টের সেক্রেটারী মান্যবর এ ইডেন সাহেবে পত্র। ফোর্ট উলিয়ম ১৮৬৭ সাল ৮ ফেব্রুআরি।

যাঁহারা ১৮৫৯ সালের ৮ আইনের ২২ ধারার বিধা মতে দেওয়ানী আদালতে স্বয়ং উপস্থিত হইতে নিষ্কৃতি পান, আপনি হাই কোটের মান্যবর জজ সাহেবদের অনুমতি লইয়া তাঁহাদের নামের নির্ঘণ্টের মধ্যে নিম্নলিখিত মহাশয়দের নাম লেখাইবেন, আজ্ঞাক্রমে আমার এই আদেশ।

এ ইডেন।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

LIST OF NAMES.

Baboo Prosono Coomar Tagore, C. S. I.
„ Ramgopal Ghose.
Moonshee Ameer Ali Khan, Bahadoor.
Baboo Degumbur Mitter.
Khaja Abdool Gunny.
Baboo Romanath Tagore.
Rajah Anundo Nath Roy, Bahadoor, C. S. I.

নামের ফর্দ্দ।

বাবু প্রসন্নকুমার ঠাকুর C. S. I.
বাবু রামগোপাল ঘোষ।
মুন্‌শী আমিরালী খাঁ বাহাদু।
বাবু দিগম্বর মিত্র।
খাজা আবদুল গণি।
বাবু রমানাথ ঠাকুর।
রাজা আনন্দনাথ রায়বাহাদুর C. S. I.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৭। ২ আপ্রিল।]

No. 8.

From L. R. TOTTENHAM, ESQ., Registrar of the High Court of Judicature at Fort William in Bengal, to all Civil Judges,—(dated Calcutta, the 26th February 1867.)

The Officiating Registrar-General, Lower Provinces, having intimated to the High Court, that printed Forms A and B, for the preparation of Memoranda under Sections 41 and 42 of the Indian Registration Act, referred to in paragraph 11 of their Circular No. 24, dated 19th June 1866, are ready for distribution, the Court request that Indents may be made direct to the Superintendent of Stationery for a sufficient supply of the Forms.

By Order of the High Court,
L. R. TOTTENHAM,
Registrar.

৮ নম্বর।

সকল সিবিল জজ সাহেবের প্রতি বঙ্গদেশের ফোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্টের রেজিষ্ট্রার শ্রীযুত এল আর টটনহাম সাহেবের পত্র।

কলিকাতা ১৮৬৭ সাল ২৬ ফেব্রুআরি।

হাই কোর্টের সাহেবেরা ১৮৬৬ সালের জুন মাসের ১৯ তারিখের ২৪ নম্বরের সরক্যুলর অর্ডরের ১১ দফাতে যে মর্ম্মাত্মক লিপির উল্লেখ করিয়াছেন, ভারতবর্ষীয় রেজিষ্টরী করণের আইনের ৪১ ও ৪২ ধারামতে তাহা প্রস্তুত করিবার A ও B চিহ্নিত পাঠ মুদ্রিত হইয়া বিতরণ করিবার জন্যে প্রস্তুত আছে। এই কথা বঙ্গপ্রভৃতি দেশের একটিং রেজিষ্ট্রার জেনরল সাহেব হাই কোর্টে জ্ঞাত করিয়াছেন। অতএব ঐ পাঠের যত খানি প্রয়োজন তাহার জন্যে ষ্টেসনরির সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবের নিকটে পত্র পাঠান যায় হাই কোর্টের এই আদেশ।

হাই কোর্টের আজ্ঞাক্রমে
এল আর টটনহাম, রেজিষ্ট্রার।

No. 9.

To all Civil Judges in the Lower Provinces,—(dated Calcutta, the 26th February 1867.)

THE Court find it absolutely necessary to call the attention of subordinate Courts of every grade to the sections of the Code of Civil Procedure applicable to the reception of documentary evidence, the laxity of practice prevailing on this head being productive of most serious inconvenience, and evincing in many cases total disregard of the wholesome provisions of the Law.

2. Section 39 provides that "when the plain-"tiff sues upon any written document, or relies "upon any such document as evidence in support "of his claim, he shall *produce the same in Court* "when the plaint is presented, and shall *at the* "*same time deliver a copy* of the document *to be* "*filed with the plaint:* if the document be an "entry in a............. book, the plaintiff shall "produce the book to the Court, together with a "*copy of the entry* on which he relies. The Court "shall forthwith mark the document ...., and "after examining and comparing the copy with "the original, shall return the document to the "plaintiff. The plaintiff may, if he think proper, "deliver the original document to be filed instead "of the copy ....; any *document not pro-* "*duced in Court* by the plaintiff when the plaint "is presented *shall not be received in evidence* on "his behalf at the hearing of the suit, without the "sanction of the Court."

This latter part of the Section has reference to Section 128, which regulates the reception of documents of the first hearing and is in these words:

৯ নম্বর।

বঙ্গপ্রভৃতি দেশের সকল সিবিল জজ সাহেব সমীপেষু
কলিকাতা ১৮৬৭ সাল ২৬ ফেব্রুআরি।

লিখিত প্রমাণ গ্রাহ্য করিবার যে রীতি চলিতেছে তাহাতে শৈথিল্য প্রযুক্ত অত্যন্ত অসুবিধা জন্মে। এবং অনেক স্থলে আইনের হিতজনক বিধির প্রতি সম্পূর্ণ অমনোযোগ প্রকাশ হইয়া থাকে, এ হেতুক দেওয়ানী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের যেং ধারা তদ্বিষয়ের প্রতি বর্ত্তে, হাই কোর্টের সাহেবেরা তাহাতে প্রত্যেক শ্রেণীর নিম্নতর আদালতের মনোযোগ করিবার আদেশ করা অত্যন্ত আবশ্যক জ্ঞান করেন।

২। ৩৯ ধারার বিধান এই। "ফরিয়াদী যদি লিখিত কোন দলীলের উপর মোকদ্দমা করে, কিম্বা তদ্রূপ কোন দলীলের প্রমাণে আপন দাওয়া সাবুদ করিবার আশা রাখে, তবে আরজী দাখিল করিবার সময়ে সেই দলীলও আদালতে উপস্থিত করিবে। ও নালিশের আরজীর সঙ্গে নথীর শামিল করিবার জন্যে ঐ দলীলের এক কেতা নকলও সেই সময়ে দাখিল করিবে। ঐ দলীল যদি বহীর লিখিত কথা হয় তবে ফরিয়াদী লিখিত যে কথার উপর নির্ভর করে, সেই কথার এক কেতা নকল সমেত সেই বহীও আদালতে উপস্থিত করিবে। আদালত তৎক্ষণাৎ তাহাতে এক চিহ্ন দিবেন। ও সেই নকল দৃষ্টি করিয়া আসলের সঙ্গে মিলাইলে পর, আদালত সেই দলীল ফরিয়াদীকে ফিরিয়া দিবেন। ফরিয়াদী যদি চাহে তবে নথীতে রাখিবার জন্যে নকল না দিয়া আসল দলীল দিতে পারিবে। নালিশের আরজী দাখিল করিবার সময়ে ফরিয়াদী যে দলীল উপস্থিত না করে এমত কোন দলীল মোকদ্দমা শুনিবার সময়ে তাহার পক্ষে প্রমাণস্বরূপে গ্রাহ্য হইবে না। কেবল আদালত অনুমতি দিলে গ্রাহ্য হইবে।"

এই ধারার শেষ কথাতে ১২৮ ধারার কথা লক্ষ হইয়াছে। সেই ধারাতে প্রথম শুনিবার সময়ে দলীল গ্রাহ্য করিবার বিধি এইরূপ ব্যক্ত হইয়াছে।

১৮৬০ সালের উক্ত ২৭ আইনমতে উক্ত প্রকারের সর্টিফিকট যে ব্যক্তিকে দেওয়া যায় তিনি কি তাঁহার স্থলাভিষিক্ত ব্যক্তি ঐ সর্টিফিকটক্রমে যে টাকা প্রাপ্ত হন কি আদায় করেন, ঐ সর্টিফিকটের তারিখ অবধি বারো মাস গত হইলে, এবং ঐ সর্টিফিকটদাতা আদালত তাঁহাকে তৎপশ্চাৎ যে সময় আজ্ঞা করেন সেই সময়ে তিনি ঐ সকল টাকার বিবরণ অর্পণ করিবেন। ও সেই সর্টিফিকট যাঁহাকে দেওয়া যায় তিনি যত প্রাপ্য টাকার কি অন্য সম্পত্তির বিষয়ে শপথ করিয়াছেন, যদি তদ্রূপে তদধিক টাকা আদায় করেন কি প্রাপ্ত হন, তবে আদালত ঐ সর্টিফিকট রহিত করিয়া ঐ টাকার নিমিত্তে এই প্রকরণক্রমে যত মূল্যের ইষ্টাম্প নির্দ্দিষ্ট হইয়াছে ঐ ব্যক্তিকে তত মূল্যের ইষ্টাম্প কাগজে নূতন সর্টিফিকট লইতে আজ্ঞা করিবেন। নিরূপিত কালের মধ্যে ঐ বিবরণ অর্পণ না করা গেলে, আদালত ঐ সর্টিফিকট রহিত করিতে পারিবেন। ...	
৩। ডিক্রী কিম্বা ডিক্রীর তুল্য বলবৎ আজ্ঞা যদি হাই কোর্টকর্ত্তৃক করা যায় তবে তাহার প্রতিলিপি ...	
যদি হাই কোর্ট ভিন্ন কোন দেওয়ানী আদালত কর্ত্তৃক কিম্বা রাজস্ব সম্পার্কীয় কোন আদালত কর্ত্তৃক করা যায়, তবে	
ঐ ডিক্রী কি আজ্ঞাক্রমে ৫০৲ টাকার কিম্বা তাহার ন্যূন মূল্যের বিবাদীয় বিষয়ের মীমাংসা নির্ণয় হইলে	।।০
৫০৲ টাকার অধিক মূল্যের হইলে ...	১৲

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৭। ৯ আপ্রিল।]

৪। প্রতিলিপি কি অনুবাদ। যে বিচার কি আজ্ঞা ডিক্রী নহে ও ডিক্রীর তুল্য বলবৎ নয়, তাহা হাই কোর্টের হইলে তাহার প্রতিলিপির কি অনুবাদের ... ১৲

যদি সেই বিচার কি আজ্ঞা হাই কোর্ট ভিন্ন কোন দেওয়ানী আদালতে কিম্বা রাজস্ব সম্পর্কীয় কোন আদালতে কি রেবিনিউ বোর্ডে করা যায় কিম্বা প্রধান কমিস্যনর সাহেব কি রাজস্বসম্পর্কীয় কি কর্তৃত্ব কর্ম্মসম্পাদক অন্য প্রধান কার্য্যকারক সাহেবকর্তৃক কিম্বা দাওরার কোন কমিস্যনর সাহেবকর্তৃক কিম্বা খণ্ডের রাজকীয় কর্ম্মসম্পাদনের ভারপ্রাপ্ত কোন প্রধান কার্য্যকারক কর্তৃক করা যায়, তবে ..

বিচার কি আজ্ঞা যে বিষয়ের হয় তাহা কি তাহার মূল্য ৫০ টাকা কি ৫০ টাকার ন্যূন হইলে ... ।০

৫০ টাকার অধিক কি ৫০ টাকার অধিক মূল্যের হইলে ... ৷৷০

৫। ৩ ও ৪ প্রকরণের মধ্যে রাজস্ব কি আদালতসম্পর্কীয় কোন রুবকারির কি আজ্ঞার যে প্রতিলিপির বিধান না আইসে সেই প্রতিলিপির কিম্বা কোন হিসাব কি কৈফিয়ৎ কি রিপোর্টপ্রভৃতির যে প্রতিলিপি কোন দেওয়ানী কি ফৌজদারী কি রাজস্বসম্পর্কীয় আদালত কি কাছারীহইতে কিম্বা দাওরার কোন কমিস্যনর সাহেবের কিম্বা খণ্ডের রাজকীয় কার্য্যসম্পাদনের ভারপ্রাপ্ত কোন প্রধান কর্তৃপক্ষের কার্য্যালয়হইতে লওয়া যায়, তাহার ফর্দ্দপ্রতি ... ৷৷০

৬। মোকদ্দমার কোন পক্ষ এই আইনের A চিহ্নিত তফসীল অনুযায়ি ইষ্টাম্প কাগজে লিখিত আসল লেখা কি পত্র কি লিপি লইয়া যদি আসলের পরিবর্ত্তে তাহার প্রতিলিপি নথীতে রাখেন, তবে সেই নকলের .. ঐ মূল দলীল ৷৷০ আনার অনধিক ইষ্টাম্প কাগজে লেখা গেলে তত্তুল্য ইষ্টাম্প, নতুবা ফর্দ্দপ্রতি ৷৷০ আনা ইষ্টাম্প। কিন্তু নকলের জন্যে যে ইষ্টাম্প লাগে তাহা কখন আসলের ইষ্টাম্পের অধিক হইবে না।

বর্জ্জিত বিষয়।

যদি উক্ত A চিহ্নিত তফসীলমতে মুল লেখা কি পত্র কি লিপি ইষ্টাম্প কাগজে লিখিতে না হয়, তবে প্রতিলিপির ইষ্টাম্প লাগিবে না।

৭। মোক্তারনামা ও ওকালৎনামা ও অন্য যে ক্ষমতাপত্র কোন আদালতে কি রাজস্বসম্পর্কীয় কি রাজকীয় কর্ম্মসম্পাদনের ভারপ্রাপ্ত কোন কর্তৃপক্ষের সম্মুখে একি মোকর্দ্দমা চালাইবার নিমিত্তে অর্পিত কি উপস্থিত করা যায় ..

যদি হাই কোর্টের কি রেবিনিউ বোর্ডের কিম্বা প্রধান কমিস্যনরের কিম্বা রাজস্বের কি রাজকীয় কর্ম্ম সম্পাদনের ভারপ্রাপ্ত অন্য প্রধান কর্তৃপক্ষের সম্মুখে অর্পিত হয়, তবে তাহার ... ২৲

যদি রাজস্বের কি রাজকীয় কর্ম্ম সম্পাদনের ভারপ্রাপ্ত প্রধান কর্তৃপক্ষ ভিন্ন রাজস্বের কি দাওরার কমিস্যনর সাহেবের কিম্বা খণ্ডের রাজকীয় কর্ম্মসম্পাদনের ভারপ্রাপ্ত উচ্চপদস্থ কোন কার্য্যকারকের কি কষ্টমের কমিস্যনর সাহেবের সম্মুখে অর্পণ করিতে হয়, তবে ..

যদি হাই কোর্টভিন্ন দেওয়ানী কি ফৌজদারী আদালতে কি রাজস্বের কোন আদালতে কিম্বা কোন কালেক্টর কি মাজিষ্ট্রেট সাহেবের কি রাজস্বসম্পার্কীয় কিম্বা এই প্রকরণে যাঁহার বিধান হয় নাই কার্য্যসম্পাদনের ভার প্রাপ্ত এমত অন্য কার্য্যকারকের নিকটে অর্পিত হয় তবে ... ৷৷০

বর্জ্জিত বিষয়।

পল্টনের কোন হুদ্দাদার কি সিপাহী যে মোক্তারনামা দেয় তাহাতে ইষ্টাম্প লাগিবে না।

হাই কোর্টের কোন আডবোকেটের মোক্তারনামা কি ওকালতনামা কিম্বা কার্য্য সম্পাদন করিবার জন্য ক্ষমতাপত্র অর্পণ কি উপস্থিত করিবার আবশ্যক নাই।

৮। আপীলের দরখাস্ত এতাবতা নালিশের আরজী অগ্রাহ্য করিবার কোন আজ্ঞার কিম্বা ডিক্রীর উপর কি যে আজ্ঞা ডিক্রীর তুল্য বলবৎ হয় তাহার উপর না হইয়া, অন্য আপীলের দরখাস্ত ...

হাই কোর্টে অর্পণ করা গেলে ..

হাই কোর্টভিন্ন কোন দেওয়ানী আদালতে কিম্বা রেবিনিউ বোর্ড ভিন্ন রাজস্ব সম্পর্কীয় কোন আদালতে অর্পণ করা গেলে ..

৯। রেবিনিউ বোর্ডের কিম্বা প্রধান কমিস্যনরের কিম্বা রাজস্বের অন্য প্রধান কার্য্যকারকের কিম্বা রাজকীয় কার্য্যসম্পাদনের ভারপ্রাপ্ত কর্তৃপক্ষের নিকটে আপীলের যে দরখাস্ত দেওয়া যায় তাহার .. ।

১০ অন্য কোন দরখাস্ত কি কোন প্রার্থনাপত্র যখন হাই কোর্টে অর্পণ করা যায় ... ।

যখন রেবিনিউ বোর্ডের কিম্বা প্রধান কমিস্যনরের কি রাজস্বের অন্য প্রধান কার্য্যকারকের কি রাজকীয় কর্ম্মসম্পাদনের ভারপ্রাপ্ত কর্তৃপক্ষের কিম্বা রাজস্বের কি দওরার কমিস্যনর সাহেবের নিকটে কিম্বা খণ্ডের রাজকীয় কর্ম্মনিরূপণ করিবার ভারপ্রাপ্ত কোন প্রধান কার্য্যকারকের নিকটে অর্পণ করা যায় ... ।

দরখাস্তের কি প্রার্থনাপত্রের মধ্যে যদি অন্যায়মতে কয়েদ কি অন্যায়মতে অবরোধ করণ অপরাধের, কিম্বা পোলীসের কর্ম্মকারকেরা ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের তফসীলের ৩ ঘরের নির্দ্দিষ্ট যে অপরাধহেতুক পরওয়ানা বিনা ধৃত করিতে পারেন, তদ্ভিন্ন কোন অপরাধের নালিশ হইয়া কোন ফৌজদারী আদালতে উপস্থিত করা যায়, তবে

যদি দরখাস্ত মোকদ্দমা আদৌ শুনিবার ক্ষমতাপন্ন প্রধান আদালতভিন্ন কোন দেওয়ানী আদালতে কিম্বা সৈন্যেরদের ছাউনী স্থানের জাইন্ট মাজিষ্ট্রেট সাহেবদিগকে কোনং স্থলে দেওয়ানী কার্য্য করিবার ক্ষমতা দেওনের ও তাহাদিগকে দলীল দস্তাবেজের রেজিষ্টর করণের আইন নামে ১৮৫৯ সালের ৩ আইন অনুসারে যে কানটনমেণ্ট জাইন্ট মাজিষ্ট্রেট সাহেব দেওয়ানী মোকদ্দমা বিচার করিবার আদালতস্বরূপে উপবিষ্ট হন, তাঁহার নিকটে, কিম্বা "ধর্ম্মাধিকরণ নির্ব্বাহক হাই কোর্টের সাধারণ প্রথমস্থলীয় দেওয়ানী বিচারাধিপত্যের স্থানীয় সীমার বহির্ভূত ক্ষুদ্র মোকদ্দমার আদালত বিষয়ক ব্যবস্থা সংগ্রহ ও সংশোধন করণার্থ ১৮৬৫ সালের ১১ আইনমতে ক্ষুদ্র মোকদ্দার যে কোন আদালত সংস্থাপিত হয়, সেই আদালতে কিম্বা ৫০ টাকার ন্যূনের কিম্বা ৫০ টাকার ন্যূন মূল্যের বিবাদীয় বিষয়ের কোন মোকদ্দমা সম্পর্কে কালেক্টর সাহেবের কি রাজস্ব সম্পর্কীয় কোন কার্য্যকারকের নিকটে উপস্থিত করা যায়

যদি কোন রাজধানীতে কষ্টমের কালেক্টর সাহেবের নিকটে কিম্বা ১৮৫৬ সালের ১৪ আইনমতে কিম্বা কোন রাজধানীর পারিপাট্য ও সৌষ্ঠবের নিমিত্তে যে সময়ে যে আইন প্রচলিত থাকে তদনুসারে কোন মুনিসিপল কমিস্যনরদের কিম্বা কোন মাজিষ্ট্রেটের বা শান্তিরক্ষার্থ জষ্টিসের প্রতি দরখাস্ত অর্পণ করা যায়

যদি কোন বিচার কি ডিক্রী কি আজ্ঞা কিম্বা রিকার্ডের মধ্যে রাখা অন্য দলীলের প্রতিলিপি কি অনুবাদ পাইবার জন্যে দেওয়ানী কি ফৌজদারী কিম্বা রাজস্ব সম্পর্কীয় কোন আদালতে কিম্বা কোন রেবিনিউ বোর্ডে অথবা রাজস্বের কি দওরার কোন কমিস্যনর সাহেবের নিকটে কিম্বা খণ্ডের রাজকীয় কার্য্য নিরূপণের ভারপ্রাপ্ত কোন প্রধান কার্য্যকারক সাহেবের নিকটে দরখাস্ত করা যায়

যে দরখাস্ত কি প্রার্থনাপত্র এই তফসীলের অন্য কোন বিধানের কিম্বা বর্জ্জিত কথার মধ্যে ধরা যায় নাই এমত কোন দরখাস্ত দেওয়ানী কি ফৌজদারী কি রাজস্ব সম্পর্কীয় কোন আদালতে কিম্বা কোন কালেক্টর সাহেবের কি রাজস্ব সম্পর্কীয় অন্য কর্তৃপক্ষের কি রাজকীয় কর্ম্মসম্পাদনের ভারোপলক্ষে কোন মাজিষ্ট্রেট সাহেবের নিকট অর্পণ করা গেলে

সাধারণ বর্জ্জিত বিষয়।

প্রমাণ দিবার কি দলীল উপস্থিত করিবার জন্যে কোন সাক্ষিকে কি অন্য ব্যক্তিকে উপস্থিত করাইবার আহ্বানপত্রের নিমিত্তে, কিম্বা কোন দস্তাবেজ উপস্থিত কি অর্পণ করণ বিষয়ে, যে প্রথম প্রার্থনাপত্র হয় তাহার ইষ্টাম্প লাগিবে না

চৌকীদারী টাক্সের বিরুদ্ধে মাজিষ্ট্রেট সাহেবের নিকটে আপীলের যে দরখাস্ত দেওয়া যায় তাহার ইষ্টাম্প লাগিবে না

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৭। ৯ আপ্রিল।]

ঐ যে কালেক্টর সাহেব কি অন্য যে কার্য্যকারক বন্দোবস্তীর কার্য্য করিতেছেন। তাঁহার নিকট ভূমির কর ধার্য্য করণ কি স্বত্ব নিরূপণসম্পর্কীয় কোন বিষয়ের, কিম্বা ভূমির উপর গবর্ণমেণ্টের রাজস্বের বন্দোবস্তসংক্রান্ত কোন বিষয়ের দরখাস্ত ঐ বন্দোবস্ত করিবার পূর্ব্বে করা গেলে তাহার ইষ্টাম্প নাই।

তদ্বিষয়ে বোর্ডের কি রাজস্বের কমিস্যনর সাহেবের নিকটে প্রার্থনাপত্রের ইষ্টাম্প নাই।

গবর্ণমেণ্টের বনে গুঁড়ি কাষ্ঠের বৃক্ষ ছেদন করিবার অনুমতি পাইবার জন্যে কিম্বা বনসম্পর্কীয় কোন প্রার্থনাপত্রের ইষ্টাম্প নাই।

পোলীসের কোন কর্ম্মচারির নিকটে কিম্বা ফোর্ট সেণ্ট জর্জ্জ প্রসীডেন্সীতে গ্রামের মণ্ডলের নিকটে কিম্বা বোম্বাই প্রসীডেন্সীতে গ্রাম্য পোলীসের কর্ম্মচারিদের নিকটে কোন অপরাধের যে দরখাস্ত কি প্রার্থনাপত্র কি অভিযোগ কি আবেদনপত্র করা যায় কি অর্পণ করা যায়, তাহার ইষ্টাম্প নাই।

সেই প্রকারের কোন দরখাস্ত কি প্রার্থনাপত্র কি অভিযোগ কি আবেদনপত্র ফৌজদারী আদালতের নিকট করা কি অর্পণ করা গেলে, ঐ আদালত যদি বোধ করেন যে তাহাতে ইষ্টাম্প দেওয়া উচিত নয় তবে ইষ্টাম্প লাগিবে না।

কারাবদ্ধ ব্যক্তির কি বন্দুয়ানের কি অন্য যে ব্যক্তি আসিদ্ধ হয় কিম্বা কোন আদালতকর্ত্তৃক কি আদালতের কর্ম্মচারিকর্ত্তৃক আবদ্ধ হয় তাহার দরখাস্তের ইষ্টাম্প নাই।

১১। নালিশের আরজী কি আপীলের দরখাস্ত। টাকা আদায়ের জন্যে কিম্বা কোন সম্পর্ক কি বিষয় কি দ্রব্য প্রাপণার্থে রাজকীয় চার্টরদ্বারা স্থাপিত আদালতের আদৌ বিবাদ শুনিবার সাধারণ ক্ষমতার বহির্ভূত স্থানো কোন দেওয়ানী কি রাজস্ব সম্পর্কীয় আদালতে যে কোন মোকদ্দমা কি আপীল উপস্থিত করা যায়, যদি তাহার অন্যরূপ বিধান না হইয়া থাকে, তবে নালিশের আরজীর কি আপীলের দরখাস্তের ইষ্টাম্প এই—

যে টাকার কি যে বিষয়ের দাওয়া হয় তাহা কি তাহার মূল্য ১০৲ টাকার অনধিক হইলে	১৲
১০৲ টাকার অধিক ও ১০০৲ টাকার অনধিক হইলে	১৲ টাকা, ও তদূর্দ্ধ ১০ টাকা অবধি মোকদ্দমার মূল্য যত টাকা হয় সেই পর্য্যন্ত ৫ টাকা প্রতি কি তাহার কোন অংশের প্রতি ৷৷০ উদাহরণ। মোকদ্দমার মূল্য ৩২৷৷০ হইলে ৩৷৷০ ইষ্টাম্প লাগিবে।
১০০৲ টাকার অধিক ১০০০৲ টাকার অনধিক হইলে	১০৲ টাকা প্রতি ও ১০৲ টাকার কোন অংশ প্রতি ১৲ টাকা। উদাহরণ। মোকদ্দমার মূল্য ৫৮৫৷৷০ হইলে, ৫৯৲ টাকা ইষ্টাম্প লাগিবে।
১০০০৲ টাকার অধিক ২০,০০০৲ টাকার অনধিক হইলে	১০০৲ টাকা। এবং ১০০০৲ টাকার ঊর্দ্ধ এক২ শত টাকার কি তাহার কোন অংশের উপর পাঁচ২ টাকা। উদাহরণ। মোকদ্দমার মূল্য ১২৫০৷৷০ হইলে, ১১৫৲ টাকা ইষ্টাম্প লাগিবে
২০,০০০৲ টাকার অধিক ১,০০,০০০৲ টাকার অনধিক হইলে	১০৫০ টাকা। এবং ২০,০০০ টাকা অবধি মোকদ্দমার মূল্য যত টাকা হয় সেই পর্য্যন্ত ১০০৲ টাকা প্রতি ও তাহার কোন অংশপ্রতি ১৲ টাকা। উদাহরণ। ৪৩,৭৫০৷৷০ টাকার মোকদ্দমা হইলে, ১২৮৫৲ টাকার ইষ্টাম্প লাগিবে।

[*Government Gazette*, 9*th April* 1867.]

১,০০,০০০৲ টাকার অধিক হইলে	১৮৫০ টাকা। ও ১,০০,০০০ টাকা অবধি মোকদ্দমার মূল্য যত টাকা হয় সেই পর্য্যন্ত একং শত টাকার ও তাহার কোন অংশের উপর ।।০ উদাহরণ। ৫,৯৩,১৫০।।০ টাকার মোকদ্দমা হইলে, ৪৩১৬৲ টাকার ইষ্টাম্প লাগিবে।
মোকদ্দমা সৈন্যসম্পর্কীয় কোর্ট রিকেষ্টে কিম্বা পূর্ব্বোক্ত ১৮৫৯ সালের ৩ আইনমতে সৈন্যাবাসের জাইন্ট মাজিষ্ট্রেট সাহেবের আদালতে কিম্বা ১৮৬৪ সালের ২২ আইনের (অর্থাৎ সৈনিক ছাউনী স্থানের কার্য্য নির্ব্বাহের বিধান করণের আইনের) ৬ ধারামতে ক্ষুদ্র মোদ্দমার যে আদালত সংস্থাপিত হয় তাহাতে উপস্থিত করা গেলে, ও দাওয়ার টাকা কি মোকদ্দমার মূল্য ৮৲ টাকার অধিক না হইলে ...	।০
৮৲ টাকার অধিক হইয়া ১৬৲ টাকার অনধিক হইলে ...	।।০
১৬৲ টাকার অধিক হইয়া ৩০৲ টাকার অধিক না হইলে ..	১৲
যদি ৩০৲ টাকার অধিক হয়, তবে ...	অন্য কোন আদালতে মোকদ্দমা হইলে যত ইষ্টাম্প লাগে তত।
১৮৫৯ সালের ১৪ আইনের ১১ ধারামতে অধিকার পাইবার যে মোকদ্দমা এবং ১৮৩৮ সালের ১৬ আইনের ২ ধারার ১ প্রকরণমতে এবং মন্ত্রিসভাধিষ্ঠিত বোম্বাইয়ের শ্রীযুক্ত গবর্ণর সাহেবের প্রচারিত ১৮৬৪ সালের ৫ আইনমতে অগোণে অধিকার পাইবার যে প্রার্থনাপত্র উপস্থিত করা যায়	উপরোক্ত নির্দ্দিষ্ট হারের চতুর্থাংশ মূল্যের ইষ্টাম্প লাগিবে।

মন্তব্য কথা।—(a) যে স্থাবর সম্পত্তির রাজস্ব গবর্ণমেণ্টকে দেওয়া যায় কি কি না দেওয়া যায় সেই সম্পত্তি পাইবার মোকদ্দমা হইলে, যত টাকার ইষ্টাম্প লাগিবে তাহা বিবাদীয় সম্পত্তির বাজারের মূল্যানুসারে নিরূপণ হইবে। যত কাল অশুদ্ধ প্রমাণ না হয় তত কাল পর্য্যন্ত ঐ সম্পত্তির বাজার মূল্য নিরূপণ করিবার এই নিয়ম এই। গবর্ণমেণ্টের মালগুজারী স্থাবর সম্পত্তির মোকদ্দমা হইলে, যদি মেয়াদী বন্দোবস্ত হয়, তবে উক্ত প্রকারে যে রাজস্ব দিতে হয়, তাহার আট গুণ, যদি চিরকালীন বন্দোবস্ত হয় তবে ঐ রাজস্বের দশ গুণ, ও যে স্থাবর সম্পত্তি গবর্ণমেণ্টের মালগুজারী নয়, তাহার খরচ বাদে বৎসরের নিট উপস্বত্বের বিশগুণ টাকা বাজারের মূল্য জ্ঞান হইবে।

বোম্বাই প্রেসিডেন্সীর জন্যে বিশেষ বিধি।

(১) ত্রিশ বৎসরের অনধিক কালের বন্দোবস্তমতে যে ভূমি ভোগ হইয়া গবর্ণমেণ্টে সম্পূর্ণ কর দিয়া থাকে, পরিমাপণমতে তাহার যে কর ধার্য্য হইল তাহার অষ্ট গুণ ঐ ভূমির বাজার মূল্য জ্ঞান হইবে।

(২) চিরকালীন, কিম্বা ত্রিশ বৎসরের অধিক কালীন বন্দোবস্তমতে যে ভূমি ভোগ হইয়া গবর্ণমেণ্টে সম্পূর্ণ কর দিয়া থাকে, পরিমাপণমতে তাহার যে কর ধার্য্য হইল তাহার দশ গুণ ঐ ভূমির বাজার মূল্য জ্ঞান হইবে।

(৩) পরিমাপণমতে যে বার্ষিক রাজস্ব ধার্য্য করা গেল যদি তাহা কি তাহার কোন অংশ ক্ষমা করা যায়, তবে পূর্ব্বোক্ত বিধিমতে হিসাব করিয়া যত মূল্য ধার্য্য হইল, তদূর্দ্ধ রাজস্বের যে অংশের ক্ষমা হয় তাহার দশ গুণ ধরিতে হইবে।

(b) অন্য সকল প্রকারের মোকদ্দমায় ইষ্টাম্পের মাসুল নিরূপণ করিবার নিয়ম এই।

(১) টাকাভিন্ন অস্থাবর সম্পত্তি হইলে প্রার্থনা উপস্থিত করিবার তারিখে বিবাদীয় বিষয়ের যে বাজার মূল্য হয়, তদনুসারে, এবং অধিকার সংক্রান্ত লেখ্য কি হিসাব প্রভৃতি যে বিষয়ের বাজার মূল্য নাই যদি তদ্রূপ বিষয় লইয়া বিবাদ হয়, তবে প্রার্থনাপত্রে কি আপীলে বিবাদীয় বিষয়ের যে মূল্য ধরা গিয়াছে তদনুসারে ইষ্টাম্পের মূল্য নিরূপণ হইবে।

(২) ১৮৬৫ সালের ১৫ আইন ও ১৮৬৬ সালের ২১ আইনমতে যে মোকদ্দমা হয়, তদ্ভিন্ন যে মোকদ্দমায় বিবাদীয় বিষয়ের মূল্য টাকাক্রমে নিরূপণ করা যায় না তাহার উপর ...

(৩) টাকা পাইবার মোকদ্দমায় যত টাকার দাওয়া হয় তদনুসারে ইষ্টাম্পের মূল্য নিরূপণ হইবে। হানি পূরণের ও ক্ষতিপূরণের মোকদ্দমা ইহার মধ্যে ধরিতে হইবে।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৭। ৯ আপ্রিল।]

(এ এ *b*) চিহ্নিত মন্তব্য কথাতে যে সম্পত্তির উল্লেখ হইয়াছে তাহার বাজার মূল্য কিম্বা বৎসরে তাহার ঠিক যত টাকা উপস্বত্ব হয় ইহা নিশ্চয়মতে জানিবার জন্যে আদালত স্বেচ্ছামতে কিম্বা মোকদ্দমার কোন পক্ষের প্রার্থনামতে কোন উপযুক্ত ব্যক্তিকে ক্ষমতাপত্র দিয়া তাঁহাকে স্থানীয় কি অন্য যে অনুসন্ধান আবশ্যক হয় তাহা করিয়া আদালতে জ্ঞাত করিবার আজ্ঞা করিতে পারিবেন। আদালত ঐ সম্পত্তির যে বাজার মূল্য কি বৎসরে তাহার যে নিট উপস্বত্ব ধার্য্য করেন, তাহা সিদ্ধান্ত হইবে। তদ্রূপ অনুসন্ধান হইয়া যদি আদালত দেখিতে পান যে ইষ্টাম্পের মাসুলের হিসাব করিবার জন্যে বাজার মূল্যের কি নিট উপস্বত্বের হিসাব করণে ভ্রম হইয়াছে, তবে অধিক ইষ্টাম্প দেওয়া গেলে আদালত স্বয়ং ঐ অতিরিক্ত মাসুল ফিরিয়া দিবেন, অথবা ন্যূন হইলে বাজার মূল্যের কি নিট উপস্বত্বের যথার্থ হিসাবমতে বাদির যত টাকা ইষ্টাম্প দিতে হইত তাহা পূর্ণ করিবার অবশিষ্ট টাকা বাদির স্থানে লইবেন। এমন স্থলে সেই অধিক ইষ্টাম্প যত কাল না দেওয়া যায় তত কাল মোকদ্দমা স্থগিত থাকিবে।

দেওয়ানী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের ১৮০ ধারার মধ্যে "কিম্বা কোন ওয়াসিলাতের" এই শব্দের পূর্ব্বে "কিম্বা বিবাদীয় সম্পত্তির বাজার মূল্য" এবং "খেসারতের টাকা" এই কথার পরে "কিম্বা বৎসরের নিট উপস্বত্ব" এই কথা প্রয়োগ করিয়া ঐ ধারা পাঠ করিতে হইবে।

(*c*) ওয়াসিলাতের জন্যে কিম্বা স্থাবর সম্পত্তি ও ওয়াসিলাতের জন্যে মোকদ্দমা হইলে, যত লভ্যের দাওয়া হয় যদি তাহার অধিকের ডিক্রী হইয়া থাকে, তবে ইষ্টাম্পের যত মাসুল দেওয়া গিয়াছে এবং ডিক্রীমত সমুদয় লভ্য মোকদ্দমায় ধরা গেলে যত মাসুল দিতে হইত এই দুইয়ের যে বিশেষ তাহা উপযুক্ত কর্ম্মচারিকে না দেওয়া গেলে ঐ ডিক্রী সাধন হইবে না। আদালত পূর্ব্বোক্ত নিয়ম মতে ঐ বিশেষের হিসাব করিবেন ও তাহা মোকদ্দমার খরচার মধ্যে আসিবে।

(*d*) দেওয়ানী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের লিখিত কোন কারণে কোন আপীল কি নালিশের আরজী নিম্ন আদালতকর্ত্তৃক অগ্রাহ্য হইলেও যদি তাহা গ্রাহ্য করিবার আজ্ঞা হয়, কিম্বা যদি ঐ আইনের ৩৫১ ধারার নির্দ্দিষ্ট কোন হেতুতে আপীল হইয়া কোন মোকদ্দমা নিম্ন আদালতে দ্বিতীয়বার নিষ্পত্তি হইবার নিমিত্তে ফিরিয়া পাঠান যায়, তবে আপীলের দরখাস্তের উপর ইষ্টাম্পের যত মাসুল দেওয়া গেল আপেলান্ট কালেক্টর সাহেবের স্থানে তাহা ফিরিয়া পাইতে পারিবেন, আপীল আদালত তাঁহাকে এই মর্ম্মের সংশিতপত্র দিবেন। কিন্তু আপীল হইয়া মোকদ্দমা ফিরিয়া পাঠান গেলেও যদি পুনর্ব্বিচার করিবার আজ্ঞা বিবাদীয় সম্পূর্ণ বিষয়ের প্রতি না বর্ত্তে, তবে বিবাদীয় বিষয়ের যে অংশ কি যে২ অংশ সম্পর্কে মোকদ্দমা ফিরিয়া পাঠান গেল, তাহার উপর আদৌ যত মাসুল লাগিত, আপেলান্ট পূর্ব্বোক্ত সংশিতপত্রক্রমে তাহার অধিক গ্রহণ করিতে ক্ষমতাপন্ন হইবেন না।

(*e*) দেওয়ানী আদালতে যে অপীল উপস্থিত করা যায় তাহা যদি সম্পূর্ণ নিষ্পত্তির উপর না হইয়া বিবাদীয় বিষয়ের এক কি কএক অংশ সম্পর্কীয় নিষ্পত্তির উপর হয় এবং ঐ সম্পত্তির যে অংশের উপর আপীল করা গেল আপীল শুনিবার সময়ে যদি রেস্পাণ্ডেণ্ট দেওয়ানী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের ৩৪৮ ধারানুসারে তদ্ভিন্ন অন্য কোন অংশের প্রতি আপত্তি করেন, তবে নিষ্পত্তির উক্ত যে অংশের প্রতি আপত্তি করেন তাহাও আপীলের মধ্যে ধরা গেলে অধিক যত ইষ্টাম্পের মাসুল লাগিত রেস্পাণ্ডেণ্ট যত কাল তাহা না দেন আদালত তত কাল ঐ আপত্তি শুনিবেন না। ঐ অধিক যত ইষ্টাম্প দিতে হইবে আদালত পূর্ব্বোক্ত বিধিমতে তাহার হিসাব করিবেন ও তাহা মোকদ্দমার খরচার মধ্যে আসিবে।

সাধারণ বিধি।

কোন নালিশী আরজীর কি লিখিত বর্ণনার কি প্রার্থনাপত্রের কিম্বা ডিক্রীর কি হুকুমের নকলের সমুদয় কথা যদি এই তফসীলের নির্দ্দিষ্ট মূল্যের এক ইষ্টাম্প কাগজে অনায়াসে না ধরে, তবে দরখাস্ত যত মূল্যের ইষ্টাম্পকাগজে লিখিতে হয় অবশিষ্ট কথা তত মূল্যের অন্য এক কি অধিক কর্দ্দ কাগজে লেখা যাইতে পারিবে। এই বিধি নিষ্পত্তির নকলের বিষয়ে খাটে না। সেই নকলের জন্যে অধিক যত কর্দ্দ লাগে তাহাতে ইষ্টাম্পের প্রয়োজন নাই।

[Written examinations of complainants.]

VII. When the first or only examination of a person who complains of the offence of wrongful confinement, or of wrongful restraint, or of any offence other than an offence for which Police officers may arrest without a warrant as specified in the third column of the Schedule annexed to the Code of Criminal Procedure, and who has not already presented a petition stamped as required by Article 10 of Section 6 of this Act, shall be reduced to writing under the provisions of the Code of Criminal Procedure, such examination shall be written upon stamp-paper of the value of one rupee to be supplied by the complainant, unless the Court shall think fit to write such examination upon plain paper.

[Certain Sections of this Act to be read with Act No. X of 1862.]

VIII. Sections 1, 5, 6 and 7 of this Act shall be read with and taken as part of the said Act No. X of 1862: provided that nothing contained in these Sections shall have a restrospective operation.

[Act not to affect Act XVIII of 1865.]

IX. Nothing in this Act shall affect Act No. XVIII of 1865 (*to amend Act No.* X *of* 1862) or any order passed thereunder, and nothing in this Act shall affect the stamps or fees leviable under the Indian Succession Act, 1865, the Parsee Marriage and Divorce Act, 1865, the Native Converts' Marriage Dissolution Act, 1866, nor any other stamp or fee leviable on any application, bond, certificate, copy, petition, power or translation not hereinbefore expressly provided for.

WHITLEY STOKES,
Asst. Secy. to the Govt. of India,
Home Dept. (Legislative.)

[বাদিদের লিখিত পরীক্ষার কথা।]

৭ ধারা। কোন ব্যক্তি অন্যায়মতে কয়েদ কি অন্যায়মতে অবরোধ করণ অপরাধের কিম্বা পোলীসের কর্ম্মকারকেরা ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের তফসীলের তৃতীয় ঘরের নির্দ্দিষ্টমতে যে অপরাধ হেতুক পরওয়ানা বিনা ধৃত করিতে পারেন, তদ্ভিন্ন কোন অপরাধের নালিশ করিয়া, এই আইনের ৫ ধারার ১০ প্রকরণমতে অপরাধের অভিযোগপত্র যে মূল্যের ইষ্টাম্প কাগজে লিখিবার আজ্ঞা হইল যদি সেই ইষ্টাম্প কাগজে অভিযোগপত্র লিখিয়া না দেন, তবে তাহার প্রথম কি একমাত্র যে পরীক্ষা হয় তাহা ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের বিধানমতে লিখিয়া লইতে হইলে এক টাকা মূল্যের ইষ্টাম্প কাগজে লিখিতে হইবে, সেই কাগজ বাদির দিতে হইবে। কিন্তু যদি ম্যাজিষ্ট্রেট সাহেব বোধ করেন যে ঐ পরীক্ষা শাদা কাগজে লেখা উচিত, তবে শাদা কাগজে লেখা যাইবে ইতি।

[এই আইনের কএক ধারা ১৮৬২ সালের ১০ আইনের সঙ্গে পাঠ্য হইবার কথা।]

৮ ধারা। এই আইনের ১, ৫, ৬, ৭, ধারা ১৮৬২ সালের উক্ত ১০ আইনের সহিত তাহার একাংশস্বরূপ পাঠ করিতে হইবে। কিন্তু ঐ২ ধারার কোন কথা অতীত কালাবধি প্রবল হইবে না ইতি।

[এই আইনেতে ১৮৬৫ সালের ১৮ আইনের বৈলক্ষণ্য না হইবার কথা।]

৯ ধারা। এই আইনের কোন কথা দ্বারা ১৮৬২ সালের ১০ আইন সংশোধনার্থ ১৮৬৫ সালের ১৮ আইনের, কিম্বা সেই আইনঅনুযায়ি কোন আজ্ঞার বৈলক্ষণ্য হইবে না। এবং উত্তরাধিকারিত্ব বিষয়ক ভারতবর্ষীয় ১৮৬৫ সালের আইন ও পারসীদের বিবাহ করণ ও বিবাহ বন্ধন লোপ করণ বিষয়ক ১৮৬৫ সালের আইন ও খ্রীষ্টধর্ম্মাবলম্বি এদেশীয় লোকদিগের বিবাহ বন্ধন বিলোপ করণের ১৮৬৬ সালের আইনঅনুসারে যে ইষ্টাম্প কি ফী লওয়া যাইতে পারে, এবং এই আইনেতে যে প্রার্থনাপত্রের কি খতের কি সার্টিফিকেটের কি প্রতিলিপির কি দরখাস্তের কি ক্ষমতাপত্রের কি অনুবাদের ইষ্টাম্পের স্পষ্ট বিধান হয় নাই তাহার উপর অন্য যে ইষ্টাম্প কি ফী আদায় হইতে পারে এই আইনের কোন কথা দ্বারা তাহার বৈলক্ষণ্য হইবে না ইতি।

উইটলী ষ্টোক্স,
দেশীয় ব্যবস্থাপন কর্ম্মবিভাগে ভারতবর্ষের
গবর্ণমেণ্টের আসিষ্টাণ্ট সেক্রেটারী।
JOHN ROBINSON, *Bengalee Translator.*

NOTIFICATION.

IN exercise of the power conferred on him by Act No. XVIII of 1865, Section 2, the Governor General of India in Council doth by order remit, in the whole of the Territories to which Act No. X of 1862 as amended by Act No. XXVI of 1867 applies, so much of the stamp duty prescribed in any case by the latter Act as exceeds the stamp duty prescribed in the same case by the former

বিজ্ঞাপন।

মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের প্রতি ১৮৬৫ সালের ১৮ আইনের ২ ধারামতে যে ক্ষমতা প্রদত্ত হইয়াছে তাহার বলে তিনি এই আজ্ঞা প্রচার করিতেছেন। ১৮৬৭ সালের ২৬ আইনক্রমে সংশোধিত ১৮৬২ সালের ১০ আইন যেং দেশে প্রচলিত আছে সেইং দেশের মধ্যে উক্ত ২৬ আইনের অবধারিত ইষ্টাম্পের মাস্থল যে স্থলে ১০ আইনের অবধারিত মাস্থলের অধিক হয় সেই সকল স্থলে তিনি

Act. This order shall remain in force till the 30th day of April 1867.

E. C. BAYLEY,
Secy. to the Govt. of India.

GOVERNMENT OF BENGAL.

LEGISLATIVE DEPARTMENT.

THE following Act of the Lieutenant-Governor of Bengal in Council received the assent of His Honor on the 20th March 1867, and having been assented to by His Excellency the Governor General on the 26th idem is hereby promulgated for general information :—

ACT No. I OF 1867.

An Act to explain and amend Act VI. of 1863 of the Lieutenant-Governor of Bengal in Council.

[Preamble.]

WHEREAS by Act VI of 1863 of the Lieutenant-Governor of Bengal in Council, the Justices for the Town of Calcutta were empowered to construct aqueducts and lay pipes for bringing water into the Town, and to provide new tanks, reservoirs, cisterns, wells, and other such water-works for the purpose aforesaid: and whereas by Act VI of 1866 of the Lieutenant-Governor of Bengal in Council, the said Justices were required to cause to be laid down, in each street, lane, and thoroughfare of the Town, sufficient mains and pipes for the supply of water, and to carry out a system for such supply: and whereas, with a view to the more effectual carrying out of such system, it is expedient to explain and amend the said Act VI. of 1863; It is enacted as follows:—

[Meaning of the expression "they shall substitute other such works" in Section 180 of Act VI. of 1863.]

I. It is hereby declared that the expression "they shall substitute other such works" used in the 180th Section of the said Act VI. of 1863 means, and the intention of the said Act is, that whenever the said Justices shall have ceased or shall cease to maintain any tank, reservoir, cistern, well, aqueduct, tunnel, pipe, pump, or other water-work, they shall substitute some other work, so that the supply of water to the inhabitants, or for the other purposes of the Act, shall not, after the completion of such substituted work, be less than it was before such substitution, but that they shall not be bound to substitute a

ঐ মাসুলের বর্দ্ধিতাংশ ক্ষমা করিয়াছেন। ১৮৬৭ সালের আপ্রিল মাসের ৩০ তারিখপর্য্যন্ত এই আজ্ঞা বলবৎ থাকিবে।

ই সি বেলি,
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।
JOHN ROBINSON, *Bengalee Translator.*

বঙ্গদেশের গবর্ণমেণ্ট।

ব্যবস্থাপন কর্ম্ম বিভাগ।

মন্ত্রিসভাধিষ্ঠিত বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের পশ্চাৎ লিখিত আইনে উক্ত মান্যবর ১৮৬৭ সালের ২০ মার্চ তারিখে স্বীয় সম্মতি প্রকাশ করিলেন। এবং মহিমবর শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবও ঐ মাসের ২৬ তারিখে তদ্বিষয়ে সম্মতি প্রকাশ করাতে তাহা সর্ব্বসাধারণের জ্ঞানার্থে প্রকাশ করা যাইতেছে।

১৮৬৭ সালের ১ আইন।

মন্ত্রিসভাধিষ্ঠিত বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের ১৮৬৩ সালের ৬ আইনের অর্থ করণের ও তৎসংশোধনের আইন।

[হেতুবাদ।]

মন্ত্রিসভাধিষ্ঠিত বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের ১৮৬৩ সালের ৬ আইনক্রমে কলিকাতা নগরের জষ্টিসেরা উক্ত নগরে জল আনাইবার প্রণালী প্রস্তুত করিতে ও নল বসাইতে এবং উক্ত কার্য্যের নিমিত্তে নূতন পুষ্করিণী ও জলাশয় ও জলাধার ও কূপ প্রভৃতি জলসংক্রান্ত কার্য্য করিতে ক্ষমতাপ্রাপ্ত হইলেন, এবং মন্ত্রিসভাধিষ্ঠিত বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের ১৮৬৬ সালের ৬ আইনমতে উক্ত জষ্টিসদের প্রতি নগরের প্রত্যেক পথে ও গলিতে ও অপ্রতিরোধ পথে জল যোগাইবার উপযুক্ত বড় ও ক্ষুদ্র নল বসাইতে এবং সেই জল যোগাইবার নিয়ম সাধন করিতে আজ্ঞা হইয়াছিল। এইক্ষণে সেই নিয়ম সফলরূপে সাধন করিবার অভিপ্রায়ে ১৮৬৩ সালের উক্ত ৬ আইনের অর্থ করা ও তাহা সংশোধন করা বিহিত, এই হেতুক নিম্নলিখিত আজ্ঞা হইল।

[১৮৬৩ সালের ৬ আইনের ১৮০ ধারাতে "তাঁহারা তৎপরিবর্ত্তে অন্য বিষয় করিবেন" এই কথার অর্থের কথা।]

১ ধারা। ১৮৬৩ সালের উক্ত ৬ আইনের ১৮০ ধারাতে "তাঁহারা তৎপরিবর্ত্তে অন্য বিষয় করিবেন" এই যে কথা আছে সেই কথার এবং উক্ত আইনের এই তাৎপর্য্য ইহাতে অবধারিত হইল। বিশেষতঃ যখন উক্ত জষ্টিসেরা কোন পুষ্করিণী কি জলাশয় কি জলাধার কি কূপ কি জলপথ কি প্রণালী কি সুড়ঙ্গ কি নল কি জল তুলিবার যন্ত্র কি জলসংক্রান্ত অন্য কার্য্য রক্ষা করিতে নিরস্ত হন, তখন তাঁহারা সেই বিষয়ের পরিবর্ত্তে অন্য এমন বিষয় দিবেন যে তাহা করিবার পূর্ব্বে নগর নিবাসি লোকদের জল পাইবার কিম্বা আইনের অন্যান্য কার্য্য হইবার যে সুযোগ ছিল সেই নূতন কার্য্য সমাপ্ত হইলে পর সেই সুযোগের ন্যূনতা না হয়। কিন্তু যে বিষয় অব-

work of the same specific description or use as that which is removed or no longer maintained.

[Works substituted under the said Section 180 to be subject to the approval of the Lieutenant-Governor.]

II. All works substituted under the said 180th Section, and the time for the completion of such substituted works, shall be subject to the approval of the Lieutenant-Governor of Bengal, and such approval, when given, shall be conclusive evidence that the provisions of the said Section have been duly complied with.

[Construction.]

III. This Act shall be construed with, and as part of, the said Act VI. of 1863.

J. PITT KENNEDY,
Asst. Secy. to the Govt. of Bengal,
Legislative Department.

সর করা যায় কিম্বা আর রক্ষা না করা যায় তাহার পরিবর্ত্তে ঠিক সেই প্রকারের কিম্বা সেই কর্ম্মের অন্য বিষয় তাঁহারদের অবশ্যই প্রস্তুত করিতে হইবে এমত নয় ইতি।

[উক্ত ১৮০ ধারামতে যে বিষয় অন্য বিষয়ের পরিবর্ত্তে করা যায় তাহাতে শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের অনুমোদনের অপেক্ষার কথা।]

২ ধারা। উক্ত ১৮০ ধারামতে অন্য বিষয়ের পরিবর্ত্তে যে সকল বিষয় করা যাইবে, এবং তাহা প্রস্তুত করিতে যত সময় লাগিবে, তদ্বিষয়ে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের অনুমোদনের অপেক্ষা আছে। তাঁহার অনুমোদন উক্ত ধারার বিধানমতে নিয়মিতরূপে কার্য্য হইবার সিদ্ধান্ত প্রমাণ হইবে ইতি।

[অর্থের ধারা।]

৩ ধারা। ১৮৬৩ সালের উক্ত ৬ আইনের সহিত ও তাহার একাংশমতে এই আইনের অর্থ করিতে হইবে ইতি।

জে পিট কেনেডি,
ব্যবস্থাপন কর্ম্মবিভাগে বঙ্গদেশের গবর্ণমেণ্টের
আসিষ্টান্ট সেক্রেটারী।

The following Bill was read in the Council of the Lieutenant-Governor of Bengal for the purpose of making Laws any Regulations on the 30th Macrh 1867, and was referred to a Select Committee who are to report thereon after the 3rd of May next :—

আইনের নিম্নলিখিত পাণ্ডুলিপি আইন ও ব্যবস্থা করণার্থ বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের মন্ত্রিসভায় ১৮৬৭ সালের মার্চ মাসের ৩০ তারিখে পাঠ করা গিয়াছিল। তাহা বিশেষ কমিটীর প্রতি অর্পিত হইয়াছে। তাঁহারা আগামি মে মাসের ৩ তারিখের পর তদ্বিষয়ের রিপোর্ট করিবেন।

A Bill for shortening the language used in Acts passed by the Lieutenant-Governor of Bengal in Council.

[Preamble.]

WHEREAS certain provisions are commonly inserted in Acts passed by the Lieutenant-Governor of Bengal in Council for the interpretation of such Acts, and it is expedient to avoid the frequent repetition of such provisions ; It is declared and enacted as follows :—

[Interpretation of certain words for future Acts.]

I. In all Acts passed after the commencement of this Act, words importing the masculine gender shall be deemed and taken to include females, and the singular to include the plural, and the plural the singular, unless the contrary as to gender or number is expressly provided ; and the word "month" shall be taken to mean calendar month, unless words be added showing lunar month, to be intended; and the word "land" shall include houses and buildings and corporeal hereditaments and tenements of any tenure, unless where there are words to exclude houses and buildings, or to restrict the meaning to tenements of some particular tenure; and the words "oath," "swear," and "affidavit" shall include affirmation, declara-

মন্ত্রিসভাধিষ্ঠিত বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব যেং আইন প্রচার করেন তাহার কথা সংক্ষেপ করিবার আইনের পাণ্ডুলিপি।

[হেতুবাদ।]

মন্ত্রিসভাধিষ্ঠিত বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব যেং আইন প্রচলিত করেন তাহাতে অর্থ করিবার কোনং বিধান প্রায় সর্ব্বদা দেওয়া গিয়া থাকে এবং সেই বিধানের বারম্বার পুনরুক্তি না হইবার নিয়ম করা বিহিত, এই হেতুক নিম্নলিখিতমতে বিধান ও অবধারণ করা গেল।

[উত্তর কালীন আইনগত কোনং শব্দের অর্থ করণের কথা।]

১ ধারা। এই আইন প্রচলিত করিবার সময়াবধি যে সকল আইন প্রচলিত হইবে তাহাতে লিঙ্গ কি বচন বিষয়ক অন্য স্পষ্ট বিধান না থাকিলে পুরুষ বোধক শব্দের মধ্যে স্ত্রীগণও গণ্য এবং এক বচনান্ত শব্দের মধ্যে বহু বচনান্ত শব্দ ও বহু বচনান্ত শব্দের মধ্যে এক বচনান্ত শব্দ গণ্য হইবে। "মাস" শব্দেতে চান্দ্র মাস উদ্দেশ্য হইবার শব্দ প্রয়োগ না হইলে ইংলণ্ডীয় পঞ্জিকামত মাস বুঝাইবে। ভূমি শব্দ ব্যবহার হইলে যদি ঘর ও কোঠা ত্যাগ করিবার কিম্বা বিশেষ প্রকারের পাট্টাই ভূম্যাদির অর্থ করিবার শব্দ প্রয়োগ না থাকে, তবে সেই ভূমি শব্দেতে বাটী ও কোটা এবং পুত্র পৌত্রাদিক্রমে ভোগ্য স্থাবর সম্পত্তি ও কোন প্রকারের পাট্টাই ভূম্যাদি বুঝাইবে। এবং "শপথ, পশপথ করণ আফিডেবিট" শব্দের ব্যবহার হইলে যাঁহাদের প্রতি শপথ করণের পরিবর্ত্তে প্রতিজ্ঞা করি-

tion, affirming, and declaring in the case of persons by law allowed to declare or affirm instead of swearing.

[Repeal Acts not to be revived.]

II. Wherever any Act shall, after the time fixed for the commencement of this Act, be passed repealing in whole or in part any former Act or Regulation, and such Act shall itself be repealed, such last repeal shall not revive the Act or Regulation or provisions before repealed, unless words be added reviving such Act, Regulation, or provisions.

[Repealed provisions to continue in force till substituted provisions come into operation.]

III. Wherever any Act shall, after the time fixed for the commencement of this Act, be passed repealing the whole or in part any former Act, and substituting some provision or provisions instead of the provision or provisions so repealed, the provision or provisions so repealed shall remain in force until the substituted provision or provisions shall come into operation by force of the last mentioned Act.

[Commencement of Act.]

IV. This Act shall commence and take effect upon the first day of May now next ensuing.

STATEMENT OF OBJECTS AND REASONS.

THE object of this Bill is to avoid the necessity of repeating in each Act of the Legislature certain rules for interpretation which are always inserted. It follows an Act of the Parliament of the United Kingdom, merely omitting some provisions which seem not to be required here.

T. H. COWIE.

The 23rd March 1867.

J. PITT KENNEDY,

Asst. Secy. to the Govt. of Bengal, Legislative Department.

বার অনুমতি হয় তাহাদের পক্ষে সেই২ শব্দের মধ্যে প্রতিজ্ঞা ও ধর্ম্মতঃ প্রতিজ্ঞা এবং প্রতিজ্ঞা করণ ও ধর্ম্মতঃ প্রতিজ্ঞা করণ শব্দও গণ্য ইতি।

[কোন আইন রহিত হইলে পুনরায় প্রবল না হওয়ার কথা।]

২ ধারা। এই আইন প্রচলিত হইবার অবধারিত সময়ের পরে যদি পূর্ব্ব আইন কি তাহার কোন অংশ রহিত করিবার নূতন আইন প্রচলিত হয় ও পশ্চাৎ সেই আইনও রহিত হয়, তবে শেষোক্ত আইন রহিত হওয়াতে পূর্ব্বোক্ত রহিত আইন কি বিধান পুনশ্চ প্রবল হইবার স্পষ্ট কথা ব্যক্ত না হইলে পুনঃ প্রবল হইবে না ইতি।

[কোন নূতন বিধান হইলে তাহা প্রচলিত হইবার সময় পর্য্যন্ত রহিত বিধান প্রবল থাকার কথা।]

৩ ধারা। এই আইন প্রচলিত হইবার অবধারিত সময়ের পরে যদি কোন আইন দ্বারা পূর্ব্বকৃত কোন আইন কি তাহার কোন অংশ রহিত করা যায় এবং সেই রহিত বিধানের পরিবর্ত্তে অন্য বিধান প্রচলিত করা যায়, তবে শেষোক্ত আইনের বলে ঐ নূতন বিধান যতকাল প্রবল না হয় ততকাল পর্য্যন্ত রহিত বিধান প্রবল থাকিবে ইতি।

[আইনের প্রারম্ভের কথা।]

৪ ধারা। এই আইন আগামী মে মাসের প্রথম দিবসাবধি আরম্ভ হইয়া প্রবল হইবে ইতি।

অভিপ্রায়ের ও হেতুর বর্ণনা।

ব্যবস্থাপনীয় কর্ম্মকারকদের প্রত্যেক আইনেতে অর্থ করণের কোন২ বিধি সর্ব্বদাই দেওয়া গিয়া থাকে, তাহা নিত্য দিবার আবশ্যক না হওয়াই এই পাণ্ডুলিপির উদ্দেশ্য। গ্রেট ব্রিটন ও ঐরলণ্ডে পার্লিমেন্টের এক আইন অনুযায়ি এই আইন করা গিয়াছে কেবল অনাবশ্যক কোন২ বিধান ত্যাগ করা গেল।

টি এচ কৌই,

১৮৬৭ সাল ২৩ মার্চ

জে পিট কেনেডি,

ব্যবস্থাপন কর্ম্মবিভাগে বঙ্গদেশের গবর্ণমেন্টের আসিষ্টান্ট সেক্রেটারী।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

CIRCULAR ORDERS OF THE BOARD OF REVENUE, L. P.

FEBRUARY 1867.

No. 1.

The issue of the forms of the Land Revenue Preliminary and Administration Returns (Nos. XXVIII and XLI) for 1866-67, has been ordered. Revenue Officers will bear in mind that as the official year now expires in March, and not in April, the Returns are due a month earlier than before. The due date has accordingly been altered

বঙ্গপ্রভৃতি দেশের রেবিনিউ বোর্ডের সরক্যুলর অর্ডর।

১৮৬৭ সাল। ফেব্রুআরি মাস।

১ নম্বর।

১৮৬৬। ৬৭ সালের নিমিত্তে ভূমির রাজস্বের পারিভাবিক ও কার্য্যনিরূপণসূচক (২৮ ও ৪১ নং) রিটর্ণ পাঠাইবার আদেশ হইয়াছে। রাজকীয় কার্য্যসংক্রান্ত বৎসর এইক্ষণে আপ্রিল মাসে সমাপ্ত না হইয়া মার্চ্চ মাসে সমাপ্ত হয়, এই হেতুক এক মাস অগ্রে রিটর্ণ পাঠাইতে হইবে, রাজস্বের কার্য্যকারকেরা ইহা মনে রাখিবেন। রিটর্ণের যে২ পাঠ সম্প্রতি ছাপা হইয়াছে

on the docket of the forms recently printed, but in those which had been previously struck off (Return XLII, Annual Excise for instance) the old date remains. This should be corrected to 1st May.

তাহার পৃষ্ঠের সংক্ষেপ লিপিতে ঐ রিটর্ণ পাঠাইবার উপযুক্ত তারিখ লেখা হইয়াছে, কিন্তু ৪২ নং আবকারী বার্ষিক রিটর্ণ প্রভৃতি যাহা পূর্ব্বে ছাপা হইয়াছিল তাহার পৃষ্ঠে সেই পুরাতন তারিখ রহিয়াছে। তাহা কাটিয়া ১ মে দিতে হইবে।

A new form of "Statistics of Physical, Political, and Fiscal Geography" will be issued along with those of Returns XXVIII and XLI. The information which it is intended to embrace is required by the Supreme Government, and should be given as accurately as is possible without delaying the Returns.

২৮ ও ৪১ নং রিটর্ণের সঙ্গে প্রাকৃতিক ও বার্ত্তা ও রাজস্বসংক্রান্ত ভূগোলের স্থিতিরীতি বিদ্যা বিষয়ক নূতন পাঠ প্রেরণ করা যাইবে। তদ্দ্বারা যে সন্ধান পাইবার সম্ভাবনা সুপ্রীম গবর্ণমেণ্ট তাহা প্রাপ্ত হইতে ইচ্ছা করিয়াছেন, অতএব রিটর্ণ বিলম্ব না করিয়া তাহা সাধ্যমতে শুদ্ধরূপে দেওয়া কর্ত্তব্য।

During the preceding years the Board have had occasion to call the attention of local Officers to the absolute necessity of submitting their Returns punctually and accurately. Repeated disregard of such injunctions can, in future, be ascribed only to wilful neglect. In Circular Order No. 2 for January, instructions have been issued, which, if properly carried out, should enable the Board to submit their Preliminary Reports to Government very soon after the expiry of the official year. The reports for the year ending 31st March 1867 will be taken in hand on the 1st May, and the names of those District Officers whose Returns are not received in time, to be included in the Reports, will be specially mentioned to Government.

নিয়মিত সময়ে ও শুদ্ধরূপে রিটর্ণ পাঠাইবার নিতান্ত আবশ্যকতা বিষয়ে স্থানীয় কর্ম্মকারকদিগকে মনোযোগ করান বোর্ডের সাহেবদের পূর্ব্বং বৎসরে প্রয়োজন হইয়াছে। সেইং উপদেশের প্রতি নিয়ত অমনোযোগ হইয়া থাকিলে এতৎ পরে কেবল ইচ্ছা পূর্ব্বক শৈথিল্য জ্ঞান হইবে। জানুআরি মাসের ২ নং সরকুলর অর্ডরেতে যে উপদেশ প্রচারিত হইয়াছে তদনুসারে উপযুক্তমতে কর্ম্ম সম্পাদন হইলে, বোর্ডের সাহেবেরা রাজকীয় কার্য্যসংক্রান্ত বৎসরের শেষ হইবার যৎকিঞ্চিৎ পরে গবর্ণমেণ্টের নিকটে আপনাদের পারিভাষিক রিপোর্ট অর্পণ করিতে পারিবেন। ১৮৬৭ সালের ৩১ মার্চ তারিখে যে বৎসর সমাপ্ত হয়, সেই বৎসরের রিপোর্ট মে মাসের ১ তারিখে হাতে লওয়া যাইবে। ও জিলার যে কর্ম্মকারকদের রিটর্ণ সেই রিপোর্টে লেখাইবার উপযুক্ত সময়ে উপস্থিত না হয় তাঁহারদের নামে গবর্ণমেণ্টে রিপোর্ট হইবে।

No. 2.

২ নম্বর

The Board desire that strict attention may be paid to the rules laid down for the appointment of unpaid apprentices in the Offices of Collectors and their subordinates. The Collector of each District should in every case make the appointment, whether relating to his Court or to that of one of his subordinates, after satisfying himself that the candidate is duly qualified.

কালেক্টর সাহেবেরদের ও তাঁহারদের অধীন কর্ম্মকারকদের কার্য্যালয়ে বিনাবেতনের শিক্ষানবিশকে নিযুক্ত করিবার যে বিধি আছে বোর্ডের সাহেবেরা তাহাতে দৃঢ়মতে মনোযোগ হইবার আদেশ করিতেছেন। সেই কর্ম্মাকাঙ্ক্ষ ব্যক্তি নিয়মমতে ঐ কর্ম্মের যোগ্য আছেন, জিলার কালেক্টর সাহেব ইহা হৃদ্বোধমতে জ্ঞাত হইলে, আপনার আদালতে কিম্বা আপনার অধীন কোন কার্য্যকারকের আদালতে আপনি তাহাকে নিযুক্ত করিবেন।

No. 3.

৩ নম্বর।

The following Table of Rewards for the destruction of Wild Animals is to be substituted for

বোর্ডের বিধি পুস্তকের ১৮৭ পৃষ্ঠার ১১ খণ্ডের ১২ অধ্যায়ের ১ ধারাতে বন্য পশু নষ্ট করিবার যে পুর-

the Table appended to Chapter XI, Section XII, Clause 1, page 187 of the Board's Rules.

স্মারপত্র প্রকাশ হইল, তাহার পরিবর্ত্তে নিম্নলিখিত পত্র দিতে হইবে।

ANIMALS.	Generally.	Bhaugulpore, Monghyr, and Sonthal Pergunnahs.	Bankoora, Midnapore, Hills between Thannahs Reojan and Rangooria in Chittagong, Pooree, 24-Pergunnahs, and Maunbhoom.	Cuttack.	Balasore.	Cachar.	Gya, Patna, Sarun, and Shahabad.	Assam (generally.)	North Cachar Sub-division.	Hazareebaugh.
	Rupees per head.	Rupees per head.	Rupees per head.	Rupees per head.	Rupees per head.	Rupees per head.	Rupees per head.	Rupees per head.	Rupees per head.	Rupees per head.
Tigers ...	5	10	10	10	10	7	5	5	20	10
Leopards ...	2½	10	2½	2½	2½	2½	2½	2½	2½	2½
Bears ...	2½	2½	2½	2½	2½	2	2½	2½	2½	2½
Hyænas ...	2	2½	2	2	2	...	2	2	2	2
Elephants ...	...	...	...	30 to 50	...	...	...	10	10	...
Rhinoceros ...	...	...	...	...	...	...	...	5	5	...
Buffaloes ...	...	...	...	5	5	...	...	2½	2½	...
Wolves. ...	...	5	...	...	...	...	6	...	...	8

পশুর নাম	সাধারণমতে	ভাগলপুর ও মুঙ্গের ও সাঁওতাল পরগনা	বাঁকুড়া মেদিনীপুর, চট্টগ্রামের রেওজান ও রাঙ্গুরিয়া থানার মধ্যস্থিত পর্ব্বত, পুরী, ২৪ পরগনা ও মানভূম	কটক	বালেশ্বর	কাছাড়	গয়া পাটনা, সারণ ও শাহাবাদ	আসাম (সাধারণে)	উত্তর কাছাড় শাখা খণ্ড	হাজারী বাগ
	পশু প্রতি	পশু প্রতি	পশু প্রতি	পশু প্রতি	পশু প্রতি	পশু প্রতি	পশু প্রতি	পশু প্রতি	পশু প্রতি	পশু প্রতি
ব্যাঘ্র ...	৫৲	১০৲	১০৲	১০৲	১০৲	৭৲	৫৲	৫৲	২০৲	১০৲
চিতা ...	২॥০	১০৲	২॥০	২॥০	২॥০	২॥০	২॥০	২॥০	২॥০	২॥০
ভালুক ...	২॥০	২॥০	২॥০	২॥০	২॥০	২৲	২॥০	২॥০	২॥০	২॥০
নেকড়া ...	২৲	২॥০	২৲	২৲	২৲		২৲	২৲	২৲	২৲
হাতী ...				৩০—৫০৲				১০৲	১০৲	
গণ্ডার ...								৫৲	৫৲	
মহিষ ...				৫৲	৫৲			২॥০	২॥০	
কেন্দুয়া ...		৫৲					৬৲			৮৲

Substitute the following for clause 2 :—

২ ধারা কাটিয়া এই ধারা লেখ।

2. The ordinary rates are applicable to Rajshahye and Rungpore, but in special cases, when it is desired to get rid of an unusually dangerous animal, the reward for killing a tiger may be increased up to 25 Rupees. For cubs or calves the general rate is one-third of the rate for a full grown animal. In Hazareebaugh one-half of the rate is allowed for the destruction of the whelp of wolf.

২। রাজশাহীতে ও রঙ্গপুরে সাধারণ হারানুসারে দেওয়া যাইবে। কিন্তু বিশেষ স্থলে অর্থাৎ অসাধারণ আশঙ্কাজনক কোন ব্যাঘ্র প্রভৃতিকে নষ্ট করিতে হইলে তদ্রূপ ব্যাঘ্রের নিমিত্তে ২৫৲ টাকা পর্য্যন্ত দেওয়া যাইতে পারিবে। ধাড়ির জন্যে যে হারে দেওয়া যায়, বাচ্চার জন্যে তাহার তৃতীয় ভাগ দেওয়া গিয়া থাকে। হাজারীবাগে কেন্দুয়া বাঘ নষ্ট করিতে যত, বাচ্চা নষ্ট করিতে তাহার অর্দ্ধেক দেওয়া যায়।

[*Government Gazette*, *9th April* 1867.]

No. 4.

The following addition is to be made to Rule 9 at p. 176 of the Board's Rules, in accordance with orders of Government.

"and Civil Superintendents of Survey are allowed an advance of 200 Rupees each per mensem."

2. The word "and" preceding "Collectors of second class districts," should be struck out of Rule 9.

৪ নম্বর।

বোর্ডের বিধি পুস্তকের ১৭৬ পৃষ্ঠার ৯ বিধিতে গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে এই কথা দিতে হইবে যথা,

"এবং সরবে কার্য্যের সিবিল সুপরিন্টেণ্ডেণ্ট মাসে আর ২০০৲ টাকা পাইবেন।"

২। ৯ বিধিতে দ্বিতীয় শ্রেণীর জিলার কালেক্টর এই কথার পূর্ব্বে যে "এবং" শব্দ আছে তাহা তুলিয়া ফেলিতে হইবে

No. 5.

After the words "Malikana only" in line 7 of Rule 4, page 283 of the Revenue Rules, add "and unless the increment be not in a state for permanent settlement, in which case the local Commissioner will determine whether a temporary or permanent settlement shall be made."

৫ নম্বর।

রাজস্ব সংক্রান্ত বিধিপুস্তকের ২৮৩ পৃষ্ঠার বিধির ৪ ধারার ৭ পংক্তিতে "কেবল মালিকানা" এই কথার পরে এই কথা দিতে হইবে। কিন্তু যদি ঐ পয়বস্তি ভূমির চিরকালীন বন্দোবস্ত করিবার উপযুক্ত অবস্থা না হয়, তবে মেয়াদী কি চিরকালীন বন্দোবস্ত করিতে হইবে স্থানীয় কমিস্যনর সাহেব এই কথা নির্দ্ধার্য্য করিবেন।

No. 6.

It has been found in the Patna Division that the rule in Clause 5, Section III, page 57 of the Board's Rules, is unsuited to the case of vendors of Tari. At the present they can, after having made the best part of the profits during the first quarter (the best Tari season), throw up their licenses on payment of the insignificant penalty prescribed by Section 41, Act XXI of 1856, just as the unfruitful season commences. The proportion of Tari Revenue demandable in a particular month, instead of being precisely one-twelfth of the demand for the year, should therefore be regulated by the profits made by the vendors in that month.

2. Under the former system, the greater portion of the collections from Tari farmers, and also their payments of Revenue to Government, were made during the *first* quarter of the year; and some change in the rule above noted may be required.

3. The Board desire, however, first to be informed whether the same impediments to its working exist in other Divisions; and if so, whether the following scale of payments which now rules in the Patna Division, may not be adopted generally:

In the 1st quarter ...	$\frac{3}{4}$	of the Revenue of the year.
" 2nd " ...	$\frac{1}{16}$	
" 3rd " ...	$\frac{1}{16}$	
" 4th " ...	$\frac{1}{8}$	

4. Commissioners will submit an abstract of the Reports of the Collectors on this subject, for the Board's consideration, accompanied by an expression of their own opinion, as soon as possible.

৬ নম্বর।

বোর্ডের বিধি পুস্তকের ৫৭ পৃষ্ঠার ৩ অধ্যায়ের ৫ ধারাতে যে বিধি আছে, ঐ বিধি পাটনাখণ্ডে তাড়ীবিক্রেতারদের পক্ষে অনুপযুক্ত দৃষ্ট হইতেছে। বৎসরের প্রথম তিন মাস তাড়ির সর্ব্বাপেক্ষা উত্তম সময়। বিক্রেতারা সেই সময়ে অধিকাংশ লভ্য পাইলে পর, যখন অলাভের কাল উপস্থিত হয়, তখন তাঁহারা বর্ত্তমান নিয়মমতে ১৮৫৬ সালের ২১ আইনের ৪১ ধারার নির্দ্দিষ্ট অল্প টাকা দণ্ড দিয়া আপনারদের অনুমতিপত্র ত্যাগ করিতে পারেন। অতএব তাড়ির মাসিক রাজস্বের হিসাব বারো মাসের দ্বাদশ অংশ না ধরিয়া, বিক্রেতারা যে মাসে যত লাভ করেন তদনুসারে তাহা ধরিতে হইবে।

২। পূর্ব্ব নিয়মমতে তাড়ির ইজারদারেরদের স্থানে যে টাকা আদেয় হইত এবং গবর্ণমেণ্টের যত রাজস্ব প্রাপ্য হইত তাহার অধিকাংশ বৎসরের প্রথম তিন মাসের মধ্যে আদায় করা যাইত। উক্ত বিধির কোন অংশ পরিবর্ত্তন করা প্রয়োজন।

৩। কিন্তু তাহা করিবার পূর্ব্বে, অন্যান্য খণ্ডে ঐ বিধির সার্থকতার সেই বাধা আছে কি না, যদি থাকে, তবে পাটনাখণ্ডে নিম্নলিখিত যে বিধি এইক্ষণে প্রবল আছে তাহা সাধারণমতে প্রচলিত হইতে পারে কি না বোর্ডের সাহেবেরা ইহা অবগত হইতে চাহেন।

প্রথম তিন মাসে	বৎসরের রাজস্বের	তৃতীয়াংশ।
দ্বিতীয় ঐ ঐ		১৬ ভাগের ১ ভাগ।
তৃতীয় ঐ ঐ		১৬ ভাগের ১ ভাগ।
চতুর্থ ঐ ঐ		৮ ভাগের ১ ভাগ।

৪। এই বিষয়ে কালেক্টর সাহেবেরা যাহা রিপোর্ট করেন কমিস্যনর সাহেবেরা আপনারদের অভিমত সহিত তাহা সাধ্যমতে ত্বরায় বোর্ডের বিবেচনার জন্যে অর্পণ করিবেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৭। ৯ আপ্রিল।]

No. 7.

Inconvenience and loss having resulted from the practice of remitting in postage stamps fees for service of process, and other sums paid on account of private parties through a public office; this practice should be now discontinued, and remittance should be made by money order or by cheques on Sub-divisional treasure chests, wherever practicable. The following rule should be added to Board's Rules, Chapter XII, Section VIII, as clause 4 A—" Remittances on the above accounts, and generally all remittances of sums to be forwarded through a Revenue Office, should be made, wherever practicable, by money order, or by cheques on Sub-divisional treasure chests. The use of postage stamps, wherever a more business-like mode of remittance offers, should be avoided."

No. 8.

Under the orders of Government on the Board's letter No. 89A., dated 10th January 1867, Rule 3, Section III, Chapter VIII, Board's Rules, is amended as follows; copy of orders in question accompanies "Proprietors of estate situated in the District of Chittagong, and assessed to an annual Government revenue of 1 Rupee or less, are exceptionally allowed, under Government Order No. 688 of 30th June 1852, to redeem all future payments by one payment of ten times the revenue."

From Board to Government.

I am directed to submit, herewith, copy of a letter, No. 176, dated 5th September 1866, from the Commissioner of Bhaugulpore, in which he repeats some suggestive remarks made in his Annual Report for 1865-66, on the disadvantage of the present practice of permitting redemption of petty estates at ten years' purchase. Alluding to the extent to which the Butwarrah Law is worked in his Division, the Commissioner observes that, by continuing the present practice, there may ultimately be a serious loss of State income seeing that each landholder whose yearly revenue is reduced, by sub-division of his joint undivided estate, to less than 1 Rupee, has the right of redeeming his portion of the latter by a payment of ten years' revenue.

2. The present order regarding redemptions of Land Revenue was, in the first instance,* exceptionally in regard to petty landholders

* Government Orders No. 688, dated 30th June 1852.

৭ নম্বর।

পরওয়ানা জারী করিবার ফী এবং রাজকীয় কার্য্যালয়দ্বারা সাধারণ ব্যক্তিদের জন্যে যে টাকা পাঠান গিয়া থাকে ডাকের টিকিটদ্বারা তাহা পাঠাইবার যে রীতি আছে তাহাতে অনেক ক্লেশ ও ক্ষতি হইয়া থাকে। অতএব সেই রীতি রহিত করিতে হইবে। ঐ টাকা পাঠাইতে হইলে যদি মনি অর্ডর কিম্বা শাখাখণ্ডের খাজানাখানার উপর চ্যাক পাওয়া যাইতে পারে তবে সেইরূপে পাঠাইতে হইবে। নিম্ন লিখিত বিধি বোর্ডের বিধির ১২ খণ্ডের ৮ অধ্যায়ের ৪ A ধারা বলিয়া দিতে হইবে। "পূর্ব্বোক্ত কারণে টাকা পাঠাইতে হইলে এবং রেবিনিউ আফিসদ্বারা যে সকল টাকা পাঠাইতে হয় যদি মনি অর্ডর কিম্বা শাখাখণ্ডের খাজানাখানার উপর চ্যাক দ্বারা প্রেরণ হইতে পারে, তবে সাধারণমতে সেইরূপে পাঠাইতে হইবে। টাকা প্রেরণ কার্য্যোপযুক্ত অন্য পথ থাকিলে ডাকের টিকিটদ্বারা পাঠাইতে হইবে না।

৮ নম্বর।

বোর্ডের ১৮৬৭ সালের ১০ জানুআরি তারিখের ৮৯A নম্বরের পত্রোপলক্ষে গবর্ণমেণ্ট যে আজ্ঞা করিলেন তদনুসারে বোর্ডের বিধি পুস্তকের ৮ খণ্ডের ৩ অধ্যায়ের বিধির ৩ ধারার নিম্নলিখিত সংশোধন করা গেল। উক্ত আজ্ঞার প্রতিলিপিও পশ্চাৎ প্রকাশ হইল। "চট্টগ্রাম জিলার অন্তর্গত যে ভূম্যাধিকারিরদের গবর্ণমেণ্টের রাজস্ব বৎসর ১৲ টাকা কি তাহার ন্যূন ধার্য্য হইয়াছে, গবর্ণমেণ্টের ১৮৫২ সালের জুন মাসের ৩০ তারিখের ৬৮৮ নম্বরের আজ্ঞাক্রমে তাঁহারদের প্রতি বর্জ্জনীয় স্থলস্বরূপ এই অনুমতি হইয়াছে, যে তাহারা দশগুণ রাজস্ব একবার দিয়া ভাবিকালে সেই ভূমির রাজস্বদানহইতে নিষ্কৃতি পান।

গবর্ণমেণ্টের নিকটে বোর্ডের পত্র

এই পত্র সহিত ভাগলপুরের কমিসানর সাহেবের ১৮৬৬ সালের সেপ্টেম্বর মাসের ৫ তারিখের ১৭৬ নম্বরের পত্রের প্রতিলিপি পাঠাইলাম। এইক্ষণে ক্ষুদ্রং ভূমি খণ্ডের দশ বৎসরের রাজস্ব দিয়া তাহাহইতে ভূমি মুক্ত করিবার অনুমতি দেওয়ার যে রীতি চলিত আছে, তজ্জন্য অনুপকার বিষয়ে তিনি ১৮৬৫।৬৬ সালের বার্ষিক রিপোর্টে প্রবোধ সূচক যে কথা লিখিয়াছিলেন এই পত্রে তাহার পুনরুক্তি হইয়াছে। তাঁহার খণ্ডদেশে বাঁটওয়ারার আইন যত দূর প্রবল হইতেছে কমিসানর সাহেব তাহার প্রতি উল্লেখ করিয়া কহিয়াছেন, যদি এই রীতি প্রচলিত থাকে, তবে সাধারণ অবিভুক্ত মহাল খণ্ড বিখণ্ড করণ দ্বারা যে ভূম্যধিকারির বার্ষিক রাজস্ব ন্যূন হইয়া ১৲ টাকার কম হয়, তিনি একবারে দশ বৎসরের রাজস্ব দিয়া আপনার অংশ রাজস্বহইতে মুক্ত করিতে পারেন। পরিণামে তাহাতে রাজ্যের আয়ের গুরুতর ক্ষতি সম্ভাবনা।

২। মূল্য দানদ্বারা ভূমির রাজস্বহইতে নিষ্কৃতি পাইবার বর্ত্তমান আজ্ঞা প্রথমে * চট্টগ্রামের ক্ষুদ্রং ভূম্যাধিকারিদের পক্ষে বর্জ্জিত স্থলরূপে প্রচারিত

* ১৮৫২ সালের জুন মাসের ৩০ তারিখের ৬৮৮ নম্বরের গবর্ণমেণ্টের আজ্ঞা

in Chittagong, but was subsequently extended* to all landholders in the Lower Provinces, paying an annual revenue of 1 Rupee and under. The object was to encourage petty landholders to redeem their land tax, on the ground that small estates ran a risk of being lost sight of by the Distrct Authorities. It was not a measure connected with any declared financial policy, and except in Chittagong, where redemption has lately made some progress, its financial results, which must, as Mr. Money urges, be a sacrifice of revenue, have been inconsiderable.

3. The redemption question has since then been handled as a general question, and disposed of partly on political, and partly on financial considerations. The Board doubt whether landholders will ever redeem, as a rule, while they can employ their capital to better purpose; and they think it is a mistake, financially, to induce them to do so by allowing redemption at less than a valuation of the yearly payments to Government.

4. The Despatch of the Secretary of State, dated 19th July 1862, virtually rescinds the order of 1854, and the Board recommend the withdrawal of that order. It has been but little resorted to, and has in fact no effect in reducing the cost of collection, nor will it have such an effect unless it be generally adopted throughout a District; while the Survey records now sufficiently prevent estates, however small, from being lost sight of.

5. No rules for applying the provisions of the Despatch of 1862 have as yet been framed. In the Draft Rules for the sale of Waste Lands submitted with the Board's letter No. 914, dated 21st December 1861, rules for redemption of Land Revenue were also included, but on the revocation of the Government Resolution of October 1861, new rules were passed in accordance with the amended Resolution of 1862, and the redemption provisions were then dropped. The subject has been, however, more than once revived, and reported on to Government in connection with the petty estates of Sylhet, and the ground rents of Calcutta and its suburbs, Serampore and Chinsurah.

6. Mr. Grote is still of opinion that the partial redemption of estates at full valuation would be largely resorted to, if it were permitted

* Government Orders No. 363, dated 12th May 1854.

হইয়াছিল। পরে বঙ্গপ্রভৃতি দেশের যে সকল ভূম্যধিকারী বৎসর ১৲ টাকা ও তাহার ন্যূন রাজস্ব দিয়া থাকেন তাঁহারদের প্রতিও বর্ত্তান গিয়াছিল। * ঐ আজ্ঞার অভিপ্রায় এই। ক্ষুদ্র২ ভূমিখণ্ড জিলার কর্ত্তৃপক্ষদের অনুদ্দেশ্য হইবার আশঙ্কা ছিল, এই হেতুক ক্ষুদ্র ভূম্যধিকারিদিগকে মূল্য দানদ্বারা ভূমির রাজস্ব মোচন করিবার উৎসাহ দেওয়া গিয়াছিল। রাজস্বসংক্রান্ত রাজনিয়মের সহিত ঐ কর্ম্মের কোন সম্পর্ক ছিল না। বরং মনি সাহেবের কথা মতে তদ্দ্বারা রাজস্বের হানি হইতে পারে। সম্প্রতি কেবল চট্টগ্রামে রাজস্বহইতে মুক্ত করণ কার্য্যের প্রাদুর্ভাব হইয়াছে কিন্তু রাজস্বসংক্রান্ত সেই নিয়মের ফল অকিঞ্চিৎকর।

৩। পরে সাধারণের লাভালাভ সম্পর্কে রাজস্বহইতে মুক্ত করণ কার্য্যের বিবেচনা হইয়া অংশতঃ বার্ত্তা শাস্ত্রের ও অংশতঃ রাজস্বরক্ষার নিয়মানুসারে তাহার নিষ্পত্তি হইয়াছে। ভূম্যধিকারিরা যদি আপনারদের ধনদ্বারা অধিক লাভ পাইতে পারেন, তবে রাজস্বহইতে ভূমি মুক্ত করিবার জন্যে ধন ব্যয় করিবেন বোর্ডের সাহেবেরা অসম্ভব বোধ করেন। অতএব বৎসর২ তাঁহারদের গবর্ণমেণ্টে যত টাকা দিতে হয়, তাহার সম্পূর্ণ মূল্যের ন্যূনাঙ্ক ধরিয়া রাজস্বহইতে ভূমি মুক্ত করিবার অনুমতি দানদ্বারা সেই বিষয়ে তাহারদিগকে উৎসুক করা রাজস্বসম্পর্কে ভ্রম বোধ হইতেছে।

Major E. P. Lloyd, Deputy Commissioner [illegible] Nowgong, for one month on Medical Certificat[illegible], under the Financial Resolution, dated 22n[illegible] February 1856, from the date on which he ma[illegible] have availed himself of the leave.

Baboo Kedar Nath Pundit, Deputy Magistrate and Deputy Collector of Shahabad, for one month, without pay, from the 10th instant, under the Financial Notification, dated 4th June 1864.

Baboo Tarachund Bannerjee, Sub-Assistant Surgeon of Kishnaghur, for twenty-three days, under paragraph 16 of the Uncovenanted Serv[illegible]e Absentee Rules, from the 4th instant, or [illegible]y other date on which he may avail himself of [illegible]e leave.

The 8th April 1867.

Mr. R. P. Jenkins, Civil and Sessions Judge of Shahabad, for two months, under Section 6 of the Covenanted Service Absentee Rules, from the 1st proximo, or any other date on which he may avail himself of the leave.

Baboo Shivapersad Sandyal, Deputy Magistrate and Deputy Collector of Barraset, for two weeks, under paragraph 16 of the Uncovenanted Service Absentee Rules.

In supersession of the orders of the 26th ultimo, Mr. T. W. Gribble, Assistant Magistrate and Deputy Collector of Sasseeram, is allowed twenty days' leave of absence preparatory to proceeding to Europe on Medical leave.

NOTIFICATION.

The 2nd April 1867.

The leave granted to Mr. J. D. White, Sub-Assistant Commissioner of the Sonthal Pergunnahs, under the orders of the 26th February last, is cancelled at his own request.

The 3rd April 1867.

Mr. J. Masters, Assistant Superintendent of Police, Mymensing, having resumed his duty on the afternoon of the 1st ultimo, the unexpired portion of the leave granted to him, under the orders of the 3rd December last, and of which he availed himself on the 5th January following, is cancelled.

Lieutenant C. Hayter, Assistant Commissioner of Bishnath, having resumed his duties on the 4th February last, the unexpired portion of the leave granted to him under the orders of the 22nd idem, and of wh[illegible] he availed himself from the 4th January prece[illegible]g, is cancelled.

২৬ তারিখের আজ্ঞামতে যে ছুটী পান তদতিরিক্ত ফিন্যানসিয়ল ডিপার্টমেন্টে ১৮৬৪ সালের জুন মাসের ৪ তারিখের নির্দ্ধারণমতে বিনা বেতনে এক বৎসরের [illegible]ী পাইয়াছেন। এখন তাঁহার ছুটী চলিতেছে।

১৮৬৭ সাল ৬ আপ্রিল।

নৌগায়ের ডেপুটী কমিস্যনর মেজর শ্রীযুত ই পি লয়ড সাহেব যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখঅবধি চিকিৎসকের সর্টিফিকটক্রমে ফিনান্সিয়ল ডিপার্টমেন্টের ১৮৫৬ সালের ২২ ফেব্রুআরি তারিখের নির্দ্ধারণমতে এক মাসের ছুটী পাইয়াছেন।

শাহাবাদের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু কেদারনাথ পণ্ডিত ফিনান্সিয়ল ডিপার্টমেন্টের ১৮৬৪ সালের জুন মাসের ৪ তারিখের বিজ্ঞাপনমতে এই মাসের ১০ তারিখঅবধি বিনা বেতনে এক মাসের ছুটী পাইয়াছেন।

কৃষ্ণনগরের সব-আসিষ্টান্ট চিকিৎসক শ্রীযুত বাবু তারাচাঁদ বন্দ্যোপাধ্যায় এই মাসের ৪ তারিখঅবধি অথবা অন্য যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখঅবধি অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৬ ধারামতে তেইশ দিনের ছুটী পাইয়াছেন।

১৮৬৭ সাল ৮ আপ্রিল।

শাহাবাদের সিবিল ও সেশন জজ শ্রীযুত আর পি জেনকিন্স সাহেব আগামি মাসের ১ তারিখ অবধি অথবা অন্য যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখঅবধি চিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ ধারামতে দুই মাসের ছুটী পাইয়াছেন।

বারাসতের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু শিবপ্রসাদ সান্ন্যাল অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৬ ধারামতে দুই সপ্তাহের ছুটী পাইয়াছেন।

গত মাসের ২৬ তারিখের আজ্ঞা রহিত করিয়া এই আজ্ঞা হইল। শাসীরামের আসিষ্টান্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত টি ডবলিউ গ্রিবল সাহেব চিকিৎসকের সর্টিফিকটক্রমে ইউরোপে গমনার্থে প্রস্তুত হইবার জন্যে বিশ দিনের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৬৭ সাল ২ আপ্রিল।

সাঁওতাল পরগনার সব-আসিষ্টান্ট কমিস্যনর শ্রীযুত জে ডি ওয়াইট সাহেব গত ফেব্রুআরি মাসের ২৬ তারিখের আজ্ঞামতে যে ছুটী পান, তাহা তাঁহার প্রার্থনামতে রহিত হইল।

১৮৬৭ সাল ৩ আপ্রিল।

ময়মুনসিংহের পোলীসের আসিষ্টান্ট সুপরিন্টেণ্ডেন্ট শ্রীযুত জে মাষ্টর্স সাহেব গত মাসের ১ তারিখের অপরাহ্নে আপন কর্ম্মের ভার পুণর্গ্রহণ করাতে গত ডিসেম্বর মাসের ৩ তারিখের আজ্ঞামতের [illegible] তৎপরে জানুআরি মাসের ৫ তারিখে গ্রহণ করেন তাহার অবশিষ্টাংশ রহিত হইল।

বিশ্বনাথের আসিষ্টান্ট কমিস্যনর লেপ্টেনেন্ট শ্রীযুত সি হেটর সাহেব গত ফেব্রুআরি মাসের ৪ তারিখে আপন কর্ম্মের ভার পুণর্গ্রহণ করাতে ঐ মাসের ২২ তারিখের আজ্ঞামতের যে ছুটী তৎপূর্ব্ব জানুআরি মাসের ৪ তারিখে গ্রহণ করেন তাহার অবশিষ্টাংশ রহিত হইল।

The 4th April 1867.

Supplementary Commissions of the Peace for Bengal, Behar and Orissa, were issued by the High Court of Judicature at Fort William in Bengal, on the 27th ultimo, directed to the following gentlemen, *viz.* :—

Mr. Charles Campbell Quinn.
„ Henry James Newbery.
„ Thomas Edward Coxhead.
„ Francis Johnston Graham Campbell.
„ William Henry Verner.
„ Godfrey John Bective Tuite Dalton.
„ William FitzPatrick Meres.
„ George James Spence Hodgkinson.
„ John Foster Stevens.
„ John George Charles.
Lieutenant William John Williamson.

১৮৬৭ সাল ৪ আপ্রিল।

বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্ট কর্তৃক বঙ্গ, বেহার ও উড়িষ্যা দেশের শান্তিরক্ষার্থ যে অতিরিক্ত কমিস্যনপত্র গত মাসের ২৭ তারিখে বাহির হয় তাহা নিম্ন লিখিত মহাশয়দের নামে প্রদত্ত হইয়াছে।

শ্রীযুত চার্লস কাম্বেল কুইন্ সাহেব।
„ হেনরি জেমস্ নিউবেরি সাহেব।
„ তামস এডওয়ার্ড কক্সহেড সাহেব।
„ ফ্রান্সিস জনষ্টন গ্রেহাম কাম্বেল সাহেব।
„ উলিয়ম হেনরি বর্ণর সাহেব।
„ গডফ্রি জান বেকটিব টুইট ডালটন সাহেব।
„ উলিয়ম ফিটস্‌পাট্রিক মিয়র্স সাহেব।
„ জর্জ জেমস্ স্পেন্স হজকিন্সন সাহেব।
„ জান ফষ্টর ষ্টীবন্স সাহেব।
„ জান জর্জ চার্লস সাহেব।
লেপ্টেনেণ্ট শ্রীযুত উলিয়ম জান উলিয়মসন্ সাহেব।

The following Order issued by the Government of India in the Home Department, is re-published for general information :—

No. 3421.

The 5th April 1867.

The services of Mr. W. E. Ward, Officiating Under-Secretary to the Government of India in the Home Department, are, at his own request, re-placed at the disposal of the Government of Bengal, from the 8th instant.

হোমডিপার্টমেণ্ট ভারতবর্ষের গবর্ণমেণ্টের পশ্চাৎ লিখিত যে আজ্ঞা প্রকাশ হয় তাহা সর্ব্বসারণের জ্ঞাপার্থে প্রকাশ করা যাইতেছে।

৩৪২১ নম্বর।

১৮৬৭ সাল ৫ আপ্রিল।

হোম ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের একটিং দ্বিতীয় সেক্রেটারী শ্রীযুত ডবলিউ ই ওয়ার্ড সাহেব আপন প্রার্থনামতে এই মাসের ৮ তারিখঅবধি বঙ্গদেশের গবর্ণমেণ্টের আজ্ঞাধীনে পুনর্ব্বার নিযুক্ত হইয়াছেন।

No. 3423.

Mr. D. J. McNeile, of the Civil Service, has reported his departure from India per Steamship *Erymanthe*, which vessel was left by the Pilot at Sea on the 22nd ultimo.

৩৪২৩ নম্বর।

সিবিল কার্য্যসম্পর্কীয় শ্রীযুত ডি জে মাকনীল সাহেব এরিমান্থ নামক বাষ্পীয় জাহাজে ভারতবর্ষহইতে গমন করিয়াছেন এমত রিপোর্ট করেন। আড়কাটী সাহেব সেই জাহাজে গত মাসের ২২ তারিখে সমুদ্রে ছাড়িয়া আইসেন।

DECLARATION UNDER SECTION 2, ACT VI. OF 1867.

The 6th April 1867.

Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken by Government, at the public expense, for a public purpose, *viz.*, for the construction of a road to connect the Station Roads of Nattore with the Dadapore Imperial Road at the point where they intersect the Bhetooa Road, it is hereby delared that, for the above purpose, a strip of land is required, being 1200 feet long by 30 feet broad, and situated in Mouzah Kandee Bhetooa in the District of Rajshahye.

2. This Declaration is made, under the provisions of Act VI. of 1857, to all whom it may concern.

১৮৫৭ সালের ৬ আইনের ২ ধারামতের বিজ্ঞাপন।

১৮৬৭ সাল ৬ আপ্রিল।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব অবগত হইয়াছেন যে রাজকীয় কার্য্যার্থে অর্থাৎ নাটোর ষ্টেশনের পথ ও দাদপুরের রাজপথ যে স্থানে ভিতুয়া পথের ছেদ করে সেই স্থানে ঐ দুই পথের সংযোগার্থ পথ প্রস্তুত করিবার নিমিত্তে রাজকীয় অর্থ ব্যয়ে গবর্ণমেণ্টের ভূমি লওয়া আবশ্যক, অতএব সংবাদ দেওয়া যাইতেছে যে পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে রাজশাহী জিলার অন্তর্গত ভিতুয়া কান্দি মৌজায় স্থিত ১২০০ ফুট দীর্ঘ ও ৩০ ফুট প্রশস্থ ভূমির প্রয়োজন।

২। উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক আছে তাঁহাদের জ্ঞানার্থে ১৮৫৭ সালের ৬ আইনের বিধানমতে এই সংবাদ প্রকাশ করা গেল।

S. C. BAYLEY,
Offg. Secy. to the Govt. of Bengal.

এস সি বেলী,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটারী।

[*Government Gazette*, 16*th April* 1867.]

PUBLIC WORKS DEPARTMENT.

LOCAL,—COMMUNICATION.

No. 126.

The 8*th April* 1867.

Declaration under Section II. of Act VI. of 1857.—Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken up by Government, at the public expense, for a public purpose, *viz.*, for the site of a Staging Bungalow at Bongong, it is hereby declared that, for the above purpose, a plot of land is required, measuring 2 acres, 2 roods, 27 poles, more or less, situated in Mouzah Khashdah *alias* Bongong, Pergunnah Khashdah.

The plot of land is bounded on the South by the middle of the road leading to the Staging Bungalow, and the compound of the Public Works Inspection Bungalow; on the North by the land of Tustee Gareewan and waste-land of the Zemindars of the village; on the East by the Ichamati River; on the West by the land of Tustee Gazee.

2. This Declaration is made, under the provisions of Act VI. of 1857, to all whom it may concern.

পবলিক ওর্কস ডিপার্টমেণ্ট

স্থানেং গমনবিষয়ক।

১২৬ নম্বর।

১৮৬৭ সাল ৮ আপ্রিল।

১৮৫৭ সালের ৬ আইনের ২ ধারামতের বিজ্ঞাপন—বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব অবগত হইয়াছেন যে রাজকীয় কার্য্যার্থে অর্থাৎ বনগাঁয়ে পথিকদের অবস্থানার্থ বাঙ্গলা ঘর প্রস্তুত করণার্থে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্টের ভূমি লওয়া আবশ্যক, অতএব সংবাদ দেওয়া যাইতেছে যে পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে ন্যূনাধিক ২ একর ২ রুড় ২৭ পোল ভূমির প্রয়োজন। উক্ত ভূমি খাসদহ পরগনার খাসদহ বা বনগাঁ মৌজায় স্থিত।

উক্ত ভূমিখণ্ডের দক্ষিণ সীমা পথিকদের অবস্থানার্থ বাঙ্গলাঘরে গমনের পথের মধ্যস্থান ও রাজকীয় কার্য্যের ইনস্পেকশন বাঙ্গলার সীমা, উত্তর সীমা তষ্টি গাড়ওয়ানের ভূমি ও উক্ত গ্রামের জমীদারের পতিত ভূমি, পূর্ব্ব সীমা ইচ্ছামতী নদী, পশ্চিম সীমা তষ্টি গাজির ভূমি।

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক আছে তাঁহাদের জ্ঞানার্থে ১৮৫৭ সালের ৬ আইনের বিধানমতে এই সংবাদ প্রকাশ করা গেল।

COMMUNICATIONS.

No. 127.

The 8*th April* 1867.

Declaration under Section II. of Act VI. of 1857.—Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken up by Government, at the public expense, for a public purpose, *viz.*, for the site of an Inspection Bungalow at Bongong, it is hereby declared that, for the above purpose, a plot of land is required, measuring 1 acre, 3 roods, 24 poles, more or less, situated in Mouzah Khashdah *alias* Bongong, Pergunnah Khashdah.

The plot of land is bounded on the North by the land of Tustee Gareewan, the middle of the road leading to the Dâk Bungalow and the Dâk Bungalow compound; on the South by the land of Abdullah Kazee; on the East by the Ichamati River; on the West by the Chagdah road and the land of Abdullah Kazee.

2. This Declaration is made, under the provisions of Act VI. of 1857, to all whom it may concern.

১২৭ নম্বর।

১৮৬৭ সাল ৬ আপ্রিল।

১৮৫৭ সালের ৬ আইনের ২ ধারামতের বিজ্ঞাপন-বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব অবগত হইয়াছেন যে রাজকীয় কার্য্যার্থে অর্থাৎ বনগাঁয়ে পরিদর্শনার্থ বাঙ্গলা ঘর প্রস্তুত করণার্থে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্টের ভূমি লওয়া আবশ্যক, অতএব সংবাদ দেওয়া যাইতেছে যে পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে খাসদহ পরগনার অন্তর্গত খাসদহ বা বনগাঁ মৌজায় স্থিত ন্যূনাধিক ১ একর ৩ রুড ২৪ পোল ভূমির প্রয়োজন।

উক্ত ভূমির উত্তর সীমা তষ্টি গাড়ওয়ানের বাটী, ডাকবাঙ্গলা ও ঐ বাঙ্গলা বাটীর সীমায় গমনের পথের মধ্যস্থান, দক্ষিণ সীমা আবদুলা কাজীর ভূমি, পূর্ব্বসীমা ইচ্ছামতী নদী, পশ্চিম সীমা চাগদহের পথ ও আবদুলা কাজির ভূমি।

২। উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক আছে তাঁহাদের জ্ঞানার্থে ১৮৫৭ সালের ৬ আইনের বিধানমতে এই সংবাদ প্রকাশ করা গেল।

MISCELLANEOUS,—PUBLIC IMPROVEMENTS.

সাধারণের উন্নতি সাধনার্থ বিবিধ কার্য্য।

No. 128.

The 9*th April* 1867.

Declaration under Sections II. and XXXIII. of Act VI. of 1857.—Whereas it appears to the

১২৮ নম্বর।

১৮৬৭ সাল ৯ আপ্রিল।

[illegible]৭ সালের ৬ আইনের ২ ও ৩৩ ধারামতের বি-[illegible]—বঙ্গদেশের [illegible] [illegible] গবর্ণর সা-

Lieutenant-Governor of Bengal that land is required to be taken up, at the public expense, for a public purpose, *viz.*, for an embankment from the northern corner of the Nurindra or Chundun Tank to the eastern corner of the Markund Tank in the Town of Pooree, Zillah Pooree, it is hereby declared that for the above purpose, a strip of land s required, 150 feet in average width, situated between the two Tanks above-mentioned.

2. This Declaration is made, under provision of Act VI. of 1857, to all whom it may concern.

হেব অবগত হইয়াছেন যে রাজকীয় কার্য্যার্থে অর্থাৎ পুরী জিলার অন্তর্গত পুরী নগরে নরেন্দ্র বা চন্দন পুষ্করিণীর উত্তর কোণ অবধি মর্কণ্ড পুষ্করিণীর পূর্ব্ব কোণ পর্য্যন্ত বাঁধ প্রস্তুত করণার্থে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্টের ভূমি লওয়া আবশ্যক, অতএব সংবাদ দেওয়া যাইতেছে যে পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে উক্ত দুই পুষ্করিণীর মধ্যস্থিত গড়ে ১৫০ ফুট প্রশস্ত ভূমির প্রয়োজন।

২। উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক আছে তাঁহাদের জ্ঞানার্থে ১৮৫৭ সালের ৬ আইনের বিধানমতে এই সংবাদ প্রকাশ করা গেল।

Civil Buildings.

No. 129.

The 9th April 1867.

Declaration under Section II. of Act VI. of 1857.—Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that additional land is required to be taken up, at the public expense, for a public purpose, *viz.*, for a Pauper Hospital, it is hereby declared that, for the above purpose, a piece of land is required, mesuring one beegah one cottah and eleven chittacks more or less, comprised in Holding No. 373, Block VIII., North Division.

The land is situated in Amherst Street, in Calcutta, and is bounded on the North partly by the Lottery Committee lands, now occupied by the Pauper Hospital, and partly by the property belonging to Hurrmoney Dasee; on the South partly by the Lottery Committee lands occupied by the said Hospital, and partly by the property of Buddynath Biswas; on the East by the Lottery Committee land occupied by the said Hospital; and on the West by the respective properties of Hurmoney Dasee, Buddynath Biswas, and Gopal Chunder Biswas.

2. This Declaration is made, under the provisions of Act VI. of 1857, to all whom it may concern.

J. Purdas, *Lieut., R. E.,*
Offg. Asst. Secy. to the Govt. of Bengal,
P. W. D.

চিকিৎসালয় বিষয়ক।

১২৯ নম্বর।

১৮৬৭ সাল ৯ আপ্রিল।

১৮৫৭ সালের ৬ আইনের ২ ধারামতের বিজ্ঞাপন।—বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব অবগত হইয়াছেন যে রাজকীয় কার্য্যার্থে অর্থাৎ দরিদ্র লোকের চিকিৎসালয়ের নিমিত্তে রাজকীয় অর্থ ব্যয়ে গবর্ণমেণ্টের ভূমি লওয়া আবশ্যক, অতএব সংবাদ দেওয়া যাইতেছে যে পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে উত্তর খণ্ডের ৩৭৩ নং হোল্ডের ৮ কিতার মধ্যে ১/১॥৴ ছটাক ভূমির প্রয়োজন।

উক্ত ভূমি কলিকাতা আমহরষ্ট ষ্ট্রীটে স্থিত ও তাহার উত্তর সীমা, অংশত দরিদ্র লোকের চিৎসালয়ের যে ভূমি লটরী কমিটীর অধীন আছে তাহা ও অংশতঃ হরমণি দাসীর সম্পত্তি। দক্ষিণ সীমা অংশতঃ দরিদ্র লোকের চিকিৎসালয়ের যে ভূমি লটরী কমিটীর অধীন ও অংশতঃ বৈদ্যনাথ বিশ্বাসের সম্পত্তি, তাহা পূর্ব্ব সীমা উক্ত হাসপাতালের অধিকৃত যে ভূমি লটরী কমিটীর অধীন তাহা, পশ্চিম সীমা হরমণি দাসী ও বৈদ্যনাথ বিশ্বাস ও গোপালচন্দ্র বিশ্বাসের সম্পত্তি।

২। উক্ত ভূমিতে যাঁহাদের সম্পার্ক আছে তাঁহাদের জ্ঞানার্থে ১৮৫৭ সালের ৬ আইনের বিধানমতে এই সংবাদ প্রকাশ

জে ডণ্ডাস, লেপ্টেনেণ্ট, আর ই,
পবলিক ওর্কস ডিপার্টমেণ্টে, বঙ্গদেশের গবর্ণমেণ্টের
একটিং আসিষ্টান্ট সেক্রেটারী।

PUBLIC WORKS (RAILWAY) DEPARTMENT, BENGAL.

Fort William, the 6th April 1867.

Notifications.

Whereas it appears to the Hon'ble the Lieutenant-Governor of Bengal, that land is required to be taken up by Government, at the public expense, for a public purpose, *viz*, for the 43rd

বঙ্গদেশের রেলওয়ে সম্পার্কীয় পবলিক ওর্কস ডিপার্টমেণ্ট।

ফোর্ট উলিয়ম ১৮৬৭ সাল ৬ আপ্রিল।

বিজ্ঞাপন।

বঙ্গদেশের মান্যবর শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব অবগত হইয়াছেন রাজকীয় কার্য্যার্থে অর্থাৎ সীতারামপুর ও লক্ষ্মীসরাইয়ের মধ্যের নূতন কর্ড লাইনের ৪৩ মাইল প্রস্তুত করণার্থে ও উক্ত মাইলে রেল-

mile of the new Chord Line between Seetampore and Luckeeserai, and for a Railway Station on the said mile, it is hereby declared that, for the above purpose, a piece of land between the lands already taken for the 45th and 47th miles of the Chord Line, and measuring in all 293*b*. 5*c*., more or less, situated in the Villages of Mohopore and Sepaha, Pergunnah Sainth, Deoghur, Sonthal Pergunnah, is required.

The land is defined on the ground

This Declaration is made, under Section 2, Act VI. of 1857, to all whom it may concern.

WHEREAS it appears to the Hon'ble the Lieutenant-Governor of Bengal, that land is required to be taken by Government, at the public expense, for a public purpose, *viz.*, for a site for a Bungalow for the use of the Eastern Bengal Railway Company, it is hereby declared that, for the above purpose, a piece of land is required, measuring about 1*a*. 2*r*. 37*p*., more or less, situated at Beezpore, in Pergunnah Habilishuhur, in the District of 24-Pergunnahs.

2. The land is bounded on the North and West by land already in possession of the Eastern Bengal Railway Company; on the East and South by a public road.

3. This Declaration is made, under the provision of Section 2, Act VI. of 1857, to all whom it may concern.

WHEREAS it appears to the Hon'ble the Lieutenant-Governor of Bengal, that land is required to be taken up by Government, at the public expense, for a public purpose, *viz.*, for a Railway Station site at Jamtarrah, on the new Chord Line between Seetarampore and Luckeeserai, it is hereby declared that, for the above purpose, a piece of land, measuring in all 53*b*. 12*c*. 8*ch*., more or less, situated in Mouzahs Jamtarrah and Duneearah, Pergunnah Pubbia, is required. The plots are defined on the ground, and the boundaries are as stated below.

This Declaration is made, under Section 2, Act VI. of 1857, to all whom it may concern.

PLOT No. 1.—MOUZAH JAMTARRAH.

The land is bounded on the North by the Chord Line; South by land of Jamtarrah Mouzah; East by land of Jamtarrah Mouzah; West by land of Jamtarrah Mouzah.

PLOT No. 2.—MOUZAH DUNEEARAH AND JAMTARRAH.

The land is bounded on the North by land of Mouzahs Duneearah and Jamtarrah; South by

ওয়ে ষ্টেশন নির্ম্মাণ করণার্থে রাজকীয় অর্থ ব্যয়ে গবর্ণমেণ্টের ভূমি লওয়া আবশ্যক, অতএব সংবাদ দেওয়া যাইতেছে যে উক্ত কর্ডলাইনের ৪৫ ও ৪৭ মাইলের নিমিত্তে যে ভূমি লওয়া গিয়াছে তন্মধ্যে ন্যূনাধিক ২৯৩ বিঘা ।০ কাঠা ভূমির প্রয়োজন। উক্ত ভূমি সাঁওতাল পরগনার অন্তর্গত সৈন্থ ও দেবগড় পরগনার মোহপুর ও সেপাহা গ্রামে স্থিত।

সেই স্থানে ভূমির চিহ্ন দেওয়া গিয়াছে।

২। উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক আছে তাঁহাদের জ্ঞানার্থে ১৮৫৭ সালের ৬ আইনের ২ ধারার বিধানমতে এই সংবাদ প্রকাশ করা গেল।

বঙ্গদেশের মান্যবর শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব অবগত হইয়াছেন যে রাজকীয় কার্য্যার্থে অর্থাৎ ইষ্টারণ বেঙ্গল রেলওয়ের কোম্পানির ব্যবহারের নিমিত্তে বাঙ্গলা ঘর প্রস্তুত করণার্থে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্টের ভূমি লওয়া আবশ্যক, অতএব সংবাদ দেওয়া যাইতেছে যে পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে ২৪ পরগনা জিলার অন্তর্গত হালিশহর পরগনার বীজপুরের মধ্যে ন্যূনাধিক ১ একর ও ২ রুড ৩৭ পোল পরিমিত ভূমির প্রয়োজন।

২। উক্ত ভূমির উত্তর ও পশ্চিম সীমা ইষ্টারণ বেঙ্গল রেলওয়ে কোম্পানির অধিকৃত ভূমি, পূর্ব্ব ও দক্ষিণ সীমা রাজপথ।

৩। উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক আছে তাঁহাদের জ্ঞানার্থে ১৮৫৭ সালের ৬ আইনের ২ ধারার বিধানমতে এই সংবাদ প্রকাশ করা গেল।

বঙ্গদেশের মান্যবর শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব অবগত হইয়াছেন যে রাজকীয় কার্য্যার্থে অর্থাৎ সীতারামপুর ও লক্ষ্মীসরাইয়ের মধ্যগত নূতন কর্ড লাইনে জামতাড়ায় রেলওয়ে ষ্টেশন করণার্থে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্টের ভূমি লওয়া আবশ্যক, অতএব সংবাদ দেওয়া যাইতেছে যে পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে পাবিয়া পরগনার অন্তর্গত জামতাড়া ও দানিয়াড়া মৌজায় ন্যূনাধিক ৫৩৷৷৷৲৷৷০ ছটাক পরিমিত ভূমির প্রয়োজন। উক্ত ভূমির চিহ্ন সেই স্থানে দেওয়া গিয়াছে ও তাহার সীমা নীচে লেখা গেল।

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক আছে তাহাদের জ্ঞানার্থে ১৮৫৭ সালের ৬ আইনের ২ ধারার বিধানমতে এই সম্বাদ প্রকাশ করা গেল।

১ নং খণ্ড। মৌজা জামতাড়া।

এই ভূমি খণ্ডের উত্তর সীমা কর্ড লাইন, দক্ষিণ সীমা জামতাড়া মৌজার ভূমি। পূর্ব্ব সীমা জামতাড়া মৌজার ভূমি, পশ্চিম সীমা জামতাড়া মৌজার ভূমি।

২ নং খণ্ড। দনিয়াড়া ও জামতাড়া মৌজা।

এই ভূমিখণ্ডের উত্তর সীমা দনিয়াড়া ও জামতাড়া মৌজার ভূমি, দক্ষিণ সীমা কর্ড লাইন, পূর্ব্ব সীমা

the Chord Line; East by land of Mouzah Duneearah; and West by land of Mouzah Jamtarrah.

By Order of the Lieutenant-Governor of Bengal,

F. S. TAYLOR, *Captain, R. E.*,
Joint-Secy. to Govt. of Bengal, P. W. D.,
Railway Branch.

দক্ষিণরাতা, মৌজার ভূমি পশ্চিম সীমা জামতাড়া মৌজার ভূমি।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের আজ্ঞাক্রমে,

এফ এস টেলর, কাপ্তান, আর, ই,
রেলওয়ে সম্পর্কীয় পবলিক ওর্কস ডিপার্টমেন্ট,
বঙ্গদেশের গবর্ণমেন্টের জাইন্ট সেক্রেটারী।

ORDERS OF THE HIGH COURT OF JUDICATURE AT FORT WILLIAM IN BENGAL.

APPOINTMENTS.

The 8th April 1867.

Moonshee Sudanund, Moonsiff of Chuttra, in Hazareebagh, to be Moonsiff of Kishenpore, in Lohardugga.

Moulvie Fuzeelut Hossein, Moonsiff of Kishenpore, in Lohardugga, to be Moonsiff of Chuttra, in Hazareebagh.

L. R. TOTTENHAM,
Registrar.

বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর হাইকোর্টের আজ্ঞা।

নিয়োগ।

১৮৬৭ সাল ৮ আপ্রিল।

হাজারিবাগের অন্তর্গত ছত্রার মুনসেফ শ্রীযুত মুনশী সদানন্দ লোহারডগার কৃষ্ণপুরের মুনসেফ হইবেন।

লোহারডগার অন্তর্গত কৃষ্ণপুরের মুনসেফ শ্রীযুত মৌলবী ফজিলত হুসেন হাজারিবাগের ছত্রার মুনসেফ হইবেন।

এল আর টটেনহাম,
রেজিষ্ট্রার

GOVERNMENT ADVERTISEMENTS.

গবর্ণমেন্টের ইশ্‌তিহার।

LAND ADVERTISEMENTS.

ভূমিবিষয়ক ইশ্‌তিহার।

জিলা ২৪ পরগনা।

এস্তেহারনামা কাছারি কালেক্টরি জেলা ২৪ পরগনা এই যে।

সন ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারামতে সংবাদ দেওয়া যাইতেছে যে জেলা চব্বিশপরগনার নীচের লিখিত মহালাত মালগুজারির বাকী বাবৎ ইংরাজী সন ১৮৬৭ সালের ২ মে ঐ জেলার কালেক্টরি কাছারিতে বিনা ওজর নীলাম ধরা যাইবেক ইংরাজী সন ১৮৬৭ সাল তারিখ ১০ আপ্রেল।

প্রথম শ্রেণীর ইস্তমুরারি জমা ধার্য্যহওয়া মহাল।

১৪ নং কীং পরগনে মাগুরাওং কীং চেতলাওং লিখিত মালিক রাধাচরণ রায়ওং সদর জমা কোং ৭৯৭৩৸৫৸

৩৯৩ নং কীং পরগনে আজীমাবাদ হুদা মাধবপুর সদর জমা কোম্পানি ১২৭৬৭॥৶৩ টাকা মধ্যে সন ১৮৫৯ সালের ১১ আইনের ১০ ধারামতে শ্রীনাথ বসুর রকম ।।০ আট আনার কাত সদর জমা কোম্পানি ৬৩৮৩৸/৭॥ টাকার মহাল ২৷৯৬৻৩ টাকা বাকী আদায় জন্য নীলাম বিক্রয় হইবেক।

৬০৫ নং কীং পরগনে ভালুকা কীং ভালুকা সদর জমা মায় পুলিস কোং ১৫৯৫৩৸৶৮ টাকা মধ্যে সন ১৮৫৯ সালের ১১ আইনের ১০ ধারামতে ।/১০৻৯॥৶ আনার কাত ৫১৫৫৶৫ টাকার মহাল সতন্ত্র হিসাব স্থাপিত হওয়ায় এবং উহার বাকী আদায় করায় অবশিষ্ট রকম ।।৵৯৸/১০।/ আনা গৌরীচরণ ঘোষওগয়রহ সদর জমা কোং ৯৭৯৯৸২ টাকার মহাল ২৮॥/৫ টাকা বাকী আদায় জন্য নীলাম বিক্রয় হইবেক।

A. SMITH,
Collector.

[*Government Gazette*, 16*th April* 1867.]

জিলা দিনাজপুর।

এস্তাহারনামা কাছারি কালেক্টরি জেলা দিনাজপুর।

১৮৫৯। ১১ আইনের ৬ ধারানুযায়ি ইস্তাহারা সংবাদ দেওয়া যাইতেছে যে জেলা দিনাজপুরের নীচের লিখা মহাল ১৮৬৭। ২৮ মার্চ তকের বাকী মালগুজারির নিমিত্তক ১৮৬৭ সনের ১ মেই মোং ১২৭৪ সালের ১৯ বৈশাখ রোজ বুধবার এই জেলার কালেক্টরি কাছারিতে নীলাম ধরা যাইবেক ও বিনা বাধাতে বিক্রয় হইবেক।

প্রথম শ্রেণীর ইস্তমুরারি জমা ধর্য্যহওয়া মহাল।

মৌজে মাটীগাড়া ওগয়রহ পঃ শালবাড়ী লিখিত মালিক ভৈরবনাথ সেন ও গদাধর চক্রবর্ত্তি ও মৌলবী সৈয়দ জহুরানা ও আজিজর রহমা ও জহুরন নেছা ও অছিমন নেছা ও নাশ্রিবল নেছা ও রাজমোহন ও জগমোহন ও কৈলাসচন্দ্র নেউগী ও মেনকাসুন্দরী গুপ্তা মাদরে অলি পক্ষে গোবিন্দচন্দ্র ও উমেশচন্দ্র নেউগী নাবালগ সদর জমা ৪৬২৯।৩। পাই।

কৈঃ।

এই মহালের ।/০ আনার মালিক রাজমোহন ও জগমোহন ও কৈলাসচন্দ্র নেউগী ও মেনকাসুন্দরী গুপ্তা মাদরে অলি পক্ষে গোবিন্দচন্দ্র ও উমেশচন্দ্র নেউগী নাবালগ এবং তাহার সদর জমা ২৩১৪।৶১। পাই হয় ঐ হিস্যার খাজানার হিসাব ১৮৫৯। ১১। ১০ ধারা মতাবেক পৃথক হইয়াছে এইক্ষণ উক্ত হিস্যার নাগায়েদ ২৮ মার্চ তকের বাকী রাজস্ব ৯০৭৲ টাকা কারণ নীলামে ধরা গেল ইতি।

সন ১৮৬৭ ইং তারিখ ৫ আপ্রেল।

J. P. Grant,
Offg. Collector.

জিলা ঢাকা।

১৮৫৯ সনের ১১ আইনের ৬ ধারাক্রেমে ইহা দ্বারায় সংবাদ দেওয়া যাইতেছে যে ঢাকা জেলার নীচের লিখিত মহাল ১৮৬৭ সনের ২৮ মার্চপর্য্যন্ত বাকী মালগুজারির নিমিত্তে এবং চলিত আইন ও আক্টের দ্বারায় অন্যান্য যেং দাওয়া বাকী মালগুজারির ন্যায় আদায় হইবার হুকুম আছে তাহার নিমিত্তে ১৮৬৭ সনের ৩ মে মোং ১২৭৪ সনের ২১ বৈশাখ এই জেলার কালেক্টরি কাছারিতে নীলামে ধরা যাইবেক ও বিনা বাধাতে বিক্রয় হইবেক ইতি সন ১৮৬৭ ইং তারিখ ৯ আপ্রিল মোং সন ১২৭৩ বাং তারিখ ২৮ চৈত্র।

প্রথম শ্রেণী। ইস্তমুরারি জমা ধার্য্য হওয়া মহাল।

৮৬৬০ নং তপ্পে আমিরাবাদ। ২০৪ মহাল মালিক গোবিন্দচন্দ্র দত্ত ও কালীচরণ পাল সদর সদর জমা ... . ৭১২॥৶১॥

রাস্তাখরচ .. ৭।৴০

A. L. Clay,
Offg. Collector.

No. 2.

LAND SALE NOTICE.

Notice is hereby given under Section VI of Act XI of 1859, that the undermentioned estate, in Zillah Moorshedabad, will be put up to public and unreserved sale at the Collector's Office of that District on Saturday, the 27th April 1867, corresponding with the 15th Bysakh 1274 B. S., for arrears of revenue and other demands which, by the Regulations and Acts in force, are directed to be realized in the same manner as arrears of revenue due on the 28th March 1867.

Class I—Permanently settled Estate.

No. 9,—Kismut Kassipore, Pergunnah Kissipore; recorded proprietors Kassinath Chowdhree and others; Sudder jummah Rupees 8,074-3, exclusive of the shares of Baboo Rajkissen Sen and Chundra Mookhee Dossyah, paying Government revenue amounting to Rupees 933-4.

H. Hankey,
Offg. Collector.

Moorshedabad Collector's Office;
The 2nd April 1867.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৭। ১১ আপ্রিল।]

জিলা মুরশিদাবাদ।

ইস্তাহার দেওয়া যাইতেছে যে সন ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারার মর্ম্মানুযায় জেলা মুরশীদাবাদ সংক্রান্ত নিম্নলিখিত মাহাল সন ১৮৬৭ সালের নাগাএদ কিস্তি মার্চের রাজস্বের বাকী আদায় কারণ সন ১৮৬৭ সালের ২৭ আপ্রেল মোতাবক সন ১২৭৪ সালের ১৫ বৈশাখ শনিবার জেলা মুরশিদাবাদের কালেক্টরির কাছারিতে অব্যর্থ নীলাম হইবেক ইতি সন ১৮৬৭ সাল ১ আপ্রেল।

শ্রেণীর নম্বর	মহালের প্রকরণ	তৌজির নম্বর	নাম মাহাল	নাম তালুকদারান	সদর জমা	তায়দাদ রকম যাহা নীলাম হইবেক
১	প্রথম শ্রেণীর মহাল	৯	কিঃ পঃ কাশীপুর পরগণে কাশীপুর	কাশীনাথ চৌধুরী শুভদ্রা নিত্যকালী ভুবনেশ্বরী কমলমুণী সর্ণময়ী ভোলানাথ তারিণীপ্রসাদ তারাশুন্দরী মন্মোহন ঘোষ ঈশানচন্দ্র রায় শ্যামাচরণ ভট্ট সিবশুন্দরী রাজকিশোর সেন ও চন্দ্রমুখী দাস্যা	৮০৭৪৶ বাদ এই জমার মধ্যে রাজকিশোর সেন সন ১৮৫৯ সালের ১১ আইনানুসারে আপনাংশ রকম ১৮।৶১৭৷৷ গণ্ডার পৃথক হিসাব করিয়া লয় সদর জমা ৪৬৬৷৷৵০ বাদ চন্দ্রমুখী দাস্যা উক্ত আইনানুসারে আপনাংশ রকম ১৮।৶১৭৷৷ গণ্ডার পৃথক হিসাব করিয়া লয় জমা ৪৬৬৷৷৵০ ৯৩৩।০ বক্রী ৭১৪০৬৶০	রাজকিশোর সেন ও চন্দ্রমুখী দাস্যার অংশ বাদে অন্যান্য সরিকানের অংশ নীলাম হইবেক।

H. Hankey,
Offg. Collector.

জিলা ত্রিপুরা।

ইস্তেহারনামা কাছারী কালেক্টরী জিলে ত্রিপুরা।

সন ১৮৫৯ সনের ১১ আইনের ৬ ধারাক্রমে ইহার দ্বারায় সংবাদ দেওয়া যাইতেছে যে জিলা ত্রিপুরার নিম্নলিখিত মহাল সন ১৮৬৭ সালের নাগায়েত ২৮ মার্চের তলবের সরকারী বাকী মালগুজারি আদায়ের নিমিত্তে ১৮৬৭ ইং ২৭ আপ্রেল মোতাবেক সন ১২৭৪ বাঙ্গলার ১৫ বৈশাখ রোজ শনিবার দিবা দুই প্রহরের পর অত্র জিলা ত্রিপুরার কালেক্টরী কাছারীতে নীলামে ধরা যাইবেক ও বিনা আপত্তে বিক্রয় হইবেক ইতি সন ১৮৬৭ ইং ৩ আপ্রেল।

দ্বিতীয় শ্রেণীর মেয়াদি ইজারা বন্দোবস্তী মহাল।

নম্বর রেজেষ্টরী	নাম মহাল	নাম মালিক	সদর জমা	বাকী	
২৬	পঃ কামরাপুর ১০৯ নং চর গঙ্গাপ্রসাদ।	রাধামাধব রায় ও আনন্দচন্দ্র রায় ও গোলোকচন্দ্র রায় রামকৃষ্ণ রায় মদনগোপাল রায় হরনারায়ণ রায় রামচান্দ রায় চৌধুরী শ্রীমতী জয়দুর্গা চৌধুরাইন মির হাশপ আলী চৌধুরী মির নওয়াব আলী চৌধুরী মাহাম্মদ জমিরউদ্দীন চৌং মাহাম্মদ মকিম চৌং শ্রীমতী আমিনা বিবি শ্রীমতী মাণিক বিবি আকবর আলী চৌধুরী।	৬২৮।/১	১৯৬৶	এই মহাল বাকীদারানের কাএমি বন্দোবস্তের স্বত্ব থাকায় কামাল আবাদ না হওয়াতে মেয়াদি বন্দোবস্ত হইয়া ১২৭৮ সালাবধি ৬৫৪৶৬ পাই রশদী জমা অবধারিত হয় ১২৮২ সন পর্য্যন্ত বন্দোবস্তের মেয়াদ আছে বাকীদারানের যে সমুদয় স্বত্ব এই মহালে ছিল তাহা নীলামখরিদ্দারান প্রভিও বর্ত্তিবেক।

F. G. Millett,
Collector.

জিলা মালদহ।

ইস্তাহারনামা কাছারী কালেক্টরী জিলা মালদহ এই যে।

সন ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারানুযায়ি সংবাদ দেওয়া যাইতেছে যে নিম্নের লিখিত মহালের ১৮৬৬। ৬৭ সালের নাগাএদ কিস্তী মার্চের বাকী রাজস্ব রেবিনিউ বোর্ডের নির্দ্ধারণ করা ১৮৬৭ সালের ২৮ মার্চ সূর্য্যাস্ত পর্য্যন্ত দাখিল না হওয়ায় তাহা আদায় জন্য কথিত মহাল ইংরাজী ১৮৬৭ সালের ২৯ এপ্রেল মোতাবেক বাঙ্গলা সন ১২৭৪ সালের ১৭ বৈশাখ রোজ সোমবার এই কালেক্টরী কাছারীতে নীলামে ধরা যাইবেক ও নিতান্তই বিক্রয় হইবেক সন ১৮৬৭ ইং তারিখ ২ এপ্রেল মোতাবেক সন ১২৭৩ সাল তারিখ ১৯ চৈত্র।

তফসীল।

প্রথম শ্রেণীর এস্তমুরারি জমা ধার্য্য হওয়া মহাল।

নং ১৫৮ তৌজী।

কিসমত ।।৶ আনা তরফ মহিন্দ্রপুর পরগনে একবরপুর মালিক ঈশ্বরচন্দ্র চৌধুরী ও ধুম্মন খাঁ ও উমর ইয়ার খাঁ সদর জমা ১১৭১৶০

J. H. RAVENSHAW,
Collector.

MALDAH,
The 1*st April* 1867.

MISCELLANEOUS ADVERTISEMENT. সাধারণ ব্যক্তিদের ইশ্তিহার।

বিজ্ঞাপন।

" রেবিনিউ বোর্ডের বিধি পুস্তক।"

এতদ্দ্বারা সর্ব্বসাধারণ এবং রাজকীয় বিচার আদালত সম্পর্কীয় কর্ম্মচারিগণকে জ্ঞাত করা যাইতেছে যে সম্প্রতি রেবিনিউ বোর্ডের আজ্ঞাক্রমে সেক্রেটারী শ্রীযুক্ত মেঃ আর, বি, চ্যাপম্যান সাহেব মহোদয় কর্ত্তৃক সংগৃহীত ইং ১৭৯৩ সাল হইতে ১৮৬৬ সালপর্য্যন্ত উক্ত বোর্ডের সংশোধিত রাজস্ব সম্পর্কীয় নূতন বিধি এবং সরকুলর অর্ডর, চিঠী ও বিজ্ঞাপন, ও নিয়মাবলী ইত্যাদি একত্রে সংগ্রহ করতঃ ইংরাজী ভাষায় পুস্তকাকারে মুদ্রিত করিয়াছেন আমরা তাঁহার আদেশানুসারে বঙ্গভাষায় অনুবাদিত করিয়া মুদ্রিত করিয়াছি উক্ত পুস্তক রাজস্বসম্পর্কীয় কার্য্যালয়ে নিযুক্ত আমলাপ্রভৃতি কার্য্যকারক এবং জমীদার, মোক্তার ও উকীলগণের উপদেশক গ্রন্থ এবং অত্যন্ত প্রয়োজনীয় অতএব উক্ত পুস্তক যাঁহারা গ্রহণেচ্ছুক হয়েন তাঁহারা আমারদিগের পুস্তকালয়ে অনুসন্ধান অথবা পত্র সংযোগে মূল্য প্রেরণ করিলে প্রাপ্ত হইতে পারিবেন মূল্য ৮৲ টাকা।

শ্রীবেণীমাধব দে এণ্ড কোং।

কলিকাতা চিৎপুর রোড ২৪৬ নং বটতলা।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৬৭। ১৬ আপ্রিল।]

কলিকাতা বাঙ্গাল সেক্রেটারীয়েট যন্ত্রালয়ে গবর্ণমেন্টের জন্যে শ্রীযুক্ত এফ জে বার্কো সাহেবকর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত হইল।

গবর্ণমেণ্ট গেজেটের ক্রোড়পত্র।

TUESDAY, APRIL 16, 1867.

মঙ্গলবার ১৮৬৭ সাল ১৬ আপ্রিল।

বিজ্ঞাপন।

ইহাতে সংবাদ দেওয়া যাইতেছে যে নিম্ন লিখিত বিক্রয়ের বিজ্ঞাপনে যে সকল মহালের উল্লেখ হইল সে সকল মহালে গবর্ণমেণ্টের যে মালিকী স্বত্ব আছে তাহা নিম্ন লিখিত নিয়মের অধীন হইয়া বিক্রয় হইবে।

বিক্রয়ের নিয়ম।

১।—প্রত্যেক মহাল পার্শ্বের লিখিত নির্দ্দিষ্ট সদর জমার অধীন হইয়া যে ব্যক্তি নীলামে প্রথম ডাকের উপর সর্ব্বাপেক্ষা উচ্চ ডাকিবেক তাহাকে দেওয়া যাইবে।

২।—বর্ত্তমান পাট্টা এবং বন্দোবস্তের কার্য্য কি প্রবল আইনহইতে উৎপন্ন স্বত্ব সকল বিক্রয়ের পরে বহাল থাকিবে। রাজস্বের কার্য্যকারকদিগের কৃত জমাবন্দীতে যে২ খোদকস্তা রাইয়ত স্বাক্ষর করিয়াছে ক্রেতারা তাহারদিগের স্বত্ব মানিতে বাধ্য হইবে।

৩।—একশত টাকার অনধিক পণ হইলে সেই সমুদয় টাকা তৎক্ষণাৎ দিতে হইবে।

৪।—একশত টাকার অধিক হইলে ডাক পণের চারি অংশের এক অংশ তৎক্ষণাৎ দাখিল করিতে হইবে বিক্রয়ের দিবস এক দিন বলিয়া গণনা করিলে বিক্রয়ান্তর পঞ্চদশ দিনের মধ্যাহ্ন কালে, কিম্বা সেই দিবস বন্দের দিন হইলে তৎপরে প্রথম যে দিন কাছারী খোলা যায় সেই দিনের মধ্যাহ্ন কালে, যদি অবশিষ্ট টাকা দাখিল না হয়, তবে বিক্রয় রহিত ও গচ্ছিত টাকা গবর্ণমেণ্টে জব্দ হইবে, ও প্রথম স্থলীয় বিক্রয়ের ন্যায় পুনর্ব্বার বিজ্ঞাপন প্রকাশ করণপূর্ব্বক ঐ ত্রুটিকারি ক্রেতার ঝুঁকিতে সেই মহাল পুনর্ব্বার বিক্রয় হইবে।

৫।—মহালের উপর যে সামান্য সদর জমা ধার্য্য হইয়াছে ক্রেতারা তদতিরিক্ত রাস্তা প্রস্তুত ও গমনাগমনের সুবিধার নিমিত্ত করও দিতে বাধিত হইবেন। তাঁহারা যে তারিখঅবধি ক্রীত মহাল দখল করেন সেই তারিখঅবধি সদর জমার উপর শতকরা এক টাকার হিসাবে ঐ কর ধার্য্য হইবে। এ কর বাকী রাজস্বের ন্যায় আদায় হইতে পারিবে।

রেবিনিউ বোর্ডের আজ্ঞাক্রমে,

আর. বি চাপমান,
সেক্রেটারী।

নীলামের ইশ্‌তিহার

জিলা যশোহর।

এস্তাহারনামা কাছারি কালেক্‌টরি জিলা যশর।

ইহাতে সংবাদ দেওয়া যাইতেছে যে যশর জেলার মধ্যবর্ত্তী পশ্চাৎ লিখিত মহালে গবর্ণমেণ্টের মালিকি স্বত্ব ইঙ্গরেজী ১৮৬৭ সালের মে মাসের ৮ তারিখে মোতাবেক বাঙ্গালা সন ১২৭৪ সালের বৈশাখ মাসের ২৬ তারিখ জেলা যশহরের কালেক্‌টরিতে বিক্রয় হইবে।

এই সকল মহাল যে ব্যক্তিরা ক্রয় করেন তাঁহারা এই ক্রোড় পত্রের শিরোভাগে রেবিনিউ বোর্ডের সেক্রেটারী সাহেবের স্বাক্ষরিত বিক্রয়ের নিয়মের অধীনে থাকিবেন।

রাজকীয় মহালের তৌজির নম্বর।	জেলার বহীতে নম্বর।	মহাল ও পরগনার নাম।	যত একর পরিমাণ	সদর জমা।			নীলামের প্রথম ডাক।	মন্তব্য কথা।
				ধার্য্যকরা রাজস্ব।	রাস্তার টেক্স।	মোট।		
			এ রু পো					
৬২	৫১৭১	পং মাহামুদ সাহী কিং কামারকুণ্ড ..	২। ২। ২৩	৪৲	৴০	৫৴০	৮৲	
১৫১	৪৪৪৬	নেমক খালাড়ি বড়দিয়া পং মধুদিয়া ...	১৪।৩। ১৫	২৪।৶০	।০	২৪॥৶০	৪৪৸৵০	
১৬০	৪১৯৯	পং সাহাউজিয়াল কিং বারো বাজার ...	১। ৩। ৮	২৸৶০	৴০	৩৲	৫৸৵০	
১৬১.	৪৮০৮	নেমক মহাল হাবড়িয়া গোলা কিং রজাকপুর পং মল্যই ...	১১। ১। ৩	২২৲	।০	২২।০	৪৪৲	
১৬২	৪৯১০	নেকম মহাল হাবড়িয়া গোলক ঝিলতলা পং ঐ ..	০। ১। ১৮					এই মহাল নিকরক্রমে বিক্রয় হইবেক।

J. MONRO,
y. Collector.

জিলা নদীয়া।

এস্তেহারনামা কাছারি কালেক্টরী জেলা নদীয়া।

ইহার দ্বারায় ঘোষণা করা যাইতেছে যে নীচের লিখিত ইষ্টেট সমস্ত যাহা নদীয়া জেলার মধ্যে আছে ঐ সকল ইষ্টেটে গবর্ণমেণ্টের মালিকী স্বত্ব জেলা নদীয়ার কালেক্টরী কাছারীতে সন ১৮৬৭ সালের ৩০ এপ্রেল মোতাবেক সন ১২৭৪ সালের ১৮ বৈশাখ তারিখে নীলামে ধরা যাইবেক নীলাম খরিদারগণ মহামান্য বোর্ড রেবিনিউর সেক্রেটর সাহেবকর্ত্তৃক এই সুটিশের উপরি ভাগে যে সমস্ত নিয়ম প্রকটিত হইয়াছে তাহার অধীন হইবেন ইতি সন ১৮৬৭ সাল ১৪ মার্চ।

নম্বর ইষ্টেটের।	নম্বর তৌজী।	নাম ইষ্টেট ও পরগনা।	একর পরিমাণ ভূমি।	গবর্ণমেণ্ট রেবিনিউ।		ডাক জমা।	কৈফিয়ৎ।
				রেবিনিউ যাহা ধার্য্য হইয়াছে।	রোড ফণ্ড।		
১০০	১৮৬৩	তাহারপুর পং চাং কৃষ্ণনগর ...	৪।৩।২৮	৫৷৷৴৪	৻১	৫৷৷৵৩	উচ্চ ডাকনিয়াকে বর্ত্তমান জমায় বিক্রয় হইবে।
১৮৬	২২০৯	পালিত পাড়া পং মামজওয়ানী ...	১৮।২।২৪	২৩।৶৯	৶০	২৩৷৷৵৯	ঐ

H. Bell,
Collector.

জিলা পাবনা

ইশ্‌তাহার নামা কাছারি কালেক্টরী জেলা পাবনা।

ইহাতে সংবাদ দেওয়া যাইতেছে যে জেলা পাবনার মধ্যবর্ত্তি পশ্চাৎ লিখিত মহালে গবর্ণমেণ্টের মালিকী স্বত্ব ১৮৬৭ সালের ২৩ আপ্রিল মোতাবেক ১২৭৪ সালের ১১ই বৈশাখ মঙ্গলবার জেলা পাবনার কালেক্টরীর কাছারিতে বিক্রয় হইবেক ইতি।

এই মহাল যে ব্যক্তিরা ক্রয় করিবেন তাঁহারা ক্রোড়পত্রের শিরোভাগের লিখিত নিয়ম ও নিম্নলিখিত অতিরিক্ত নিয়মের অধীন থাকিবেন, যথা;—

চলিত ইজারা বন্দবস্তের ম্যাদ অতিত হইবার তারিখ হইতে খরিদজারি হইবেক।—১৮৬৭ সালের ১২ মার্চ মোতাবেক ১২৭৩ সালের ২ চৈত্র।

কৌটমেণ্টের নম্বর।	জেলার তৌজীর নম্বর।	মাহাল ও পরগনার নাম।	একরের পরিমাণ।	সদর জমা।			নীলামের প্রথম ডাক।	কৈফিয়ত।
			এঃ রুঃ পোঃ	ধার্য্য হওয়া সদর জমা।	রাস্তার ফণ্ড।	মোট জমা।		
১	১০৭০	চর আলুকদিয়া ওরফে বৈষ্ণবী পং ...	১০৫২	৮৫৩৷৷৵৭	৮৷৷৭	৮৬২৶২	১৭০৭।৴২	১২৭৪ সালের ১লা বৈশাখ হইতে খরিদজারি হইবেক।

W. V. G. Tayler,
Collector.

বাঙ্গাল সেক্রেটারীয়েট যন্ত্রালয়ে শ্রীযুত এক জে বার্লো সাহেবকর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত হইল।

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, APRIL 23, 1867.

মঙ্গলবার ১৮৬৭ সাল ২৩ আপ্রিল

GOVERNMENT OF BENGAL.

LEGISLATIVE DEPARTMENT.

THE following Act of the Lieutenant-Governor of Bengal in Council received the assent of His Honor on the 20th March 1876, and having been assented to by His Excellency the Governor General on the 3rd April 1867, is hereby promulgated for general information :—

ACT No. III OF 1867.

An Act to amend the law relating to Ships lying in Ports in the Provinces under the control of the Lieutenant-Governor of Bengal.

[Preamble.]

WHEREAS it is expedient to amend the law relating to Merchant Ships lying in Ports in the Provinces under the control of the Lieutenant-Governor of Bengal ; It is enacted as follows :—

[Interpretation.]

I. The following words and expressions for the purposes of this Act have the meanings hereby assigned to them, unless where a contrary intention appears from the context, that is to say :—

["Master."]

The word "Master" denotes any person having temporary or permanent command or charge of

বঙ্গদেশের গবর্ণমেণ্ট।

ব্যবস্থাপন কর্ম্মবিভাগ।

মন্ত্রিসভাধিষ্ঠিত বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের পশ্চাৎ লিখিত আইনে উক্ত মান্যবর ১৮৬৭ সালের ২০ মার্চ তারিখে স্বীয় সম্মতি প্রকাশ করিলেন। এবং মহিমবর শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবও ১৮৬৭ সালের আপ্রিল মাসের ৩ তারিখে তদ্বিষয়ে সম্মতি প্রকাশ করাতে তাহা সর্ব্বসাধারণের জ্ঞানার্থে প্রকাশ করা যাইতেছে।

১৮৬৭ সালের ৩ আইন।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের শাসিত প্রদেশের অন্তর্গত বন্দরে যে জাহাজ থাকে তদ্বিষয়ক আইন সংশোধনার্থ আইন।

[হেতুবাদ।]

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের শাসিত প্রদেশের অন্তর্গত বন্দরে যে সকল বাণিজ্য জাহাজ থাকে তদ্বিষয়ক আইন সংশোধন করা বিহিত, এইহেতুক নিম্নলিখিত বিধান করা গেল।

[অর্থের ধারা।]

১ ধারা। এই আইনের কার্য্যার্থে নিম্নলিখিত শব্দের ও কথার যে অর্থ এই ধারাতে নিরূপিত হইল পূর্ব্বাপর কথাতে অন্য অভিপ্রায় প্রকাশ না হইলে সেই কথার সেই অর্থ হইবে।

"অধ্যক্ষ।"

আড়কাটী কি হারবর মাষ্টরের পদোপলক্ষে যিনি জাহাজের অধ্যক্ষতা করেন তদ্ভিন্ন যে ব্যক্তি কিয়ৎ-

any vessel otherwise than in the capacity of Pilot or Harbour Master.

["Owner."]

The word "Owner" includes any Agent acting for and on behalf of the owner of a Ship at the Port at which such Ship shall lie or be.

["Port"]

The word "Port" denotes any Port within the Provinces aforesaid, subject to the provisions of Act XXII of 1855 (*for the regulation of Ports and Port-dues.*)

["Magistrate."]

The word "Magistrate." includes any Officer exercising any of the powers of a Magistrate under the Code of Criminal Procedure, and any Magistrate of Police for the Town of Calcutta.

["Municipal Town."]

The expression "Municipal Town" denotes the Town of Calcutta, and every town, suburb, station, bazar, villages, and tract of country to which the provisions of Act III of 1864 (*the District Municipal Improvement Act*) passed by the Lieutenant-Governor of Bengal in Council, have been or shall be extended.]

[Number.]

Words importing the singular number include the plural, and words importing the plural number include the singular.

[Penalty for not having a sufficient crew on board vessels lying in Port.]

II. If any vessel of more than ten tons burden shall, without such license as hereinafter is mentioned, be afloat in any Port within the Provinces under the control of the Lieutenant-Governor of Bengal, without having on board thereof a crew of not less than the number set forth in the first Schedule hereto, the Master of such vessel, and in case there shall be no Master of such vessel, then the owner thereof, shall be punished with a fine not exceeding five hundred Rupees.

[Power to grant exemption from maintaining crew on board particular ships.]

III. Whenever it shall appear to the Conservator of any Port that any vessel in such Port may, without danger to other vessels in such Port, be afloat without such crew as hereinbefore is mentioned being maintained thereon, it shall be lawful to such Conservator, if he shall think fit, to grant under his hand a license in the Form A. in the second Schedule hereto, which license may be made determinable on the breach of any conditions therein contained; and during the continuance of such license, the provisions of Section II of this Act shall not apply to such vessel.

কাল কি চিরকাল কোন জাহাজের অধ্যক্ষ কি রক্ষক হন "অধ্যক্ষ" শব্দ তাঁহাকে বুঝাইবে

"স্বামী

জাহাজ যে বন্দরে আছে কি থাকে সেই বন্দরে ঐ জাহাজের স্বামির নিমিত্তে কি তৎপক্ষে যে ব্যক্তি এজেণ্টস্বরূপ কর্ম্ম করেন স্বামী শব্দে তিনিও গণ্য।

"বন্দর।"

বন্দর ও বন্দরীয় মাসুলের বিধান করণার্থ ১৮৫৫ সালের ২২ আইনের বিধান যে বন্দরে প্রবল হয় বন্দর শব্দে তাহা বুঝাইবে।

"মাজিষ্ট্রেট।"

যে কোন কর্ম্মচারী ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনমতে মাজিষ্ট্রেটের কোন ক্ষমতানুসারে কার্য্য করেন তিনি, এবং কলিকাতা নগরের পোলীসের কোন মাজিষ্ট্রেট "মাজিষ্ট্রেট" শব্দের মধ্যে গণ্য।

'মুনিসিপল নগর

মুনিসিপল নগর শব্দেতে কলিকাতা নগর বুঝাইবে, এবং মফঃসলের নগরাদির সৌষ্ঠব করণার্থ মন্ত্রিসভাধিষ্ঠিত বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের ১৮৬৪ সালের ৩ আইনের বিধান যেং নগরে ও শাখানগরে ও স্থানে ও বাজারে ও গ্রামে ও দেশের যে খণ্ডে প্রচলিত হয় কি হইবে সেই প্রত্যেক নগরাদি বুঝাইবে।

"বচন।"

এক বচনান্ত শব্দের মধ্যে বহুবচনান্ত সেই শব্দ গণ্য ও বহুবচনান্ত শব্দের মধ্যে একবচনান্ত সেই শব্দ গণ্য ইতি।

[বন্দরস্থ জাহাজে উপযুক্ত সংখ্যার নাবিক না থাকিলে দণ্ডের কথা।]

২ ধারা। যে জাহাজে দশ টনের অধিক ধরে যদি সেই জাহাজ নিম্নলিখিত প্রকারের অনুমতিপত্র না পাইয়া বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের শাসিত দেশের অন্তর্গত কোন বন্দরে ভাসমান থাকে এবং নাবিকদের যে সংখ্যা এই আইনের প্রথম তফসীলে নির্দ্দিষ্ট হইয়াছে যদি সেই জাহাজে তাহার ন্যূন সংখ্যার নাবিক থাকে, তবে ঐ জাহাজের অধ্যক্ষের ও অধ্যক্ষ না থাকিলে স্বামির পাঁচ শত টাকার অনধিক অর্থদণ্ড হইবে ইতি

[বিশেষ কোনং জাহাজে নাবিকদিগকে না রাখিবার অনুমতি দেওনের কথা।]

৩ ধারা। পূর্ব্ব লিখিত সংখ্যার নাবিকেরা কোন বন্দরগত কোন জাহাজে না থাকিলেও ঐ বন্দরস্থ অন্যং জাহাজের কোন ক্ষতি হইবার সম্ভাবনা নাই ঐ বন্দরের রক্ষক সাহেব এমত জ্ঞান করিলে, তিনি উপযুক্ত বিবেচনামতে এই আইনের দ্বিতীয় তফসীলের A চিহ্নিত পাঠের অনুমতিপত্র স্বাক্ষর করিয়া দিতে পারিবেন। ঐ অনুমতিপত্রের কোন বিধি লঙ্ঘন হইলে তাহা রহিত করিবার নিয়ম হইতে পারিবে। ঐ অনুমতিপত্র যত কাল প্রবল থাকে তত কাল এই আইনের ২ ধারার বিধান ঐ জাহাজের প্রতি বর্ত্তিবে না ইতি

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৭। ২৩ আপ্রিল।]

[Power to revoke exemption.]

IV. It shall be lawful for such Conservator, by any writing under his hand in the Form B. in the second Schedule hereto, to revoke such license; and from and after the publication of such revocation, by posting a copy thereof upon some conspicuous part of such vessel, the provisions of Section II. of this Act shall apply to such vessel and to the Master and owner thereof, as if no such license had ever been granted.

[Power to make order with respect to portions of Ports.]

V. Whenever it shall appear to the Conservator of any Port that any creek, river or dock is so situate that vessels, without any crew therein may remain afloat in such creek, river, or dock, without danger to any vessels in part of such Port, it shall be lawful for such Conservator to make an order in the Form C. in the second Schedule hereto, and from time to time, if he shall think fit, to revoke or amend such order. Provided always that every such order, amendment, and revocation shall be published in the *Calcutta Gazette*, and that no such order, amendment, or revocation shall have any force or effect until it shall have been so published.

[During continuance of order ships in such portions of Ports to be exempt from necessity of maintaining crews.]

VI. During such time as any such order shall remain in force, the provisions of Section II. of this Act shall not apply to any vessel lying or being within the limits of any such creek, river, or dock, as the same shall be defined by such order.

[Penalty on Master omitting to take order to extinguish fire.]

VII. The Master of any vessel in which fire shall take place while lying or being in any Port, who shall wilfully omit to take order to extinguish such fire, shall be punished with imprisonment of either description which may extend to six months, or with fine which may extend to one thousand Rupees, or with both.

[Power to charge Port Police upon Port Fund.]

VIII. It shall be lawful for the Lieutenant-Governor of Bengal to order (if and when he shall in his discretion think fit) that the entire or any portion of the expense of maintaining the Police Force in any Port which may be within or abutting upon any Municipal Town, shall be borne by and paid out of the Port Fund of such Port.

[Power to charge upon Port Fund a portion of expense of Municipal Police.]

IX. It shall be lawful for the Lieutenant-Governor of Bengal, from time to time, to assign

[ঐ অনুমতি নিবর্ত্ত করিবার ক্ষমতার কথা।]

৪ ধারা। ঐ রক্ষক এই আইনের দ্বিতীয় তফসীলের B চিহ্নিত পাঠে আপনার স্বাক্ষরিত কোন লিপি দ্বারা ঐ অনুমতিপত্র নিবর্ত্ত করিতে পারিবেন। এবং ঐ নিবর্ত্তনপত্রের প্রতিলিপি ঐ জাহাজের কোন প্রকাশ স্থানে লটকাইয়া দিয়া তাহা প্রচার করা গেলে সেই সময়াবধি এই আইনের ২ ধারার বিধান ঐ অনুমতিপত্র দত্ত না হওয়ার ন্যায় ঐ জাহাজের ও তাহার অধ্যক্ষের ও স্বামির প্রতি বর্ত্তিবে ইতি।

[বন্দরের অংশবিষয়ে আজ্ঞা করিবার ক্ষমতার কথা।]

৫ ধারা। বন্দরের রক্ষক কোন খালের কি নদীর কি গুদীর অবস্থা বিবেচনায় যদি দেখিতে পান যে, কোন জাহাজের কোন নাবিক না থাকিলেও ঐ জাহাজ সেই খালে কি নদীতে কি গুদিতে ভাসমান হইলেও ঐ বন্দরের কোন স্থানে কোন জাহাজের হানি হইবে না, তবে তিনি এই আইনের দ্বিতীয় তফসীলের C চিহ্নিত পাঠের আজ্ঞা করিতে পারিবেন। এবং উচিত বোধ করিলে সেই আজ্ঞা সময়ে২ নিবর্ত্ত কি সংশোধন করিতে পারিবেন। কিন্তু তদ্রূপ প্রত্যেক আজ্ঞা ও তাহার নিবর্ত্তনের ও সংশোধনের কথা সর্ব্বদা কলিকাতা গেজেটে প্রকাশ করিতে হইবে, ও যত কাল তদ্রূপে প্রকাশ না করা যায় তত কালপর্য্যন্ত ঐ আজ্ঞার কি তাহার সংশোধনের কি নিবর্ত্তনের কোন বল কি ফল হইবে না ইতি।

[ঐ আজ্ঞা যত কাল প্রবল থাকে তত কাল বন্দরের সেই অংশগত জাহাজে নাবিক রাখিবার অপ্রয়োজনের কথা।]

৬ ধারা। খালের কি নদীর কি গুদির যে সীমা ঐ আজ্ঞাপত্রে নির্দ্ধার্য্য হইয়াছে, ঐ আজ্ঞা যত কাল প্রবল থাকে তত কাল এই আইনের ২ ধারার বিধান সেই সীমার অন্তর্গত কোন জাহাজের প্রতি বর্ত্তিবে না ইতি।

[অধ্যক্ষ অগ্নিনির্ব্বাণ করিবার উদ্যোগ না করিলে তাহার দণ্ডের কথা।]

৭ ধারা। কোন জাহাজ কোন বন্দরে থাকিলে যদি তাহাতে আগুন লাগে, তবে জাহাজের অধ্যক্ষ সেই আগুন নির্ব্বাণ করিবার উদ্যোগ করিতে ইচ্ছাপূর্ব্বক শৈথিল্য করিলে তাহার একতর প্রকারে ছয় মাস পর্য্যন্ত কারাদণ্ড কিম্বা এক সহস্র টাকা পর্য্যন্ত অর্থদণ্ড কি ঐ উভয় দণ্ড হইবে ইতি

[বন্দরীয় পোলীসের খরচ পোর্ট ফণ্ডহইতে দিবার কথা।]

৮ ধারা। কোন মুনিসিপল নগরের মধ্যে কি ধারে যে বন্দর থাকে, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব স্বীয় বিবেচনামতে যে সময়ে উচিত বোধ করেন সেই সময়ে ঐ বন্দরের পোলীসদলের আহারাদির সমুদয় খরচ কি তাহার কোন অংশ ঐ বন্দরের পোর্ট ফণ্ডের প্রতি বর্ত্তিবার ও তাহাহইতে দিবার আজ্ঞা করিতে পারিবেন ইতি

[মুনিসিপল পোলীসের খরচের এক অংশ পোর্ট ফণ্ডের প্রতি অর্পণ করিবার কথা।]

৯ ধারা। মুনিসিপল নগরের ধারে কি মধ্যে যে বন্দর থাকে সেই বন্দরগত জাহাজের নাবিকেরা ঐ

to the persons charged with the management of the Municipal Fund of any Municipal Town upon which any Port may be abutting, or within which any Port may be, such annual sums to be charged upon and payable out of the Port Fund of such Port as to him shall seem just and reasonable for or towards re-imbursing to such Municipal Fund such portion of the expense of the Police Force in such town as may, in the opinion of the said Lieutenant-Governor of Bengal, be rendered necessary by the resort to such town of seamen from ships lying or being in such Port.

[Power to impose Police Port-dues.]

X. In case the Port Fund of any Port shall, after providing for the payment of all sums and charges now by law payable out of such Port Fund, be insufficient to pay any expense of Police, and annual sums which shall, under the provisions aforesaid, be payable thereout, it shall be lawful for the said Lieutenant-Governor of Bengal, and he is hereby required, to order that there shall be paid, in addition to all port-dues and charges payable in respect of any ship from time to time lying or being in such Port, such Port-dues to be called Police Port-dues as shall thereunto be necessary. Provided that the same shall not exceed the Port-dues in that behalf mentioned in the third Schedule to this Act.

[Power to impose Hospital Port-dues.]

XI. If shall be lawful for the Lieutenant-Governor of Bengal (in case he shall think fit) to order that there shall be paid, in respect of every ship from time to time lying or being in any Port, within a reasonable distance of thich there may be a public Hospital suitable for the reception of seamen requiring medical aid, such further Port-dues as to him shall seem proper, to be called Hospital Port-dues. Provided that the same shall not exceed to the Port-dues in that behalf mentioned in the said third Schedule.

[Application of Hospital Port-dues.]

XII. Such Hospital Port dues shall, from time to time, be paid or applied towards the support of any such Hospital or Hospitals as aforesaid, and in such proportions as the Local Government may direct.

[Power to refuse Port clearance till expenses under Merchant Shipping Act, 1854, be paid.]

XIII. It shall be competent to the Officer in charge of any Custom House, to refuse Port clearance to any vessel until all expenses, which

নগরে গিয়া থাকে এই প্রযুক্ত বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের বিবেচনায় ঐ নগরের পোলীসদলের যত খরচ আবশ্যক হয়, ও মুনিসিপল ফণ্ডের সেই খরচ পোষণের জন্যে যত টাকা ন্যায্য ও সঙ্গত দৃষ্ট হয় উক্ত শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব ঐ নগরের মুনিসিপল ফণ্ডের কর্ম্ম সম্পাদনের ভারপ্রাপ্ত ব্যক্তিদের প্রতি ঐ বন্দরের পোর্টফণ্ডহইতে বৎসরেং তত টাকা দিতে সময়েং আজ্ঞা করিতে পারিবেন ইতি

[পোলীসসংক্রান্ত বন্দরের মাসুল ধার্য্য করিবার ক্ষমতার কথা।]

১০ ধারা। এইক্ষণে পোর্টফণ্ডহইতে আইনমতে যে সকল টাকা ও খরচ দেওয়া যাইতেছে তাহার নির্ব্বাহ করিবার পরে যদি সেই ফণ্ডহইতে বন্দরের পোলীসের খরচ এবং বৎসরং অন্য যে টাকা দিতে হয় তাহা দিতে না কুলায়, তবে উক্ত বন্দরে সময়েং যে জাহাজ থাকে ঐ জাহাজের বন্দরীয় যে মাসুল ও খরচ দিতে হয়, তদ্ভিন্ন "পোলীস পোর্ট ডিউ" নামে বন্দরের জন্য যত মাসুল আবশ্যক হয় বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব তাহা দিবার আজ্ঞা করিতে ক্ষমতাপন্ন আছেন, ও তাহা করিতে তাঁহার প্রতি আজ্ঞাও হইল। কিন্তু এই আইনের তৃতীয় তফসীলে বন্দরের যত মাসুল লিখিত হইয়াছে, ঐ পোলীসসংক্রান্ত মাসুল তাহার অধিক হইবে না ইতি।

[হাস্পাতাল পোর্ট ডিউ ধার্য্য করিবার কথা]

১১ ধারা। যদি কোন বন্দরের অনতি দূরে সাধারণের চিকিৎসালয় থাকে ও নাবিকেরদের চিকিৎসার প্রয়োজন হইলে তাহারদেরও গ্রহণ করিবার সুবিধা হয়, তবে সেই বন্দরে কি তাহার নিকটে সৎকালে যে জাহাজ থাকে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব বিহিত বোধ করিলে, হাস্পাতাল পোর্ট ডিউ বলিয়া যত মাসুল উচিত জ্ঞান করেন ঐ প্রত্যেক জাহাজের উপলক্ষে তত মাসুল দিবার আজ্ঞা করিতে পারিবেন। কিন্তু সেই কার্য্যের নিমিত্তে উক্ত তৃতীয় তফসীলে যত টাকা নির্দ্দিষ্ট হইয়াছে হাস্পাতাল সংক্রান্ত তাহার অধিক বন্দরীয় মাসুল লওয়া যাইবে না ইতি।

[হাস্পাতাল সংক্রান্ত বন্দরীয় মাসুলের টাকা প্রয়োগ করিবার কথা।]

১২ ধারা। হাস্পাতাল সংক্রান্ত বন্দরীয় মাসুলের উক্ত টাকা পূর্ব্বোক্ত কোন এক কি অধিক হাস্পাতালের ব্যয় পোষণের কার্য্যে দেওয়া যাইবে। অনেক হাস্পাতাল থাকিলে স্থানীয় গবর্ণমেন্ট যে হার নিরূপণ করেন ঐ২ হাস্পাতালে সেই হারে দেওয়া যাইবে ইতি।

[বাণিজ্যজাহাজের ১৮৫৪ সালের আইনমত খরচ না দেওয়া গেলে বন্দরহইতে জাহাজের যাইবার অনুমতিপত্র না দিবার কথা।]

১৩ ধারা। কোন জাহাজ কোন বন্দরহইতে যাইবার অনুমতিপত্র প্রার্থনা করিলে, সেই বন্দরে পঁহুছিবার সময় অবধি বাণিজ্য জাহাজের ১৮৫৪ সালের আইনের

by the Merchant Shipping Act, 1854, Section 228, are to be borne by the owner thereof, incurred since the arrival of such vessel in the Port from which she seeks clearance, shall have been duly paid.

[Power to compound Port-dues.]

XIV. It shall be lawful for the owner of any vessel to pay to the Conservator of any Port three times the amount of the Police Port-dues and Hospital Port-dues which would, for the time being, be payable in respect of such vessel, and thereby to discharge such vessel from all further Police Port-dues and Hospital Port-dues in such Port for the space of twelve calendar months from the day of the date of such payment.

[Power to vary Port-dues.]

XV. It shall be lawful for the Lieutenant-Governor of Bengal, from time to time, to vary the rate of Police Port-dues and Hospital Port-dues payable in any Port, as to him in his discretion shall seem fit, so as that the same shall not exceed the rates in the third Schedule respectively set forth.

[Imposition or increase of Port-dues to be published.]

XVI. No order of the Lieutenant-Governor of Bengal, imposing or increasing any Port-dues under this Act, shall take effect until the expiration of six calendar months from the day upon which such order shall have been published in the *Calcutta Gazette*.

[Recovery of penalties.]

XVII. All complaints as to offences against this Act shall be heard and determined by a Magistrate within whose local jurisdiction the offence may be alleged to have been committed: and the provisions for the recovery of fines contained in Sections 64, 65, 66, and 67 of Act XLV. of 1860 (*the Indian Penal Code*) and in Section 61 of Act XXV. of 1861 (*the Code of Criminal Procedure*), shall apply to all fines and penalties imposed under this Act by any Magistrate in any Port other than the Port of Calcutta; and the provisions of Act IV of 1866 passed by the Lieutenant-Governor of Bengal in Council, and every other Act for regulating the Police of the Town of Calcutta in force for the time being, shall apply to all fines and penalties imposed under this Act by any Magistrate of Police for the Town of Calcutta.

[Penalties how to be disposed of.]

XVIII. All penalties levied under this Act shall be applied as fines received under the said Act XXII of 1855 are directed to be applied.

২২৮ ধারামতে ঐ জাহাজের স্বামির যে সকল খরচ দিতে হইবে, তাহা সমুদয় যাবৎ না দেওয়া যায় কোন কষ্টম হৌসের কর্ম্মের ভারপ্রাপ্ত কোন কার্য্যকারক তাবৎ ঐ জাহাজের যাইবার অনুমতিপত্র দিতে অস্বীকার করিতে পারিবেন ইতি।

[বন্দরের মাস্থল চুক্তি করিয়া লইবার ক্ষমতার কথা।]

১৪ ধারা। কোন জাহাজহইতে পোলীস পোর্ট ডিউ ও হাস্পাতাল পোর্ট ডিউ বলিয়া বন্দরের যত টাকা মাস্থল যে সময়ে দাতব্য হয়, ঐ জাহাজের স্বামী তাহার তিন গুণ দিয়া, ঐ টাকা দিবার তারিখ অবধি ইঙ্গলণ্ডীয় পঞ্জিকামত দ্বাদশ মাসপর্য্যন্ত সেই বন্দরীয় পোলীস ও হাস্পাতাল সংক্রান্ত মাস্থল দিবার দায়হইতে আপনার জাহাজ মুক্ত করিতে পারিবেন ইতি।

[বন্দরীয় মাস্থল পরিবর্ত্তন করিবার ক্ষমতার কথা।]

১৫ ধারা। বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব স্ববিবেচনায় বিহিত বোধ করিলে কোন বন্দরের পোলীস ও হাস্পাতাল সংক্রান্ত মাস্থলের হার পরিবর্ত্তন করিতে পারিবেন। কিন্তু তৃতীয় তফসীলে ঐ বিষয়ের যত মাস্থল অবধারিত হইয়াছে তাহার অধিক ধার্য্য করিবেন না ইতি।

[বন্দরীয় মাস্থল অবধারিত কি বৃদ্ধি হইলে তাহা প্রচার হইবার কথা।]

১৬ ধারা। বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব এই আইন অনুসারে যে আজ্ঞাদ্বারা কোন বন্দরীয় মাস্থল অবধার্য্য কি বৃদ্ধি করেন, সেই আজ্ঞা কলিকাতা গেজেটে যে তারিখে প্রকাশ করা যায় সেই তারিখ অবধি ইঙ্গলণ্ডীয় পঞ্জিকামতে ছয় মাস গত না হইলে সেই আজ্ঞা বলবৎ হইবে না ইতি।

[দণ্ডের টাকা আদায় করিবার কথা।]

১৭ ধারা। এই আইনের বিপক্ষ অপরাধ সংক্রান্ত যে সকল অভিযোগ করা যায়, যে মাজিষ্ট্রেট সাহেবের বিচারাধীন স্থানের মধ্যে তাহা করা গেল কথিত হয়, তিনি সেই অভিযোগ শ্রবণ ও নির্ণয় করিবেন। ভারতবর্ষীয় দণ্ডবিধির ১৮৬০ সালের ৪৫ আইনের ৬৪, ৬৫, ৬৬, ৬৭ ধারাতে ও ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের ১৮৬১ সালের ২৫ আইনের ৬১ ধারাতে অর্থদণ্ডের টাকা আদায় করিবার যে বিধান আছে, কলিকাতা বন্দরভিন্ন কোন বন্দরে কোন মাজিষ্ট্রেট এই আইনমতে যে সকল অর্থদণ্ড ও দণ্ড ধার্য্য করেন তাহার প্রতিও সেই বিধান বর্ত্তিবে। কলিকাতা নগরের পোলীসের কোন মাজিষ্ট্রেট এই আইনমতে যে সকল অর্থদণ্ড ও দণ্ড ধার্য্য করেন তৎপ্রতি মন্ত্রিসভাধিষ্ঠিত বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের প্রচলিত ১৮৬৬ সালের ৪ আইনের বিধান কিম্বা কলিকাতা নগরের পোলীসের বিধান করণার্থ অন্য যে আইন যে সময়ে প্রবল থাকে সেই আইনের বিধান বর্ত্তিবে ইতি।

[দণ্ডের টাকা যদ্রূপে প্রয়োগ হইবে তাহার কথা।]

১৮ ধারা। ১৮৫৫ সালের উক্ত ২২ আইনমতে দণ্ডের টাকা লইয়া যদ্রূপ কার্য্য করিতে হয়, এই আইনমতে যে দণ্ডের টাকা আদায় হয় তাহাও লইয়া তদ্রূপ কার্য্য হইবে ইতি

[Act to be construed with Act XXII of 1855.]

XIX. This Act shall be construed together with, and as part of the said Act XXII of 1855.

[Commencement of Act.]

XX. This Act shall commence and take effect on the first day of April 1867.

[১৮৫৫ সালের ২২ আইনের সঙ্গে এই আইনের অর্থ করিবার কথা।]

১৯ ধারা। ১৮৫৫ সালের উক্ত ২২ আইনের সঙ্গে ও তাহার অংশস্বরূপ এই আইনের অর্থ করিতে হইবে ইতি।

[এই আইন যদবধি প্রবল হইবে তাহার কথা।]

২০ ধারা। এই আইন ১৮৬৭ সালের আপ্রিল মাসের প্রথম দিবসাবধি প্রচলিত হইবে ইতি।

FIRST SCHEDULE.—*(referred to in Section II.)*

	If Natives.	If Europeans.	Officers in charge.
Cargo Boats ...	4	4	...
Vessels not being Cargo Boats of 600 tons and under in moorings ...	6	4	1
For every additional 100 tons ...	1½	1	...
Vessels not being Cargo Boats of 600 tons and under in stream ...	11	7½	1
For every additional 100 tons ...	2	1	...

(২ ধারার লিখিত) প্রথম তফসীল।

	এই দেশীয় হইলে যত জন।	ইউরোপীয় হইলে যত জন।	যত মালিম।
ভড় ...	৪	৪	
৬০০ টন ও তাহার ন্যূন বোঝাই যে জাহাজ ভড় না হইয়া বয়াতে দৃঢ় মতে বদ্ধ ...	৬	৪	
তদূর্দ্ধ ১০০ টন প্রতি ...	১॥০	১	
৬০০ টন ও তাহার ন্যূন বোঝাই যে জাহাজ ভড় না হইয়া স্রোতে লঙ্গর করিয়া আছে ...	১১	৭॥	১
তদূর্দ্ধ ১০০ টনপ্রতি ...	২	১	

SECOND SCHEDULE.—*(refered to in Sections III, IV, and V.)*

(৩, ৪, ৫ ধারার লিখিত) দ্বিতীয় তফসীল

FORM A.

Port of ( )

I ( ) Conservator of the Port of , do hereby license the *(ship)* of which is Master, to remain at her present moorings, in the said Port, without having on board the crew required by Act III of 1867 of the Lieutenant-Governor of Bengal in Council. Provided always that, on breach of any of the conditions hereunder written, this license shall forthwith absolutely cease and determine.

A চিহ্নিত পাঠ।

অমুক বন্দর।

অমুক বন্দরের রক্ষক শ্রী অমুক আমি অমুক নামা যে জাহাজে শ্রীঅমুক অধ্যক্ষ আছেন, সেই জাহাজের এই অনুমতিপত্র দিলাম, মন্ত্রিসভাধিষ্ঠিত বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের ১৮৬৭ সালের ৩ আইনমতে জাহাজে যত জন নাবিক থাকা উচিত, ঐ জাহাজ এইক্ষণে যে স্থানে বয়াতে বদ্ধ আছে সেই স্থানে থাকিলে এই অনুমতিপত্রের বলে তত জন নাবিককে না লইয়া থাকিতে পারেন। কিন্তু নিম্ন লিখিত নিয়মের মধ্যে কোন নিয়ম ভঙ্গ হইলে এই অনুমতিপত্র তৎক্ষণাৎ রহিত ও শেষ হইবে।

FORM B.

Port of ( )

I ( ) Conservator of the Port of , do hereby revoke all license to the *(ship)* to remain in Port without a crew therein.

B চিহ্নিত পাঠ।

অমুক বন্দর।

অমুক বন্দরের রক্ষক শ্রী অমুক আমি অমুক নামা জাহাজকে নাবিক না লইয়া বন্দরে থাকিবার যে অনুমতিপত্র দিলাম তাহা এতৎক্রমে রহিত করিলাম।

FORM C.

Port of ( )

I ( ) the Conservator of the Port of , do hereby order that vessels lying in the following portion of the said

C চিহ্নিত পাঠ।

অমুক বন্দর।

অমুক বন্দরের রক্ষক শ্রীঅমুক আমি এতদ্দ্বারা আজ্ঞা করিলাম যে, এই বন্দরের অমুক২ চতুঃসীমার অন্তর্গত স্থানে যে সকল জাহাজ আছে সেই জাহাজ মন্ত্রিসভা-

Port (*here set out the exempted limits*) shall be exempt from the provisions of the second Section of Act III of 1867 passed by the Lieutenant-Governor of Bengal in Council.

ধিষ্টিত বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের প্রচারিত ১৮৬৭ সালের ৩ আইনের ২ ধারার বিধান হইতে মুক্ত আছে।

THIRD SCHEDULE—(*referred to in Sections X, XI, and XV.*)

PORT-DUES.

Police Port-dues.

For every vessel entering any Port two annas per ton.

Hospital Port-dues.

For every vessel entering any Port one anna per ton.

J. PITT KENNEDY,
Asst. Secy. to the Govt. of Bengal,
Legislative Department.

(১০, ১১, ১৫ ধারার লিখিত) তৃতীয় তফসীল।

বন্দরীয় মাসুল।

পোলীসসংক্রান্ত বন্দরীয় মাসুল।

বন্দরে যে প্রত্যেক জাহাজ আইসে তাহার টনপ্রতি দুই আনা।

হাস্‌পাতাল পোর্ট ডিউ।

বন্দরে যে প্রত্যেক জাহাজ আইসে তাহার টন প্রতি এক আনা।

জে পিট কেনেডি,
ব্যবস্থাপন কর্ম্মবিভাগে বঙ্গদেশের গবর্ণমেণ্টের
আসিষ্টাণ্ট সেক্রেটারী।

THE following Bill was read in the Council of the Lieutenant-Governor of Bengal for the purpose of making Laws and Regulations on the 6th April 1867, and was referred to a Select Committee who are to report thereon after the 10th of May next:—

A Bill for making better provision for the regulation of Boats plying for and carrying passengers within the Port of Calcutta.

[Preamble.]

WHEREAS it is expedient to make better provision for the regulation of boats plying for and carrying passengers in the Port of Calcutta and to bring the crews of such boats under regulation: It is enacted as follows:—

[Interpretation.]

I. The following words in this Act shall have the meaning hereby assigned to them unless there be something in the subject or context repugnant to such construction (that is to say)—

["Magistrate."]

The word "Magistrate" in this Act shall include any Magistrate of Police for the Town of Calcutta and any person exercising all or any of the powers of a Magistrate.

["Master."]

The word "Master" shall include the head manjee or other person for the time being in charge of any boat or vessel to which this Act is made applicable.

["Boat."]

The word "Boat" in this Act shall mean any thing made for the conveyance by water of human beings which shall be of less than ten tons burden.

আইনের নিম্নলিখিত পাণ্ডুলিপি আইন ও ব্যবস্থা করণার্থ বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের মন্ত্রিসভায় ১৮৬৭ সালের আপ্রিল মাসের ৬ তারিখে পাঠ করা গিয়াছিল। তাহা বিশেষ কমিটীর প্রতি অর্পিত হইয়াছে। তাঁহারা আগামি মে মাসের ১০ তারিখের পর তদ্বিষয়ের রিপোর্ট করিবেন।

কলিকাতা বন্দরে যে নৌকা গমনাগমন করিয়া চড়নদারদিগকে লয় তাহার বিধান করণার্থে পূর্ব্বাপেক্ষা উত্তমবিধি করিবার আইনের পাণ্ডুলিপি।

[হেতুবাদ।]

কলিকাতা বন্দরে যে সকল নৌকা গমনাগমন করিয়া চড়নদারদিগকে লয় তাহার বিধান করণার্থ পূর্ব্বাপেক্ষা সুবিধি করা এবং ঐ নৌকার দাঁড়িমাঝিদের উপর বিধান বর্ত্তান বিহিত, এই হেতু নিম্নলিখিতমতে বিধান করা যাইতেছে।

[অর্থ করণের ধারা।]

১ ধারা। এই আইনগত নিম্নলিখিত শব্দের যে অর্থ এই ধারাতে করা যাইতেছে, বিষয় বিবেচনায় কি পূর্ব্বাপর কথাক্রমে সেই অর্থ অসঙ্গত না হইলে, ঐ শব্দের সেই অর্থ ধরিতে হইবে, যথা,

"মাজিষ্ট্রেট"

এই আইনেতে "মাজিষ্ট্রেট" শব্দে কলিকাতা নগরের পোলীসের কোন মাজিষ্ট্রেট এবং যে কোন ব্যক্তি মাজিষ্ট্রেটের সকল কি কোন ক্ষমতামতে কার্য্য করেন তিনিও গণ্য।

অধ্যক্ষ

"অধ্যক্ষ" শব্দে প্রধান মাঝি গণ্য এবং এই আইন যে নৌকার কি জাহাজের প্রতি বর্ত্তান যায়, তাহা যৎকালে অন্য যে ব্যক্তির অধীন থাকে সেই ব্যক্তিও গণ্য

নৌকা

মনুষ্যাদিগের জলপথে গমনার্থে যে যান দশ টনের (অর্থাৎ ২৮০ মণের) ন্যূন মাল লইবার জন্যে প্রস্তুত করা যায় এই আইনেতে নৌকা শব্দে সেই জলযান বুঝাইবে।

[*Government Gazette*, 23*rd April* 1867.]

["Manjee."]

The word "Manjee" in this Act shall include every person employed as Master or one of the crew of any boat.

["Passenger."]

The word "Passenger" shall mean any person who, in consideration of reward to the owner or person in charge of any boat or vessel to which this Act is made applicable, may be conveyed therein.

[Number.]

Words importing the singular number shall be taken to include the plural, and words importing the plural number shall be taken to include the singular.

[Gender.]

Words importing the masculine gender shall be taken to include the feminine.

[Repeal of Sections.]

II. From and after the commencement of this Act, Sections LXIII. and LXIV. of Act IV. of 1866 passed by the Lieutenant-Governor of Bengal in Council, shall stand and be repealed, except with respect to any act done or liability incurred under such Sections.

[Power to license passenger boats.]

III. It shall be lawful for the Commissioner of Police for the Town of Calcutta to grant to the owner of any boat a license to carry passengers therein, and to receive for the grant of such license the sum of one Rupee.

[Boat to be inspected prior to the grant of license.]

IV. No license shall be granted for the carriage of passengers in any boat, unless and until the said Commissioner shall have caused such boat to be inspected, and shall have ascertained that the same is fit for the accommodation of passengers, and shall have determined the number of crew required for the navigation of such boat, and the number of persons in addition to the crew which may safely be carried therein at one time.

[Contents of license.]

V. Every license for the carriage of passengers in any boat shall be in the form set forth in the first Schedule hereunto annexed, and shall contain a statement of the number of the license, of the name and residence of the owner of such boat, of the name and residence of the Master of such boat, of the number of the crew required for the navigation of such boat, and of the number of persons in addition to the crew which may safely be carried therein at one time, as such numbers respectively shall have been determined according to the provisions of the next preceding Section.

"মাঝি ।"

যে ব্যক্তি কোন নৌকার অধ্যক্ষের কি দাঁড়ির কর্ম্ম করে এই আইনেতে মাঝি শব্দে সেই ব্যক্তি গণ্য ।

"চড়নদার ।"

এই আইন যে পোতের কি নৌকাদির প্রতি বর্ত্তে তাহার স্বামিকে কিম্বা অন্য যে ব্যক্তি তাহার অধীন থাকে তাহাকে যে ব্যক্তি ভাড়া দিয়া ঐ নৌকাদিতে চড়িয়া যায় "চড়নদার" শব্দে তাঁহাকে বুঝায় ।

বচন ।

এক বচনান্ত শব্দের মধ্যে বহুবচনান্ত সেই শব্দ ও বহুচনান্ত শব্দের মধ্যে এক বচনান্ত সেই শব্দ গণ্য ।

লিঙ্গ

পুরুষ বোধক শব্দের মধ্যে স্ত্রীগণ গণ্য ইতি

[যে২ ধারা রহিত হইল তাহার কথা ।]

২ ধারা । এই আইন প্রচলিত হইবার সময়াবধি মন্ত্রিসভাধিষ্ঠিত বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের প্রচলিত ১৮৬৬ সালের ৪ আইনের ৬৩ ও ৬৪ ধারা রহিত হইবে ও রহিত থাকিবে । কিন্তু ঐ২ ধারাক্রমে যে কোন ক্রিয়া করা গিয়াছে কি যে দায় বর্ত্তিয়াছে তৎসম্পর্কে ঐ দুই ধারা প্রবল থাকিবে ইতি ।

[গহনার নৌকার অনুমতিপত্র দিবার কথা ।]

৩ ধারা । কলিকাতা নগরের পোলীসের কমিস্যনর সাহেব কোন নৌকার স্বামিকে সেই নৌকাতে চড়নদার লইবার অনুমতিপত্র দিতে পারিবেন । তদ্রূপ অনুমতিপত্রের জন্যে এক টাকা লইতে পারিবেন ইতি ।

[অনুমতিপত্র দিবার পূর্ব্বে নৌকা নিরীক্ষণ করিবার কথা ।]

৪ ধারা । উক্ত কমিস্যনর সাহেব যত কাল কোন নৌকা নিরীক্ষণ না করান্ এবং সেই নৌকা চড়নদার লইবার উপযুক্ত ইহা যত কাল নিশ্চিত না করেন, ও সেই নৌকা চালাইতে যত জন দাঁড়ির প্রয়োজন এবং দাঁড়িভিন্ন যত জনকে ঐ নৌকায় একিকালে নিরাপদে লওয়া যাইতে পারে ইহা যতকাল নির্ণয় না করেন, তত কাল সেই নৌকায় চড়নদার লইবার অনুমতিপত্র দেওয়া যাইবে না ইতি ।

[অনুমতিপত্রে যাহা লেখা থাকিবে তাহার কথা ।]

৫ ধারা । পশ্চাল্লিখিত প্রথম তফসীলের পাঠে নৌকায় চড়নদার লইবার অনুমতিপত্র লেখা যাইবে । তাহাতে এই২ কথা থাকিবে, অনুমতিপত্রের নম্বর, নৌকার স্বামির নাম ও ধাম, ঐ নৌকার অধ্যক্ষের নাম ও ধাম, এবং ঐ নৌকা চালাইতে যত জন দাঁড়ির প্রয়োজন, ও নৌকাতে দাঁড়িভিন্ন যত জন একি কালে নিরাপদে যাইতে পারে, তাহারদের যে সংখ্যা ইহার পূর্ব্ব ধারার বিধানানুসারে নির্ণীত হইয়াছে সেই সংখ্যা ইতি ।

[Number of license to be painted on boat and particulars of license affixed therein.]

VI. The owner of every such licensed boat shall cause to be painted upon the port side of the bow thereof, in white figures, not less than two inches long, upon a black ground, the number of the license of such boat, and shall likewise cause to be affixed to some conspicuous part of the inside thereof, and shall at all times keep affixed a metal plate, upon which shall be painted in the English and Bengalee languages in conspicuous characters, the several particulars hereinbefore required to be set forth in the license thereof.

[অনুমতিপত্রের নম্বর নৌকার বহির্ভাগে রং দিয়া লিখিবার কথা ও অনুমতিপত্রের বিবরণ নৌকার ভিতর লটকাইবার কথা।]

৬ ধারা। তদ্রূপ অনুমতিপত্র প্রাপ্ত প্রত্যেক নৌকার স্বামী ঐ নৌকার অগ্রভাগের দক্ষিণ পার্শ্বে কৃষ্ণবর্ণ স্থলের উপর শাদা রং দিয়া দুই বুরুলের অন্যূন লম্বা অঙ্কে ঐ নৌকার অনুমতিপত্রের নম্বর লেখাইবেন। এবং পূর্ব্বোক্তমতে অনুমতিপত্রের লিখিতব্য সকল কথা ইংরেজী ও বাঙ্গলা স্পষ্ট অক্ষরে ধাতুময় পাতে রঙ্গে লেখাইয়া নৌকার ভিতরের কোন প্রকাশ স্থানে সর্ব্বদা লটকাইয়া রাখিবেন ইতি।

[Penalties on carrying passengers without license or contrary to the terms of license.

VII. The owner and master of any boat on board of which any passenger shall be carried within the limits of the Port of Calcutta, without such boat having been duly licensed, or on board of which more persons in addition to the crew, than the number in that behalf expressed in the license thereof, shall be carried at one time, or in which passengers shall be carried when there is on board thereof a crew less in number than the number of crew expressed in the license, shall be liable, on summary conviction before a Magistrate, to a fine not exceeding fifty Rupees.

[অনুমতিপত্র না পাইয়া কিম্বা অনুমতিপত্রের নিয়ম না মানিয়া চড়নদারদিগকে লইবার দণ্ডের কথা।]

৭ ধারা। কোন নৌকার নিয়মিত অনুমতিপত্র না থাকিলে, যদি কলিকাতা বন্দরের সীমার মধ্যে সেই নৌকাতে কোন চড়নদারকে লওয়া যায়, কিম্বা দাঁড়িভিন্ন নৌকাতে যত জন চড়নদার অনুমতিপত্রদ্বারা উঠিতে পারে যদি তাহার অধিক জনকে একিকালে লওয়া যায়, কিম্বা অনুমতিপত্রে যত জন দাঁড়ি নির্দ্ধারিত হইয়াছে, যদি নৌকাতে তদপেক্ষা ন্যূনসংখ্যার দাঁড়ি থাকিলেও চড়নদারদিগকে লওয়া যায়, তবে মাজিষ্ট্রেটের সম্মুখে সরাসরীমতে প্রমাণ হইলে ঐ নৌকার স্বামির ও অধ্যক্ষের পঞ্চাশ টাকা পর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

[Computation of number of persons.]

VIII. In the computation of the number of persons in addition to the crew carried in any boat, two children below the age of twelve years shall be counted as one person, and every complete maund weight of baggage shall

[লোক গণিবার কথা।]

৮ ধারা। দাঁড়িভিন্ন যে লোকেরা কোন নৌকায় চড়ে তাহারদিগকে গণিলে বারো বৎসরের ন্যূন বয়সের দুই বালক এক ব্যক্তির তুল্য, এবং বোঝাই দ্রব্যের পূরা এক মণ এক ব্যক্তির তুল্য ধরিতে হইবে ইতি।

[Power to refuse or revoke license.]

IX. The said Commissioner may refuse to license any boat, or may revoke the license thereof, whenever it may appear to him that such boat is in any respect unfit for the conveyance of passengers.

[অনুমতিপত্র দিতে অস্বীকার করিবার কি তাহা নিবৃত্ত করিবার ক্ষমতার কথা।]

৯ ধারা। উক্ত কমিস্যনর সাহেবের বিবেচনায় যদি কোন কারণে কোন নৌকা চড়নদার লইবার উপযুক্ত নয়, তবে তিনি নৌকার অনুমতিপত্র দিতে অস্বীকার করিতে পারিবেন কিম্বা দিলেও ঐ অনুমতিপত্র নিবৃত্ত করিতে পারিবেন ইতি।

[Change of ownership to be notified.]

X. Whenever any change shall take place in the ownership of a licensed passenger boat, if the person who shall have become owner of such passenger boat, shall desire to use it for the carriage of passengers therein, he shall, before so using it, give to the said Commissioner of Police notice of such transfer and of his name and place of abode.

[স্বামী পরিবর্ত্তন হইলে সম্বাদ দিবার কথা।]

১০ ধারা। গহনার যে নৌকার অনুমতিপত্র হইয়াছে যদি সেই নৌকার স্বামী পরিবর্ত্তন হয়, তবে যে ব্যক্তি ঐ গহনার নৌকার স্বামী হন তিনি সেই নৌকা গহনার নৌকাস্বরূপ ব্যবহার করিতে চাহিলে, তাহার তদ্রূপ ব্যবহার করিবার পূর্ব্বে ঐ নৌকা আপনার হস্তগত হওয়ার কথা ও আপন নাম ও বাসস্থান পোলীসের কমিস্যনর সাহেবকে জানাইবেন ইতি।

[Change of Master to be notified.]

XI. Whenever the master of any licensed passenger boat shall be changed, the owner of such boat shall give to the said Commis-

[অধ্যক্ষপরিবর্ত্তন হইলে তাহার সম্বাদ দিবার কথা।]

১১ ধারা। যখন অনুমতিপত্রপ্রাপ্ত কোন গহনার নৌকার অধ্যক্ষ পরিবর্ত্তন হয়, তখন সেই নৌকার স্বামী পোলীসের উক্ত কমিস্যনর সাহেবকে সেই পরি-

sioner of Police notice of such change, and of the name and place of abode of the new master of such boat.

বর্ত্তনের সম্বাদ, ও নৌকার নূতন অধ্যক্ষের নাম ও বাসস্থান জানাইবেন ইতি।

[Change of Owner or Master to be endorsed on license.]

XII. Whenever the owner of any licensed passenger boat shall give any such notice as in the tenth or eleventh Section is required, he shall produce at such place as shall be for this purpose appointed by the said Commissioner, the license of the said boat, and the said Commissioner shall cause to be forthwith endorsed upon the said license, the several particulars of which notice shall have so been given.

[স্বামী কি অধ্যক্ষপরিবর্ত্তন হইলে, অনুমতিপত্রের পৃষ্ঠে লিখিবার কথা।]

১২ ধারা। অনুমতিপত্রপ্রাপ্ত কোন গহনার নৌকার স্বামী যখন দশ ও একাদশ ধারার আজ্ঞামতে সম্বাদ দেন, তখন উক্ত কমিস্যনর সাহেব যে স্থান নিরূপণ করেন সেই স্থানে উক্ত নৌকার অনুমতিপত্র আনিবেন। উক্ত প্রকারে যে সকল কথার সম্বাদ দেওয়া গেল তাহা ঐ কমিস্যনর সাহেব ঐ পত্রের পৃষ্ঠে লেখাইবেন ইতি।

[Penalty on carrying passengers before change of owner or master notified.]

XIII. In case any owner of a boat shall use the same for the carriage of passengers, before giving notice of any such change as is mentioned in the tenth or eleventh Section of this Act according to the provisions therein contained, he shall be liable to a fine not exceeding ten Rupees.

[স্বামী কি অধ্যক্ষপরিবর্ত্তনের সম্বাদ না দিয়া চড়নদারদিগকে লইয়া যাইবার দণ্ডের কথা।]

১৩ ধারা। এই আইনের দশ ও একাদশ ধারাতে যে পরিবর্ত্তনের উল্লেখ হইয়াছে যদি নৌকার কোন স্বামী সেই ধারার বিধানমত সম্বাদ না দিয়া চড়নদারদিগকে লইবার কার্য্যে ঐ নৌকার ব্যবহার করেন, তবে তাহার দশ টাকা পর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

[Penalty on carrying passengers without particulars of license being exhibited.]

XIV. Every owner and every master of any boat who shall use such boat for the carriage of passengers without the number of the license of such boat being painted thereon, as is required by Section VI. of this Act, or who shall omit to keep affixed at all times a plate as required by the same Section, shall be liable to a fine not exceeding ten Rupees.

[অনুমতিপত্রলিখিত কথা প্রকাশরূপে না দর্শাইয়া চড়নদারদিগকে লইবার দণ্ডের কথা।]

১৪ ধারা। এই আইনের ৬ ধারামতে নৌকার বহির্ভাগে ঐ নৌকার অনুমতিপত্রের নম্বর লিখিত না হইয়া, যদি ঐ নৌকার স্বামী ও অধ্যক্ষ চড়নদারকে লইবার জন্য ঐ নৌকার ব্যবহার করেন কিম্বা যদি সেই ধারামতে পাতখানি সর্ব্বসময়ে লটকাইয়া না রাখেন, তবে সেই স্বামির এবং অধ্যক্ষের দশ টাকা পর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

[Penalty on carrying passengers in a boat with particulars of license illegible.]

XV. Every owner and every master of any boat, who shall use such boat for the carriage of passengers after the number of the license painted thereon, or after the plate affixed to such boat as required by the same Section, shall have become obliterated or defaced, so that the same shall not be distinctly legible, shall be liable to a fine not exceeding ten Rupees.

[নৌকাতে অনুমতিপত্রের যে কথা দেওয়া যায় তাহা পাঠ্য না হইলে চড়নদারদিগকে লইবার দণ্ডের কথা।]

১৫ ধারা। অনুমতিপত্রের যে নম্বর পূর্ব্বোক্ত ধারামতে নৌকাতে রং দিয়া লেখা যায়, কিম্বা নৌকাতে যে পাত লটকাইয়া দেওয়া যায় তাহা উঠিয়া যাওয়াতে কি বিকৃত হওয়াতে যদি স্পষ্টরূপে পাঠ করা যাইতে না পারে, তবে যে স্বামী ও যে অধ্যক্ষ চড়নদারদিগকে লইবার জন্যে ঐ নৌকার ব্যবহার করেন তাঁহার দশ টাকা পর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

[Penalty on refusal to carry passengers.]

XVI. Any owner or master of any licensed boat who shall, without sufficient reason, refuse to carry passengers in such boat, shall be liable to a fine not exceeding twenty Rupees.

[চড়নদারদিগকে না লইবার দণ্ডের কথা।]

১৬ ধারা। যদি অনুমতিপ্রাপ্ত কোন নৌকার স্বামী কি অধ্যক্ষ উপযুক্ত কারণ না থাকিলেও সেই নৌকায় চড়নদারদিগকে লইতে স্বীকার না করেন, তবে তাঁহার বিশ টাকা পর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারে ইতি।

[Power to grant license to act as manjee.]

XVII. The said Commissioner may cause to be granted a license to act as manjee of passenger boats to any person, who shall apply for the same, and to whom it may seem proper to grant it, the following particulars shall be specified in every such license: *First*, number of the license; *second*, name of the manjee; *third*, place of

[মাঝির কর্ম্ম করিবার অনুমতিপত্র প্রদানের কথা।]

১৭ ধারা। যদি কোন ব্যক্তি উক্ত কমিস্যনর সাহেবের নিকটে গহনার নৌকার মাঝির কর্ম্ম করিবার অনুমতিপত্র প্রার্থনা করে, ও তাহাকে সেই পত্র দেওয়া বিহিত বোধ হয়, তবে উক্ত কমিস্যনর সাহেব তাহাকে ঐ পত্র দেওয়াইবেন। সেই পত্রে এই বিবরণ থাকিবে, যথা, প্রথম অনুমতিপত্রের নম্বর। দ্বিতীয়, মাঝির নাম। তৃতীয়, মাঝির বাস স্থান। চতুর্থ, মাঝির বয়স।

abode of manjee; *fourth*, age of manjee: and the said Commissioner may cause to be received the fee of eight annas for every grant of any such license.

[Penalty for acting without license as manjee of passenger boat.]

XVIII. Every person who without having such license in force for the time being, shall act as the manjee of any boat in which passengers shall be conveyed, or who having a license shall transfer or lend the same, or allow the same to be used by another person, shall be liable to a fine not exceeding ten Rupees.

[Penalty on permitting manjee to act without license.]

XIX. Every owner of any licensed boat, who shall knowingly suffer any person not duly licensed under this Act, to act as manjee of such boat, shall be liable to a penalty not exceeding twenty Rupees.

[Manjee to wear number license.]

XX. The said Commissioner shall cause to be delivered to every manjee, at the time of granting a license to such manjee, a metal ticket which shall have marked or painted upon it a number corresponding with the number of the license of such manjee. Every manjee to whom such ticket is delivered shall at all times, while acting as manjee, carry such ticket exposed to view, and any licensed manjee who shall omit to comply with the provisions of this Section, shall be liable to a fine not exceeding ten Rupees.

[Power to grant new ticket to manjee.]

XXI. Whenever the writing on any ticket shall become obliterated or defaced, so that the same shall not be distinctly legible, and also when any ticket shall be satisfactorily proved to have been lost or mislaid, the person to whom the license relating to any such ticket shall have been granted, shall deliver such ticket (if he shall have the same in his possession) and shall produce such license, and thereupon the said Commissioner shall cause to be delivered to such person a new ticket, upon payment of such sum of money, not exceeding four annas, as may be sufficient to defray the expense of making such ticket. Provided that in case any ticket that may have been lost or mislaid shall afterwards be found, the same shall forthwith be delivered up at such place as may be thereunto appointed by the said Commissioner, and every person into whose possession any such ticket as last aforesaid shall

এবং উক্ত কমিস্যনর তদ্রূপ প্রত্যেক অনুমতিপত্র দিবার জন্যে আট আনা ফী লইবার অনুমতি দিতে পারিবেন ইতি

[অনুমতিপত্র না পাইয়া চড়নদারের নৌকার মাঝির কর্ম্ম করিবার দণ্ডের কথা।]

১৮ ধারা। কোন ব্যক্তির প্রবল অনুমতিপত্র না থাকিলেও যদি সে কোন নৌকার মাঝির কর্ম্ম করে ও সেই নৌকাতে চড়নদারকে লওয়া যায়, কিম্বা তাহার অনুমতিপত্র থাকিলে যদি তাহা হস্তান্তর করে কি অন্য ব্যক্তিকে ধার দেয় কিম্বা ব্যবহার করিতে দেয়, তবে সেই ব্যক্তির দশ টাকা পর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

[মাঝিকে অনুমতিপত্রবিনা কর্ম্ম করিতে দিবার দণ্ডের কথা।]

১৯ ধারা। এই আইনমতে মাঝির নিয়মিত অনুমতিপত্র নাই ইহা জানিয়া যদি অনুমতিপত্রপ্রাপ্ত নৌকার স্বামী তাহাকে ঐ নৌকার মাঝির কর্ম্ম করিতে দেন, তবে তাহার বিশ টাকা পর্য্যন্ত দণ্ড হইতে পারিবে ইতি।

[অনুমতিপত্রের নম্বর মাঝির পরিবার কথা।]

২০ ধারা। উক্ত কমিস্যনর সাহেব যখন মাঝিকে অনুমতিপত্র দেন, তখন ধাতুময় যে টিকিটে ঐ অনুমতিপত্রের নম্বর অঙ্কিত থাকে কি রং দিয়া লেখা যায়, ঐ মাঝিকে সেই টিকিট দিবেন। ঐ টিকিট যে মাঝিকে দেওয়া যায় সে মাঝির কর্ম্ম করণ সময়ে ঐ টিকিট সকলের দৃষ্টিগোচরভাবে ধারণ করিবে। যদি অনুমতিপত্র প্রাপ্ত কোন মাঝি এই ধারার বিধানমতে কর্ম্ম না করে তবে তাহার দশ টাকা পর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

[মাঝিকে নূতন টিকিট দিবার ক্ষমতার কথা।]

২১ ধারা। টিকিটে যে অঙ্কাদি লেখা থাকে তাহা উঠিয়া যাওয়াতে কি বিকৃত হওয়াতে যদি স্পষ্টরূপে পাঠ করা যাইতে না পারে, এবং কোন টিকিট হারিয়াছে কি অনুদ্দেশ্য হইয়াছে যদি হুকুমানমতে ইহার প্রমাণ হয়, তবে সেই টিকিট সংক্রান্ত অনুমতিপত্র যাহাকে দেওয়া গেল ঐ টিকিট তাহার নিকটে থাকিলে সে তাহা ফিরিয়া দিবে ও ঐ অনুমতিপত্র দেখাইবে। তাহা হইলে নূতন টিকিট প্রস্তুত করিবার যত খরচ লাগে চারি আনার অনধিক সেই খরচ দিলে উক্ত কমিস্যনর তাহাকে নূতন টিকিট দিবেন। যে টিকিট হারিয়াছে কি অনুদ্দেশ্য হইয়াছে, তাহা যদি পুনশ্চ পাওয়া যায়, তবে উক্ত কমিস্যনর যে স্থান নিরূপণ করেন তাঁহাকে সেই স্থানে ঐ টিকিট ফিরিয়া দিতে হইবে। শেষোক্ত টিকিট কোন ব্যক্তির হস্তগত হইলেও যদি সে তিন দিন পর্য্যন্ত তাহা ফিরিয়া দিতে স্বীকার না করে কি শৈথিল্য করে, তবে সেই ব্যক্তির উক্ত প্রত্যেক অপরাধহেতুক বিশ টাকা পর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবে, এবং টিকিটের অঙ্ক কি লিখন উঠিয়া গেলে কি বিকৃত কি অস্পষ্ট হইলে যদি অনু-

same, who shall refuse or neglect for three days to deliver up the same; and also every licensed manjee who shall use or wear his ticket after the number or writing thereon shall be obliterated, defaced, or obscured, shall, for every such offence, be liable to a penalty not exceeding twenty Rupees.

মতিপ্রাপ্ত মাঝি তাহা ব্যবহার করে কি পরে, তবে তাহারও সেই দণ্ড হইবে ইতি।

[Register of licenses to be kept.]

XXII. The said Commissioner shall cause to be kept a register of licenses of boats, and a register of license of manjees, and shall cause to be entered in such registers, respectively, at the time of the grant of any license under this Act, the particulars hereinbefore required to be set forth in such license, and shall also cause to be entered in such register, the particulars of every endorsement which may be made upon any such license in pursuance of any of the provisions of this Act.

[অনুমতিপত্রের রেজিস্টর রাখিবার কথা।]

২২ ধারা। উক্ত কমিসানর নৌকার অনুমতিপত্রের রেজিস্টর এবং মাঝিরদের অনুমতিপত্রের রেজিস্টর রাখাইবেন। এই আইনমতে কোন অনুমতিপত্র দেওয়া গেলে, তাহার লিখিতব্য যে কথা পূর্ব্বে বর্ণিত হইয়াছে, তিনি ঐ অমুমতিপত্র দান সময়ে ঐ রেজিস্টরে সেই কথা লেখাইবেন। এবং তদ্রূপ অনুমতিপত্রের পৃষ্ঠে এই আইনের কোন বিধানানুসারে যদি কোন কথা লেখা যায়, তবে তাহাও ঐ রেজিষ্টরে লেখাইবেন ইতি।

[Entries in Register to be evidence.]

XXIII. Every entry in a register kept under the terms of the Section last preceding, shall be *prima facie* evidence of the contents of the license to which it professes to refer, and of the truth of the particulars entered in such register, so far as the same are hereinbefore required to be so entered.

[রেজিষ্টরের লিখিত কথা প্রমাণ হইবার কথা।]

২৩ ধারা। ইহার পূর্ব্ব ধারার নিয়মমতে যে রেজিষ্টর রাখা যায়, তল্লিখিত প্রত্যেক কথা যে অনুমতিপত্র লক্ষ্য করিয়া লেখা গেল তাহা আদিদৃষ্টে সেই অনুমতিপত্রের প্রমাণ, এবং পূর্ব্ব লিখিত আজ্ঞামতে যে সকল কথা ঐ রেজিষ্টরে লেখা যায় সে কথা তাহার সত্যতার প্রমাণস্বরূপ গ্রাহ্য হইবে ইতি।

[Schedule of fares.]

XXIV. The owner of any registered boat of the class described in the second Schedule annexed to this Act shall be entitled to demand and take for the hire of such boat the fares set forth in the second Schedule. Provided that nothing in this Act contained shall prevent any owner or master from being bound by any contract into which he may enter, to accept any fare less than the rate mentioned in the said Schedule.

[ভাড়ার তফসীলের কথা।]

২৪ ধারা। এই আইনের দ্বিতীয় তফসীলে যে শ্রেণীর নৌকা নির্দ্দিষ্ট হয় সেই শ্রেণীর রেজিষ্টরী নৌকার স্বামী ঐ তফসীলে যত নিদ্ধার্য্য হইল ঐ নৌকার তত ভাড়া লইতে পারিবেন। কিন্তু কোন স্বামী কি অধ্যক্ষ যদি উক্ত তফসীলের অবধারিত হারের ন্যূন হারে ভাড়া লইবার চুক্তি করেন, তবে এই আইনের কোন কথানুসারে তাঁহার সেই চুক্তিক্রমে বদ্ধ হওয়ার বারণ হইবে না ইতি।

[Summary power to recover fares.]

XXV. If any person who shall have hired or used a registered boat, shall refuse to pay to the owner or head manjee thereof on demand, the fare payable by such person in respect of such hiring, or use, it shall be lawful for the Magistrate who shall hear the case to order payment of such fare and also of such compensation for loss of time as shall seem reasonable, and in default of payment, such fare and compensation may be recovered in such manner as fines are recoverable under this Act; and if any passenger in any such boat shall attempt to evade payment of his fare, he shall be liable on conviction to a fine not exceeding fifty Rupees, in addition to the payment of such fare and compensation as hereinbefore mentioned.

[ভাড়া আদায় করিবার সরাসরী ক্ষমতার কথা।]

২৫ ধারা। কোন ব্যক্তি রেজিস্টরী নৌকা ভাড়া কি ব্যবহার করিলে এবং স্বামী কি প্রধান মাঝি তাহার সেই ভাড়াকরণ কি ব্যবহার হেতুক তাহার স্থানে ভাড়া চাহিলে যদি সেই ব্যক্তি তাহা দিতে স্বীকার না করেন, তবে যে মাজিষ্ট্রেট মোকদ্দমা শুনেন, তিনি ঐ ভাড়া এবং সময় হরণ প্রযুক্ত যত ক্ষতিপূরণ যুক্তিযুক্ত বোধ করেন তত দিবার আজ্ঞা করিতে পারিবেন। যদি দেওয়া না যায়, তবে ঐ ভাড়া ও ক্ষতিপূরণের টাকা এই আইনমত অর্থদণ্ড আদায়ের নিয়মানুসারে আদায় হইতে পারিবে। তদ্রূপ নৌকার কোন চড়নদার যদি ভাড়া না দিয়া এড়াইতে চেষ্টা করেন, তবে প্রমাণ হইলে পূর্ব্ব লিখিত ভাড়ার ও ক্ষতিপূরণের টাকার অধিক পঞ্চাশ টাকা পর্য্যন্ত তাঁহার অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

[Master to have table of fares.]

XXVI. The Master of a licensed boat entitled to demand and take for hire the fare

[ভাড়ার নিরিখের ফর্দ্দ অধ্যক্ষের রাখিবার কথা।]

২৬ ধারা। অনুমতিপত্র প্রাপ্ত নৌকার যে অধ্যক্ষ এই আইনের তফসীলের লিখিত ভাড়া দাওয়া করিয়া,

set forth in the Schedule hereunto annexed shall at all times keep in such boat a Table of Fares printed in the English and Bengallee languages, and produce the same for the inspection of any passenger whenever required so to do. and any person who shall fail to comply with the provisions of this Section, shall be liable to a fine not exceeding ten Rupees.

[Penalty for mischief.]

XXVII. Any person who shall knowingly or maliciously cause any injury or damage to any boat registered under this Act, or remove or destroy the plate affixed to such boat as required by Section VI. of this Act, or the Table of Fares belonging to such boat, shall be liable to a fine not exceeding twenty Rupees.

[Offences by manjee.]

XXVIII. Every licensed manjee who shall, during his employment, make use of insulting or abusive language or gesture; or who shall refuse to make way, when he reasonably and conveniently may do so, for the passage of any other boat, or shall wilfully obstruct or hinder the manjee of any other boat in embarking or disembarking passengers; or who shall wrongfully prevent or endeavour to prevent any other boat from being hired; or who shall refuse to admit and carry in his boat the number of persons it is licensed to carry; or who shall demand or take any greater amount of fare than he is legally entitled to receive under this Act; or who shall desert from the hiring before he has discharged by the hirer-- shall be liable to a penalty not exceeding ten Rupees, and in default of payment to rigorous imprisonment for a period not exceeding one month.

[All boats to carry lights at night.]

XXIX. It shall not be lawful for any boat between half an hour after sunset and half an hour before sunrise, to move from one place to another within the Port of Calcutta, without there being exhibited, in such boat, a good light in such manner as the said Commissioner shall direct; and the master of any boat not complying with the provisions of this Section, shall be liable to a fine not exceeding twenty Rupees, except when, in the opinion of the Magistrate, there may be sufficient moonlight to render such light unnecessary.

[Master of boats to deposit in Police Station all lost property.]

XXX. The master of every licensed boat, wherein any property shall be left by any passenger, shall, within twenty-four hours, carry such property, if not sooner claimed by the owner thereof, to the nearest Police Station, and shall there deposit and leave the same

লইতে পারে সে ইঙ্গরেজী ও বাঙ্গলা ভাষায় ভাড়ার একখান নিরিখ ছাপাইয়া ঐ নৌকায় সর্ব্বদা রাখিবে। কোন চড়নদার তাহাকে নিরিখ দেখাইতে বলিলে সে দেখাইবে। যদি এই ধারার বিধানমতে কর্ম্ম না করে, তবে তাহার দশ টাকাপর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

[হানি করিবার দণ্ডের কথা।]

২৭ ধারা। এই আইনমতে যে নৌকা রেজিষ্টর হইয়াছে, যদি কোন ব্যক্তি জ্ঞান পূর্ব্বক কি ঈর্ষাক্রমে সেই নৌকার হানি কি ক্ষতি করে, কিম্বা এই আইনের ৬ ধারামতে নৌকায় যে পাত লটকান থাকে যদি কেহ তাহা কিম্বা ঐ নৌকার ভাড়ার নিরিখের ফর্দ্দ তুলিয়া ফেলে কি নষ্ট করে, তবে তাহার বিশ টাকাপর্য্যন্ত অর্থদণ্ড হইবে ইতি।

[মাঝিদের অপরাধের কথা।]

২৮ ধারা। অনুমতিপ্রাপ্ত মাঝির কর্ম্ম চলনসময়ে যদি সে কোন ব্যক্তিকে অপমানের কথা কহে কি গালি দেয় কি অপমানসূচক অঙ্গভঙ্গ করে, কিম্বা যুক্তিমতে ও অক্লেশে অন্য নৌকা যাইবার পথ ছাড়িতে পারিলেও যদি ছাড়িতে স্বীকার না করে, কিম্বা অন্য নৌকার মাঝি যে সময়ে চড়নদারদিগকে নৌকারোহণ করাইতেছে কি নামাইয়া দিতেছে, এমন সময়ে যদি ইচ্ছাপূর্ব্বক তাহাকে অবরোধ করে কি বাধা দেয় কিম্বা অন্য নৌকার ভাড়া হইবার অন্যায়মতে বাধা দেয় কি বাধা দিবার চেষ্টা করে, কিম্বা নৌকাতে যত জনকে লইবার অনুমতি আছে যদি তত জনকে নৌকায় আনিতে না দেয় কি লইতে স্বীকার না করে কিম্বা এই আইনমতে যত ভাড়া লইতে পারে যদি তাহার অধিক চাহে কি লয়, কিম্বা যে ব্যক্তি ভাড়া করিয়াছেন তিনি ছাড়িয়া না দিলেও যদি ভাড়া ত্যাগ করিয়া চলিয়া যায়, তবে তাহার দশ টাকা পর্য্যন্ত দণ্ড ও দণ্ডের টাকা না দিলে কঠিন পরিশ্রম সহিত এক মাস পর্য্যন্ত কারাদণ্ড হইতে পারিবে ইতি।

[রাত্রিতে সকল নৌকায় আলো লইবার কথা।]

২৯ ধারা। সূর্য্য অস্ত হইবার পর আধ ঘণ্টা অবধি উদয় হইবার পূর্ব্বে আধ ঘণ্টা পর্য্যন্ত নৌকায় উত্তম আলো না দেখাইলে সেই নৌকা কলিকাতা বন্দরগত এক স্থান হইতে অন্য স্থানে যাইতে পাইবে না। কমিসানর সাহেব যদ্রূপে আলো দেখাইবার আজ্ঞা করেন তদ্রূপে দেখাইবে। কোন নৌকার অধ্যক্ষ যদি এই ধারার বিধানমতে কর্ম্ম না করে, তবে তাহার বিশ টাকাপর্য্যন্ত অর্থদণ্ড হইবে। যদি মাজিষ্ট্রেট সাহেবের বিবেচনায় যথেষ্ট জোৎস্না প্রযুক্ত ঐ আলোর অনাবশ্যক হয়, তবে তাহার ঐ দণ্ড হইবে না ইতি।

[হারাণ দ্রব্য পোলীস থানায় দিবার কথা।]

৩০ ধারা। যদি কোন চড়নদার অনুমতি প্রাপ্ত নৌকার কোন দ্রব্য ফেলিয়া যায়, তবে ঐ দ্রব্যের স্বামী চব্বিশ ঘণ্টার মধ্যে তাহা না চাহিলে নৌকার অধ্যক্ষ তাহা নিকটস্থ পোলীস থানায় লইয়া যাইবে। ও তৎস্থানে যে ইনস্পেকুটর কি অন্য কর্ম্মকারী কর্ম্ম করিতেছেন তাঁহাকে দিবে ও তাঁহার নিকটে রাখিয়া যাইবে।

with the Inspector or other Officer on duty, and any person making default herein shall be liable to a penalty not exceeding fifty Rupees. And any Police Officer, with whom such property shall be deposited, shall dispose of the same according to the provisions of Section L. of Act V. of 1866, passed by the Lieutenant-Governor of Bengal in Council.

যদি তদ্রূপ না করে তবে তাহার পঞ্চাশ টাকা পর্য্যন্ত দণ্ড হইতে পারিবে। সেই দ্রব্য পোলীসের যে কর্ম্মচারির নিকটে রাখিয়া দেওয়া গেল, তিনি মন্ত্রিসভাধিষ্ঠিত বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের প্রচলিত ১৮৬৬ সালের ৫ আইনের ৫০ ধারার বিধানমতে সেই দ্রব্য লইয়া কার্য্য করিবেন।

[Duration of licenses.]

XXXI. Every license to be granted under this Act shall continue in force until and upon the first day of June next after the date thereof, or, if granted in the month of May in any year, such license shall continue in force until and upon the first day of June in the year next following that in which the same shall have been granted, except in either case the same shall be sooner revoked.

[অনুমতিপত্র যত দিন প্রবল থাকিবে তাহার কথা।]

৩১ ধারা। এই আইনমতে যে অনুমতিপত্র দেওয়া যায় তাহাতে যে তারিখ লেখা যায় সেই তারিখ অবধি জুন মাসের প্রথম দিবস পর্য্যন্ত ও সেই দিনে তাহা প্রবল থাকিবে। যদি কোন বৎসর মে মাসে অনুমতিপত্র দেওয়া যায় তবে যে বৎসরে দেওয়া গেল তাহার পর বৎসরের জুন মাসের প্রথম দিবস পর্য্যন্ত ও সেই দিনে তাহা প্রবল থাকিবে। কিন্তু উক্ত উভয়স্থলে তৎপূর্ব্বে নিবর্ত্ত হইলে প্রবল থাকিবে না ইতি।

[Limits of Port of Calcutta.]

XXXII. The limits of the Port of Calcutta for the purposes of this Act shall be taken to be the limits thereof as the same may have been or may from time to time be defined by any order of the Lieutenant-Governor of Bengal, and this Act shall have effect in the Port of Calcutta within the said limits aforesaid and not elsewhere.

[কলিকাতা বন্দরের সীমার কথা।]

৩২ ধারা। বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের কোন আজ্ঞাক্রমে কলিকাতা বন্দরের যে সীমা ধার্য্য হইয়াছে অথবা সময়ে২ যে সীমা ধার্য্য হয়, এই আইনের কার্য্যার্থে ঐ বন্দরের সেই সীমা ধরিতে হইবে। এবং এই আইন উক্ত সীমার অন্তর্গত কলিকাতা বন্দরে প্রবল হইবে অন্য স্থানে নয় ইতি।

[Portions of Act to apply to River Steam vessels.]

XXXIII. Sections III, IV, V, VI, VII, VIII, IX, X, XI, XII, XIII XIV and XV of this Act shall apply to all steam vessels which shall carry passengers from any place within the limits of the Port of Calcutta to any other place within the said limits, or to any place situated on the River Hooghly, or the River Ganges, or the River Bramahpooter, or any of the affluents of any of the said rivers, as if such steam vessels were boats; provided only that the provision in the said Section VIII, that in the calculation of the number of persons carried in any boat every complete maund weight of luggage shall be counted as one person, shall not apply to any such steam vessel.

[এই আইনের কোনং ভাগ নদীগামি ষ্টীমরের প্রতি বর্ত্তিবার কথা।]

৩৩ ধারা। যে সকল ষ্টীমর কলিকাতা বন্দরের সীমাবর্ত্তি কোন এক স্থান হইতে ঐ সীমাবর্ত্তি অন্য স্থানে কিম্বা হুগলী কি গঙ্গানদী কি ব্রহ্মপুত্রনদের নিকট কিম্বা ঐ২ নদনদী সংযুক্ত অন্য নদনদীর নিকট স্থানে চড়নদারদিগকে লইয়া যায় এই আইনের ৩, ৪, ৫, ৬, ৭, ৮, ৯, ১০ ১১, ১২, ১৩, ১৪, ১৫ ধারা নৌকারমত সেই ষ্টীমরের প্রতি বর্ত্তিবে। কিন্তু কোন নৌকায় যে লোকেরা উঠে তাহাদের সংখ্যা গণিলে পূরা এক মণ দ্রব্য এক জন মানুষের তুল্য ধরিতে হইবে, ৮ ধারার এই বিধি তদ্রূপ কোন ষ্টীমরের প্রতি বর্ত্তিবে না ইতি।

[Hearing of complaints and levy of fines.]

XXXIV. All complaints as to offences against this Act shall be heard and determined by a Magistrate within whose local jurisdiction the offence may be alleged to have been committed; and the provisions for the recovery of fines contained in Sections 64, 65, 66, and 67 of Act XLV. of 1860 (*the Indian Penal Code*), and in Section 61 of Act XXV. of 1861 (*the Code of Criminal Procedure*), shall apply to all fines and penalties imposed under this Act by any

[অভিযোগ শ্রবণের ও অর্থদণ্ড আদায়ের কথা।]

৩৪ ধারা। এই আইন লঙ্ঘনে যে অপরাধ হয় তাহা যে মাজিষ্ট্রেট সাহেবের বিচারাধীন স্থানের মধ্যে করা কথিত হয় তিনি সেই অপরাধের নালিশ শুনিয়া নির্ণয় করিবেন। এবং ভারতবর্ষীয় দণ্ডবিধির ১৮৬০ সালের ৪৫ আইনের ৬৪, ৬৫, ৬৬, ৬৭ ধারাতে এবং ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের ১৮৬১ সালের ২৫ আইনের ৬১ ধারাতে অর্থদণ্ড আদায় করিবার যে বিধান আছে কোন মাজিষ্ট্রেট সাহেব কলিকাতা বন্দর ভিন্ন কোন বন্দরে এই আইনমতে যে অর্থদণ্ডের ও দণ্ডের আজ্ঞা করেন তাহার প্রতিও সেই বিধান বর্ত্তিবে

Magistrate in any Port other than the Port of Calcutta; and the provisions of Act IV. of 1866 passed by the Lieutenant-Governor of Bengal in Council, and every other Act for regulating the Police of the Town of Calcutta in force for the time being, shall apply to all fines and penalties imposed under this Act by any Magistrate of Police for the Town of Calcutta.

এবং কলিকাতা নগরের পোলীসের কোন মাজিষ্ট্রেট কর্ত্তৃক এই আইনমতে যে সকল দণ্ডের ও অর্থদণ্ডের আজ্ঞা করা যায় তাহার প্রতি মন্ত্রিসভাধিষ্ঠিত বঙ্গদেশের শ্রীযুত লেপ্টনেন্ট গবর্ণর সাহেবের প্রচলিত ১৮৬৬ সালের ৪ আইনের বিধান এবং কলিকাতা নগরের পোলীসের বিধান করণার্থ অন্য যে আইন যৎকালে প্রচলিত হয়, তাহার বিধান বর্ত্তিবে ইতি।

[Application of fines and fees.]

XXXV. All fines and penalties and all fees which shall be levied or recovered under, or by virtue of, this Act, shall be applied in such manner as the Lieutenant-Governor of Bengal shall from time to time direct.

[অর্থদণ্ডের ও ফীর টাকা লইয়া যাহা কর্ত্তব্য তাহার কথা।]

৩৫ ধারা। এই আইনক্রমে কি এই আইনের বলে অর্থদণ্ডের ও দণ্ডের ও ফীর যে সকল টাকা লওয়া যায় কি আদায় করা যায়, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব সময়েং যদ্রূপ আজ্ঞা করেন তাহা লইয়া তদ্রূপ কার্য্য হইবে ইতি।

[Commencement of Act.]

XXXVI. This Act shall commence and take effect as to the power of granting licenses upon the passing of this Act, and as to the residue thereof upon the 15th day of June 1867.

[এই আইন যে অবধি প্রচলিত হইবে তাহার কথা।]

৩৬ ধারা। এই আইন যে সময়ে প্রচলিত হয় অনুমতিপত্র দান করিবার ক্ষমতা সম্পর্কে সেই সময়াবধি প্রবল হইবে। অবশিষ্ট কার্য্য সম্পর্কে ১৮৬৭ সালের জুন মাসের পঞ্চদশ দিনাবধি প্রবল হইবে ইতি।

1st SCHEDULE—(*referred to in Section V.*)

I, (   ), Commissioner of Police for the Town of Calcutta, do hereby grant to this license to use a boat as a passenger boat within the port of Calcutta.

No. of License.	Name and residence of Owner.	Name and residence of Master.	No. of Crew.	No. of Passengers.

৫ ধারার উল্লিখিত প্রথম তফসীল।

কলিকাতা নগরের পোলীসের কমিস্যনর আমি শ্রী অমুক, কলিকাতা বন্দরের মধ্যে শ্রীঅমুককে গহনা-নৌকাস্বরূপ এক খানি নৌকা ব্যবহার করিতে এই অনুমতিপত্র দিলাম।

অনুমতিপত্রের নম্বর	মালিকের নাম ও ধাম	মাঝির নাম ও ধাম	মাল্লার সংখ্যা	আরোহির সংখ্যা

2nd SCHEDULE—(*referred to in Section XXIV.*)

Rates and Fares to be paid for Boats commonly known as Dinghees or green Boats plying for and carrying Passengers in the Port of Calcutta.

BY DISTANCE.

For one mile	3	As.
For every mile or part of a mile beyond the first mile	2	„
From any ghât in the port of Calcutta to the two nearest tiers of moorings on either side of the ghât ...	0½	„
From any ghât to a vessel lying out in the stream opposite	1½	„
For crossing the river	2	„

২৪ ধারার উল্লিখিত দ্বিতীয় তফসীল।

কলিকাতা বন্দরে ডিঙ্গি কি গ্রিন বোট নামে প্রসিদ্ধ যে সকল নৌকা চড়নদারদিগকে লইবার জন্যে গমনাগমন করে তাহার ভাড়ার হার।

দূরত্বানুসারে।

এক মাইল গেলে	৶০
প্রথম মাইলের অধিক প্রতি মাইলের কি তাহার কোন অংশের নিমিত্তে	৵০
কলিকাতা বন্দরের কোন ঘাট হইতে ঐ ঘাটের বয়াতে বদ্ধ নিকটস্থ দুই শারির জাহাজে যাইবার নিমিত্তে	৲১০
কোন ঘাটের সম্মুখে যে জাহাজ স্রোতে লঙ্গর করিয়াছে তাহাতে যাইবার নিমিত্তে ...	৴১০
নদী পার হইবার জন্যে	৵০

[*Government Gazette*, 23rd *April* 1867.]

By Time.

For one hour	... ...	4 As.
For every hour or part of an hour beyond the first hour	... ...	2 „
For half a day or five hours	...	12 „
For a whole day consisting of ten hours 1 Re. ...	... ...	4 „

The above rates of fare to be paid according to distance or time at the option of the hirer, to be expressed at the commencement of the hiring, and if not so expressed, to be paid according to time.

Boats engaged by distance and required to go against the tide, to be paid half the fare over and above the foregoing rates according to distance.

সময়ানুসারে।

এক ঘণ্টার	.. ..	।০
প্রথম ঘণ্টার পর একং ঘণ্টার কি তাহার কোন অংশের জন্যে ..	... ...	৶০
আধ দিনের কি পাঁচ ঘণ্টার জন্যে	...	৸০
দশ ঘণ্টার এক দিনের জন্যে	..	১।০

যে ব্যক্তি ভাড়া করেন তিনি আপন ইচ্ছামতে দূরত্বের কি সময়ের হিসাব অনুসারে ভাড়া দিবেন। কিন্তু ভাড়া করিবার পূর্ব্বে তাহার নিয়ম করিতে হইবে। যদি না করা যায়, তবে সময়ানুসারে দিবেন।

যদি দূরত্বানুসারে ভাড়া দিবার করার হইয়া ভাটার কি জোয়ারের বিরুদ্ধে যাইতে হয়, তবে দূরত্ব বিবেচনায় উক্ত যে হার ধার্য্য হইয়াছে তাহার দিগুণ দিতে হইবে।

Statement of Objects and Reasons.

The Clauses introduced into the Calcutta Police Act for regulating Passenger Boats in the Port of Calcutta having proved inefficient, this Bill proposes to introduce more effective regulations. It provides for the inspection of Passenger Boats and for the grant of licenses for such Boats and for their Crews, placing them under a system of supervision analogous to that adopted with respect to Hackney Carriages in Calcutta.

Stuart Hogg,

The 30*th March* 1867.

J. Pitt Kennedy,

Asst. Secy. to the Govt. of Bengal,
Legislative Department.

অভিপ্রায়ের ও হেতুর বর্ণনা।

কলিকাতার পোলীসের আইনে উক্ত বন্দরস্থ গহনার নৌকার বিধান করণার্থ যে সকল প্রকরণ দেওয়া গিয়াছিল তাহা ফলোপযোগী হয় নাই। এই পাণ্ডুলিপিদ্বারা অপেক্ষাকৃত উপযোগী বিধান করা উদ্দেশ্য। গহনার নৌকা নিরীক্ষণ করিবার ও সেই নৌকার দাঁড়িদিগকে অনুমতিপত্র দিবার বিধান করা গেল। কলিকাতার ছকড়া গাড়ীর তত্ত্বাবধারণের যে নিয়ম আছে, এই আইনদ্বারা নৌকার পক্ষেও তদ্রূপ তত্ত্বাবধারণের নিয়ম হইবে।

ষ্টয়ার্ট হগ

১৮৬৭ সাল ৩০ মার্চ।

জে পিট কেনেডি,

ব্যবস্থাপন কর্ম্মবিভাগে বঙ্গদেশের গবর্ণমেণ্টের
আসিষ্টাণ্ট সেক্রেটারী।

John Robinson, *Bengalee Translator.*

CIRCULAR ORDERS OF THE BOARD OF REVENUE, L. P.

MARCH 1867.

No. 5.

Under orders of the Supreme Government, the accompanying form of register of application for pension under the Uncovenanted Service Pension Rules, is to be adopted in future, in supersession of the form, Appendix B, at page 171 of the Board's Rules.

বঙ্গপ্রভৃতি দেশের রেবিনিউ বোর্ডের সরক্যুলর অডর

১৮৬৭ সাল। মার্চ মাস।

৫ নম্বর।

অচিহ্নিত কার্য্যকারকদের পেনস্যনের বিধিমতে পেনস্যন পাইবার প্রার্থনা হইলে বোর্ডের বিধি পুস্তকের ১৭১ পৃষ্ঠার B চিহ্নিত ক্রোড়পত্রে যে পাঠ নির্দ্দিষ্ট হইয়াছিল সেই পাঠে প্রার্থনা পত্রে লেখা যাইত, এইক্ষণে সুপ্রীম গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে তৎপরিবর্ত্তে নিম্নলিখিত রেজিষ্টরের পাঠ ব্যবহার করিতে হইবে, যথা,

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৭। ২৩ আপ্রিল।]

Statement of particulars relating to the claim to pension of   *on the Establishment of*

1	2				3				4	5	6	7
Name of applicant, sect or caste and residence.	Specification of the several offices held, and the salary drawn in each appointment.	Years.	Months.	Days.	Statement of causes and duration of each break in the period of service.	Years.	Months.	Days.	Personal identification and age at the time of application.	Average monthly pay during the last five years of service. Proposed amount of pension. Place of payment.	Abstract of the grounds of application.	Remarks by the Head of the Office.
									Complexion.			
									Any prominent marks.			
	Total ...	0	0	0					*Height.*			
	Deduct.—Periods of absence on leave other than on privilege, preparatory, and casual leave.				*Note.*—In the cases of break caused by abolition of office, it must be stated whether gratuity was allowed on the occasion of such abolition and if so, whether it was refunded on re-employment.				Feet. Inches.			*Note.*—The character borne by the applicant must be stated, and if the maximum rate of pension is proposed, it must be certified whether the service has been of a meritorious nature, and approved by his superiors.
	Net service ...	0	0	0					*Age.*			
	Note.—The dates of commencement and termination of each office must be stated.								Yrs. M. D.			

—————186 . }

Signature of Head of Office.
Designation of Head of Offic

অমুক স্থানের অমুক কার্য্যালয়ের কর্ম্মকারক শ্রী অমুকের পেন্স্যান পাইবার দাওয়ার বৃত্তান্ত।

১	২				৩				৪	৫	৬	৭
প্রার্থকের নাম ও জাতি কি ধর্ম্ম ও বাসস্থান।	যেং পদে কর্ম্ম করিয়াছেন ও প্রত্যেক পদে যে বেতন পাইলেন।				কর্ম্ম করিবার সময় ভঙ্গ হইলে যে কারণে ও যত দিন ভঙ্গ হয়।				প্রার্থনা কালে প্রার্থকের পরিচয়ার্থক চিহ্ন ও বয়স।	গত পাঁচ বৎসর অবধি গড়ে মাসিক বেতন। যত পেনস্যান দিবার প্রস্তাব হয়। যে স্থানে দিতে হইবে।	যে হেতুতে প্রার্থনা হয় তাহার সার।	কার্য্যালয়ের প্রধান কর্ম্মকারকের মন্তব্য কথা।
		বৎসর	মাস	দিন		বৎসর	মাস	দিন	বর্ণ			
	মোট ...	০	০	০					কোন বিশেষ চিহ্ন।			মন্তব্য।—প্রার্থকের রীতি চরিত্র লিখিতে হইবে। যদি উচ্চতম হারের পেনস্যান দিবার প্রস্তাব হইয়া থাকে, তবে তাঁহার কর্ম্ম প্রশংসা যোগ্য ও উপরিস্থ কার্য্যকারকদের সন্তোষজনক ইহা জানাইতে হইবে।
	অনুগ্রহের ছুটী ও প্রস্তুত হওনার্থে ও নৈমিত্তিক ছুটী ভিন্ন যে ছুটী প্রযুক্ত কর্ম্মে অনুপস্থিত হন তাহা বাদ দিলে				মন্তব্য।—পদ উঠাইয়া দেওয়া প্রযুক্ত যদি কর্ম্মের ভঙ্গ হয়, তবে সেই সময়ে পারিতোষিক দেওয়া গিয়াছিল কি না। যদি দেওয়া গিয়া থাকে, তবে পুনশ্চ কর্ম্ম পাইলে সেই টাকা ফিরিয়া দেওয়া গেল কি না, ইহা লিখিতে হইবে।				লম্বা।			
	যত দিন কর্ম্ম করিলেন ...	০	০	০					যত ফুট যত ইঞ্চি।			
	মন্তব্য। প্রত্যেক পদের কর্ম্ম যে তারিখে আরম্ভ হয় ও যে তারিখে শেষ হয় তাহা লিখিতে হইবে।								বয়স। বৎসর মাস দিন।			

সাল তাং

কার্য্যালয়ের প্রধান কার্য্যকারকের স্বাক্ষর।
কার্য্যালয়ের প্রধান কার্য্যকারকের পদের খ্যাতি।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৬৭। ২০ আপ্রিল।]

No. 6.

The accompanying correspondence* relative to the preparation of a monthly return of rainfall and temperature in the several Districts of Bengal, is circulated for general information.

2. Commissioners are requested to forward to the Board regularly in future a copy of this Return as soon as it is received by them from the District Medical Officers within their respective Divisions.

From Board to Government,—(No. 4764B., dated the 7th November 1866.)

Under Government Order No. 43, dated 21st January 1846, which was based on a Despatch* from the Court of Directors, Collectors were required to submit Annual Reports on the prospects of the havest, and, to enable them to furnish statistics of the rainfall and weather, pluviometers and thermometers were supplied to them in 1847.

* No. 14 of 1845.

উক্ত ভূমির উত্তর সীমা ইমামবকসের যোত ভূমি, পূর্ব্ব সীমা আশরফ ও দৌলতের যোত ভূমি ও খানা, পশ্চিম ও দক্ষিণ সীমা ঘোড়দৌড়ের স্থান।

২। উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক আছে তাঁহাদের জ্ঞানার্থে ১৮৫৭ সালের ৬ আইনের বিধানমতে এই সংবাদ প্রকাশ করা গেল।

Declaration under Section 2, Act VI. of 1857.

The 12th April 1867.—Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken up by Government at the public expense, for a public purpose, *viz.*, for the accommodation of the Police Inspector's Bungalow at Govindpore, Zillah Maunbhoom, it is hereby declared that, for the above purpose, a piece of land is required, measuring about five beegahs and ten cottahs, situated at Kurmahtaur, Pergunnah Nogurkiaree, near the Bungalow of the Assistant Commissioner of Govindpore, and being bounded as follows :—

East.—Mâl cultivated land in possession of Gopal Mea and Chergoo Mea of Kurmahtaur.

North.—Mâl Paddy-field in possession of Shojan Mea and Chergoo Mea of Kurmahtauz waste land.

১৮৫৭ সালের ৬ আইনের ২ ধারামতের বিজ্ঞাপন।

১৮৬৭ সাল ১২ আপ্রিল—বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব অবগত হইয়াছেন যে রাজকীয় কার্য্যার্থে অর্থাৎ মানভূম জিলার অন্তর্গত গোবিন্দপুরে পোলীস ইনিস্পেক্‌টরের বাসের নিমিত্তে বাঙ্গলা ঘর প্রস্তুত করণার্থে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্টের ভূমি লওয়া আবশ্যক, অতএব সংবাদ দেওয়া যাইতেছে যে পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে নগরকেয়ারি পরগনার কর্ম্মাহতরস্থ গোবিন্দপুরের আসিষ্টাণ্ট কমিসনরের বাঙ্গলার নিকট ৫৷৷০ কাঠা ভূমির প্রয়োজন। উক্ত ভূমির সীমা এইং—

পূর্ব্ব সীমা—কর্ম্মাহতরের গোপাল মিয়া ও চেরগু মিয়ার অধিকৃত কর্ষিত মালের ভূমি।

উত্তর সীমা—কর্ম্মাহতর পতিত ভূমির শোজান মিয়া ও চেরগু মিয়ার অধিকৃত মালের ধানের ভূমি।

West.—Ditto Assistant Commissioner's Bungalow and garden, table land in front of the Assistant Commissioner's Bungalow.

পশ্চিম সীমা ঐ আসিষ্টাণ্ট কমিস্যনরের বাঙ্গল ঘর ও বাগান, আসিষ্টাণ্ট কমিস্যনরের বাঙ্গলার সম্মুখস্থ সমান ভূমি।

South.—Ditto Semul tree and cultivated land in possession of Shahaban Mea of Kurmahtaur.

দক্ষিণ সীমা ঐ সিমুল গাছ, ও কর্ম্মাহতরের শাহবান মিয়ার অধিকৃত কর্ষিত ভূমি।

2. This Declaration is made, under the provisions of Section 2, Act VI. of 1857, to all whom it may concern.

২। উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক আছে তাঁহাদের জ্ঞানার্থে ১৮৫৭ সালের ৬ আইনের ২ ধারার বিধানমতে এই সংবাদ প্রকাশ করা গেল।

S. C. BAYLEY,
Offg. Secy. to the Govt. of Bengal.

এস সি বেলী,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটারী।

GOVERNMENT ADVERTISEMENTS.

গবর্ণমেণ্টের ইশ্তিহার।

LAND ADVERTISEMENTS.

ভূমিবিষয়ক ইশ্তিহার।

জিলা ২৪ পরগনা।

এস্তেহারনামা কাছারি কালেক্টরি জেলা ২৪ পরগনা এই যে।

সন ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারামতে সংবাদ দেওয়া যাইতেছে যে জেলা চব্বিশপরগনার নীচের লিখিত মহালাত মালগুজারির বাকী বাবৎ ইংরাজী সন ১৮৬৭ সালের ২ মে ঐ জেলার কালেক্টরি কাছারিতে বিনা ওজর নীলাম ধরা যাইবেক ইংরাজী সন ১৮৬৭ সাল তারিখ ১০ আপ্রেল।

প্রথম শ্রেণীর ইস্তমুরারি জমা ধার্য্যহওয়া মহাল।

১৪ নং কীং পরগনে মাগুরাওং কীং চেতলাওং লিখিত মালিক রাধাচরণ রায়ওং সদর জম কোং ৭৯৭৩৸৫৸

৩৯৩ নং কীং পরগনে আজীমাবাদ ভুদা মাধবপুর সদর জমা কোম্পানি ১২৭৬৭॥৶৩ টাকা মধ্যে সন ১৮৫৯ সালের ১১ আইনের ১০ ধারামতে শ্রীনাথ বসুর রকম ।।০ আট আনার কাত সদর জমা কোম্পানি ৬৩৮৩৸/৭॥ টাকার মহাল ২৫৯৬৩ টাকা বাকী আদায় জন্য নীলাম বিক্রয় হইবেক।

৬০৫ নং কীং পরগনে ভালুকা কীং ভালুকা সদর জমা মায় পুলিস কোং ১৪৯৪৩৸৶৮ টাকা মধ্যে সন ১৮৫৯ সালের ১১ আইনের ১০ ধারামতে ।/১০৶৯॥৶ আনার কাত ৫১৪৪৶৫ টাকার মহাল সতন্ত্র হিস্যা স্থাপিত হওয়ায় এবং উহারা বাকী আদায় করায় অবশিষ্ট রকম ॥৵৯৸/১০।/ আনা গৌরীচরণ ঘোষওগয়রহ সদর জমা কোং ৯৭৯৯৸৩ টাকার মহাল ২৮॥/৫ টাকা বাকী আদায় জন্য নীলাম বিক্রয় হইবেক।

A. SMITH,
Collector.

জিলা মালদহ।

ইস্তাহারনামা কাছারী কালেক্টরী জিলা মালদহ এই যে।

সন ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারানুযায়ি সংবাদ দেওয়া যাইতেছে যে নিম্নের লিখিত মহালের ১৮৬৬।৬৭ সালের নাগাএদ কিস্তী মার্চের বাকী রাজস্ব রেবিনিউ বোর্ডের নির্দ্ধারণ করা ১৮৬৭ সালের ২৮ মার্চ সূর্য্যাস্ত পর্য্যন্ত দাখিল না হওয়ায় তাহা আদায় জন্য কথিত মহাল ইংরাজী ১৮৬৭ সালের ২৯ এপ্রেল মোতাবেক বাঙ্গলা সন ১২৭৪ সালের ১৭ বৈশাখ রোজ সোমবার এই কালেক্টরী কাছারীতে নীলামে ধরা যাইবেক ও নিতান্তই বিক্রয় হইবেক সন ১৮৬৭ ইং তারিখ ২ এপ্রেল মোতাবেক সন ১২৭৩ সাল তারিখ ১৯ চৈত্র।

তফসীল।

প্রথম শ্রেণীর এস্তমুরারি জমা ধার্য্য হওয়া মহাল।

নং ১৫৮ তৌজী।

কিসমত ॥৵ আনা তরফ মহিন্দ্রপুর পরগনে একবরপুর মালিক ঈশ্বরচন্দ্র চৌধুরী ও ধুম্মন খাঁ ও উমর ইয়ার খাঁ সদর জমা ১১৭১৶০

J. H. RAVENSHAW,
Collector.

MALDAH,
The 1st April 1867.

জিলা বাকরগঞ্জ।

এস্তাহারনামা কাছারি কালেক্টরি জিলা বাকরগঞ্জ।

সংবাদ দেওয়া যাইতেছে যে সন ১৮৫৯ ইং ১১ আইনের বিধিমতে সন ১২৭৩ সালের ইজারা মহালের নাগাএদ কিস্তী মাঘের বাকী খাজানা ও অন্যান্য দাওয়ার টাকা যাহা বাকী রাজস্বের ন্যায় আদায় হয় তাহা আদায়ের শেষ দিবস সন ১৮৬৭ ইং ২৮ মার্চ মোতাবেক সন ১২৭৩ সালের ১৫ চৈত্র রোজ বৃহস্পতিবার নির্দ্ধারিত থাকায় ঐ দিবস সূর্য্যাস্তের পূর্ব্বে নীচের লিখিত মহালের দাওয়ার টাকা আদায় না হওয়াতে ঐ সকল মহাল নীলাম করা শ্রয় হইয়া উক্ত আইনের ৬ ধারার বিধিমতে এস্তাহার দেওয়া যাইতেছে যে সন ১৮৬৭ ইং ২৯ আপ্রিল মোতাবেক ১২৭৪ সালের ১৭ বৈশাখ রোজ সোমবার অত্র কালেক্টরি কাছারিতে নীলামে ধরা যাইবেক ও বিনাবাধায় বিক্রয় হইবেক সন ১৮৬৭ ইং ৬ আপ্রিল তাং চৈত্র রোজ শনিবার।

শ্রেণীর নম্বর	মহালের শ্রেণী	জেলার তৌজীতে মহালের নং	নাম মহাল	মহালের মালিক	সদর জমা লাং ১২৭৩	বাকী পাওনা সরকার লাং কিং মাঘ ১২৭৩	কৈং
১	এস্তমুরারি জমা ধার্য্য না হওয়া মহল।	৪৫৫০	ছম্মর্গ ওম্মেদখা পরগনা কুকুমা থাগদোল।	গোপীচন্দ্র চক্রবর্ত্তি বৃন্দাবনচন্দ্র চক্রবর্ত্তি গোবিন্দচন্দ্র চক্রবর্ত্তি সরৎ অলি মহাকেজে কামিনীমোহন চক্রবর্ত্তি ও আশুতোষ চক্রবর্ত্তি নাবালগগণ কালীচন্দ্র সর্ন সেন সরৎ ও অলি মহাকেজে অম্বিকাচরণ সেন অন্নদাচরণ সেন ও গোবিন্দচন্দ্র সেন নাবালগগণ ও জানকী।	৬৩১৮।০ রাস্তা খরচ ৬৩৶০ ——— ৬৩৮১।৶০ ইহার জায় বনাম	২০৭৫।৪	মহালমজুকুরে পঞ্চম ঘরের লিখিত ব্যক্তিগণের যে স্বত্ব সম্পর্ক তাহা নীলাম হইবেক।
ঐ		৫৮৪৩	জালালপুর পরগনা কালকিলি চর চতুর্থ তঃ ওং।	রামদুল্লভ চক্রবর্ত্তি গৌরমোহন চক্রবর্ত্তি শিবসুন্দরী দেব্যা রামনারায়ণ শাহা রাধানাথ শাহা ও তৈয়ন্নেছা বিবি তাজন্নেছা বিবি সেতারা বেগম ও পার্ব্বতী গুহ মির ছোচন আলী ও কালীশঙ্কর গুহ বজ্রচন্দ্র গুহ ও ওমরাও খানম এরাদ্দতন্নেছা বিবি আনওয়ার গাজী সৈদ বেণীঅদ্দীন ওছি ও আকছুবন্নেছা খাওন ও আকুসেন্নেছা খাওন ও বৈকুণ্ঠরাম শাহা রায় ও ও রত্নমণী।	৫৯৮০৸৶৪ মালিকানা ৬৬৪৷৷/০ রাস্তা খরচ ৭৭৷০ ——— ৬৭২২৷৷৶৪	২০০০৲ ২০৯৸৶১১ ০ ——— ২২০৯৸৶১১	ঐ
		৫০৮৭	চাকমইয়া আবাদ।	মেং ইগনি সীওজ পিটর দিছিনবা শাহা ও রামকৃষ্ণ কপালি ও দেবী গোলাম সিংহ ও বৃন্দামণী গোবিন্দচন্দ্র শাহা ও রহমদী আহম্মদ চৌধুরী ও মির গহর আলী ও মির এজকত আলী।	৫৮৭।/৯ রাস্তা খরচ ৫৸৶৩ ——— ৫৯৩.০	২৭।৯	

H. C. SUTHERLAND,
Offg. Collector.

জিলা দিনাজপুর।

এস্তাহানামা কাছারি কালেক্টরি জেলা দিনাজপুর।

১৮৫৯। ১১ আইনের ৬ ধারানুযারি ইশ্তাহারা সংবাদ দেওয়া যাইতেছে যে জেলা দিনাজপুরের নীচের লিখা মহাল ১৮৬৭। ২৮ মা তকের বাকী মালগুজারির নিমিত্তক ১৮৬৭ সনের ১ মেই মোং ১২৭৪ সালের ১৯ বৈশাখ রোজ বুধবার এই জেলার কালেক্টরি কাছারিতে নীলাম ধরা যাইবেক ও বিনা বাধাতে বিক্রয় হইবেক।

প্রথম শ্রেণীর ইস্তমুরারি জমা ধার্য্যহওয়া মহাল।

মৌজে মাটীগাড়া ওগয়রহ পঃ শালবাড়ী লিখিত মালিক ভৈরবনাথ সেন ও গদাধর চক্রবর্ত্তি ও মৌলবী সৈয়দ জহুরামা ও আজিজর রহমা ও জহুরন নেছা ও অছিমন নেছা ও নাজিবল নেছা ও রাজমোহন ও জগমোহন ও কৈলাসচন্দ্র নেউগী ও মেনকাসুন্দরী গুপ্তা মাদরে অলি পক্ষে গোবিন্দচন্দ্র ও উমেশচন্দ্র নেউগী নাবালগ সদর জমা ৪৬২৯।৩। পাই।

কৈঃ।

এই মহালের ।।০ আনার মালিক রাজমোহন ও জগমোহন ও কৈলাসচন্দ্র নেউগী ও মেনকাশুন্দরী গুপ্তা মাদরে অলি পক্ষে গোবিন্দচন্দ্র ও উমেশচন্দ্র নেউগী নাবালগ এবং তাহার সদর জমা ২৩১৪।।৶১।। পাই হয় ঐ হিস্যার খাজানার হিসাব ১৮৫৯। ১১। ১০ ধারা মতাবেক পৃথক্ হইয়াছে এইক্ষণ উক্ত হিস্যার নাগায়েদ ২৮ মার্চ তকের বাকী রাজস্ব ৯০৭৲ টাকা কারণ নীলামে ধরা গেল ইতি।

সন ১৮৬৭ ইং তারিখ ৫ আপ্রেল।

J. P. GRANT,
Offj. Collector.

জিলা ঢাকা।

১৮৫৯ সনের ১১ আইনের ৬ ধারাক্রেমে ইস্তাহারায় সংবাদ দেওয়া যাইতেছে যে ঢাকা জেলার নীচের লিখিত মহাল ১৮৬৭ সনের ২৮ মার্চপর্য্যন্ত বাকী মালগুজারির নিমিত্তে এবং চলিত আইন ও আক্টের দ্বারায় অন্যান্য যেহ দাওয়া বাকী মালগুজারির ন্যায় আদায় হইবার হুকুম আছে তাহার নিমিত্তে ১৮৬৭ সনের ৩ মে মোং ১২৭৪ সনের ২১ বৈশাখ এই জেলার কালেক্টরি কাছারিতে নীলামে ধরা যাইবেক ও বিনা বাধাতে বিক্রয় হইবেক ইতি সন ১৮৬৭ ইং তারিখ ৯ আপ্রিল মোং সন ১২৭৩ বাং তারিখ ২৮ চৈত্র।

প্রথম শ্রেণী। ইস্তমুরারি জমা ধার্য্য হওয়া মহাল।

৮৬৬০ নং তপ্পে আমিরাবাদ। ২৩৪ মহাল মালিক গোবিন্দচন্দ্র দত্ত ও কালীচরণ পাল সদর সদর জমা ... . ৭৫২।।৶১।।

রাস্তাখরচ .. ৭।।৴০

A. L. CLAY,
Offg Collector.

No. 2.

LAND SALE NOTICE.

NOTICE is hereby given under Section VI of Act XI of 1859, that the undermentioned estate, in Zillah Moorshedabad, will be put up to public and unreserved sale at the Collector's Office of that District on Saturday, the 27th April 1867, corresponding with the 15th Bysakh 1274 B. S., for arrears of revenue and other demands which, by the Regulations and Acts in force, are directed to be realized in the same manner as arrears of revenue due on the 28th March 1867.

Class I.—Permanently settled Estate.

No. 9,—Kismut Kassipore, Pergunnah Kissipore; recorded proprietors Kassinath Chowdhree and others; Sudder jummah Rupees 8,074-3, exclusive of the shares of Baboo Rajkissen Sen and Chundra Mookhee Dossyah, paying Government revenue amounting to Rupees 933-4.

H. HANKEY,
Offg. Collector.

MOORSHEDABAD COLLECTOR'S OFFICE;
The 2nd April 1867.

[*Government Gazette, 23rd April* 1867.]

জিলা মুরশিদাবাদ।

ইস্তাহার দেওয়া যাইতেছে যে সন ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারার মর্ম্মানুযায় জেলা মুরশীদাবাদ সংক্রান্ত নিম্নলিখিত মাহাল সন ১৮৬৭ সালের নাগাএদ কিস্তি মার্চের রাজস্বের বাকী আদায় কারণ সন ১৮৬৭ সালের ২৭ আপ্রেল মোতাবক সন ১২৭৪ সালের ১৫ বৈশাখ শনিবার জেলা মুরশিদাবাদের কালেক্টরির কাছারিতে অব্যর্থ নীলাম হইবেক ইতি সন ১৮৬৭ সাল ১ আপ্রেল।

শ্রেণীর নম্বর	মহালের প্রকরণ	তৌজির নম্বর	নাম মাহাল	নাম তালুকদারান	সদর জমা	তারদাদ রকম যাহা নীলাম হইবেক
১	প্রথম শ্রেণীর মহাল	৯	কিঃ পঃ কাশীপুর পরগণে কাশীপুর	কাশীনাথ চৌধুরী শুভদ্রা নিত্যকালী ভুবনেশ্বরী কমলমুণী সর্ণময়ী ভোলানাথ তারিণীপ্রসাদ তারাশুন্দরী মন্মোহন ঘোষ ঈশানচন্দ্র রায় শ্যামাচরণ ভট্ট সিবশুন্দরী রাজকিশোর সেন ও চন্দ্রমুখী দাস্যা	৮০৭৪৶ বাদ এই জমার মধ্যে রাজকিশোর সেন সন ১৮৫৯ সালের ১১ আইনানুসারে আপনাংশ রকম ১৮।৶১৭।। গণ্ডার পৃথক হিসাব করিয়া লয় সদর জমা ৪৬৬।।৵০ বাদ চন্দ্রমুখী দাস্যা উক্ত আইনানুসারে আপনাংশ রকম ১৮।৶১৭।। গণ্ডার পৃথক হিসাব করিয়া লয় জমা ৪৬৬।।৵০ ——— ৯৩৩।০ বক্রী ৭১৪০৸৶০	রাজকিশোর সেন ও চন্দ্রমুখী দাস্যার অংশ বাদে অন্যান্য সরিকানের অংশ নীলাম হইবেক।

H. Hankey,
Offg. Collector.

জিলা ত্রিপুরা।

ইস্তেহারনামা কাছারী কালেক্টরী জিলে ত্রিপুরা।

সন ১৮৫৯ সনের ১১ আইনের ৬ ধারাক্রমে ইহার দ্বারায় সংবাদ দেওয়া যাইতেছে যে জিলা ত্রিপুরার নিম্নলিখিত মহাল সন ১৮৬৭ সালের নাগায়েত ২৮ মার্চের তলবের সরকারী বাকী মালগুজারি আদায়ের নিমিত্তে ১৮৬৭ ইং ২৭ আপ্রেল মোতাবেক সন ১২৭৪ বাঙ্গলার ১৫ বৈশাখ রোজ শনিবার দিবা দুই প্রহরের পর অত্র জিলা ত্রিপুরার কালেক্টরী কাছারীতে নীলামে ধরা যাইবেক ও বিনা আপত্তে বিক্রয় হইবেক ইতি সন ১৮৬৭ ইং ৩ আপ্রেল।

দ্বিতীয় শ্রেণীর মেয়াদি ইজারা বন্দোবস্তী মহাল।

নম্বর রেজেষ্টরী	নাম মহাল	নাম মালিক	সদর জমা	বাকী	
২৬	পঃ কামরাপুর ১০৯ নং চর গঙ্গাপ্রসাদ।	রাধামাধব রায় ও আনন্দচন্দ্র রায় ও গোলোকচন্দ্র রায় রামকৃষ্ণ রায় মদনগোপাল রায় হরনারায়ণ রায় রাজচান্দ রায় চৌধুরী শ্রীমতী জয়দুর্গা চৌধুরাইন মির হাশপ আলী চৌধুরী মির নওয়াব আলী চৌধুরী মাহাম্মদ জমিরউদ্দীন চৌং মাহাম্মদ মকিম চৌং শ্রীমতী আমিনা বিবি শ্রীমতী মাণিক বিবি আকবর আলী চৌধুরী।	৬২৮।৴১	১৯৬৶	এই মহাল বাকীদারানের কাএমি বন্দোবস্তের স্বত্ব থাকায় কামাল আবাদ না হওয়াতে মেয়াদি বন্দোবস্ত হইয়া ১২৭৮ সালাবধি ৬৫৬৶৬ পাই রশদী জমা অবধারিত হয় ১২৮২ সন পর্য্যন্ত বন্দোবস্তের মেয়াদ আছে বাকীদারানের যে সমুদয় স্বত্ব এই মহালে ছিল তাহা নীলামখরিদারান প্রতিও বর্ত্তিবেক।

F. G. Millett,
Collector.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৭। ২৩ আপ্রিল।]

INSOLVENT COURT.

Court for the Relief of Insolvent Debtors at Calcutta.

In the Matter of RADHANATH DUTT, an Insolvent.

Notice is hereby given, that Saturday, the 4th day of May next, is appointed for further hearing in this matter for the purpose of declaring a dividend, and that an Account in detail of the Receipts and Disbursements of the Assignee from the 1st day of January 1864, until the 5th day of April instant, has been filed and may be inspected in the Office of the Chief Clerk. Any Creditor or other person interested, who may intend to establish or oppose any claim upon the Estate of the said Insolvent, will be heard. Notice having been given at the Office of the Chief Clerk three clear days before the hearing.

OFFICIAL ASSIGNEE'S OFFICE, *Calcutta*, 17*th April* 1867.

The like notice in the matter of GREGORY PAUL JORDAN, an Insolvent, wherein the Account of the Assignee is filed from 31st May 1866 to 5th April instant.

যোত্রহীনের আদালত।

কলিকাতা যোত্রহীন ঋণিদের উপকারার্থ আদালত।

যোত্রহীন রাধানাথ দত্তের বিষয়ে।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে ডিবিডেণ্ড প্রকাশ করিবার নিমিত্তে ঐ বিষয়ের পুনশ্চ শুনানির জন্যে আগামি মে মাসের ৪ তারিখ শনিবার নির্দ্ধারিত হইয়াছে, এবং ১৮৬৪ সালের জানুআরি মাসের ১ তারিখঅবধি বর্ত্তমান আপ্রিল মাসের ৫ তারিখপর্য্যন্ত আসৈনি সাহেবের জমাখরচের বিস্তারিত হিসাব দাখিল করা গিয়াছে, ও প্রধান ক্লার্ক সাহেবের কার্য্যালয়ে তাহা দেখা যাইতে পারে। যে কোন মহাজন কি এবিষয়ে লিপ্ত অন্য যে কেহ উক্ত যোত্রহীনের ইষ্টেটের উপর কোন দাওয়া স্থাপন কি প্রতিবন্ধকতা করিতে চাহেন তিনি শুনানির দিবসের পূর্ব্ব তিন দিন থাকিতে প্রধান ক্লার্ক সাহেবের কার্য্যালয়ে সম্বাদ দিলে তাঁহার কথা শুনা যাইবে।

আসৈনি সাহেবের দফ্তরখানা কলিকাতা, ১৮৬৭ সাল ১৭ আপ্রিল।

যোত্রহীন গ্রিগরি পাল জর্ডন সাহেবের বিষয়ে সেই প্রকারের সংবাদ দেওয়া যাইতেছে, তাহাতে ১৮৬৬ সালের মে মাসের ৩১ তারিখঅবধি বর্ত্তমান আপ্রিল মাসের ৫ তারিখপর্য্যন্ত আসৈনি সাহেবের হিসাব দাখিল করা গিয়াছে।

কলিকাতা বাঙ্গাল সেক্রেটারীয়েট যন্ত্রালয়ে গবর্ণমেণ্টের জন্যে শ্রীযুত এক জে বার্কো সাহেবকর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত হইল।

গবর্ণমেণ্ট গেজেটের ক্রোড়পত্র

TUESDAY, APRIL 23, 1867.

মঙ্গলবার ১৮৬৭ সাল ২৩ আপ্রিল

বিজ্ঞাপন।

ইহাতে সংবাদ দেওয়া যাইতেছে যে নিম্ন লিখিত বিক্রয়ের বিজ্ঞাপনে যে সকল মহালের উল্লেখ হইল সে সকল মহালে গবর্ণমেণ্টের যে মালিকী স্বত্ব আছে তাহা নিম্ন লিখিত নিয়মের অধীন হইয়া বিক্রয় হইবে।

বিক্রয়ের নিয়ম।

১।—প্রত্যেক মহাল পার্শ্বের লিখিত নির্দ্দিষ্ট সদর জমার অধীন হইয়া যে ব্যক্তি নীলামে প্রথম ডাকের উপর সর্ব্বাপেক্ষা উচ্চ ডাকিবেক তাহাকে দেওয়া যাইবে।

২।—বর্ত্তমান পাট্টা এবং বন্দোবস্তের কার্য্য কি প্রবল আইনহইতে উৎপন্ন স্বত্ব সকল বিক্রয়ের পরে বহাল থাকিবে। রাজস্বের কার্য্যকারকদিগের কৃত জমাবন্দীতে যে২ খোদকস্তা রাইয়ত স্বাক্ষর করিয়াছে ক্রেতারা তাহারদিগের স্বত্ব মানিতে বাধ্য হইবে।

৩।—একশত টাকার অনধিক পণ হইলে সেই সমুদয় টাকা তৎক্ষণাৎ দিতে হইবে।

৪।—একশত টাকার অধিক হইলে ডাক পণের চারি অংশের এক অংশ তৎক্ষণাৎ দাখিল করিতে হইবে বিক্রয়ের দিবস এক দিন বলিয়া গণনা করিলে বিক্রয়ান্তর পঞ্চদশ দিনের মধ্যাহ্ণ কালে, কিম্বা সেই দিবস বন্দের দিন হইলে তৎপরে প্রথম যে দিন কাছারী খোলা যায় সেই দিনের মধ্যাহ্ণ কালে, যদি অবশিষ্ট টাকা দাখিল না হয়, তবে বিক্রয় রহিত ও গচ্ছিত টাকা গবর্ণমেণ্টে জব্দ হইবে, ও প্রথম স্থলীয় বিক্রয়ের ন্যায় পুনর্ব্বার বিজ্ঞাপন প্রকাশ করণপূর্ব্বক ঐ ত্রুটিকারি ক্রেতার ঝুঁকিতে সেই মহাল পুনর্ব্বার বিক্রয় হইবে।

৫।—মহালের উপর যে সামান্য সদর জমা ধার্য্য হইয়াছে ক্রেতারা তদতিরিক্ত রাস্তা প্রস্তুত ও গমনা-গমনের সুবিধার নিমিত্ত করও দিতে বাধিত হইবেন। তাঁহারা যে তারিখঅবধি ক্রীত মহাল দখল করেন সেই তারিখঅবধি সদর জমার উপর শতকরা এক টাকার হিসাবে ঐ কর ধার্য্য হইবে। ঐ কর বাকী রাজস্বের ন্যায় আদায় হইতে পারিবে।

রেবিনিউ বোর্ডের আজ্ঞাক্রমে,

আর বি চাপমান,
সেক্রেটারী।

নীলামের ইশ্‌তিহার।

জিলা যশোহর।

এস্তাহারনামা কাছারি কালেকটরি জিলা যশর।

ইহাতে সংবাদ দেওয়া যাইতেছে যে যশর জেলার মধ্যবর্ত্তী পশ্চাৎ লিখিত মহালে গবর্ণমেণ্টের মালিকি স্বত্ব ইঙ্গরেজী ১৮৬৭ সালের মে মাসের ৮ তারিখে মোতাবেক বাঙ্গালা সন ১২৭৪ সালের বৈশাখ মাসের ২৬ তারিখ জেলা যশহরের কালেক্টরিতে বিক্রয় হইবে।

এই সকল মহাল যে ব্যক্তিরা ক্রয় করেন তাঁহারা এই ক্রোড় পত্রের শিরোভাগে রেবিনিউ বোর্ডের সেক্রেটারী সাহেবের স্বাক্ষরিত বিক্রয়ের নিয়মের অধীনে থাকিবেন।

রাজকীয় মহালের টেকিরিয়তের নম্বর।	জেলার বহীতে নম্বর।	মহাল ও পরগনার নাম।	যত একর পরিমাণ	সদর জমা।			নীলামের প্রথম ডাক।	মন্তব্য কথা।
				মালগুজারী রাজস্ব।	রাস্তার টাক্স।	মোট।		
			এ রু পো					
৬২	৫১৭১	পং মাহামুদ সাহী কিং কামারকুণ্ড ..	২।২।২৩	৪৲	/০	৫/০	৮৲	
১৫১	৪৪৪৬	নেমক খালাড়ি বড়দিয়া পং মধুদিয়া ...	১৪।৩।১৫	২৪।৶০	।০	২৪॥৶০	৪৪৸৵০	
১৬০	৫১৯৯	পং সাহাউজিয়াল কিং বারো বাজার ...	১।৩।৮	২৸৶০	/০	৩৲	৫৸৵০	
১৬১	৪৮০৮	নেমক মহাল হাবড়িয়া গোলা কিং রজাকপুর পং মল্লাই ...	১১।১।৩	২২৲	।০	২২।০	৫৫৲	
১৬২	৫৯১০	নেকম মহাল হাবড়িয়া গোলক বিলতলা পং ঐ ..	০।১।১৮					এই মহাল নিষ্করক্রমে বিক্রয় হইবেক।

J. MONRO,
Offg. Collector.

জিলা নদীয়া।

এস্তেহারনামা কাছারি কালেক্টরী জেলা নদীয়া।

ইহার দ্বারায় ঘোষণা করা যাইতেছে যে নীচের লিখিত ইষ্টেট সমস্ত যাহা নদীয়া জেলার মধ্যে আছে ঐ সকল ইষ্টেটে গবর্ণমেণ্টের মালিকী স্বত্ব জেলা নদীয়ার কালেক্টরী কাছারীতে সন ১৮৬৭ সালের ৩০ এপ্রেল মোতাবেক সন ১২৭৪ সালের ১৮ বৈশাখ তারিখে নীলামে ধরা যাইবেক নীলাম খরিদারগণ মহামান্য বোর্ড রেবিনিউর সেক্রেটর সাহেবেকর্ত্তৃক এই মুটিশের উপরি ভাগে যে সমস্ত নিয়ম প্রকটিত হইয়াছে তাহার অধীন হইবেন ইতি সন ১৮৬৭ সাল ১৪ মার্চ।

নম্বর ইষ্টেটের।	নম্বর তৌজি।	নাম ইষ্টেট ও পরগনা।	একর পরিমাণ ভূমি।	গবর্ণমেণ্ট রেবিনিউ। রেবিনিউ যাহা ধার্য্য হইয়াছে।	রোড ফণ্ড।	জমা মোট।	কৈফিয়ৎ।
১০০	১৮৬৩	ভাণ্ডারপুর পং চাং কৃষ্ণনগর ...	৪।৩।২৮	৫।।/৪	৵২১	৫।।৶৩	উচ্চ ডাকনিয়াকে বর্ত্তমান জমার বিক্রয় হইবে।
১৮৬	২২০৯	পালিত পাড়া পং মামজওয়ানী ...	১৮।২।২৪	২৩।৶৯	৶০	২৩।।৶৯	ঐ

H. Bell,
Collector.

জিলা পাবনা

ইশ্‌তাহার নামা কাছারি কালেক্টরী জেলা পাবনা।

ইহাতে সংবাদ দেওয়া যাইতেছে যে জেলা পাবনার মধ্যবর্ত্তি পশ্চাৎ লিখিত মহালে গবর্ণমেণ্টের মালিকী স্বত্ব ১৮৬৭ সালের ২৩ আপ্রিল মোতাবেক ১২৭৪ সালের ১১ই বৈশাখ মঙ্গলবার জেলা পাবনার কালেক্টরীর কাছারিতে বিক্রয় হইবেক ইতি।

এই মহাল যে ব্যক্তিরা ক্রয় করিবেন তাঁহারা ক্রোড়পত্রের শিরোভাগের লিখিত নিয়ম ও নিম্নলিখিত অতিরিক্ত নিয়মের অধীন থাকিবেন, যথা;—

চলিত ইজারা বন্দবস্তের ম্যাদ অতিত হইবার তারিখ হইতে খরিদজারি হইবেক।—১৮৬৭ সালের ১২ মার্চ ম তাবেক ১২৭৩ সালের ২ চৈত্র।

ষ্টেটমেণ্টের নম্বর।	জেলার তৌজীর নম্বর	মাহাল ও পরগনার নাম।	একরের পরিমাণ। এঃ রুঃ পোঃ	সদর জমা। ধার্য্য হওয়া সদর জমা।	স্কুল ফণ্ড।	মোট জমা।	নীলামের প্রথম ডাক।	কৈফিয়ত।
	১০৭০	চর আলুকদিয়া ওরফে বৈষ্ণবী পং ...	১০৫২	৮৫৩।।৶৭	৮।।৭	৮৬২৶২	১৭০৭।/২	১২৭৫ সালের ১লা বৈশাখ হইতে খরিদজারি হইবেক।

W. V. G. Tayler,
Collector.

জিলা হুগলি।

এস্তাহারনামা কাছারি কালেক্টরি জেলা হুগলি।

এতদ্দ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে হুগলি জিলার অন্তর্গত নিম্ন লিখিত খাস মহালের গবর্ণমেন্টের মালিকত্ব স্বত্ব ১৮৬৭ সালের ৮ই মে মোতাবেক বাঙ্গলা ১২৭৪ সালের ২৬সে বৈশাখ বুধবার এই জিলার কালেক্টরি কাছারিতে নীলাম হইবেক।

এই মহাল যে ব্যক্তি ক্রয় করিবেন তিনি এই ক্রোড়পত্রের শিরোভাগে রেবিনিউ বোর্ডের সেক্রেটর সাহেবের স্বাক্ষরিত বিক্রয়ের নিয়মের অধীনে থাকিবেন ইতি ১৮৬৭। ১০ই আপ্রিল।

তৌজীর মহালের নম্বর।	জিলার বহীর নম্বর।	মহাল ও পরগনার নাম।	ভূমির পরিমাণ।	সদর জমা।			নীলামের অগ্রিম টাকা	মন্তব্য।
				নিদ্ধারিত রাজস্ব।	রোড ফণ্ড	মোট।		
			এঃ রূঃ পঃ					
৪৩	২২০৪	চাকরান জগন্নাথপুর পং বালিয়া	৬। ৩। ০	১৬৲৬	৵৬	১৬৶০	৩২।৵০	১২৭৪ সালের ১লা বৈশাখহইতে খরিদদারের স্বত্ব জন্মিবেক বার্ষিক ১৬৶০ টাকা রাজস্ব সরকারে নিয়মমত দিতে খরিদদার বাধ্য হইবেন।

G. S. PARK,
Offg. Collector.

বাঙ্গাল সেক্রেটারিয়েট যন্ত্রালয়ে শ্রীযুত এফ জে বার্লো সাহেবকর্তৃক মুদ্রিত ও প্রকাশিত হইল।

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, APRIL 30, 1867.

মঙ্গলবার ১৮৬৭ সাল ৩০ আপ্রিল।

GOVERNMENT OF BENGAL.

LEGISLATIVE DEPARTMENT.

THE following Bill, as settled in the Council of the Lieutenant-Governor of Bengal for making Laws and Regulations on the 13th April 1867, is hereby published for general information :—

A Bill for the better regulation of the Police in Towns and Municipalities in the Territories under the control of the Lieutenant-Governor of Bengal.

[Preamble.]

WHEREAS it is expedient to make better provision for the regulation and maintenance of the Police Force employed in Towns and Municipalities in the Territories under the control of the Lieutenant-Governor of Bengal; It is enacted as follows:—

[Interpretation.]

I. The following words and expressions in this Act shall have the several meanings hereby assigned to them, except where a different intention shall appear from the context, that is to say :—

["Magistrate."]

The word "Magistrate" shall include the Magistrate of a District, or a Magistrate in charge of a Division of a District.

বঙ্গদেশের গবর্ণমেণ্ট।

ব্যবস্থাপন কর্ম্মবিভাগ।

আইনের নিম্নলিখিত পাণ্ডুলিপি আইন ও ব্যবস্থা করণার্থ বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের মন্ত্রিসভায় ১৮৬৭ সালের আপ্রিল মাসের ১৩ তারিখে যেরূপে স্থির করা গিয়াছিল, তাহা সর্ব্বসাধারণের জ্ঞানার্থে প্রকাশ করা যাইতেছে।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের শাসিত দেশের অন্তর্গত নগরের ও মুনিসিপালিটীর পোলীসের অপেক্ষাকৃত সুবিধান করিবার আইনের পাণ্ডুলিপি।

[হেতুবাদ।]

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের শাসিত দেশের অন্তর্গত নগরে ও মুনিসিপালিটীতে যে পোলীসদল নিযুক্ত থাকেন তাঁহাদের ব্যবস্থা ও ব্যয়াদির অপেক্ষাকৃত সুবিধান করা বিহিত, এইহেতুক নিম্নলিখিত বিধান করা যাইতেছে।

[অর্থ করণের ধারা।]

১ ধারা। এই আইনগত নিম্নলিখিত শব্দের কথার যে অর্থ এই ধারাতে করা গেল পূর্ব্বাপর কথার দ্বারা অভিপ্রায়ান্তর প্রকাশ না হইলে ঐ২ শব্দের ও কথার সেই অর্থ হইবে।

"ম্যাজিষ্ট্রেট

"ম্যাজিষ্ট্রেট" শব্দেতে জিলার ম্যাজিষ্ট্রেট কিম্বা জিলার কোন খণ্ডের কর্ত্তৃত্বভারপ্রাপ্ত ম্যাজিষ্ট্রেটরে বুঝাইবে।"

["House."]

The word "House" shall include any shop or warehouse.

["Town."]

The word "Town" shall mean any city, town, suburb, station, or bazar, or union, to which the provisions of Act XX. of 1856, passed by the Governor General of India in Council, shall have been extended, and to which the provisions of Act III. of 1864, passed by the Lieutenant-Governor of Bengal in Council, shall not have been extended.

["Municipality."]

The word "Municipality" shall mean any town, suburb, station, bazar, village, or tract of country to which the said Act III. of 1864 shall have been extended.

[Gender.]

Words importing the masculine gender shall include the feminine.

[Number.]

Words importing the singular number shall include the plural, and words importing the plural number shall include the singular.

[Police in Towns and Municipalities to be appointed under Act V. of 1861.]

II. From and after the commencement of this Act, no Police Chowkeydars shall be appointed, continued, or employed in any Town or Municipality under the provisions of Act XX. of 1856 passed by the Governor General of India in Council, and all Police Officers appointed or employed in any Town or Municipality shall be appointed under the provisions of Act V. of 1861 passed by the Governor General of India in Council, and shall be deemed to be a portion of the Police Establishment under the Local Government of the Lieutenant-Governor of Bengal, and shall, save as hereinafter appears, be subject to the provisions of the said Act V. of 1861.

[Repeal of Clauses.]

III. From and after the commencement of this Act, the various portions of Acts set forth in the Schedule hereto, shall stand and be repealed, except as to any act which shall have been done, or any liability which shall have been incurred, before the passing of this Act, and except so far as they repeal the whole or any part of any other Act, or ordinance, or regulation.

[District Superintendent of Police to prepare a Budget.]

IV. From and after the commencement of this Act, every District Superintendent of Police, on or before the first day of November in each year, shall prepare, in such form as may from

ঘর।'

ঘর" শব্দেতে দোকান ও গোলা গণ্য।

"নগর।"

মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের প্রচলিত ১৮৫৬ সালের ২০ আইনের বিধান যে কোন শহরে কি নগরে কি শাখানগরে কি স্থানে কি বাজারে কি গ্রামসমাহারে বর্ত্তে এবং মন্ত্রিসভাধিষ্ঠিত বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের প্রচলিত ১৮৬৪ সালের ৩ আইনের বিধান যে নগরাদিতে বর্ত্তান যায় নাই, "নগর" শব্দে সেই নগরাদি বুঝাইবে।

'মুনিসিপালিটী।'

১৮৬৪ সালের উক্ত ৩ আইন যে নগরে কি শাখানগরে কি স্থানে কি বাজারে কি গ্রামে কি দেশখণ্ডে বর্ত্তান গিয়াছে মুনিসিপালীটী শব্দে সেই নগরাদি বুঝাইবে।

"লিঙ্গ

পুংলিঙ্গ বোধক শব্দেতে স্ত্রীলিঙ্গ বোধক সেই শব্দ গণ্য।

"বচন

এক বচনান্ত শব্দেতে বহু বচনান্ত সেই শব্দ ও বহু বচনান্ত শব্দেতে এক বচনান্ত সেই শব্দ গণ্য ইতি।

[নগরের ও মনিসিপলিটীর পোলীস ১৮৬১ সালের ৫ আইনমতে নিযুক্ত হইবার কথা।]

২ ধারা। এই আইন প্রচলিত হইবার সময়াবধি পোলীসের কোন চৌকীদার মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের প্রচলিত ১৮৫৬ সালের ২০ আইনের বিধানমতে কোন নগরে কি মুনিসিপলিটীতে নিযুক্ত ও পদস্থ হইবে না ও কর্ম্ম পাইবে না। কোন নগরে কি মুনিসিপালিটীতে পোলীসের যে সকল কার্য্যাকারক নিযুক্ত হন কি কর্ম্ম প্রাপ্ত হন, তাঁহারা মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের প্রচলিত ১৮৬১ সালের ৫ আইনের বিধানমতে নিযুক্ত হইবেন। এবং নিম্নলিখিত যে স্থলে ভাবান্তর দৃষ্ট হয়, সেই স্থলভিন্ন তাঁহারা ১৮৬১ সালের উক্ত ৫ আইনের বিধানের অধীন হইবেন ইতি।

[প্রকরণ রহিত করিবার কথা।]

৩ ধারা। এই আইন প্রচলিত হইবার সময়াবধি আইনের যে২ অংশ ইহার তফসীলে নির্দ্দিষ্ট হইয়াছে তাহা রহিত হইবে। কিন্তু এই আইন প্রচলিত হইবার পূর্ব্বে যে কোন কার্য্য করা গিয়া থাকে কি যে কোন দায় বর্ত্তিয়া থাকে তৎসম্পর্কে ঐ২ আইনের সেই সকল অংশ বলবৎ থাকিবে, এবং সেই২ অংশের যে কোন কথার দ্বারা অন্য কোন আইন কি বিধান কি ব্যবস্থা রহিত করা গেল সেই কথা প্রবল থাকিবে ইতি।

[পোলীসের ডিষ্ট্রিক্‌ট সুপরিন্টেণ্ডেণ্টের বজেট প্রস্তুত করিবার কথা।]

৪ ধারা। বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব সময়ে২ যে পাঠ নিরূপণ করেন পোলীসের প্রত্যেক ডিষ্ট্রিক্‌ট সুপরিন্টেণ্ডেণ্ট সাহেব এই আইন প্রচলিত হইবার কালাবধি প্রতি বৎসর নবেম্বর

time to time be directed by the Lieutenant-Governor of Bengal, a Budget or estimate of the income and expense of the Police Force in every Town and Municipality within his District, for the year to commence on the first day of January next after preparation of such Budget, and present the Budget of every such Town or Municipality to the Magistrate thereof.

[Contents of Budget.]

V. Every such Budget shall shew the number, constitution, and salaries of the Police Force to be maintained in any such Town or Municipality, and shall state whether the whole or some and what part of such expense is to be borne by rates to be levied in the Town or Municipality to which the same refers. Provided that the expense so to be borne in any Town shall not exceed the average rate of two annas per mensem for each house, and that the expense so to be borne in any Municipality shall not exceed five Rupees per centum of the annual value of all houses, buildings, and within the local limits of such Municipality.

[Magistrate to consider Budget.]

VI. The Magistrate of every such Town or Municipality shall, forthwith after the receipt of such Budget, lodge the same in his Office, and shall cause the same to be translated into the language usually spoken in such Town or Municipality, and shall cause the same or the translation thereof to be laid before the Municipal Commissioners of such Municipality at their next General Meting or before the Punchayet appointed under the said Act XX. of 1856 of such Town, and shall, during fourteen days after such Budget shall have been so received, permit the same and the translation thereof to be inspected at all reasonable times and seasons by any rate-payer of such Town or Municipality who may desire to inspect the same.

[Budget to be transmitted to Lieutenant-Governor.]

VII. Immediately after the expiration of fourteen days from the receipt of any such Budget, the Magistrate who shall have received the same, shall transmit to the Lieutenant-Governor of Bengal such Budget, together with any remarks or objections made by the said Municipal Commissioners or the said Punchayet as the case may be.

[Lieutenant-Governor to decide on Budget.]

VIII. It shall be lawful for the said Lieutenant-Governor to consider such Budget so transmitted to him, and to approve, or to reject, or modify and approve as modified, such Budget or any part thereof.

[*Government Gazette*, 30*th April* 1867.]

মাসের প্রথম দিবসে কি তৎপূর্ব্বে সেই পাঠে আপনার ডিষ্ট্রিক্টের প্রত্যেক নগরের ও মুনিসিপলিটীর পোলীস দলের জানুআরি মাসের প্রথম দিবসাবধি এক বৎসরের আয়ব্যয়ের বজেট কি অনুমানপত্র প্রস্তুত করিবেন এবং ঐ২ নগরের ও মুনিসিপালিটীর মাজিষ্ট্রেট সাহেবকে ঐ২ নগরাদির বজেট দিবেন ইতি।

[বজেটের মর্ম্মের কথা।]

৫ ধারা। তদ্রূপ কোন নগরে কি মুনিসিপালিটীতে পোলীসের যে দলের ব্যয়াদি দিতে হইবে উক্ত প্রত্যেক বজেটে তাহাদের সংখ্যা ও সংস্থাপনের বিধি ও বেতন লেখা থাকিবে, এবং বজেট যে নগর কি মুনিসিপালিটীসম্পর্কীয় হয় ঐ নগরাদিতে রেট ধার্য্য করিয়া সমুদয় ব্যয় কি তাহার একাংশ ও যে অংশ পোষণ করিতে হইবে তাহাও সেই বজেটে লেখা থাকিবে। কিন্তু নগরে তদ্রূপে যে ব্যয় পোষণ হইবে তাহা গড়ে ঘরপ্রতি মাসে ৵৹ দুই আনার অধিক হারে হইবে না। ও মুনিসিপালিটীতে তদ্রূপ যে ব্যয় পোষণ হইবে, তাহা ঐ মুনিসিপালিটীর সীমার অন্তর্গত সকল ঘরের ও কোটার ও ভূমির বার্ষিক মূল্যের উপর শত করা ৫ টাকার অধিক হইবে না ইতি।

[সেই বজেট মাজিষ্ট্রেট সাহেবের বিবেচনা করিবার কথা।]

৬ ধারা। তদ্রূপ প্রত্যেক নগরের ও মুনিসিপালিটীর মাজিষ্ট্রেট সাহেব ঐ বজেট পাইয়া তৎক্ষণাৎ আপনার কাছারীতে রাখিবেন। এবং সেই নগরে ও মুনিসিপালিটীতে যে ভাষা চলে সেই ভাষাতে তাহার অনুবাদ করাইবেন, এবং তৎপরে মুনিসিপালিটীর যে প্রথম সাধারণ সভা হয় সেই সভাতে মুনিসিপল কমিসানরদের গোচরে, কিম্বা ১৮৫৬ সালের উক্ত ২০ আইনমতে যে পঞ্চায়েৎ নিযুক্ত হন, ঐ নগরের সেই পঞ্চায়তের সম্মুখে ঐ বজেট কি তাহার অনুবাদ অর্পণ করিবেন। এবং ঐ নগরের কি মুনিসিপালিটীর যে ব্যক্তিরা টাক্স দিয়া থাকেন তাঁহাদের মধ্যে কোন ব্যক্তি ঐ বজেট দেখিতে ইচ্ছা করিলে, মাজিষ্ট্রেট সাহেব তাহা পাইলে পর চৌদ্দ দিনপর্য্যন্ত তাহাদিগকে ঐ বজেট কি তাহার অনুবাদ উপযুক্ত সকল সময়ে দেখিতে অনুমতি দিবেন ইতি।

[শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের নিকট বজেট পাঠাইবার কথা।]

৭ ধারা। যে মাজিষ্ট্রেট সাহেব পূর্ব্বোক্ত বজেট প্রাপ্ত হন, তিনি তাহা পাইবার পর চৌদ্দ দিন অতীত হইলেই বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের নিকটে পাঠাইবেন। এবং উক্ত মুনিসিপল কমিসানরেরা কিম্বা বিষয়বিশেষে উক্ত পঞ্চায়ৎ ঐ বজেটের বিষয়ে যে কোন মন্তব্য কথা কি যে আপত্তি ব্যক্ত করেন তাহাও তাঁহাকে জানাইবেন ইতি।

[লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের সেই বজেটের নিষ্পত্তি করিবার কথা।]

৮ ধারা। উক্ত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব তদ্রূপ অর্পিত বজেট বিবেচনা করিয়া তৎসমুদয় কি তাহার কোন অংশ অনুমোদন কি অগ্রাহ্য কি মতান্তর করিতে এবং মতান্তরিতমতে অনুমোদন করিতে পারিবেন ইতি।

[Amount of estimate in Budget to be deemed expense of Police Force.]

IX. So much of the estimates in such approved Budget as may thereby be directed to be borne by the rates to be levied in such Town or Municipality, shall, for the purposes of this Act, be the expense of the Police to be borne by such Town or Municipality for the year for which such Budget shall have been presented.

[Municipal Commissioners to pay amount of expense to Lieutenant-Governor.]

X. The Municipal Commissioners in every Municipality shall, out of the annual rates of such Municipality, cause to be paid to the said Lieutenant-Governor the expense of the Police Force of such Municipality, by equal quarterly instalments, which said instalments shall respectively be payable upon such quarterly days of payment as shall from time to time be fixed by the said Lieutenant-Governor for the payment thereof by such Municipal Commissioners.

[Magistrate to raise amount of expense.]

XI. The Magistrate of every Town shall, by the ways and means in and by the said Act XX. of 1856 provided for raising the amount of the expense of Chowkeydars appointed under the same Act, cause to be levied and raised in such Town the amount of the expense of the Police to be borne under this Act by such Town.

[Saving of powers of Police Commissioner in Calcutta.]

XII. Nothing in this Act shall deprive the Commissioner of Police for the Town of Calcutta of any power or authority over the Police within the Town of Calcutta and the Suburbs thereof, in him vested by Act IV. of 1866 or Act II. of 1866 of the Lieutenant-Governor of Bengal in Council, or otherwise; and the Inspector-General of Police shall not exercise over the Police within the said Town or Suburbs, any of the powers or authorities to him confided by the said Act V. of 1861.

[Deputy Commissioner to perform duties of District Superintendent under this Act.]

XIII. The Deputy Commissioner of Police for the Suburbs of Calcutta shall, for the purposes of this Act, be deemed to be the district Superintendent of the said Suburbs.

[Commencement of Act.]

XIV. This Act shall, so far as respects the preparation, presentation, inspection, consideration, and approval of Budgets, commence and take effect upon the first day of September now next

[বজেটের অনুমিত টাকা পোলীসদলের ব্যয় জ্ঞান হইবার কথা।]

৯ ধারা। ঐ অনুমোদিত বজেটের লিখিত যত টাকা বজেট অনুসারে ঐ২ নগরের কি মুনসিপালিটীর সংগৃহীত রেটহইতে দিবার আজ্ঞা হয় এই আইনের কার্য্য সফল করণার্থে ঐ বজেট যে বৎসরের নিমিত্তে অর্পিত হইয়াছে ঐ মোট টাকা সেই নগরের কি মুনিসিপলিটির পোলীসের সেই বৎসরের খরচ জ্ঞান হইবে ইতি।

[সেই খরচের টাকা লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবকে মুনিসিপাল কমিস্যনরদের দিবার কথা।]

১০ ধারা। প্রত্যেক মুনিসিপালিটীর মুনিসিপল কমিস্যনরেরা ঐ মুনিসিপালিটীর বার্ষিক রেটহইতে উক্ত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবকে ঐ মুনিসিপালিটীর পোলীসদলের খরচ চারি সমান ভাগ করিয়া তিন২ মাসে দিবেন উক্ত শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব মুনিসিপল কমিস্যনরদের ঐ টাকা দিবার যে২ দিন নিরূপণ করেন, তিন২ মাসান্তর সেই দিনে ঐ কিস্তির টাকা দেওয়া যাইবে ইতি।

[ঐ খরচের টাকা মাজিষ্ট্রেটের তুলিবার কথা।]

১১ ধারা। ১৮৫৬ সালের উক্ত ২০ আইনমতে যে চৌকীদারেরা নিযুক্ত হয় তাহাদের খরচের টাকা তুলিবার জন্যে উক্ত আইনেতে যে উপায়ের ও পথের বিধান হইয়াছে, এই আইনঅনুসারে পোলীসের যত খরচ যে নগরের দিতে হয় মাজিষ্ট্রেট সাহেব সেই পথে ও উপায়ে সেই নগরের মধ্যেহ ঐ খরচ আদায় করিবেন ও তুলিবেন ইতি।

[কলিকাতার পোলীস কমিস্যনরের ক্ষমতা রক্ষার কথা।]

১২। কলিকাতা নগরের পক্ষে যিনি পোলীসের কমিস্যনর হন মন্ত্রিসভাধিষ্ঠিত বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের প্রচলিত ১৮৬৬ সালের উক্ত ৪ আইন কিম্বা ১৮৬৬ সালের ২ আইনমতে কি প্রকারান্তরে তাঁহার প্রতি কলিকাতা নগরের ও শাখানগরের পোলীসের উপর যে কোন শক্তি ও ক্ষমতা অর্পিত হইয়াছে, এই আইনের কোন কথার দ্বারা তিনি তাহাতে বঞ্চিত হইবেন না, এবং পোলীসের ইন্স্পেক্টর জেনরল সাহেবের প্রতি ১৮৬১ সালের উক্ত ৫ আইনের দ্বারা যে কোন ক্ষমতা কি শক্তি অর্পিত হইয়াছে তদনুসারে তিনি উক্ত নগর কি শাখানগরের অন্তর্গত পোলীসের পক্ষে কার্য্য করিবেন না ইতি।

[এই আইনমত ডিষ্ট্রিক্ট সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবের কর্ত্তব্য কর্ম্ম ডেপুটী কমিস্যনরের সম্পাদন করিবার কথা।].

১৩ ধারা। এই আইনের কার্য্যার্থে কলিকাতার শাখানগরের পোলীসের ডেপুটী কমিস্যনর সাহেব উক্ত শাখানগরের ডিষ্ট্রিক্ট সুপরিন্টেণ্ডেণ্ট জ্ঞান হইবেন। ইতি।

[আইনের প্রারম্ভের কথা।]

১৪ ধারা। বজেট প্রস্তুত ও সমর্পণ ও বিবেচনা ও গ্রাহ্য করণ পক্ষে এই আইন আগামি সেপ্টেম্বর মাসের প্রথম দিবসে আরম্ভ হইয়া প্রচলিত হইবে, এবং এই আইনের অবশিষ্ট কার্য্যপক্ষে ১৮৬৮ সালের

ensuing, and as to the residue thereof, shall commence and take effect upon the first day of January 1868.

জানুআরি মাসের প্রথম দিবসে আরম্ভ হইয়া প্রচলিত হইবে ইতি।

SCHEDULE OF LAWS REPEALED—(*referred to in Section 111.*)

Number and date of Act.	Title.	Extent of Repeal.
Act XX. of 1856.	An Act to make better provision for the appointment and maintenance of Police Chowkeydars in cities, towns, stations, suburbs, and bazars, in the Presidency of Fort William in Bengal.	Sections 7, 8, 9, 11, 32, 33, 35, 50, 51, 52, 53, 54, 55, and 56.
Act III. of 1864 passed by the Lieutenant-Governor of Bengal in Council.	An Act to provide for the appointment of Municipal Commissioners in towns and other places in the Provinces under the control of the Lieutenant-Governor of Bengal, and to make better provision for the conservancy, improvement, and watching thereof, and for the levying of rates and taxes therein.	Section 34.

J. PITT KENNEDY,

Asst. Secy. to the Govt. of Bengal,
Legislative Department.

৩ ধারার উল্লিখিত যেং আইন রহিত হইল তাহার তফসীল

আইনের নম্বর ও তারিখ।	নাম	যে অংশ রহিত হইল।
১৮৫৬ সালের ২০ আইন ..	বঙ্গদেশের ফোর্ট উলিয়ম রাজধানীর অন্তঃপাতী শহরে ও নগরে ও মোকামে ও শহর তলীতে ও বাজারে পোলীসের চৌকীদারদিগকে নিযুক্ত ও প্রতিপালন করিবার উত্তম বিধান করিবার আইনের	৭, ৮, ৯, ১১, ৩২, ৩৩, ৩৫, ৫০, ৫১, ৫২, ৫৩, ৫৪, ৫৫, ও ৫৬ ধারা।
মন্ত্রিসভাধিষ্ঠিত বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের প্রচলিত ১৮৬৪ সালের ৩ আইন	বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের অধীনস্থ প্রদেশের নগরপ্রভৃতি স্থানে মুনিসিপল কমিসানরদিগকে নিযুক্ত করণের এবং সেই নগরাদির পারিপাট্য ও শ্রীবৃদ্ধি করিবার ও চৌকী দিবার ও তাহাতে কর ও টাক্স আদায় করিবার অপেক্ষাকৃত সুবিধান করণের আইনের ...	৩৪ ধারা।

জে পি কেনেডি,

ব্যবস্থাপন কর্ম্মবিভাগে বঙ্গদেশের গবর্ণমেন্টের আসিষ্টান্ট সেক্রেটারী

JOHN ROBINSON, *Bengalee Translator.*

CIRCULAR ORDERS OF THE BOARD OF REVENUE, L. P.

APRIL 1867.

No. 1.

The following rule should be added as Clause 5 to Section 1, page 214 of the Board's Rules :—

5. Whenever additions are made after the copying of a Register (vide Register A., B., or C.) of which the arrangement is required to be alphabetical, they should be inserted at the end of the Register ; and alphabetical *Index* being sufficient, so far as these additional entries are concerned, without attempting to preserve the alphabetical arrangement of the entries. When, however, the Registers are re-written, the intermediate additions should be entered in the proper alphabetical order.

2. Also, at page 218 of the Board's Rules, for the heading of "Amount withdrawn" in column 7 of Register No. 21 of Notices of Deposit, substitute "Amount withdrawn and date."

3. In the List of District and Divisional Returns published at page 263 of the Rules, add under the heading QUARTERLY :—

"XXI B. Stamp fees in Pauper cases under r[illegible]tion."

This Return is to be submitted from the 1st quarter of 1867-68.

No. 2.

The Superintendent of Stationery has been instructed at once to supply local officers with a number of copies of forms of license under Act XXI of 1867, pending the receipt of indents. The forms are printed in English, Bengali, Urdu, and Oriyah, and the indent should specify the number of each required.

The Superintendent has also been ordered to supply forms of Notification in the same languages to the extent of 500 copies for each District.

বঙ্গপ্রভৃতি দেশের রেবিনিউ বোর্ডের সরকুলর অডর।

১৮৬৭ সাল। আপ্রিল মাস।

১ নম্বর

নিম্নলিখিত বিধি বোর্ডের বিধি পুস্তকের ২১৪ পৃষ্ঠায়, ১ অধ্যায়ের ৫ ধারা বলিয়া লিখিতে হইবে।

৫। যে রেজিষ্টর বহীর লিখিতব্য বিষয় অক্ষরক্রমিক লিখিতে হইবে, A. B. C. প্রভৃতি চিহ্নিত তদ্রূপ রেজিষ্টরে কোন কথা লেখা গেলে পর যদি তন্মধ্যে অন্য কথা লিখিবার প্রয়োজন হয়, তবে রেজিষ্টরী বহীর শেষ ভাগে তাহা লিখিতে হইবে। লিখিতব্য সেই অতিরিক্ত বিষয় অক্ষরক্রমে লিখিবার প্রয়োজন নাই, তাহার অক্ষরক্রমিক নির্ঘণ্টপত্র থাকিলেই চলে। কিন্তু সেই রেজিষ্টরী বহী যখন পুনশ্চ লিখিবার আবশ্যক হয় তখন সেই অতিরিক্ত সকল বিষয় স্ব২ স্থানে অক্ষরক্রমানুসারে লিখিয়া রাখিতে হইবে।

২। বোর্ডের বিধির ২১৮ পৃষ্ঠায়, "গচ্ছিত টাকার জ্ঞাপনী" বলিয়া ২১ নং যে রেজিষ্টর আছে তাহার ৭ ঘরের শিরোলিপি "যত টাকা অপনীত হয়" এই কথার পরিবর্ত্তে "যত টাকা যে তারিখে অপনীত হয়" লিখিতে হইবে।

৩। বিধিপুস্তকের ২৬৩ পৃষ্ঠায় জিলার ও খণ্ডের রিটর্ণের যে নির্ঘণ্টপত্র প্রকাশ করা গিয়াছে তাহাতে ত্রৈমাসিক রিটর্ণের মধ্যে এই নূতন রিটর্ণ লিখিতে হইবে।

২১ B. পাপরের মোকদ্দমায় যে ইষ্টাম্প আদায় হইতেছে।"

১৮৬৭। ৬৮ সালের প্রথম তিন মাসাবধি এই রিটর্ণ দিতে হইবে।

২ নম্বর।

১৮৬৭ সালের ২১ আইনমতে যে অনুমতিপত্র দেওয়া যাইবে স্থানীয় কর্ম্মকারকেরা তাহার পাঠ পাইবার পত্র প্রেরণ করিবেন এই আশয়ে ষ্টেশনরির সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবের প্রতি তাঁহারদের নিকট অগৌণে সেই পাঠ প্রেরণ করিবার আজ্ঞা হইয়াছে। ঐ পাঠ ইংরেজি ও বাঙ্গলা ও উর্দ্দু ও উড়িয়া ভাষায় ছাপা হইবে। প্রত্যেক প্রকারের কত খানির প্রয়োজন তাহা পত্রে নির্দ্দিষ্ট করা উচিত।

সেই২ ভাষাতে মুদ্রিত জ্ঞাপনপত্রও প্রত্যেক জিলার নিমিত্তে ৫০০ করিয়া পাঠাইতে সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবের প্রতি আজ্ঞা হইয়াছে।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৭। ৩০ আপ্রিল।]

No. 3.

With the sanction of Government, the following scale is prescribed for the Orderly peons to be employed in the Offices of the several Commissioners in the Regulation Divisions of the Lower Provinces.

৩ নম্বর।

বঙ্গপ্রভৃতি দেশের অন্তর্গত আইনের অধীন দেশখণ্ডের কমিস্যনর সাহেবেরদের কার্য্যালয়ে যে আর্দ্দলি পেয়াদারা নিযুক্ত হইবে, গবর্ণমেণ্টের অনুমতিক্রমে তাহারদের বেতনাদির এই হার নির্দ্ধারিত হইয়াছে।

Division.	No.	Rate of pay.	Total cost.
		Rs.	Rs.
Bhaugulpore	7	1 at 8 6 " 6	44
Cuttack	20	1 " 8 19 " 6	122
Dacca	7	1 " 8 6 " 6	44
Patna	8	1 " 8 7 " 6	50
Rajshahye	6	1 " 8 5 " 6	38
Burdwan	6	1 " 8 5 " 6	38
Chittagong	8	1 " 8 7 " 6	50
Nuddea	8	1 " 7 7 " 6	49

খণ্ড	যত জন	বেতনের হার	মোট খরচ
ভাগলপুর	৭	৮৲ টাকাতে ১ জন ৬৲ " ৬ "	৪৪
কটক	২০	৮৲ " ১ " ৬৲ " ১৯ "	১২২
ঢাকা	৭	৮৲ " ১ " ৬৲ " ৬ "	৪৪
পাটনা	৮	৮৲ " ১ " ৬৲ " ৭ "	৫০
রাজশাহী	৬	৮৲ " ১ " ৬৲ " ৫ "	৩৮
বর্দ্ধমান	৬	৮৲ " ১ " ৬৲ " ৫ "	৩৮
চট্টগ্রাম	৮	৮৲ " ১ " ৬৲ " ৭ "	৫০
নদীয়া	৮	৭৲ " ১ " ৬৲ " ৭ "	৪৯

[*Government Gazette*, 30*th April* 1867.]

No. 4.

That part of Rule 7 at page 343 of the Board's Rules, commencing with the words "and inasmuch" in the 3rd line, and ending with "Board of Revenue" in the 10th line, should be scored through, the High Court having decided* that the Judge has power to order payment of surplus proceeds of Attached Estates to the proprietors. The words "any money not required for that purpose" in the 12th line of the rules, should also be scored through, the following being substituted for them,—"but if not so appropriated."

৪ নম্বর ,

হাই কোর্টের সাহেবেরা নিদ্ধার্য্য করিয়াছেন * যে জজ সাহেবেরা ক্রোক করা মহালহইতে প্রাপ্য টাকা লইয়া অধিকারিদিগকে অবশিষ্ট টাকা দিবার আজ্ঞা করিতে সক্ষম আছেন। এই প্রযুক্ত বোর্ডের বিধি পুস্তকের ৩৪৩ পৃষ্ঠায় ৭ বিধির অধিকাংশ উঠাইয়া দিতে হইবে। এবং "ঐ কার্য্যের নিমিত্তে যে টাকার প্রয়োজন না হয়" এই কথার পরিবর্ত্তে "যদি সেই টাকা উক্ত প্রকারে প্রয়োগ না করা যায়" এই কথা পাঠ্য।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

CIRCULAR ORDERS BY THE HIGH COURT OF JUDICATURE AT FORT WILLIAM IN BENGAL.

(*Criminal Side.*)

No. 2.

To all Criminal Authorities,—(dated Calcutta, the 25th March 1867.)

THE High Court, having reason to believe that some misapprehension exists amongst Magistrates as to the meaning of the term "immediately subordinate" in Section 434 of the Code of Criminal Procedure, and, consequently, as to the power, under that Section, of the Magistrate of the District to call for and examine the record of a case tried by an Officer subordinate to him who exercises the full powers of a Magistrate, are pleased to circulate the following instructions for the guidance of all Officers :—

The Court do not interpret the words "*immediately* subordinate" in this Section as having any reference to the *judicial* powers vested either in the Courts described as subordinate, or in the Court to which they are described as subordinate. They consider that all Magisterial Officers in a District, except the Magistrate of the District, are within the meaning of this Section *immediately* subordinate to the Magistrate of the District, whatever their judicial powers may be. It follows that, in the opinion of the High Court, the Magistrate of the District has power to call for and examine the record of any Magistrate within his District, for the purpose of satisfying himself as to the legality of any sentence or order passed, and as to the regularity of the proceedings of such Magistrate.

বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্টের সরক্যুলর অর্ডর।

ফৌজদারী পক্ষ

২ নম্বর।

ফৌজদারী সকল কর্তৃপক্ষ সমীপেষু।

কলিকাতা ১৮৬৭ সাল ২৫ মার্চ।

ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের ৪৩৪ ধারাতে "অব্যবহিত অধঃস্থ" যে কথার ব্যবহার হইয়াছে, মাজিষ্ট্রেট সাহেবেরদের সেই কথা বুঝিবার কিছু ভ্রম হইয়াছে, তৎপ্রযুক্ত জিলার মাজিষ্ট্রেট সাহেবের অধীন যে কার্য্যকারক মাজিষ্ট্রেটের সম্পূর্ণ ক্ষমতাক্রমে কার্য্য করেন মাজিষ্ট্রেট সাহেব উক্ত ধারাক্রমে তাঁহার বিচারিত মোকদ্দমার কাগজপত্র আনাইয়া দৃষ্টি করিতে সক্ষম আছেন কি না এই বিষয়েও তাঁহারদের ভ্রম হইয়াছে, হাই কোর্টের ইহা জ্ঞাত হইবার কারণ থাকাতে তাঁহারা সকল কার্য্যকারকের পথ দর্শাওনার্থে এই২ উপদেশ প্রচার করিতেছেন।

অধঃস্থ বলিয়া যে আদালতের উল্লেখ হইয়াছে তাঁহার প্রতি কিম্বা ঐ আদালত অন্য যে আদালতের অধীন বলিয়া উল্লেখ হইয়াছে সেই আদালতের প্রতি যে বিচারশক্তি অর্পিত হইয়াছে সেই শক্তিসম্পর্কে ঐ ধারাগত "অব্যবহিত অধঃস্থ" শব্দের অর্থ করিতে হইবে, হাই কোর্টের সাহেবেরা এমত বোধ করেন না। তাঁহারা বোধ করেন যে, জিলার মাজিষ্ট্রেট সাহেবভিন্ন জিলার মধ্যে মাজিষ্ট্রেটের কর্ম্মকারি যে ব্যক্তির বিচারসংক্রান্ত যে ক্ষমতা থাকুক তিনি ঐ ধারামতে জিলার মাজিষ্ট্রেট সাহেবের অব্যবহিত অধঃস্থ। অতএব উক্ত প্রকারের মাজিষ্ট্রেটের কোন আজ্ঞা কি দণ্ডাজ্ঞা আইনসিদ্ধ কি না ও তাঁহার কার্য্য নিয়মবদ্ধ কি না, যখন মাজিষ্ট্রেট সাহেব ইহা হৃদ্বোধমতে জানিতে চাহেন তখন হাই কোর্টের বিবেচনামতে তিনি আপন জিলার অন্তর্গত কোন মাজিষ্ট্রেটের কাগজপত্র আনাইয়া দৃষ্টি করিতে পারেন।

---

* Dated 15th March 1867, No. 1090 of 1866, on a petition from Collector of Rungpore.

* রঙ্গপুরের কালেক্টর সাহেবের ১৮৬৬ সালের ১০৯০ নম্বরের দরখাস্তক্রমে ১৮৬৭ সালের মার্চ মাসের ১৫ তারিখের পত্র।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৭। ৩০ আপ্রিল।]

He is not, however, competent to comment upon the proceedings of an Officer exercising the full powers of a Magistrate, or to point out what he considers to be errors of law or irregularities. If he is of opinion that the sentence or order is contrary to law, he should forward the case through the Session's Judge for the orders of the High Court.

By Order of the High Court, &c.,
(Sd.) L. R. TOTTENHAM,
Registrar.

কিন্তু কোন কর্ম্মকারক মাজিষ্ট্রেটের সম্পূর্ণ ক্ষমতাক্রমে কর্ম্ম করিলে, মাজিষ্ট্রেট সাহেব তাঁহার বিচারসংক্রান্ত কার্য্যের অনুযোগ করিতে কিম্বা আপনি যাহা আইনসংক্রান্ত ভ্রম কি নিয়মভঙ্গ জ্ঞান করেন তাহা দর্শাইতে সক্ষম নহেন। যদি ঐ আজ্ঞা কি দণ্ডাজ্ঞা আইন বিপক্ষ জ্ঞান করেন, তবে হাই কোর্টের আজ্ঞা প্রাপণার্থে সেশন জজ সাহেব দ্বারা মোকদ্দমা প্রেরণ করিবেন।

হাই কোর্টের আজ্ঞাক্রমে,
এল আর টটেনহাম,
রেজিষ্ট্রার।

No. 3.

To all Sessions Judges and Officers in charge of Jails,—(dated Calcutta, the 25th March 1867.)

As some misapprehension seems to have existed in regard to the warrants prescribed by Sections 383, 384, and 386 of the Code of Criminal Procedure, the Court is pleased to issue the following explanations and instructions, with a view to the proper observance of the provisions of the Code in the preparation and issue of such warrants :—

2. Sections 383 and 384 provide, in cases in which the sentence of the Session Court is confirmed by the High Court, as well as where it does not need to be referred for such confirmation, for the issue *by the Court of Session* of warrants to Magistrates, or other officers in charge of Jails, to cause the sentence passed to be carried into execution. Under Circular Order No. 10, dated 20th November 1865, which was based upon the expressed intention of Government to appoint officers other than Magistrates to the special charge of large Jails, *such* warrants should be addressed to the officer in charge of the Jail, instead of the Magistrate of the District. But the law in force now does not require, that the Sessions Judge should issue a separate warrant of this nature in the case of each prisoner sentenced; a single warrant should include all who are involved in one sentence.

3. By Section 386, the *Magistrate, or other officer in charge of the Jail,* is required, in executing the warrant of the Sessions Judge referred to in the foregoing paragraph, in every case of imprisonment under the sentence of the High Court or of a Court of Session, to issue his warrant to the Jailor, stating the offence of which the accused person has been convicted, and the period during which he is to be imprisoned, and the nature of the imprisonment. As regards warrants of this nature a separate warrant should be issued to the Jailor for each prisoner, and it should accompany the prisoner to whatever Jail he may be transferred. It is to such warrants also, and not the warrants issued by the Sessions Court, that

৩ নম্বর।

সকল সেশন জজ সাহেব এবং জেলরক্ষা করণের ভারপ্রাপ্ত কার্য্যকারক সমীপেষু।
কলিকাতা ১৮৬৭ সাল ২৫ মার্চ।

ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের ৩৮৩ ও ৩৮৪ ও ৩৮৬ ধারাতে যে পরওয়ানার আজ্ঞা হইয়াছে, তাহা বুঝিবার ভ্রম হওয়াতে ঐ পরওয়ানা প্রস্তুত ও প্রচার করণ কার্য্যে আইনের যে বিধান আছে সেই বিধানের উপযুক্তমতে প্রতিপালন হয়, হাই কোর্টের সাহেবেরা এই অভিপ্রায়ে নিম্ন লিখিত ব্যাখ্যা ও উপদেশ প্রচার করিতেছেন।

২। সেশন আদালত যে আজ্ঞা করেন তাহা যদি হাই কোর্টকর্তৃক দৃঢ়াকৃত হয় কিম্বা যদি হাই কোর্ট দ্বারা দৃঢ় করণের প্রয়োজন না থাকে, তবে সেই দুই স্থলে ৩৮৩ ও ৩৮৪ ধারার এই বিধি। সেশন আদালত ঐ দণ্ডের আজ্ঞা সাধন করাইবার জন্যে মাজিষ্ট্রেট সাহেবকে কিম্বা যাহার অধীনে জেল থাকে এমত অন্য কার্য্যকারককে পরওয়ানা দিবেন। বড়ং সকল জেলের তত্ত্বাবধানার্থে মাজিষ্ট্রেটভিন্ন অন্য কার্য্যকারকদিগকে গবর্ণমেণ্টের নিযুক্ত করণাভিপ্রায় ব্যক্ত হওয়াতে ১৮৬৫ সালের নবেম্বর মাসের ২০ তারিখের ১০ নং সরকুলর অর্ডরে এই আজ্ঞা হইয়াছিল যে, ঐ পরওয়ানা জিলার মাজিষ্ট্রেট সাহেবের নামে দেওয়া না যায়, যে কার্য্যকারকের অধীন জেল থাকে তাঁহাকে দেওয়া যায়। কিন্তু এইক্ষণে যে আইন প্রবল আছে তন্মধ্যে সেশন জজ সাহেব দণ্ডের আজ্ঞাধীন প্রত্যেক ব্যক্তির পক্ষে যে উক্ত প্রকারের স্বতন্ত্র পরওয়ানা দিবেন এমন আজ্ঞা নাই। অনেক ব্যক্তির এক দণ্ডের আজ্ঞা হইলে, এক পরওয়ানাতে সকলের নাম লেখা যাইতে পারিবে।

৩। পূর্ব্বোক্ত ধারাতে যে পরওয়ানা উল্লিখিত হইয়াছে মাজিষ্ট্রেট সাহেব কিম্বা অন্য যে কার্য্যকারকের অধীন জেল থাকে তিনি যখন সেশন জজ সাহেবের সেই পরওয়ানা সাধন করিবেন তখন হাই কোর্টের কি সেশন আদালতের আজ্ঞামতে কারাদণ্ড হওন স্থলে ৩৮৬ ধারামতে জেলরক্ষকের নামে তাঁহার পরওয়ানা দিবার আজ্ঞা আছে। অভিযুক্ত ব্যক্তির যে অপরাধ প্রমাণ হইয়াছে, ও তাহার যত কাল কারাবদ্ধ থাকিতে হইবে, ও যে প্রকারের কয়েদ হইবে এইং কথা ঐ পরওয়ানাতে লেখা থাকিবে। এই প্রকারের পরওয়ানা হইলে প্রত্যেক জন বন্দির জন্যে জেলরক্ষককে পৃথক্ পরওয়ানা দেওয়া যাইবে, পরে সেই বন্দিকে যে কোন জেলে পাঠান যায় ঐ পরওয়ানা তাহার সঙ্গে যাইবে। এইক্ষণে যে কার্য্যপ্রণালী চলিতেছে, তদনুসারে ১৮৫৯ সালের আগষ্ট মাসের

the provisions of Circular Order No. 8, dated 15th August 1859, must be considered to apply under the present procedure.

By Order of the High Court,
L. R. TOTTENHAM.
Registrar.

১৫ তারিখের ৮ নম্বরের সরকুলর অর্ডরের বিধান সেই পরওয়ানার প্রতি বর্ত্তে, সেশন আদালতের প্রচারিত পরওয়ানার প্রতি বর্ত্তে না, এমত জ্ঞান করিতে হইবে

হাই কোর্টের আজ্ঞাক্রমে,
এল আর টটনহাম,
রেজিষ্ট্রার।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

HOME DEPARTMENT.

হোম ডিপার্টমেণ্ট।

NOTIFICATIONS.

Fort William, the 23rd April 1867.

No. 4177.

The HON'BLE SIR CECIL BEADON, K. C. S. I., has tendered his resignation of the offices of Lieutenant-Governor of Bengal, and the same has been accepted by His Excellency the Viceroy and Governor General of India.

বিজ্ঞাপন।

ফোর্ট উলিয়ম ১৮৬৭ সাল ২৩ আপ্রিল।

৪১৭৭ নম্বর।

মান্যবর শ্রীযুত স্যর সিসিল বীডন সাহেব কে, সি, এস, আই, বঙ্গদেশের লেপ্টেনেন্ট গবর্ণরের পদত্যাগকরণার্থে যে পত্র অর্পণ করিলেন, মহিমবর রাজপ্রতিনিধি ও ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব তাহা গ্রাহ্য করিয়াছেন।

No. 4178.

Under the authority conveyed in the 29th Section of the Act 21 and 22 Vic., Cap. CVI., His Excellency the Viceroy and Governor General of India is pleased to appoint, subject to the approbation of Her Majesty, the HON'BLE WILLIAM GREY, now a Member of the Council of the Governor General of India, to be Lieutenatn-Governor of the Bengal Division of the Presidency of Fort William, from the 23rd instant.

৪১৭৮ নম্বর

মহিমবর রাজপ্রতিনিধি ও ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের প্রতি শ্রীশ্রীমতী মহারাণী বিক্টোরিয়ার ২১ ও ২২ বৎসরের আইনের ১০৬ অধ্যায়ের ২৯ ধারামতে যে ক্ষমতা প্রদত্ত হইয়াছে তদনুসারে তিনি আইন ও ব্যবস্থা করণার্থ ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের মন্ত্রিসভার সভ্য মান্যবর শ্রীযুত ডবলিউ গ্রে সাহেবকে শ্রীশ্রীমতী মহারাণীর অনুমোদনের অপেক্ষায় এই মাসের ২৩ তারিখ অবধি ফোর্ট উলিয়ম প্রেসিডেন্সীর বঙ্গদেশের লেপ্টেনেন্ট গবর্ণরের পদে নিযুক্ত করিলেন।

No. 4180.

The HON'BLE WILLIAM GREY having been appointed by His Excellency the Viceroy and Governor General of India, subject to the approbation of Her Majesty, to be Lieutenant-Governor of the Bengal Division of the Presidency of Fort William, has this day taken the prescribed Oaths and assumed charge of the office under the usual salute.

৪১৮০ নম্বর।

মান্যবর শ্রীযুত উলিয়ম গ্রে সাহেব শ্রীশ্রীমতী মহারাণীর অনুমোদনের অপেক্ষায় মহিমবর রাজপ্রতিনিধি ও ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব কর্ত্তৃক ফোর্ট উলিয়ম প্রেসিডেন্সীর বঙ্গদেশের লেপ্টেনেন্ট গবর্ণরের পদে অদ্য অভিষিক্ত হইয়া নির্দ্দিষ্ট শপথ করত কর্ম্মের ভার গ্রহণ করিলেন। তৎকালে নিয়মিত তোপধ্বনি হইল।

No. 4181.

The HON'BLE SIR CECIL BEADON, K. C. S. I., having obtained permission to resign Her Majesty's Civil Service in India from the 23rd instant, from which date he will cease to hold the office of Lieutenant-Governor of Bengal, His Excellency the Governor General in Council is pleased to direct, as a mark of respect due to the character and services of SIR CECIL BEADON, that all the honors and distinctions to which he is now entitled as Lieutenant-Governor of Bengal shall be continued to him until the period of his embarkation for Europe.

৪১৮১ নম্বর।

মান্যবর শ্রীযুত স্যর সিসিল বীডন সাহেব কে, সি, এস, আই, বর্ত্তমান মাসের ২৩ তারিখে ভারতবর্ষে শ্রীশ্রীমতী মহারাণীর সিবিল সম্পর্কীয় কার্য্য ত্যাগ করিবার অনুমতি পাইয়াছেন, উক্ত তারিখঅবধি তাঁহার বঙ্গদেশের লেপ্টেনেন্ট গবর্ণরের পদধারণ রহিত হইবে। মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব আজ্ঞা করিতেছেন যে শ্রীযুত স্যর সিসিল বীডন সাহেবের সচ্চরিত্রের ও প্রশংসিত কার্য্যের সমুচিত সম্মানের চিহ্নস্বরূপে বঙ্গদেশের লেপ্টেনেন্ট গবর্ণরের পদধারণকালে তাঁহার প্রতি যে সম্ভ্রমাদি প্রকাশ করা যাইত যত কাল তিনি ইউরোপে গমন না করেন তত কাল তাঁহার সেই সম্ভ্রমাদি থাকিবে।

No. 4182.

In accordance with the power vested in the Governor General in Council by the 9th Section of the Act 24 and 25 Vic., Cap. 67, to appoint the place of meeting of the Council of the Governor General, His Excellency in Council is pleased to direct that the said Council shall until further notice assemble at Simla in the Provinces subject to the jurisdiction of the Lieutenant-Governor of the Punjab.

৪১৮২ নম্বর।

শ্রীশ্রীমতী মহারাণী বিক্টোরিয়ার ২৪ ও ২৫ বৎসরের আইনের ৯ ধারামতে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের প্রতি শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের মন্ত্রিসভা সমাবেশার্থ স্থান নিরূপণ করণের যে ক্ষমতা অর্পিত হইয়াছে তদনুসারে মন্ত্রিসভাধিষ্ঠিত মহিমবর আজ্ঞা করিতেছেন যে অন্য আজ্ঞা না হওনপর্য্যন্ত পঞ্জাবের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের শাসিত প্রদেশের অন্তর্গত শিমলায় উক্ত মন্ত্রিসভার সমাবেশ হইবে।

No. 4225.

The Hon'ble G. Campbell is permitted to resign his office of Judge of the High Court of Judicature at Fort William in Bengal.

Mr. Campbell's services are placed at the disposal of the Foreign Department, at the expiration of the special duty on which he is at present engaged at the Presidency.

E. C. BAYLEY,
Secy. to the Govt. of India.

৪২২৫ নম্বর।

মান্যবর শ্রীযুত জি কাম্বেল সাহেব বঙ্গদেশস্থ কোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্টের জজের পদ ত্যাগ করণার্থ অনুমতি পাইয়াছেন।

তিনি এইক্ষণে প্রেসিডেন্সীতে বিশেষ যে কর্ম্মোপলক্ষে নিযুক্ত আছেন তাহা সমাপ্ত হইলে ফরিন্-ডিপার্টমেণ্টে নিযুক্ত হইবেন।

ই সি বেলী,
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী

FINANCIAL DEPARTMENT.

ফিনান্সিয়ল ডিপার্টমেণ্ট।

NOTIFICATIONS.

Fort William, the 20th April 1867.

No. 2205.

Mr. E. F. Harrison to be Comptroller General of Accounts, with effect from the 23rd instant, *vice* Mr. R. P. Harrison retired.

বিজ্ঞাপন।

কোর্ট উলিয়ম, ১৮৬৭ সাল ২০ আপ্রিল।

২২০৫ নম্বর।

শ্রীযুত আর পি হারিসন সাহেব কর্ম্ম ত্যাগ করাতে তাঁহার পরিবর্ত্তে শ্রীযুত ই এফ হারিসন সাহেব হিসাবের কন্ট্রোলর জেনরল হইবেন। উক্ত নিয়োগ এই মাসের ২৩ তারিখ অবধি প্রবল হইবে।

The 22nd April 1867.

No. 2208.

Mr. H. D. Sandeman, Accountant-General, Bengal to be a Government Director of the Bank of Bengal.

১৮৬৭ সাল ২২ আপ্রিল।

২২০৮ নম্বর।

বঙ্গদেশের আকৌণ্টেণ্ট জেনরল শ্রীযুত এচ ডি সাণ্ডিমান সাহেব গবর্ণমেণ্টের পক্ষে বাঙ্গাল ব্যাঙ্কের এক জন ডৈরেক্টর হইবেন।

The 23rd April 1867.

No. 2271A.

Mr. E. F. Harrison received charge of the office of Comptroller General of Accounts from Mr. R. P. Harrison on the after-noon of the 22nd instant.

১৮৬৭ সাল ২৩ আপ্রিল।

২২৭১ A নম্বর।

শ্রীযুত ই এফ হারিসন সাহেব এই মাসের ২২ তারিখের অপরাহ্নে শ্রীযুত আর পি হারিসন সাহেবের স্থানে হিসাবের কন্ট্রোলর জেনরলের কর্ম্মের ভার গ্রহণ করিলেন।

The 24th April 1867.

No. 2278.

Mr. E. F. Harrison, Comptroller General of Accounts to be a Government Director of the Bank of Bengal.

১৮৬৭ সাল ২৪ আপ্রিল।

২২৭৮ নম্বর।

হিসাবের কন্ট্রোলর জেনরল শ্রীযুত ই এফ হারিসন সাহেব গবর্ণমেণ্টের পক্ষে বাঙ্গাল ব্যাঙ্কের এক জন ডৈরেক্টর হইবেন।

No. 2295.

In continuation of Notification No. 2294, of this date, the Governor General of India in Council is pleased to law down the following revised scale of consolidated salaries for Uncove-

২২৯৫ নম্বর।

মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব অদ্যকার ২২৯৪ নম্বরের বিজ্ঞাপনাতিরিক্ত সিবিল ষ্টেশনের চিকিৎসাকার্য্যের ভারপ্রাপ্ত সব-আসিষ্টাণ্ট চিকিৎসক ভিন্ন অন্য অচিহ্নিত চিকিৎসক-

nanted Medical Officers, other than Sub-Assistant Surgeons when in Medical charge of Civil Stations :—

Below 5 years' service	... Rs.	350
Above 5 and under 10 years' of approved service	.. „	450
Above 10 and under 15 years' of approved service	... „	550
Above 15 years' of approved service	„	700

দের সংগৃহীত বেতনের নিম্নলিখিত হার অবধারণ করিলেন।

		টাকা।
পাঁচ বৎসর পর্য্যন্ত কর্ম্ম করিলে	...	৩৫০৲
পাঁচ বৎসরের অধিক ও দশ বৎসরের অনধিক উপযুক্ত কর্ম্ম হইলে	...	৪৫০৲
দশ বৎসরের অধিক ও পনের বৎসরের অনধিক ঐ	...	৫৫০৲
পনের বৎসরের অধিক ঐ	...	৭০০৲

This scale of salary is to be considered as payment in full for all officials, Medical and sanitary duties, inclusive of those appertaining to Despensaries and Police, &c., save that for the Medical charge of a Lunatic Asylum, or a college or for the administrative charge of a Jail, the extra allowance admissible to a Covenanted Medical Officer for the like charge will be given.

Travelling allowances will also be given under the rules and at the rates authorised for Covenanted Medical Officers.

An Uncovenanted Medical officer may be considered eligible for employment at any station for which a medical officer of the Establishment is sanctioned, in the event of the services of an officer of the latter class not being available.

R. H. Hollingbery,
Assistant Secretary,
For Secy. to the Govt. of India.

এই অবধারিত বেতন রাজকীয় ও চিকিৎসা ও স্বাস্থ্য সম্পার্কীয় কার্য্যের ও ঔষধালয় ও পোলীসপ্রভৃতি সম্পার্কীয় কার্য্যের সম্পূর্ণ বেতন জ্ঞান হইবে। কিন্তু ক্ষিপ্ত ব্যক্তিদের আশ্রয় বাটীর ও কালেজের ও জেলের চিকিৎসা কার্য্য তাঁহাদের প্রতি অর্পিত হইলে তদর্থে চিহ্নিত চিকিৎসককে উপরি যে টাকা দেওয়া যায় তাহাও তাঁহাদিগকে দেওয়া যাইবে।

চিহ্নিত চিকিৎকদিগকে যে হারে গমনাগমনের খরচ দেওয়া যায় সেই বিধিমতে সেই হারে তাঁহাদিগকেও দেওয়া যাইবে।

যদি কোন স্থানে চিহ্নিত চিকিৎসক সাহেবকে নিযুক্ত করা যাইতে না পারে, তবে অচিহ্নিত চিকিৎসক সেই পদে নিযুক্ত হইবার উপযুক্ত জ্ঞান হইবেন।

ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারীর পক্ষে
আর এচ হলিংবরী,
আসিষ্টাণ্ট সেক্রেটারী।

GOVERNMENT OF BENGAL.

বঙ্গদেশের গবর্ণমেণ্ট।

Notification.

The 24th April 1867.

The Hon'ble the Lieutenant-Governor of Bengal has been pleased to make the following appointments :—

Mr. H. L. Dampier to officiate as Secretary to the Government of Bengal during the absence, on leave, of the Hon'ble A. Eden, or until further orders.

Captain H. H. Stansfeld to be Private Secretary to the Lieutenant-Governor.

Lieutenant F. A. Wilson, R. A., to be Aide-de-Camp on the Personal Staff of the Lieutenant-Governor of Bengal.

S. C. Bayley,
Offg. Secy. to the Govt. of Bengal.

বিজ্ঞাপন

১৮৬৭ সাল ২৪ আপ্রিল

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব নিম্নলিখিত নিয়োগ করিলেন।

মান্যবর শ্রীযুত এ ইডন সাহেবের ছুটীপ্রযুক্ত অনুপস্থানকালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত এচ এল ডাম্পিয়র সাহেব বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটারীর কর্ম্ম করিবেন।

কাপ্তান শ্রীযুত এচ এচ ষ্টান্সফেলড সাহেব শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের প্রাইবেট সেক্রেটারী হইবেন।

লেপ্টেনেণ্ট শ্রীযুত এফ এ উইলসন সাহেব আর, এ, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের স্বকীয় মোসাহেব হইবেন।

এস সি বেলী,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটারী।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৭। ৩০ আপ্রিল।]

ORDERS BY THE LIEUTENANT-GOVERNOR OF BENGAL.

No. 1680.

Appointments.

The 16th April 1867.

Mr. P. A. Humphrey to be Vice-President of, and Secretary to, the Municipal Committee at Beauleah.

Mr. R. H. Renny, Deputy Magistrate and Deputy Collector, to have charge of the Sungoo Sub-Division, and to exercise the powers of a Subordinate Magistrate of the First Class in the Chittagong Hill Tracts. Mr. Renny is further empowered, under Section 38 of the Code of Criminal Procedure, to hold the preliminary enquiry into cases triable by the Court of Sessions or High Court, to commit or hold to bail persons to take their trial before such Court of Sessions or the High Court, and to exercise all the powers necessary for that purpose.

The 17th April 1867.

Mr. J. G. Charles, Assistant Magistrate and Collector, Tirhoot, to have temporary charge of the Sub-Division of Durbangah, during the absence on leave of Mr. F. W. V. Peterson, or until further orders. Mr. Charles is, in addition to the powers which he already exercises, empowered, under Section 38 of the Code of Criminal Procedure, to hold the preliminary enquiry into cases triable by the Court of Sessions or High Court, to commit or hold to bail persons to take their trial before such Court of Sessions or High Court, and to exercise all the powers necessary for that purpose.

Mr. A. L. W. Jerdon to officiate as District Superintendent of Police, Sarun, during the absence, on leave, of Lieutenant R. M. Skinner, or until further orders.

Mr. R. D. Nuthall to be an Honorary Magistrate in the Chittagong and Dacca Divisions, and to exercise the powers of a Subordinate Magistrate of the First Class and powers under Section 1, Act X. of 1854, in all the Districts of those Divisions.

The 18th April 1867.

Baboo Burma Dutt to officiate as Sudder Ameen of Purneah and Moonsiff of the Sudder Station of that District, during the absence, on leave, of Moulvie Abdoor Rubb, or until further orders.

Mr. S. Lobb, M. A., a Professor in the Presidency College, is promoted to the Third Grade of the Bengal Educational Service, with effect from the 1st instant.

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের আজ্ঞা।

১৬৮০ নম্বর।

নিয়োগ।

১৮৬৭ সাল ১৬ আপ্রিল।

শ্রীযুত পি এ হমফ্রে সাহেব বোয়ালিয়ার মুনিসিপল কমিটীর প্রতিনিধি সভাপতি এবং সেক্রেটারী হইবেন।

ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত আর এচ রেনী সাহেব সঙ্গু শাখাখণ্ডের কর্ম্মের ভার পাইবেন এবং চট্টগ্রামের পর্ব্বতীয় প্রদেশে অধঃস্থ প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন। আরো তিনি ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের ৩৮ ধারামতে সেশন আদালতের কিম্বা হাই কোর্টের বিচার্য্য মোকদ্দমার প্রথম স্থলীয় অনুসন্ধান করিতে এবং উক্ত সেশন আদালতের কিম্বা হাই কোর্টের সম্মুখে যাহাদের বিচার হইবে তাহাদিগকে সমর্পণ করিতে ও তাহাদের স্থানে উপস্থিত হইবার প্রতিভূ লইতে ও তদর্থে যে সকল ক্ষমতার প্রয়োজন তদনুসারে কর্ম্ম করিতে ক্ষমতাপন্ন হইলেন।

১৮৬৭ সাল ১৭ আপ্রিল।

শ্রীযুত এফ ডবলিউ বি পিটরসন সাহেবের ছুটী প্রযুক্ত অনুপস্থান কালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত ত্রিহুতের আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত জে জি চার্লস সাহেব কিয়ৎকালের নিমিত্তে দ্বারভঙ্গা শাখাখণ্ডের কর্ম্মের ভার পাইবেন। আরো তিনি যে ক্ষমতাক্রমে কর্ম্ম করিতেছেন তদতিরিক্ত ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের ৩৮ ধারামতে সেশন আদালতের কিম্বা হাই কোর্টের বিচার্য্য মোকদ্দমার প্রথম স্থলীয় অনুসন্ধান করিতে এবং উক্ত সেশন আদালতের কিম্বা হাই কোর্টের সম্মুখে যাহাদের বিচার হইবে তাহাদিগকে সমর্পণ করিতে ও তাহাদের স্থানে উপস্থিত হইবার প্রতিভূ লইতে ও তদর্থে যে সকল ক্ষমতার প্রয়োজন তদনুসারে কর্ম্ম করিতে ক্ষমতাপন্ন হইলেন।

লেপ্টেনেণ্ট শ্রীযুত আর এম স্কিনর সাহেবের ছুটী প্রযুক্ত অনুপস্থান কালে অথবা অন্য আজ্ঞা হওন পর্য্যন্ত শ্রীযুত এল ডবলিউ জার্ডন সাহেব সারণের পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিন্টেণ্ডেণ্টের কর্ম্ম করিবেন।

শ্রীযুত আর ডি নটহল সাহেব চট্টগ্রাম ও ঢাকা খণ্ডে অনরারি মাজিষ্ট্রেট হইবেন। উক্ত দুই খণ্ডের সকল জিলাতে অধঃস্থ প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের এবং ১৮৫৪ সালের ১০ আইনের ১ ধারার নির্দ্দিষ্ট ক্ষমতামতে কর্ম্ম করিবেন।

১৮৬৭ সাল ১৮ আপ্রিল।

শ্রীযুত মৌলবী আবদুল রব্বের ছুটী প্রযুক্ত অনুপস্থান কালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত বাবু ব্রহ্ম দত্ত পূরণিয়ার সদর আমীনের ও ঐ জিলার সদর মোকামের মুনসেফের কর্ম্ম করিবেন।

প্রেসিডেন্সী কালেজের অধ্যাপক শ্রীযুত এস্ লব সাহেব এম এ বঙ্গদেশের শিক্ষাসংক্রান্ত কার্য্যের তৃতীয় শ্রেণীভুক্ত হইয়াছেন। উক্ত নিয়োগ এই মাসের ১ তারিখ অবধি প্রবল হইবে।

In modification of the orders of the 15th instant, Mr. A. Clark is appointed to be a Special Deputy Magistrate and Deputy Collector in the Bhaugulpore Division, to be stationed at Purneah, and to exercise the powers of a Subordinate Magistrate of the Second Class in any or all the Districts of that Division.

In modification of the orders of the 15th instant, Baboo Heeralall Mookerjee is appointed to be a Special Deputy Magistrate and Deputy Collector in the Dacca Division, to be stationed at Backergunge, and to exercise the powers of a Subordinate Magistrate of the Second Class in any or all the Districts of that Division.

The 22nd April 1867.

The Magistrate of Howrah is vested with concurrent jurisdiction in the District of Hooghly for the trial of cases under Act XVIII. of 1864.

The following Deputy Magistrates and Deputy Collectors of Howrah are vested with the powers of a Magistrate in the District of Hooghly :—

Mr. J. R. B. Ross,
Baboo Dwarkanath Banerjee,
Mr. E. B. Godfrey,
Baboo Kristo Chunder Roy.

Mr. J. A. Craven, Deputy Magistrate and Deputy Collector of Chittagong, to have charge of the Sub-Division of Cox's Bazar. Mr. Craven is, in addition to the powers which he already exercises, empowered, under Section 38 of the Code of Criminal Procedure, to hold the preliminary enquiry into cases triable by the Court of Sessions, to commit or hold to bail persons to take their trial before such Court of Sessions, and to exercise all the powers necessary for that purpose.

Mr. S. C. Bayley to officiate as Civil and Sessions Judge of Shahabad, during the absence, on leave, of Mr. R. P. Jenkins, or until further orders. Mr. Bayley will continue to officiate as Secretary to the Government of Bengal, until relieved.

The 23rd April 1867.

Mr. E. H. Whinfield to officiate as Magistrate and Deputy Collector of Howrah, until Mr. Tottenham's arrival, or until further orders.

Mr. A. Weekes to officiate as Joint Magistrate and Deputy Collector of Sarun.

LEAVE OF ABSENCE.

The 17th April 1867.

Mr. F. W. V. Peterson, Assistant Magistrate and Deputy Collector of Durbangah, for three months, from the 1st proximo, under Section 6 of the Covenanted Service Absentee Rules.

এই মাসের ১৫ তারিখের আজ্ঞা মতান্তর করিয়া এই আজ্ঞা হইল যে শ্রীযুত এ ক্লার্ক সাহেব ভাগলপুর খণ্ডে বিশেষ ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টররে পদে নিযুক্ত হইয়া পূরণিয়ায় অবস্থিত হইবেন। এবং ঐ খণ্ডের কোন কি সকল জিলাতে অধঃস্থ দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন।

এই মাসের ১৫ তারিখের আজ্ঞা মতান্তর করিয়া এই আজ্ঞা হইল যে শ্রীযুত বাবু হিরালাল মুখোপাধ্যায় ঢাকা খণ্ডে বিশেষ ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের পদে নিযুক্ত হইয়া বাকরগঞ্জে অবস্থিত হইবেন এবং ঐ খণ্ডের কোন কি সকল জিলাতে অধঃস্থ দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন।

১৮৬৭ সাল ২২ আপ্রিল।

হাবড়ার মাজিষ্ট্রেট হুগলী জিলার যে সীমা সেই সীমার মধ্যে ১৮৬৪ সালের ১৮ আইনমতের মোকদ্দমার বিচার করিবার ক্ষমতা পাইয়াছেন।

নিম্নলিখিত হাবড়ার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরেরা হুগলী জিলাতে মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন।

শ্রীযুত জে আর বি রাস সাহেব
,, বাবু দ্বারকা নাথ বন্দ্যোপাধ্যায়।
,, ই, বি, গডফ্রে সাহেব।
,, বাবু কৃষ্ণচন্দ্র রায়।

চট্টগ্রামের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত জে এ ক্রেবেন সাহেব কক্সবাজার শাখা-খণ্ডের কর্ম্মের ভার পাইলেন। এইক্ষণে তিনি যে ক্ষমতাক্রমে কর্ম্ম করিতেছেন তদতিরিক্ত ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের ৩৮ ধারামতে সেশন আদালতের বিচার্য্য মোকদ্দমার প্রথমস্থলীয় অনুসন্ধান করিতে ও উক্ত সেশন আদালতের সম্মুখে যাহাদের বিচার হইবে তাহাদিগকে সমর্পণ করিতে ও তাহাদের স্থানে উপস্থিত হইবার প্রতিভূ লইতে ও তদর্থে যে সকল ক্ষমতার প্রয়োজন তদনুসারে কর্ম্ম করিতে ক্ষমতাপন্ন হইলেন।

শ্রীযুত আর পি জেনকিন্স সাহেবের ছুটীপ্রযুক্ত অনুপস্থান কালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত এস সি বেলী সাহেব শাহাবাদের সিবিল ও সেশন জজের কর্ম্ম করিবেন। তিনি পদপ্রার্থীদ্বারা অবকাশ প্রাপ্ত না হওন পর্য্যন্ত বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটারীর কর্ম্ম করিতে থাকিবেন।

১৮৬৭ সাল ২৩ আপ্রিল।

শ্রীযুত এল আর টটনহাম সাহেবের না পঁহুছন কি অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত ই এচ উইনফিলড সাহেব হাবড়ার মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের কর্ম্ম করিবেন।

ত এ উইকস সাহেব সারণের মাজিষ্ট্রেট ডেপুটী কালেক্টরের কর্ম্ম করিবেন।

ছুটী।

১৮৬৭ সাল ১৭ আপ্রিল।

দারভাঙ্গার আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত এফ ডবলিউ বি পিটরসন সাহেব চিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ ধারামতে আগামি মাসের ১ তারিখ অবধি তিন মাসের ছুটী পাইয়াছেন।

Lieutenant R. M. Skinner, District Superintendent of Police, Sarun, for three months, under Section 6 of the Covenanted Service Absentee Rules, from the 1st proximo, or any other date on which he may avail himself of the leave.

সারণের পোলীসের ডিষ্ট্রিকুট সুপরিন্টেণ্ডেণ্ট লেপ্টেনেণ্ট শ্রীযুত আর এম স্কিনর সাহেব আগামি মাসের ১ তারিখ অবধি অথবা অন্য যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখ অবধি চিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ ধারামতে তিন মাসের ছুটী পাইয়াছেন।

The 18th April 1867.

Moulvie Abdoor Rubb, Sudder Ameen of Purneah, for one month, under paragraph 12, Clause 1, of the Uncovenanted Service Absentee Rules.

১৮৬৭ সাল ১৮ আপ্রিল।

পুরণিয়ার সদর আমীন শ্রীযুত মৌলবী আবদুর রব্ব অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১২ ধারার ১ প্রকরণমতে এক মাসের ছুটী পাইয়াছেন।

The 23rd April 1867.

Baboo Otool Churn Mullick, Deputy Magistrate and Deputy Collector of Dinagepore, for two weeks, from the 22nd instant, under paragraph 16 of the Uncovenanted Service Absentee Rules.

১৮৬৭ সাল ২৩ আপ্রিল।

দিনাজপুরের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু অতুল চরণ মল্লিক অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৬ ধারামতে এই মাসের ২২ তারিখঅবধি দুই সপ্তাহের ছুটী পাইয়াছেন

NOTIFICATION.

The 18th April 1867.

The following Officers have been allowed by the Right Hon'ble the Secretary of State for India extensions of leave of absence, on medical certificate, for six months, *viz.*:—

Mr. T. Baker,

„ C. Grant.

Baboo Juggodish Nath Roy, Assistant Superintendent of Police, 24-Pergunnahs, having resumed charge of his duties on the 21st ultimo, the unexpired portion of the leave granted to him under the orders of the 13th December last is cancelled.

Baboo Hurro Chunder Ghose, Deputy Magistrate and Deputy Collector, Burdwan, having returned to his duties on the 25th ultimo, the unexpired portion of the leave granted to him under the orders of the 4th December and 28th February last, and of which he availed himself the 3rd January last, is cancelled.

বিজ্ঞাপন।

১৮৬৭ সাল ১৮ আপ্রিল।

ভারতবর্ষের পক্ষ মান্যবর শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেব নিম্নলিখিত কার্য্যকারকদিগকে চিকিৎসকের সর্টিফিকটমতে আর ছয় মাসের ছুটী দিয়াছেন।

শ্রীযুত টি বেকর সাহেব।

„ সি গ্রান্ট সাহেব।

২৪ পরগনার পোলীসের আসিষ্টান্ট সুপরিন্টেণ্ডেণ্ট শ্রীযুত বাবু জগদীশ নাথ রায় গত মাসের ২১ তারিখে আপন কর্ম্মের ভার পুনর্গ্রহণ করাতে গত ডিসেম্বর মাসের ১৩ তারিখের আজ্ঞামতে যে ছুটী পান তাহার অবশিষ্টাংশ রহিত হইল।

বর্দ্ধমানের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু হরচন্দ্র ঘোষ গত মাসের ২৫ তারিখে আপন কর্ম্মে প্রত্যাগমন করাতে গত ডিসেম্বর মাসের ৪ তারিখের ও ফেব্রুআরি মাসের ২৮ তারিখের আজ্ঞামতের যে ছুটী গত জানুআরি মাসের ৩ তারিখে গ্রহণ করেন তাহার অবশিষ্টাংশ রহিত হইল

NOTIFICATION.

The 22nd April 1867.

In the Declaration under Section 2, Act VI. of 1857, of 14th December 1866, published at page 2157 of the *Calcutta Gazette* of the 19th idem, *or* "12*b.* 12*c.* 7½*d.* standard, more or less, in the village of Mozufferpore, Pergunnah Monghyr;" *read* "6*b.* 7*c.* 17½*d.* standard, more or less, in the village of Mozufferpore, Pergunnah Monghyr, and 6*b.* 4*c.* 10*d.* standard, more or less, in Cossimpore, Pergunnah Monghyr."

বিজ্ঞাপন।

১৮৬৭ সাল ২২ আপ্রিল।

১৮৫৭ সালের ৬ আইনের ২ ধারামত ১৮৬৬ সালের ডিসেম্বর মাসের ১৪ তারিখের যে বিজ্ঞাপন ১৮৬৬ সালের ডিসেম্বর মাসের ২৫ তারিখের বাঙ্গলা গেজেটের ১৯৫৯ পৃষ্ঠায় প্রকাশিত হয়, তাহাতে "মুঙ্গের পরগনার মজফরপুর গ্রামে চলিত মাপের ন্যূনাধিক ১২৷৷২৭৷৷০ ডি ভূমির প্রয়োজন" এই যে কথা আছে তৎপরিবর্ত্তে "মুঙ্গের পরগনার মজফরপুর গ্রামে চলিত মাপের ন্যূনাধিক ৬৷২৭৷৷ ডি ও মুঙ্গের পরগনার কাশিমপুরে ন্যূনাধিক ৬/৪১০ ডি ভূমির প্রয়োজন" এই কথা পাঠ করিতে হইবে।

[*Government Gazette*, 30*th April* 1867.]

The following orders issued by the Government of India, Foreign Department, are re-published for information :—

ফরিন্ ডিপার্টমেন্টে ভারতবর্ষের গবর্ণমেন্টের নিম্ন-লিখিত যে আজ্ঞা প্রকাশ হয় তাহা সর্ব্ব সাধারণের জ্ঞানার্থে প্রকাশ করা যাইতেছে।

No. 377.

The 16th April 1867.

Political.

His Excellency the Governor General of India in Council is pleased to confer the title of "Rae Bahadoor" on Baboo Jodoonath Roy, in recognition of his recent exertions in affording relief to the distressed poor of the Nuddea District.

৩৭৭ নম্বর।

১৮৬৭ সাল ১৬ আপ্রিল।

পোলিটিকাল

কিয়ৎকালাতীত হইল শ্রীযুত বাবু যদুনাথ রায় নদীয়া জিলার দরিদ্র লোকদিগের দুঃ নিবারণার্থে বদন্যতা প্রকাশ করাতে মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব তাঁহাকে রায় বাহাদুর উপাধি প্রদান করিলেন।

No. 379.

His Excellency the Governor General of India in Council is pleased to confer the title of "Rae Bahadoor" on Baboo Hurnath Roy, of Narail, in recognition of the liberal aid he has afforded to works of public utility in Jessore.

৩৭৯ নম্বর।

নড়াইলের শ্রীযুত বাবু হরনাথ রায় সাধারণের হিতজনক কার্য্যের সাহায্যার্থে বদান্যতা প্রকাশ করাতে মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব তাঁহাকে রায় বাহাদুর উপাধি প্রদান করিলেন।

DECLARATION UNDER SECTION 2, ACT VI. OF 1867.

The 22nd April 1867

Whereas it appears to the Hon'ble the Lieutenant-Governor of Bengal that land is required to be taken for a public purpose, *viz.*, for the Calcutta Water Works, it is hereby declared that, for the above purpose, two plots of land, A and B, measuring 5-17-6 chittacks, more or less, situated in Mouzah Moneerampore, Pergunnah Calcutta, District 24-Pergunnahs, are required. Their extent, limits, and position are as follows :—

Plot A.—4 beegahs 3 cottahs and 5 chittacks, more or less, in area extends in a straight line 3,000 feet by 20 from the eastern limit of the Moneerampore house compound up to the Cantonment Road, passing in its entire length through the village of Moneerampore, and through lands in the occupation of Dwarikanauth Mookerjee, Koylas Chunder Ghose, Govind Chunder Sadookhan. Sreenauth, Chunder Mohun, Nilmoney, Koylas Chunder, and Radhaprosand Chowdries, Dinnobundhoo Bannerjee, Kistanund Biswas, Nilmoney Bannerjee, Shaik Bhoodhoo, Shaik Junghy, Shibchurn Tawaree, and Promoth Chunder Gangooly.

Plot B.—1 beegah 17 cottahs, more or less, in area extends in a straight line 800 feet in length and 20 feet in width, from the junction of the Grand Trunk and Railway Station Road to the bend in the Orderly Bazar Road, and from that point in a westerly direction to the Military Parade ground in another straight line 530 feet by 20. It passes through lands belonging to Government, the heirs of the late Ranee Rashmoney Dassee and to Shaik Mozohur Ally.

This Declaration is made, under the provisions of Act VI. of 1857, to all to whom it may concern.

১৮৫৭ সালের ৬ আইনের ২ ধারামতের বিজ্ঞাপন।

১৮৬৭ সাল ২২ আপ্রিল।

বঙ্গদেশের মান্যবর শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব অবগত হইয়াছেন যে রাজকীয় কার্য্যার্থে অর্থাৎ কলিকাতায় জল যোগাওনের কার্য্যের নিমিত্তে ভূমি লওয়া আবশ্যক, অতএব সংবাদ দেওয়া যাইতেছে যে পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে ২৪ পরগনা জিলার অন্তর্গত কলিকাতা পরগনার মণিরামপুর মৌজায় ন্যূনাধিক ৫৷১৭৷৬ পরিমিত A ও B দুই খণ্ড ভূমির প্রয়োজন। ইহার পরিমাণ, সীমা ও স্থিতি নিম্নে লেখা যাইতেছে।

A খণ্ড কালিতে ন্যূনাধিক ৪/৩৷৵ ছটাক ভূমি মণিরামবাটীর পূর্ব্বদিগের সীমাহইতে সৈন্যাবাসের পথ পর্য্যন্ত সরল রেখার ৩০০০ ফুট দীর্ঘ ও ২০ ফুট প্রশস্থ, এই সম্পূর্ণ দীর্ঘতা মণিরামপুর গ্রাম দিয়া ও দ্বারকা মুখোপাধ্যায় ও কৈলাসচন্দ্র ঘোষ ও গোবিন্দচন্দ্র সাধুখাঁ, ও শ্রীনাথ, চন্দ্রমোহন, নীলমণি, কৈলাসচন্দ্র, ও রাধাপ্রসাদ চৌধুরী এবং দীনবন্ধু বন্দ্যোপাধ্যায়, কৃষ্ণানন্দ বিশ্বাস, নীলমণি বন্দ্যোপাধ্যায়, সেখ ভুধু, সেখ জঙ্গি, শিবচরণ তেওয়ারী, ও প্রমথচন্দ্র গঙ্গোপাধ্যায়ের ভূমি দিয়া যায়।

B খণ্ড—কালীতে ন্যূনাধিক ১৷৮২ কাঠা ইহা ৮০০ ফুট দীর্ঘ ও ২০ ফুট প্রশস্ত, গ্রাণ্ড ট্রাঙ্ক ও রেলওয়ে ষ্টেশন পথের সংযোগ স্থানাবধি আর্দ্দলী বাজারের পথের মোড় পর্য্যন্ত ও সেই স্থানহইতে পশ্চিমাভিমুখে সৈন্যেরদের কাওয়াজের ভূমি পর্য্যন্ত ৫৩০ ফুট দীর্ঘ ও ২০ ফুট প্রশস্ত অন্য সরল রেখা। ইহা গবর্ণমেন্টের ও মৃত রাণী রাসমণি দাসীর উত্তরাধিকারির ও সেখ মজহর আলীর ভূমি দিয়া যায়।

২। উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক আছে তাঁহাদের জ্ঞানার্থে ১৮৫৭ সালের ৬ আইনের বিধানমতে এই সংবাদ প্রকাশ করা গেল।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৭। ৩০ আপ্রিল।]

NOTIFICATION.

The 16*th April* 1867.

The following revised boundaries for the jurisdiction of the Municipality of Burdwan have been approved by His Honor the Lieutenant-Governor of Bengal, and are published for general information:—

On the North—A line drawn nearly due east, intersecting the East India Railway to the Pucca Bridge near Hotoodewan on the Cutwa Road, and thence to the north-east corner of the Talpooker, in Sadunpore Village.

On the South—The Damoodar Government Bund.

On the East—A line drawn from the north-eastern corner of the Talpookur in Sadunpore, south-east through Sodepore to the point where the Balka Nuddee Khal touches the road, thence in the same direction to the East India Railway Pucca Bridge at Bommat, thence in a south-westerly direction to the Gopalbatby Indigo Factory, and thence skirting the road course to the Government Bund.

On the West—A line drawn from Gomanie Colonel's Mosque in a south-westerly direction to the Pucca Bridge at Komul Dighee, thence in a south-westerly direction to the Banka Nuddee at the junction of the Tautee Pookur and Baboorpookur Roads, thence south to the archway across the public road at the Rajbagan, and thence to the Government Bund at the upper Katgolaghat, passing between the two Ajgoobeetola Mosques.

S. C. BAYLEY,
Offg. Secy. to the Govt. of Bengal.

বিজ্ঞাপন।

১৮৬৭ সাল ১৬ আপ্রিল।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব বর্দ্ধমান মুনিসিপালীটীর নিম্নলিখিত সংশোধিত সীমা অনুমোদন করাতে তাহা সর্ব্বসাধারণের জ্ঞানার্থে প্রকাশ করা যাইতেছে।

উত্তর সীমা—ইস্ট ইণ্ডিয়া রেলওয়ের উপর দিয়া কাটওয়ার পথের ধারের হোতুদেওয়ানের নিকট পাকা সাঁকো পর্য্যন্ত ও তথাহইতে সাধনপুর গ্রামের তালপুকুরের উত্তর পূর্ব্ব কোণ পর্য্যন্ত প্রায় খাড়া পূর্ব্ব যে রেখা টানা যায় তাহা।

দক্ষিণ সীমা—দামোদরের গবর্ণমেন্টের বাঁধ।

পূর্ব্ব সীমা—সাধানপুরের তাল পুকুরের উত্তর পূর্ব্বকোণহইতে সোদপুর দিয়া দক্ষিণ পূর্ব্বদিগে বাঁকা নদী খাল যে স্থানে রাস্তায় মিলে তথাহইতে ঐ দিগে ইষ্ট ইণ্ডিয়া রেলওয়ে কোম্পানির বমাটস্থ পাকা সাঁকো পর্য্যন্ত, তথাহইতে দক্ষিণ পশ্চিমাভিমুখে গোপালবাটীর নীলকুঠী পর্য্যন্ত ও তথাহইতে পথের ধারে২ গবর্ণমেন্টের বাঁধ পর্য্যন্ত যে রেখা টানা যায় তাহা।

পশ্চিম সীমা—গোমানি কর্ণেলের মসজীদহইতে দক্ষিণ পশ্চিম দিগে কমল দীঘীর পাকা সাঁকো পর্য্যন্ত তথাহইতে দক্ষিণ পশ্চিমদিগে তাঁতি পুকুর ও বাবুর পুকুর রাস্তার সংযোগ স্থানে বাঁকা নদী পর্য্যন্ত, তথাহইতে রাজবাগানের নিকট রাজ পথের উপর দিয়া যে খিলান পথ আছে তাহার দক্ষিণ, তথাহইতে দুই আজগুবীতলা মসজীদের মধ্য দিয়া উত্তর কাটগোলাঘাটের গবর্ণমেন্টের বাঁধ পর্য্যন্ত যে রেখা টানা যায় তাহা।

এস সি বেলী,
বঙ্গদেশের গবর্ণমেন্টের একটিং সেক্রেটারী।

PUBLIC WORKS DEPARTMENT.

No. 144.

MILITARY.

The 17*th April* 1867.

Declaration under Section II. of Act VI. of 1857.—Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that the undermentioned land is required to be taken up, at the public expense, for a public purpose, namely, for obtaining free ventilation around the new Artillery Barracks at Hazareebaugh, in the district of Hazareebaugh, it is hereby notified that the sites occupied by the huts and houses in Mouzahs Surleh, Kaneebazar, Cheper and Chumroo, in Pergunnah Champah, Zillah Hazareebaugh, are required for the above purpose.

This Declaration is made, under Section II. of Act VI. of 1857, to all whom it may concern.

J. E. T. NICOLLS, *Lieut.-Col., R. E.,*
Secy to the Govt, of Bengal,
P. W. D.

পবলিক ওর্কস ডিপার্টমেণ্ট।

১৪৪ নম্বর।

সমরসম্পর্কীয়।

১৮৬৭ সাল ১৭ আপ্রিল।

১৮৫৭ সালের ৬ আইনের ২ ধারামতের বিজ্ঞাপন।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব অবগত হইয়াছেন যে রাজকীয় কার্য্যার্থে অর্থাৎ হাজারিবাগের নূতন আর্টিলারী বারিকের চারিদিগে বাতাস খেলিবার নিমিত্তে রাজকীয় অর্থ ব্যয়ে গবর্ণমেন্টের নিম্নলিখিত ভূমি লওয়া আবশ্যক, অতএব সংবাদ দেওয়া যাইতেছে যে হাজারী বাগ জিলার অন্তর্গত চাম্পা পরগনার সলে ও কাণীবাজার ওচেপর ও চমরু মৌজার যের চালাঘর ও ঘর আছে তাহার ভূমির প্রয়োজন।

২। উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক আছে তাঁহাদের জ্ঞানার্থে ১৮৫৭ সালের ৬ আইনের ২ ধারার বিধানমতে এই সংবাদ প্রকাশ করা গেল।

জে ই, টি, নিকলস্ লেপ্টেনেন্ট কর্ণেল আর ই,
পবলিক ওর্কস ডিপার্টমেন্ট, বঙ্গদেশের
গবর্ণমেন্টের সেক্রেটারী।

ORDERS OF THE HIGH COURT OF JUDICATURE AT FORT WILLIAM IN BENGAL.

LEAVE OF ABSENCE.

The 26th April 1867.

Baboo Bhugwan Chunder Sein, Moonsiff of Nicklee, Zillah Mymensingh, for four weeks, under paragraph 16 of the Uncovenanted Absentee Rules, placing his Serishtadar in charge of the current duties of his office.

Baboo Chunder Prosunno Dutt, Moonsiff of Bamunarah, Zillah East Burdwan, for one week, under paragraph 16 of the Uncovenanted Absentee Rules.

Baboo Kishen Chunder Chatterjee, Moonsiff of Sonamgunge, Zillah Sylhet, for twelve days, in Medical Certificate.

L. R. TOTTENHAM,
Registrar.

বঙ্গদেশস্থ কোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্টের আজ্ঞা।

ছুটী।

১৮৬৭ সাল ২৬ আপ্রিল।

ময়মুনসিংহ জিলার নিকলির মুনসেফ শ্রীযুত বাবু ভগবানচন্দ্র সেন অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৬ ধারামতে চারি সপ্তাহের ছুটী পাইয়াছেন। তিনি আপন কার্য্যালয়ের চলিত কর্ম্মের ভার সিরিশতাদারের প্রতি অর্পণ করিবেন।

পূর্ব্ব বর্দ্ধমান জিলার বামুনআড়ার মুনসেফ শ্রীযুত বাবু চন্দ্রপ্রসন্ন দত্ত অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৬ ধারামতে এক সপ্তাহের ছুটী পাইয়াছেন।

শ্রীহট্ট জিলার সুনামগঞ্জের মুনসেফ শ্রীযুত বাবু কৃষ্ণচন্দ্র চট্টোপাধ্যায় চিকিৎসকের সর্টিফিকটক্রমে বারো দিনের ছুটী পাইয়াছেন।

এল আর টটন্‌হাম,
রেজিষ্ট্রার।

GOVERNMENT ADVERTISEMENTS.

গবর্ণমেণ্টের ইশ্‌তিহার।

৯০৩ নং।

আফিমের ইশ্‌তেহার।

ইশ্‌তেহার দেওয়া যাইতেছে যে সন ১৮৬৭ সাল তারিখ ৯ মে বৃহস্পতিবার পূর্ব্বাহ্নে দিবা এগার ঘন্টার সময়ে মোং কলিকাতার এক্সচেঞ্জ ঘরে সন ১৮৬৫। ৬৬ সালের উৎপন্ন আফিমের পঞ্চম নীলাম হইবেক এবং ঐ নীলামে ৪,০০০ সিন্দুক আফিম বিক্রয় হইবেক তাহার বিশেষ এই।

	সিন্দুক
বেহারের এজেন্সীর উৎপন্ন আফিম	২,০০০
বানারসের এজেন্সীর উৎপন্ন আফিম	২,০০০
জুমলা সিন্দুক	৪,০০০

২ দফা। এইক্ষণে যে নীলামের ইশ্‌তেহার হইল তাহার সাধারণ নিয়ম অর্থাৎ শরত চলিতমত গবর্ণমেণ্ট ও এক্সচেঞ্জ গেজেটের প্রকাশিত সন ১৮৬৬ সালের ১ অক্টোবর তারিখের লিখিত ইশ্‌তেহার দৃষ্টি করিলে অথবা রেবিনিউ বোর্ডের দপ্তরখানায় দরখাস্ত করিলে সবিশেষ জানিতে পারিবেন।

৩ দফা। ডিপাজিট অর্থাৎ আমানত পেশগীর টাকা দাখিলের শেষ তারিখ এবং কিলিয়ারেন্স অর্থাৎ কিম্মতের টাকা দিয়া আফিম খালাসের শেষ তারিখ সন ১৮৬৭ সালের ১৪ মে এবং ২৪ তারিখ সর্ব্বসাধারণ অবকাশ থাকাতে ২৫ তারিখ কিলিয়ারেন্সের দিন স্থির করা গেল, অতএব নীলামী খরিদারগণ যে সকল প্রমিস্বরী নোট অর্থাৎ তমসুক লিখিয়া দিয়া থাকেন তাহার খালাস করণার্থে বাঙ্গাল বেঙ্কের রসিদ অথবা কোম্পানির কাগজ কিম্বা অন্য কোন রকম সরকারী মাতবরী দস্তাবেজাৎ যাহা আমানতের হিসাবে দাখিল হইয়া থাকে তাহা সন ১৮৬৭ সালের ১৪ মে মঙ্গলবার বেলা দুই প্রহর ৪ ঘণ্টার পর আর লওয়া যাইবেক না এবং ঐ আফিমের লাট খালাসী সববে কিম্মতের পূরা টাকার দরুণ বাঙ্গাল বেঙ্কের রসিদ সন ১৮৬৭ সালের ২৫ মে শনিবার বেলা দুই প্রহর ৪ ঘণ্টার পর আর লওয়া যাইবেক না।

৪ দফা। উপরোক্ত এই নীলামের ইশ্‌তেহারের লিখিত পরিমাণ আফিম ভিন্ন বর্ত্তমান বর্ষে উৎপন্ন নীচের লিখিত পরিমাণ বেহারের ও বানারসের আফিম কিঞ্চিৎ কমি বা বেশী হউক পশ্চাৎ লিখিত তারিখ হারে

অথবা তাহার কিঞ্চিৎ অগ্র পশ্চাৎ নীলামে ধরা যাইবেক আর যদিস্যাৎ কোন হেতু প্রযুক্ত নীলামের তারিখ বদল করিবার আবশ্যক হয় তবে সাহেবান বোর্ডের ক্ষমতা থাকিল যে আবশ্যক মতে তারিখ বদল করিবেন।

						বেহারের সিন্দুক	বানারসের সিন্দুক	জুমলা সিন্দুক
সন ১৮৬৭ সাল তারিখ ৭ জুন শুক্রবার অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ						২,০০০	২,০০০	৪,০০০
ঐ	ঐ	১০ জুলাই..	বুধবার	ঐ	...	২,০০০	২,০০০	৪,০০০
ঐ	ঐ	৯ আগষ্ট	...শুক্রবার	ঐ	...	২,০০০	২,০০০	৪,০০০
ঐ	ঐ	৯ সেপ্টেম্বর	সোমবার	ঐ	...	২,০০০	২,০০০	৪,০০০
ঐ	ঐ	১৬ অক্টোবর	বুধবার	ঐ	...	২,০০০	২,০০০	৪,০০০
ঐ	ঐ	১১ নবেম্বর	সোমবার	ঐ	...	২,০০০	২,০০০	৪,০০০
ঐ	ঐ	৬ ডিসেম্বর	শুক্রবার	ঐ	...	২,০০০	২,০০০	৪,০০০
					একুন	১৪,০০০	১৪,০০০	২৮,০০০

আর এল মাঙ্গলস্।
একটিং ছোট সেক্রেটারী।

বিমৌজিব হুকুম সাহেবান আলিশান বোর্ড রেবিনিউ,
ফোর্ট উলিয়ম সন ১৮৬৭ সাল তারিখ ২ এপ্রেল।

LAND ADVERTISEMENTS. — ভূমিবিষয়ক ইশ্‌তিহার।

NOTICE.

Notice is hereby given, under Section VI. of Act XI. of 1859, that the undermentioned Estates, in Zillah Burdwan, will be put up to public and unreserved sale, at the Collector's Office of that District, on Thursday, the 16th May 1867, corresponding with the 3rd Joysto 1274 *(B. S.,)* for arrears of Revenue and other demands due on the 28th March 1867, which, by the Regulations and Acts in force, are directed to be realized in the same manner as arrears of Revenue :—

No. I.—Permanently-settled Estates.

No. 117.—Chooteepore, Pergunnah Chooteepore; recorded Proprietor, Radhagobind Chowdhory; Government Revenue Rupees 553-8-8.

No. 123.—Chooteepore, &c., Pergunnah Chooteepore; recorded Proprietors, Goureeprosad Mookerjee and others; Government Revenue Rupees 2,014-5-8.

No. 158.—Soomudhurgureeah, Pergunnah Shatsyka; recorded Proprietors, Roheemonesa Bebee and Kylash Chundra Dey Chowdhry; Government Revenue Rupees 2,710-8-11.

No. 174.—Goarah, Pergunnah Mamdanipore; recorded Proprietor, Kristodeb Vattacharjee; Government Revenue Rupees 727-14-7.

No. 5537.—Bahadoorpore, Pergunnah Choumooah; recorded Proprietor, Akbarn Nissa *alaias* Akala Bebee; Government Revenue Rupees 508-0-10.

A. J. R. Bainbridge,
Collector.

Burdwan Collectorate,
The 26th April 1867.

জিলা বৰ্দ্ধমান।

হুকুম ইস্তাহার নামা কাছারি কালেকুটরি জেলা বৰ্দ্ধমান।

সন ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারাক্রমে ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে জেলা পূৰ্ব্বাংশ বৰ্দ্ধমানের নীচের লিখিত মহালাত সন ১৮৬৭ সালের নাগাদী ২৮ মার্চ মোতাবক সন ১২৭৩ সালের নাগাদী ১৬ চৈত্র তলবের সরকারী বাকী রাজস্ব আদায় জন্য সন ১৮৬৭ সালের ১৬ মে মোতাবক সন ১২৭৪ সালের ৩ জ্যৈষ্ঠ বৃহস্পতিবার দিবসে দিবা দুই প্রহরের পর অত্র জিলার কালেকুটরী কাছারিতে নীলামে ধরা যাইবে ও বিনা বাধাতে বিক্রয় হইবেক ইতি সন ১৮৬৭ সাল তারিখ ২৫ আপ্রিল।

প্রথম শ্রেণীর ইস্তমরারি জমা ধাৰ্য্য হওয়া মহাল।

১১৭ নং ছোটীপুর পং ছোটীপুর মালিক রাধাগোবিন্দ চৌধুরী সদর জমা ৫৫৩॥৮

১২৩ নং ছোটীপুরদিং পং ছোটীপুর মালিক গৌরীপ্রসাদ মুখোপাধ্যায়দিং সদর জমা ২০১৪৷/৮

১৫৮ নং সমুদ্রগড়ি পং সাতশৈকা মালিক রহিমন নেছা বিবি ও কৈলাসচন্দ্র দে চৌধুরী সদর জমা ২৭১০॥১১

১৭৪ নং গোয়াড়া পং মামদানিপুর মালিক কৃষ্ণদেব ভট্টাচাৰ্য্য সদর জমা ৭২৭৸৴৭

৫৫৩৭ নং বাহাদুরপুর পং চোমুহা মালিক আকবরণ নেছা ওরফে আকেলা বিবি সদর জমা ৫০৮৲১০

A. J. R. Bainbridge,
Collector.

[*Government Gazette,* 30*th April* 1867.]

জিলা দিনাজপুর।

এস্তাহারনামা কাছারি কালেক্টরি জেলা দিনাজপুর।

১৮৫৯। ১১ আইনের ৬ ধারানুযায়ি ইহাদ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে জেলা দিনাজপুরের নীচের লিখা মহাল ১৮৬৭। ২৮ মার্চ তকের বাকী মালগুজারির নিমিত্তক ১৮৬৭ সনের ১ মেই মোং ১২৭৪ সালের ১৯ বৈশাখ রোজ বুধবার এই জেলার কালেক্টরি কাছারিতে নীলাম ধরা যাইবেক ও বিনা বাধাতে বিক্রয় হইবেক।

প্রথম শ্রেণীর ইস্তমুরারি জমা ধার্য্যহওয়া মহাল।

মৌজে মাটীগাড়া ওগয়রহ পঃ শালবাড়ী লিখিত মালিক ভৈরবনাথ সেন ও গদাধর চক্রবর্ত্তি ও মৌলবী সৈয়দ জহুরানা ও আজিজর রহমা ও জহুরন নেছা ও অছিমন নেছা ও নাজিবল নেছা ও রাজমোহন ও জগ-মোহন ও কৈলাসচন্দ্র নেউগী ও মেনকাসুন্দরী গুপ্তা মাদরে অলি পক্ষে গোবিন্দচন্দ্র ও উমেশচন্দ্র নেউগী নাবালগ সদর জমা ৪৬২৯।৩। পাই।

টৈঃ।

এই মহালের ।।০ আনার মালিক রাজমোহন ও জগমোহন ও কৈলাসচন্দ্র নেউগী ও মেনকাশুন্দরী গুপ্তা মাদরে অলি পক্ষে গোবিন্দচন্দ্র ও উমেশচন্দ্র নেউগী নাবালগ এবং তাহার সদর জমা ২৩১৪।।৵১।। পাই হয় ঐ হিস্যার খাজানার হিসাব ১৮৫৯। ১১। ১০ ধারা মতাবেক পৃথক্ হইয়াছে এইক্ষণ উক্ত হিস্যার নাগায়েদ ২৮ মার্চ তকের বাকী রাজস্ব ৯০৭৲ টাকা কারণ নীলামে ধরা গেল ইতি।

সন ১৮৬৭ ইং তারিখ ৫ আপ্রেল।

J. P. Grant,
Offg. Collector.

জিলা ২৪ পরগনা।

এস্তেহারনামা কাছারি কালেক্টরি জেলা ২৪ পরগনা এই যে।

সন ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারামতে সংবাদ দেওয়া যাইতেছে যে জেলা চব্বিশপরগনার নীচের লিখিত মহালাত মালগুজারির বাকী বাবৎ ইংরাজী সন ১৮৬৭ সালের ২ মে ঐ জেলার কালেক্টরি কাছারিতে বিনা ওজর নীলাম ধরা যাইবেক ইংরাজী সন ১৮৬৭ সাল তারিখ ১০ আপ্রেল।

প্রথম শ্রেণীর ইস্তমুরারি জমা ধার্য্যহওয়া মহাল।

১৪ নং কীং পরগনে মাগুরাওং কীং চেতলাওং লিখিত মালিক রাধাচরণ রায়ওং সদর জমা কোং ৭৯৭৩৷৪৶

৩৯৩ নং কীং পরগনে আজীমাবাদ হুদা মাধবপুর সদর জমা কোম্পানি ১২৭৬৭।।৶৩ টাকা মধ্যে সন ১৮৫৯ সালের ১১ আইনের ১০ ধারামতে শ্রীনাথ বসুর রকম ।।০ আট আনার কাত সদর জমা কোম্পানি ৬৩৮৩৷/৭।। টাকার মহাল ২১৯৬৶৩ টাকা বাকী আদায় জন্য নীলাম বিক্রয় হইবেক।

৬০৫ নং কীং পরগনে ভালুকা কীং ভালুকা সদর জমা মায় পুলিস কোং ১৫৯৪৩৷৶৴৮ টাকা মধ্যে সন ১৮৫৯ সালের ১১ আইনের ১০ ধারামতে ।/১০৶৯।।৴ আনার কাত ৫১৪৪৶৫ টাকার মহাল সতন্ত্র হিস্যা স্থাপিত হওয়ায় এবং উহারা বাকী আদায় করায় অবশিষ্ট রকম ।।৵৯৶/১০।/ আনা গৌরীচরণ ঘোষওগয়রহ সদর জমা কোং ৯৭৯৯৶৩ টাকার মহাল ২৮।।/৫ টাকা বাকী আদায় জন্য নীলাম বিক্রয় হইবেক।

A. Smith,
Collector.

কলিকাতা বাঙ্গাল সেক্রেটারীয়েট যন্ত্রালয়ে গবর্ণমেন্টের জন্যে শ্রীযুত এক জে বার্লো সাহেবকর্তৃক মুদ্রিত ও প্রকাশিত হইল।

গবর্ণমেণ্ট গেজেটের ক্রোড়পত্র

TUESDAY, APRIL 30, 1867.

মঙ্গলবার ১৮৬৭ সাল ৩০ আপ্রিল

বিজ্ঞাপন।

ইহাতে সংবাদ দেওয়া যাইতেছে যে নিম্ন লিখিত বিক্রয়ের বিজ্ঞাপনে যে সকল মহালের উল্লেখ হইল সে সকল মহালে গবর্ণমেণ্টের যে মালিকী স্বত্ব আছে তাহা নিম্ন লিখিত নিয়মের অধীন হইয়া বিক্রয় হইবে।

বিক্রয়ের নিয়ম।

১।—প্রত্যেক মহাল পার্শ্বের লিখিত নির্দ্দিষ্ট সদর জমার অধীন হইয়া যে ব্যক্তি নীলামে প্রথম ডাকের উপর সর্ব্বাপেক্ষা উচ্চ ডাকিবেক তাহাকে দেওয়া যাইবে।

২।—বর্ত্তমান পাট্টা এবং বন্দোবস্তের কার্য্য কি প্রবল আইনহইতে উৎপন্ন স্বত্ব সকল বিক্রয়ের পরে বহাল থাকিবে। রাজস্বের কার্য্যকারকদিগের কৃত জমাবন্দীতে যে২ খোদকস্তা রাইয়ত স্বাক্ষর করিয়াছে ক্রেতারা তাহারদিগের স্বত্ব মানিতে বাধ্য হইবে।

৩।—একশত টাকার অনধিক পণ হইলে সেই সমুদয় টাকা তৎক্ষণাৎ দিতে হইবে।

৪।—একশত টাকার অধিক হইলে ডাক পণের চারি অংশের এক অংশ তৎক্ষণাৎ দাখিল করিতে হইবে বিক্রয়ের দিবস এক দিন বলিয়া গণনা করিলে বিক্রয়ান্তর পঞ্চদশ দিনের মধ্যাহ্ন কালে, কিম্বা সেই দিবস বন্ধের দিন হইলে তৎপরে প্রথম যে দিন কাছারী খোলা যায় সেই দিনের মধ্যাহ্ন কালে, যদি অবশিষ্ট টাকা দাখিল না হয়, তবে বিক্রয় রহিত ও গচ্ছিত টাকা গবর্ণমেণ্টে জব্দ হইবে, ও প্রথম স্থলায় বিক্রয়ের ন্যায় পুনর্ব্বার বিজ্ঞাপন প্রকাশ করণপূর্ব্বক ঐ ত্রুটিকারি ক্রেতার ঝুঁকিতে সেই মহাল পুনর্ব্বার বিক্রয় হইবে।

৫।—মহালের উপর যে সামান্য সদর জমা ধার্য্য হইয়াছে ক্রেতারা তদতিরিক্ত রাস্তা প্রস্তুত ও গমনাগমনের সুবিধার নিমিত্ত করও দিতে বাধিত হইবেন। তাঁহারা যে তারিখঅবধি ক্রীত মহাল দখল করেন সেই তারিখঅবধি সদর জমার উপর শতকরা এক টাকার হিসাবে ঐ কর ধার্য্য হইবে। ঐ কর বাকী রাজস্বের ন্যায় আদায় হইতে পারিবে।

রেবিনিউ বোর্ডের আজ্ঞাক্রমে,

আর বি চাপমান,
সেক্রেটারী।

নীলামের ইশ্‌তিহার।

জিলা যশোহর।

এস্তাহারনামা কাছারি কালেক্টরি জিলা যশর।

ইহাতে সংবাদ দেওয়া যাইতেছে যে যশর জেলার মধ্যবর্ত্তী পশ্চাৎ লিখিত মহালে গবর্ণমেন্টের মালিকি স্বত্ব ইঙ্গরেজী ১৮৬৭ সালের মে মাসের ৮ তারিখে মোতাবেক বাঙ্গালা সন ১২৭৪ সালের বৈশাখ মাসের ২৬ তারিখে জেলা যশহরের কালেক্টরিতে বিক্রয় হইবে।

এই সকল মহাল যে ব্যক্তিরা ক্রয় করেন তাঁহারা এই ক্রোড় পত্রের শিরোভাগে রেবিনিউ বোর্ডের সেক্রেটারী সাহেবের স্বাক্ষরিত বিক্রয়ের নিয়মের অধীনে থাকিবেন।

রাজকীয় মহালের তৌজিয়তের নম্বর।	জেলার বহীতে নম্বর।	মহাল ও পরগনার নাম।	যত একর পরিমাণ	সদর জমা।			নীলামের প্রথম ডাক।	মন্তব্য কথা।
				মার্য্যকো রাজস্ব।	রাস্তার টেক্স।	মোট।		
			এ রু পো					
৬২	৪১৭১	পং মাহামুদ সাহী কিং কামারকুণ্ড ..	২।২।২৩	৪৲	/০	৪/০	৮৲	
১৫১	৪৪৪৬	নেমক খালাড়ি বড়দিয়া পং মধুদিয়া ...	১৪।৩।১৫	২৪।৶০	।০	২৪।৶০	৪৫৸৶০	
১৬০	৫১৯৯	পং সাহাউজিয়াল কিং বারো বাজার ...	১।৩।৮	২৸৶০	/০	৩৲	৫৸৶০	
১৬১	৫৮০৮	নেমক মহাল ছাবড়িয়া গোলা কিং রজাকপুর পং মল্যই ..	১১।১।৩	২২৲	।০	২২।০	৫৪৲	
১৬২	৫৯১০	নেকম মহাল ছাবড়িয়া গোলক ঝিলতলা পং ঐ ..	০।১।১৮					এই মহাল নিষ্করক্রমে বিক্রয় হইবেক।

J. Monro,
Offg. Collector.

জিলা নদীয়া।

এস্তেহারনামা কাছারি কালেকুটরী জেলা নদীয়া।

ইহার দ্বারায় ঘোষণা করা যাইতেছে যে নীচের লিখিত ইষ্টেট সমস্ত যাহা নদীয়া জেলার মধ্যে আছে ঐ সকল ইষ্টেটে গবর্ণমেন্টের মালিকী স্বত্ব জেলা নদীয়ার কালেকুটরী কাছারীতে সন ১৮৬৭ সালের ৩০ এপ্রেল মোতাবেক সন ১২৭৪ সালের ১৮ বৈশাখ তারিখে নীলামে ধরা যাইবেক নীলাম খরিদারগণ মহামান্য বোর্ড রেবিনিউর সেক্রেটর সাহেবেকর্ত্তৃক এই দুটিশের উপরি ভাগে যে সমস্ত নিয়ম প্রকটিত হইয়াছে তাহার অধীন হইবেন ইতি সন ১৮৬৭ সাল ১৪ মার্চ।

নম্বর ইষ্টেটের।	নম্বর তৌজি।	নাম ইষ্টেট ও পরগনা।	একর পরিমাণ ভূমি।	গবর্ণমেন্ট রেবিনিউ। রেবিনিউ যাহা ধার্য্য হইয়াছে।	রোড ফণ্ড।	একুন।	কৈফিয়ৎ।
১০০	১৮৬৩	তাহ[illegible]পুর পং চাং কৃ[illegible]নগর ...	৪।৩।২৮	৫॥৴৪	৻৩	৫॥৶৩	উচ্চ ডাকনিয়াকে বর্ত্তমান জমায় বিক্রয় হইবে।
১৮৬	২২০৯	পা[illegible]তি পাড়া পং [illegible]মজওয়ানী ...	১৮।২।২৪	২৩৻৶৯	৶০	২৩॥৶৯	ঐ

H. BELL,
Collector.

জিলা হুগলী।

এস্তাহারনামা কাছারি কালেকুটরি জেলা হুগলি।

এতদ্দ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে হুগলি জিলার অন্তর্গত নিম্ন লিখিত খাস মহালের গবর্ণমেন্টের মালিকত্ব স্বত্ব ১৮৬৭ সালের ৮ই মে মোতাবেক বাঙ্গলা ১২৭৪ সালের ২৬সে বৈশাখ বুধবার এই জিলার কালেকুটরি কাছারিতে নীলাম হইবেক।

এই মহাল যে ব্যক্তি ক্রয় করিবেন তিনি এই ক্রোড়পত্রের শিরোভাগে রেবিনিউ বোর্ডের সেক্রেটর সাহেবের স্বাক্ষরিত বিক্রয়ের নিয়মের অধীনে থাকিবেন ইতি ১৮৬৭। ১০ই আপ্রিল।

রাজকীয় মহালের নম্বর।	জিলার বহীর নম্বর।	মহাল ও পরগনার নাম।	ভূমির পরিমাণ।	সদর জমা। নিদ্ধারিত রাজস্ব।	রোড ফণ্ড	মোট	[illegible]	মন্তব্য।
৪৩	২২০৪	[illegible]াকরান জগন্নাথপুর পং [illegible]ালিয়া	এঃ রুঃ পঃ ৬।৩।০	১৬৻৬	৶৬	১৬৶০	৩২৻৶০	১২৭৪ সালের ১লা বৈশাখহইতে খরিদদারের স্বত্ব জন্মিবেক বার্ষিক ১৬৶০ টাকা রাজস্ব সরকারে নিয়মমত দিতে খরিদদার বাধ্য হইবেন্

[illegible] PARK,
Offg. Collector.

বাঙ্গাল সেক্রেটারিয়েট যন্ত্রালয়ে শ্রীযুত এফ্ জে বার্লো সাহেবকর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত হইল।

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, MAY 7, 1867.

মঙ্গলবার ১৮৬৭ সাল ৭ মে

GOVERNMENT OF BENGAL

LEGISLATIVE DEPARTMENT.

THE following Bill was read in the Council of the Lieutenant-Governor of Bengal for the purpose of making Laws and Regulations on the 27th April 1867, and was referred to a Select Committee who are to report thereon within a fortnight :—

A Bill to amend Act III. of 1864 passed by the Lieutenant-Governor of Bengal in Council.

[Preamble.]

WHEREAS it is expedient to amend Act III of 1864 passed by the Lieutenant-Governor of Bengal in Council, by providing some effective means for the recovery of the assessment thereby imposed upon houses, buildings, and lands, and by providing that the Inspector-General of Jails and the District Superintendent of Police in each District shall be ex-officio Municipal Commissioners ; It is enacted as follows :—

[Interpretation.]

I. The following words and expressions in this Act shall have the several meanings hereby

বঙ্গদেশের গবর্ণমেণ্ট।

ব্যবস্থাপন কর্ম্মবিভাগ।

আইনের নিম্নলিখিত পাণ্ডুলিপি আইন ও ব্যবস্থা করণার্থ বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের মন্ত্রিসভায় ১৮৬৭ সালের আপ্রিল মাসের ২৭ তারিখে পাঠ করা গিয়াছিল। তাহা বিশেষ কমিটীর প্রতি অর্পিত হইয়াছে। তাঁহারা দুই সপ্তাহের মধ্যে তদ্বিষয়ের রিপোর্ট করিবেন।

মন্ত্রিসভাধিষ্ঠিত বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের প্রচলিত ১৮৬৪ সালের ৩ আইন সংশোধন করিবার আইনের পাণ্ডুলিপি।

[হেতুবাদ।]

ঘরের ও কোটার ও ভূমির উপর ১৮৬৪ সালের ৩ আইনমতে যে টাকস ধার্য্য হইয়াছে, তাহা আদায় করিবার সদুপায় করণদ্বারা, এবং জেলের ইনস্পেকুটর জেনরল সাহেবকে ও প্রত্যেক জিলার পোলীসের ডিষ্ট্রিকুট সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবকে আপন পদের উপলক্ষে মুনিসিপাল কমিস্যনর করিবার বিধান করণদ্বারা, মন্ত্রিসভাধিষ্ঠিত বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের প্রচলিত ১৮৬৪ সালের উক্ত ৩ আইন সংশোধন করা বিহিত, এই হেতুক নিম্ন লিখিত বিধান করা যাইতেছে

[অর্থ করণের ধারা।]

১ ধারা। এই আইনগত কথার ও শব্দের যে অর্থ এই ধারাতে করা গেল, যদি পূর্ব্বাপর কথার দ্বারা

assigned to them, except where a different intention shall appear from the context, that is to say :—

["Municipality."]

The word "Municipality" shall mean any town, suburb, station, bazar, village, or tract of country to which the said Act III of 1864 shall have been extended.

[Gender.]

Words importing the masculine gender shall include the feminine.

[Number.]

Words importing the singular number shall include the plural, and words importing the plural number shall include the singular.

[Service of Notices. Proviso.]

II. Every notice, schedule, summons, or notice of demand regarding any assessment, rate or tax, or any money due in respect of the same, may be served personally upon the person to whom the same is addressed, or be left at his usual place of abode with some adult male member or servant of his family, or, if it cannot be so served, may be put up on some conspicuous part of such place of abode, and shall thereby be deemed to be duly served. Provided that if the place of abode of the owner of any house, building, or land in respect of which a rate is assessed be unknown, or if the owner of any such house, building, or land be not resident within the limits of the Municipality, every such notice, summons, or notice of demand shall be deemed to be duly served, if put up on some conspicuous part of the house, building, or land in respect of which the rate is assessed.

[Rate due from non-resident owner may be recovered from occupier, and deducted by him from his rent.]

III. If the sum due on account of any rate from the owner of any house, building, or land remains unpaid after the notice of demand has been duly served, and such owner be not resident within such Municipality, or the place of abode of such owner be unknown, the Municipal Commissioners may demand the amount from the occupier for the time being of such house, building, or land, and, on non-payment thereof, may recover the same by distress and sale of any goods and chattels found on the premises; and whenever such rate shall be paid by or recovered from such occupier, he may deduct from the next and following payments of his rent, the amount which may be so paid by, or recovered from him. Provided that no arrear of rate, which has remained due from the owner of any house,

ভাবান্তর বোধ না হয়, তবে সেই কথার ও শব্দের সেই অর্থ ধরিতে হইবে।

"মুনিসিপালিটী।"

মুনিসিপালিটী শব্দ ব্যবহার হইলে ১৮৬৪ সালের উক্ত ৩ আইন যে নগর ও শাখানগর ও স্থান ও বাজার ও গ্রাম ও দেশখণ্ডে ব্যাপ্ত হয় সেই নগরাদি বুঝায়।

"লিঙ্গ।"

পুরুষ বোধক শব্দের মধ্যে স্ত্রীগণও গণ্য।

"বচন

একবচনান্ত শব্দের মধ্যে বহুবচনান্ত শব্দ ও বহুবচনান্ত শব্দের মধ্যে একবচনান্ত শব্দও গণ্য।

[জ্ঞাপনপত্র দিবার কথা ও উপবিধি।]

২ ধারা। কোন টাক্স কি রেট কি কর ধার্য্য করণ বিষয়ে কিম্বা তজ্জন্যে যে টাকার দাওয়া হয় তদ্বিষয়ের যে জ্ঞাপনপত্র ও তফসীল ও আহ্বানপত্র ও দাওয়ার জ্ঞাপনপত্র যে ব্যক্তির নামে লেখা যায় নিজ তাঁহাকে দেওয়া যাইতে পারিবে, অথবা তাঁহার নিয়ত বাস স্থানে তাঁহার পরিবারস্থ বয়ঃপ্রাপ্ত কোন ব্যক্তির কি চাকরের হাতে দেওয়া যাইতে পারিবে। যদি তদ্রূপে দেওয়া যাইতে না পারে, তবে তাঁহার সেই বাসস্থানের কোন প্রকাশ স্থানে লটকাইয়া দেওয়া যাইবে। তাহা হইলে ঐ জ্ঞাপনপত্র তাঁহাকে উপযুক্তমতে দেওয়া গিয়াছে জ্ঞান হইবে। কিন্তু যে ঘরের কি কোটার কি ভূমির উপলক্ষে টাক্স ধার্য্য হইল যদি সেই গৃহাদির স্বামির বাসস্থান জানা না থাকে কিম্বা যদি ঐ ঘরের কি কোটার কি ভূমির স্বামী মুনিসিপালিটীর সীমার মধ্যে বাস না করেন, তবে যে ঘরের কি কোটার কি ভূমির উপলক্ষে সেই টাক্স ধার্য্য হইল, তাহার কোন প্রকাশ স্থানে ঐ জ্ঞাপনপত্রাদি লটকান গেলে, স্বামিকে উপযুক্তমতে দেওয়া গিয়াছে জ্ঞান হইবে ইতি।

[স্বামী স্বগৃহে বাস না করিলে পাওনা টাক্স ঐ গৃহবাসির স্থানে আদায় হইবার ও ভাড়াহইতে তাহা কাটিয়া লইবার কথা।]

৩ ধারা। কোন ঘরের কি কোটার কি ভূমির উপর টাক্সের টাকা পাওনা থাকিলে ও স্বামিকে দাওয়ার জ্ঞাপনপত্র উপযুক্তমতে দেওয়া গেলে পর যদি সেই টাকা অদত্ত থাকে, এবং সেই স্বামী যদিঐ মুনিসিপালিটীর সীমার মধ্যবাসি না হন, কিম্বা যদি তাঁহার বাসস্থান জানা না থাকে, তবে তৎকালে যে ব্যক্তি ঐ ঘরে কি কোটায় কি ভূমিতে বাস করেন, মুনিসিপল কমিস্যনরেরা তাঁহার স্থানে ঐ টাকা দাওয়া করিতে পারিবেন। যদি টাকা না দেন, তবে বাটীর মধ্যে যে কোন দ্রব্য ও সামগ্রী পাওয়া যায় তাহা ক্রোক ও বিক্রয় করিয়া ঐ টাকা আদায় করিতে পারিবেন। ঐ টাক্স গৃহবাসির স্থানে পাওয়া গেলে কি আদায় করা গেলে তিনি তদ্রূপে যত টাকা দিয়াছেন কিম্বা তাঁহার স্থানে তদ্রূপে যত টাকা আদায় করা গিয়াছে, তাহা তিনি ঐ গৃহাদির সম্মুখ মাসের কি আগামি অন্য মাসের ভাড়াহইতে কাটিয়া রাখিতে পারিবেন। কিন্তু কোন ঘরের কি কোটার কি ভূমির নিমিত্তে

building, or land for more than one year, shall be so recovered from the occupier thereof.

স্বামির এক বৎসরের অধিককালের টাকুসের যে টাকা বাকী থাকে তাহা ঐ গৃহবাসির স্থানে আদায় হইতে পারিবে না ইতি।

[Inspector-General of Jails and District Superintendent of Police to be ex-officio Municipal Commissioners.]

[জেলের ইনস্পেকুটর জেনরল ও পোলীসের ডিসট্রিক সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবের স্ব২ পদোপলক্ষে মুনিসিপাল কমিস্যনর হইবার কথা।]

IV. In addition to the Municipal Commissioners mentioned in the said Act III of 1864, the person for the time being filling the office of Inspector-General of Jails in the Lower Provinces shall be ex-officio a Municipal Commissioner for every Municipality within the said Provinces, and the person for the time being filling the office of District Superintendent of Police in any District within which there may be a Municipality, shall be ex-officio a Municipal Commissioner for such Municipality.

৪ ধারা। ১৮৬৪ সালের উক্ত ৩ আইনে যে মুনিসিপাল কমিস্যনরদের কথা আছে, তদ্ভিন্ন যিনি যে সময়ে বঙ্গপ্রভৃতি দেশের জেলের ইনস্পেকুটর জেনরলের পদে থাকেন, তিনি আপন পদের উপলক্ষে ঐ দেশের অন্তর্গত প্রত্যেক মুনিসিপালিটীর মুনিসিপল কমিস্যনর হইবেন। এবং যে জিলার মধ্যে মুনিসিপালিটী থাকে, যিনি যে সময়ে সেই জিলার মধ্যে পোলীসের ডিষ্ট্রিকুট সুপরিন্টেণ্ডেণ্টের পদে থাকেন তিনিও আপনার পদোপলক্ষে ঐ মুনিসিপালিটীর মুনিসিপাল কমিস্যনর হইবেন ইতি।

[Construction.]

[এই আইনের অর্থ করণের কথা।]

V. This Act shall be construed with and as part of the said Act III of 1864.

৫ ধারা। এই আইন ১৮৬৪ সালের উক্ত ৩ আইনের অংশস্বরূপ তাহার সহিত পাঠ করিতে হইবে ইতি।

STATEMENT OF OBJECTS AND REASONS.

THE Commissioners of some Municipal Towns have found it difficult or impossible to collect the Municipal rates payable in respect of houses the owners of which do not live in those Towns: one of the objects of this Bill is to facilitate the collection of rates under such circumstances.

It is also intended by this Bill to nominate District Superintendents of Police ex-officio Commissioners of all Municipal Towns within their respective districts, and to make the Inspector-General of Jails an ex-officio Commissioner of all Municipal Towns in Bengal.

T. H. COWIE,

The 13th April 1867.

J. PITT KENNEDY,
Asst. Secy. to the Govt. of Bengal,
Legislative Department.

অভিপ্রায়ের ও হেতুর বর্ণনা।

মুনিসিপালনগরের মধ্যে যে ঘর আছে তাহার স্বামী ঐ নগরে বাস না করিলে ঐ ঘরের উপর যে টাকুস ধার্য্য হয় মুনিসিপাল কমিস্যনরেরা তাহা আদায় করা সুকঠিন ও কখন২ অসাধ্য দেখিয়াছেন, তদ্রূপ স্থলে ঐ টাকুস আদায় করা সহজ করিবার জন্যে এই পাণ্ডুলিপি হইয়াছে।

১ ধারা। ১৮৬৩ সালের উক্ত ৬ আইনের ৩৭ ধারার এবং ঐ আইনের A চিহ্নিত তফসীলের কিম্বা ১৮৬৬ সালের ৬ আইনের ৫ ধারার বিধানমতে কোন ব্যক্তির উক্ত নগরস্থ গাড়ীর ও ঘোড়ার ও টাটুর ও খচরের যে টাক্স দিতে হয় তাহা যখন দেন তখন জষ্টিসেরা ঐ ব্যক্তিকে অনুমতিপত্র দিবেন অর্থাৎ সেই অনুমতিপত্র প্রদানের পর জানুআরি মাসের ১ দিবসে কিম্বা জুলাই মাসের ১ দিবসে তৎকালের প্রচলিত যে ছয় মাসের শেষ হয় সেই ছয় মাস পর্য্যন্ত উক্ত ব্যক্তিকে ঐ নগরের মধ্যে ঐ গাড়ী ও ঘোড়া ও টাটু ও খচর রাখিবার অনুমতি দিবেন ইতি।

[অনুমতিপত্র দেখাইবার কথা।]

২ ধারা। কোন ব্যক্তিকে এই আইনমতে কোন গাড়ী কি ঘোড়া কি টাটু কি খচর রাখিবার অনুমতিপত্র দেওয়া গেলে যদি উক্ত জষ্টিসেরা কিম্বা তাঁহাদের দ্বারা উপযুক্তমতে ক্ষমতাপন্ন কোন ব্যক্তি তাহাকে ঐ অনুমতিপত্র দেখাইতে আজ্ঞা করেন, তবে ঐ অনুমতিপত্র প্রবল থাকিলে তিনি যুক্তিসিদ্ধ কোন সময়ে ঐ জষ্টিসদিগকে কিম্বা তাঁহারা লিখন দ্বারা অন্য যে ব্যক্তিকে নিযুক্ত করেন তাঁহাকে ঐ অনুমতিপত্র দেখাইবেন। না দেখাইলে তাঁহার একশত টাকা পর্য্যন্ত অর্থ দণ্ড হইতে পারিবে ইতি।

[অনুমতিপত্র না পাইলেও গাড়ীপ্রভৃতি রাখিবার দণ্ডের কথা।]

৩ ধারা। এই আইন প্রচলিত হইবার পর যদি কোন ব্যক্তি উক্ত নগরস্থ কোন গাড়ী কি ঘোড়া কি টাটু কি খচরের স্বামী হইয়া ১৮৬৩ সালের উক্ত ৬ আইনের কিম্বা ১৮৬৬ সালের উক্ত ৬ আইনের কিম্বা এই আইনের বিধানমতে কোন অনুমতিপত্র না লইয়া সেই নগরের মধ্যে ঐ গাড়ীপ্রভৃতি রাখেন, তবে ঐ ব্যক্তি অনুমতিপত্রবিনা উক্ত নগরের মধ্যে যত গাড়ীর ও ঘোড়ার ও টাটুর ও খচরের স্বামী হন সেই সকলের

which would have been payable by such person for all carriages, horses, ponies, and mules kept without a license within the said Town of which such person may for the time being be owner, and not less then the amount of such tax. And upon the payment of such fine the Justices shall grant to such person such license as in Section I is mentioned to keep within the Town the carriages, horses, ponies, and mules in respect of which such fine shall have been calculated.

[Possession of carriages, &c., to be *prima facie* evidence of ownership.]

IV. Whoever personally or by his servants may be in possession of any carriage, horse, pony, or mule, shall, for the purposes of this Act, be deemed to be the owner thereof; and to have been the owner thereof from the first day of January or the first day of July then next preceding, unless and until the contrary shall be proved.

[Power to compel production of the books of livery stable-keepers.]

V. It shall be lawful for the Justices, by a notice in writing under their common seal, to require any person who shall carry on the trade or business of a livery stable-keeper, to produce, for the inspection of the said Justices, or of such person as they shall by such writing appoint, all books, papers, accounts, and documents, relating to the business of a livery stable-keeper carried on by such person. In case any person upon whom any such notice in writing may have been served shall, without reasonable cause, neglect or refuse to produce any such books, papers, accounts, or documents as aforesaid, he shall be liable to a penalty which may extend to one hundred Rupees.

[Power to compel return of inhabitants of a house and of their professions.]

VI. It shall be lawful for the Justices, by a notice in writing under their common seal, to require the person who, for the time being shall occupy any house as owner or tenant thereof, to forward to the said Justices, a list in writing signed by him of the names of all persons for the time being residing in such house and of their respective professions, trades, and occupations. Any person who shall so occupy any house, and shall, without reasonable cause, neglect or refuse to forward such list to the said Justices for the space of ten days after such notice shall have been served upon him, or shall wilfully forward an incorrect or untrue list to such Justices, shall be liable to a fine which may extend to one hundred Rupees.

[Power to purchase land without the Town.]

VII. It shall be lawful for the Justices, with the sanction of the Lieutenant-Governor of

নিমিত্তে তাঁহার যত টাক্স দেওয়া কর্ত্তব্য তিনি তত টাক্সের তিন গুণের অনধিক ও সেই টাক্সের তুল্য টাকার অন্যূন অর্থদণ্ডের যোগ্য হইবেন এবং ঐ অর্থদণ্ড দেওয়া গেলে উক্ত যে গাড়ীর ও ঘোড়ার ও টাটুর ও খচরের উপলক্ষে ঐ অর্থদণ্ড নিরূপণ হইল জষ্টিসেরা উক্ত ব্যক্তিকে সেই নগরের মধ্যে ঐ গাড়ীপ্রভৃতি রাখিবার ১ ধারার লিখিত অনুমতিপত্র দিবেন ইতি।

[কোন ব্যক্তির নিকটে গাড়ীপ্রভৃতি থাকিলে আপাততঃ তাহাকেই স্বামী জ্ঞান করিবার কথা।]

৪ ধারা। যদি কোন ব্যক্তির নিকটে কিম্বা তাঁহার পক্ষে তাঁহার চাকরদের নিকটে কোন গাড়ী কি ঘোড়া কি টাটু কি খচর থাকে, তবে এই আইনের কার্য্যার্থে সেই ব্যক্তি তাহার স্বামী জ্ঞান হইবে ও যত কাল প্রকারান্তরের প্রমাণ না হয় তত কাল সেই ব্যক্তি তৎপূর্ব্ব জানুআরি মাসের কি জুলাই মাসের ১ দিবসাবধি স্বামী আছেন জ্ঞান হইবে ইতি।

[আড়গাড়াওয়ালাদের খাতা বলপূর্ব্বক দেখিয়া লইবার ক্ষমতার কথা।]

৫ ধারা। যে ব্যক্তি আড়গাড়ার কর্ম্ম কি ব্যবসায় করে জষ্টিসেরা লিখনক্রমে আপনাদের সাধারণ মোহরাঙ্কিত আজ্ঞাপত্রদ্বারা সেই ব্যক্তিকে ঐ কর্ম্মসংক্রান্ত সকল খাতা ও কাগজপত্র ও হিসাব ও দলীল উক্ত জষ্টিসদের দেখিবার জন্যে, কিম্বা তাঁহারা উক্ত পত্রক্রমে যে ব্যক্তিকে নিযুক্ত করেন তাঁহার দেখিবার জন্যে দেখাইতে আজ্ঞা করিতে পারিবেন। যাঁহাকে লিখনক্রমে সেইরূপ আজ্ঞাপত্র দেওয়া যায় সে যদি যুক্তিসিদ্ধ হেতু না থাকিলেও পূর্ব্বোক্ত কোন খাতা কি কাগজপত্র কি হিসাব কি দলীল দেখাইতে শৈথিল্য করে কি স্বীকার না করে, তবে তাহার একশত টাকা পর্য্যন্ত দণ্ড হইতে পারিবে ইতি

[ঘরের মধ্যে যত জন থাকে ও তাহাদের যে ব্যবসায় হয় তাহার রিপোর্ট বলপূর্ব্বক লইবার কথা।]

৬ ধারা। কোন ব্যক্তি যে সময়ে যে ঘরের স্বামী কি অধিকারিস্বরূপ কোন ঘরে বাস করেন জষ্টিসেরা তাঁহাকে লিখনক্রমে আপনারদের সাধারণ মোহরাঙ্কিত পত্র দিয়া আজ্ঞা করিতে পারিবেন যে তৎকালে যে সকল ব্যক্তি ঐ ঘরে বাস করেন তাঁহাদের নাম ও তাঁহাদের যেং বৃত্তি ও ব্যবসায় ও কর্ম্ম থাকে তাহার ফর্দ্দ লিখিয়া তাহাতে স্বাক্ষর করিয়া উক্ত জষ্টিসদের নিকটে প্রেরণ করেন। কোন ব্যক্তি তদ্রূপে কোন ঘরে বাস করিলে এবং তাঁহাকে উক্ত প্রকারের আজ্ঞাপত্র দেওয়া গেলেও যদি সেই ব্যক্তি যুক্তিসিদ্ধ হেতু না থাকিলেও ১০ দিন পর্য্যন্ত উক্ত জষ্টিসদের নিকটে ঐ ফর্দ্দ পাঠাইতে শৈথিল্য করেন কি স্বীকার না করেন কিম্বা ঐ জষ্টিসদের নিকটে জ্ঞানপূর্ব্বক অযথার্থ কি অসত্য ফর্দ্দ দেন, তবে তাঁহার একশত টাকা পর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

[নগরের বাহিরে ভূমি ক্রয় করিবার ক্ষমতার কথা।]

৭ ধারা। যদি জষ্টিসেরা কোন কর্ম্ম উপযুক্তরূপে সম্পাদন করিবার জন্যে নগরের মধ্যে ভূমি ক্রয় করি-

Bengal, to purchase any such land without the limits of the Town as may be required by them for the better effectuating any purpose for which the said Justices may purchase land within the Town.

[Powers to demise lands vested in Justices.]

VIII. It shall be lawful for the Justices, with the sanction of the said Lieutenant-Governor, to demise or lease any lands or buildings vested in them by virtue of the said Act VI of 1863, or acquired by them for the purpose thereof, or of this Act; and all rents and reservations in any such demise or lease shall be applied to the purposes of the said Act VI of 1863.

[Justice not to borrow more than 55 lacs of Rupees.]

IX. It shall not be lawful for the Justices to borrow, by way of debenture or otherwise, any sum of money which, together with the amount which may for the time being be due on account of any debentures issued by the said Justices in pursuance of Section XCIII of the said Act VI of 1863, shall exceed the sum of fifty lacs of Rupees. Provided always that no sum which may be for the time being due to the Secretary of State for India in Council on account of any loan from such Secretary of State in Council to the Justices for the purpose of effecting the supply of water to Calcutta shall be included in the calculation of such sums of fifty-five lacs of Rupees.

[Power to determine prosecutions in absence of accused.]

X. Whenever any prosecution shall be instituted before any Justice of the Peace under the provisions of the said Act VI of 1863, or of the said Act VI of 1866, or of this Act, he may summon the person charged to appear at a time and place to be mentioned in the summons, and if such person shall not appear according to the tenor of the summons, the Justice of the Peace before whom such summons shall be returnable may, upon proof of the service, if no sufficient cause shall be shewn for the non-appearance of the person charged, proceed to hear and determine the case in his absence.

[The Justices to provide water-supply.]

XI. The Justices shall provide a full supply of water within the Town, and shall for that purpose cause such mains and pipes to be laid, and such tanks, reservoirs, or other works to be made and constructed, as shall be necessary for the supply of water in all the chief public streets, lanes, and thoroughfares, sufficient and convenient standpipes for the gratuitous use of the inhabitants of

তে সক্ষম হন, তবে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের অনুমতি লইয়া তাঁহারা তদ্রূপ কর্ম্মের নিমিত্তে নগরের সীমার বাহিরে ঐ প্রকারের কোন ভূমি ক্রয় করিতে পারিবেন ইতি।

[জষ্টিসদিগকে ভূমি হস্তান্তর করিবার ক্ষমতাদানের কথা।]

৮ ধারা। ১৮৬৩ সালের উক্ত ৬ আইনের বলে উক্ত জষ্টিসদের প্রতি যে কোন ভূমি কি গৃহাদি বর্ত্তে কিম্বা ঐ আইনের কি এই আইনের কার্য্যার্থে যে ভূমি কি গৃহাদি প্রাপ্ত হন তাহা তাঁহারা উক্ত শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের অনুমতিক্রমে হস্তান্তর করিতে কি পাট্টা দিতে পারিবেন এবং তদ্রূপ কোন হস্তান্তর করণপত্রে কি পাট্টায় যে খাজনা অবধারিত কি যে টাকার বিধান হয় তাহা ১৮৬৩ সালের উক্ত ৬ আইনের কার্য্যে অর্পিত হইবে ইতি।

[জষ্টিসদের পঞ্চান্ন লক্ষের অধিক ঋণ গ্রহণ না করিবার কথা।]

৯ ধারা। উক্ত জষ্টিসেরা ১৮৬৩ সালের উক্ত ৬ আইনের ৯৩ ধারানুসারে ঋণ গ্রহণপত্র দ্বারা যৎকালে যত টাকার ঋণী হন তাহা লইয়া তাঁহারা ঋণগ্রহণপত্র দ্বারা কি প্রকারান্তরে অধিক ঋণ গ্রহণ করিয়া সর্ব্বসুদ্ধ পঞ্চান্নলক্ষ টাকার অধিক গ্রহণ করিতে পারিবেন না। কিন্তু কলিকাতায় জল যোগাওনের কার্য্য সম্পাদনার্থে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেব জষ্টিসদিগকে যে ঋণ দান করিয়াছেন তজ্জন্যে তাঁহারা ভারতবর্ষের পক্ষে মন্ত্রিসভাধিষ্ঠিত উক্ত শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেবের নিকটে যত টাকা ঋণী হন উক্ত পঞ্চান্ন লক্ষ টাকার মধ্যে ঐ ঋণ ধরিতে হইবে না ইতি।

[অভিযুক্ত ব্যক্তির অনুপস্থানে অভিযোগ নির্ণয় করিবার ক্ষমতার কথা।]

১০ ধারা। ১৮৬৩ সালের উক্ত ৬ আইনের কিম্বা ১৮৬৬ সালের ৬ আইনের কিম্বা এই আইনের বিধানানুসারে যদি শান্তিরক্ষার্থ কোন জষ্টিসের সম্মুখে কোন অভিযোগ করা যায়, তবে তিনি অভিযুক্ত ব্যক্তির নামে আহ্বানপত্র দিয়া তাঁহাকে সেই আহ্বানপত্রের লিখিত সময়ে ও স্থানে উপস্থিত হইবার আজ্ঞা করিতে পারিবেন। যদি সেই ব্যক্তি আহ্বানপত্রের মর্ম্মানুসারে উপস্থিত না হন, তবে শান্তিরক্ষার্থ যে জষ্টিসের সম্মুখে ঐ আহ্বানপত্রের প্রত্যানয়ন হইবে, অভিযুক্ত [ব্য]ক্তিকে ঐ পত্র দিবার প্রমাণ পাইলে এবং তাহার উপস্থিত না হইবার প্রচুর কারণ তাঁহাকে দর্শান না গেলে তিনি তাহার অনুপস্থানে নালিশ শুনিয়া নির্ণয় করিবেন ইতি।

[জল যোগাওনের বিধান করা জষ্টিসদের কর্ত্তব্যের কথা।]

১১ ধারা। জষ্টিসেরা নগরের মধ্যে সম্পূর্ণরূপে জ[ল] যোগাইবার বিধান করিবেন। তজ্জন্যে তাঁহারা নগরের সকল মুখ্য রাজ পথে ও গলিতে ও অপ্রতিরোধ পথে জল যোগাইবার জন্যে বড় ও ছোট যত পয়োনালা বসাইতে হয় তাহা বসাইবেন এবং যত পুষ্করিণী কি জলাশয় কি অন্য যে বিষয় করিতে কি নির্ম্মাণ করিতে হয় তাহা করিবেন ও নির্ম্মাণ করিবেন এবং পূর্ব্বোক্ত সকল মুখ্য রাজ পথে ও গলিতে ও অপ্রতিরোধ পথে

the Town. The said stand-pipes shall be so placed that there shall not be any portion of any of the said chief public streets, lanes, and thoroughfares at a greater distance than one hundred and fifty yards from some such stand-pipe, and such stand-pipes shall, as far as practicable, at all times be kept charged with water.

[Justices to notify the completion of arrangements for water-supply.]

XII. When the Justices shall have provided all arrangements for the supply of water in the Town, or in any division, portion, or street thereof and such convenient mains and stand-pipes as aforesaid, the Justices shall, with the sanction of the Lieutenant-Governor of Bengal, declare by notification published in the *Calcutta Gazette*, that the supply is complete within the Town, or any such division, portion, or street thereof.

[Imposition of water-rate.]

XIII. After it has been notified as aforesaid that the water-supply in any division, portion, or street of the Town has been completed, it shall be lawful for the Justices to assess a water-rate upon all occupied houses and premises within such division, portion, or street of the Town. Such water-rate shall not exceed four per centum upon the annual value of the said houses and premises, and shall be payable at the times and levied from the persons and in the manner provided by Act VI of 1863 for the payment and levy of the water-rate for the imposition of which authority is thereby given. Provided that no rate shall be levied on houses or premises situate more than one hundred and fifty yards in a direct line from a stand-pipe duly charged with water as aforesaid.

[Power to construct Railway.]

XIV. It shall be lawful for the Justices, with the sanction of the Lieutenant-Governor of Bengal, upon any of the public roads or streets in the Town of Calcutta or upon any land within or without the said Town which may be or become vested in the Justices, to construct or maintain any Railway which to the said Justices may appear to be useful or necessary for the purposes of the said Acts VI of 1863 and VI of 1866, of either of them, and with the like sanction to use and employ upon any such Railway, by them heretofore constructed or hereafter to be constructed, such locomotive engines or other moving power and such carriages and wagons to be drawn or propelled thereby, and to carry and convey upon such Railway all such passengers and goods as shall be offered to them for that purpose, and to make such reasonable charges in respect, there-

[*Government Gazette*, 14th *May* 1867.]

নগরীয় লোকদের বিনা মূল্যে ব্যবহারার্থে পর্য্যাপ্ত সংখ্যার এবং সুবিধাজনক খাড়া নল প্রস্তুত করাইবেন। উক্ত খাড়া নল এমন সকল স্থানে বসান যাইবে, যে ঐ মুখ্য রাজপথের ও গলির ও অপ্রতিরোধ পথের কোন অংশ তদ্রূপ খাড়া নলহইতে দেড় শত গজের অধিক দূর না হয়, ও সেই সকল খাড়া নল সাধ্যমতে সর্ব্ব সময়ে জলপূর্ণ রাখিতে হইবে ইতি।

[জল যোগাইবার নিয়ম সমাপ্ত হইলে জষ্টিসদের সেই বিষয়ের সম্বাদ দিবার কথা।]

১২ ধারা। জষ্টিসেরা যখন নগরের কি তাহার কোন খণ্ডের কি অংশের কি পথের মধ্যে জল যোগাইবার সকল নিয়ম করিয়াছেন এবং পূর্ব্বোক্ত সুবিধাজনক বড় পয়োনালা ও খাড়া নল প্রস্তুত করিয়াছেন তখন তাঁহারা বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের অনুমতি লইয়া কলিকাতা গেজেটে এই মর্ম্মের সম্বাদ দিবেন যে নগরের মধ্যে কিম্বা নগরের অমুক খণ্ডে কি অংশে কি পথে জল যোগাইবার সম্পূর্ণ নিয়ম হইয়াছে ইতি।

[জলের টাক্স বসাইবার কথা।]

১৩ ধারা। নগরের কোন খণ্ডে কি অংশে কি পথে জল যোগাইবার সম্পূর্ণ নিয়ম হইয়াছে এই সংবাদ পূর্ব্বোক্তমতে দেওয়া গেলে পর, নগরের ঐ খণ্ডের কি অংশের কি পথের মধ্যে যত ঘরের ও বাড়ীর ভাড়া হইয়াছে জষ্টিসেরা সেই সকলের উপর জলের টাক্স ধার্য্য করিতে পারিবেন। ঐ ঘরের ও বাড়ীর বার্ষিক যত মূল্য হয় ঐ জলের টাক্স তাহার উপর শত করা ৪ টাকার অধিক হইবে না। এবং ১৮৬৩ সালের ৬ আইনদ্বারা জলের যে টাক্স বসাইবার ক্ষমতা প্রদান হইয়াছে তাহা যে সময়ে যে ব্যক্তিদের স্থানে ও যেরূপে আদায় করিবার বিধান হইল ঐ জলের টাক্স সেই২ সময়ে সেই২ ব্যক্তিদের স্থানে সেই প্রকারে আদায় হইতে পারিবে। কিন্তু পূর্ব্বোক্তমতে উপযুক্তরূপে জলপূর্ণ খাড়া নলহইতে যে ঘর কি বাড়ী সরল রেখার পরিমাণে দেড় শত গজের অধিক দূর হয়, তাহা হইতে কোন টাক্স আদায় হইতে পারিবে না ইতি।

[রেলরোড করিবার ক্ষমতার কথা।]

১৪ ধারা। ১৮৬৩ সালের উক্ত ৬ আইনের এবং ১৮৬৬ সালের ৬ আইনের কিম্বা তন্মধ্যে একতর আইনের কার্য্যের নিমিত্তে যদি কলিকাতা নগরের কোন রাজপথে কি রাস্তায় কিম্বা ঐ নগরের মধ্যস্থ কি বহিস্থ যে ভূমি জষ্টিসদের প্রতি অর্পিত হইয়াছে কি হয় সেই ভূমিতে যদি তাঁহাদের বিবেচনায় কোন রেলওয়ে নির্ম্মাণ করা কি তাহার কার্য্য সম্পাদন করা কর্ত্তব্য কি আবশ্যক, তবে তাঁহারা বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের অনুমতি গ্রহণ পূর্ব্বক তাহা প্রস্তুত করিতে [illegible]। এবং তদ্রূপ যে রেলরোড ইতিপূর্ব্বে [illegible] কি পশ্চাৎ হইবে তাহা [illegible]
[illegible]
[illegible]
[illegible]
[illegible]
[illegible]
[illegible]

of as they may from time to time with the like sanction determine upon.

[Power to permit carriages of Railway Company to run.]

XV. It shall be lawful for the Justices from time to time, with the sanction of the Lieutenant Governor of Bengal, to enter into any contract with any Railway Company, for the passage over any Railway already constructed by the said Justices or hereafter to be constructed by them, of the engines, coaches, wagons, or other carriages, of such Company, or which shall pass over such Company's line of Railway, upon the payment of such tolls or rent and under such conditions and restrictions as may be mutually agreed upon.

[Power to demise Railway.]

XVI. It shall be lawful for the Justices, with the sanction of the Lieutenant-Governor of Bengal, to demise or lease any Railway constructed or to be constructed by them under the provisions aforesaid, to any Railway Company upon such terms and under such conditions and restrictions as may be mutually agreed upon, and every Company to which any such Railway shall be so demised or leased by such Justices, shall have all such and the same powers for maintaining the same and for using and employing thereupon locomotive engines and other moving power and carriages and wagons to be drawn or propelled thereby, and for carrying and conveying thereupon passengers and goods, and making charges in respect thereof, as the said Justices would have had if such Railway had not been demised or leased.

[Town Hall vested in Justices.]

XVII. From the passing of this Act, the building called the Town Hall of Calcutta, situate on the north side of Esplanade Row in the said Town together with all houses, out-houses, grounds, buildings, lights, members, and appurtenances, whatsoever to the said Town Hall belonging, or in any wise appertaining or now or at any time heretofore occupied, possessed or enjoyed, together with or as part of the same shall be and the same are hereby absolutely vested in the Justices. Provided, however, that the net profits and emoluments of, or derived from the said Town Hall, shall be taken to be a portion of the Municipal Fund of the said Town.

[Lands in Fort William and Hastings to be exempt from rates.]

XVIII. Houses, buildings, and lands situate in Fort William, on the Esplanade of the Fort, or in Cooley Bazar, now called Hastings, shall be

এবং তজ্জন্যে তাঁহারা উক্ত শ্রীযুত গবর্ণর সাহেবের অনুমতি লইয়া সময়েং যুক্তিসিদ্ধ যত ভাড়া নির্ণয় করেন তাহা লইতে সক্ষম হইবেন ইতি।

[রেলওয়ে কোম্পানির গাড়ী চলিবার অনুমতি দিবার কথা।]

১৫ ধারা। উক্ত জষ্টিসেরা ইতি পূর্ব্বে কি পশ্চাতে যে কোন রেলরোড প্রস্তুত করেন তাহার উপর দিয়া কোন রেলওয়ে কোম্পানির কলের গাড়ীর কি চড়নদারের কি মালের কি অন্য গাড়ীর যাইবার কিম্বা অন্য যে গাড়ী ঐ কোম্পানির রেলের উপর গিয়া থাকে তাহার যাইবার জন্যে মাসুল কি ভাড়া লইবার নিয়মে এবং উভয় পক্ষ যে নিয়মেতে ও যেং নিষেধে সম্মত হন তদনুসারে যাইবার বিষয়ে ঐ জষ্টিসেরা বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের অনুমতিক্রমে সময়েং কোন নিয়ম করিতে পারিবেন ইতি।

[রেলরোড হস্তান্তর করিতে পারিবার কথা।]

১৬ ধারা। জষ্টিসেরা পূর্ব্বলিখিত বিধানমতে যে রেলরোড প্রস্তুত করিয়াছেন কি করেন বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের অনুমতিক্রমে তাঁহারা কোন রেলওয়ে কোম্পানির সঙ্গে নিয়ম করিয়া এবং উভয় পক্ষ যে বিধিতে ও নিষেধে সম্মত হন তদনুসারে সেই রেলরোড হস্তান্তর করিতে কি পাট্টা দিতে পারিবেন। ঐ রেলরোড ঐ জষ্টিসদ্বারা সেই প্রকারে কোন কোম্পানির প্রতি হস্তান্তর করা কি পাট্টা দেওয়া গেলে পর জষ্টিসেরা সেই রেলরোড হস্তান্তর না করিলে কি পাট্টা না দিলে তাঁহারা যেরূপে ঐ রেলপথ রক্ষা করিতে পারিতেন, ও তাহাতে যদ্রূপে কলের গাড়ীও চলনশক্তিযুক্ত অন্য বিষয় ও তদ্দ্বারা আকর্ষণীয় কি তাড়ণীয় গাড়ি ও মাল গাড়ী ব্যবহার করিতে ও কর্ম্মে খাটাইতে পারিতেন ও সেই রেলপথে যদ্রূপে চড়নদারদিগকে ও মাল লইয়া যাইতে ও চালান করিতে পারিতেন ও তজ্জন্যে ভাড়া লইতে পারিতেন, যে কোম্পানির প্রতি ঐ রেলপথ হস্তান্তরিত করা কি পাট্টা দেওয়া যায়, সেই কোম্পানিরও সেই সকল ও তত্তুল্য ক্ষমতা থাকিবে ইতি।

[জষ্টিসদের প্রতি টৌনহাল অর্পিত হইবার কথা।]

১৭ ধারা। এই আইন প্রচলিত হইবার সময়অবধি কলিকাতা নগরের এসপ্লানেড রো নামক রাস্তার উত্তর দিকস্থ কলিকাতা টৌনহাল নামক যে ঘর আছে তাহা এবং উক্ত টৌন হাল সংক্রান্ত যে সকল ঘর ও বাহিরের ঘর ও ভূমি ও কোটা ও বাতী ও অঙ্গ ও তৎসংক্রান্ত যে সকল বিষয় আছে কিম্বা ঐ ঘরের সহিত কি তাহার অংশস্বরূপ যে দ্রব্যের এক্ষণে কি পুর্ব্বাবধি অধিকার কি ভোগ হইয়া আসিতেছে তাহা সম্পূর্ণরূপে জষ্টিসদের প্রতি অর্পিত হইবে ও এতদ্দ্বারা অর্পণ করা গেল। কিন্তু উক্ত টৌনহালহইতে যে সকল টাকা কি লভ্য উৎপন্ন হয় তাহা উক্ত নগরের মুনিসিপল ফণ্ডের একাংশ জ্ঞান হইবে ইতি

[ফোর্ট উলিয়ম দুর্গের ও কুলিবাজারের ভূমির উপর টাক্স না বসাইবার কথা।]

১৮ ধারা। মন্ত্রিসভাধিষ্ঠিত বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব ইতিপূর্ব্বে যে কোন আইন প্রচলিত করিয়াছেন তৎক্রমে জষ্টিসেরা নগরের

exempt from all rates and taxes which the Justices have authority to impose upon houses, buildings, or lands within the Town under any Act heretofore passed by the Lieutenat-Governor of Bengal in Council.

[Repeal of Acts.]

XIX. The various portions of Acts mentioned in the Schedule hereto, shall from and after the passing of this Act be repealed, save as to any rights theretofore acquired or liabilities theretofore incurred, under them respectively, and save as to any Acts or portions of Acts which may have been repealed by them respectively.

[Construction.]

XX. This Act shall be read with and taken as part of the said Acts VI of 1863 and VI of 1866.

অন্তর্গত বাটীর ও কোটার ও ভূমির উপর যেং রেট ও টাকুস ধার্য্য করিবার ক্ষমতাপন্ন আছেন ফোর্ট উলিয়ম দুর্গের এবং দুর্গের সম্মুখ মাঠের এবং সম্প্রতি কেষ্টিংস নামে খ্যাত কুলিবাজেরের অন্তর্গত ঘর ও কোটা ও ভূমি সেই রেট ও টাকুস হইতে মুক্ত হইবে ইতি।

[যেং আইন রহিত হইবে তাহার কথা।]

১৯ ধারা। এই আইনের তফসীলে আইনের যেং অংশের উল্লেখ হইয়াছে তাহা এই আইন প্রচলিত হইবার সময়াবধি রহিত হইবে। কিন্তু তদ্দ্বারা যে কোন অধিকার তৎপূর্ব্বে প্রাপ্ত হওয়া গিয়াছে কি যে কোন দায় তৎপূর্ব্বে বর্ত্তিয়াছে তৎসম্পর্কে উক্ত আইনের উক্ত অংশ প্রবল থাকিবে, এবং তাহার যে কথারদ্বারা অন্য কোন আইন কি আইনের অন্য কোন অংশ রহিত করা গিয়াছে তাহা প্রবল থাকিবে ইতি।

[অর্থের ধারা।]

২০ ধারা। এই আইন ১৮৬৩ সালের ৬ আইনের এবং ১৮৬৬ সালের ৬ আইনের সহিত তাহার অংশস্বরূপ পাঠ্য হইবে ইতি।

SCHEDULE of Laws repealed—referred to in Section XIX.

Number and date of Act.	Title.	Extent of Repeal.
Act VI of 1863	An Act to vest the property of the Town of Calcutta, and the management of its Municipal affairs, in a Corporation; and to make better provision for the Conservancy and Improvement of the Town, and for the levying of Rates and Taxes therein ...	Section 39.
Act VI of 1866	An Act to amend Act VI 1863 ..	Section 6, 11, 12, and 13.

১৯ ধারার উল্লিখিত যেং আইন রহিত হইল তাহার তফসীল।

আইনের সংখ্যা ও তারিখ।	আখ্যা।	যেপর্য্যন্ত রহিত হইল।
১৮৬৩ সালের ৬ আইন ...	কলিকাতা নগরের স্বামিত্ব ও নগরসম্বন্ধীয় কার্য্য নির্ব্বাহের ভার সমাজের প্রতি অর্পণ করিবার এবং নগরের পারিপাট্য ও শ্রীবৃদ্ধি করণের এবং রেট ও টাকুস আদায় করণের সুবিধান করিবার আইনের	৩৯ ধারা।
১৮৬৬ সালের ৬ আইন	১৮৬৩ সালের ৬ আইন সংশোধনার্থ আইনের ...	৬, ১১, ১২ ও ১৩ ধারা

STATEMENT OF OBJECTS AND REASONS.

THE object of this Bill is to amend Act VI of 1863 and Act VI of 1866, as the Chairman of the Justices of the Peace for the Town of Calcutta has reported that, under the existing law, it is not possible effectively to collect some of the taxes.

It is also proposed to modify the provisions of the law requiring the Justices of the Peace to provide a complete supply of water for the whole Town of Calcutta, so as to allow the Justices a discretion in the selection of the streets, lanes, and thoroughfares through which mains pipes for the supply of water are to be laid, as the Justices

অভিপ্রায়ের ও হেতুর বর্ণনা।

কলিকাতা নগরের শান্তিরক্ষার্থ জষ্টিসদের সভাপতি সাহেব কহিয়াছেন যে বর্ত্তমান আইনঅনুসারে কোনং টাকুস সফলরূপে আদায় করা অসাধ্য। এই হেতুক ১৮৬৩ সালের ৬ আইন এবং ১৮৬৬ সালের ৬ আইন সংশোধন করা এই পাণ্ডুলিপির উদ্দেশ্য।

আরো, বর্ত্তমান আইনঅনুসারে কলিকাতা নগরের প্রত্যেক পথে ও গলিতে ও অপ্রতিরোধ পথে পয়োনালা বসান এবং ঐ সকল পথ ও গলিতে ও অপ্রতিরোধ পথে এক শত গজ অন্তর স্থানেং খাড়ানল প্রস্তুত করা জষ্টিসদের অবশ্য কর্ত্তব্য। কিন্তু কলিকাতা নগরের সর্ব্ব স্থলে এই জল যোগাইবার সম্পূর্ণ নিয়ম করণবিষয়ে আইনের যে বিধান হইয়াছে, তাহা

are by the present law compelled to lay pipes through every streets, lane, or thoroughfare, and to erect stand-pipes, at an interval not exceeding 100 yards apart, through all such streets, lanes, and thoroughfares. To guard against persons not residing within a reasonable distance of stand-pipes being required to pay the water-rate, the Bill provides for exempting such persons from the rate.

মতান্তর করিয়া, তাঁহারা যেং পথ ও গলি ও অপ্রতিরোধপথের মধ্যে জল যোগাইবার বড়ং ও ক্ষুদ্র পয়োনালা বসাইবেন তাহা তাঁহাদের বিবেচনাধীন রাখিবার প্রস্তাব হইল। থাড়ানল হইতে যাঁহারা যুক্তিমত দূরে বাস করেন তাঁহাদের সেই জলের টাকুস দিতে না হইবার জন্যে এই পাণ্ডুলিপিতে তাঁহাদের মুক্তির বিধান হইল।

With a view to placing the credit of the Corporation of Calcutta on a more firm footing, it is proposed to limit their power of borrowing, by way of debenture on the security of the rates, taxes, and dues imposed and levied on account of the Municipal Fund, to 55 lacs of Rupees, exclusive of such loans as they may require to raise to enable them to carry out a complete water-supply for the Town of Calcutta.

কলিকাতার সমবায়িত সমাজের সম্মান দৃঢ়তর করণাভিপ্রায়ে মুনিসিপল ফণ্ডহেতুক যে রেট ও টাকুস ও প্রাপ্য ধার্য্য ও আদায় করা যায় তাহা প্রতিভূ রাখিয় ঋণ গ্রহণপত্র দ্বারা তাহাদিগকে পঞ্চান্ন লক্ষ টাকার অধিক ঋণ লইবার নিষেধ হইয়াছে। কিন্তু কলিকাতা নগরের নিমিত্তে জল যোগাইবার সম্পূর্ণ নিয়ম সাধনার্থে তাঁহাদের যে ঋণ লইতে হয় তাহা এই নিষেধের মধ্যে ধরা গেল না।

The Bill also empowers the Justices of the Peace for the Town of Calcutta to construct and maintain a Railway within the Town for Municipal and such other purposes as they may, with the sanction of the Local Government, think proper, and it also removes certain legal difficulties connected with the transfer of the Town Hall from the Government of Bengl to the Justices.

আরো এই পাণ্ডুলিপিদ্বারা কলিকাতা নগরের শান্তিরক্ষার্থ জষ্টিসদিগকে নগরের পারিপাট্য রক্ষা করিবার জন্যে এবং তাঁহারা স্থানীয় গবর্ণমেণ্টের অনুমতিক্রমে অন্য যে অভিপ্রায় যথোচিত বোধ করেন সেই অভিপ্রায়ের জন্যে পথ প্রস্তুত ও রক্ষা করিবার ক্ষমতা প্রদান করা গেল। বঙ্গদেশের গবর্ণমেণ্টের হস্তহইতে টৌনহাল লইয়া জষ্টিসদের হস্তে সমর্পণ করণের আইন সংক্রান্ত যে আপত্তি ছিল তাহা এই আইনে উঠাইয়া দেওয়া গিয়াছে।

At present the Esplanade, Fort, and Hastings, late Cooly Bazar, are nominally within the jurisdiction of the Justices of the Peace for the Town of Calcutta, but are practically managed by the Commissioner of Police under the orders of Government.

এক্ষণে দুর্গের সম্মুখ মাঠ এবং দুর্গ ও কুলিবাজার নামমাত্রে কলিকাতা নগরের শান্তিরক্ষার্থ জষ্টিসদের অধীন আছে। কিন্তু কার্য্যতঃ পোলীসের কমিসনর সাহেব গবর্ণমেণ্টের আজ্ঞাধীনে তৎসংক্রান্ত কার্য্যের বিধান করিয়া থাকেন।

These places are specially exempted from the house rate, but not from any other rates. By this Bill these places are excluded from the definition of "Town of Calcutta" as used in Act VI of 1863.

STUART HOGG.

The 27th April 1867.

J. PITT KENNEDY,
Asst. Secy. to the Government of Bengal,
Legislative Department.

ঘরের টাকুসহইতে সেইং স্থান বিশেষমতে মুক্ত করা গেল। কিন্তু অন্য কোন টাকুসহইতে মুক্ত নয়। ১৮৬৩ সালের ৬ আইনেতে কলিকাতা নগরের যে সীমা ব্যক্ত হইয়াছে এই পাণ্ডুলিপিদ্বারা সেইং স্থান সেইং সীমার বহির্ভূত হইল।

ষ্টুয়ার্ট হগ,

১৮৬৭ সাল ২৭ আপ্রিল।

জে পিট কেনেডি,
ব্যবস্থাপন কর্ম্ম বিভাগে বঙ্গদেশের গবর্ণমেণ্টের
আসিষ্টাণ্ট সেক্রেটারী।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

CIRCULAR ORDER BY THE HIGH COURT OF JUDICATURE AT FORT WILLIAM IN BENGAL.

বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্টের সরক্যুলর অর্ডর।

(*Civil Side.*)

No. 13.

To all Small Cause Court Judges,—(dated Calcutta, the 11th April 1867.)

I AM directed to request that you will be so good as to submit as soon as practicable a Return

দেওয়ানী পক্ষ।

১৩ নম্বর।

ক্ষুদ্র মোকদ্দমার সকল আদালতের বিচারকর্ত্তা সমীপেষু।

কলিকাতা ১৮৬৭ সাল ১১ আপ্রিল।

আপনকার আদালতে এইক্ষণে কত জন আমলা আছেন ও প্রত্যেক জনের কত বেতন এবং কাগজ

showing the present scale of establishment attached to your Court and the salary of each Officer upon it, with the monthly expenditure for stationery and Office contingencies.

(Sd.) L. R. Tottenham.
Registrar.

ORDERS BY THE LIEUTENANT-GOVERNOR OF BENGAL.

No. 1881.

Appointments.

The 30th April 1867.

Baboo Gobind Chunder Sandyal to officiate as Principal Sudder Ameen of Bhaugulpore and Monghyr, during the absence, on leave, of Baboo Noruttum Mulliek, or until further orders.

Baboo Boolak Chand, Moonsiff of Bhaugulpore, to officiate as Sudder Ameen of that District, in addition to his own duties.

The following gentlemen to be Municipal Commissioners for the Town of Santipore, *viz*:—

Baboo Tarabilash Mitter.

,, Sreepati Mookerjee.

The 6th May 1867.

Mr. J. C. Price to officiate as Joint-Magistrate and Deputy Collector of Tipperah, during Mr. Allen's deputation, or until further orders.

Baboo Otool Churn Mullick, Deputy Magistrate and Deputy Collector of Dinagepore, is transferred, temporarily, to Bhaugulpore, and vested with the powers of a Subordinate Magistrate of the Second Class in the latter District, during the absence, on leave, of Baboo Poran Chunder Newgy, or until further orders.

The 7th May 1867.

Rai Doorgapersad Ghose Bahadoor to be an Honorary Magistrate in the District of Dacca, and to exercise the powers of a Subordinate Magistrate of the Second Class and powers under Section 1, Act X. of 1854, in that District.

Mr. Arthur Shanks to be an Honorary Magistrate in the District of the 24-Pergunnahs, and to exercise the powers of a Subordinate Magistrate of the Second Class, and powers under Section 1, Act X. of 1854, in that District.

Mr. A. B. Shekleton to be Secretary to the Executive Famine Relief Committee.

Mr. C. D. Field to be Joint-Magistrate and Deputy Collector of Chittagong, but to continue to officiate as Judge of the Principal Court of Small Causes at Kishnaghur and Jessore, until further orders.

কলম প্রভৃতির নিমিত্তে ও কার্য্যালয়ের নৈমিত্তিক অন্য বিষয়ে মাসে কত টাকা খরচ হয়, এই সকল মর্ম্মের এক রিটর্ণ আপনাকে সাধ্যমতে ত্বরায় প্রেরণ করিবার আদেশ হইতেছে।

এল আর টটনহাম,
রেজিষ্ট্রার।

John Robinson, *Bengalee Translator.*

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের আজ্ঞা।

১৮৮১ নম্বর।

নিয়োগ।

১৮৬৭ সাল ৩০ আপ্রিল।

শ্রীযুত বাবু নরোত্তম মল্লিকের ছুটী প্রযুক্ত অনুপস্থানকালে অথবা অন্য আজ্ঞা না হওনপর্য্যন্ত শ্রীযুত বাবু গোবিন্দচন্দ্র সান্ন্যাল ভাগলপুর ও মুঙ্গেরের প্রধান সদর আমীনের কর্ম্ম করিবেন।

ভাগলপুরের মুনসেফ শ্রীযুত বলাকচাঁদ বাবু আপন কর্ম্মাতিরিক্ত ঐ জিলার সদর আমীনের কর্ম্ম করিবেন।

নিম্নলিখিত মহাশয়েরা শান্তিপুর নগরের মুনিসিপল কমিসানর হইবেন,—

শ্রীযুত বাবু তারাবিলাস মিত্র।

,, বাবু শ্রীপতি মুখোপাধ্যায়।

১৮৬৭ সাল ৬ মে।

রাজকীয় কার্য্যোপলক্ষে শ্রীযুত আলেন সাহেবের অনুপস্থানকালে অথবা অন্য আজ্ঞা না হওনপর্য্যন্ত শ্রীযুত জে সি প্রাইস সাহেব ত্রিপুরার জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকুটরের কর্ম্ম করিবেন।

শ্রীযুত বাবু পরাণচন্দ্র নেউগীর ছুটী প্রযুক্ত অনুপস্থানকালে অথবা অন্য আজ্ঞা না হওনপর্য্যন্ত দিনাজপুরের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকুটর শ্রীযুত বাবু অতুলচরণ মল্লিক কিয়ৎকালের নিমিত্তে ভাগলপুরে নিযুক্ত হইয়াছেন এবং শেষোক্ত জিলাতে অধঃস্থ দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন।

১৮৬৭ সাল ৭ মে।

শ্রীযুত রায় দুর্গাপ্রসাদ ঘোষ বাহাদুর ঢাকা জিলায় এক জন অনররি মাজিষ্ট্রেট হইবেন এবং ঐ জিলাতে অধঃস্থ দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ও ১৮৫৪ সালের ১০ আইনের ১ ধারামতের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন।

শ্রীযুত আর্থরশাঙ্কস্ সাহেব ২৪ পরগনা জিলায় এক জন অনররি মাজিষ্ট্রেট হইবেন, এবং ঐ জিলাতে অধঃস্থ দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ও ১৮৫৪ সালের ১০ আইনের ১ ধারামতের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন।

শ্রীযুত এ বি শেকল্টন সাহেব দুর্ভিক্ষ নিবারিণী সভার সেক্রেটারী হইবেন।

শ্রীযুত সি ডি ফিলড সাহেব চট্টগ্রামের জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকুটর হইবেন, কিন্তু অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত কৃষ্ণনগর ও যশোহরের ক্ষুদ্র মোকদ্দমার প্রধান আদালতের জজের কর্ম্ম করিতে থাকিবেন

Mr. A. C. Mangles to be a Joint-Magistrate and Deputy Collector of the Second Grade, and to continue to officiate as Joint-Magistrate and Deputy Collector of Tirhoot, until further orders.

শ্রীযুত এ সি মাঙ্গেলস সাহেব দ্বিতীয় শ্রেণীর জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর হইবেন, কিন্তু অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত ত্রিহুতের জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের কর্ম্ম করিতে থাকিবেন।

Mr. O. G. R. McWilliam, Assistant Magistrate and Collector, to have charge of the Sub-Division of Serajgunge, during the absence, on leave, of Mr. F. J. R. Walker, or until further orders. Mr. McWilliam will exercise the powers of a Magistrate and Deputy Collector in the Districts of Pubna and Bograh.

শ্রীযুত এফ জে আর ওয়াকর সাহেবের ছুটীপ্রযুক্ত অনুপস্থানকালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত অ্যাসিস্টান্ট মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত ও জি আর মাকউলিয়ম. সাহেব শেরাজগঞ্জ শাখাখণ্ডের কর্ম্মের ভার পাইবেন। তিনি পাবনা ও বগুড়া জিলাতে মাজিষ্ট্রেটের ও ডেপুটী কালেক্টরের ক্ষকতাক্রমে কর্ম্ম করিবেন।

Mr. S. Lobb, M. A., is promoted, temporarily, to the Second Grade of the Bengal Educational Service, and appointed to officiate as Principal of the Hooghly College, during the absence, on leave, of Mr. R. Thwaytes, or until further orders.

শ্রীযুত এস লব এম, এ, সাহেব কিয়ৎকালের নিমিত্তে বঙ্গদেশের শিক্ষাসংক্রান্ত কার্য্যের দ্বিতীয় শ্রেণীভুক্ত হইয়াছেন এবং শ্রীযুত আর থোয়েটস সাহেবের ছুটী প্রযুক্ত অনুপস্থানকালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত হুগলী কালেজের প্রিন্সিপলের কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

Mr. A. C. Woodward, Deputy Magistrate and Deputy Collector of Balasore, is transferred to Burdwan, and vested with the powers of a Magistrate in that District.

বালেশ্বরের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত এ, সি, উডওয়ার্ড সাহেব বর্দ্ধমানে নিযুক্ত হইয়াছেন এবং শেষোক্ত জিলাতে মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন।

Moulvy Dillawur Hossein Ahmed, B. A., Deputy Magistrate and Deputy Collector, to have charge of the Sub-Division of Bhanga, and to exercise the powers of a Magistrate in the District of Furreedpore.

ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত মৌলবী দিলাওয়ার হুসেন আহম্মদ বি, এ, ভাঙ্গা শাখাখণ্ডের কর্ম্মের ভার পাইবেন, ও ফরীদপুর জিলাতে মাজিষ্ট্রেটের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন।

Leave of Absence.

ছুটী।

The 30th April 1867.

১৮৬৭ সাল ৩০ আপ্রিল।

Mr. W. C. Madge, Deputy Magistrate and Deputy Collector of Noakhally, for two months, under paragraph 11 of the Uncovenanted Service Absentee Rules, from the date on which he may have made over charge of his duties.

নওয়াখালীর ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত ডবলিউ, সি মাজ সাহেব যে তারিখে আপন কর্ম্মের ভারার্পণ করেন সেই তারিখঅবধি অচিহ্নিত কার্য্যকারকদের ছুটী বিধির ১১ ধারামতে দুই মাসের ছুটী পাইয়াছেন।

Baboo Bhugwan Chunder Bose, Deputy Magistrate and Deputy Collector, Furreedpore, for three months, under the orders of the Right Hon'ble the Secretary of State for India, dated 8th November 1865, from the date on which he may avail himself of the leave.

ফরীদপুরের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু ভগবানচন্দ্র বসু যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখঅবধি ভারতবর্ষের পক্ষ মহিমবর শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেবের ১৮৬৫ সালের নবেম্বর মাসের ৮ তারিখের আজ্ঞামতে তিন মাসের ছুটী পাইয়াছেন।

Baboo Kali Das Palit, Deputy Magistrate and Deputy Collector, in charge of the Ramghur Estate, for three weeks, under paragraph 16 of the Uncovenanted Service Absentee Rules, from the 1st proximo, or any other date on which he may avail himself of the leave.

রামগড় মহালের কর্ম্মের ভারপ্রাপ্ত ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু কালিদাস পালিত আগামি মাসের ১ তারিখঅবধি অথবা অন্য যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখ অবধি অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৬ ধারামতে তিন সপ্তাহের ছুটী পাইয়াছেন।

Baboo Noruttum Mullick, Principal Sudder Ameen of Bhaugulpore and Monghyr, for one month, under paragraph 16 of the Uncovenanted Service Absentee Rules, from the 2nd proximo, or any other date on which he may avail himself of the leave.

ভাগলপুর ও মুঙ্গেরের প্রধান সদর আমীন শ্রীযুত বাবু নরোত্তম মল্লিক আগামি মাসের ২ তারিখঅবধি অথবা অন্য যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখ অবধি অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৬ ধারামতে এক মাসের ছুটী পাইয়াছেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৭। ১৪ মে।]

The 1st May 1867.

Mr. G. E. Porter, Inspector of Schools, North-East Circle, for three months, under Section 6 of the Covenanted Service Absentee Rules, from 8th proximo, or any other date on which he may avail himself of the leave.

The leave of absence for six months granted to Mr. J. S. Drummond, Magistrate and Collector of Purneah, under the orders of the 28th March last, is inclusive of the one and half months' leave which was allowed to him on the 9th January preceding.

In supersession of the orders of the 12th March last, Mr. D. Barbor, Assistant Superintendent of Police, Moorshedabad, is allowed fifteen days' preparatory leave of absence before resigning the service.

১৮৬৭ সাল ১ মে।

উত্তর পূর্ব্ব চক্রের বিদ্যালয়সমূহের তত্ত্বাবধারক যুত জি ই পোর্টর সাহেব আগামি মাসের ৮ তারিখ অবধি অথবা অন্য যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখঅবধি চিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ ধারামতে তিন মাসের ছুটা পাইয়াছেন।

পূরণিয়ার মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত জে এস ড্রমণ্ড সাহেব গত মার্চ মাসের ২৮ তারিখের আজ্ঞামতে যে ছয় মাসের ছুটী পান তন্মধ্যে তৎপূর্ব্ব জানুআরি মাসের ৯ তারিখে যে দেড় মাস ছুটী পান তাহাও গণ্য হইল।

গত মার্চ মাসের ১২ তারিখের আজ্ঞা রহিত করিয়া এই আজ্ঞা হইল যে মুরশিদাবাদের পোলীসের আসিস্টান্ট সুপরিন্টেণ্ডেন্ট শ্রীযুত ডি বার্ব্বর সাহেব কর্ম্ম ত্যাগ করণের পূর্ব্বে প্রস্তুত হইবার নিমিত্তে পনের দিনের ছুটী পাইয়াছেন।

The 2nd May 1867.

Mr. R. Thwaytes, Principal of the Hooghly College, for twelve months, under paragraph 11 of the Uncovenanted Service Absentee Rules.

১৮৬৭ সাল ২ মে।

হুগলী কালেজের প্রিন্সিপল শ্রীযুত আর থোয়েট্স সাহেব অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১১ ধারামতে বার মাসের ছুটী পাইয়াছেন।

The 3rd May 1867.

Captain A. E. Campbell, Deputy Commissioner of Gowalparah, for one month, preparatory to proceeding to Europe on Furlough.

১৮৬৭ সাল ৩ মে।

গোয়ালপাড়ার ডেপুটী কমিসানর কাপ্তান শ্রীযুত এ ই কাম্বেল সাহেব নিয়মিত ছুটীক্রমে ইউরোপে গমনার্থ প্রস্তুত হইবার নিমিত্তে এক মাসের ছুটী পাইয়াছেন

The 4th May 1867.

Baboo Poran Chunder Newgee, Deputy Magistrate and Deputy Collector of Bhaugulpore, for two months, under the orders of the Right Hon'ble the Secretary of State for India, dated 8th November 1865, from the date on which he may avail himself of the leave.

Mr. C. H. James, Assistant Superintendent of Police, Garrow Hills, for one month, under paragraph 16 of the Uncovenanted Service Absentee Rules, from the date on which he may have availed himself of the leave.

Mr. W. Ainslie, Judge of Patna, for three months, from the 20th instant, under Section 6 of the Covenanted Service Absentee Rules.

১৮৬৭ সাল ৪ মে

ভাগলপুরের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু পরাণচন্দ্র নেউগী যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখ অবধি ভারতবর্ষের পক্ষ মহিমবর শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেবের ১৮৬৫ সালের নবেম্বর মাসের ৮ তারিখের আজ্ঞামতে দুই মাসের ছুটী পাইয়াছেন।

গারোপর্ব্বতের পোলীসের আসিষ্টান্ট সুপরিন্টেণ্ডেন্ট শ্রীযুত সি এচ জেমস সাহেব যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখ অবধি অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৬ ধারামতে এক মাসের ছুটী পাইয়াছেন।

পাটনার জজ শ্রীযুত ডবলিউ ঐন্স্লী সাহেব চিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ ধারামতে এই মাসের ২০ তারিখ অবধি তিন মাসের ছুটী পাইয়াছেন।

The 7th May 1867.

Mr. F. J. R. Walker, Deputy Magistrate and Deputy Collector of Serajgunge, for two months, under the orders of the Right Hon'ble the Secretary of State for India, dated 8th November 1865.

Mr. L. DeAbreu, Deputy Magistrate and Deputy Collector, Shahabad, for one month, under paragraph 16 of the Uncovenanted Service

১৮৬৭ সাল ৭ মে।

শেরাজগঞ্জের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত এফ জে আর ওয়াকর সাহেব ভারতবর্ষের পক্ষ মহিমবর শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেবের ১৮৬৫ সালের নবেম্বর মাসের ৮ তারিখের আজ্ঞামতে দুই মাসের ছুটী পাইয়াছেন।

শাহাবাদের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত এল ডিআব্রু সাহেব যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তরিখ অবধি অচিহ্নিত কার্য্যকারকদের

Absentee Rules, from the date on which he may avail himself of the leave.

NOTIFICATIONS.

The 29th April 1867.

The Officer in charge of the Sub-Division of Mungledye is appointed to be ex-officio Protector of Laborers in that Sub-Division under Act VI. (B. C.) of 1865.

The local limits within which the Sub-Divisional Officer of Mungledye will exercise the powers and authorities conferred under the said Act will be the local limits of the said Sub-Division.

The Deputy Commissioner of Durrung will cease to exercise the powers of Protector within the limits of the Mungledye Sub-Division, but as Magistrate he will still exercise in that Sub-Division the powers described in Section 17 of the said Act.

The 30th April 1867.

Dr. E. J. Gayer, Civil Assistant Surgeon of Tirhoot, having resumed charge of his duties on the 8th instant, the unexpired portion of the leave granted to him, under orders of the 14th ultimo, and of which he availed himself from the 26th idem, is cancelled.

The 3rd May 1867.

The following Officers reported their departure from India on the 24th ultimo per Steamship *Candia, viz.:—*

Mr. E. S. Pearson, C. S.
Reverend E. H. Blyth.
Mr. H. F. Blanford.

A supplementary Commission of the Peace for Bengal, Behar, and Orissa was issued by the High Court of Judicature at Fort William in Bengal on the 24th ultimo, directed to Lieutenant-Colonel John Robertson Pughe.

The 7th May 1867.

The services of Mr. F. B. Peacock, of the Civil Service, now on leave, are placed at the disposal of the Hon'ble the Chief Justice.

The transfer of Baboo Sunjeeb Chunder Chatterjee, Deputy Magistrate and Deputy Collector, from Jessore to Nuddea, notified in the *Calcutta Gazette* of the 1st instant, is cancelled.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৭। ১৪ মে।]

ছুটীর বিধির ১৬ ধারামতে এক মাসের ছুটী পাইয়াছেন

বিজ্ঞাপন।

১৮৬৭ সাল ২৯ আপ্রিল।

মঙ্গলদায়ি শাখাখণ্ডের কর্ম্মের ভার প্রাপ্ত কার্য্যকারক স্বীয় পদোপলক্ষে ১৮৬৫ সালের বঙ্গদেশীয় ৬ আইনমতে উক্ত শাখাখণ্ডে মজুর রক্ষকের পদে নিযুক্ত হইলেন।

মঙ্গলদায়ি শাখাখণ্ডের যে সীমার মধ্যে উক্ত কার্য্যকারক উক্ত আইনমতে দত্ত ক্ষমতা ও শক্তিক্রমে কর্ম্ম করিবেন তাহা উক্ত শাখাখণ্ডের সীমা হইবে।

মঙ্গলদায়ি শাখাখণ্ডের সীমার মধ্যে দরঙ্গের ডেপুটী কমিসানর সাহেবের রক্ষকের কর্ম্ম করণের ক্ষমতা রহিত হইল। কিন্তু তিনি মাজিষ্ট্রেটস্বরূপ উক্ত শাখাখণ্ডে উক্ত আইনের ১৭ ধারার নির্দ্দিষ্ট ক্ষমতাক্রমে কর্ম্ম করিতে থাকিবেন।

১৮৬৭ সাল ৩০ আপ্রিল।

ত্রিহুতের সিবিল আসিষ্টান্ট চিকিৎসক ডাক্তর শ্রীযুত ই জে গেয়র সাহেব এই মাসের ৮ তারিখে আপন কর্ম্মের ভার পুনর্গ্রহণ করাতে গত মাসের ১৪ তারিখের আজ্ঞামতের যে ছুটী ঐ মাসের ২৬ তারিখে গ্রহণ করেন তাহার অবশিষ্টাংশ রহিত হইল।

১৮৬৭ সাল ৩ মে।

নিম্নলিখিত কার্য্যকারকেরা কাণ্ডিয়া নামক বাষ্পীয় জাহাজে এই মাসের ২৪ তারিখে ভারতবর্ষহইতে গমন করিয়াছেন এমত রিপোর্ট করেন।

শ্রীযুত ই এস পিয়র্সন সাহেব সি, এস,।
পাদরি শ্রীযুত ই এচ ব্লাইথ সাহেব।
শ্রীযুত এচ এফ ব্লাণ্ডফর্ড সাহেব।

বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্ট কর্ত্তৃক গত মাসের ২৪ তারিখে বঙ্গ বেহার ও উড়িষ্যা দেশের শান্তিরক্ষার্থ যে অতিরিক্ত কমিসান বাহির হয় তাহা লেপ্টেনেণ্ট শ্রীযুত কর্ণেল জান রবর্টসন পিউ সাহেবের নামে দেওয়া গেল

১৮৬৭ সাল ৭ মে।

সিবিল কার্য্য সম্পর্কীয় শ্রীযুত এফ বি পীকক সাহেব মাননীয় শ্রীযুত চীফ জষ্টিস সাহেবের আজ্ঞাধীনে নিযুক্ত হইলেন, তিনি এইক্ষণে ছুটী লইয়াছেন।

ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু সঞ্জীবচন্দ্র চট্টোপাধ্যায়ের যশোহরহইতে নদীয়ায় নিযুক্ত হইবার যে কথা এই মাসের ৭ তারিখের বাঙ্গলা গেজেটে প্রকাশ হয় তাহা রহিত হইল।

NOTIFICATION.

The 25th April 1867.

The Lieutenant-Governor has been pleased to sanction under Section 38 of the Rules prescribed in accordance with Sections 11 and 13 of Act VII. (B. C.) of 1864, (for regulating the manufacture, deposit, and transport, &c., of Salt), the establishment of a Police Pass Station at Modooparrah, or South-end of Kukrahchur, in the District of Noacolly.

বিজ্ঞাপন।

১৮৬৭ সাল ২৫ আপ্রিল।

শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব ১৮৬৪ সালের বঙ্গদেশীয় ৭ আইনের (অর্থাৎ লবণ প্রস্তুত ও গচ্ছিত ও চালানাদি করণের আইনের) ১১ ও ১৩ ধারানুযায়ি প্রণীত বিধির ৩৮ ধারামতে নওয়াখালী জিলার অন্তর্গত কুকরাচরের অতি দক্ষিণ মধুপাড়াতে পোলীস পাস ষ্টেশন স্থাপন বিষয়ের অনুমোদন করিলেন।

NOTIFICATION.

The 26th April 1867.

It is hereby notified that the Lieutenant-Governor has been pleased, under Section 197 of Act XXV. of 1861 (the Criminal Procedure Code), to declare that Hindee shall, in future, be held to be the language in ordinary use in the Colehan for the purposes of that Act.

বিজ্ঞাপন।

১৮৬৭ সাল ২৬ আপ্রিল।

ইহাতে সংবাদ দেওয়া যাইতেছে যে শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব ১৮৬১ সালের ২৫ আইনের (অর্থাৎ ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের) ১৯৭ ধারামতে আজ্ঞা করিতেছেন যে ইহার পর কোলহানে হিন্দীভাষা উক্ত আইনের অভিপ্রায় সফল করণার্থে চলিত ভাষা জ্ঞান হইবে

NOTIFICATION.

The 27th April 1867.

In continuation of the Notification dated the 15th ultimo, published in the *Calcutta Gazette* of the 20th idem, it is hereby notified that the territorial jurisdiction of the Small Cause Court at Darjeeling shall be the ordinary jurisdiction of the Deputy Commissioner in the Hill Tracts of Darjeeling, but exclusive of the Terai and Dalimcote Sub-Divisions.

বিজ্ঞাপন।

১৮৬৭ সাল ২৭ আপ্রিল।

গত মাসের ১৫ তারিখের যে বিজ্ঞাপন ঐ মাসের ২৬ তারিখের বাঙ্গলা গেজেটে প্রকাশিত হয় তদতিরিক্ত ইহাতে সংবাদ দেওয়া যাইতেছে যে দারজিলিঙ্গের পর্ব্বতীয় প্রদেশের ডেপুটী কমিসানর সাহেবের বিচারাধিপত্যের যে সীমা দারজিলিঙ্গের ক্ষুদ্র মোকদ্দমার আদালতেরও সেই সীমা হইবে। কিন্তু তন্মধ্যে তেরাই ও দালিমকোট শাখাখণ্ড ধর্ত্তব্য নয়।

NOTIFICATION.

The 27th April 1867.

In continuation of the Notification dated 14th January last, it is hereby notified that in the Districts of Burdwan, Hooghly, and Midnapore, the Joint-Magistrate shall be the Magistrate in charge of the Sudder or Principal Sub-Division of the District to which he stands appointed.

বিজ্ঞাপন।

১৮৬৭ সাল ২৭ আপ্রিল।

গত জানুআরি মাসের ১৪ তারিখের বিজ্ঞাপনাতিরিক্ত ইহাতে সংবাদ দেওয়া যাইতেছে যে বর্দ্ধমান, হুগলী ও মেদিনীপুর জিলার মধ্যে জাইণ্ট মাজিষ্ট্রেট সাহেব যে জিলাতে নিযুক্ত হন সেই জিলার সদর কি প্রধান শাখাখণ্ডের কর্ম্মের ভার প্রাপ্ত মাজিষ্ট্রেট হইবেন।

NOTIFICATIONS.

বিজ্ঞাপন।

Whereas it is expedient to re-adjust the boundaries of Union Kalároá, in the District of 24-Pergunnahs, as fixed by Government Notification of the 9th April 1866, and to divide the same into two distinct Unions for the purposes of Act XX. of 1856, it is hereby notified that the provisions of the aforesaid Act shall cease to have effect in the village of Kaiba, which has been transferred from the district of 24-Pergunnahs to that of Nuddea.

২৪ পরগনা জিলার অন্তর্গত কলাকরা সমাহারের যে সীমা ১৮৬৬ সালের আপ্রিল মাসের ৯ তারিখের গবর্ণমেণ্টের বিজ্ঞাপনে অবধারিত হইয়াছে তাহ পুনর্ব্বার নির্দ্দিষ্ট করা ও ১৮৫৬ সালের ২০ আইনের অভিপ্রায় সফল করণার্থে তাহা দুই স্বতন্ত্র সমাহারে বিভাগ করা বিহিত, অতএব ইহাতে সংবাদ দেওয়া যাইতেছে যে পূর্ব্বোক্ত আইনের বিধান কয়বা গ্রামে খাটিবে না, যেহেতু সেই গ্রাম ২৪ পরগনাহইতে নদীয়া জিলাভুক্ত হইয়াছে।

2. The existing Union shall be and is hereby divided into two distinct Unions, to be called the Unions of Kalároá and Chanduria.

২। বর্ত্তমান গ্রাম সমাহার এবং তাহা যে দুই স্বতন্ত্র সমাহারে বিভক্ত হইয়াছে তাহা কলাকয়া ও চাঁদুড়িয়া সমাহার নামে খ্যাত হইবে।

3. Under Section 2, Act XX. of 1856, it is hereby further notified that, for the purposes of this Act, the following villages shall be united to Kalároá:—

৩। ১৮৫৬ সালের ২০ আইনের ২ ধারামতে আরো সংবাদ দেওয়া যাইতেছে যে এই আইনের অভিপ্রায় সফল করণার্থে নিম্নলিখিত গ্রাম কলাকয়াতে সংযুক্ত হইবে।

1. Tulsidanga.

১। তুলসীডাঙ্গা।

2. Jhikra and its Mohallah Gudkhali.

২। ঝেকরা ও তম্মহল্লা গোদখালী।

3. Gopináthpoor.

৩। গোপীনাথপুর।

4. Murárikátí together with its Mohallahs, Begampoor and Rastumpoor.

৪। মুরারীকাটী ও তম্মহল্লা বেগমপুর ও রস্তমপুর।

And the following to Chanduria—

এবং নিম্নলিখিত গ্রাম চাঁদুড়িয়াতে সংযুক্ত হইবে।

1. Goalparah.

১। গোয়ালপাড়া।

2. Chandanpoor together with its Mohallahs, Kádpūr and Goyrá.

২। চন্দনপুর ও তম্মহল্লা কাদপুর ও গয়রা।

4. Under Section 4 of the above Act it is also notified that the boundaries of the above Unions are identical with the boundaries of the villages themselves as laid down in the Revenue Survey Maps approved of by Government.

৪। উপরোক্ত আইনের ৪ ধারামতে আরো সংবাদ দেওয়া যাইতেছে যে উপরোক্ত সমাহারের সীমা ঐ২ গ্রামের যে সীমা গবর্ণমেণ্টের অনুমোদিত রাজস্বের জরীপী মানচিত্রে লেখা আছে তাহার সহিত মিলিবে

5. Under Section 10, Act XX. of 1856, it is hereby further notified that the tax to be levied in these Unions shall be an assessment according to the circumstances and the property to be protected of the persons liable to the same.

৫। ১৮৫৬ সালের ২০ আইনের ১০ ধারামতে আরো সংবাদ দেওয়া যাইতেছে যে উক্ত গ্রাম সমাহারে যে ব্যক্তিদের স্থানে টাক্স আদায় করিতে হইবে তাহা টাক্স দিবার যোগ্য ব্যক্তিদের অবস্থা ও রক্ষণীয় সম্পত্ত্যনুসারে ধার্য্য হইবে।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৭। ১৪ মে।]

NOTIFICATION.

Notice is hereby given that on and after the first day of April 1868 the terms of Sections 33 and 34 of Act VI. of 1863 (the Indian Consolidated Customs Act) will be strictly enforced at all Custom Houses subordinate to the Government of India, or to the Local Governments of the several Presidencies. A true specification of all goods imported in their respective vessels will be required from all Masters and Commanders of Vessels, and such terms as "Merchandize," "Sundries," or the like general description of goods, will not be accepted in any manifest or report of vessels arriving at any port in British India, or its dependencies, as required to be submitted by Masters and Commanders of vessels by the 33rd Section of the aforesaid Act. Masters and Commanders of vessels who shall be unable to enter in their reports or manifests a true specification of all goods imported in their respective vessels, in consequences of their neglect or failure to obtain a full and detailed description of all such goods in their Bills of Lading before the shipment of such goods, will be liable to the penalties laid down in the 34th Section of the above mentioned Act.

বিজ্ঞাপন

30. No person shall knowingly sell as food or drink for man, or offer or expose for such sale, or keep in his possession for the purpose of such sale, any article which is noxious or unfit for use food or drink for man.

[অস্বাস্থ্যজনক আহারীয় কি পানীয় দ্রব্য বিক্রয় করিবার কথা।]

৩০। যে দ্রব্য পীড়াজনক কি মনুষ্যের আহারের কি পানের অনুপযুক্ত কোন ব্যক্তি সেই দ্রব্য জ্ঞান পূর্ব্বক মনুষ্যের আহারীয় কি পানীয় বলিয়া বিক্রয় করিবে না কিম্বা বিক্রয় করিতে প্রস্তাব করিবে না ও দেখাইবে না ও বিক্রয়ার্থে নিকটে রাখিবে না।

[Adulterating food or drink.]

31. No person shall adulterate any article of food or drink so as to make such article noxious as food or drink, intending to sell such article as food or drink, or knowing it to be likely that the same will be sold as food or drink.

[আহারীয় কি পানীয় দ্রব্যের সহিত অন্য দ্রব্য মিশাইবার কথা।]

৩১। আহারীয় কি পানীয় দ্রব্য যাহাতে পীড়াজনক হয় কোন ব্যক্তি তাহা আহারীয় কি পানীয় দ্রব্য বলিয়া বিক্রয় করিবার অভিপ্রায়ে কিম্বা বিক্রয় হইবার সম্ভাবনা জানিয়া সেই আহারীয় কি পানীয় দ্রব্যের সহিত এমত কোন বিষয় মিশাইবে না।

[Selling pork.]

32. No person, within the limits of the Cantonment, shall sell any pork except under such conditions as may be prescribed by the Cantonment Committee.

[শূকরের মাংস বিক্রয়ের কথা।]

৩২। কাণ্টনমেণ্ট কমিটী যে নিয়ম নিরূপণ করেন সেই নিয়ম ব্যতীত কোন ব্যক্তি সৈন্যাবাসস্থানের সীমার মধ্যে শূকরের মাংস বিক্রয় করিবে না।

[Burying or burning corpses in prohibited places.]

33. No person shall bury, or cause to be buried, or shall burn, or cause to be burned, any corpse in any place within the limits of the Cantonment, if the use of such place as a burial or burning-ground has been prohibited by lawful authority.

[নিষিদ্ধ স্থানে কবর দেওন কি শব দাহ করণের কথা।]

৩৩। যদি আইন সিদ্ধ ক্ষমতাক্রমে সৈন্যাবাসস্থানের সীমার অন্তর্গত কোন স্থানে সমাধি কি দাহ করিবার নিষেধ হয়, তবে কোন ব্যক্তি সেই স্থানে সমাধি দিবে ও দেওয়াইবে না এবং শবদাহ করিবে ও করাইবে না।

[Depth of graves.]

34. No person shall bury, or cause to be buried, any corpse in any burial-ground, within the limits of the Cantonment, in a grave not constructed of masonry which shall be less than six feet deep, or in a grave constructed of masonry which shall be less than four feet deep.

[কবর যত গভীর করিতে হইবে তাহার কথা।]

৩৪। সৈন্যাবাসস্থানের সীমার অন্তর্গত কোন সমাধিস্থানে কাঁচা কবরে সমাধি হইলে ছয় ফুটের ন্যূন গভীর কবরে, কিম্বা পাকা কবর হইলে চারি ফুটের ন্যূন গভীর কবরে সমাধি দিবে ও দেওয়াইবে না

[Distance between graves.]

35. No person shall make, or cause to be made, a grave in any such burial-ground at a less clear distance than three feet from any other existing grave.

[ভিন্ন২ কবরের ব্যবধানের কথা।]

৩৫। কোন ব্যক্তি উক্ত কোন সমাধিস্থানে নূতন কবর করিলে পূর্ব্বকৃত কোন কবরহইতে তিন ফুটের ন্যূন ব্যবধানে করিবে কি করাইবে না।

[Graves to be made only in prescibed lines or situations.]

36. No person shall make or cause to be made a grave in any such burial-ground in any other lines or situations than those which may be marked out by competent authority for that purpose.

[অবধারিত শ্রেণীমতে কি স্থানে কবর করিবার কথা।]

৩৬। উপযুক্ত ক্ষমতাপন্ন কোন কার্য্যকারক পূর্ব্বোক্ত কোন সমাধিস্থানে যে শ্রেণীর ও যে স্থানের চিহ্ন করেন, কোন ব্যক্তি তদ্ভিন্ন কোন শ্রেণীমতে কি স্থানে কবর করিবে কি করাইবে না।

[Corpses to be reduced to ashes.]

37. No person when burning, or causing to be burnt, any corpse in any burning-ground within the limits of the Cantonment, shall permit the same or any part thereof to remain without being completely reduced to ashes, or to be removed until the same be so reduced.

[শব দাহ করিলে ভস্ম করিতে হইবার কথা।]

৩৭। কোন ব্যক্তি সৈন্যাবাসস্থানের সীমার অন্তর্গত কোন শ্মশানে শবদাহ করিলে কি করাইলে শবের সমুদয় অংশ ভস্ম না হওন পর্য্যন্ত ঐ শব কি তাহার কোন অঙ্গ ত্যাগ করিবে না ও স্থানান্তর করিবে না।

[Corpses to be burned within four hours after arrival at burning-ground.]

38. Every person who shall bring, or convey, or cause to be brought or conveyed, any corpse to any such burning-ground, shall burn or cause the same to be burnt within four hours after its arrival at the said burning ground.

[শ্মশানে আনিলে পর চারি ঘন্টার মধ্যে দাহ করিবার কথা।]

৩৮। কোন ব্যক্তি পূর্ব্বোক্ত কোন শ্মশানে শব আনিলে কি প্রেরণ করিলে কি আনাইলে কি প্রেরণ করাইলে, উক্ত শ্মশানে আনা গেলে পর চারিঘন্টার মধ্যে তাহা দাহ করিবেন কি করাইবেন।

[Throwing corpses into rives.]

39· No person shall throw any corpse into any river within the limits of the Cantonment, when such practice shall have been declared by the Cantonment Magistrate, with the approval of the Magistrate of the District, to be a public nuisance.

[নদীতে শব ফেলিবার কথা।]

৩৯। সৈন্যাবাসস্থানের সীমার অন্তর্গত নদীতে শব নিক্ষেপ করা সাধারণের অনিষ্ট জনক ব্যাপার, যদি কান্টনমেণ্ট মাজিষ্ট্রেট সাহেব জিলার মাজিষ্ট্রেট সাহেবের অনুমোদন ক্রমে ইহা প্রকাশ করেন তবে কেহ সেই নদীতে শব ফেলিবে না।

[Offensive or obnoxious trades.]

40. No person shall use any place within the limits of the Cantonment for any of the following purposes, if such use of such place has been declared by the Cantonment Magistrate, with the sanction of the Cantonment Sanitary Commission, to be a nuisance, and has been prohibited as such, namely, as a butcher's shop, or for melting tallow, or for boiling offal or blood, or for making soap, oil-boiling, dyeing, or as a tannery, brick-pottery, or lime-kiln, or for any manufactory or place of business from which offensive or unwholesome smells arise, or as a yard or depôt for hay, straw, wood, or coal.

[দুর্গন্ধযুক্ত কি ঘৃণাজনক ব্যবসায়ের কথা।]

৪০। কান্টনমেণ্ট মাজিষ্ট্রেট সাহেব যদি সৈন্যাবাস স্থানের স্বাস্থ্যবিধায়ক কমিস্যনের অনুমতিক্রমে, নিম্নলিখিত কোন কার্য্যের নিমিত্তে সৈন্যাবাস স্থানের সীমার অন্তর্গত কোন স্থানের ব্যবহার করা অনিষ্টজনক প্রকাশ করেন ও তদ্ধেতুক যদি সেই স্থানের তদ্রূপ ব্যবহার নিষিদ্ধ হয়, তবে কেহ সেই২ কর্ম্মে সেই স্থানের ব্যবহার করিবে না। অর্থাৎ, কশাইর দোকানস্বরূপে ও চরবি গলাইবার ও উচ্ছিষ্ট মাংস ও রক্ত সিদ্ধ করিবার ও সাবান প্রস্তুত করিবার ও তৈল পাক করিবার ও রং প্রস্তুত করিবার ও চামড়া কশাইবার কর্ম্মে ও ইটের পাঁজা ও চুণের পোয়ান এবং অন্য যে কারখানা কি কর্ম্মস্থানহইতে দুর্গন্ধময় কি পীড়াজনক ভাপ উঠে তাহার, এবং ঘাস, বিচালি, কাষ্ঠ কি কয়লা রাখিবার স্থান কি আড়ৎ।

[Quarrying stone and cutting wood or grass on public ground.]

41. No person shall quarry stone or kunkur or dig up bricks, or cut wood or grass, on any public ground, except in places which may be set apart for such purposes by the Cantonment Committee.

[রাজভূমিতে পাতর খনন করিবার ও বৃক্ষ ঘাস প্রভৃতি কাটিবার কথা।]

৪১। কান্টনমেণ্ট কমিটী পাতর কি কাঁকর খনন করিবার কি ইট খুঁড়িবার কিম্বা কাষ্ঠ চিরিবার কি ঘাস কাটিবার যেং স্থান নিরূপণ করেন, কোন ব্যক্তি, তদ্ভিন্ন রাজকীয় কোন ভূমিতে তাহা করিবে না।

[Depositing building materials, or making excavations in public roads.]

42. No person shall deposit any building materials, or make a hole or excavation, in any road, thoroughfare, or public place, without the permission in writing of the Cantonment Magistrate, given with the approval of the Cantonment Committee, and when such permission is granted to any person, he shall, at his own expense, whenever the Cantonment Magistrate may so direct, cause such materials, or such hole or excavation, to be sufficiently fenced and enclosed, until the materials are removed, or the hole or excavation is filled up, or otherwise made secure, and shall cause the same to be sufficiently lighted during the night.

[রাজপথে গৃহ নির্ম্মাণের সরঞ্জাম কি গর্ত্ত করিবার কথা।]

৪২। কান্টনমেণ্ট কমিটীর অনুমোদনপূর্ব্বক কান্টনমেণ্ট মাজিষ্ট্রেট সাহেবের লিখিত অনুমতি না পাইলে কোন ব্যক্তি কোন পথে কি অপ্রতিরোধ পথে কি প্রকাশস্থানে গৃহনির্ম্মাণ করিবার সরঞ্জাম রাখিবেন না ও গহ্বর ও গর্ত্ত করিবেন না। কোন ব্যক্তিকে সেই অনুমতি দেওয়া গেলে, তিনি কান্টনমেণ্ট মাজিষ্ট্রেট সাহেবের আজ্ঞা প্রাপ্ত হইলে, ঐ সরঞ্জাম যত কাল স্থানান্তর না করেন, কিম্বা ঐ গর্ত্ত কি গহ্বর যত কাল বুজাইয়া না দেন ও প্রকারান্তরে নিরাপদজনক না করেন তত কাল তিনি আপনার খরচে ঐ সরঞ্জাম ও গর্ত্ত ও গহ্বর উপযুক্ত বেড়া দিয়া ঘেরিয়া রাখিবেন ও রাত্রি কালে তাহাতে উপযুক্ত আলো দেওয়াইবেন।

[Excavations, &c., in private or public ground.]

43. No person shall make any tank, hole, or excavation, in any private or public ground of a character which appears to the Cantonment Committee to be objectionable on sanitary or other grounds.

[বিশেষ ব্যক্তির কি সাধারণের ভূমিতে গর্ত্ত করিবার কথা।]

৪৩। কান্টনমেণ্ট কমিটী স্বাস্থ্যসংক্রান্ত কি অন্য হেতুতে যে প্রকার পুষ্করিণী কি গর্ত্ত কি ডোবা বিষয়ে আপত্তি করেন, কোন ব্যক্তি সাধারণের কি বিশেষ ব্যক্তির ভূমিতে তদ্রূপ পুকুরপ্রভৃতি করিবেন না।

[Dangerous places to be repaired or enclosed.]

44. The owner of every building, tank, well, hole, or other place within the limits of the Cantonment, the repair, protection, or enclosure of which is necessary for the prevention of danger to the public, shall cause the same to be repaired, protected, or enclosed so as to prevent danger therefrom.

[আশঙ্কাজনক স্থান সারাইবার কি ঘেরিয়া রাখিবার কথা।]

৪৪। সৈন্যাবাসস্থানের সীমার অন্তর্গত যে ঘর কি পুকুর কি কূপ কি গর্ত্ত কি অন্য স্থান সাধারণ লোকদের আশঙ্কা নিবারণের জন্যে সারাণ কি রক্ষা করা কি ঘেরিয়া রাখা আবশ্যক সেই গৃহাদির স্বামী তাহা এমতে সারাইবেন ও রক্ষা করিবেন ও ঘেরিয়া রাখিবেন, যে তদ্দ্বারা আপদ না হয়।

[Making roofs or external walls of inflammable materials.]

45. No person shall make or suffer to remain any external roof or wall of any hut or other building of grass, leaves, mats, or other such inflammable materials, in any place within the limits of the Cantonment in which the use of such materials for such purposes shall have been prohibited by the Officer Commanding the Cantonment, or by the Cantonment Magistrate, with the approval of the Cantonment Committee.

[ছাদ কি ঘরের বেড়া দহনীয় দ্রব্যে নির্ম্মাণ করিবার কথা।]

৪৫। সৈন্যাবাসস্থানে যিনি কর্ত্তৃত্বকারি সেনাপতি হন, তিনি কিম্বা কান্টনমেণ্ট মাজিষ্ট্রেট সাহেব কান্টনমেণ্ট কমিটীর সম্মতি গ্রহণপূর্ব্বক যখন সৈন্যাবাসস্থানের সীমার মধ্যস্থিত কোন স্থানে ঘাস, পাতা, দরমাপ্রভৃতি দহনীয় দ্রব্যেতে কোন গৃহাদির উপরের ছাদ কি বেড়া করিতে নিষেধ করেন, তখন কোন ব্যক্তি সেই দ্রব্যেতে ঐ ছাদ কি বেড়া করিবে না।

[Causing obstruction by building, &c., in public roads.]

46. No person shall build any wall, or erect or set up any fence, rail, posts, or cause any other obstruction, encroachment, or injury in any public road or thoroughfare, or in or over any drain, sewer, or aqueduct.

[গাঁথনিপ্রভৃতিদ্বারা রাজপথ অবরোধ করিবার কথা।]

৪৬। কোন ব্যক্তি কোন রাজপথে কি অপ্রতিরোধ পথে কিম্বা কোন পয়োনালা কি জুলী কি জলপ্রণালীতে কি তদুপরে কোন প্রাচীর গাঁথিবে না কিম্বা কোন বেড়া কি রেল কি থাম বসাইবে কি স্থাপন করিবে না, ও অন্য প্রকারে পথাদির অবরোধ ও অতিক্রম ও হানি করিবে না।

[Inflammable materials, &c., near public build-

47. No person shall stack or collect dry grass, straw, or other inflammable materials, or place mats, thatched huts, or cooking places within one hundred yards of any barrack or stable, or other public builiding having a thatched roof, or in any other place in which the collection or placing of inflammable materials or buildings shall be prohibited by the Officer Commanding the Cantonment, or by the Cantonment Magistrate, with the approval of the Cantonment Committee.

[রাজকীয় গৃহের নিকট দহনীয় দ্রব্যাদি রাখিবার কথা।]

৪৭। কোন বারিক কি আস্তাবল কিম্বা খড়ের ছাদ যুক্ত রাজকীয় অন্য ঘরহইতে এক শত গজের মধ্যে এবং সৈন্যাবাসস্থানের কর্ত্তৃত্বকারি সেনাপতি সাহেব কিম্বা কান্টনমেন্ট মাজিষ্ট্রেট সাহেব কান্টনমেন্ট কমিটীর অনুমোদনক্রমে অন্য যে স্থানে দহনীয় দ্রব্য কি গৃহাদি ঘন করিয়া করিতে কি রাখিতে নিষেধ করেন, সেই স্থানে কোন ব্যক্তি শুষ্ক তৃণ কি খড় কি দহনীয় অন্য দ্রব্যের গাদি করিবে না ও তাহা সঞ্চয় করিবে না ও দরমা ও খড়ুয়া ঘর ও রন্ধনাগার রাখিবে না।

[Displacing pavement of public road.]

48. No person such displa..., take up, or make any alteration in the pavement or road way or fences or posts, of any public road or thorouhgfare, without the consent in writing of the Cantonment Magistrate, given with the approval of the Cantonment Committee.

[রাজপথের পাতর উঠাইবার কথা।]

৪৮। কোন ব্যক্তি কান্টনমেন্ট কমিটীর সম্মতি ক্রমে কান্টনমেন্ট মাজিষ্ট্রেট সাহেবের লিখিত অনুমতি প্রাপ্ত না হইলে, রাজপথে ও অপ্রতিরোধ পথে বসান কোন পাতর কি পথ কি বেড়া কি থাম স্থানান্তর করিবে না ও উঠাইবে না ও তাহার কোন প্রকারে পরিবর্ত্তন করিবে না।

[Repair of boundaries.]

49. Every person shall keed in proper repair the foundary walls, fences, or other enclosures or his estate or premises.

[সীমা সরাইবার কথা।]

৪৯। প্রত্যেক জন আপনার ভূমির ও বাটীর সীমান্ত প্রাচীর ও বেড়া ও অন্য বেষ্টন উপযুক্তমতে সারাইয়া রাখিবেন।

[Re-building houses and huts.]

50. Every person intending to build or re-build any house or hut within the limits of the Cantonment shall give previous notice in writing to the Cantonment Magistrate, and shall obey all Rules and Regulations which may be laid down by the Cantonment Committee, with respect to the sufficiency of the space to be left about such buildings or huts to secure a free circulation of air, or with respect to their ventilation or drainage.

[কোটা ও ঘর পুনঃনির্ম্মাণের কথা।]

৫০। যদি কোন ব্যক্তি সৈন্যাবাসস্থানের সীমার মধ্যে কোন কোটা কি ঘর নির্ম্মাণ কি পুনঃনির্ম্মাণ করিতে মনস্থ করেন, তবে তিনি কান্টনমেন্ট মাজিষ্ট্রেট সাহেবকে প্রথমে সেই কথা লিখিয়া জানাইবেন। এবং চতুঃদিগে অবাধিতরূপে বাতাস চলিতে পারে এই নিমিত্তে ঐ গৃহাদির চতুঃদিগে যত ফাঁক রাখিতে হইবে এই বিষয়ের ও ঘরের মধ্যে বাতাস খেলিতে ও জল নিঃসরিতে পারিবার জন্যে কান্টনমেন্ট মাজিষ্ট্রেট সাহেবকর্ত্তৃক যে সকল নিয়ম ও বিধান করা যায়, তাহা পালন করিবেন।

[Erecting building in objectionable situations.]

51. No person shall make any new permanent or temporary building, hut, shed, enclosure, awning, or chubootra, in any situation in which such building or other construction shall be declared by the Cantonment Magistrate, with the sanction of the Cantonment Committee, to be objectionable on sanitary grounds, or on account of causing encroachment or obstruction to a public thoroughfare.

[অনুপযুক্ত স্থানে ঘর নির্ম্মাণ করিবার কথা।]

৫১। স্থানবিশেষে গৃহাদি নির্ম্মাণ করিলে স্বাস্থ্যের হানিহওয়া সম্ভাবনা, অথবা রাজকীয় পথের অবরোধ কি অতিক্রম হয় কান্টনমেন্ট মাজিষ্ট্রেট সাহেব যদি কান্টনমেন্ট কমিটীর অনুমোদনক্রমে ইহা প্রকাশ করেন, তবে কোন ব্যক্তি সেই স্থানে কিয়ৎকালের কি চিরকালের নিমিত্তে কোটা কি কুড়ে কি চাল কি আবরণ কি চাঁদওয়া কি চবুতরা প্রস্তুত করিবেন না।

[Rash or negligent driving or riding.]

52. No person shall drive or ride any animal, or drive any vehicle, within the limits or the Cantonment, in a manner so rash of negligent as to indicate a want of due regard for the safety of others, or shall drive except upon the proper side of the road in meeting and passing other vehicles.

[গাড়ী কি ঘোড়া অতিবেগে কি অমনোযোগে চালাইবার কথা।]

৫২। যাহাতে অন্যের নিরাপদের বিষয়ে উপযুক্ত মনোযোগ না থাকা প্রকাশ হয়, সৈন্যাবাসের সীমান্তর্গত স্থানে কোন ব্যক্তি এমত সহসা কি অমনোযোগে কোন ঘোড়া কি কোন গাড়ী চালাইবে না ও ঘোড়ার পিঠে চড়িয়া যাইবে না এবং অন্য গাড়ীর নিকট আইলে কি পশ্চাৎ ছাড়িতে গেলে রাস্তার উপযুক্ত পার্শ্বে থাকিবে।

[Driving vehicles without sufficient light.]

53. No person shall drive within the limits of the Cantonment any vehicle at any time between three quarters of an hour after sun-set and one hour before sun-rise without a sufficient light except when, in the opinion of the Cantonment Magistrate, there may be sufficient moon-light to render such light unnecessary.

[উপযুক্ত আলো না দিয়া গাড়ী চালাইবার কথা।]

৫৩। সৈন্যাবাসস্থানের সীমার মধ্যে কোন ব্যক্তি সূর্য্যাস্ত হইবার পর তিন পোয়া ঘন্টা অবধি সূর্য্যোদয়ের পূর্ব্বে এক ঘন্টা পর্য্যন্ত উপযুক্ত আলো না লইয়া গাড়ী চালাইবে না। কিন্তু জ্যোৎস্না প্রযুক্ত আলোর আবশ্যক নাই মাজিষ্ট্রেটের এমত বিবেচনা হইলে, আলো জ্বালিবে না।

[Training animals.]

54. No person shall train, or break, or lead out for exercise any animal, within the limits of the Cantonment, except in such places and at such times as may be allowed by the Officer Commanding the Cantonment.

[পশুদিগকে শিক্ষা দেওনের কথা।]

৫৪। সৈন্যাবাসের কর্ত্তৃত্বকারি সেনাপতি সাহেব সৈন্যাবাসস্থানের সীমার অন্তর্গত যে স্থানের এবং যে সময়ের অনুমতি দেন, কোন ব্যক্তি তদ্ভিন্ন স্থানে কি সময়ে কোন পশুকে অভ্যাস করাইতে কি শিক্ষা দিতে পারিবে না কি শিক্ষার্থে বাহিরে লইয়া যাইতে পারিবে না।

[Taking elephants, &c., along public roads.]

55. No person shall take elephants, camels, or loaded carts, along any public road within the limits of the Cantonment, during such times as the use of such road for such purpose shall have been prohibited by the Officer Commanding the Cantonment.

[রাজপথ দিয়া হস্ত্যাদি লইয়া যাইবার কথা।]

৫৫। সৈন্যাবাসের কর্ত্তৃত্বকারি সেনাপতি সাহেব সৈন্যাবাসের সীমার অন্তর্গত স্থানের কোন রাজপথ দিয়া হস্তি কি উষ্ট্র কি বোঝাই গরুর গাড়ী যে সময়ে লইয়া যাইতে নিষেধ করেন, সেই সময়ে কেহ সেই পশ্বাদি লইয়া যাইবে না।

[Suffering ferocious dogs to be at large, and keeping dangerous animals.]

56. No person shall suffer to be at large, within the limits of the Cantonment, any ferocious dog without a muzzle, and no person shall keep any dangerous animals, such as tigers, bears, &c., unless securely caged.

[রাগাল কুকুরকে ছাড়িবার ও মারাত্মক পশু রাখিবার কথা।]

৫৬। কোন ব্যক্তি রাগাল কুকুরের মুখে মুখোস না দিয়া তাহাকে সৈন্যাবাসের সীমার অন্তর্গত স্থানে ছাড়িয়া দিবে না। ও ব্যাঘ্র ভল্লুক প্রভৃতি মারাত্মক পশুকে খাঁচায় দৃঢ়মতে বদ্ধ না করিয়া রাখিবে না।

[Picketing animals and collecting carts, &c.]

57. No person shall picket animals or collect carts on any public ground, or shall use such ground as a halting place for vehicles or cattle of any description, unless the use thereof for such purpose shall be prescribed or permitted by the Officer Commanding the Cantonment.

[পশুদিগকে বাঁধিবার ও গাড়ীপ্রভৃতি সংগ্রহ করিবার কথা।]

৫৭। সৈন্যাবাসের কর্ত্তৃত্বকারি সেনাপতি সাহেব ঘোড়াপ্রভৃতি বাঁধিবার কি গাড়ীপ্রভৃতি সংগ্রহ করিবার যে স্থান নিরূপণ করেন কি যে স্থানের অনুমতি দেন, কোন ব্যক্তি তদ্ভিন্ন রাজকীয় কোন ভূমিতে ঘোটকাদি বাঁধিবে না ও গাড়িপ্রভৃতি সংগ্রহ করিবে না ও গাড়ী থামিয়া রাখিবার কি কোন প্রকারের পশুর বিশ্রাম করিবার স্থানস্বরূপ তাহা ব্যবহার করিবে না।

[Causing obstructions by vehicles in public road.]

58. No person shall cause any obstruction in any thoroughfare by causing or permitting any vehicle or animal to remain therein longer than is required for loading or unloading or for taking up or setting down passengers, or shall leave any vehicle or animal in such a manner as to cause inconvenience or damage to the public.

[রাজকীয় পথ গাড়ী কি পশুরদ্বারা অবরোধ করিবার কথা।]

৫৮। বোঝাই দ্রব্য গাড়ীতে তুলিবার কি নামাইবার ও চড়নদারদিগকে লইবার কি নামাইবার জন্যে রাজপথে যতক্ষণ থামা উচিত কোন ব্যক্তি কোন গাড়ী কি পশুকে তদধিককাল রাখিয়া কি রাখিতে দিয়া পথ অবরোধ করিবে না, এবং যাহাতে সাধারণের ক্লেশ কি হানি হইতে পারে, কোন গাড়ী কি পশুকে এমতে রাখিবে না।

[Exposing articles for sale on public road.]

59. No person shall expose any articles for sale upon any stall, booth, or otherwise, so as to cause obstruction in any thoroughfare.

[রাজপথে দ্রব্য বিক্রয়ার্থে সাজাইবার কথা।]

৫৯। কোন ব্যক্তি মাচায় কি চালায় কি অন্য স্থানে বিক্রয়ার্থ দ্রব্য সাজাইয়া কোন রাজপথ অবরোধ করিবে না।

[Beating drums or tom-toms.]

60. No person shall beat a drum or tom-tom, or blow or sound any instrument at any time

[ঢোল কি ঢাক বাজাইবার কথা।]

৬০। সৈন্যাবাসের কর্ত্তৃত্বকারি সেনাপতি সাহেব কিম্বা কান্টনমেণ্ট মাজিষ্ট্রেট সাহেব যে স্থানে ও যে

or in any place which shall be prohibited by the Officer Commanding the Cantonment, or by the Cantonment Magistrate.

[Discharging fire-arms, fire-works, &c.]

61. No person shall discharge any fire-arms air-gun, or fire-works, or send up any fire-balloon, or light any bon-fire in or near any public road or thoroughfare, except with the permission of the Officer Commanding the Cantonment.

[Destroying lamp-posts, &c.]

62. No person shall destroy, injure, or disturb any sign-board or sign-posts, or any lamp-post, lamp bracket, or lamp, in any public road or thoroughfare, or extinguish any light therein without due authority.

[Begging, exposing deformities, or being drunk or riotous.]

63. No person in any public road, thoroughfare, or place, shall beg or apply for alms, or expose or exhibit any sores, wounds, bodily ailment or deformity, with the object of exciting charity or of obtaining alms, or shall be drunk or riotous.

[Cruelty to Animals.]

64. No person shall cruelly beat, abuse, or torture any animal.

[Processions and music in the streets.]

65. No person shall disobey any rules made by lawful authority for regulating the conduct of assemblies and processions in the public roads or thoroughfares, or with regard to the use of music in the streets.

[Permitting disorderly behavior in places of public resort.]

66. No person, being the keeper of any house or place of public resort or entertainment, shall knowingly permit drunkenness or other disorderly behaviour in such house or place, or shall suffer any gaming therein, or shall permit prostitutes or persons of notoriously bad character to meet or remain therein.

[Public gaming.]

67. No person shall keep or use, or knowingly permit to be kept or used, any place as a common gaming house, or shall in any manner assist in conducting the business of any place so used, or shall game or be present for the purpose of gaming in any such place, or shall game in any public street, place, or thoroughfare.

[Appointing Agents.]

68. Every owner of any house, building, or premises, or other immovable property, within

সময়ে ঢোল কি ঢাক কিম্বা কোন বাদ্য বাজাইতে নিষেধ করেন, কোন ব্যক্তি সেই সময়ে সেই স্থানে তা বাজাইবে না।

[বন্দুক আতশবাজী প্রভৃতি ছুড়িবার কথা।]

৬১। কোন ব্যক্তি সৈন্যাবাসস্থানের কর্তৃত্বকারি সেনাপতি সাহেবের অনুমতি না পাইলে, কোন রাজপথে কি অপ্রতিরোধ পথে কি তন্নিকটে কোন আগ্নেয়াস্ত্র ও বায়ুপূরিত বন্দুক ও আতশবাজী ছুড়িবে না ও অগ্নির বেলুন উড়াইবে না ও অগ্নিরাশি করিবে না।

[লাম্পপোষ্ট অর্থাৎ বাতির থাম প্রভৃতি নষ্ট করিবার কথা।]

৬২। কোন ব্যক্তি রাজপথের কি অপ্রতিরোধ কোন পথের কোন সাইন বোর্ড কি সাইন পোষ্ট কি লাম্প পোষ্ট কি লাম্পব্রাকেট কি লাম্প নষ্ট কি হানি করিবে না ও সরাইবে না, ও উপযুক্ত ক্ষমতাপন্ন কার্য্যকারকের আজ্ঞা না পাইলে তাহা নিবাইয়া ফেলিবে না।

[ভিক্ষা করণের ও অঙ্গদোষ দেখাইবার ও মাতাল ও হঙ্গামা হইবার কথা।]

৬৩। কোন ব্যক্তি রাজপথে কি অপ্রতিরোধ কোন পথে কি স্থানে ভিক্ষা করিবে ও ভিক্ষা মাগিবে না ও লোকদের দয়া জন্মাইবার আশয়ে কোন ক্ষত কি ঘা কি অঙ্গের রোগ কি দোষ প্রকাশ করিবে ও দেখাইবে না, ও মাতাল ও হঙ্গামা হইবে না।

[পশুদের প্রতি নিষ্ঠুরাচারের কথা।]

৬৪। কোন ব্যক্তি কোন পশুকে নির্দ্দয়রূপে মারিবে না ও তাহার প্রতি অত্যাচার করিবে না ও যন্ত্রণা দিবে না।

[পথে যাত্রা ও বাদ্যের কথা।]

৬৫। আইনসিদ্ধ ক্ষমতাপন্ন কার্য্যকারক রাজপথে কি অপ্রতিরোধ পথে লোক সমাগমের ও যাত্রার কালে সুধারা পালনের ও পথে বাদ্য বাদনের যে নিয়ম করেন কোন ব্যক্তি সেই নিয়ম অমান্য করিবে না।

[সাধারণ লোকদের গমনীয় স্থানে অনিয়মিতাচার হইতে দিবার কথা।]

৬৬। কোন ব্যক্তি সাধারণ লোকদের গমনের ও আমোদ করণের কোন ঘরের কি স্থানের রক্ষক হইয়া সেই ঘরে কি স্থানে সুরাপানে উন্মত্ততা কি অন্য অনিয়মিত আচার হইতে ও তাহাতে জুয়া খেলা করিতে দিবে না, ও বেশ্যাদিগকে ও প্রসিদ্ধ কুচরিত্র লোকদিগকে তথায় একত্র হইতে ও থাকিতে দিবে না।

[প্রকাশ্য দ্যূত ক্রীড়ার কথা।]

৬৭। কোন ব্যক্তি সামান্য দ্যূতগৃহ স্বরূপে কোন ঘর রাখিবে না ও ব্যবহার করিবে না ও জ্ঞানপূর্ব্বক অন্যকে রাখিতে কি ব্যবহার করিতে দিবে না, ও যে স্থানের তদ্রূপ ব্যবহার হয় সেই স্থানের কার্য্য সম্পাদনে সাহায্য করিবে না, ও তদ্রূপ কোন স্থানে দ্যূতক্রীড়া করিবে না ও করিবার জন্যে উপস্থিত হইবে না, ও কোন রাজপথে কি প্রকাশ্য স্থানে কি অপ্রতিরোধ পথে জুয়াখেলা করিবে না।

[এজেণ্টদিগকে নিযুক্ত করিবার কথা।]

৬৮। যে ব্যক্তি সৈন্যাবাসস্থানের সীমার অন্তর্গত কোন ঘরের কি কোটার কি বাগের স্বামী হইয়া স্বয়ং

the limits of the Cantonment, not residing within the Cantonment, or in its immediate vicinity, shall, within one month after these Rules have been declared to be in force, or within such time as may be specially ordered by the Cantonment Magistrate, appoint a duly authorized Agent, resident within the Cantonment, or in its immediate vicinity, who shall be answerable for the observance of all the present Rules and Regulations which refer to the owners of houses or other property as aforesaid.

Chapter IV.

Provisions for the enforcement of the Rules and Regulations of the Cantonment.

[Officer Commanding Cantonment, Cantonment Committe, and Cantonment Magistrate, to see to the enforcement of Rules and Regulations.]

1. It will be the duty of the Officer Commanding the Cantonment, of the Cantonment Committee, and of the Cantonment Magistrate, to take all lawful measures for causing the enforcement of the Rules and Regulations contained in the preceding Section.

[Actual execution of Rules and Regulations to be the duty of the Cantonment Magistrate.]

2. Except when it shall be otherwise provided, the Cantonment Magistrate will be responsible for the actual execution, in the manner provided by law, of all the Rules and Regulations laid down for ensuring the maintenance of the Cantonment in proper sanitary condition, and for the prevention of nuisances.

[Or of other Officer invested with powers under Section 20 of Act XXII. of 1864.]

3. All of the present Rules which refer to the duties and responsibilities of the Cantonment Magistrate will be applicable, unless it be otherwise ordered by the Local Government, to any person invested under Section 20 of Act XXII. of 1864, with powers to try breaches of the Rules and Regulations of the Cantonment.

[General Conservancy Establishment what to consist of and how fixed.]

4. The Establishment maintained in each Cantonment, under the Cantonment Magistrate for the General Conservancy and Sanitary Administration, will vary in strength according to circumstances. It will ordinarily consist of one or more Conservancy Sergeants, or Inspectors of Nuisances, with the necessary Sanitary Police and other Subordinates.

[Establishment to be paid from Cantonment Fund.]

5. The cost of the General Conservancy Establishment will be defrayed from the Cantonment Fund.

ঐ সৈন্যাবাসস্থানে কি তন্নিকটে বাস না করেন, এই বিধি প্রবল হইবার কথা প্রকাশ হইলে পর এক মাসের মধ্যে কিম্বা কান্টনমেন্ট মাজিষ্ট্রেট সাহেব যে সময়ে বিশেষমতে আজ্ঞা করেন তন্মধ্যে তিনি ঐ সৈন্যাবাসস্থান কি তন্নিকট নিবাসি কোন ব্যক্তিকে আপনার এজেন্টস্বরূপ কর্ম্ম করণার্থে উপযুক্তমতে ক্ষমতা দিবেন। পূর্ব্বোক্ত ঘরের কি অন্য সম্পত্তির স্বামির প্রতি বর্ত্তমান যে বিধি ও নিয়ম বর্ত্তে, ঐ এজেন্ট তাহার পালন করিবার বিষয়ে দায়ী হইবেন।

চতুর্থ অধ্যায়

সৈন্যাবাসস্থানের নিয়ম ও বিধি প্রবল করিবার বিধান।

[এই বিধির পালন বিষয়ে সৈন্যাবাসস্থানের কর্ত্তৃত্বকারি সেনাপতি সাহেবের ও সৈন্যাবাসের কমিটীর ও কান্টনমেন্ট মাজিষ্ট্রেটের দৃষ্টি রাখিবার কথা।]

১। ইহার পূর্ব্ব অধ্যায়ে যে সকল নিয়ম ও বিধি আছে তাহা প্রবল করিবার আইনসিদ্ধ উপায় করা সৈন্যাবাসস্থানের কর্ত্তৃত্বকারি সেনাপতির ও কান্টনমেন্ট কমিটীর ও কান্টনমেন্ট মাজিষ্ট্রেট সাহেবের কর্ত্তব্যের মধ্যে হইবে।

[নিয়ম ও বিধি সাধনকার্য্য কান্টনমেন্ট মাজিষ্ট্রেটের কর্ত্তব্য হইবার কথা।]

২। সৈন্যাবাসস্থানের স্বাস্থ্যবস্থা উপযুক্তমতে রক্ষা করিবার ও অনিষ্ট নিবারণ করিবার যে সকল নিয়ম ও বিধি হইয়াছে, তাহা আইনের অবধারিতমতে নিষ্পাদন হয়, তদ্বিষয়ে প্রকারান্তরের বিধি না হইলে কান্টনমেন্ট মাজিষ্ট্রেট সাহেব দায়ী আছেন।

[অথবা ১৮৬৪ সালের ২২ আইনের ২০ ধারার ক্ষমতাপ্রাপ্ত অন্য কার্য্যকারকের কর্ত্তব্যের কথা।]

৩। যে কোন কার্য্যকারক ১৮৬৪ সালের ২২ আইনের ২০ ধারামতে সৈন্যাবাসস্থানের বিধি ও নিয়ম লঙ্ঘনাপরাধের বিচার করিতে ক্ষমতাপন্ন হন, এই বিধির যে সকল কথাতে কান্টনমেন্ট মাজিষ্ট্রেট সাহেবের কর্ত্তব্য কর্ম্মের ও দায়ের উল্লেখ হইয়াছে, স্থানবিশেষের গবর্ণমেন্ট প্রকারান্তরের আজ্ঞা না করিলে, সেই কথা সেই কার্য্যকারকের প্রতি বর্ত্তিবে।

[পারিপাট্য রক্ষা করণকার্য্যে সাধারণমতে যত আমলা যদ্রূপে নির্দ্ধারিত হইবেন তাহার কথা।]

৪। প্রত্যেক সৈন্যাবাসস্থানে সাধারণ পারিপাট্য ও স্বাস্থ্য বিধান নিরূপণার্থে যে সকল কর্ম্মকারক কান্টনমেন্ট মাজিষ্ট্রেট সাহেবের অধীনে নিযুক্ত হন, গতিকবিশেষে তাঁহারদের সংখ্যাও বিশেষ হইবে। কিন্তু সাধারণমতে পরিপাটী করণার্থ এক কি অধিক জন সারজন অথবা অনিষ্ট পরিদর্শক থাকিবেন ও প্রয়োজন হইলে স্বাস্থ্যবিধায়ক পোলীস ও অধীন অন্য কর্ম্মকারক নিযুক্ত হইবেন।

[কান্টনমেন্ট ফণ্ডহইতে কর্ম্মকারকদের বেতন দিবার কথা।

৫। পরিপাটী করণার্থ সাধারণ কর্ম্মকারকদের বেতনাদি কান্টনমেন্ট ফণ্ড হইতে দেওয়া যাইবে।

[General executive management rests with the Cantonment Magistrate.]

6. Except when it shall be otherwise provided, the Cantonment Magistrate will be the executive Head of the Establishments entertained at the charge of the Cantonment Fund, and the management of the General Conservancy and Executive Sanitary Administration of the Cantonment will rest with him, subject to the general control of the Officer Commanding the Cantonment, and of the Cantonment Committee.

[Duties of the General Conservancy Establishment.]

7. The duties of the General Conservancy Establishment consist in—the carrying into effect arrangements connected with the conservancy of the Bazaars, and of every part of the Cantonment, the conservancy of which is not provided for by means of Regimental or other special Establishments; the removal, to the places set apart for the purpose, of all filth and rubbish from the public roads and streets from public latrines, slaughter-houses, and other places, and from receptacles provided for filth and rubbish from public or private premises; and generally the execution of all the Rules and Regulations laid down by lawful authority for the protection of the public health.

[General duties of Cantonment Magistrate.]

8. It will be the duty of the Cantonment Magistrate personally to inspect all parts of the Cantonment at least once in every month, especially those parts of which the sanitary supervision is important, and to require his subordinates frequently to do the same; to enforce strictly in every part of the Cantonment the observance of Sanitary Rules and Regulations that have been laid down; to carry into effect all necessary measures within his own authority, and to make to the Officer Commanding the Cantonment, and the Cantonment Committee, an immediate report of every case in which the orders of superior authority may be required.

[Establishments to be appointed, &c., by Cantonment Magistrate.]

9. Except when otherwise provided, all servants belonging to the General Conservancy Establishment of the Cantonment will be entertained, suspended, or dismissed under the orders of the Cantonment Magistrate alone.

[Use of Commissariat cattle for conservancy purposes.]

10. The use of Commissariat cattle, if any are available at the Station, will be allowed for any conservancy purposes on which the Executive Commissariat Officer may consider their employ-

[কান্টনমেন্ট মাজিষ্ট্রেটের প্রতি কার্য্য নিষ্পাদনের চেষ্টা করিবার ভার থাকিবার কথা।]

৬। প্রকারান্তরের বিধান না করা গেলে কান্টনমেন্ট ফণ্ডহইতে যে কর্ম্মচারিদের বেতনাদি দেওয়া যায়, কান্টনমেন্ট মাজিষ্ট্রেট সাহেব কর্ম্ম সম্পাদনসম্পর্কে তাঁহারদের প্রধান হইবেন। এবং সৈন্যাবাসস্থানের সাধারণমতে পারিপাট্য রক্ষার্থ ও স্বাস্থ্য বিধান নিরূপণার্থ কার্য্য কর্ত্তৃত্ব করিবার ভার তাঁহার প্রতি থাকিবে। কিন্তু তাঁহার উপর সৈন্যাবাসস্থানের কর্ত্তৃত্বকারি সেনাপতি সাহেবের ও কান্টনমেন্ট কমিটীর সাধারণ কর্ত্তৃত্ব থাকিবে।

[সাধারণ পারিপাট্য সংক্রান্ত কর্ম্মচারিদের কর্ত্তব্য কর্ম্মের কথা।]

৭। স্থান পরিপাটী করণার্থে যে কর্ম্মচারিগণ সাধারণমতে নিযুক্ত হন, তাঁহারদের কর্ত্তব্য কর্ম্মের মধ্যে এই২। সৈন্যসংক্রান্ত কি অন্য বিশেষ কর্ম্মকারকদ্বারা যেং বাজারের এবং সৈন্যাবাসস্থানের যেং অংশের পারিপাট্যের বিধান করা যায় নাই তাহা পরিপাটীরূপে রাখণসংক্রান্ত সকল নিয়ম নিষ্পাদন করা। রাজপথ ও রাস্তাহইতে এবং সাধারণ টাটী ও কশাইখানা ও অন্য স্থানহইতে, এবং রাজকীয় কিম্বা বিশেষ ব্যক্তির বাটীর গলিজ ও রাবিশ রাখিবার যে আধার নিরূপণ হয়, তাহাহইতে গলিজ ও রাবিশ স্থানান্তর করিয়া তাহা ফেলিবার নিরূপিত স্থানে ফেলণ, এবং সাধারণের স্বাস্থ্য রক্ষা করিবার জন্যে আইনসিদ্ধ ক্ষমতাক্রমে যে সকল বিধি ও নিয়ম করা যায়, সাধারণমতে তৎসমুদয় নিষ্পাদন করা।

[কান্টনমেন্ট মাজিষ্ট্রেট সাহেবের সাধারণ কর্ত্তব্য কর্ম্মের কথা।]

৮। কান্টনমেন্ট মাজিষ্ট্রেট সাহেবের কর্ত্তব্যের মধ্যে এইং, মাসে ন্যূনকল্পে একবার সৈন্যাবাসস্থানের সকল স্থান স্বয়ং দৃষ্টি করিবেন, বিশেষতঃ স্বাস্থ্য রক্ষার জন্যে যে সকল স্থানের পরিদর্শন করা আবশ্যক তাহা দৃষ্টি করিবেন, এবং আপনার অধীন সকল কর্ম্মকারককেও তাহা পুনঃ২ করিতে আজ্ঞা করিবেন। এবং স্বাস্থ্য রক্ষার জন্যে যে সকল বিধি ও নিয়ম করা গিয়াছে সৈন্যাবাসস্থানের সর্ব্বখণ্ডে তাহা দৃঢ়মতে প্রবল করিবেন। ও আপনার ক্ষমতাগত যে সকল কার্য্য আবশ্যক তাহা নিষ্পাদন করিবেন, এবং যে সকল কার্য্যের উপলক্ষে উপরিস্থ কর্ত্তৃপক্ষের অনুমতিপ্রাপ্ত হওয়া আবশ্যক সেই বিষয় সৈন্যাবাসস্থানের কর্ত্তৃত্বকারি সেনাপতি সাহেবকে ও কান্টনমেন্টকমিটীকে অবিলম্বে জ্ঞাত করিবেন।

[কান্টনমেন্ট মাজিষ্ট্রেট সাহেবকর্ত্তৃক আমলাগণের নিয়োগভৃতির কথা।]

৯। যদি অন্য প্রকারের নিয়ম না করা যায়, তবে সৈন্যাবাসস্থানের সাধারণ পারিপাট্যসম্পর্কীয় সকল কর্ম্মচারী কেবল কান্টনমেন্ট মাজিষ্ট্রেট সাহেবের আজ্ঞামতে নিযুক্ত হইবে ও কিয়ৎকাল কি চিরকালের নিমিত্তে কর্ম্মচ্যুত হইতে পারিবে।

[পারিপাট্যের কার্য্যার্থে সরকারী গোরুর ব্যবহারের কথা।]

১০। যদি কোন স্থানে সরকারী গবাদি কোন কর্ম্মের নিমিত্তে পাওয়া যাইতে পারে এবং যে কমিসেরিয়েট কার্য্যকারক সাহেব সেই কার্য্যে নিযুক্ত থাকেন তিনি যদি বোধ করেন যে সেই কার্য্যেতে ঐ গবাদির ব্যব-

ment unobjectionable. The expenses of tending and feeding the cattle when thus employed will be chargeable to the Barrack Department or to the Cantonment Fund, as the case may be.

[Provision to be made for daily cleansing of streets, &c.]

11. The Cantonment Magistrate shall provide, in such manner as may be approved by the Cantonment Committee, for the daily surface cleansing of all streets, roads, and public places of every description within the limits of the Cantonment, for the daily collection and removal of all filth, refuse, and rubbish of every description, for preventing the deposit thereof in any places not especially assigned for the purpose, and for regulating the times and manner of such collection, removal, and deposit.

[Receptacles for dirt, &c., to be provided.]

12. Places or fixed or moveable receptacles will be provided in such situations as the Cantonment Magistrate, with the approval of the Cantonment Committee, may appoint, in which all filth, refuse, and rubbish of every description from public or private premises, houses, or buildings, is to be periodically removed, and in which all cattle, carts, and implements required for such removal and for other purposes of conservancy, shall be kept.

[Failure of owner of premises to construct latrines and receptacles.]

13. If the owner of any house, building, or premises shall fail to cause to be constructed a latrine or latrines and to provide receptacles for the temporary deposit of dirt, filth, and refuse in the manner prescribed by these Rules, the Cantonment Magistrate may cause such latrines or receptacles to be constructed or provided at the expense of such owner, and may recover such expenses by distress and sale of his personal property.

[Manure, &c., removed at expense of Cantonment Fund to be considered public property.]

14. All filth, rubbish, filter, and manure, which shall be removed at the expense of the Cantonment Fund, shall be held to be public property, and any sum that may be realized therefrom shall be credited to the Cantonment Fund.

[Encouragement of vaccination.]

15. The Cantonment Committee shall take such measures as, with the approval of the Local Government, it may consider desirable for the encouragement of vaccination among the inhabitants of the Cantonment.

[Apearance of epidemic or contagious disease.]

16. It will be the duty of all Medical Officers, and of all persons residing within the Cantonment,

হার করিবার আপত্তি নাই, তবে তাহা সেই কার্য্যেতে ব্যবহার হইতে পারিবে। তদ্রূপে যত কাল ব্যবহার হইয়া থাকে তত কাল তাহার রক্ষা করিবার ও আহারের খরচ বারিক ডিপার্টমেন্টহইতে অথবা বিষয়বিশেষে কান্টনমেন্ট ফণ্ডহইতে দেওয়া যাইবে।

[প্রতিদিন পথাদি পরিষ্কার করিবার বিধানের কথা।]

১১। কান্টনমেন্ট কমিটী যদ্রূপ বিধানের অনুমোদন করেন, কান্টনমেন্ট মাজিষ্ট্রেট সাহেব সৈন্যাবাসস্থানের সীমার অন্তর্গত সকল রাস্তার ও পথের এবং রাজকীয় প্রত্যেক প্রকার স্থানের উপরিভাগ প্রতিদিন পরিষ্কার করণের ও সকল প্রকারের আবর্জ্জনা ও ওঁচলা ও রাবিশ প্রতিদিন সংগ্রহ ও স্থানান্তর করণের এবং তজ্জন্যে যে স্থান বিশেষমতে নির্দ্দিষ্ট থাকে তদ্ভিন্ন স্থানে তাহার নিক্ষিপ্ত না হওনের এবং ঐ সংগ্রহ ও স্থানান্তর ও নিক্ষেপ করণের সময়ের ও নিয়মের তদ্রূপ বিধান করিবেন।

[আবর্জ্জনা প্রভৃতি রাখিবার আধার করিবার কথা।]

১২। রাজকীয় কি বিশেষ ব্যক্তিদের বাটীর কি ঘরের কি কোটার কোন প্রকারের সকল আবর্জ্জনা ও ওঁচলা ও রাবিশ যাহাতে রাখিয়া সময়েং স্থানান্তর করা যাইবে এমত কোন স্থান কিম্বা স্থায়ী কি অস্থায়ী আধার এবং ঐ আবর্জ্জনা প্রভৃতি স্থানান্তর করিবার ও স্থান পরিপাটী রাখিবার জন্যে যে সকল গোরু ও গাড়ী ও যন্ত্রের আবশ্যক হয় কান্টনমেন্ট কমিটীর অনুমোদনক্রমে কান্টনমেন্ট মাজিষ্ট্রেট সাহেব তাহার থাকিবার স্থান নিরূপণ করিবেন।

[বাটীর স্বামী পাইখানা ও জঞ্জালের আধার না করিলে তাহার কথা।]

১৩। যদি কোন ঘরের কি কোটার কি বাটীর স্বামী এক কি অধিক পাইখানা প্রস্তুত না করেন এবং এই বিধির নির্দ্দিষ্টমতে জঞ্জাল ও মল ও ওঁচলা কিঞ্চিৎকাল রাখিবার আধার প্রস্তুত না করেন, তবে কান্টনমেন্ট মাজিষ্ট্রেট সাহেব ঐ স্বামির অর্থব্যয়ে ঐ পাইখানা কি আধার প্রস্তুত করাইয়া দিতে পারিবেন ও তাহার অস্থাবর দ্রব্য ক্রোক ও বিক্রয় করিয়া ঐ খরচ আদায় করিতে পারিবেন।

[কান্টনমেন্ট ফণ্ডের খরচে যে সারাদি স্থানান্তর করা যায় তাহা রাজকীয় সম্পত্তি জ্ঞান হইবার কথা।]

১৪। কান্টনমেন্ট ফণ্ডের খরচে যে সকল মল ও রাবিশ ও ময়লা জল ও সার স্থানান্তর করা যায় তাহা রাজকীয় সম্পত্তির মধ্যে গণ্য হইবে ও তাহা বিক্রয় করিয়া যে টাকা পাওয়া যায় তাহা কান্টনমেন্ট ফণ্ডের হিসাবে জমা হইবে।

[গোবীজ আধানের উৎসাহদানের কথা।]

১৫। সৈন্যাবাসস্থান নিবাসিদের মধ্যে টীকা দেওন কার্য্যের উৎসাহ দানার্থ কান্টনমেন্ট কমিটী স্থানীয় গবর্ণমেন্টের অনুমোদনক্রমে যে উপায় উপযুক্ত বোধ করেন তাহা করিবেন।

[সঞ্চারক কি স্পর্শাক্রামক রোগ প্রকাশ হইলে তাহার কথা।]

১৬। কোন সঞ্চারক কি স্পর্শাক্রামক যে রোগদ্বারা সাধারণের স্বাস্থ্যের ক্ষতি হইতে পারে তাহা প্রকাশ

to make known without delay to the Cantonment Magistrate, for the information of the Cantonment Committee, the appearance of any epidemic or contagious disease which may be dangerous to the public health.

[No general destruction of trees to be allowed.]

17. No order shall be given in the Cantonment for any general destruction of trees, on the ground of any sanitary advantages which it is supposed will follow therefrom, without the approval of the Commander-in-Chief. But this rule will not prevent the trimming, to a moderate and reasonable extent, of trees and hedges, or the removal of particular trees or portions of trees, when this is considered necessary by the Cantonment Committee.

[Public latrines and urinals to be provided.]

18. The Cantonment Committee shall cause a sufficient number of public latrines and urinals to be constructed for the use of the Native Troops, Camp-followers, and inhabitants of the Cantonment, according to such plans as may be approved by the local Government, and shall take the necessary measures for ensuring the maintenance at all times of such places in a proper state of cleanliness. Unless for special reasons, no payment shall be demanded from any person making use of a public latrine or urinal.

[Licenses to construct public latrines, &c.]

19. The Cantonment Magistrate, with the approval of the Cantonment Committee, may grant, under any conditions which the Committee prescribe a license to any person to construct a latrine or urinal for public use within the limits of the Cantonment, subject to the rules laid down in the last preceding paragraph.

[Places may be set apart for supply of drinking-water, for bathing, &c.]

20. The Cantonment Magistrate, with the approval of the Cantonment Committee, may set apart any place on the bank of any river, or any tanks, reservoirs, or wells, within the limits of the Cantonment, not being private property for the purpose of being used for the supply of drinking-water, or for the inhabitants to bathe in, or for washing animals or clothes, or for any other purpose connected with the health, cleanliness, or comfort of the inhabitants, and the Committee may make rules for regulating all matters connected with the use of water for such purposes, and for regulating the time and places of bathing for persons of each sex, making due allowance for the habits and customs of the country.

হইলেই সৈন্যাবাস স্থান নিবাসি সকল চিকিৎসকের ও সকল ব্যক্তির কর্ত্তব্য যে কান্টনমেন্ট কমিটীতে জানাইবার নিমিত্তে কান্টনমেন্ট মাজিষ্ট্রেট সাহেবকে সেই কথা অবিলম্বে জ্ঞাত করেন।

[বিস্তারিতরূপে বৃক্ষ নষ্ট করিবার অনুমতি না হইবার কথা।]

১৭। প্রধান সেনাপতি সাহেব অনুমোদন না করিলে স্বাস্থ্যজনক কোন ফল উৎপাদনের আশয়ে সৈন্যাবাসস্থানের মধ্যে বিস্তারিতরূপে বৃক্ষ বিনাশের আজ্ঞা দেওয়া যাইবে না। কিন্তু কান্টনমেন্ট কমিটী যখন আবশ্যক বোধ করেন তখন উপযুক্ত ও যুক্তিসিদ্ধমতে গাছ ও বেড়া মুড়িয়া দিবার কিম্বা বিশেষ বৃক্ষ কি বৃক্ষের বিশেষ অংশ নষ্ট করিবার আজ্ঞা করিতে পারিবেন এই বিধিতে তাহার বাধা হইবে না।

[সাধারণের পাইখানা ও মূত্রকুণ্ড করিবার কথা।]

১৮। স্থানীয় গবর্ণমেন্ট যে আলেখ্য অনুমোদন করেন কান্টনমেন্ট কমিটী সেই আলেখ্যানুসারে সিপাহীদের ও পল্টনের অনুগামিলোকদের ও সৈন্যাবাসস্থান নিবাসিদের ব্যবহারের জন্যে যত পাইখানা ও মূত্রকুণ্ড আবশ্যক হয় তত প্রস্তুত করাইয়া তাহা সর্ব্বদাই পরিষ্কারভাবে রাখিবার প্রয়োজনমত উপায় করিবেন। যাহারা রাজকীয় পায়খানা কি মূত্রকুণ্ড ব্যবহার করে তাঁহাদের স্থানে কেবল বিশেষ হেতুতে পয়সা লওয়া যাইবে নতুবা নয়।

[রাজকীয় পাইখানা প্রভৃতি প্রস্তুত করিবার অনুমতি পত্রের কথা।]

১৯। কান্টনমেন্ট কমিটীর অনুমতি প্রাপ্ত হইলে কান্টনমেন্ট মাজিষ্ট্রেট সাহেব কান্টনমেন্ট কমিটীর অবধারিত কোন নিয়মানুসারে সৈন্যাবাসস্থানের সীমার মধ্যে কোন ব্যক্তিকে সাধারণের ব্যবহারার্থ পাইখানা কি মূত্রকুণ্ড প্রস্তুত করাইবার অনুমতি দিতে পারিবেন। কিন্তু ইহার পূর্ব্ব দফাতে যে বিধি আছে সেই বিধি পালন করিতে হইবে।

[খাইবার জল ও স্নানাদি করিবার স্থান নিরূপণ করিতে পারিবার কথা]

২০। কান্টনমেন্ট মাজিষ্ট্রেট সাহেব কান্টনমেন্ট কমিটীর অনুমোদনক্রমে লোকদের খাইবার জলের নিমিত্তে কিম্বা স্নান করিবার কি পশুদিগকে নাওয়াইবার কি কাপড় কাচাইবার কিম্বা নিবাসিদের স্বাস্থ্য ও পরিষ্কৃততা ও স্বচ্ছন্দতা সংক্রান্ত কোন কার্য্যের নিমিত্তে কোন নদীতীরস্থ কোন স্থান কিম্বা সাধারণ লোকের সম্পত্তিভিন্ন সৈন্যাবাস স্থানের সীমার অন্তর্গত কোন পুষ্করিণী কি জলাশয় কি কূপ নিরূপণ করিতে পারিবেন, এবং সেই কার্য্যের নিমিত্তে যে জলের ব্যবহার হয় কমিটী দেশীয় লোকদের রীতি ও আচারের প্রতি বিহিতমতে লক্ষ্য করিয়া তৎসংক্রান্ত সকল বিষয়ের বিধান করিবেন এবং পুরুষদের ও স্ত্রীদের স্নান করিবার সময়ের ও স্থানের বিধান করিবেন।

[Construction of public slaughter-houses and markets.]

21. The Cantonment Committee shall whenever it appear necessary, cause to be constructed, in accordance with such plans as, may be approved by the local Government, slaughter-houses and markets for the use of the inhabitants of the Cantonment, or may grant, under any conditions which the said Committee may prescribe, a license to any person to construct such slaughter-houses and markets, and may prohibit the slaughter of any animals for public sale in any places in which, in the opinion of the said Committee, such slaughter is objectionable, and shall take all necessary measures and lay down all necessary rules for maintaining at all times all slaughter-houses and markets in a proper state of cleanliness.

[Inspection and seizure of unwholesome food and drink.]

22. The Cantonment Magistrate and any Officers duly empowered by him may, at all reasonable times, with or without assistants, enter into and inspect any market, building, shop, stall, or place used for the sale of food or drink for man, or as a slaughter-house, and may examine any food or drink or any animal which may be therein, and in case any food or drink or animal appear to be intended for the food of man and to be unfit for such food may seize the same, and if it appear to the Cantonment Magistrate, upon sufficient evidence, that such food or drink or animal is unfit for the food of man, he shall order the same to be destroyed, or to be so disposed of as to prevent its being exposed for sale or used for such food. Such arrangements shall be made by the Cantonment Magistrate and by the Cantonment Committee as will ensure a constant and vigilant inspection of all food and drink sold or offered for sale within the limits of the Cantonment.

[Burial and burning-grounds.]

23. The Cantonment Magistrate, with the sanction of the Cantonment Committee, and with the approval of the local Government, but not otherwise, may prohibit the use of any place within the limits of the Cantonment as a burial or burning ground, or, with such sanction and approval, may provide fitting places to be used for such purposes.

[Unwholesome tanks, excavations, &c., to be filled up.]

24. If it appear to the Cantonment Committee that any private tank or hole, or excavation, or low marshy ground or any waste or stagnant water

[রাজকীয় কশাইখানা ও বাজার প্রস্তুত করাইবার কথা।]

২১। কান্টনমেন্ট কমিটী যখন আবশ্যক বোধ করেন তখন সৈন্যাবাসস্থান নিবাসিদের ব্যবহারার্থে কশাইখানা ও বাজার প্রস্তুত করাইবেন। স্থানীয় গবর্ণমেন্ট যে আলেখ্যের অনুমোদন করেন তদনুসারে তাহা প্রস্তুত করা যাইবে। অথবা উক্ত কমিটী যে নিয়ম নির্দ্ধারণ করেন তদনুসারে কোন ব্যক্তিকে তদ্রূপ কশাইখানা ও বাজার প্রস্তুত করিবার অনুমতিপত্র দিতে পারিবেন। এবং সাধারণ লোকদের নিকটে বিক্রয় করিবার জন্যে যে পশুকে মারা যায় উক্ত কমিটীর বিবেচনায় সেই পশু মারিবার যে স্থান অনুপযুক্ত সেই স্থানে তাহা মারিতে নিষেধ করিতে পারিবেন এবং সকল কশাইখানা ও বাজার সর্ব্বদা উপযুক্তমতে পরিষ্কার থাকে ইহার যে উপায় প্রয়োজন ও যে বিধি আবশ্যক তাহাই করিবেন।

[পীড়াজনক আহারীয় ও পানীয় দ্রব্য দৃষ্টি করিয়া কাড়িয়া লইবার কথা।]

২২। কান্টনমেন্ট মাজিষ্ট্রেট সাহেব এবং তাহার স্থানে উপযুক্ত ক্ষমতাপ্রাপ্ত কোন কার্য্যকারক সহায়-সহকারে কি তদ্ভিন্ন উপযুক্ত সকল সময়ে কোন বাজারে কি ঘরে প্রবেশ করিয়া মনুষ্যদের আহারীয় কি পানীয় দ্রব্য বিক্রয়ার্থে যে দোকানের কি মাঁচার কি স্থানের ব্যবহার হয় কিম্বা কশাইখানাস্বরূপে যে স্থানের ব্যবহার হয় তাহা দৃষ্টি করিতে পারিবেন এবং তাহাতে যে আহারীয় ও পানীয় দ্রব্য ও যে পশু থাকে তাহা পরীক্ষা করিতে পারিবেন, এবং আহারীয় ও পানীয় যে দ্রব্য ও যে পশু মনুষ্যের আহারের অভিপ্রায়ার্থে বোধ হয় তাহা যদি আহারের অনুপযুক্ত দৃষ্ট হয় তবে তাহা কাড়িয়া লইতে পারিবেন এবং সেই আহারীয় কি পানীয় দ্রব্য কি সেই পশু মনুষ্যের আহারের উপযুক্ত নয় কান্টনমেন্ট মাজিষ্ট্রেট সাহেব পর্য্যাপ্ত প্রমাণক্রমে এমত জ্ঞান করিলে তাহা নষ্ট করিবার আজ্ঞা করিতে পারিবেন কিম্বা বিক্রয়ার্থে প্রকাশ না হয় কি আহারার্থে ব্যবহার না হয় এমত সদুপায় করিবেন। সৈন্যাবাসস্থানের সীমার মধ্যে আহারীয় ও পানীয় যে সকল দ্রব্য বিক্রয় করা যায় কি বিক্রয়ার্থে প্রকাশ করা যায় কান্টনমেন্ট মাজিষ্ট্রেট সাহেব এবং কান্টনমেন্ট কমিটী সর্ব্বদাই সতর্কভাবে তাহার পরিদর্শন করিবার সুনিয়ম করিবেন।

[সমাধিস্থান ও শ্মশানের কথা।]

২৩। কান্টনমেন্ট মাজিষ্ট্রেট সাহেব কান্টনমেন্ট কমিটীর অনুমতি এবং স্থানীয় গবর্ণমেন্টের অনুমোদনক্রমে সৈন্যাবাসস্থানের সীমার মধ্যে কোন স্থান সমাধিস্থানের কি শ্মশানের ন্যায় ব্যবহার হইবার নিষেধ করিতে পারিবেন, এবং সেই কার্য্যের নিমিত্তে উপযুক্ত স্থান নিরূপণ করিতে পারিবেন। কিন্তু কমিটীর অনুমতি ও গবর্ণমেন্টের অনুমোদন ভিন্ন পারিবেন না।

[পীড়াজনক পুষ্করিণী ও ডোবা প্রভৃতি বুজাইয়া দিবার কথা।]

২৪। সৈন্যাবাসস্থানের সীমার অন্তর্গত সাধারণ কোন ব্যক্তির ভূমির মধ্যে কোন পুষ্করিণী কি গর্ত্ত কি ডোবা কি নিম্ন জলা ভূমি কিম্বা অকর্ম্মণ্য কি বদ্ধ

being within any private enclosure within the limits of the Cantonment, is injurious to health, or offensive to the neighbourhood, the Cantonment Magistrate may require, by notice in writing, the owner of the said premises to cleanse or fill up such tank or hole, or excavation, or to drain off and remove such stagnant water; and if the owner fail to comply with the requisition within such time as shall be specified in the said notice, the Cantonment Magistrate may cause the necessary work to be executed at the expense of the person upon whom the notice was served, and may realize such expenses by distress and sale of the personal property of the person aforesaid. Provided that if the work required be so extensive that, in the opinion of the Cantonment Committee, it is unreasonable to throw the whole expense upon the owner or occupier, a portion or the whole of the expense may be defrayed from the Cantonment Fund.

[Drain bridges to be made.]

25. When paths or roads specially leading to any private estate or premises shall cross any line of drainage, the Cantonment Magistrate, with the sanction of the Cantonment Committee, may call upon the owner of such estate or premises to provide, within a reasonable time, proper drain bridges, on designs approved by the Executive Engineer, and if the person to whom notice is so given, fail to comply therewith within such time as shall be specified in the said notice, the Cantonment Magistrate may, subject to the proviso in the last preceding paragraph, cause such drain bridges to be constructed at the expense of the person upon whom the notice was served, and may realize such expenses by distress and sale of the personal property of the person aforesaid.

[Height of boundary walls and fences to be regulated.]

26. The Officer Commanding the Cantonment, or, with the sanction of the Cantonment Committee, the Cantonment Magistrate may order that the boundary walls, hedges or fences of estates and premises in any part of the Cantonment shall not exceed a certain specified height, and if the owner or occupier of such estate or premises neglect, after due dotice has been given him, to carry out such order, the Cantonment Magistrate may order the necessary work to be performed at the expense of such owner or occupier, and may realize such expenses by distress and sale of his personal property.

[Buildings may be set back.]

27. When any building projecting beyond the regular limit of a public street has been taken down for repair, the Cantonment Magistrate,

জল প্রতিবাসিদের স্বাস্থ্যের বিঘ্নজনক কি অনিষ্ট-জনক কান্টনমেন্ট কমিটী ইহা দৃষ্টি করিলে কান্টন-মেন্ট মাজিষ্ট্রেট সাহেব ঐ ভূমির স্বামির নিকটে জ্ঞাপনপত্র লিখিয়া তাঁহাকে সেই পুকুর কি ডোবা কি গর্ত্ত পরিষ্কার করিতে কিম্বা বুজাইয়া দিতে ও সেই বদ্ধ জল সেঁচিয়া ফেলিতে ও স্থানান্তর করিতে আজ্ঞা করিতে পারিবেন। ঐ জ্ঞাপনপত্রে যে সময় নির্দ্দিষ্ট হইয়াছে যদি স্বামী সেই সময়ের মধ্যে ঐ আজ্ঞামতে কর্ম্ম না করেন, তবে যাঁহার নামে ঐ জ্ঞাপনপত্র দে-ওয়া গিয়াছিল কান্টনমেন্ট মাজিষ্ট্রেট সাহেব তাঁ-হার খরচে সেই কর্ম্ম সম্পাদন করাইবেন এবং সেই ব্যক্তির অস্থাবর সম্পত্তি ক্রোক ও বিক্রয় করণদ্বারা ঐ খরচ আদায় করিতে পারিবেন। কিন্তু যে কর্ম্ম করি-বার আজ্ঞা হয় কান্টনমেন্ট কমিটীর বিবেচনায় যদি অতি বিস্তারিত হওয়াপ্রযুক্ত সমুদয় খরচের ভার স্বামির কি অধিকারির উপর দেওয়া অবিহিত হয় তবে কান্টনমেন্ট ফণ্ডহইতে সেই খরচের একাংশ অথবা সমুদয় দেওয়া যাইতে পারিবে।

[নর্দ্দমার উপর সাঁকো করিবার কথা]

১৮৬৭ সাল ২২ মে।

কাছাড়ে পোলীসের একটিং ডিষ্ট্রিক্ট সুপরিন্টেণ্ডেণ্ট শ্রীযুত এম বি রচফোর্ট সাহেব ভারতবর্ষের পক্ষে মহিমবর শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেবের ১৮৬৫ সালের নবেম্বর মাসের ৮ তারিখের আজ্ঞাক্রমে গত মাসের ২৬ তারিখ অবধি দুই মাসের ছুটী পাইয়াছেন।

NOTIFICATION.

The 28th May 1867.

Captain A. E. Campbell, Deputy Commissioner of Gowalparah, having reported on the 23rd instant, his departure from India per Steam-ship *Nubia*, the unexpired portion of the leave granted to him, under orders of the 3rd idem, is cancelled.

বিজ্ঞাপন।

১৮৬৭ সাল ২৮ মে।

গোয়ালপাড়ার ডেপুটী কমিস্যনর কাপ্তান শ্রীযুত এ ই কাম্বেল সাহেব বর্ত্তমান মাসের ২৩ তারিখে নুবিয়া নামক ষ্টিমর্‌জাহাজে ভারতবর্ষহইতে তাহার গমনের রিপোর্ট করেন অতএব ঐ মাসের ৩ তারিখের আজ্ঞামতে তাঁহাকে যে ছুটী দেওয়া যায় তাহার অবশিষ্ট কাল রহিত হইল।

NOTIFICATIONS.

The 23rd May 1867.

It is hereby notified that the Small Cause Court at Comercolly will be abolished from the 1st June 1867, and its territorial jurisdiction added to that of the Small Cause Court at Pubna.

It is also notified that the Small Cause Court at Nattore will be abolished from the same date, and the class of cases hitherto tried by this Court

বিজ্ঞাপন

১৮৬৭ সাল ২৩ মে।

ইহাতে সংবাদ দেওয়া যাইতেছে যে নওয়াখালিতে ক্ষুদ্র মোকদ্দমার যে আদালত আছে তাহা ১৮৬৭ সালের জুন মাসের ১ তারিখ অবধি উঠাইয়া দেওয়া যাইবে ও সেই আদালতের ক্ষমতাধীন স্থান পাবনার ক্ষুদ্র মোকদ্দমার আদালতের অধীন করা যাইবে।

আরো সংবাদ দেওয়া যাইতেছে যে ক্ষুদ্র মোকদ্দমার যে আদালত নাটোরে আছে তাহাও উক্ত তারিখ অবধি উঠাইয়া দেওয়া যাইবে এবং ঐ আদালতে যে

will thenceforth be adjudicated by the Ordinary Civil Courts having jurisdiction.

মোকদ্দমার বিচার হইত তাহা সাধারণ যে দেওয়ানী আদালতের বিচারাধিপত্যের মধ্যে পড়ে সেই আদালতে বিচার হইবে।

H. L. DAMPIER,
Offg. Secy. to the Govt. of Bengal.

এচ এল ডাম্পিয়র,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটারী

ORDERS OF THE HIGH COURT OF JUDICATURE AT FORT WILLIAM IN BENGAL.

বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর হাইকোর্টের আজ্ঞা।

APPOINTMENT.

নিয়োগ।

The 30th May 1867.

১৮৬৭ সাল ৩০ মে।

Baboo Ughorenath Ghose to be Moonsiff of Hurripal, Zillah Hooghly, from the 29th December instead of from the 28th March last, as notified on the latter date.

শ্রীযুত বাবু অঘোরনাথ ঘোষ মার্চ মাসের ২৮ তারিখ অবধি জিলা হুগলীর অন্তর্গত হরিপালের মুনসেফ হইবেন। এই যে নিয়োগ উক্ত তারিখে প্রকাশ হইয়াছিল তাহা না হইয়া ডিসেম্বর মাসের ২৯ তারিখ অবধি প্রবল হইবে।

LEAVE OF ABSENCE.

The 28th May 1867.

১৮৬৭ সাল ২৮ মে।

Mr. W. Cardozo, Moonsiff of Katigorah, in Cachar, for one month, wthout pay, in extension of that granted on the 23rd March last.

কাছাড়ের অন্তর্গত কাটিগোড়ার মুনসেফ শ্রীযুত ডবলিউ কারডোজো সাহেব গত মার্চ মাসের ২৩ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত বিনা বেতনে এক মাসের ছুটী পাইয়াছেন।

The 31st May 1867.

১৮৬৭ সাল ৩১ মে।

Baboo Chunder Coomar Mitter, Moonsiff of Kishengunge, Zillah Rungpore, for one month, under paragraph 16 of the Uncovenanted Absentee Rules.

জিলা রঙ্গপুরের অন্তর্গত কৃষ্ণগঞ্জের মুনসেফ শ্রীযুত বাবু চন্দ্রকুমার মিত্র অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৬ ধারামতে এক মাসের ছুটী পাইয়াছেন।

L. R. TOTTENHAM,
Registrar.

এল আর টটন্‌হাম,
রেজিষ্ট্রার।

GOVERNMENT ADVERTISEMENTS. গবর্ণমেণ্টের ইশ্‌তিহার।

LAND ADVERTISEMENTS. ভূমিবিষয়ক ইশ্‌তিহার

জিলা মেদিনীপুর।

ইস্তাহারনামা কাছারি কালেক্টরী জেলা মেদিনীপুর।

সন ১৮৫৯ সালের ১১ আইনের ৬ দফার মর্ম্মানুযায়ি প্রকাশ করা যাইতেছে যে জেলা মেদিনীপুরের সংক্রান্ত নিম্নলিখিত মহাল সকল সন ১৮৬৭ সালের ২৮ মার্চের পাওনা বাকী রাজস্ব আদায় কারণ সন ১৮৬৭ সালের ৬ জুন মোং বাঙ্গলা সন ১২৭৪ সালের ২৪ জ্যৈষ্ঠ মোতাবক আমলি সন ১২৭৪ সালের ২৫ জ্যৈষ্ঠ বৃহস্পতিবার জেলা মেদিনীপুরের কালেক্টরি কাছারিতে নীলামে ধরা যাইবেক ও বিনা বাধায় নীলামে বিক্রয় হইবেক ইতি সন ১৮৬৭ সাল ১৩ মেই।

প্রথম শ্রেণী চিরবন্দবস্তী মহাল।

তৌজীর নম্বর	নাম মহাল	নাম তালুকদার	সদর জমা	কৈঃ
৬১১	মহাল ভাবোনপুর ওঃ বাড় ভাবোনপুর পং তুরুআমুটা।	শ্রীমতী ভুবনমোহিনী দাসী	১০১৩৷৵৫	নিজ মহালের বাকী রাজস্ব
২১৫৮	মহাল বোরনাম পং শবঙ্গ।	মাণিকরাম মজুমদার আত্মারাম মজুমদার ভক্তরাম মজুমদার, মুক্তারাম মজুমদার, রাজীবলোচন মজুমদার, কালীপ্রসাদ মজুমদার, পঞ্চানন্দ মজুমদার, শ্রীমতী বিরাজমোহিনী নাবালিগা, রামদেব বাকুড়া, ভরতচরণ বাকুড়া, তারাপ্রসাদ দে, শিবনারায়ণ দে, দীনবন্ধু দে, নাবালগ পেদর ও মহাফেজ ঘাশীরাম দে, রামকৃষ্ণ দে, পদ্মলোচন ভুঞা, শীতলপ্রসাদ ঘোষ।	১৫১৫৸৵১০	এহার মধ্যে বাদ ১০ দফামতে পৃথক্‌ হিসাব হওয়া হিস্যা তারাপ্রসাদ দে, শিবনারায়ণ দে, দীনবন্ধু দে, নাবালগ পেদর ও মহাফেজ ঘাশীরাম দে, তস্কীশ ৫৯৭৷০ বাদ ১১ দফামতে পৃথক্‌ হিসাব হওয়া হিস্যা রামকৃষ্ণ দে তস্কীশ ১৮৫৲১০ বাদ এজমালি হিস্যা মাণিকরাম মজুমদার আত্মারাম মজুমদার, ভক্তরাম মজুমদার মুক্তারাম মজুমদার, রাজীবলোচন মজুমদার কালীপ্রসাদ মজুমদার, পঞ্চানন্দ মজুমদার, শ্রীমতী বিরাজমোহিনী নাবালিগা, রামদেব বাকুড়া, ভরতচরণ বাকুড়া পদ্মলোচন ভুঞা, তস্কীশ ৬৯৫৶০ ১১ দফামতে পৃথক্‌ হিসাব হওয়া শীতলপ্রসাদ ঘোষের হিস্যা নিজ হিস্যার বাকী রাজস্ব আদায় কারণ নীলাম হইবেক, তস্কীশ ২১৯৷৹

W. J. HERSCHEL,
Collector.

TO BE PEREMPTORILY SOLD, pursuant to a Decree of the High Court of Judicature at Fort William in Bengal, in its Ordinary Original Civil Jurisdiction, made in a certain suit wherein Anundendirnarain Roy, Soondernarain Roy, Rajah Goluckinderunarain Roy, and Ranee Annodamoney Dossee, are the plaintiffs, and Rajah Pertab Chunder Singh Bahadoor is defendant, on and bearing date the 6th day of June 1865, by the Registrar of the said Court at the Town Hall, on Saturday, the 29th day of June 1867, at the hour of 12 o'clock noon, the following properties *viz* :—

LOT No. 1.—All that Talook called Gourango Chuck, situate in Pergunnah Soojamootee, in the Zillah of Midnapore, and numbered 2058 in the Touzee of the Collectorate of the said Zillah of Midnapore, the annual Sudder Jumma or Government Revenue of which is Rupees 1,062-2-4 gundahs, and which said Talook consists of three Mouzahs and Villages, *viz*, Puschim Chuck, &c.

LOT No. 1 (A).—All Purchased, Burmutter, Debutter, Peerutter Fuckeerutter, Aymah, and Mohottran lands belonging to the above lot.

LOT No. 2.—All that Talook called Doorga Chuck, situate in Pergunnah Soojamootte aforesaid, and No. 2098 in the Touzee of the said Collectorate, the annual Sudder Jumma or Government Revenue of which is Rupees 1,037-12-1 gundahs and 2 cowries, and which said Talook consists of four Mouzahs and Villages, *viz.*, Kheerish Baree, &c.

LOT No. 2 (A.)—All Purchased, Burmutter, Debutter, Peerutter, Fuckeerutter, Aymah, and Mohottran lands belonging to the above lot.

LOT No. 3.—All that Talook called Basoobe Chuch, situate in Pergunnah Soojamoottee aforesaid, and No. 2090 in the Touzee of the said Collectorate, the annual Sudder Jumma or Government Revenue of which is Rupees 654-12-8, and which Talook consists of five Mouzahs and Villages, *viz.*, Kheerish Baree, &c.

LOT No. 3 (A).—All Purchased, Burmutter, Debutter, Fuckeerutter, Aymah, and Mohottran lands belonging to the above lot.

LOT No. 4.—All that Talook called Shama Chuck, situated in Pergunnah Soojamootee aforesaid, and No. 2091 in the Touzee of the said Collectorate, the annual Sudder Jumma or Government Revenue of which is Rupees 608-13-8 gundahs, and which Talook contains four Mouzahs and Villages, *viz*, Gurbarree, &c.

LOT No. 4 (A).—All Purchased, Burmutter, Debutter, Fuckeerutter, Aymah, and Mohottran lands belonging to the above lot.

(গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৭। ৫ জুন।)

এই বিজ্ঞাপন পত্রদ্বারা সর্ব্বসাধারণকে সমাচার দেওয়া যাইতেছে যে মোকদ্দমার আনন্দ ইন্দ্রনারায়ণ রায় সুন্দরনারায়ণ রায় রাজা গোলোক ইন্দ্রনারায়ণ রায় এবং রাণী অন্নদাময়ী দাসী বাদী এবং রাজা প্রতাপচন্দ্র সিংহ বাহাদুর প্রতিবাদী সেই মোকদ্দমা বিষয়ে সুবে বাঙ্গালার অন্তঃপাতি ফোর্ট উলিয়ম দুর্গের অধীনস্থ হাই কোর্ট আদালতের অর্ডিনারি অরিজিনেল সিবিল জুরিশ্‌ডিকশন অর্থাৎ দেওয়ানি মোকদ্দমার প্রথম বিচার স্থলে ১৮৬৫ সালের ৬ জুন তারিখে যে ডিক্রী হইয়াছে সেই ডিক্রী অনুসারে উল্লিখিত হাই কোর্টের রেজিষ্ট্রার সাহেব সন ১৮৬৭ সালের ২৯ জুন তারিখে শনিবার বেলা দুই প্রহরের সময় টাউন হাল নামক বাটীতে নিম্নলিখিত সম্পত্তি বিক্রয় করিবেন যথা।

১ নং লাট জেলা মেদিনীপুর অন্তঃপাতি শুজামুটী পরগনাস্থিত তালুক গৌরাঙ্গচক উক্ত জেলা মেদিনীপুরের কালেক্টরির তৌজিভুক্ত ২০৫৮ নং যাহার বার্ষিক সদর জমা অর্থাৎ গবর্ণমেণ্টের খাজানা হয় তঙ্কা ১০৬২/৪ গণ্ডা এই তালুকে তিনটি মৌজা ও গ্রাম আছে যথা পশ্চিম চক ইত্যাদি।

১ নং A নং লাট উপরোক্ত লাটের অন্তর্গত ক্রয় করা ব্রহ্মোত্তর দেবোত্তর পিরোত্তর ফকীরোত্তর আয়মা এবং মহত্রাণ জমী।

২। নং লাট উক্ত শুজামুটী পরগনাস্থিত উক্ত কালেক্টরির তৌজিভুক্ত যাহার বার্ষিক সদর জমা অর্থাৎ গবর্ণমেণ্টের খাজানা হয় তঙ্কা ১০৩৭৸১॥ কড়া এই তালুকে ৪ টী মৌজা ও গ্রাম আছে যথা খিরিস বাড়ি দিং।

২। A নং লাট উপরোক্ত লাটের অন্তর্গত ক্রয়করা ব্রহ্মোত্তর দেবোত্তর পিরোত্তর ফকীরোত্তর আয়মা এবং মহত্রাণ জমী।

৩ নং লাট শুজামুটী পরগনাস্থিত উপরোক্ত কালেক্টরির তৌজিভুক্ত ২০৯০ নং তালুক বাশলীচক যাহার বার্ষিক সদর জমা অর্থাৎ গবর্ণমেণ্টের খাজানা হয় তঙ্কা ৬৫৪৸৮ গণ্ডা এই তালুক ৫ টী মৌজা ও গ্রাম আছে যথা খিরিস বাড়ি দিং।

৩। A নং লাট উপরোক্ত লাটের অন্তর্গত খরিদা ব্রহ্মোত্তর ফকীরোত্তর আয়মা এবং মহত্রাণ জমী।

৪ নং লাট উক্ত শুজামুটী পরগনাস্থিত উপরোক্ত কালেক্টরির তৌজিভুক্ত ২০৯১ নং তালুক শামাচক যাহার বার্ষিক সদর জমা অর্থাৎ গবর্ণমেণ্টের খাজানা হয় তঙ্কা ৬০৮৸/৩ গণ্ডা এই তালুকে চারটী মৌজা গ্রাম আছে যথা গড়বাড়ি দিং।

৪। A লাট উপরোক্ত লাটের অন্তর্গত খরিদা ব্রহ্মোত্তর দেবোত্তর ফকীরোত্তর আয়মা এবং মহত্রাণ জমী।

Lot No. 5.—All that Talook called Radapore, situate in Pergunnah Soojamootee aforesaid, and numbered 2,620 in the Touzee of the said Collectorate, the annual Sudder Jumma or Government Revenue of which is Rupee 607-0-9 gundahs and 2 cowries, which Talook contains ten Mouzahs and Villages, *viz.*, Beebesunpore, &c.

৫ নং। লাট উক্ত শুজামুটী পরগণাস্থিত উপরোক্ত কালেক্টরির তৌজিভুক্ত ২৬২০ নং তালুক রাধাপুর যাহার বার্ষিক সদর জমা অর্থাৎ গবর্ণমেণ্টের খাজানা হয় তঙ্কা ৬০৭১৯৷ কড় এই তালুকে ১০ টী মৌজা ও গ্রাম আছে যথা বিবীষণপুর দিং।

Lot No. 5 (A).—All Purchased, Burmutter, Debutter, Peerutter, Fuckeerutter, Aymah, and Mohottran lands belonging to the above lot.

৫। A নং। লাট উপরোক্ত লাটের অন্তর্গত খরিদা ব্রহ্মোত্তর দেবোত্তর ফকীরোত্তর আয়মা এবং মহত্রাণ জমা।

Lot No. 6 (A).—All that Talook called Kismut Rajcool, situate in Pergunnah Soojamootee aforesaid, and No. 1710 in the Touzee of the said Collectorate, the annual Sudder Jumma or Government Revenue of which is Rupees 3 361-6-8 gundahs, and which Talook consists of eight Mouzahs and Villages, *viz.*, Gurbarree, &c.

৬ নং লাট উক্ত শুজামুটী পরগণাস্থিত উপরোক্ত কালেক্টরির তৌজিভুক্ত ১৭১০ নং তালুক কিসমত রাজকুল যাহার বার্ষিক সদর জমা অর্থাৎ গবর্ণমেণ্টের খাজানা হয় তঙ্কা ৩৩৬১৶৴৮ গণ্ডা এই তালুকে ৮ টী মৌজা ও গ্রাম আছে যথা গড়বাড়ি দিং।

Lot No. 6 (A).—All Purchased, Burmutter, Debutter, Peerutter, Fuckeerutter, Aymah, and Mohottran lands belonging to the above lot.

৬। A নং লাট উপরোক্ত লাটের অন্তর্গত খরিদা ব্রহ্মোত্তর ফকীরোত্তর আয়মা ও মহত্রাণ জমা।

Lot No. 7.—All that Talook called Mehal Rajcool, Chacklah, Hidgellee, situate in Pergunnah Soojamootee aforesaid, and No. 1709 in the Touzee of the said Collectorate, the annual Sudder Jumma or Government Revenue of which is Rupees 37,150-15-8 gundahs, and which Talook contains sixty-eight Mouzahs and Villages, *viz.*, Beebesunpore, &c.

৭। নং লাট উক্ত শুজামুটী পরগণাস্থিত কালেক্টরীর তৌজিভুক্ত ১৭০৯ নং তালুক মহাল রাজকুল চাকলা হিজলা যাহার বার্ষিক সদর জমা হয় তঙ্কা ৩৭১৫০৷৶৴৮ গণ্ডা এই তালুকে ৬৮ টী মৌজা ও গ্রাম আছে যথা বিভিশনপুর দিং।

Lot No. 7 (A).—All Purchased, Burmutter, Debutter, Peerutter, Fuckeerutter, Aymah, and Mohottran lands belonging to the above lot.

৭। A নং লাট উপরোক্ত লাটের অন্তর্গত খরিদা ব্রহ্মোত্তর দেবোত্তর ফকীরোত্তর আয়মা এবং মহাত্রাণ জমা।

Lot No. 8.—All that upper-roomed brick-built house and several thatched houses, together with land thereunto belonging, and on part whereof the same is erected and built, containing by estimation 100 biggahs or thereabouts, situate at Kajooleegur Soojamootee, in Pergunnah Soojamootee aforesaid, and which land is surrounded by a Ghur Canal.

৮ নং। লাট উক্ত শুজামুটী পরগনার অন্তঃপাতি কাজুলীগড় শুজামুটীস্থিত যে ইষ্টক নির্ম্মিত দো তলাবাটী এবং অনেক খুড়ুয়া ঘর এবং তৎসম্বলিত ১ খণ্ড জমি যাহার পরিমাণ প্রায় ১০০৲ বিঘা এবং গড় অর্থাৎ খালধারার এই জমী পরিবেষ্টিত আছে।

Lot No. 9.—All that lower-roomed brick-built house called Kacharreebatty, with the piece of land thereunto belonging, and on part whereof the same is built, having several flower trees growing thereon, and having also tank with pucca ghau called Montoolsee Pooskurnee, contain by estimation about 8 biggahs, situate at Kajooleegur Soojamootee aforesaid, and which land is surrounded by a mud wall.

৯ নং। লাট উক্ত কাজুলীগড় শুজামুটীস্থিত কাছারিবাটী নামক যে ইষ্টক নির্ম্মিত একতলা বাটী যার পুষ্পবৃক্ষ ও পুষ্করিণী ও পাকাঘাট এবং তৎসম্বলিত এক খণ্ড জমী যাহার পরিমাণ প্রায় ৮৲ বিঘা এবং এই চতুর্দ্দিকে এক মাটীর দেওয়াল আছে।

Lot No. 10.—All that piece or parcel of garden ground having several trees growing thereon, and which has several thatched houses erected thereon, and in which there is a tank called Deghee Pooskurnee, containing by estimation about 32 biggahs,

১০ নং। লাট উক্ত কাজুলীগড় শুজামুটীস্থিত নানা... মায় বৃক্ষ ও খড়ুয়া ঘর এবং দীঘি পুষ্করিণী নামক এক পুষ্করিণী এবং তৎসম্বলিত ১ খণ্ড জমী যাহার পরিমাণ প্রায় ৩২৲ বিঘা এবং বাগান শুজামুটী নামক এক স্থানস্থিত বৈঠকখানা নামক ইষ্টক নির্ম্মিত এক-

situate at Kajooleegur Soojamootee aforesaid, and also all that lower-roomed brick-built house called Bytuckhannah house, together with the piece of land thereunto belonging, and on part whereof the same is built, containing by estimation 9 cottahs or thereabouts, situate at a place called Bagaun Soojamootee aforesaid.

For further particulars apply at the Office of Messrs. Watkins, Stokoe and Co., Plaintiff's Solicitors, or of Messrs. Swinhoe, Law and Co., Attorneys for the Defendant.

R. BELCHAMBERS,
Registrar.

তলাবাটী এবং তৎসম্বলিত ভুমি এক খণ্ড যাহার পরিমাণ প্রায় ৪ নয় কাঠা।

আর বেলচেম্বার্স।
রেজিষ্ট্রার।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৭। ৪ জুন।]

কলিকাতা বাঙ্গাল সেক্রেটারীয়েট যন্ত্রালয়ে গবর্ণমেণ্টের জন্যে শ্রীযুত এফ জে বার্ণো সাহেবকর্তৃক মুদ্রিত ও প্রকাশিত হইল।

গবর্ণমেণ্ট গেজেটের ক্রোড়পত্র।

TUESDAY, JUNE 4, 1867.

মঙ্গলবার ১৮৬৭ সাল ৪ জুন।

বিজ্ঞাপন।

ইহাতে সংবাদ দেওয়া যাইতেছে যে নিম্ন লিখিত বিক্রয়ের বিজ্ঞাপনে যে সকল মহালের উল্লেখ হইল সে সকল মহালে গবর্ণমেণ্টের যে মালিকী স্বত্ব আছে তাহা নিম্ন লিখিত নিয়মের অধীন হইয়া বিক্রয় হইবে।

বিক্রয়ের নিয়ম।

১।—প্রত্যেক মহাল পার্শ্বের লিখিত নির্দ্দিষ্ট সদর জমার অধীন হইয়া যে ব্যক্তি নীলামে প্রথম ডাকের উপর সর্ব্বাপেক্ষা উচ্চ ডাকিবেক তাহাকে দেওয়া যাইবে।

২।—বর্ত্তমান পাট্টা এবং বন্দোবস্তের কার্য্য কি প্রবল আইনহইতে উৎপন্ন স্বত্ব সকল বিক্রয়ের পরে বহাল থাকিবে। রাজস্বের কার্য্যকারকদিগের কৃত জমাবন্দীতে যেং খোদকস্তা রাইয়ত স্বাক্ষর করিয়াছে ক্রেতারা তাহারদিগের স্বত্ব মানিতে বাধ্য হইবে।

৩।—একশত টাকার অনধিক পণ হইলে সেই সমুদয় টাকা তৎক্ষণাৎ দিতে হইবে।

৪।—একশত টাকার অধিক হইলে ডাক পণের চারি অংশের এক অংশ তৎক্ষণাৎ দাখিল করিতে হইবে বিক্রয়ের দিবস এক দিন বলিয়া গণনা করিলে বিক্রয়ান্তর পঞ্চদশ দিনের মধ্যাহ্ণ কালে, কিম্বা সেই দিবস বন্দের দিন হইলে তৎপরে প্রথম যে দিন কাছারী খোলা যায় সেই দিনের মধ্যাহ্ণ কালে, যদি অবশিষ্ট টাকা দাখিল না হয়, তবে বিক্রয় রহিত ও গচ্ছিত টাকা গবর্ণমেণ্টে জব্দ হইবে, ও প্রথম স্থলীয় বিক্রয়ের ন্যায় পুনর্ব্বার বিজ্ঞাপন প্রকাশ করণপুর্ব্বক ঐ ত্রুটিকারি ক্রেতার ঝুঁকিতে সেই মহাল পুনর্ব্বার বিক্রয় হইবে।

৫।—মহালের উপর যে সামান্য সদর জমা ধার্য্য হইয়াছে ক্রেতারা তদতিরিক্ত রাস্তা প্রস্তুত ও গমনাগমনের সুবিধার নিমিত্ত করও দিতে বাধিত হইবেন। তাঁহারা যে তারিখঅবধি ক্রীত মহাল দখল করেন সেই তারিখঅবধি সদর জমার উপর শতকরা এক টাকার হিসাবে ঐ কর ধার্য্য হইবে। ঐ কর বাকী রাজস্বের ন্যায় আদায় হইতে পারিবে।

রেবিনিউ বোর্ডের আজ্ঞাক্রমে,

আর বি চাপমান,
সেক্রেটরী

নীলামের ইশ্‌তিহার।

জিলা মুরশিদাবাদ।

ইশ্‌তাহারনামা কাছারি কালেক্টরী জেলা মুরশিদাবাদ।

ইহাতে সংবাদ দেওয়া যাইতেছে যে অত্র জেলার মধ্যবর্ত্তি নিম্নের লিখিত খাস মহালের গবর্ণমেণ্টের মালিকী স্বত্ব সন ১৮৬৭ সালের ২৫ জুন মোতাবক সন ১২৭৪ সালের ১২ আষাঢ় মঙ্গলবারে জেলা মুরশিদাবাদের কালেক্টরী কাছারিতে বিক্রয় হইবেক এই মহাল যে ব্যক্তিরা ক্রয় করেন তাঁহারা ক্রোড়পত্রের শিরোভাগে রেবিনিউ বোর্ডের সেক্রেটরী সাহেবের স্বাক্ষরিত বিক্রয়ের নিয়মের অধীনে থাকিবেন ইতি সন ১৮৬৭ সাল তারিখ ৬ মেই মোতাবক সন ১২৭৪ সাল তারিখ ২৪ বৈশাখ।

র জকীর।	তের নম্বর	তৌজীর নম্বর	মাহালের নাম ও পরগনা।	জমির পরিমাণ।	ধার্য্য করা রাজস্ব	জমা। রাস্তার টাকা।	জমা। মোট।	নীলামের প্রথম ডাক।	মন্তব্য
				এঃ রূঃ পঃ					
			১৯৬৪নং খারিজা কালি আইগঞ্জ জঙ্গীপুরের নীচের চর পরগনে গমকর ..	৫।০।১৭	৬৸০	/১	৬৸/১	১৩॥০	

H. Hankey,
Collector.

বাঙ্গাল সেক্রেটারীয়েট যন্ত্রালয়ে শ্রীযুত এফ জে বার্লো সাহেবকর্তৃক মুদ্রিত ও প্রকাশিত হইল।

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, JUNE 11, 1867.

মঙ্গলবার ১৮৬৭ সাল ১১ জুন।

GOVERNMENT OF BENGAL.

Legislative Department.

The following Act of the Lieutenant-Governor of Bengal in Council received the assent of His Honor on the 30th April 1867, and having been assented to by His Excellency the Governor General on the 21st May 1867, is hereby promulgated for general information :—

Act No. IV of 1867.

An Act to explain and amend Act VI of 1862 passed by the Lieutenant-Governor of Bengal in Council, and to give validity to certain judgments.

[Preamble.]

Whereas certain appeals under Act X of 1859 of the Governor General of India in Council, entitled an Act to amend the Law relating to the recovery of rent in the Presidency of Fort William in Bengal, and under Act VI of 1862 passed by the Lieutenant-Governor of Bengal in Council, entitled an Act to amend Act X of 1859, have been referred to Deputy Collectors by Collectors under the belief that power so to refer such appeals is conferred by Section XIX of the said Act VI of 1862, and whereas some of the

বঙ্গদেশের গবর্ণমেণ্ট।

ব্যবস্থাপন কর্ম্মবিভাগ।

মন্ত্রিসভাধিষ্ঠিত বঙ্গদেশের শ্রীযুক্ত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের পশ্চাৎ লিখিত আইনে উক্ত মান্যবর ১৮৬৭ সালের ৩০ আপ্রিল তারিখে স্বীয় সম্মতি প্রকাশ করিলেন। এবং মহিমবর শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবও ১৮৬৭ সালের মে মাসের ২১ তারিখে তদ্বিষয়ে সম্মতি প্রকাশ করাতে তাহা সর্ব্বসাধারণের জ্ঞানার্থে প্রকাশ করা যাইতেছে।

১৮৬৭ সালের ৪ আইন।

মন্ত্রিসভাধিষ্ঠিত বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের প্রচলিত ১৮৬২ সালের ৬ আইনের ব্যাখ্যা ও সংশোধন করিবার এবং কোন২ বিচার সিদ্ধ করিবার আইন।

[হেতুবাদ।]

বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম প্রেসিডেন্সীর মধ্যে খাজানা আদায় করণ বিষয়ক আইন সংশোধন করিবার আইন নামে মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুক্ত গবর্ণর জেনরল সাহেবের ১৮৫৯ সালের ১০ আইনমতে এবং ১৮৫৯ সালের ১০ আইন সংশোধন করিবার আইননামে মন্ত্রিসভাধিষ্ঠিত বঙ্গদেশের শ্রীযুক্ত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের ১৮৬২ সালের ৬ আইনমতে যে আপীল করা যায়, কালেক্টর সাহেবেরা ১৮৬২ সালের উক্ত ৬ আইনের ১৯ ধারামতে ডেপুটী কালেক্টরদের প্রতি সেই আপীলী মোকদ্দমা সমর্পণ করিতে ক্ষমতাপন্ন আছেন বিবেচনায় তাঁহাদের প্রতি অর্পণ

said appeals so referred have been heard and determined by such Deputy Collectors: And whereas certain appeals have been heard and determined by Deputy Collectors placed in charge of Sub-divisions of districts under the belief that they had power to hear and determine such appeals. And whereas it is expedient that the judgments passed by such Deputy Collectors on such appeals should be made valid, and that provision should be made for the more speedy determination of appeals in certain cases; It is hereby declared and enacted as follows:—

করিয়াছেন, এবং তদ্রূপে উক্ত যে আপীল অর্পণ করা যায় ডেপুটী কালেক্টরেরা তম্মধ্যে কোন২ আপীল শুনিয়া নির্ণয় করিয়াছেন। এবং যে ডেপুটী কালেক্টরেরা জিলার শাখাখণ্ডের কর্তৃত্ব কর্ম্মের ভার পাইয়াছেন, তাঁহারাও আপনারদিগকে সেই প্রকারের আপীল শ্রবণ ও নির্ণয় করিবার ক্ষমতাপন্ন জ্ঞান করিয়া ঐ আপীল শুনিয়া নির্ণয় করিয়াছেন। এইক্ষণে উক্ত ডেপুটী কালেক্টরেরা সেই আপীলমতে যে বিচার করিয়াছেন তাহা সিদ্ধ করা এবং কোন২ মোকদ্দমার আপীল আরো ত্বরায় নিষ্পত্তি করিবার বিধান করা বিহিত এই হেতু নিম্নলিখিত আজ্ঞা ও বিধান করা গেল।

[Interpretation.]

I. Words importing the singular number shall include the plural, and words importing the plural number shall include the singular.

[অর্থের ধারা।]

১ ধারা। এক বচনান্ত শব্দের মধ্যে বহুবচনান্ত শব্দ গণ্য এবং বহুবচনান্ত শব্দের মধ্যে এক বচনান্ত শব্দ গণ্য ইতি।

[Orders made by Deputy Collectors on referred appeals confirmed.]

II. Save as hereinafter appears, every judgment, decree, and order, before the passing of this Act passed or made on any appeal by any Deputy Collector to whom such appeal may have been referred by the Collector having jurisdiction to decide such appeal, shall be as valid and binding and have the same force and effect as if the same had been passed or made by such Collector.

[আপীলী মোকদ্দমা অর্পণ হইয়া ডেপুটী কালেক্টরেরা যে আজ্ঞা করিয়াছেন তাহা সিদ্ধ হইবার কথা।]

২ ধারা। যে কালেক্টর সাহেব উক্ত প্রকারের আপীল নিষ্পত্তি করিতে ক্ষমতাপন্ন হন তিনি কোন ডেপুটী কালেক্টরের প্রতি সেই আপীল অর্পণ করিলে ঐ ডেপুটী কালেক্টর এই আইন প্রচলিত হইবার পূর্ব্বে সেই আপীলের উপর যে বিচার ও ডিক্রী ও আজ্ঞা করিয়া থাকেন নিম্নলিখিত যে স্থলের বিধানান্তর দৃষ্ট হয় সেই স্থলভিন্ন তাহা সিদ্ধ ও দৃঢ়তর হইবে ও উক্ত কালেক্টর সাহেবের দ্বারা হওয়ার তুল্য বলবৎ ও ফলবৎ হইবে ইতি।

[Orders on appeals made by Deputy Collectors in charge of Sub-divisions confirmed.]

III. Save as hereinafter appears, every judgment, decree, and order, before the passing of this Act, passed or made by any Deputy Collector placed in charge of any Sub-division of a District, upon any appeal from any judgment, decree, or order made under the said Act X of 1859 or the said Act VI of 1862 by any Officer within such Sub-divsion, shall be as valid and binding as if such judgment, decree, or order, of such Deputy Collector had been made by the Collector of the District within which such Sub-division is situate.

[শাখাখণ্ডের ভারপ্রাপ্ত ডেপুটী কালেক্টরেরা আপীলক্রমে যে আজ্ঞা করিয়াছেন তাহা স্থিরতর হইবার কথা।]

৩ ধারা। জিলার কোন শাখাখণ্ডের মধ্যে কোন কার্য্যকারক উক্ত ১৮৫৯ সালের ১০ আইনমতে কিম্বা ১৮৬২ সালের ৬ আইনমতে যে বিচার কি ডিক্রী কি আজ্ঞা করিয়াছেন তাহার উপর আপীল হইলে সেই শাখাখণ্ডের কর্ম্মের ভার প্রাপ্ত কোন ডেপুটী কালেক্টর এই আইন প্রচলিত হইবার পূর্ব্বে যে২ বিচার ও ডিক্রী ও আজ্ঞা করিয়াছেন, নিম্নলিখিত যে স্থলের বিধানান্তর দৃষ্ট হয় সেই স্থলভিন্ন ঐ শাখাখণ্ড যে জিলার অন্তর্গত থাকে সেই জিলার কালেক্টর সাহেবের কৃত বিচার কি ডিক্রী কি আজ্ঞার ন্যায় ঐ ডেপুটী কালেক্টরের বিচার প্রভৃতি সিদ্ধ ও দৃঢ়তর হইবে ইতি।

[Proviso when appeals have been reheard by a Collector.]

IV. Provided always that, in case any appeal upon which a judgment, decree, or order may have been passed or made by any Deputy Collector, shall, before the passing of this Act, have been reheard by a Collector, the judgment, decree, or order of such Deputy Collector upon such appeal shall not become valid or binding under or by virtue of anything hereinbefore contained.

[কালেক্টর সাহেবকর্ত্তৃক আপীল পুনশ্চ শুনা গেলে তাহার বিধান।]

৪ ধারা। কিন্তু ডেপুটী কালেক্টর যে আপীলক্রমে কোন বিচার কি ডিক্রী কি আজ্ঞা করিয়াছেন, যদি কালেক্টর সাহেব এই আইন প্রচলিত হইবার পূর্ব্বে তাহা পুনরায় শ্রবণ করিয়া থাকেন, তবে উক্ত আপীলে ঐ ডেপুটী কালেক্টরের যে বিচার কি ডিক্রী কি আজ্ঞা হইয়াছে তাহা এই আইনের পূর্ব্বোক্ত কোন কথাক্রমে কি তাহার বলে, সিদ্ধ কি বলবৎ হইবে না ইতি।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৭। ১১ জুন।]

[Appellate jurisdiction may be exercised by officers specially appointed by the Lieutenant-Governor.]

V. From and after the passing of this Act, it shall be competent to the Lieutenant-Governor of Bengal specially to appoint any fully qualified Revenue Officer to exercise the powers of the Collector of a District for the purpose of enabling him to hear and determine appeals under the said recited Acts, and such person so specially appointed shall have and exercise all such and the same powers in regard to the hearing of such appeals, as the Collector of the District, within which such person shall be so appointed, might have and exercise.

J. PITT KENNEDY,
Asst. Secy. to the Govt. of Bengal,
Legislative Department.

[শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব যে কর্ম্মকারকদিগকে বিশেষমতে নিযুক্ত করেন, আপীলসংক্রান্ত ক্ষমতানুযায়ি কার্য্য তাঁহাদের দ্বারা হইবার কথা।]

৫ ধারা। এই আইন প্রচলিত হইবার সময়াবধি বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব পূর্ব্বোক্ত আইনঅনুসারে আপীল শুনিয়া নির্ণয় করিতে পরিবার জন্যে রাজস্বসংক্রান্ত সম্পূর্ণ যোগ্য কোন কর্ম্মচারিকে জিলার কালেক্টর সাহেবের ক্ষমতাক্রমে কার্য্য করণার্থে বিশেষমতে নিযুক্ত করিতে সক্ষম হইবেন। এবং উক্ত প্রকারে বিশেষরূপে নিযুক্ত সেই ব্যক্তি যে জিলার মধ্যে নিযুক্ত হন সেই জিলার কালেক্টর সাহেব তদ্রূপ আপীল শুনিবার যে সকল ক্ষমতাপন্ন হন ও যেং ক্ষমতাক্রমে কার্য্য করিতে পারেন উক্ত ব্যক্তিও সেই সকল ক্ষমতাপন্ন হইবেন ও তত্তুল্য ক্ষমতানুসারে কার্য্য করিতে পারিবেন ইতি।

জে পিট কেনেডি,
ব্যবস্থাপন কর্ম্মবিভাগে বঙ্গদেশের গবর্ণমেন্টের
আসিষ্টাণ্ট সেক্রেটারী।
JOHN ROBINSON, *Bengalee Translator.*

ORDERS BY THE LIEUTENANT-GOVERNOR OF BENGAL.

No. 2289.

APPOINTMENTS.

The 23rd May 1867.

Baboo Anund Chunder Banerjee, Judge of the Small Cause Court of Rampore Beauleah, is vested with the powers of a Principal Sudder Ameen in Rajshahye.

The 30th May 1867.

Mr. J. R. B. Ross to officiate as Vice-Chairman of the Municipal Commissioners for the Town of Howrah, during Mr. Denham's absence, or until further orders.

Baboo Umbica Churn Mookerjee to be a Member of the Committee for the management of the Temple of Rughoo Nath Jee, at Moorooley, in Jess e, under Section 8, Act XX. of 1863.

Mr. C. J. Hampton, Honorary Magistrate in Beerbhoom, is vested with the powers of a Subordinate Magistrate of the First Class in that District.

The 31st May 1867.

Baboo Kali Kinker Roy to officiate as Judge of the Small Cause Courts of Kooshteah, Chooadangah, and Meherpore, during the absence of Mr. C. D. Linton, or until further orders.

Baboo Tarapersad Chatterjee, B. A., to have charge of the Sub-Division of Baripore, during the absence, on special duty, of Baboo Bunkim Chunder Chatterjee, or until further orders.

Mr. J. G. Cawley, Assistant Superintendent of Police, Luckimpore, is transferred to Mymensing.

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের আজ্ঞা।

২২৮৯ নম্বর।

নিয়োগ।

১৮৬৭ সাল ২৩ মে।

রামপুর বোয়ালিয়ার ক্ষুদ্র মোকদ্দমার আদালতের জজ শ্রীযুত বাবু আনন্দচন্দ্র বন্দ্যোপাধ্যায় রাজশাহীতে প্রধান সদর আমীনের ক্ষমতা পাইয়াছেন।

১৮৬৭ সাল ৩০ মে।

শ্রীযুত ডেনহাম সাহেবের অনুপস্থানকালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত জে আর বি রাস সাহেব হাবড়া নগরের মুনিসিপল কমিস্যনরদের প্রতিনিধি সভাপতির কর্ম্ম করিবেন।

শ্রীযুত বাবু অম্বিকাচরণ মুখোপাধ্যায় ১৮৬৩ সালের ২০ আইনের ৮ ধারামতে যশোহরের অন্তর্গত মুরলীর রঘুনাথ জীর মন্দিরের কর্ম্ম সম্পাদনার্থ কমিটীর এক জন মেম্বর হইবেন।

বীরভূমের অনরবি মাজিষ্ট্রেট শ্রীযুত সি জে হাম্পটন সাহেব ঐ জিলাতে অধঃস্থ প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন।

১৮৬৭ সাল ৩১ মে।

শ্রীযুত সি ডি লিণ্টন সাহেবের অনুপস্থানকালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত বাবু কালীকিঙ্কর রায় কুষ্ট্যা, চুয়াডাঙ্গা ও মেহেরপুরের ক্ষুদ্র মোকদ্দমার আদালতের জজের কর্ম্ম করিবেন।

বিশেষ কর্ম্মোপলক্ষে শ্রীযুত বাবু বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের অনুপস্থানকালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত বাবু তারাপ্রসাদ চট্টোপাধ্যায় বি, এ, বারুইপুর শাখাখণ্ডের কর্ম্মের ভার পাইবেন।

লক্ষ্মীপুরের পোলীসের আসিষ্টাণ্ট সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত জে জি কলে সাহেব ময়মনসিংহে নিযুক্ত হইয়াছেন।

[*Government Gazette,* 11*th June* 1867.]

Dr. T. Anderson, Officiating Superintendent of the Royal Botanical Gardens, and Officiating Professor of Botany in the Calcutta Medical College, is confirmed in those appointments.

Baboo Kaliprosonno Roy Chowdry to be a Deputy Magistrate, under Act XV. of 1843, and a Deputy Collector, under Regulation IX. of 1833, in Monghyr, and to exercise the powers of a Magistrate in that District.

Moulavi Ameer Hossein to be Uncovenanted Assistant to the Commissioner of Bhangulpore.

The following gentlemen are appointed to be Assessors, under Act XXI. of 1867, and vested with the powers of a Collector for the purposes of that Act in the places mentioned against their respective names, *viz.:*—

Baboo Nundo Kishore Singh, in the District of Gya.

Baboo Coomar Nath Roy, in the Sub-Division of Kishnaghur.

Baboo Benode Behary Dey Chowdry, in the Sub-Division of Ranaghat.

Baboo Huri Mohun Mookerjee, in the Sub-Division of Meherpore.

Baboo Jadub Chunder Chuckerbutty, in the Sub-Division of Kooshteah.

Baboo Monmohun Banerjee, in the Sub-Division of Chooadangah.

Baboo Poresh Nath Shookul, in the Sub-Division of Bongong.

Baboo Umachurn Roy, in the District of Noakhally.

Baboo Kali Coomar Dutt, in the District of Tipperah.

Baboo Grish Chunder Sen, in the District of Backergunge.

Baboo Byekant Nath Sen, in the District of Dacca.

Baboo Radhica Mohun Roy, in the District of Dacca.

Baboo Sree Nath Bhuddra, in the District of Furreedpore.

Baboo Kristo Chunder Sandyal, in the District of Mymensing.

Moulavi Aboo Mahomed Abdool Kadir, in the District of Sylhet.

Baboo Hemanto Coomar Ghose, in the Sudder Sub-Division of Jessore.

Baboo Umbica Churn Mookerjee, in the Sub-Division of Magoorah.

Baboo Surbanund Das, in the Sub-Division of Khoolnah.

Baboo Khetter Gopal Banerjee, in the Sub-Division of Bagirhaut.

The 1st June 1867.

The following Deputy Collectors are appointed to be Assessors, under Act XXI. of 1867, and

রাজকীয় বোটানিকাল উদ্যানের একৃটিং সুপরিন্টেণ্ডেণ্ট ও কলিকাতার মেডিক্যাল কালেজের উদ্ভিদ বিদ্যার একৃটিং অধ্যাপক ডাক্তর শ্রীযুত টি আণ্ডরসন সাহেব ঐ দুই পদে স্থিরতররূপে নিযুক্ত হইয়াছেন।

শ্রীযুত বাবু কালীপ্রসন্ন রায় চৌধুরী মুঙ্গেরে ১৮৪৩ সালের ১৫ আইনমতে ডেপুটী মাজিষ্ট্রেট ও ১৮৩৩ সালের ৯ আইনমতে ডেপুটী কালেক্টর হইবেন, ও ঐ জিলাতে মাজিষ্ট্রেটের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন।

শ্রীযুত মৌলবী আমীর হুসেন ভাগলপুরের কমিস্যনর সাহেবের অচিহ্নিত আসিষ্টাণ্ট হইবেন।

নিম্নলিখিত মহাশয়েরা ১৮৬৭ সালের ২১ আইনমতে আসেসরের পদে নিযুক্ত হইয়াছেন ও উক্ত আইনের অভিপ্রায় সফল করণার্থে আপন২ নামের পার্শ্বের লিখিত স্থানে কালেক্টরের ক্ষমতা পাইয়াছেন।

গয়া জিলাতে শ্রীযুত বাবু নন্দকিশোর সিংহ।

কৃষ্ণনগর শাখাখণ্ডে শ্রীযুত বাবু কুমারনাথ রায়।

রাণাঘাট শাখাখণ্ডে শ্রীযুত বাবু বিনোদবেহারী দে চৌধুরী।

মেহেরপুর শাখাখণ্ডে শ্রীযুত বাবু হরিমোহন মুখোপাধ্যায়।

কুষ্ট্যা শাখাখণ্ডে শ্রীযুত বাবু যাদবচন্দ্র চক্রবর্ত্তী।

চুয়াডাঙ্গা শাখাখণ্ডে শ্রীযুত বাবু মনমোহন বন্দ্যোপাধ্যায়।

বনগাঁ শাখাখণ্ডে শ্রীযুত বাবু পরেশনাথ শুকল।

নওয়াখালী জিলাতে শ্রীযুত বাবু অম্বিকাচরণ রায়।

ত্রিপুরা জিলাতে শ্রীযুত বাবু কালীকুমার দত্ত।

বাকরগঞ্জ জিলাতে শ্রীযুত বাবু গিরীশচন্দ্র সেন।

ঢাকা জিলাতে শ্রীযুত বাবু বৈকুণ্ঠনাথ সেন।

ঢাকা জিলাতে শ্রীযুত বাবু রাধিকামোহন রায়।

ফরীদপুর জিলাতে শ্রীযুত বাবু শ্রীনাথ ভদ্র।

ময়মুনসিংহ জিলাতে শ্রীযুত বাবু কৃষ্ণচন্দ্র সান্যাল।

শ্রীহট্ট জিলাতে শ্রীযুত মৌলবী আবু মহম্মদ আবদুল কাদের।

যশোহর সদর শাখাখণ্ডে শ্রীযুত বাবু হেমন্তকুমার ঘোষ।

মাগুরা শাখাখণ্ডে শ্রীযুত বাবু অম্বিকাচরণ মুখোপাধ্যায়।

খুলনা শাখাখণ্ডে শ্রীযুত বাবু সর্ব্বানন্দ দাস

বাগেরহাট শাখাখণ্ডে শ্রীযুত বাবু ক্ষেত্রগোপাল বন্দ্যোপাধ্যায়।

১৮৬৭ সাল ১ জুন

নিম্নলিখিত ডেপুটী কালেক্টরেরা ১৮৬৭ সালের ২১ আইনমতে আসেসরের পদে নিযুক্ত হইয়াছেন, এবং

vested, in addition to their ordinary duties with the powers of a Collector for the purposes of that Act, at the Sudder Stations of the Districts mentioned against their respective names, *viz.*:—

Baboo Gopal Chunder Das	... Tirhoot.
„ Juddo Nath Bose	... Chumparun.
Moulvi Warris Ali	... Shahabad.
„ Feda Ali	... Patna.

Mr W. B. Mackenzie, Assistant Superintendent of Police, Balasore, is transferred to Gya.

Mr. C. A. Fisher, Assistant Superintendent of Police, Gya, is transferred to Balasore.

Major R. Stewart, Deputy Commissioner of Luckimpore, is vested with the powers, described in Act. XV. of 1862, in that District.

The 3rd June 1867.

The following appointments in the Debrooghur Troop of the Upper Assam Volunteer Cavalry have been sanctioned by the Lieutenant-Governor, *viz.*

Lieutenant W. W. Hume to be Captain.

Cornet H. E. S. Hannay to be Lieutenant.

Serjeant B. E. C. Comber to be Cornet.

Mr. A. P. MacDonnell, Assistant Magistrate and Collector of Monghyr, is vested with the powers described in Section 33, Act XVIII. of 1854, to take up Railway cases at Jamalpore.

The 4th June 1867.

Baboo Mudden Mohun Lal to be an Assessor, under Act XXI. of 1867 in Patna, and to exercise the powers of a Collector in that District, for the purposes of the said Act.

Baboo Raj Gopal Roy to be an Assessor, under Act XXI. of 1867 in Hazareebaugh, and to exercise the powers of a Collector in that District for the purposes of the said Act.

This cancels the appointment of Baboo Kalidas Palit as an Assessor in Hazareebaugh, notified in the *Calcutta Gazette* of the 29th ultimo.

LEAVE OF ABSENCE.

The 29th May 1867.

Baboo Bhoopati Roy, Principal Sudder Ameen of Sylhet, for three months, under paragraph 12, clause 1 of the Uncovenanted Service Absentee Rules, in extension of the leave granted to him under orders of the 12th March last.

The 31st May 1867.

Mr. J. Masters, Assistant Superintendent of Police, Mymensing, for eighteen days, to enable him to appear before the Presidency Medical Committee.

আপনং নিয়মিত কর্ম্মাতিরিক্ত আপনং নামের পার্শ্বের লিখিত জিলার সদর মোকামে উক্ত আইনের অভিপ্রায় সফল করণার্থে কালেক্টরের ক্ষমতা পাইয়াছেন।

ত্রিহুতে শ্রীযুত বাবু গোপালচন্দ্র দাস।
চাম্পারণে শ্রীযুত বাবু যদুনাথ বসু।
শাহাবাদে শ্রীযুত মৌলবী ওয়ারিস আলী।
পাটনায় শ্রীযুত মৌলবী ফেদা আলী

বালেশ্বরের পোলীসের আসিস্টাণ্ট সুপরিন্টেণ্ডেণ্ট ডবলিউ বি মাকেঞ্জি সাহেব গয়ায় নিযুক্ত হইয়াছেন।

গয়ার পোলীসের আসিস্টাণ্ট সুপরিন্টেণ্ডেণ্ট শ্রীযুত সি এ ফিসর সাহেব বালেশ্বরে নিযুক্ত হইয়াছেন।

লক্ষ্মীপুরের ডেপুটী কমিসানর মেজর শ্রীযুত আর ষ্টুয়ার্ট সাহেব ঐ জিলাতে ১৮৬২ সালের ১৫ আইনের নির্দ্দিষ্ট ক্ষমতা পাইয়াছেন।

১৮৬৭ সাল ৩ জুন।

ডেব্রুগড় সৈন্যদলে উত্তর আসামের বলন্টিয়র অশ্বারোহী সৈন্যদলের নিম্নলিখিত নিয়োগ শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব কর্ত্তৃক অনুমোদিত হইল।

লেপ্টেনেন্ট শ্রীযুত ডবলিউ ডবলিউ হিউম সাহেব কাপ্তান হইবেন।

কর্ণেট শ্রীযুত এচ ই এস হানে সাহেব লেপ্টেনেন্ট হইবেন।

সরজেন্ট শ্রীযুত বি ই সি কোম্বর সাহেব কর্ণেট হইবেন।

মুঙ্গেরের আসিস্টাণ্ট মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত এ পি মাকডনেল সাহেব জামালপুরে রেলওয়ে সংক্রান্ত মোকদ্দমা গ্রহণ করণার্থে ১৮৫৪ সালের ১৮ আইনের ৩৩ ধারার নির্দ্দিষ্ট ক্ষমতা পাইয়াছেন।

১৮৬৭ সাল ৪ জুন।

শ্রীযুত বাবু মদনমোহন লাল পাটনায় ১৮৬৭ সালের ২১ আইনমতে আসেসর হইবেন ও ঐ জিলাতে উক্ত আইনের অভিপ্রায় সফল করণার্থে কালেক্টরের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন।

শ্রীযুত বাবু রাজগোপাল রায় হাজারিবাগে ১৮৬৭ সালের ২১ আইনমতে আসেসর হইবেন ও ঐ জিলাতে উক্ত আইনের অভিপ্রায় সফল করণার্থে কালেক্টরের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন।

শ্রীযুত বাবু কালিদাস পালিতের হাজারিবাগে আসেসরের পদে নিযুক্ত হইবার যে কথা এই মাসের ৪ তারিখের বাঙ্গলা গেজেটে প্রকাশ হয় তাহা ইহাতে রহিত হইল।

ছুটী।

১৮৬৭ সাল ২৯ মে।

শ্রীহট্টের প্রধান সদর আমীন শ্রীযুত বাবু ভূপতি রায় গত মার্চ মাসের ১২ তারিখের আজ্ঞামতে যে ছুটী পান তদতিরিক্ত অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১২ ধারার ১ প্রকরণমতে তিন মাসের ছুটী পাইয়াছেন।

১৮৬৭ সাল ৩১ মে।

ময়মনসিংহের পোলীসের আসিস্টাণ্ট সুপরিন্টেণ্ডেণ্ট শ্রীযুত জে মাষ্টর্স সাহেব রাজধানীস্থ চিকিৎসক সভায় উপস্থিত হইতে পারিবার নিমিত্তে আঠার দিনের ছুটী পাইয়াছেন।

Moulavi Mofeezooddeen, Deputy Magistrate and Deputy Collector of Tipperah, for three month under the orders of the Right Hon'ble the Secretary of State for India, dated 8th November 1865, from the date on which he may avail himself of the leave.

Mr. T. A. M. Gennoe, Sub-Deputy Opium Agent of Goruckpore, for one and half months, under the orders of the Right Hon'ble the Secretary of State for India, dated 8th November 1865, from the 15th June next, or any other date on which he may avail himself of the leave.

The 1st June 1867.

Baboo Mohesh Chunder Roy, Sudder Ameen of Hooghly, for seventeen days, from the 16th ultimo, under paragraph 11 of the Uncovenanted Service Absentee Rules.

The 4th June 1867.

Dr. R. C. Chundra, Civil Assistant Surgeon of the Sonthal Pergunnahs, for three weeks, under Section 6 of the Covenanted Service Absentee Rules, from the date on which he may avail himself of the leave.

NOTIFICATIONS.

The 30th May 1867.

The Lieutenant-Governor is pleased to accept the resignation tendered by Lieutenant H. B. Sanderson of his appointment as a District Superintendent of Police in Bengal.

The 31st May 1867.

The appointment of Moulavi Dillawar Hossein Ahmed, B. A., Deputy Magistrate and Deputy Collector, to the Sub-Division of Bhangah, notified in the *Calcutta Gazette* of the 8th instant, is cancelled.

The following Officers reported their departure from India, on the 24th instant, per Steam-ship *Nubia*, viz. :—

Lieutenant-Colonel H. Raban.

Mr. E. B. Baker.

" R. Thwaytes.

The 3rd June 1867.

A supplementary Commission of the Peace for the Town of Calcutta was issued by the High Court of Judicature at Fort William in Bengal, on the 28th ultimo, directed to Mr. Henry Handley.

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৬৭। ১১ জুন।]

ত্রিপুরার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত মৌলবী মফীজউদ্দীন যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখ অবধি ভারতবর্ষের পক্ষ মহিমবর শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেবের ১৮৬৫ সালের নবেম্বর মাসের ৮ তারিখের আজ্ঞামতে তিন মাসের পাইয়াছেন

গোরক্ষপুরের আফীমের সব-ডেপুটী এজেন্ট শ্রীযুত টি এ এম জেনো সাহেব আগামি জুন মাসের ১৫ তারিখ অবধি অথবা অন্য যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখ অবধি ভারতবর্ষের পক্ষ মহিমবর শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেবের ১৮৬৫ সালের নবেম্বর মাসের ৮ তারিখের আজ্ঞামতে দেড় মাসের ছুটী পাইয়াছেন।

১৮৬৭ সাল ১ জুন।

হুগলীর সদর আমীন শ্রীযুত বাবু মহেশচন্দ্র রায় অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১১ ধারামতে গত মাসের ১৬ তারিখ অবধি সতের দিনের ছুটী পাইয়াছেন।

১৮৬৭ সাল ৪ জুন।

সাঁওতাল পরগনার সিবিল আসিষ্টান্ট চিকিৎসক ডাক্তর শ্রীযুত আর সি চন্দ্র যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখ অবধি চিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ ধারামতে তিন সপ্তাহের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৬৭ সাল ৩০ মে।

লেপ্টেনেন্ট শ্রী এচ বি সাণ্ডর্সন সাহেব বঙ্গদেশের পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিন্টেণ্ডেন্টের পদ ত্যাগকরণার্থ যে পত্র অর্পণ করেন শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব তাহা গ্রাহ্য করিয়াছেন।

১৮৬৭ সাল ৩১ মে।

শ্রীযুত মৌলবী দিলওয়ার হুসেন আহম্মদের বি এ ভাঙ্গা শাখাখণ্ডে ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের পদে নিয়োগের যে কথা এই মাসের ১৪ তারিখের বাঙ্গলা গেজেটে প্রকাশ হয় তাহা ইহাতে রহিত হইল।

নিম্নলিখিত কার্য্যকারকেরা এই মাসের ২৪ তারিখে নিউবিয়া নামক বাষ্পীয় জাহাজে ভারতবর্ষহইতে গমন করিয়াছেন এমত রিপোর্ট করেন।

লেপ্টেনেন্ট করর্ণেল শ্রীযুত এচ রেবান সাহেব।

শ্রীযুত ই বি বেকর সাহেব।

" আর থোয়েটস্ সাহেব।

১৮৬৭ সাল ৩ জুন।

বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্ট কর্ত্তৃক গত মাসের ২৮ তারিখে কলিকাতা নগরের শান্তিরকার্থে যে অতিরিক্ত কমিসান বাহির হয় তাহা শ্রীযুত হেনরী হাণ্ডলে সাহেবের নামে দেওয়া গেল।

Baboo Lukhie Sing Chowdry, Honorary Magistrate of Kamroop, is removed from the List of Honorary Magistrates.

কামরূপের অনরারি মাজিষ্ট্রেট শ্রীযুত বাবু লক্ষী সিংহ চৌধুরির নাম অনরারি মাজিষ্ট্রেটদের নামের ফর্দ্দহইতে উঠাইয়া দেওয়া গেল

NOTIFICATION.

The 31st May 1867.

It is hereby notified that the Declaration published at page 145 of the *Calcutta Gazette*, under date the 25th January 1867, for the acquisition, under Act VI. of 1857, of the land required for the Head-Quarters of the Hubbegunge Sub-Division, in the District of Sylhet, is cancelled.

বিজ্ঞাপন

১৮৬৭ সাল ৩১ মে।

ইহাতে সংবাদ দেওয়া যাইতেছে যে শ্রীহট্ট জিলার অন্তর্গত হবিগঞ্জ শাখাখণ্ডের সদর মোকামের নিমিত্তে ১৮৫৭ সালের ৬ আইনমতে ভূমি গ্রহণার্থ ১৮৬৭ সালের জানুআরি মাসের ২৫ তারিখের যে বিজ্ঞাপন বাঙ্গলা গেজেটের ১৪২ পৃষ্ঠায় প্রকাশিত হয় তাহা ইহাতে রহিত হইল।

DECLARATION.

The 27th May 1867.

It is hereby declared that a piece of land, measuring 3 beegahs and 18 cottahs, more or less, is required to be taken up at the public expense, for a public purpose, *viz*, for a Station house and Barracks for the Police of the Municipality of Howrah, in the District of Howrah. It is bounded as follows :—

On the North by the land of Mr. Chew.

On the East by the public road.

On the South by land tenanted by Dwarkanath Napit, Kalee Napit, Huree Joogee, Mohesh Joogee, Kedar Ghose, Gungadhur Joogee, and Alungo Bewa.

On the West by the land of Degumber Mistry and Ram Chand Mullick.

2. This Declaration is made, under the provisions of Act VI. of 1857, to all whom it may concern.

H. L. DAMPIER,
Offg. Secy. to the Govt. of Bengal.

বিজ্ঞাপন

১৮৬৭ সাল ২৭ মে।

ইহাতে সংবাদ দেওয়া যাইতেছে যে রাজকীয় কার্য্যার্থে অর্থাৎ হাবড়া জিলার অন্তর্গত হাবড়া মুনিসিপালিটীর পোলীসের বারিক ও ষ্টেশন ঘর প্রস্তুত করণার্থে ন্যূনাধিক ৩।১৮ কাঠা ভূমির প্রয়োজন। তাহার সীমা এই২—

উত্তর সীমা চু সাহেবের ভূমি।
পূর্ব্ব সীমা রাজপথ।

দক্ষিণ সীমা দ্বারকানাথ নাপিত, কালী নাপিত, হরি যুগি, মহেশ যুগি, কেদার ঘোষ, গঙ্গাধর যুগি ও অলঙ্গ বেওয়ার পাট্টাই ভূমি।

পশ্চিম সীমা দিগম্বর মিস্ত্রি ও রামচাঁদ মল্লিকের ভূমি।

২। উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক আছে তাঁহাদের জ্ঞানার্থে ১৮৫৭ সালের ৬ আইনের বিধানমতে এই সংবাদ প্রকাশ করা গেল।

এচ এল ডাম্পিয়র,
বঙ্গদেশের গবর্ণমেন্টের একটিং সেক্রেটারী

PUBLIC WORKS DEPARTMENT.

CIVIL BUILDINGS.

No. 200.

The 4th June 1867.

Declaration under Section II. of Act VI. of 1857.

Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be

পবলিক ওর্কস ডিপার্টমেণ্ট

রাজকীয় গৃহাদি বিষয়ক

২০০ নম্বর।

১৮৬৭ সাল ৪ জুন।

১৮৫৭ সালের ৬ আইনের ২ ধারামতের বিজ্ঞাপন।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব অবগত হইয়াছেন যে রাজকীয় কার্য্যার্থে অর্থাৎ ত্রিহুতের

taken by Government, at the public expense, for a public purpose, *viz.*, for the construction of an out building at Mudhoobunee Sub-Division, in Tirhoot, it is hereby declared that, for the above purpose, the undermentioned plot of land is required:—A plot of land at Mudhoobunee, measuring 3 cottahs 10 dhoars, more or less, situated in Mouzah Bhowarah, Pergunnah Gopalpore, in Tirhoot, and bounded on the North by the and already taken up for the Mudhoobunee Sub-Divisional building, and on the West by the old road from Mudhoobunee to Bhowarah.

2. This Declaration is made, under the provisions of Act VI. of 1857, to all whom it may concern.

অন্তর্গত মধুবনি শাখাখণ্ডের বাহির বাটী প্রস্তুত করণার্থে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্টের ভূমি লওয়া আবশ্যক, অতএব সংবাদ দেওয়া যাইতেছে যে পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে নিম্নলিখিত ভূমি খণ্ডের প্রয়োজন। মধুবনিতে এই ভূমিখণ্ড, ইহার পরিমাণ ন্যূনাধিক /৩ কাঠা ১০ ধুর, ইহা ত্রিহুতের অন্তর্গত গোপালপুর পরগনার ভোয়ারা মৌজায় স্থিত, উত্তর সীমা মধুবনি শাখাখণ্ডের বাটীর নিমিত্তে পূর্ব্ব গৃহীত ভূমি, পশ্চিম সীমা মধুবনি অবধি ভোয়ারা পর্য্যন্ত পুরাতন পথ।

২। উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক আছে তাঁহাদের জ্ঞানার্থে ১৮৫৭ সালের ৬ আইনের বিধানমতে এই সংবাদ প্রকাশ করা গেল।

LOCAL.—COMMUNICATIONS.

গমনাগমন বিষয়ক।

No. 201.

The 4th June 1867.

***Declaration under Section II. of Act VI. of* 1857.**

Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken by Government, at the public expense, for a public purpose, *viz.*, for the Toll Station at Sharikol, it is hereby declared that, for the above purpose, a piece of land is required, measuring about 1 beegah, more or less, situated in Kismut Sharikol, in Pergunnah Idrapur, in the Revenue jurisdiction of Dacca.

The land is bounded on the North by the Jote of Abed and Muniriddee; on the East by Sharikol Done; on the West by the Sharikol Khal; and on the South by the Jote of Mamuddi and Mamuddi.

The Declaration is made, under the provisions of Section II., Act VI. of 1857, to all whom it may concern.

২০১ নম্বর।

১৮৬৭ সাল ৪ জুন।

১৮৫৭ সালের ৬ আইনের ২ ধারামতের বিজ্ঞাপন।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব অবগত হইয়াছেন যে রাজকীয় কার্য্যার্থে অর্থাৎ শারিকলের কুতঘরের নিমিত্তে, রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্টের ভূমি লওয়া আবশ্যক, অতএব সংবাদ দেওয়া যাইতেছে যে পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে ঢাকার রাজস্বের বিচারাধিপত্যের সীমার অন্তর্গত ইন্দ্রাপুর পরগনার শারিকল কিসমতে ন্যূনাধিক ১/ বিঘা পরিমিত ভূমির প্রয়োজন।

উক্ত ভূমির উত্তর সীমা আবেদ ও মনিরিদ্দীর যোত পূর্ব্ব সীমা শারিকল ধন, পশ্চিম সীমা শারিকল খাল দক্ষিণ সীমা মামদ্দী ও মামদ্দীর যোত

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক আছে তাঁহাদের জ্ঞানার্থে ১৮৫৭ সালের ৬ আইনের ২ ধারার বিধানমতে এই সংবাদ প্রকাশ করা গেল।

COMMUNICATIONS.

গমনাগমন বিষয়ক।

No. 202.

The 4th June 1867.

***Declaration under Section II. of Act VI. of* 1857.**

Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be

২০২ নম্বর।

১৮৬৭ সাল ৪ জুন।

১৮৫৭ সালের ৬ আইনের ২ ধারামতের বিজ্ঞাপন।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব অবগত হইয়াছেন যে রাজকীয় কার্য্যার্থে অর্থাৎ আসামের বু

GOWHATTY MUNICIPALITY.

Bye-Laws under Act III. (B. C.) of 1864.

For regulating the time and mode of collecting the Rate and Taxes.

1. Each quarterly instalment of the rate and taxes mentioned in the Act shall be considered to have become due at the commencement of the quarter, on account of which such instalment is payable, and may be levied at any time after the commencement of such quarter, that is to say :—

payable on account of the quarter ending.	31st July. „ Oct. „ Jan. 30th April.	May be levied on and after.	1st May. „ Augt. „ Nov. „ Feb.

2. From the lists prepared under the provisions of Sections 29 and 33 of the Act, the collecting Officer shall prepare the bills prescribed by Section 44. The bills so prepared shall be issued under the signature of the Commissioners or their Secretary, if there be one, to the subordinate Officers on the collecting establishment, and shall be by them presented to the persons named therein, in the manner hereinafter described.

3. Every collecting officer shall be provided with a certificate of his authority to collect; and every such certificate shall bear the seal of the Municipality and the signature of the Chairman. Every collecting officer at the time of demanding payment shall be bound to shew this certificate if required.

4. The collecting officer taking the money in payment of any demand shall give the receipt for it.

5. When the name of any owner is not known, it shall be sufficient to designate him in any notice, bill, or other proceeding under the Act, as the owner of the property on which the rate is assessed, without further description.

6. Every bill, for any sum due on account of the rate or taxes leviable under the Act, shall, if possible, be presented to the individual named therein in person; but if such personal presentation be found impossible, the bill shall be left at his usual place of abode, and such delivery shall be deemed to be the presentation required by Section 44.

7. The officer to whom a bill may be issued for presentation, shall receive the amount of such bill at the time of presentation, or at any time within ten days from the date on which the bill shall have been first presented by him.

[*Government Gazette*, 11*th June* 1867.]

গোয়াহাটি নগর উৎকৃষ্টকারিণী সভার নিয়মাবলী।

বঙ্গ ব্যবস্থাপক সমাজের ১৮৬৪ সনের ৩ আইন অনুযায়ি কার্য্যনির্ব্বাহের নিয়ম।
কর এবং শুল্ক আদায়ের রীতি এবং সময় নির্দ্ধারণ।

১। ঐ আইনেতে উল্লিখিত কর ও শুল্কের প্রত্যেক ত্রৈমাসিক কিস্তি যে তিন মাসের নিমিত্তে তাহা দাতব্য হয় ঐ তিন মাসের প্রারম্ভেই দেয় গণ্য করিতে হইবে ও ঐ তিন মাস আরম্ভ হওয়ার পরে কোন এক সময় তাহা আদায় করা যাইতে পারে।—অর্থাৎ

৩১ শে জুলাই „ অক্টোবর „ জানুআরি ৩০ এপ্রিল তারিখে।	শেষ হওয়া তিন মাসের জন্যে যে কিস্তি দিতে হয় তাহা।	১ লা মে „ আগষ্ট „ নবেম্বর „ ফেব্রুআরিতে ও তৎপরে আদায় করা যাইতে পারে।

২। ঐ আইনের ২৯ এবং ৩৯ ধারার মর্ম্মমতে প্রস্তুত হওয়া তালিকা অনুসারে করসংগ্রাহক ৪৪ ধারার উল্লিখিত বিল তৈয়ার করিবেক। এইরূপে তৈয়ার হওয়া বিল কমিস্যনরদিগের কিম্বা তাঁহারদিগের সেক্রেটারী থাকিলে তাঁহার সহী হইয়া করসংগ্রাহকের অধীন কর্ম্মচারিদিগের নিকট প্রেরিত হইবে। তাহারা উক্ত বিল তল্লিখিত ব্যক্তিকে নিম্নোক্ত নিয়মমত সমর্পণ করিবেক।

৩। প্রত্যেক করসংগ্রাহককে করসংগ্রহের তাহার ক্ষমতা থাকার বিষয় এক নিদর্শনপত্র দেওয়া যাইবেক। এই প্রকারের প্রত্যেক নিদর্শনপত্রে মিউনিসিপেল সভার মোহর ও সভাপতির সহী থাকিবেক। প্রত্যেক করসংগ্রাহক টাকা আদায় করা কালে কেহ দেখিতে চাহিলে ঐ নিদর্শনপত্র দেখাইতে বাধ্য হইবেক।

৪। করসংগ্রাহক কোন বাবৎ তলবী টাকা গ্রহণ করা কালে ঐ টাকার বাবৎ এক রসীদ প্রদান করিবেক।

৫। যখন কোন মালিকের নাম জানা যায় না তখন উপরোক্ত আইন অনুযায়ি কোন ঘোষণা, বিল কি অন্য কোন পত্রে যে সম্পাত্তির বাবৎ কর ধার্য্য হয় ঐ সম্পাত্তির মালিক বলিয়া উল্লেখ করিলেই যথেষ্ট হইবেক, তদধিক কোন বিবরণ লিখিবার প্রয়োজন নাই।

৬। ঐ আইন অনুসারে আদায়ের যোগ্য কর কি শুল্কের বাবৎ দেয় টাকার বিল, সম্ভব হইলে, ঐ বিলে যে ব্যক্তির নাম থাকে তাহাকে দেওয়া যাইবেক, কিন্তু এইরূপে উহার আপন হাতে বিল দেওয়া অসম্ভব হইলে উহার সার্ব্বত্রিক নিবাস স্থানে রাখিয়া আসিতে হইবে। এই প্রকারে বিল রাখিয়া আসিলেই ৪৪ ধারার বিধানমত তাহা সমর্পিত হওয়া জ্ঞান করা যাইবে।

৭। যে কার্য্যকারককে সমর্পণার্থ বিল দেওয়া যায় সে ঐ বিল সমর্পণ করা কালে, কিম্বা যে দিবস বিল প্রথম সমর্পণ করা যায়, তাহার দশ দিবসের মধ্যে কোন এক সময় ঐ বিলের লিখিত টাকা গ্রহণ করিবেক।

8. Every person required in writing to furnish any schedule or return which the Commissioners may lawfully require him to furnish, shall send such schedule or return to the office of the Commissioners within one week from the date of the service of the requisition in the manner described in Section 81 of the Act. Any person failing to do so shall be liable to a penalty not exceeding Rupees 5 for the omission, and to a penalty not exceeding Rupees 2 for every day, the omission shall after warning continue. Any person submitting a false or incorrect schedule or return shall be liable to a penalty of Rupees 5, provided that nothing in this Bye-law shall be held to prevent the institution of a criminal prosecution under the Penal Code, should the facts appear to warrant such a proceeding.

৮। কমিস্যনরগণ আইন অনুসারে তলব করিতে পারেন এমত কোন তালিকা কি রিটর্ণ কোন ব্যক্তির পাশ লিখিত আজ্ঞা দ্বারা তলব হইলে সে উপরোক্ত আইনের ৮১ ধারা অনুসারে তলবচিঠী জারীর তারিখ হইতে ১ সপ্তাহের মধ্যে ঐ তালিকা কি রিটর্ণ কমিস্যনরদিগের সিরিস্তায় পাঠাইবেক। কোন ব্যক্তি ইহার ত্রুটি করিলে ঐ ত্রুটির বাবত ৫৲ টাকার অনধিক দণ্ড হইবেক ও সতর্ক করার পরে ত্রুটি হইলে ঐ রূপ ত্রুটি হওয়া প্রত্যেক দিবসে ২৲ টাকা হিসাবে দণ্ড হইতে থাকিবেক। যদি কোন ব্যক্তি মিথ্যা কি অশুদ্ধ তালিকা কি রিটর্ণ দাখিল করে তাহার ৫৲ টাকা দণ্ড হইবেক। ইহাতে এই বর্জ্জিত বিধি আছে যে ঐ ব্যক্তির উপর দণ্ডবিধি অনুসারে ফৌজদারীতে অভিযোগ হওয়া উচিত বোধ হইলে এই নিয়মাবলীর লিখিত কোন কথার দ্বারা তাহার বাধা হইবেক না।

9. Every owner, occupier or other person, shall permit the Commissioners, or any one appointed by them, under a written authority, for that purpose, at any time between sun-rise and sun-set, to enter and inspect any coach-house or stable in which there is reason to believe that there is any vehicle or animal liable to taxation under Section 35 of the Act. Any person obstructing the Commissioners or any person duly authorized by them in making such entry and inspection shall be liable to a fine not exceeding Rupees 20.

৯। উপরোক্ত আইনের ৩৫ ধারা অনুসারে শুল্ক ধার্য্য হইবার যোগ্য কোন যান কি জন্তু থাকা আসন্ধা হইবার কারণ আছে এমত কোন গাড়ী ঘরে কি অশ্বালয়ে তাহার মালিক কি দখিলকার কি অন্য ব্যক্তি কমিস্যনরদিগকে কি ঐ কার্য্যের জন্যে তাহারদিগের নিকট লিখিত ক্ষমতা প্রাপ্ত অন্য কোন লোককে সূর্য্যোদয় হইতে সূর্য্যাস্ত পর্য্যন্ত কোন সময় প্রবেশ পূর্ব্বক পরীক্ষা করিতে দিবেক। কোন ব্যক্তি কমিস্যনরদিগকে কি ঐ কার্য্যের জন্যে তাহারদিগের স্থানে ক্ষমতা প্রাপ্ত কোন ব্যক্তিকে ঐরূপ প্রবেশ ও পরীক্ষা করিতে বাধা করিলে তাহার ২০৲ টাকার অনধিক দণ্ড হইবেক।

10. Every distraint made under the Act shall be executed by the collecting officer, unless the Commissioners may otherwise direct, and the property distrained shall, pending sale or recovery from the defaulter of the amount due, remain in charge of the collecting officer, who shall deliver a list in the Form C., prescribed in the Act, of the property distrained.

১০। কমিস্যনরগণ অন্য প্রকার আজ্ঞা না করিলে উল্লিখিত আইন অনুযায় হওয়া প্রত্যেক মাল ক্রোকের কার্য্য করসংগ্রাহকের দ্বারা নির্ব্বাহ করা যাইবেক, এবং এই প্রকারের ক্রোকী মাল তাহা বিক্রয় কি বাকীদার দাতব্য মুদ্রা আদায় না করণ পর্য্যন্ত করসংগ্রাহকের জিম্মায় থাকিবেক ও সে উপরোক্ত আইনের নির্দ্দিষ্ট "সি" চিহ্নিত তালিকা অনুসারে ক্রোকী সম্পত্তির এক তালিকা দাখিল করিবেক।

11. Immediately on distraint the distraining officer shall post upon the house of the defaulter a notice of sale, fixing a day for the sale, not less than seven days from the date of distraint; and on the day of sale notice shall be given by beat of drum.

১১। সম্পত্তি ক্রোক হওয়া মাত্রই ক্রোকের কার্য্যকারক নীলামের এক দিন স্থির করিয়া বাকীদারের ঘরে এক ঘোষণা স্থাপন করিবেক। ঐ দিন ক্রোকের দিবস হইতে ৭ দিনের ন্যূন হইবেক না। এবং বিক্রয়ের দিবসে ঢেঁড়ড়া দ্বারা সকলকে সংবাদ দেওয়া যাইবেক।

12. Payment of purchase money for property sold, and delivery of the property, shall be made immediately after the sale; and if the purchaser fail to pay the full amount of his bid, it shall be lawful for the distraining officer, at his discretion, to sell the property again on the same or any other day, and the first purchaser shall, in such case, be responsible to the Commissioners for any loss which shall be recoverable as a debt due to them.

১২। বিক্রয় হওয়ার অব্যবহিত পরেই বিক্রী হওয়া মালের খরিদা মূল্য আদায় করিতে হইবেক ও ঐ মাল ক্রেতাকে সমর্পণ করা যাইবেক। ক্রয়কারক তাহার ডাকের সমুদায় টাকা আদায় না করিলে ক্রোকের কার্য্যকারকের বিবেচনা অনুসারে ঐ দিবসেই কি অন্য কোন এক দিনে উক্ত মাল পুনরায় বিক্রী করা যাইতে পারিবেক। তাহাতে যে ক্ষতি হয় তজ্জন্য প্রথম ক্রেতা কমিস্যনরদিগের নিকট দায়ী হইবেক ও ঐ ক্ষতির টাকা উহার নিকট তাঁহারদিগের প্রাপ্য টাকার ন্যায় আদায় হইবেক।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৬৭। ১১ জুন।]

taken up by Government at the public expense, for a public purpose, *viz.*, for the Assam Trunk Road, it is hereby declared that, for the above purpose, a plot of land, measuring 30 beegahs 2 cottahs 2 chittacks is required; the same land is situated in Aooneebatty Shuster, and bounded on the North by the Berhampooter River; on the South, Government road; East-west, Gurh of Dapdoar, and West, Ateah.

রাজপথের নিমিত্তে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্টের ভূমি লওয়া আবশ্যক, অতএব সংবাদ দেওয়া যাইতেছে যে পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে ৩০/২৶ ছটাক পরিমিত ভূমির প্রয়োজন, উক্ত ভূমি আউনী বাটী শত্তরে স্থিত, ও তাহার উত্তর সীমা ব্রহ্মপুত্র নদ, দক্ষিণ সীমা রাজ-পথ, পূর্ব্ব-পশ্চিম সীমা দাপদুয়ারের গড়, ও পশ্চিম সীমা আতিয়া।

This Declaration is made, under the provisions of Act VI. of 1857, to all whom it may concern.

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক আছে তাঁহাদের জ্ঞানার্থে ১৮৫৭ সালের ৬ আইনের বিধানমতে এই সংবাদ প্রকাশ করা গেল।

J. E. T. NICOLLS, *Lieut.-Col., R. E.,*
Secy. to the Govt. of Bengal,
P. W. D.

জে ই, টি, নিকলস্‌, লেপ্টেনেণ্ট কর্ণেল, আর, ই,
পবলিক ওর্কস ডিপার্টমেণ্টে, বঙ্গদেশের
গবর্ণমেণ্টের সেক্রেটারী।

ORDERS OF THE HIGH COURT OF JUDICATURE AT FORT WILLIAM IN BENGAL.

বঙ্গদেশস্থ কোর্ট উলিয়ম রাজধানীর হাই-কোর্টের আজ্ঞা।

APPOINTMENT.

The 5th June 1867.

Mr. W. Cardazo, Moonsiff of Katigorah in Cachar, to Officiate as Moonsiff of Madargunge, Zillah Mymensingh.

নিয়োগ

১৮৬৭ সাল ৫ জুন।

কাছাড়ের অন্তর্গত কাটিগোরার মুনসেফ শ্রীযুক্ত ডবলিউ কার্ডেজো সাহেব ময়মুনসিংহ জিলার মাদার-গঞ্জের মুনসেফের কর্ম্ম করিবেন।

LEAVE OF ABSENCE.

The 5th June 1867.

Baboo Poornoo Chunder Roy, Moonsiff of Madargunge, Zillah Mymensingh, for two months, under paragraph 11 of the Uncovenanted Absentee Rules.

ছুটী।

১৮৬৭ সাল ৫ জুন।

ময়মুনসিংহ জিলার মাদারগঞ্জের মুনসেফ শ্রীযুক্ত বাবু পূর্ণচন্দ্র রায় অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১১ ধারামতে দুই মাসের ছুটী পাইয়াছেন।

L. R. TOTTENHAM,
Registrar.

এল আর টটন্‌হাম,
রেজিষ্ট্রার।

Notice.

CALCUTTA MUNICIPALITY.

NOTICE is hereby given that the valuation and measurement of the portion of the Northern Division of the Town, noted in the margin, has been completed, and that the Books containing the said valuations and the rates assessed can be inspected on any day (Sundays excepted,) at the Office of the Justices, between the hours of 11 o'clock A. M. and 4 o'clock P. M., free of charge.

Bounded on the South by Rajah Nobkissen Street; on the North by the Mahratta Ditch; on the East by Cornwallis' Street, and on the West by Chitpore Road, as far as Baug Bazar and the River Hooghly.

The Justices will, on the 25th day of June next, proceed to revise the said valuation and assessment, and to hear all appeals connected therewith, but no such appeal can be heard, unless the amount of rate has been deposited with the Justices, in accordance with the Provisions of Section 27 of Act VI. of 1866, (B. C.) on or before the 22nd day of June, and unless such appeal be preferred by the person who at the time the appeal is made shall be recorded in the said Book as the owner of the premises to which such appeal refers, or by the occupiers thereof, or by their Agents.

R. TURNBULL,
Secretary to the Justices of the Peace.

OFFICE OF THE JUSTICES OF THE PEACE;
1, *Chowringhee Road,*
Calcutta, 5th June 1867.

বিজ্ঞাপন।

কলিকাতা মুনিসিপালিটী।

ইহাতে সংবাদ দেওয়া যাইতেছে যে, নগরের উত্তর খণ্ডে নিম্নলিখিত সীমাভুক্ত ভূমির ও বাটীর মূল্য ও পরিমাণ নিশ্চিত করা হইয়াছে ও উক্ত মূল্য ও নিরূপিত টাক্স যেং বহীতে লেখা গিয়াছে সেই বহী রবিবার ভিন্ন অন্য কোন দিবসে বেলা ১১ ঘণ্টাবধি ৪ ঘণ্টা পর্য্যন্ত জষ্টিসদের কার্য্যালয়ে বিনা ব্যয়ে দৃষ্টি হইতে পারিবে।

উক্ত ভূমির সীমা এইং, দক্ষিণে রাজা নবকৃষ্ণের রাস্তা, উত্তরে মহারাষ্ট্রের পয়োনালা, পূর্ব্বে কর্ণওয়ালিস ষ্ট্রিট, ও পশ্চিমে বাগবাজার ও হুগলী নদী পর্য্যন্ত চিত্তপুরের রাস্তা।

জষ্টিসেরা জুন মাসের ২৫ তারিখে উক্ত মূল্য ও নির্দ্ধারিত টাক্স সংশোধন করিবার জন্য আপীল শুনিবেন কিন্তু জষ্টিসদের নিকটে বঙ্গদেশীয় ১৮৬৬ সালের ৬ আইনের ২৭ ধারার বিধানমতে জুন মাসের ২২ তারিখে কি তৎপূর্ব্বে টাক্সের টাকা না দেওয়া গেলে অথবা আপীল করিবার সময়ে উক্ত বহীতে স্বামী কি অধিকারী কি এজেন্ট বলিয়া যাঁহাদের নাম লেখা থাকে তাঁহাদের দ্বারা উক্ত আপীল না করা গেলে শুনা যাইবে না।

আর টর্ণবুল,
শান্তিরক্ষার্থ জষ্টিসদিগের
সেক্রেটারী

কলিকাতা,
১৮৬৭ সাল ৫ জুন।

LAND ADVERTISEMENTS.

ভূমিবিষয়ক ইশ্তিহার

জিলা কটক।

এত্তলানামা কাছারি কালেক্টরী মধ্যম প্রদেশ জেলা কটক সমস্ত লোকদিগের জ্ঞাত কারণ সংবাদ দেওয়া যাইতেছে যে ইঙ্গরেজি সন ১৮৫৯ সাল ১১ আইনের ৬ ধারানুসারে কটক জেলার নীচের লিখিত মহাল সকল নাগাএত কিস্তি মাহ জানুআরি সন ১৮৬৭ সাল মোতাবক সন ১২৭৪ সাল আটপণি বাকি সরকারের পাওনা আদায় কারণ সন ১৮৬৭ সাল জুন মাহার ২৫ তারিখ মোতাবক সন ১২৭৪ সাল আষাঢ় মাহার ১১ তারিখ মঙ্গলবার দিবসে এজেলার কালেক্টরি কাছারিতে নীলামে ধরা যাইবেক ও বিনা বাধাতে বিক্রয় হইবেক ৪ তারিখ মাহ জুন সন ১৮৬৭ সাল।

দ্বিতীয় শ্রেণী মিয়াদী বন্দোবস্ত জমা ধার্য্য হওয়া মাহাল।

নং ৪২৮ তৌজি হজুরি মাহাল প্রগণেতি সানিআ মৌজে চন্দনপুর লিখিত মালিক ভগবান পাটনাএক ওরশানন্দ মাইতি ও প্রসুরাম মাইতি ও গোবিন্দচরণ দাস ও লাভশামন ও চৌধুরী সদাশিব মহাপাত্র ও হরিহর পাণ্ডা ও ভাগ্যরথী পাণ্ডা ও প্রসুরাম দাস ও কেশবচরণ দাস ও কৃষ্ণচন্দ্র দাস সেবাএত শ্রী গোবিন্দজিউ ঠাকুর ও অনুরাধা দেই সদর জমা নং ৫০০।৵৫।। মাত্র।

নং ১২৫৯ তৌজি হজুরি মহাল প্রগণে কবমুল মোতাবক বাঁটওয়ারা কিসমত ৸০ বারআনা কিসমত তালুকে বাহারপাড়া লিখিত মালিক গোবিন্দপ্রসাদ রায় ও রাধানাথ রায় মাহাফেজ জগন্নাথপ্রসাদ রায় ও সীতানাথ রায় ও লক্ষ্মীনাথ রায় নাবালগান সদর জমা নং ৫১৪৲৮ পাই মাত্র।

নং ৩২৩২ তৌজি হজুরি মাহাল পরগনে শেরগড়া কিসমত তালুকে জোবলো লিখিত মালিক চৌধুরী ধ্রুব মহাপাত্র হাল বাবু জয়দেব পাণ্ডা ও বাবু মণি পাণ্ডা ও বাবু মুক্তেশ্বর পাণ্ডা ও বাবু বিদ্যাধর পাণ্ডা সদর জমা নং ৯৫৯।৶৯ পাই মাত্র।

নং ২৪১৭ তৌজি হজুরি মহাল পরগণে খণ্ডি তালুকে অসরনা লিখিত মালিক কাশীনাথ দাস নাবালগ মাহাফেজ মাতা তারা দেই ও চন্দ্রশিখর মাহাপাত্র এদইতারি আচার্য্য ও কাশীনাথ রায় চৌধুরী সদর জমা নং ৬৪৬৸৶৩ পাই মাত্র।

W. MACPHERSON,
Collector.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৭। ১১ জুন।]

For regulating the conduct of persons employed by the Commissioners.

কমিসনরদিগের নিযোজিত ব্যক্তিদিগের আচরণ সুধারা করণের নিয়ম।

13. All persons employed by the Commissioners, whose services may be no longer required, shall be liable to discharge after receipt of previous notice, or pay in advance, for the period of one month; and no such person shall withdraw from the duties of his office without having given previous notice for the period of one month, on pain of forfeiture of one month's salary.

১৩। কমিস্যনরদিগের নিযোজিত যে সকল ব্যক্তিকে কর্ম্মে রাখিবার অনাবশ্যক হয় তাহারা এক মাসের পূর্ব্বে সংবাদ কি এক মাসের বেতন অগ্রিম পাইয়া কর্ম্মচ্যুত হইবেক। এবং এই প্রকারের কোন ব্যক্তি এক মাসের পূর্ব্বে সংবাদ না দিয়া কর্ম্ম ত্যাগ করিতে পারিবেক না, তাহা করিলে তাহার এক মাসের বেতন দণ্ড স্বরূপ লওয়া যাইবেক।

14. All persons now holding, or who may hereafter be appointed to any Office under the Commissioners, shall when required so to do, furnish good security to such amount as the Commissioners may from time to time fix; and any person failing to furnish such security within reasonable time, or within such time as the Commissioners may appoint, shall be held to have thereby forfeited his appointment and may be removed from office.

১৪। কমিস্যনরদিগের অধীনে যাহারা এইক্ষণ কোন কর্ম্মে নিযুক্ত আছে বা ইহার পরে হয় তাহারা তলব মত, কমিস্যনরেরা সময়ে সময়ে যত টাকা নির্দ্ধার্য্য করেন, তত টাকার, উত্তম জামিন দিতে হইবে। কোন ব্যক্তি সমুচিত সময় কি কমিস্যনরদিগের নিরূপিত কালের মধ্যে এই রূপ জামিন দিতে ত্রুটি করিলে তদ্দ্বারা সে পদভ্রষ্ট হওয় বিবেচ্য হইবেক ও তাহাকে কর্ম্ম হইতে অবসর করা যাইতে পারিবেক।

15. Whenever it shall be proved to the satisfaction of the Commissioners that any person in their employ has been guilty of any violation of duty, or wilful breach or neglect of any rule, regulation, or order, made or given by competent authority, or has withdrawn from the duties of his office without permission or without having given previous notice for the period of one month, or has done any act by the performance of which, or has omitted to do any act by the non-performance of which the Commissioners shall have suffered, or may have incurred the risk of suffering loss or injury, or has failed to perform any duty with all due diligence, or has been guilty of any act of insubordination towards any superior officer, or has accepted or obtained, or agreed to accept or attempted to obtain, from any person, for himself or for any other person, any gratification whatever, other than authorized remuneration, in respect of any official act, or has in his official capacity given any information which he knows or believes to be false, or has committed any offence punishable under any law, such person shall be liable to punishment by fine not exceeding one month's pay, or by suspension from office for such period as the Commissioners may fix, or by degradation, or by summary dismissal from his situation, in addition to any penalty to which he may be liable under the provisions of any law. Any person so dismissed shall be liable, at the discretion of the Chairman, to forfeit all pay and allowances due to him, not exceeding the pay and allowances for one month.

১৫। যখন কমিস্যনরদিগের সন্তোষদায়করূপে সপ্রমাণ হইবেক যে তাহাদিগের অধীন কোন কর্ম্মচারী কোন কর্ম্মের বিরুদ্ধাচরণ করণের দোষী হইয়াছে; কিম্বা ইচ্ছাপূর্ব্বক কোন নিয়ম, আইন অথবা উপযুক্ত হাকিমের দত্ত আজ্ঞা ভঙ্গ কি অবহেলা করিয়াছে; কিম্বা অনুমতি বিনা বা এক মাসের পূর্ব্বে সংবাদ না দিয়া কর্ম্ম পরিত্যাগ করিয়াছে; কি এমত কোন কর্ম্ম করিয়াছে, যাহা করাতে, বা এমত কোন কর্ম্ম করিতে ত্রুটি করিয়াছে, যাহা না করণ প্রযুক্ত, কমিস্যনরদিগের ক্ষতি বা অপকার হইবেক, বা হইবার সম্ভাবনা হইয়াছে, কিম্বা সমুচিত পরিশ্রমের সহিত কোন কর্ম্ম করিতে ত্রুটি করিয়াছে, কি কোন উচ্চপদস্থ কর্ম্মচারীর আজ্ঞা অবজ্ঞা করা দোষের দোষী হইয়াছে, কি আপন পদ সম্পর্কীয় কোন কর্ম্মের উপলক্ষে আইনসিদ্ধ পুরস্কার ভিন্ন, কোন ব্যক্তির স্থানে আপনার ব অন্য কোন ব্যক্তির নিমিত্তে কোন পুরস্কার গ্রহণ করিয়াছে, কি পাইয়াছে, বা গ্রহণ করিতে সম্মত হইয়াছে বা পাইবার উদ্যোগ করিয়াছে, কি আপন পদ সম্পর্কে এমত কোন সংবাদ দিয়াছে, যাহা সে মিথ্যা বলিয়া জানে বা বিশ্বাস করে, কিম্বা কোন আইনমতে দণ্ডনীয় কোন অপরাধ করিয়াছে, ঐ ব্যক্তির আইনমতে যে দণ্ড হইতে পারে তদ্ভিন্ন তাহার এক মাসের বেতনের অনধিক টাকা জরীমানা হইবার, কিম্বা কমিস্যনরেরা যত দিন উচিত বুঝেন তত দিন পর্য্যন্ত সে কর্ম্মহইতে স্থগিত থাকিবার কি নীচ পদস্থ অথবা এককালে কর্ম্মচ্যুত হইবার যোগ্য হইবেক এই প্রকারে কর্ম্মচ্যুত হওয়া ব্যক্তি সভাপতির বিবেচনামতে তাহার প্রাপ্য এক মাসের বেতন ও পুরস্কারের অনধিক সমুদায় বেতন ও পুরস্কার দণ্ড স্বরূপ দিতে বাধ্য হইবেক।

16. The Chairman or Vice-Chairman may originate, receive, or enquire into a complaint of

১৬। কোন সভাপতি কি সহকারী সভাপতি কমিস্যনরদিগের নিয়োজিত কোন ব্যক্তির বিরুদ্ধে কো

misconduct or neglect in the performance of duty against any person employed by the Commissioners.

কুব্যবহার কি কার্য্যের শৈথিল্য বিষয়ে কোন অভিযোগ উপস্থিত, গ্রহণ কি বিচার করিতে পারিবেন।

17. Nothing herein contained shall be held to debar the Commissioners from instituting proceedings in any Civil Court having jurisdiction against any person being or having been in their employ, with a view to the recovery of damages for any loss or injury which they may have sustained in consequence of any act done or ommitted to be done by such person.

১৭। ইহার লিখিত কোন কথা দ্বারা কমিসনরদিগের অধীনে সম্প্রতি যে কোন ব্যক্তি নিযুক্ত আছে বা পূর্ব্বে ছিল তাহার কৃত কোন কর্ম্মের দ্বারা বা যে কোন কর্ম্ম করিতে ত্রুটি করা প্রযুক্ত তাহাদিগের যে হানি বা অপকার হইয়াছে তাহার ক্ষতি পূরণার্থে উপযুক্ত ক্ষমতা প্রাপ্ত কোন দেওয়ানী আদালতে তাঁহারদিগের দ্বারা দাবি উপস্থিত হওয়াতে বাধা হইবেক না।

On matters of Conservancy.

কনসরভেন্সী বিষয়ক নিয়ম।

18. The external roofs and walls of any hut, shop or any other mat or reed building or erection whatever about to be erected or renewed within one hundred yards of any public highway leading to and through any Bazaar situated within the limits of the Town of Gowhatty, shall not be made of grass, leaves, mats or any other inflammable material

Penalty for infringement, Rupees 10; penalty for continued infringement after notice, Rupees 3 daily.

১৮। কোন কুড়েঘর দোকানঘর কি অন্য কোন প্রকারের চাটাই কি খাগরার ঘরআদি গোয়াহাটীর সীমার মধ্যবর্ত্তী কোন বাজারে যাইবার ও বাজারের মধ্যবর্ত্তী কোন সরকারী সরণের একশত গজের অনধিক অন্তরে নূতন প্রস্তুত কি পুনঃনির্ম্মাণ করিতে হইলে তাহার বাহিরের ছাল ও বেড়া, ঘাস, পাতা, চাটাই কি অন্য কোন প্রকারের জ্বলনশীল দ্রব্যের দ্বারা নির্ম্মাণ করা যাইবেক না।

এই নিয়ম উল্লংঘনের দণ্ড ১০ টাকা সতর্ক করার পর উল্লংঘন করিতে থাকিলে প্রত্যহ ৩৲ টাকা।

19. No person shall dig or make, or cause to be dug or made, in any place, any tank, pond, well, ditch, water-course, or other excavation, without the written permission of the Commissioners.

Penalty for infringiment, Rupees 10; penalty for continued infringement after notice, Rupees 5 daily.

১৯। কমিসনরদিগের লিখিত আজ্ঞা ব্যতীত কোন ব্যক্তি কোন স্থানে পুষ্করিণী কূপ, কুয়া, খানা জলপ্রণালী কি অন্য কোন গর্ত্ত খনন কি নির্ম্মাণ করিবেক কি করাইবেক না।

এই নিয়মলঙ্ঘনের দণ্ড ১০৲ টাকা সতর্ক করার পরে উল্লংঘন করিতে থাকিলে ...

20. No person shall put, or cause to be put, on any house, or other building, any spout, or other thing, intended for the conveyance and discharge of water, which shall be so placed that the water discharged therefrom shall be thrown or fall upon any public road or thoroughfare.

Penalty for infringement, Rupees 5; penalty for continued infringement after notice, 1 Rupee daily.

২০। কোন ব্যক্তি কোন ঘর কি ইমারতের উপর জলের নালা কি জল নির্গমের জন্য কোন বস্তু এই প্রকারে স্থাপন করিবেক কি করাইবেক না, যাহাতে ঐরূপ নির্গম হওয়া জল কোন সরকারী সরণ কি গমনাগমনের পথের উপর নিক্ষিপ্ত কি পতিত হয়।

এই নিয়ম উল্লংঘনের দণ্ড ৫৲ টাকা সংবাদ দেওয়ার পর উল্লংঘন করিতে থাকিলে প্রত্যহ ১৲ টাকা।

21. No person shall deposit, or cause to be deposited, in, or by the side of, any public drain any substance or thing whereby the said drain is, or may be, in any way obstructed.

Penalty for infringement, Rupees 10; penalty for continued infringement after notice, Rupees 3 daily.

২১। কোন ব্যক্তি কোন সরকারী নর্দ্দমাতে বা তাহার পার্শ্বে এমত কোন দ্রব্য কি বস্তু রাখিবেক কি রাখাইবেক না, যদ্দ্বারা ঐ নর্দ্দমা বন্ধ হয় কি হইতে পারে।

এই নিয়ম উলংঘনের দণ্ড ১০৲ টাকা সতর্ক করার পর উল্লংঘন করিতে থাকিলে প্রত্যহ ৩৲ টাকা।

22. No person shall construct, or place over, or by the side of, any public drain, any bridge, platform, building, or structure of any kind except by and with the written permission of the Commissioners, and in such manner as they shall direct.

২২। কমিসনরদিগের লিখিত অনুমতি ও তাঁহারা যেরূপ আজ্ঞা করেন তদ্ভিন্ন অন্য প্রকারে কোন ব্যক্তি কোন সরকারী নর্দ্দমার উপর কি পার্শ্বে কোন সাঁকো মাচাং কি অন্য কোন প্রকারের বস্তু নির্ম্মাণ কি স্থাপন করিবে না।

Penalty for infringement, Rupees 10; penalty for continued infringement after notice, Rupees 3 daily.

23. Any person being the owner of any fallen trees or shrubs, or the owner or occupier of the land on which such trees or shrubs may have been growing, shall remove them after notice within the time prescribed by the Commissioners.

Penalty for infringement, Rupees 10; penalty for continued infringement after notice, Rupees 2 daily.

24. If any house, wall, or other erection, or any part thereof, fall upon any public highway, or into any public drain, the owner of such house, wall, or erection, shall remove it after notice within the time prescribed by the Commissioners.

Penalty for infringement, Rupees 10; penalty for continued infringement after notice, Rupees 5 daily.

25. No person shall prepare any channel, or convey water by any channel, across any public thoroughfare, except in such manner as shall have been first approved by the Commissioners.

Penalty for infringement, Rupees 10; penalty for continued infringement after notice, Rupees 2 daily.

26. No person shall steep in any tank, or ditch, within municipal limits any jute, hemp, or other vegetable matter, likely to render the water of such tank, or ditch, offensive or noxious to the neighbourhood.

Penalty for infringement, Rupees 5, penalty for continued infringement after notice, Rupees 2 daily.

27. No person shall, without the written permission of the Commissioners, set up any obstruction in any nullah or water-course; and the Commissioners may order the removal of any such obstruction on grounds of public health.

Penalty for infringement, Rupees 10; penalty for continued infringement after notice, Rupees 4 daily.

28. The owner or occupier of any part of the bank of any nullah or water-course shall keep it free from filth, dense, vegetation, or other obstruction, and shall at all times allow the Commissioners, or any of their servants duly authorized to have access to such nullah or water-course for any purpose of public conservancy.

Penalty for infringement, Rupees 10; penalty for continued infringement after notice, Rupees 5 daily.

29. No person shall allow any pigs to be at large, or keep them otherwise than in closed styes.

এই নিয়ম উল্লংঘনের দণ্ড ১০৲ টাকা সতর্ক করার পারে উল্লংঘন করিতে থাকিলে প্রত্যহ ৩৲ টাকা।

২৩। কোন পতিত হওয়া গাছের কি ছাড়ার মালিক, কিম্বা যে ভূমিতে উহা ছিল তাহার মালিক কি দখিলকার কমিস্যনরদের নিকটহইতে সংবাদ প্রাপ্ত হইলে উহারদিগের নিরূপিত সময়ের মধ্যে তাহা স্থানান্তরিত করিবেক।

এই নিয়ম উল্লংঘনের দণ্ড ১০৲ টাকা, সতর্ক করার পর উল্লংঘন করিতে থাকিলে প্রত্যহ ২৲ টাকা।

২৪। যদি কোন ঘর, দেওয়াল কি অন্য ইমারত কি তাহার কোন অংশ সরকারী রাস্তার উপরে কিম্বা সরকারী নর্দ্দমাতে পতিত হয়, ঐ ঘর দেওয়াল কি ইমারতের মালিক সংবাদ প্রাপ্ত হইলে কমিস্যনরদিগের নিরূপিত সময়ের মধ্যে তাহা দূর করিবে।

এই নিয়ম উল্লংঘনের দণ্ড ১০৲ টাকা, সতর্ক করার পরে উলংঘন করিতে থাকিলে প্রত্যহ ৫৲ টাকা।

২৫। কমিস্যনরেরা আগে যেরূপ মনোনীত করেন তদ্ভিন্ন অন্য প্রকারে কোন ব্যক্তি সাধারণের গমনাগমনের পথের মধ্য দিয়া কোন জলের নালা প্রস্তুত কি কোন নালার দ্বারা জল আনয়ন করিবেক না।

এই নিয়ম উল্লংঘনের দণ্ড ১০৲ টাকা সতর্ক করার পর উল্লংঘন করিতে থাকিলে প্রত্যহ ২৲ টাকা।

২৬। কোন ব্যক্তি মিউনিসিপেলের সীমার মধ্যে কোন পুষ্করিণী কি খানাতে কোষ্টা, শণ কি এমত অন্য প্রকারের উদ্ভিদ পদার্থ নিমজ্জিত করিবেক না যদ্দ্বারা ঐ পুষ্করিণী কি খানার জল নিকটবর্ত্তী লোকের প্রতি ব্যামহজনক কি কষ্ট দায়ক হইতে পারে।

এই নিয়ম উল্লংঘনের দণ্ড ৫৲ টাকা সতর্ক করার পরে উল্লংঘন করিতে থাকিলে প্রত্যহ ২৲ টাকা।

২৭। কোন ব্যক্তি কমিস্যনরদিগের লিখিত অনুমতি ভিন্ন কোন নালা কি জলপ্রণালী কোন প্রকারে অবরুদ্ধ করিবেক না, এবং সাধারণের স্বাস্থ্যের নিমিত্তে কমিস্যনরগণ এইরূপ অবরোধ দূর করণার্থ আজ্ঞা দিতে পারেন।

এই নিয়ম উল্লংঘনের দণ্ড ১০৲ টাকা সতর্ক করার পর উল্লঘন করিতে থাকিলে প্রত্যহ ৪৲ টাকা।

২৮। কোন নালা কি জলপ্রণালীর কিনারার কোন ভাগের মালিক কি দখিলকার উহা ময়লা কি ঘন জঙ্গল কি অন্য প্রকারের অবরোধ হইতে মুক্ত রাখিবেক এবং সকল সময়ে কমিস্যনরদিগকে কি উচিতমতে ক্ষমতা প্রাপ্ত তাঁহারদিগের কোন কার্য্যকারককে সাধারণের পরিচ্ছন্নতা সংক্রান্ত কোন কার্য্যের নিমিত্তে ঐ নালা কি জলপ্রণালী দৃষ্টি করিতে দিবেক।

এই নিয়ম উল্লংঘনের দণ্ড ১০৲ টাকা সতর্ক করার পর উল্লংঘন করিতে থাকিলে প্রত্যহ ৫৲ টাকা।

২৯। কোন ব্যক্তি শূকর ছাড়িয়া দিবেক না, কিম্বা ভালরূপে খোঁয়ারে বদ্ধ করণ ব্যতীত অন্য প্রকারে রাখিবেক না।

[Government Gazette, 11th June 1867.]

Penalty for infringement, Rupees 5; penalty for continued infringement after notice, Rupees 2 daily.

30. No owner, occupier, or farmer, of any bazaar or shop, shall keep the same in other than a clean and proper state; and every such owner, occupier, or farmer, shall, without any delay, cause any meat, fish, or vegetable matter in a noxious state or unfit for food to be at once removed to a place to be notified to him by the Municipal Commissioners. No such owner, occupier, or farmer, shall obstruct any person, appointed by the Commissioners for that purpose, from entering and inspecting any such premises at any time between sun-rise and sun-set.

Penalty for infringement Rupees 20.

31. No person shall in any way obstruct, or allow to be obstructed, any of the lanes, walks, bye-ways, or thoroughfares in any bazar, by exposing for sale or accumulating any thing on such lane, walk, bye-way or thoroughfare.

Penalty for infringement, Rupees 10.

32. Every owner, occupier or farmer of any bazar, shall within 14 days after receipt of notice from the Commissioners, provide such latrines and urinals as in the opinion of the Commissioners may be necessary to secure the cleanliness and health of the bazar.

Penalty for infringement, Rupees 20; penalty for continued infringement, Rupees 5 daily.

33. No person shall perform any office of nature in any place outside private premises, other than such as may have been appointed by the Commissioners, provided that such places have been set apart by the Commissioners.

Penalty for infringement, Rupees 10.

34. No person shall build, or cause to be built or keep, after prohibition by the Commissioners, any tattee, privy, or urinal, within thirty (30) feet of any public road or street or in any compound so small as not to admit of that distance being maintained.

Penalty for infringement, Rupees 10; penalty for continued infringement after notice, Rupees 3 daily.

35. No person shall make the door of any private privy to open directly on any public thoroughfare; and any person having the door of his privy so constructed, shall alter it upon receipt of notice to that effect from the Commissioners.

Penalty for infringement, Rupees 20; penalty for continued infringement after notice, Rupees 2 daily.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৭। ১১ জুন।]

এই নিয়ম উল্লঙ্ঘনের দণ্ড ৫৲ টাকা, সতর্ক করার পর উল্লংঘন করিতে থাকিলে প্রত্যহ ২৲ টাকা।

৩০। কোন বাজারের কি দোকানের মালিক দখিলকার কি ইজারাদার তাহা পরিষ্কার ও উচিত অবস্থাভিন্ন অন্য প্রকারে রাখিবেক না, এবং এই প্রকার মালিক দখিলকার কি ইজারাদার কোন আহারের অযোগ্য কি ব্যামোহদায়ক অবস্থাপন্ন মৎস্য, মাংস কি উদ্ভিদ পদার্থ মিউনিসিপেল কমিস্যনরদিগের নির্দ্দিষ্ট স্থানে ত্বরায় স্থানান্তরিত করাইবেক। এই প্রকারের কোন মালিক দখিলকার কি ইজারাদার ঐ স্থান পরীক্ষার জন্যে কমিস্যনরদিগের নিয়োজিত কোন ব্যক্তিকে সূর্য্যোদয়হইতে সূর্য্যাস্ত পর্য্যন্ত কালের মধ্যে ঐ স্থানে প্রবেশ পূর্ব্বক পরীক্ষা করাতে বাধা করিবেক না।

এই নিয়ম উল্লংঘনের দণ্ড ২০৲ টাকা।

৩১। কোন ব্যক্তি কোন বাজারের গলি, সরগ, গোপনপথ কি অন্য প্রকারের সাধারণের গমনাগমনের রাস্তায় বিক্রীর নিমিত্তে কোন বস্তু রাখিয়া কি অন্য প্রকারে কোন দ্রব্য জমা করিয়া ঐ গলি, সরগ, গোপন পথ কি সাধারণের গমনাগমনের রাস্তা বন্ধ করিবেক না।

এই নিয়ম উল্লংঘনের দণ্ড ১০৲ টাকা।

৩২। কোন বাজারের মালিক দখিলকার কি ইজারাদার কমিস্যনরদিগের নিকটহইতে সংবাদ পাইবার পর ১০ দিনের মধ্যে কমিস্যনরদিগের বিবেচনাতে বাজারের পরিচ্ছন্নতা ও স্বাস্থ্য রক্ষার জন্যে যেরূপ মলমূত্র ত্যাগ করণের স্থান প্রস্তুত করা আবশ্যক বোধ হয় ঐ প্রকার মলমূত্র ত্যাগ করিবার স্থান নির্ম্মাণ করিবেক।

এই নিয়ম উল্লংঘনের দণ্ড ২০৲ টাকা ক্রমশঃ উল্লংঘন করিতে থাকিলে প্রত্যহ ৫৲ টাকা।

৩৩। কমিস্যনরদিগের দ্বারা নির্দ্দিষ্ট স্থান ভিন্ন স্বকীয় স্থানের বাহির অন্য স্থানে কোন ব্যক্তি মলমূত্র ত্যাগ করিবেক না, ইহাতে এই বর্জিত বিধি আছে যে ঐ স্থান কমিস্যনরগণ স্বতন্ত্র করিয়া রাখিলে এই নিয়ম খাটিবেক।

এই নিয়ম উল্লংঘনের দণ্ড ১০৲ টাকা।

৩৪। কমিস্যনরদিগের দ্বারা বাধা হওয়ার পরে কোন ব্যক্তি কোন সরকারী রাস্তা কি গলি হইতে ৩০ ফিটের মধ্যে কি এই পরিমিত দূরতা রক্ষা হইতে পারে না এমত বসতবাটীর মধ্যে টাটী, পায়খানা কি মূত্র ত্যাগের স্থান নির্ম্মাণ করিবেক কি করাইবেক না।

এই নিয়ম উল্লংঘনের দণ্ড ১০ টাকা; সতর্ক করার পর উল্লংঘন করিতে থাকিলে প্রত্যহ ৩৲ টাকা।

৩৫। কোন ব্যক্তি নিজ পায়খানার দ্বার কোন সাধারণের গমনাগমনের পথের অভিমুখে প্রস্তুত করিবেক না। যে কোন ব্যক্তির পায়খানার দ্বার এই রূপে নির্ম্মিত হইয়াছে, সে কমিস্যনরদিগের নিকট হইতে আদেশ পাইলে তাহা পরিবর্ত্তিত করিবেক।

এই নিয়ম উল্লংঘনের দণ্ড ২০৲ টাকা, সতর্ক করার পর উল্লংঘন করিতে থাকিলে প্রত্যহ ২৲ টাকা।

36. No person shall carry night soil through the streets, except between the hours of 9 P. M. and 5 A. M., or otherwise than in a closely covered receptacle, or use any place, other than those approved by the Commissioners for the purpose of depositing such night soil.

Penalty for infringement, Rupees 20.

৩৬। অপরাহ্ন ৯ এবং পূর্ব্বাহ্ন ৫ ঘটিকার মধ্যবর্ত্তী কালভিন্ন অন্য সময়ে কি ভালরূপে আচ্ছাদিত পাত্রভিন্ন অন্য প্রকারে রাস্তা দিয়া বিষ্ঠা লইয়া যাইতে পারিবেক না ও ঐ বিষ্ঠা কমিসানরদিগের মনোনীত স্থানভিন্ন অন্য স্থানে ফেলাইতে পারিবেক না এই নিয়ম উল্লংঘনের দণ্ড ২০৲ টাকা।

37. No person shall suffer any offensive matter from any manufactory, place of business, stable or cook-house, to flow into any river, nullah, canal, tank, or surface drain.

Penalty for infringement, Rupees 20; penalty for continued infringement after notice, Rupees 5 daily.

৩৭। কোন ব্যক্তি কোন কারখানা, ব্যবসায় স্থান অশ্বালয় কি রন্ধনশালাহইতে কোন ব্যামোহদায়ক পদার্থ নির্গত হইয়া কোন নদী, নালা, জল প্রণালী পুষ্করিণী কি অগভীর নর্দ্দমাতে পতিত হইতে দিবেক না।

এই নিয়ম উল্লংঘনের দণ্ড ২০৲ টাকা সতর্ক করার পরে উল্লংঘন করিতে থাকিলে প্রত্যহ ৫৲ টাকা।

38. No person shall keep filth, dirt, dung, bones, dead bodies, rubbish or other matter of a noisome kind, for more than twelve hours, in such a place or manner, as to cause annoyance to any person, or injury to the public health.

Penalty for infringement, Rupees 20.

৩৮। কোন ব্যক্তি ময়লা, মল, বিষ্ঠা হাড় শব আবর্জ্জনা কি অন্য রকমের অনিষ্টজনক পদার্থ বার ঘণ্টার অধিক কাল এমত স্থানে কি প্রকারে রাখিবেক না যাহাতে তদ্দারা কোন ব্যক্তির কষ্ট কি সাধারণের স্বাস্থ্যের হানি হইতে পারে।

এই নিয়ম উল্লংঘনের দণ্ড ২০৲ টাকা।

39. All dust, dirt, and rubbish of every kind the removal of which is undertaken by the Municipal Commissioners, shall be deposited, on the side of the road near the entrance of the premises from which it has come, between the hours of 6 A. M. and 8 A. M.

Penalty for infringement, Rupees 10.

৩৯। সকল প্রকারের ধূলা ময়লা ও আবর্জ্জনা যাহা কমিসানরগণ স্থানান্তরিত করণের ভার লয়েন, ঐ সমস্ত অপরাহ্ন ৬ বাজা ও পূর্ব্বাহ্ন ৮ বাজার মধ্যে যে ঘরহইতে ঐ সমুদায় বহিষ্কৃত হয়, ঐ ঘরের দ্বারের সম্মুখে রাস্তার ধারে রাখিতে হইবেক।

এই নিয়ম উল্লংঘনের দণ্ড ১০৲ টাকা।

40. No refuse resulting from any business, trade, or profession, shall be removed by the Municipal Commissioners, except on payment for removal at such rate as the Commissioners may determine; and any expense incurred on this account shall be recoverable as a debt due to the Commissioners.

৪০। কোন কারবার, বাণিজ্য, কি ব্যবসায় ঘটিত আবর্জ্জনা মিউনিসিপেল কমিসানরদিগের নিরূপিত নিরিখে খরচ না দিলে কমিসানরগণ তাহা স্থানান্তরিত করিবেন না। এই প্রকারের খরচের টাকা কমিসানরদিগের দেনা টাকার ন্যায় আদায় হইবেক।

41. All dirt, dust, ashes, rubbish, sewerage, soil, dung, and filth collected from the highways, houses, privies, sewers, and cess-pools, by the Municipal Commissioners, shall be the property of the Commissioners, who shall have power to sell or dispose of the same as they may think proper, and the money arising from the sale thereof, shall be applied to the purposes of the District Municipal Improvement Act.

৪১। যে সমস্ত ময়লা, ধূলা, ছাই আবর্জ্জনা নর্দ্দমার কর্দ্দম মল ও বিষ্ঠা রাস্তা, ঘর পায়খানা ও নর্দ্দমা হইতে মিউনিসিপেল কমিসানরদের দ্বারা সংগৃহীত হয় তৎসমুদায় উক্ত কমিসানরদিগের সম্পত্তি হইবেক ও তাঁহারা ঐ সমস্ত বিক্রয় কি অন্য যেরূপ উচিত বুঝেন ঐ রূপ করিতে পারিবেন ঐ সকল বিক্রয়ের দ্বারা যে টাকা পাওয়া যায় তাহা নগরের উৎকৃষ্টতা সাধনকার্য্যে ব্যয় করা যাইবেক।

42. No person shall put on any wall, or on any roof a house, or on any bank, or tree, or on any other place or thing facing any road or public place, any preparation of dung to be used as fuel, or for any other purpose.

Penalty for infringement, Rupees 5.

৪২। কোন ব্যক্তি কোন রাস্তা কি সরকারী কোন স্থানের সম্মুখিন কোন দেওয়ালে, ঘরের চালে, পুষ্করিণীআদির কিনারাতে গাছে কি অন্য কোন স্থানে কি বস্তুতে জ্বালানের নিমিত্তে কি অন্য কোন কার্য্যার্থে গোবর ঘটিত কোন বস্তু স্থাপন করিতে পারিবেক না।

এই নিয়ম উল্লংঘনের দণ্ড ৫৲ টাকা।

43. Every person, within whose premises any animal may die, shall, within three (3) hours after its death, or, if the death occurs at night, within two hours after day light, either remove at his own expense the carcass to such place as may be set apart by the Commissioners for the

৪৩। যে ব্যক্তির বাড়ীর মধ্যে কোন জন্তু মরে সে উহা মরিবার পর ৩ ঘণ্টার মধ্যে কিম্বা রাত্রি মরিলে সূর্য্যোদয়ের পরে ২ ঘণ্টার মধ্যে তাহা শব ফেলাইবার নিমিত্তে কমিসানরদিগের নির্দ্দিষ্ট স্থানে স্থানান্তরিত করিবেক, কিম্বা নগরের যে ভাগে ঐ বাড়ী থাকে ঐ ভাগের কনসরভেন্সী ওবরসিয়রকে সংবাদ দিবেক।

reception of such carcasses, or report its death to the conservancy overseer of the division within which such premises may be situated; and in such latter case shall pay to the said overseer the expense of removing the carcass at such rate as the Commissioners may determine; and in cases where the said person is not the owner of the animal, and the owner is known, the owner shall alone be responsible for the payment of such expense, and such expense shall be recoverable as a debt due to the Commissioners. No overseer, when called upon, shall neglect to remove a carcass.

শেষোক্ত মত কার্য্য হইলে কমিসানরদিগের নিরূপিত খরচ ঐ ওবরসিয়রের হাতে দিতে হইবেক। যদি ঐ ব্যক্তি উক্ত জন্তুর মালিক নহে ও তাহার মালিককে জানা যায়, তবে উক্ত খরচের জন্যে ঐ মালিক দায়ী হইবেক, এবং ঐ প্রকারের খরচ কমিসানরদিগের পাওনা টাকার ন্যায় আদায় হইবেক। প্রার্থনা হইলে কোন ওবরসিয়র শব স্থানান্তরিত করিতে অস্বীকার করিবেক না।

Penalty for infringement, Rupees 10.

এই নিয়ম লংঘনের দণ্ড ১০৲ টাকা

44. *No person shall let loose, or cause or allow* to be let loose, or allow to get loose, any diseased or wornout animal into any highway, or into any place whence such animal can escape into any highway.

৪৪। কোন ব্যক্তি কোন রুগ্ন কি জীর্ণাবস্থাপন্ন জন্তুকে কোন সরণে কি যে স্থানহইতে সরণে যাইতে পারে এমত স্থানে মুক্ত করিয়া কি করাইয়া অথবা মুক্ত হইতে দিবেক না।

Penalty for infringement, Rupees 20.

এই নিয়ম উল্লংঘনের দণ্ড ২০৲ টাকা।

45. No person shall deposit, or cause to be deposited any carcass, ar any part of a carcass in any place other than such places as may, from time to time, be appointed by the Commissioners for the reception of such carcasses.

৪৫। কোন ব্যক্তি কোন শব কি তাহার কোন অংশ শব ফেলাইবার নিমিত্তে সময়ে সময়ে কমিসানরগণ যে স্থান নিরূপিত করেন তদ্ভিন্ন অন্য স্থানে স্থাপন করিবেক কি করাইবেক না।

Penalty for infringement, Rupees 10.

এই নিয়ম উল্লংঘনের দণ্ড ১০৲ টাকা

46. No person shall dispose, or cause to be disposed, of any corpse, or any part of a corpse, oth[illegible] may be necessary to secu[illegible] or burying it at health of the bazar [illegible] otherwise than by burn[illegible] in some lawful burning or burial ground.

৪৬। কোন ব্যক্তি কোন শব কি তাহার কোন অংশ শবদাহ কি প্রোথিত করণার্থ নির্দ্দিষ্ট স্থানে দগ্ধ কি প্রোথিত করণভিন্ন অন্য [illegible] করিবেক না।

Penalty for infringement, Rupees 10.

এই নিয়ম উল্লংঘনের দণ্ড ১০৲ টাকা।

47. No person shall bury, or caused to be buried, any corpse, or any part of a corpse, in any burial ground in a grave constructed of masonry in such manner that the top of the coffin, or the body where no coffin is used, shall be at a less depth than four (4) feet from the surface ground.

৪৭। কোন ব্যক্তি কোন সমাধি স্থানে কোন শব কি তাহার কোন অংশ ইষ্টক নির্ম্মিত কবরে এইরূপে প্রোথিত করিবেক না, যাহাতে সিন্দুকের উপরিভাগ কি সিন্দুক না হইলে শবের শরীর, ভূমির উপরিভাগ হইতে ৪ ফিটের ন্যূন গভীরতায় থাকে।

Penalty for infringement, Rupees 10.

এই নিয়ম উল্লংঘনের দণ্ড ১০৲ টাকা।

48. No person shall bury, or cause to be buried, in any burial ground, any corpse, or any part of a corpse, in a grave not constructed of masonry which shall be less than six (6) feet deep.

৪৮। কোন ব্যক্তি কোন সমাধি স্থানে কোন শব কি তাহার কোন অংশ ইষ্টক নির্ম্মিত না হইলে ৬ ফিটের ন্যূন গভীর কবরে প্রোথিত করিবেক না।

Penalty for infringement, Rupees 10.

এই নিয়ম উল্লংঘনের দণ্ড ১০৲ টাকা।

49. No person shall build or dig, or cause to be built or dug, any grave in any burial ground at a less distance than four (4) feet from any other existing grave.

৪৯। কোন ব্যক্তি কোন সমাধি স্থানে কোন কবর হইতে ৪ ফিটের ন্যূন দূরে অন্য কোন কবর নির্ম্মাণ কি খনন করিবেক কি করাইবেক না।

Penalty for infringement, Rupees 20.

এই নিয়ম উল্লংঘনের দণ্ড ২০৲ টাকা।

50. No person shall build or dig, or cause to be built or dug, a grave in any burial place in any other line than that marked out by the Commissioners.

৫০। কোন ব্যক্তি কোন সমাধি স্থানে কমিসানরদিগের নির্দ্দিষ্ট শ্রেণীভিন্ন অন্য শ্রেণীতে কোন কবর নির্ম্মাণ কি খনন করিবেক কি করাইবেক না।

Penalty for infringement, Rupees 20.

এই নিয়ম উল্লংঘনের দণ্ড ২০৲ টাকা।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৬৭। ১১ জুন।

51. No grave once used shall be opened for the burial of another body without the permission of the Commissioners.

Penalty for infringement, Rupees 20.

৫১। কমিস্যনরদিগের অনুমতিব্যতীত যে কবরে কোন শব প্রোথিত হইয়াছে তাহা অন্য শব প্রোথিত করণার্থ পুনঃখোলা যাইবেক না।

এই নিয়ম উল্লংঘনের দণ্ড ২০৲ টাকা।

52. Every person who shall bring or convey, or cause to be brought or conveyed, any corpse, or any part thereof, to any burning ground, shall burn, or cause the same to be burnt, within two (2) hours after its arrival at the said burning ground.

Penalty for infringement, Rupees 20.

৫২। যে ব্যক্তি কোন শব কি তাহার কোন অংশ দাহ স্থানে লইয়া যায় কি পঁহুছায় কি অন্যের দ্বারা নেওয়ায় কি পঁহুছায় সে উহা দাহ স্থানে আনীত হইবার পরে ২ ঘণ্টার মধ্যে দাহ করিবেক কি করাইবেক।

এই নিয়ম লংঘনের দণ্ড ২০৲ টাকা।

53. No person, when burning or causing to be burnt, any corpse, or any part of a corpse, in any burning ground, shall permit the same, or any part thereof, to remain without being completely reduced to ashes; or shall permit the clothes, or other articles connected with the burning of such corpse, to remain at or near such buring ground, unless the same be completely reduced to ashes.

Penalty for infringement, Rupees 20.

৫৩। কোন ব্যক্তি দাহ স্থানে কোন শব কি তাহার অংশ দাহ করাতে কি করাণেতে ঐ শব কি তাহার অংশ সংপূর্ণরূপে ভস্ম না করিয়া ছাড়িবেক না, কিম্বা কোন কাপড় কি ঐ শব দাহ সম্বন্ধায় অন্য কোন বস্তু সম্পূর্ণরূপে ভস্মসাত না করিয়া দাহ স্থান কি তাহার নিকটে ছাড়িবেক না।

এই নিয়ম উল্লংঘনের দণ্ড ২০৲ টাকা।

54. No one shall carry a corpse, or part of a corpse, through any highway, unless it be decently covered and totally concealed from public view.

Penalty for infringement, Rupees 10.

৫৪। কোন ব্যক্তি কোন শব কি তাহার কোন অংশ ভালরূপে আচ্ছাদিত ও সাধারণের দৃষ্টি হইতে সম্পূর্ণরূপে গোপিত না করিয়া কোন সরকারী সরণ দিয়া লইয়া যাইবেক না।

এই নিয়ম লংঘনের দণ্ড ১০ টাকা।

55. No person, while carrying any corpse, or part of a corpse, through the precincts falling within municipal limits, shall deposit it on or near any public highway for any purpose whatever.

Penalty for infringement, Rupees 10.

৫৫। কোন ব্যক্তি মিউনিসিপেল সীমার মধ্য দিয়া শব কি তাহার কোন অংশ লইয়া যাওয়া কালে কোন কারণে তাহা সরকারী রাস্তায় কি রাস্তার কিনারে স্থাপিত করিবেক না।

এই নিয়ম লংঘনের দণ্ড ১০৲ টাকা।

56. Every corpse, or part of a corpse, that has been kept or used for purposes of dissection, must be removed in a closed vehicle.

Penalty for infringment, Rupees 20.

৫৬। প্রত্যেক শব কি তাহার অংশ যাহা ব্যবচ্ছেদের জন্য রাখা গিয়াছে কি ব্যবহৃত হইয়াছে তাহা আচ্ছাদিত যানের দ্বারা স্থানান্তরিত করিতে হইবেক।

এই নিয়ম উল্লংঘনের দণ্ড ২০৲ টাকা।

57. No person shall picket aminals, or collect carts, or form any encampment upon any public ground, without the permission of the Commissioners.

Penalty for infringement, Rupees 10.

৫৭। কোন ব্যক্তি কমিস্যনরদিগের অনুমতি বিনা কোন সরকারি ভূমিতে কাঠগড়া দ্বারা জন্তু আবদ্ধ কি গাড়ি সংগ্রহ অথবা তাম্বু খাড়া করিবেক না।

এই নিয়ম উল্লংঘনের দণ্ড ১০৲ টাকা।

Miscellaneous.

বিবিধ বিষয়ক নিয়ম।

58. The Commissioners may cause to be put up, or painted in a conspicuous part of any house, building, wall, or place in any highway, the name by which such highway is to be known. Any person pulling down, destroying or defacing such name, shall be liable to a penalty of Rupees 5.

৫৮। কমিস্যনরেরা কোন ঘর, ইমারত কি দেওয়ালের কোন প্রকাশ্য ভাগে কি কোন সরণে ঐ সরণের নাম অঙ্কিত কি স্থাপিত করাইতে পারেন। যে ব্যক্তি ঐ নাম দূরীকৃত, নষ্ট কি মার্জ্জিত করে তাহার ৫৲ টাকা দণ্ড হইতে পারিবেক।

[*Govern ent Gazette,* 11*th June* 1867.]

59. The Commissioners may fix a number in a conspicuous place on the outside of any house or building, or at the entrance of the enclosure thereof, fronting any highway. Any person destroying pulling down, or defacing, any such number shall be liable to a fine of Rupees 5.

৫৯। কমিস্যনরেরা কোন ঘরের কি ইমারতের বহির্ভাগের কোন প্রকাশ্য স্থানে কি উহার চতুঃপার্শ্বের বেড়ার কোন সরণের সম্মুখিন দুয়ারেতে এক নম্বর স্থাপন করিতে পারেন। যে ব্যক্তি ঐ নম্বর নষ্ট দূরীকৃত, কি মার্জ্জিত করে যে ৫ মুদ্রা দণ্ডের যোগ্য হইবেক।

60. It shall be lawful for the Commissioners to levy fees for any licenses granted by them under the Act or Bye-laws, and the fees to be so charged shall be, from time to time, adjusted by the Commissioners with the sanction of Government.

৬০। পূর্ব্বোক্ত আইন কি নিয়মাবলী অনুসারে কমিস্যনরগণ যে অনুমতিপত্র দেন তাহার বাবত তাঁহারা কি (শুল্ক) আদায় করিতে পারিবেন। এই প্রকারে গ্রহণীয় কি গবর্ণমেণ্টের মঞ্জুরীমত সময়েং কমিস্যনরেরা নির্দ্ধারিত করিবেন।

61. Any person required by the Act, or by any Bye-law under it, to take out a license, shall produce and shew his license when required to do so by any Commissioner, or any person duly empowered by the Commissioners, in writing, to make such requisition.

Penalty for infringement, Rupees 20.

৬১। উপযুক্ত আইন কি তদনুযায়ী নিয়মাবলী অনুসারে যে ব্যক্তির কোন অনুমতিপত্র লওয়া উচিত, সে কমিস্যনরেরা স্বয়ং কিম্বা তাঁহারদিগের নিকট ঐ কার্য্যের নিমিত্তে লিখিত ক্ষমতাপ্রাপ্ত কোন ব্যক্তি দেখিতে চাহিলে তাহা দেখাইবেক।

এই নিয়ম লংঘনের দণ্ড ২০৲ টাকা।

62. The owner of any vehicle registered under Sections 49, 51 of the District Municipal Improvement Act shall affix, or cause to be affixed the registration number on some conspicuous part of such vehicle.

Penalty for infringement, Rupees 5.

৬২। জিলার উৎকর্ষতা সাধক আইনের ৪৯ ও ৫১ ধারা অনুসারে যে কোন যান রেজিষ্টরী করা হয় ঐ যানের মালিক কথিত যানের কোন প্রকাশ্যভাগে রেজিষ্টরী হওয়া নম্বর স্থাপিত করিবেক কি করাইবেক

এই নিয়ম লংঘনের দণ্ড ৫৲ মুদ্রা।

J. SHERER,
Depy. Commr. Chairman.

জে সেয়ারার,
ডেপুটী কমিস্যনর ও সভাপতি।

...ing or burying it at

INSOLVENT COURT.

যোত্রহীনের আদালত ।

COURT FOR THE RELIEF OF INSOLVENT DEBTORS AT CALCUTTA.

কলিকাতা যোত্রহীন ঋণিদের উপকারার্থ আদালত।

In the Matter of GOLAUM HOSSAIN VIRJEE, an Insolvent.

On Saturday, the 1st day of June instant, upon an application of the Assignee in this matter, it was ordered that the said Assignee do from and out of the sum of Rupees 40,769-8-7 in his hands, pay a Dividend at the rate of Rupees seven per cent. (which will amount to the sum of Rupees 36,490-10-6, upon the several claims admitted on the Schedule of the said Insolvent so soon as such claims shall be duly substantiated to the satisfaction of the said Assignee.

Notice whereof is hereby given.

OFFICIAL ASSIGNEE'S OFFICE,
Calcutta, 10*th June* 1867.

যোত্রহীন গোলাম হুসেন বারজীর বিষয়ে।

আসৈনি সাহেব বর্ত্তমান জুন মাসের ১ তারিখ শনিবার এই বিষয়ে যে প্রার্থনা করেন তাহাতে আজ্ঞা হইয়াছিল যে উক্ত যোত্রহীনের তফসীলের যে সকল দাওয়া স্বীকার হইয়াছে, তাহা উক্ত আসৈনি সাহেবের হৃদ্বোধমতে প্রমাণ হইবামাত্র তাঁহার হাতে যে ৪০,৭৬৯৷৷৭ টাকা আছে তাহাহইতে তিনি উক্ত প্রত্যেক দাওয়ার উপর শতকরা ৭৲ টাকার হিসাবে সর্ব্বসুদ্ধ ৩৬,৪৯০৷৷৵৬ টাকা ডিবিডেণ্ড দেন।

ইহাতে সম্বাদ দেওয়া গেল।

সরকারী আসৈনি সাহেবের দফ্তরখানা
কলিকাতা, ১৮৬৭ সাল ১০ জুন।

[গবর্ণমেণ্ট গেজেট ৮৬৭। ১১ জুন।]

To BE PEREMPTORILY SOLD, pursuant to a Decree of the High Court of Judicature at Fort William in Bengal, in its Ordinary Original Civil Jurisdiction, made in a certain suit wherein Anundendirnarain Roy, Soondernarain Roy, Rajah Goluckindernarain Roy, and Ranee Aunodamoney Dossee, are the plaintiffs, and Rajah Pertab Chunder Singh Bahadoor is defendant, on and bearing date the 6th day of June 1865, by the Registrar of the said Court at the Town Hall, on Saturday, the 29th day of June 1867, at the hour of 12 o'clock noon, the following properties *viz*:—

এই বিজ্ঞাপন পত্রদ্বারা সর্ব্বসাধারণকে সমাচার দেওয়া যাইতেছে যে মোকদ্দমায় আনন্দ ইন্দ্রনারায়ণ রায় সুন্দরনারায়ণ রায় রাজা গোলোক ইন্দ্রনারায়ণ রায় এবং রাণী অন্নদাময়ী দাসী বাদী এবং রাজা প্রতাপচন্দ্র সিংহ বাহাদুর প্রতিবাদী সেই মোকদ্দমা বিষয়ে সুবে বাঙ্গালার অন্তঃপাতি ফোর্ট উলিয়ম দুর্গের অধীনস্থ হাই কোর্ট আদালতের আড়িনারি অরিজিনেল সিবিল জুরিশড়িকশন অর্থাৎ দেওয়ানি মোকদ্দমার প্রথম বিচার স্থলে ১৮৬৫ সালের ৬ জুন তারিখে যে ডিক্রী হইয়াছে সেই ডিক্রী অনুসারে উল্লিখিত হাই কোর্টের রেজিষ্ট্রার সাহেব সন ১৮৬৭ সালের ২৯ জুন তারিখে শনিবার বেলা দুই প্রহরের সময় টাউন হাল নামক বাটীতে নিম্নলিখিত সম্পত্তি বিক্রয় করিবেন যথা।

LOT No. 1.—All that Talook called Gourango Chuck, situate in Pergunnah Soojamootee, in the Zillah of Midnapore, and numbered 2058 in the Touzee of the Collectorate of the said Zillah of Midnapore, the annual Sudder Jumma or Government Revenue of which is Rupees 1,062-2-4 gundahs, and which said Talook consists of three Mouzahs and Villages, *viz.*, Puschim Chuck, &c.

১ নং লাট জেলা মেদিনীপুর অন্তঃপাতি শুজামটী পরগনাস্থিত তালুক গৌরাঙ্গচক উক্ত জেলা মেদিনীপুরের কালেক্টরির তৌজিভুক্ত ২০৫৮ নং যাহার বার্ষিক সদর জমা অর্থাৎ গবর্ণমেণ্টের খাজানা হয় তঙ্কা ১০৬২৵৪ গণ্ডা এই তালুকে তিনটি মৌজা গ্রাম আছে যথা পশ্চিম চক ইত্যাদি

LOT No. 1 (A).—All Purchased, Burmutter, Debutter, Peerutter Fuckeerutter, Aymah, and Mohottran lands belonging to the above lot.

১ নং A নং লাট উপরোক্ত লাটের অন্তর্গত ক্রয় করা ব্রহ্মোত্তর দেবোত্তর পিরোত্তর ফকীরোত্তর আয়মা এবং মহত্রাণ জমী।

LOT No. 2.—All that Talook called Doorga Chuck, situate in Pergunnah Soojamootte aforesaid, and No. 2098 in the Touzee of the said Collectorate, the annual Sudder Jumma or Government Revenue of which is Rupees 1,037-12-1 gundahs and 2 cowries, and which said Talook consists of four Mouzahs and Villages, *viz.*, Kheerish Baree, &c.

২। নং লাট উক্ত শুজামুটী পরগনাস্থিত উক্ত কালেক্টরির তৌজিভুক্ত যাহার বার্ষিক সদর জমা অর্থাৎ গবর্ণমেণ্টের খাজানা হয় তঙ্কা ১০৩৭৸৴১৷৷ কড়া এই তালুকে ৪ টী মৌজা ও গ্রাম আছে যথা খিরিস বাড়ি দিং।

LOT No. 2 (A.)—All Purchased, Burmutter, Debutter, Peerutter, Fuckeerutter, Aymah, and Mohottran lands belonging to the above lot.

২। A নং লাট উপরোক্ত লাটের অন্তর্গত ক্রয়করা ব্রহ্মোত্তর দেবোত্তর পিরোত্তর ফকীরোত্তর আয়মা এবং মহত্রাণ জমী।

LOT No. 3.—All that Talook called Basoobe Chuch, situate in Pergunnah Soojamoottee aforesaid, and No. 2090 in the Touzee of the said Collectorate, the annual Sudder Jumma or Government Revenue of which is Rupees 654-12-8, and which Talook consists of five Mouzahs and Villages, *viz.*, Kheerish Baree, &c.

৩ নং লাট শুজামুটী পরগনাস্থিত উপরোক্ত কালেক্টরির তৌজিভুক্ত ২০৯০ নং তালুক বাশলীচক যাহার বার্ষিক সদর জমা অর্থাৎ গবর্ণমেণ্টের খাজানা হয় তঙ্কা ৬৫৪৸৵ গণ্ডা এই তালুক ৫ টী মৌজা ও গ্রাম আছে যথা খিরিস বাড়ি দিং।

LOT No. 3 (A).—All Purchased, Burmutter, Debutter, Fuckeerutter, Aymah, and Mohottran lands belonging to the above lot.

৩। A নং লাট উপরোক্ত লাটের অন্তর্গত খরিদা ব্রহ্মোত্তর ফকীরোত্তর আয়মা এবং মহত্রাণ জমী।

LOT No. 4.—All that Talook called Shama Chuck, situated in Pergunnah Soojamootee aforesaid, and No. 2091 in the Touzee of the said Collectorate, the annual Sudder Jumma or Government Revenue of which is Rupees 608-13-8 gundahs, and which Talook contains four Mouzahs and Villages, *viz.*, Gurbarree, &c.

৪ নং লাট উক্ত শুজামুটী পরগনাস্থিত উপরোক্ত কালেক্টরির তৌজিভুক্ত ২০৯১ নং তালুক শামাচক যাহার বার্ষিক সদর জমা অর্থাৎ গবর্ণমেণ্টের খাজানা হয় তঙ্কা ৬০৮৸৴৩ গণ্ডা এই তালুকে চারটী মৌজা গ্রাম আছে যথা গড়বাড়ি দিং।

LOT No. 4 (A).—All Purchased, Burmutter, Debutter, Fuckeerutter, Aymah, and Mohottran lands belonging to the above lot.

৪। A লাট উপরোক্ত লাটের অন্তর্গত খরিদা ব্রহ্মোত্তর দেবোত্তর ফকীরোত্তর আয়মা এবং মহত্রাণ জমী।

Lot No. 5.—All that Talook called Radapore, situate in Pergunnah Soojamootee aforesaid, and numbered 2,620 in the Touzee of the said Collectorate, the annual Sudder Jumma or Government Revenue of which is Rupee 607-0-9 gundahs and 2 cowries, which Talook contains ten Mouzahs and Villages, *viz.*, Beebesunpore, &c.

৫ নং। লাট উক্ত শুজামুটী পরগনাস্থিত উপরোক্ত কালেক্টরির তৌজিভুক্ত ২৬২০ নং তালুক রাধাপু যাহার বার্ষিক সদর জমা অর্থাৎ গবর্ণমেন্টের খাজান হয় তঙ্কা ৬০৭৯৷৷ কড়া এই তালুকে ১০ টী মৌজা ও গ্রাম আছে যথা বিভীষণপুর দিং।

Lot No. 5 (A).—All Purchased, Burmutter, Debutter, Peerutter, Fuckeerutter, Aymah, and Mohottran lands belonging to the above lot.

৫। A নং। লাট উপরোক্ত লাটের অন্তর্গত খরিদা ব্রহ্মোত্তর দেবোত্তর ফকীরোত্তর আয়মা এবং মহত্রাণ জমী।

Lot No. 6 (A).—All that Talook called Kismut Rajcool, situate in Pergunnah Soojamootee aforesaid, and No. 1710 in the Touzee of the said Collectorate, the annual Sudder Jumma or Government Revenue of which is Rupees 3,361-6-8 gundahs, and which Talook consists of eight Mouzahs and Villages, *viz.*, Gurbarree, &c.

৬ নং লাট উক্ত শুজামু[illegible]স্থিত উপরোক্ত কালেক্টরির তৌজিভুক্ত [illegible] তালুক কিসমত রাজকুল যাহার বার্ষিক সদর [illegible]র্থাৎ গবর্ণমেন্টের খাজানা হয় তঙ্কা ৩৩৬১।৶৮ [illegible] এই তালুকে ৮ টী মৌজা ও গ্রাম আছে যথা [illegible] দিং। [illegible] তাঁহারদি [illegible] প্রাপ্ত [illegible] গড়বাড়ি।

Lot No. 6 (A).—All Purchased, Burmutter, Debutter, Peerutter, Fuckeerutter, Aymah, and Mohottran lands belonging to the above lot.

৬। A নং লাট [illegible] উপরোক্ত লাটের [illegible] অন্তর্গত খরিদা ব্রহ্মোত্তর ফকীরোত্ত[illegible] আয়মা ও মহ[illegible]ত্রাণ জমী।

Lot No. 7.—All that Talook called Mehal Rajcool, Chacklah, Hidgellee, situate in Pergunnah Soojamootee aforesaid, and No. 1709 in the [illegible] of the said Collectorate, the annual Sudd[illegible] Touzee or Government Revenue of [illegible] Sudder Jumma 37,150-15-8 gundahs [illegible] which is Rupees sixty-ei[illegible] and which Talook contains [illegible] eight Mouzahs and Villages, *viz.*, Beebesunpore, &c.

৭। নং লাট [illegible] পরগনাস্থিত [illegible] টরীর তৌজিভুক্ত [illegible] ৯ নং তালুক মহাল রাজকুল চাকলা হিজিলী যাহার বার্ষিক সদর জমা হয় তঙ্কা ৩৭১৫০৷৶৮ গণ্ডা এই তালুকে ৬৮ টী মৌজা ও গ্রাম আছে যথা বিভিশনপুর দিং।

Lot No. 7 (A).—All Purchased, Burmutter, Debutter, Peerutter, Fuckeerutter, Aymah, and Mohottran lands belonging to the above lot.

৭। A নং লাট উপরোক্ত লাটের অন্তর্গত খরিদা ব্রহ্মোত্তর দেবোত্তর ফকীরোত্তর আয়মা এবং মহাত্রাণ জমী।

Lot No. 8.—All that upper-roomed brick-built house and several thatched houses, together with the land thereunto belonging, and on part whereof the same is erected and built, containing by estimation 100 biggahs or thereabouts, situate at Kajooleegur Soojamootee, in Pergunnah Soojamootee aforesaid, and which land is surrounded by a Ghur Canal.

৮ নং। লাট উক্ত শুজামুটী পরগনার অন্তঃপাতি কাজুলীগড় শুজামুটীস্থিত যে ইষ্টক নির্ম্মিত দোতলাবাটী এবং অনেক খুজরা ঘর এবং তৎসম্বলিত ১ খণ্ড জমি যাহার পরিমাণ প্রায় ১০০/ বিঘা এবং গড় অর্থাৎ খালদ্বারায় এই জমী পরিবেষ্টিত আছে।

Lot No. 9.—All that lower-roomed brick-built house called Kachareebatty, with the piece of land thereunto belonging, and on part whereof the same is built, having several flower trees growing thereon, and having also tank with pucca ghau called Montoolsee Pooskurnee, contain by estimation about 8 biggahs, situate at Kajooleegur Soojamootee aforesaid, and which land is surrounded by a mud wall.

৯ নং। লাট উক্ত কাজুলীগড় শুজামুটীস্থিত কাছারীবাটী নামক যে ইষ্টক নির্ম্মিত একতলা বাটী যায় পুষ্পবৃক্ষ ও পুষ্করিণী ও পাকাঘাট এবং তৎসম্বলিত এক খণ্ড জমী যাহার পরিমাণ প্রায় ৮/ বিঘা এবং এই চতুর্দ্দিকে এক মাটীর দেওয়াল আছে।

Lot No. 10.—All that piece or parcel of garden ground having several trees growing thereon, and which has several thatched houses erected thereon, and in which there is a tank called Deghee Pooskurnee, containing by estimation about 32 biggahs,

১০ নং। লাট উক্ত কাজুলীগড় শুজামুটীস্থিত রায়[illegible] জমী যায় বৃক্ষ ও খড়ুয়া ঘর এবং দীঘি পুষ্করিণী নামক এক পুষ্করিণী এবং তৎসম্বলিত ১ খণ্ড জমী যাহার পরিমাণ প্রায় ৩২/ বিঘা এবং বাগান শুজামুটী নামক এক স্থানস্থিত বৈঠকখানা নামক ইষ্টক নির্ম্মিত এক

situate at Kajooleegur Soojamootee aforesaid, and also all that lower-roomed brick-built house called Bytuckhannah house, together with the piece of land thereunto belonging, and on part whereof the same is built, containing by estimation 9 cottahs or thereabouts, situate at a place called Bagaun Soojamootee aforesaid.

For further particulars apply at the Office of Messrs. Watkins, Stokoe and Co., Plaintiff's Solicitors, or of Messrs. Swinhoe, Law and Co., Attorneys for the Defendant.

R. BELCHAMBERS,
Registrar.

তলাবাটী এবং তৎসম্বলিত ভূমি এক খণ্ড যাহার পরিমাণ প্রায় ।৪ নয় কাঠা।

আর বেলচেম্বার্শ।
রেজিষ্ট্রার

বিজ্ঞাপন

আমার নিম্নলিখিত নম্বরের ৬০০৲ ছয়শত টাকার ৭ সাত কেতা গবর্ণমেণ্ট করেন্সী নোট আমার নিকট ও অধিকার হইতে হারান গিয়াছে বিধায় সর্ব্ব সাধারণকে জ্ঞাত করা যাইতেছে যে ঐ নোট প্রাপ্ত মাত্র আমাকে সংবাদ দেন যিনি ঐ নোটের অনুসন্ধান করিয়া দিতে পারেন তাঁহাকে ৫০৲ টাকা পারিতোষিক দিব ইতি।

শ্রীজগদ্বন্ধু বাগচি।
মোং রামপুর।
জেলা রাজশাহি।

সন ১৮৬৭ সাল।
তাং ৩১ মে।

তপশীল নোট।
গবর্ণমেণ্ট।

এ ৩০	৬৫০০২ নং	১ কেতা	১০০৲
এ ১৩ নং	৬৮৮৬৪ নং	১ কেতা	১০০৲
এ ১৩ নং	৬০৯৮৮ নং	১ কেতা	১০০৲
এ ১৩	৬৯৭২৪ নং	১ কেতা	১০০৲
এ ১৩	৭৫৮৭২ নং	১ কেতা	১০০৲
এ ১১	৫৪২৬৯ নং	১ কেতা	৫০৲
এ ১১	৪৯৫৭৩ নং	১ কেতা	৫০৲
		৭	৬০০৲
		মং সাত- কেতা	মং ছয়শত টাকা মাত্র।

[*Government Gazette,* 11*th June* 1867.]

কলিকাতা বাঙ্গাল সেক্রেটারীয়েট যন্ত্রালয়ে গবর্ণমেণ্টের জন্যে শ্রীযুত এফ জে বার্গো সাহেবকর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত হইল।

গবর্ণমেণ্ট গেজেটের ক্রোড়পত্র

TUESDAY, JUNE 11, 1867.

মঙ্গলবার ১৮৬৭ সাল ১১ জুন।

বিজ্ঞাপন।

ইহাতে সংবাদ দেওয়া যাইতেছে যে নিম্ন লিখিত বিক্রয়ের বিজ্ঞাপনে যে সকল মহালের উল্লেখ হইল সে সকল মহালে গবর্ণমেণ্টের যে মালিকী স্বত্ব আছে তাহা নিম্ন লিখিত নিয়মের অধীন হইয়া বিক্রয় হইবে।

বিক্রয়ের নিয়ম।

১।—প্রত্যেক মহাল পার্শ্বের লিখিত নির্দ্দিষ্ট সদর জমার অধীন হইয়া যে ব্যক্তি নীলামে প্রথম ডাকের উপর সর্ব্বাপেক্ষা উচ্চ ডাকিবেক তাহাকে দেওয়া যাইবে।

২।—বর্ত্তমান পাট্টা এবং বন্দোবস্তের কার্য্য কি প্রবল আইনহইতে উৎপন্ন স্বত্ব সকল বিক্রয়ের পরে বহাল থাকিবে। রাজস্বের কার্য্যকারকদিগের কৃত জমাবন্দীতে যে২ খোদকস্তা রাইয়ত স্বাক্ষর করিয়াছে ক্রেতারা তাহারদিগের স্বত্ব মানিতে বাধ্য হইবে।

৩।—একশত টাকার অনধিক পণ হইলে সেই সমুদয় টাকা তৎক্ষণাৎ দিতে হইবে।

৪।—একশত টাকার অধিক হইলে ডাক পণের চারি অংশের এক অংশ তৎক্ষণাৎ দাখিল করিতে হইবে বিক্রয়ের দিবস এক দিন বলিয়া গণনা করিলে বিক্রয়ান্তর পঞ্চদশ দিনের মধ্যাহ্ন কালে, কিম্বা সেই দিবস বন্দের দিন হইলে তৎপরে প্রথম যে দিন কাছারী খোলা যায় সেই দিনের মধ্যাহ্ন কালে, যদি অবশিষ্ট টাকা দাখিল না হয়, তবে বিক্রয় রহিত ও গচ্ছিত টাকা গবর্ণমেণ্টে জব্দ হইবে, ও প্রথম স্থলীয় বিক্রয়ের ন্যায় পুনর্ব্বার বিজ্ঞাপন প্রকাশ করণপূর্ব্বক ঐ ত্রুটিকারি ক্রেতার ঝুঁকিতে সেই মহাল পুনর্ব্বার বিক্রয় হইবে।

৫।—মহালের উপর যে সামান্য সদর জমা ধার্য্য হইয়াছে ক্রেতারা তদতিরিক্ত রাস্তা প্রস্তুত ও গমনাগমনের সুবিধার নিমিত্ত করও দিতে বাধিত হইবেন। তাঁহারা যে তারিখঅবধি ক্রীত মহাল দখল করেন সেই তারিখঅবধি সদর জমার উপর শতকরা এক টাকার হিসাবে ঐ কর ধার্য্য হইবে। ঐ কর বাকী রাজস্বের ন্যায় আদায় হইতে পারিবে।

রেবিনিউ বোর্ডের আজ্ঞাক্রমে,

আর বি চাপমান,
সেক্রেটারী

নীলামের ইশ্‌তিহার।

জিলা মুরশিদাবাদ।

ইশ্‌তাহারনামা কাছারি কালেকুটরী জেলা মুরশিদাবাদ।

ইহাতে সংবাদ দেওয়া যাইতেছে যে অত্র জেলার মধ্যবর্ত্তি নিম্নের লিখিত খাস মহালের গবর্ণমেণ্টের মালিকী স্বত্ব সন ১৮৬৭ সালের ২৫ জুন মোতাবক সন ১২৭৪ সালের ১২ আষাঢ় মঙ্গলবারে জেলা মুরশিদাবাদের কালেকুটরী কাছারিতে বিক্রয় হইবেক এই মহাল যে ব্যক্তিরা ক্রয় করেন তাঁহারা ক্রোড়পত্রের শিরোভাগে রেবিনিউ বোর্ডের সেক্রেটরী সাহেবের স্বাক্ষরিত বিক্রয়ের নিয়মের অধীনে থাকিবেন ইতি সন ১৮৬৭ সাল তারিখ ৬ মেই মোতাবক সন ১২৭৪ সাল তারিখ ২৪ বৈশাখ।

রাজকীয় মহালের তৌজিতের নম্বর।	তৌজীর নম্বর।	মাহালের নাম ও পরগনা।	জমির পরিমাণ।	সদর জমা।			নীলামের প্রথম ডাক।	মন্তব্য।
				খাৰ্য্য করা রাজস্ব।	রাস্তার টাক্স।	মোট।		
			এঃ রূঃ পঃ					
•	১৯৬৪নং	খারিজা কালি আইগঞ্জ জঙ্গীপুরের নীচের চর পরগনে গনকর ..	৫।০।২৭	৬৸০	৴১	৬৸৴১	১৩।।০	

H. HANKEY,
Collector.

জেলা মেদিনীপুর।

এস্তেহারনামা কাছারি কালেকুটরী জেলা মেদনিপুর।

ইহার দ্বারায় সংবাদ দেওয়া যাইতেছে যে জেলা মেদিনীপুরের অন্তর্গত নিম্নলিখিত খাস মহলে গবর্ণমেণ্টের মালিকী স্বত্ব সন ১৮৬৭ সালের ১০ জুলাই মোতাবক বাঙ্গলা ১২৭৪ সালের ২৭ আষাঢ় আমলি ১২৭৪ সালের ২৮ আষাঢ় বুধবার এই জেলার কালেকুটরী কাছারীতে নীলাম হইবে, এই মহাল যে ব্যক্তি খরিদ করিবেন তিনি এই ক্রোড়পত্রের শিরোভাগে রেবিনিউ বোর্ডের শ্রীযুত সেক্রেটরী সাহেবের সাক্ষরিত বিক্রয়ের নিয়মের অধীনে থাকিবেন।

গবর্ণমেণ্ট মহালের নম্বর।	তৌজীর নম্বর।	মহাল ও পরগনার নাম।	ভূমির পরিমাণ।	সদর জমা।			নীলামের প্রথম ডাক।	মন্তব্য।
				সদর জমা	রোড ফণ্ড	একুন		
			এঃ রূঃ পঃ					
	১০২৭	গোপালনগর পং চেওয়া।	০।১।১৫	০	০	০	৮৶০	নিস্করে বিক্রয় হইবে।

W. J. HERSCHEL,
Collector.

জিলা মেদিনীপুরের কালেকুটর সাহেবের দপ্তরখানা,
সন ১৮৬৭ সাল ৩১ মে।

জিলা মেদিনীপুর।

ইস্তাহারনামা কাছারি কালেক্টরী জেলা মেদিনীপুর।

ইহার দ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে, জেলা মেদিনীপুরের অন্তর্গত নিম্নলিখিত খাস মহালে গবর্ণমেণ্টের মালিকি স্বত্ব সন ১৮৬৭ সালের ২৯এ জুন মোতাবক বাঙ্গলা ১২৭৪ সালের ১৬ই আষাঢ় আমলি ১২৭৪ সালের ১৭ই আষাঢ় শনিবার এই জেলার কালেক্টরী কাছারিতে নীলাম হইবেক।

ঐ সকল মহাল যে ব্যক্তিগণ খরিদ করিবেন তাঁহারা এই ক্রোড় পত্রের শিরোভাগে রেবিনিউ বোর্ডের শ্রীযুত সেক্রেটরী সাহেবের স্বাক্ষরিত বিক্রয়ের নিয়মের অধীনে থাকিবেন।

গবর্ণমেণ্ট মহালের নম্বর।	তৌজীর নম্বর।	মহাল ও পরগনার নাম।	ভূমির পরিমাণ।	সদর জমা।			নীলামের প্রথম ডাক।	মন্তব্য।
				সদর জমা।	রোড সেস্।	একুন।		
			এঃ রুঃ পাঃ					
২৮	২৫২২	শ্যামরায় চক বালিগুড়া পং মাজনামুঠা ..	৭৫।০।০	১৫৲	৶০	১৫৶০	৩০৲	
২৯	১১৩৮	গুরু প্রসাদ চক এক্তারপুর পং ঐ ...	৩৫।০।০	৭৲	৵০	৭৵০	১৪৲	
৩০	১৩৩৮	জগন্নাথ চক মৌং পায়রা-কান্দা পং ঐ ..	১৩৯।০।০	২৬৲	।০	২৬।০	৫২৲	
৩১	২১২৫	পিরাম চক রক্স্যা পং ঐ	৪৪।০।০	৯৲	৵০	৯৵০	১৮৲	
৩৪	২২৯২	রঘুনাথ চক পং ঐ ...	৩৩।০।০	৭৲	৵০	৭৵০	১৪৲	
৪১	১১৫৪	লক্ষ্মীজনার্দ্দন চক মৌং হরিণা ডমুরবেড়্যা পং নাড়ুয়া মুঠা ...	৫৯।০।০	১৫৲	৶০	১৫৶০	৩০৲	
৪২	২২৭১	রাধাবিনোদ চক পং ঐ...	৩৮।০।০	২২৲	।০	২২।০	৪৪৲	
৪৩	৬৩০	ভোগপুর পং বালিযোড়া	৬।০।০	১০৲	৵০	১০৵০	২০৲	
৪৪	৬২৯	ঐ ঐ ...	৬।০।০	৯৲	৵০	৯৵০	১৮৲	

W. J. HERSCHEL,
Collector

জিলা মেদিনীপুরের কালেক্টর সাহেবের দপ্তরখানা।
১৮৬৭ সাল ২১ মে।

বাঙ্গাল সেক্রেটারীয়েট যন্ত্রালয়ে শ্রীযুত এফ জে বার্লো সাহেবকর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত হইল

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, JUNE 18, 1867.

মঙ্গলবার ১৮৬৭ সাল ১৮ জুন।

HOME DEPARTMENT.

Legislative.

The following Bill was introduced into the Council of the Governor General of India for the purpose of making Laws and Regulations on the 29th May 1867, and was referred to a Select Committee with instructions to make their report thereon in a week:—

No. 14 of 1867.

A Bill to render penal certain offences committed by servants of Railway Companies.

[Preamble.]

Whereas it is expedient to extend certain provisions of the Indian Penal Code relating to public servants to persons in the employment of Railway Companies; It is hereby enacted as follows:—

[Interpretation clause.]

I. In this Act "Railway Company" means the proprietors for the time being of every Railway or Tramway situate in the territories vested in Her Majesty or her successors under the Statute 21 & 22 Vic., Cap. 106 *(An Act for the better Government of India)*, or (so far only as regards British subject within the dominions hereinafter mentioned) situate in the dominions

দেশীয় ডিপার্টমেণ্ট।

ব্যবস্থাপন কর্ম্মবিভাগ।

আইনের নিম্নলিখিত পাণ্ডুলিপি ১৮৬৭ সালের মে মাসের ২৯ তারিখে আইন ও ব্যবস্থা করণার্থ ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের মন্ত্রিসভাতে উপস্থিত করা গেলে তাহা মনোনীত কমিটীর প্রতি অর্পিত হইল ও তাহাদিগকে সপ্তাহের মধ্যে সেই বিষয়ের রিপোর্ট করিবার আজ্ঞা হইয়াছে।

১৮৬৭ সালের ১৪ নম্বর।

রেলওয়ে কোম্পানির চাকরদিগের কোন২ অপরাধ দণ্ডাধীন করণার্থ আইনের পাণ্ডুলিপি।

[হেতুবাদ।]

ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনেতে রাজকীয় কর্ম্মচারিসংক্রান্ত যে২ বিধি আছে রেলওয়ে কোম্পানির কর্ম্মে নিযুক্ত ব্যক্তিদের প্রতি তন্মধ্য কোন২ বিধান বর্ত্তান বিহিত, এইহেতু নিম্নলিখিত বিধান করা গেল

[অর্থ করণের ধারা।]

১ ধারা। ভারতবর্ষের সুশাসনার্থ আইন নামক শ্রীশ্রীমতী মহারাণী বিক্টোরিয়ার ২১ ও ২২ বৎসরের আইনের ১০৬ অধ্যায়ক্রমে শ্রীশ্রীমতী মহারাণীর কি তদীয় উত্তরাধিকারিদের প্রতি যে দেশ অর্পণ করা গেল, সেই দেশের অন্তর্গত এবং শ্রীশ্রীমতী মহারাণীর ও তাঁহার উত্তরাধিকারিদের সহিত ভারতবর্ষের যে রাজারা ও দেশাধিকারিরা সন্ধি বদ্ধ হন তাঁহাদের রাজ্যের মধ্যে ব্রিটনীয় যে প্রজা থাকেন কেবল তাঁহাদের সম্পর্কে

of Princes and States in the East Indies in alliance with Her Majesty or her successors, and the lessess, representatives and assigns of such pro-

যাঁহারা যে সময়ে উক্ত দেশের অন্তর্গত প্রত্যেক রেল পথের কি ট্রাম পথের অধিকারী হন, এই আইনে রেলওয়ে কোম্পানি শব্দে তাঁহাদিগকে এবং তাঁহাদের স্থানে পাট্টাপ্রাপ্ত ব্যক্তিদিগকে ও স্থলাভিষিক্তদিগকে ও আসৈনদিগকে বুঝাইবে ইতি।

[Railway officers and servants to be "public servants" within meaning of Penal Code.]

[রেলপথের কার্য্যকারকদিগকে ও চাকরদিগকে দণ্ডবিধির আইনের অর্থগত রাজকীয় কার্য্যকারক জ্ঞান হইবার কথা।]

II. Every officer and servant of a Railway Company shall be deemed a public servant within the meaning of Sections 161, 162, 163, 164, and 165 of the Indian Penal Code.

২ ধারা। রেলওয়ে কোম্পানির প্রত্যেক কার্য্যকারক ও চাকর ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের ১৬১, ১৬২, ১৬৩, ১৬৪ ও ১৬৫ ধারার অর্থমতে রাজকীয় কার্য্যকারক জ্ঞান হইবেন ইতি।

[Short Title.]

[সংক্ষেপ নাম।]

III. This Act shall be called "The Railway Servants' Act, 1867."

৩ ধারা। এই আইন রেলওয়ে কার্য্যকারকদের ১৮৬৭ সালের আইন নামে খ্যাত হইবে ইতি।

STATEMENT OF OBJECTS AND REASONS.

THE object of this Bill is to put a stop to the bringing of Station-masters and other Railway servants, a practice which has lately increased, and which must obviously be injurious to the mercantile community as well as to the Railway Companies. The Bill, in order to effect this object, simply declares that persons in the employ of Railway Companies shall be deemed to be "public servants" within the meaning of Sections 161-165 of the Indian Penal Code. This declaration forms a section of a Bill now before the Council, for Consolidating the Railway Law of India, which has been submitted to the Boards of the various Companies. No objection has been taken to the clause in question: on the contrary, there is a general concurrence of opinion in its favour. The Bill extends to persons employed on all Railways and tramways in British India, and also (as to British subjects) in the dominions of allied Princes and States.

G. N. TAYLOR.

SIMLA,
The 8th May 1867.

WHITLEY STOKES,
Asstt. Secy. to the Govt. of India,
Home Dept. (Legislative.)

অভিপ্রায়ের ও হেতুর বর্ণনা।

সম্প্রতি ষ্টেশন মাষ্টরদের ও রেলপথ সংক্রান্ত কর্ম্মকারকদের মধ্যে উৎকোচ গ্রহণের রীতি বৃদ্ধি হইয়াছে। তাহাতে রেলওয়ে কোম্পানির যেমন সাধারণ ব্যক্তিদেরও তেমনি হানি হইবার সম্ভাবনা তাহার সন্দেহ নাই। সেই রীতির নিবৃত্তি করাই এই পাণ্ডুলিপির উদ্দেশ্য। সেই অভিপ্রায় সাধনার্থে যাঁহারা রেলওয়ে কোম্পানির কর্ম্মে নিযুক্ত হন তাঁহারা ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের ১৬১ অবধি ১৬৫ পর্য্যন্ত ধারার অর্থমতে রাজকীয় কার্য্যকারক জ্ঞান হইবেন এই পাণ্ডুলিপির এই মাত্র আদেশ। এক্ষণে ভারতবর্ষের রেলপথ সংক্রান্ত আইন সংগ্রহ করণার্থ এক খানি পাণ্ডুলিপি মন্ত্রিসভার বিবেচনাধীন আছে ও ভিন্ন২ কোম্পানি সংক্রান্ত বোর্ডের প্রতি অর্পিত হইয়াছে। উক্ত আদেশ ঐ পাণ্ডুলিপির অন্তর্গত এক ধারা। সেই ধারার বিষয়ে কোন আপত্তি ব্যক্ত হয় নাই প্রত্যুত সর্ব্বসাধারণের তৎপক্ষীয় মত আছে। ব্রিটনীয় ভারতবর্ষের অন্তর্গত এবং ব্রিটনীয় প্রজা সম্পর্কে সন্ধিবদ্ধ রাজগণের ও অধিকারিদের দেশের অন্তর্গত সকল রেলপথে ও ট্রাম পথে যে ব্যক্তিরা কর্ম্ম করেন এই পাণ্ডুলিপি তাঁহাদের সকলের প্রতি বর্ত্তে।

জি এন টেলর।

সিমলা,
১৮৬৭ সাল ৮ মে।

উইটলি ষ্টোক্স
দেশীয় ডিপার্টমেন্টে,
ভারতবর্ষের গবর্ণমেন্টের ব্যবস্থাপন সভার,
আসিষ্টান্ট সেক্রেটারী।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৬৭। ১৮ জুন।]

GOVERNMENT OF BENGAL.

LEGISLATIVE DEPARTMENT.

THE following Act of the Lieutenant-Governor of Bengal in Council received the assent of His Honor on the 23rd May 1867, and having been assented to by His Excellency the Governor General on the 30th idem, is hereby promulgated for general information:—

ACT No. V OF 1867.

An Act for shortening the language used in Acts passed by the Lieutenant-Governor of Bengal in Council.

[Preamble.]

WHEREAS certain provisions are commonly inserted in Acts passed by the Lieutenant-Governor of Bengal in Council for the interpretation of such Acts, and it is expedient to avoid the frequent repetition of such provisions; It is declared and enacted as follows:—

[Interpretation of certain words in future Acts.]

I. In all Acts passed after the commencement of this Act, and containing nothing expressly to the contrary, words importing the masculine gender shall be deemed and taken to include females, and the singular to include the plural, and the plural the singular; the word "Magistrate" shall include all persons exercising all or any of the powers of a Magistrate; the word "person" shall include any incorporated Company or incorporated association of persons; the word "month" shall be taken to mean calendar month, unless words be added showing lunar month to be intended; the word "land" shall include houses and buildings and corporeal hereditaments and tenements of any tenure, unless where there are words to exclude houses and buildings or to restrict the meaning to tenements of some particular tenure; and the words "oath," "swear," and "affidavit" shall include affirmation, declaration, affirming, and declaring, in the case of persons by law allowed to declare or affirm instead of swearing.

[Repealed Acts not to be revived.]

II. Wherever any Act shall, after the time for the commencement of this Act, be passed repealing in whole or in part any former Act or Regulation, and such Act shall itself be repealed, such last repeal shall not revive the Act or Regulation or provisions before repealed, unless words be added reviving such Act, Regulation, or provisions.

[*Government Gazette*, 18*th June* 1867.]

বঙ্গদেশের গবর্ণমেণ্ট।

ব্যবস্থাপন কর্ম্মবিভাগ।

মন্ত্রিসভাধিষ্ঠিত বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের পশ্চাৎ লিখিত আইনে উক্ত মান্যবর ১৮৬৭ সালের ২৩ মে তারিখে স্বীয় সম্মতি প্রকাশ করিলেন। এবং মহিমবর শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবও বর্ত্তমান মে মাসের ৩০ তারিখে তদ্বিষয়ে সম্মতি প্রকাশ করাতে তাহা সর্ব্বসাধারণের জ্ঞানার্থে প্রকাশ করা যাইতেছে।

১৮৬৭ সালের ৫ আইন।

মন্ত্রিসভাধিষ্ঠিত বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব যে২ আইন প্রচার করেন তাহার কথা সংক্ষেপ করিবার আইন।

[হেতুবাদ।]

মন্ত্রিসভাধিষ্ঠিত বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব যে২ আইন প্রচলিত করেন, তাহাতে অর্থ করিবার কোন২ বিধান প্রায় সর্ব্বদা দেওয়া গিয়া থাকে এবং সেই বিধান বারম্বার ব্যক্ত না হইবার নিয়ম করা বিহিত, এইহেতুক নিম্নলিখিতমতে বিধান ও অবধারণ করা গেল।

[উত্তরকালীন আইনগত কোন২ শব্দের অর্থ করণের কথা।]

১ ধারা। এই আইন প্রচলিত করিবার সময়াবধি যে সকল আইন প্রচলিত হইবে তাহাতে লিঙ্গ কি বচন বিষয়ক অন্য স্পষ্ট বিধান না থাকিলে পুরুষ বোধক শব্দের মধ্যে স্ত্রীগণও গণ্য এবং এক বচনান্ত শব্দের মধ্যে বহুবচনান্ত শব্দ ও বহুবচনান্ত শব্দের মধ্যে এক বচনান্ত শব্দ গণ্য হইবে। যাঁহারা মাজিষ্ট্রেটের সকল কি কোন ক্ষমতাক্রমে কর্ম্ম করেন, "মাজিষ্ট্রেট" শব্দে সেই সকল ব্যক্তিকে বুঝাইবে। "ব্যক্তি" শব্দে কোন সমাবায়িত কোম্পানি ও সমাবায়িত সমাজকে বুঝাইবে। "মাস" শব্দেতে চান্দ্র মাস উদ্দেশ্য হইবার শব্দ প্রয়োগ না হইলে ইংলণ্ডীয় পঞ্জিকামত মাস বুঝাইবে। "ভূমি" শব্দ ব্যবহার হইলে যদি ঘর ও কোটা ত্যাগ করিবার কিম্বা বিশেষ প্রকারের পাট্টাই ভূম্যাদির অর্থ করিবার শব্দ প্রয়োগ না থাকে, তবে সেই ভূমি শব্দেতে বাটী ও কোটা এবং পুত্র পৌত্রাদিক্রমে ভোগ্য স্থাবর সম্পত্তি ও কোন প্রকারের পাট্টাই ভূম্যাদি বুঝাইবে। এবং "শপথ, শপথ করণ, আফিডেবিট" এই২ শব্দের ব্যবহার হইলে যাঁহাদের প্রতি শপথ করণের পরিবর্ত্তে প্রতিজ্ঞা করিবার অনুমতি হয় তাঁহাদের পক্ষে সেই২ শব্দের মধ্যে প্রতিজ্ঞা ও ধর্ম্মতঃ প্রতিজ্ঞা এবং প্রতিজ্ঞা করণ ও ধর্ম্মতঃ প্রতিজ্ঞা করণ শব্দও গণ্য ইতি।

[কোন আইন রহিত হইলে পুনরায় প্রবল না হওয়ার কথা।]

২ ধারা। এই আইন প্রচলিত হইবার অবধারিত সময়ের পরে যদি পূর্ব্ব আইন কি তাহার কোন অংশ রহিত করিবার নূতন আইন প্রচলিত হয় ও পশ্চাৎ সেই আইনও রহিত হয়, তবে শেষোক্ত আইন রহিত হওয়াতে পূর্ব্বোক্ত রহিত আইন কি বিধান পুনশ্চ প্রবল হইবার স্পষ্ট কথা ব্যক্ত না থাকিলে পুনঃপ্রবল হইবে না ইতি।

[Repealed provisions to continue in force till substituted provisions come into operation.]

III. Wherever any Act shall, after the time fixed for the commencement of this Act, be passed repealing in whole or in part any former Act, and substituting some provision or provisions instead of the provision or provisions so repealed, the provision or provisions so repealed shall remain in force until the substituted provision or provisions shall come into operation by force of the last mentioned Act.

[Provision for the recovery of fines.]

IV. The provisions of Sections 63, 64, 65, 66, 67, 68, 69, and 70 of the Indian Penal Code, and of Section 61 of the Code of Criminal Procedure shall apply to all fines which may be imposed under the authority of any Act hereafter to be passed.

[Commencement of Act.]

V. This Act shall commence and take effect upon the first day of June now next ensuing.

J. PITT KENNEDY,
Asst. Secy. to the Govt. of Bengal,
Legislative Department.

[কোন নূতন বিধান হইলে তাহা প্রচলিত হইবার সময় পর্য্যন্ত রহিত বিধান প্রবল থাকার কথা।]

৩ ধারা। এই আইন প্রচলিত হইবার অবধারিত সময়ের পরে যদি কোন আইন দ্বারা পূর্ব্বকৃত কোন আইন কি তাহার কোন অংশ রহিত করা যায়, এবং সেই রহিত বিধানের পরিবর্ত্তে অন্য বিধান প্রচলিত করা যায়, তবে শেষোক্ত আইনের বলে ঐ নূতন বিধান যতকাল প্রবল না হয় ততকাল পর্য্যন্ত রহিত বিধান প্রবল থাকিবে ইতি।

[কর ভার দণ্ড আদায়করণের বিধানের কথা।]

৪ ধারা। ইহার পশ্চাৎ যে কোন আইন প্রচারিত হয়, তাহার বলে অর্থদণ্ডের আজ্ঞা হইলে, ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের ৬৩, ৬৪, ৬৫, ৬৬, ৬৭, ৬৮, ৬৯, ও ৭০ ধারার, এবং ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের ৬১ ধারার বিধান সেই সকল অর্থদণ্ডের প্রতি বর্ত্তিবে ইতি।

[আইনের প্রারম্ভের কথা।]

৫ ধারা। এই আইন আগামী জুন মাসের প্রথম দিবসাবধি আরম্ভ হইয়া প্রবল হইবে ইতি।

জে পিট কেনেডি,
ব্যবস্থাপন কর্ম্মবিভাগে বঙ্গদেশের গবর্ণমেণ্টের
আসিষ্টাণ্ট সেক্রেটারী।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

CIRCULAR ORDERS OF THE BOARD OF REVENUE, L. P.

MAY 1867.

No. 9.

THE Board of Revenue are now distributing to Commissioners and District Officers respectively, a copy of their address to Government, and the orders thereon, noted bellow*, regarding the revisions and reductions generally in the Establishments of the Districts of the Lower Provinces, owing to the abolition of the Income Tax, &c. Any officer who does not receive a copy of the correspondence should report accordingly.

No. 10.

The following should be substituted for the second sentence of Board's Rule 8, Section I, Chapter XVIII, page 256:—

When fractions are not shown, an unit should, as a rule, be substituted when the omitted fraction exceeds one-half, and not otherwise. This rule must be applied, however, with the proviso that the total of any column or line from which

* Board to Government, No. 1233B., dated 11th March 1867. Government to Board, No. 1466, dated 9th April 1867.

বঙ্গপ্রভৃতি দেশের রেবিনিউ বোর্ডের সরকুলর অর্ডর।

১৮৬৭ সাল মে মাস।

৯ নম্বর.

ইনকম টাক্সপ্রভৃতি উঠিয়া যাওয়াতে রেবিনিউ বোর্ডের সাহেবেরা গবর্ণমেণ্টের নিকটে বঙ্গপ্রভৃতি দেশের নানা জিলার অন্তর্গত কার্য্যালয়ের নিয়ম পুনর্দৃষ্টি করিয়া লোক সংখ্যান্যূনকরণবিষয়ে নিম্নলিখিত * পত্র দিয়াছিলেন। এক্ষণে সেই পত্রের ও গবর্ণমেণ্ট তদুত্তরে যাহা আজ্ঞা করিয়াছেন তাহার প্রতিলিপি কমিস্যনর সাহেবদিগের ও জিলার কর্ত্তৃপক্ষদের নিকটে প্রেরণ করা যাইতেছে। কোন কার্য্যকারক তাহা না পাইলে সেই কথা জানাইবেন।

১০ নম্বর,

বোর্ডের বিধিপুস্তকের ২৫৬ পৃষ্ঠায় ১৮ খণ্ডের ১ অধ্যায়ের ৮ ধারার দ্বিতীয় পদ উঠাইয়া দিয়া এই পদ দিতে হইবে।

যে স্থানে অঙ্কের ভগ্নাংশ লিখিতে না হয় সেই স্থলে যদি ত্যজ্য ভগ্নাংশ অর্দ্ধেকের অধিক হয় তবে তৎপরিবর্ত্তে এক দিয়া অঙ্ক বৃদ্ধি করিতে পারিবে, অন্য কোন স্থলে নয়। কিন্তু কোন শ্রেণীর কি পঙ্ক্তির যে লব্ধাঙ্কহইতে ভগ্নাংশ ত্যাগ করা যায় তাহা

* গবর্ণমেণ্টের নিকট বোর্ডের ১৮৬৭ সালের মার্চ মাসের ১১ তারিখের ১২৩৩ B নম্বরের পত্র। বোর্ডের নিকটে গবর্ণমেণ্টের ১৮৬৭ সালের আপ্রিল মাসের ৯ তারিখের ১৪৬৬ নম্বরের পত্র।

fractions are omitted, shall not differ from the true total by more than half a unit, and to this end the details must be intelligently adjusted.

No. 11.

The following addition is made as Clause 11A., page 74 of the Board's Rules :—

11A. Statements in the following form are to be carefully kept up in each District, of the daily transactions in regard to Opium.

Statement (A.) of daily balance of Opium in store.

1. Balance of *yesterday*.
2. Value at selling price.
3. Received from.........this day.
4. Value at selling price.
5. Total in store.
6. Value at selling price.
7. Disbursed this day as per Statement B.
8. Value at selling price.
9. Balance *this day* in store.
10. Value at selling price.
11. Remarks.

Statement (B.) of daily disbursement of Opium.

1. Date.
2. To whom supplied.
3. Quantity supplied.
4. Value at selling price.
5. Remarks.

N.B.—The entries in Columns 3 and 4 of Statement B. should correspond with those in Columns 7 and 8 of Statement A.

No. 12.

The following addition is to be made to the Table of Remarks prescribed by Circular Order No. 3 of February 1867, for Section XII, Clause 1, page 187 of the Board's Rules :—

After *Hazareebaugh*, enter a new column headed "Backergunge," and in this new column insert opposite—

Tigers	...	... 5
Leopards and Bears		... 2½
Hyenas	...	... 2
Buffaloes	...	... 2½

No. 13.

The following corrections are made in the slips relating to Rulings in Rent Suit, &c., for 1866 and 1867 :—

The slip for March to June 1866, under heading "Errata," for Ram Nath Roy *read* Lakham Magilla.

যেন যথার্থ সমষ্টি অপেক্ষা অর্দ্ধেক অঙ্কের ন্যূন না হয় ইহাতে অবধান করিয়া ঐ বিধি বর্ত্তাইতে হইবে। এবং এই অভিপ্রায়ে সমুদয় বিবরণ বুদ্ধিক্রমে নিরূপণ করিতে হইবে।

১১ নম্বর।

বোর্ডের বিধিপুস্তকের ৭৪ পৃষ্ঠায় ১১ A বলিয়া নিম্নলিখিত নূতন বিধি দিতে হইবে।

১১ A। প্রতিদিন আফীম সংক্রান্ত যে ব্যাপার চলে প্রত্যেক জিলাতে তাহার বিবরণ নিম্নলিখিত পাঠে মনোযোগপূর্ব্বক রাখিতে হইবে।

যত আফীম প্রতিদিন বাকী থাকে তাহার A চিহ্নিত বর্ণনাপত্র।

১। গত কল্যের বাকী।
২। বিক্রেয় মূল্যানুসারে মূল্য।
৩। অদ্য অমুক স্থানহইতে পাওয়া গেল।
৪। বিক্রেয় মূল্যানুসারে তাহার মূল্য।
৫। সর্ব্বসুদ্ধ নিকটে যত আছে।
৬। বিক্রেয় মূল্যানুসারে তাহার মূল্য।
৭। B চিহ্নিত বর্ণনা পত্রানুসারে অদ্য যত বিক্রয়াদি হইয়াছে।
৮। বিক্রেয় মূল্যানুসারে তাহার মূল্য।
৯। অদ্য উদ্বর্ত্ত থাকিল।
১০। বিক্রেয় মূল্যানুসারে তাহার মূল্য।
১১। মন্তব্য কথা।

প্রতিদিন যে আফীম বিক্রয়াদি হয় তাহার B চিহ্নিত বর্ণনাপত্র।

তারিখ
যাঁহার নিকট বিক্রয়াদি হইল।
যত বিক্রয়াদি হইল।
বিক্রেয় মূল্যানুসারে তাহার মূল্য।
মন্তব্য কথা।

মন্তব্য। B চিহ্নিত বর্ণনাপত্রের ৩ ও ৪ ঘরে যাহা লেখা যায় তাহা A চিহ্নিত বর্ণনাপত্রের ৭ ও ৮ ঘরের লিখিত কথার সঙ্গে মিলিবে।

১২ নম্বর।

বোর্ডের বিধিপুস্তকের ১৮৭ পৃষ্ঠায় ১২ অধ্যায়ের ১ ধারাতে ১৮৬৭ সালের ফেব্রুআরি মাসের ৩ নম্বরের সরকুলর অর্ডরের নির্দ্দিষ্ট মন্তব্য কথার টেবিলে নিম্নলিখিত নূতন কথা লিখিতে হইবে।

হাজারিবাগের পর নূতন ঘর করিয়া উপরিভাগে বাকরগঞ্জ লিখিয়া সেই ঘরে নিম্নলিখিত কথার সমান শ্রেণীতে নিম্নলিখিত অঙ্ক লিখিতে হইবে।

বাঘ	...	... ৫৲
চিতা বাঘ ও ভালুক	...	... ২৷৹
নেকিড়া বাঘ	...	... ২৲
মহিষ	...	... ২৷৹

১৩ নম্বর।

১৮৬৬ ও ৬৭ সালের খাজানার মোকদ্দমাপ্রভৃতি সংক্রান্ত যে বিধি হইয়াছে তাহার চিরকুটে নিম্নলিখিত অশুদ্ধ কথার সংশোধন করিতে হইবে।

১৮৬৬ সালের মার্চ অবধি জুন মাস পর্য্যন্ত যে চিরকুট দেওয়া যায় তাহার অশুদ্ধ শোধনের অংশে রামনাথ রায় এই কথার পরিবর্ত্তে লক্ষ্মণ মাঝিলা এই কথা লিখিতে হইবে।

In slip for July 1866 to February 1867 for 511B. *read* 511A.

১৮৬৬ সালের জুলাই মাসঅবধি ১৮৬৭ সালের ফেব্রুআরি মাস পর্য্যন্ত কএক মাসের যে চিরকুট দেওয়া যায় তাহাতে ৫১১B এই শব্দের পরিবর্ত্তে ৫১১A এই শব্দ পড়িতে হইবে।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

ORDERS BY THE LIEUTENANT-GOVERNOR OF BENGAL.

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের আজ্ঞা।

No. 2363.

APPOINTMENTS.

The 4th June 1867.

Lieutenant W. G. Maitland, Officiating Assistant Commissioner, recently appointed to Assam, is posted to Seebsaugor.

২৩৬৩ নম্বর।

নিয়োগ।

১৮৬৭ সাল ৪ জুন।

একটিং আসিষ্টাণ্ট কমিসানর লেপ্টেনেণ্ট শ্রীযুত ডবলিউ জি মৈটলণ্ড সাহেব যিনি সম্প্রতি আসামে নিযুক্ত হইয়াছেন তিনি শিবসাগরে অবস্থিত হইলেন।

The 5th June 1867.

In supersession of the orders of the 16th April last, Mr. R. H. Renny is appointed to be an Assistant Commissioner in the Chittagong Hill Tracts and to have charge of the Sungoo Sub-Division. Mr. Renny is vested with the powers of a Subordinate Magistrate of the First Class, and those of a Moonsiff and Deputy Collector under Regulation IX. of 1833.

১৮৬৭ সাল ৫ জুন।

গত আপ্রিল মাসের ১৬ তারিখের আজ্ঞা রহিত করিয়া এই আজ্ঞা হইল যে শ্রীযুত আর এচ রেণী সাহেব চট্টগ্রামের পর্ব্বতীয় প্রদেশে আসিষ্টাণ্ট কমিসানরের পদে নিযুক্ত হইয়াছেন, ও সঙ্গু শাখাখণ্ডের কর্ম্মের ভার পাইবেন। তিনি অধঃস্থ প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের ও মুনসেফের ও ১৮৩৩ সালের ৯ আইনমতে ডেপুটী কালেক্টরের ক্ষমতা পাইয়াছেন।

The 6th June 1867.

The following gentlemen are appointed to be Assessors, under Act XXI. of 1867, in the places mentioned, and vested with the powers of a Collector for the purposes of that Act, *viz.:*—

Baboo Shishir Coomar Ghose, in the Sub-Division of Jenidah.

Baboo Prosonno Coomar Sen, M. A., in the Sub-Division of Narail.

Lieutenant W. E. Rutherfurd to be Secretary to the Local Committee of Public Instruction at Seebsaugor.

১৮৬৭ সাল ৬ জুন।

নিম্নলিখিত মহাশয়েরা ১৮৬৭ সালের ২১ আইনমতে আপনং নামের পার্শ্বে লিখিত জিলাতে আসেসরের পদে নিযুক্ত হইয়াছেন, এবং উক্ত আইনের অভিপ্রায় সফল করণার্থে কালেক্টরের ক্ষমতা পাইয়াছেন।

ঝিনিদহ শাখাখণ্ডে শ্রীযুত বাবু শিশিরকুমার ঘোষ।

নড়াইল শাখাখণ্ডে শ্রীযুত বাবু প্রসন্নকুমার সেন এম, এ,।

লেপ্টেনেণ্ট শ্রীযুত ডবলিউ ই রুথরফর্ড সাহেব শিবসাগরের সাধারণ বিদ্যাধ্যাপনীয় কমিটীর সেক্রেটারী হইবেন।

The 7th June 1867.

Mr. W. DeSilva to be a special Deputy Magistrate, under Act XV. of 1843, and a Deputy Collector, under Regulation IX. of 1833, in Balasore, and to exercise the powers of a Subordinate Magistrate of the Second Class in that District.

Baboo Hurri Churn Ghose, Deputy Magistrate and Deputy Collector, Midnapore, is transferred to Balasore, and vested with the powers of a Magistrate in the latter District.

Mr. C. N. Bannerjee, Deputy Magistrate and Deputy Collector of Balasore, is transferred to Midnapore, and vested with the powers of a Subordinate Magistrate of the First Class in the latter District.

১৮৬৭ সাল ৭ জুন।

শ্রীযুত ডবলিউ ডিসিলবা সাহেব বালেশ্বরে ১৮৪৩ সালের ১৫ আইনমতে বিশেষ ডেপুটী মাজিষ্ট্রেট ও ১৮৩৩ সালের ৯ আইনমতে ডেপুটী কালেক্টর হইবেন ও ঐ জিলাতে অধঃস্থ দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন।

মেদিনীপুরের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু হরিচরণ ঘোষ বালেশ্বরে নিযুক্ত হইয়াছেন ও শেষোক্ত জিলাতে মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন।

বালেশ্বরের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত সি এন বন্দ্যোপাধ্যায় মেদিনীপুরে নিযুক্ত হইয়াছেন ও শেষোক্ত জিলাতে অধঃস্থ প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৭। ১৮ জুন।]

The 7th June 1867.

Lieutenant W. F. Trotter is appointed to be an Assistant Superintendent of Police of the First Grade, and is posted to Luckimpore.

Baboo Goonabhiram Surma, Extra Assistant Commissioner, to have charge of the Sub-Division of Dhoobree, and to exercise the powers of a Subordinate Magistrate of the First Class, and those of a Deputy Collector and Sudder Ameen in the District of Gowalparah.

Lieutenant W. E. Rutherfurd, Officiating Assistant Commissioner, Assam, to be an Assistant Commissioner of the Second Grade.

The 8th June 1867.

The following gentlemen are appointed to be Assessors, under Act XXI. of 1867, and to exercise the powers of a Collector for the purposes of the said Act in the Districts mentioned against their respective names, *viz.:*—

Baboo Digumber Canoongoe, in Chittagong.

Baboo Kedarnath Dutt, in Sarun, in addition to his present duties as Special Sub-Registrar of Assurances.

Baboo Kassinath Dutt, in Sarun.

Hafiz Mahomed Kurreem, in Sarun.

The 10th June 1867.

The Reverend G. F. P. Blyth to officiate, until further orders, as Chaplain of St. Paul's Cathedral and of the General Hospital, with effect from the date on which his services were placed at the disposal of this Government.

LEAVE OF ABSENCE.

The 5th June 1867.

Moulvie Wajeeoollah, Deputy Magistrate and Deputy Collector of Beerbhoom, for one month, under paragraph 11 of the Uncovenanted Service Absentee Rules, from the 1st instant, or any other date on which he may avail himself of the leave.

The 6th June 1867.

Mr. G. Hayes, Sub-Assistant Commissioner, Rajmehal, for two months, from the 18th April last, under paragraph 11 of the Uncovenanted Service Absentee Rules.

The 7th June 1867.

Lieutenant S. H. Cowan, Probationary Assistant Revenue Surveyor, attached to the Fourth Division of Survey, for fifteen days, from the 16th ultimo, under the Financial Resolution of the Government of India dated the 22nd February 1856.

The 8th June 1867.

Mr. G. C. Kilby, Officiating Collector of Customs, Chittagong, for one month, under paragraph 11 of the Uncovenanted Service Absentee Rules,

[*Government Gazette*, 18*th June* 1867.]

১৮৬৭ সাল ৭ জুন।

লেপ্টেনেন্ট শ্রীযুত ডবলিউ এফ ট্রটর সাহেব পোলাসের প্রথম শ্রেণীর আসিষ্টান্ট সুপরিন্টেণ্ডেণ্টের পদে নিযুক্ত হইয়া লক্ষ্মীপুরে অবস্থিত হইলেন।

অতিরিক্ত আসিষ্টান্ট কমিস্যনর শ্রীযুত বাবু গুণাভিরাম শর্ম্মা ধুবড়ি শাখাখণ্ডের কর্ম্মের ভার পাইবেন ও গোয়ালপাড়া জিলাতে অধঃস্থ প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের ও ডেপুটী কালেক্টরের ও সদর আমীনের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন।

আসামের একটিং আসিষ্টান্ট কমিস্যনর লেপ্টেনেন্ট শ্রীযুত ডবলিউ ই রথরফর্ড সাহেব দ্বিতীয় শ্রেণীর আসিষ্টান্ট কমিস্যনর হইবেন।

১৮৬৭ সাল ৮ জুন।

নিম্নলিখিত মহাশয়েরা ১৬৬৭ সালের ২১ আইনমতে আসেসরের পদে নিযুক্ত হইয়াছেন ও উক্ত আইনের অভিপ্রায় সফল করণার্থে আপন২ নামের পার্শ্ব লিখিত জিলাতে কালেক্টরের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন।

চট্টগ্রামের শ্রীযুত বাবু দিগম্বর কানুনগো।

নিদর্শনপত্রাদির বিশেষ সব-রেজিষ্ট্রার স্বরূপ আপন বর্ত্তমান কর্ম্মাতিরিক্ত সারণে শ্রীযুত বাবু কেদারনাথ
ত।

সারণে শ্রীযুত বাবু কাশীনাথ দত্ত।

সারণে শ্রীযুত হাফিজ মহম্মদ করীম।

১৮৬৭ সাল ১০ জুন।

পাদরি শ্রীযুত জি এফ পি ব্লাইস সাহেব অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত সেণ্টপাল্স কাথিড্রাল নামক গির্জ্জার ও জেনরল হাসপাতালের ধর্ম্মোপদেশকের কর্ম্ম করিবেন। তিনি যে তারিখঅবধি এই গবর্ণমেণ্টের আজ্ঞাধীনে নিযুক্ত হন সেই তারিখঅবধি উক্ত নিয়োগ প্রবল হইবে।

ছুটী

১৮৬৭ সাল ৫ জুন।

বীরভূমের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত মৌলবী ওয়াজীউল্লা এই মাসের ১ তারিখঅবধি অথবা অন্য যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখঅবধি অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১১ ধারামতে এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৬৭ সাল ৬ জুন।

রাজমহালের সব-আসিষ্টান্ট কমিস্যনর শ্রীযুত জি হেস সাহেব অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১১ ধারামতে গত আপ্রিল মাসের ১৮ তারিখঅবধি দুই মাসের ছুটী পাইয়াছেন।

১৮৬৭ সাল ৭ জুন।

জরীপী কার্য্যের চতুর্থ শ্রেণীতে নিযুক্ত পরীক্ষার্থ আসিষ্টান্ট রেবিনিউ সরবেয়র লেপ্টেনেন্ট শ্রীযুত এস এচ কৌয়ান সাহেব ফিনান্সিয়ল ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের ১৮৫৬ সালের ২২ ফেব্রুআরি তারিখের নির্দ্ধারণমতে গত মাসের ১৬ তারিখঅবধি পনের দিনের ছুটী পাইয়াছেন।

১৮৬৭ সাল ৮ জুন।

চট্টগ্রামের কষ্টমের একটিং কালেক্টর শ্রীযুত জি সি কিল্‌বি সাহেব এই মাসের ১০ তারিখঅবধি অথবা অন্য যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখঅবধি

from the 10th instant, or any other date on which he may avail himself of the leave.

NOTIFICATIONS.

The 3rd June 1867.

The leave granted to Baboo Lukhinarain Mitter, late Additional Principal Sudder Ameen of Mymensing, under orders of the 14th November last, is cancelled.

The 4th June 1867.

The following gentlemen have been passed as Mooktears in the Mofussil Courts of the Lower Provinces, at the Examination held at Tipperah on the 11th February last, *viz*:—

1. Ooma Nath Rukhit.
Raj Coomar Nundy.
3. Juggobundo Roy.
4. Ishan Chunder Chuckerbutty.
5. Goonomony Gangooly.
Busheerooddeen.
7. Hurrish Chunder Das.
8. Hamidoollah.
9. Kulleemooddeen.
10. Parbutty Churn.
11. Ramrutton Deo.
12. Bhuggwan Chunder Bhudro.
13. Hurrish Chunder Pal.
14. Madan Mohun Chatterjea.
15. Issuff Ali.
16. Bushanto Coomar Chowdry.
17. Sadoodeen.

The 7th June 1867.

Under Section 47, Act V. of 1865, the Lieutenant-Governor is pleased to revoke the license which was granted to Baboo Koylash Chunder Mitter under orders of the 24th June 1865.

The 10th June 1867.

On the report of the Board of Examiners the following Officers are declared to have passed the examination prescribed in the Government Resolution of the 19th November 1851:—

By the Second or Higher Standard.

Mr. W. M. Souttar.
,, A. C. Brett.
Baboo Poresh Nath Banerjea.

Mr. H. S. Beadon ... ,, W. H. Verner ... ,, J. R. Hallett ... Baboo Bemola Churn Bhuttacharjee ... Mr. H. W. Mackenzie.	Still liable to a further examination in Urduo.

অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১১ ধারামতে এক মাসের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৬৭ সাল ৩ জুন।

ময়মুনসিংহের ভূতপূর্ব্ব আডিস্যনল প্রধান সদর আমীন শ্রীযুত বাবু লক্ষ্মীনারায়ণ মিত্র গত নবেম্বর মাসের ১৪ তারিখের আজ্ঞামতে যে ছুটী পান তাহা রহিত হইল।

১৮৬৭ সাল ৭ জুন।

বঙ্গপ্রভৃতি দেশের মফঃসল আদালতে মোক্তারি করণার্থ যে পরীক্ষা গত ফেব্রুআরি মাসের ১১ তারিখে ত্রিপুরায় হইয়াছিল নিম্নলিখিত মহাশয়েরা তাহাতে উত্তীর্ণ হইয়াছেন।

১। শ্রীযুত উমানাথ রক্ষিত।
২। ,, রাজকুমার নন্দি।
৩। ,, জগবন্ধু রায়।
৪। ,, ঈশানচন্দ্র চক্রবর্ত্তী।
৫। গুণমণি গঙ্গোপাধ্যায়।
৬। ,, বসীরুদ্দীন।
৭। ,, হরিশ্চন্দ্র দাস।
৮। ,, হামিদুল্লা।
৯। ,, কলীমুদ্দীন।
১০। ,, পার্ব্বতীচরণ দেব।
১১। ,, রামরত্ন দেব।
১২। ,, ভগবানচন্দ্র ভদ্র
১৩। ,, হরিশ্চন্দ্র পাল।
১৪। ,, মদনমোহন চট্টোপাধ্যায়।
১৫। ,, ইসফআলী।
১৬। ,, বসন্তকুমার চৌধুরী।
১৭। ,, সাদুদ্দীন।

১৮৬৭ সাল ৭ জুন।

শ্রীযুত বাবু কৈলাসচন্দ্র মিত্র ১৮৬৫ সালের জুন মাসের ২৪ তারিখের আজ্ঞামতে যে অনুমতিপত্র পান ১৮৬৫ সালের ৫ আইনের ৪৭ ধারামতে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব তাহা রহিত করিলেন।

১৮৬৭ সাল ১০ জুন।

পরীক্ষক বোর্ডের রিপোর্টমতে প্রকাশ করা যাইতেছে যে নিম্নলিখিত কার্য্যকারকেরা গবর্ণমেণ্টের ১৮৫১ সালের নবেম্বর মাসের ১৯ তারিখের নির্দ্ধারণের নির্দ্দিষ্ট পরীক্ষাতে উত্তীর্ণ হইয়াছেন।

দ্বিতীয় অর্থাৎ উচ্চতর কোটিতে।

শ্রীযুত ডবলিউ এম স্যুটর সাহেব।
শ্রীযুত এ সি ব্রেট সাহেব।
শ্রীযুত বাবু পরেশনাথ বন্দ্যোপাধ্যায়।

শ্রীযুত এচ এস বিডন সাহেব শ্রীযুত ডবলিউ এচ বর্ণর সাহেব শ্রীযুত জে আর হালেট সাহেব শ্রীযুত বাবু বিমলাচরণ ভট্টাচার্য্য শ্রীযুত এচ ডবলিউ মাকেঞ্জি সাহেব	উর্দ্দু ভাষায় পুনর্ব্বার পরীক্ষা দিতে হইবে।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৬৭। ১৮ জুন।]

Police Officers.

Mr. A. Anley.

„ A. D. Larymore ...	Still liable to a further examination in Urdoo.
„ R. F. H. Pughe ... „ F. Wilcox ...	Still liable to a further examination in Bengali.

পোলীস কার্য্যকারকেরা

শ্রীযুত এ আনলি সাহেব

যুত এ ডি লারিমুর সাহেব।	উর্দ্দুভাষায় পুনর্ব্বার পরীক্ষা দিতে হইবে।
শ্রীযুত আর এফ এচ পিউ সাহেব এফ উইলকক্স সাহেব	বঙ্গভাষায় পুনর্ব্বার পরীক্ষা দিতে হইবে।

By the First or Lower Standard.

নিম্নতর অর্থাৎ দ্বিতীয় কোষ্ঠিতে।

Captain E. Y. Walcott.
Baboo Dorgagati Banerjee.
„ Kedar Nath Dutt.
Mr. John Scobell Armstrong.
„ A. J. Fraser.
„ S. J. Kilby.
Baboo Lolit Mohun Chatterjee.
Mr. A. Manson.

কাপ্তান শ্রীযুত ই ওয়াই ওয়ালকট সাহেব।
শ্রীযুত বাবু দুর্গাগতি বন্দ্যোপাধ্যায়।
„ বাবু কেদারনাথ দত্ত।
„ জান স্কোবেল আর্ম্মষ্ট্রং সাহেব।
„ এ জে ফ্রেজর সাহেব।
„ এস জে কিল্‌বি সাহেব।
„ বাবু ললিতমোহন চট্টোপাধ্যায়।
„ এ মানসন সাহেব।

Police Officers.

পোলীস কার্য্যকারকেরা।

Mr. J. H. Johnston.
„ H. G. Renny.
„ E. A. Vines.
„ W. L. H. Forbes.
„ C. A. Fisher.
„ H. V. H. Roberts.
„ G. H. French.
„ W. R. Greene.
„ H. Harris.

শ্রীযুত জে এচ জনষ্টন সাহেব।
„ এচ জি রেণী সাহেব।
„ ই এ বাইন্স সাহেব।
„ ডবলিউ, এল, এচ, ফর্ব্বস সাহেব।
„ সি এ ফিশর সাহেব।
„ এচ, বি, এচ, রবর্টস সাহেব।
„ জি এচ ফ্রেঞ্চ সাহেব।
„ ডবলিউ আর গ্রীন্ সাহেব।
„ এচ হারিস সাহেব।

The following Officers of the Opium Department have passed, *viz.*:—
Mr. C. L. Harrison.
„ N. C. Ryves.

আফীন ডিপার্টমেন্টের নিম্নলিখিত কার্য্যকারকেরা উত্তীর্ণ হইয়াছেন।
শ্রীযুত সি এল হারিসন সাহেব।
„ এন সি রাইবস্ সাহেব।

Appointments.

নিয়োগ।

The 10th June 1867.

১৮৬৭ সাল ১০ জুন।

Baboo Poresh Nath Banerjea, Deputy Magistrate and Deputy Collector of Rajshahye, is vested with the powers of a Magistrate in that District.

Mr. John Scobell Armstrong, Assistant Magistrate and Collector, Bhaugulpore, is vested with the powers of a Subordinate Magistrate of the First Class and Deputy Collector in that District.

The following Officers of the Subordinate Executive Service are vested with the powers of a Subordinate Magistrate of the First Class in the Districts mentioned against their respective names, *viz.*:—

Baboo Kedar Nath Dutt	... Sarun.
Mr. S. J. Kilby	... Furreedpore.
Baboo Lolit Mohun Chatterjea	... Backergunge.

রাজশাহীর ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু পরেশনাথ বন্দ্যোপাধ্যায় ঐ জিলাতে মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন।

ভাগলপুরের আসিষ্টান্ট মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত জান স্কোবেল আর্ম্মষ্ট্রং সাহেব ঐ জিলাতে অধঃস্থ প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের ও ডেপুটী কালেক্টরের ক্ষমতা পাইয়াছেন।

বিচারকার্য্যসংক্রান্ত নিম্নলিখিত কার্য্যকারকেরা আপনং নামের পার্শ্বের লিখিত জিলাতে অধঃস্থ প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন।

সারণে শ্রীযুত বাবু কেদারনাথ দত্ত।
ফরীদপুরে শ্রীযুত এস জে কিল্‌বি সাহেব।
বাকরগঞ্জে শ্রীযুত বাবু ললিতমোহন চট্টোপাধ্যায়।

Errata.

In Page 428 of the *Calcutta Gazette* of the 27th March last, at the 8th place in the List of Mooktears of Hooghly,

For "Burda Bhuttacharjee,"

Read "Bishto Chunder Bhuttacharjee,"

And at the 8th place in the List of Mooktears of Jessore,

For "Peary Mohun Chatterjee,"

Read "Peary Mohun Chuckerbutty."

In Page 429 at the 6th place in the List of Mooktears of the 24-Pergunnahs,

For "Jodunath Dass,"

Read "Jodunath Bose."

অশুদ্ধশোধন ।

গত আপ্রিল মাসের ২ তারিখের বাঙ্গলা গেজেটের ৪১৩ পৃষ্ঠায় হুগলীর মোক্তারদের নামের ফর্দ্দের ৮ দফাতে

"বরদা ভট্টাচার্য্য"

এই নামের পরিবর্ত্তে "বিষ্ণুচন্দ্র ভট্টাচার্য্য" পাঠ করিতে হইবে ।

যশোহরের মোক্তারদের নামের ফর্দ্দের ৮ দফাতে

"পেয়ারীমোহন চট্টোপাধ্যায়"

এই নামের পরিবর্ত্তে "পেয়ারীমোহন চক্রবর্ত্তী" পাঠ করিতে হইবে ।

৪১৫ পৃষ্ঠার ২৪ পরগনার মোক্তারদের নামের ফর্দ্দের ৬ দফাতে

"যদুনাথ দাস"

এই নামের পরিবর্ত্তে "যদুনাথ বসু" পাঠ করিতে হইবে ।

Notifications.

The 3rd June 1867.

It is hereby notified under Section 6 of the Indian Registration Act No. XX. of 1866, that the Lieutenant-Governor has been pleased to declare the Sub-Division of Bishnath in the District of Durrung to be a Sub-District for the purpose of that Act. The limits of the Sub-District will be conterminous with those of the Sub-Division as defined in the Government Notifications of the 20th March and the 8th April last, published respectively in the *Calcutta Gazette* of the 27th March and 17th April last.

বিজ্ঞাপন ।

১৮৬৭ সাল ৩ জুন ।

১৮৬৬ সালের ২০ আইনের (অর্থাৎ ভারতবর্ষীয় রেজিষ্টরী আইনের) ৬ ধারামতে ইহাতে সংবাদ দেওয়া যাইতেছে যে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব দরঙ্গ জিলার অন্তর্গত বিশ্বনাথ শাখাখণ্ড উক্ত আইনের অভিপ্রায় সফল করণার্থে সব-ডিষ্ট্রিকট প্রকাশ করিলেন । উক্ত শাখাখণ্ডের যে সীমা গত মার্চ মাসের ২০ তারিখের ও আপ্রিল মাসের ৮ তারিখের গবর্ণমেণ্টের বিজ্ঞাপনে প্রকাশিত হইয়া ক্রমান্বয়ে গত আপ্রিল মাসের ২ ও ২৩ তারিখের বাঙ্গলা গেজেটে প্রকাশিত হয় উক্ত সব-ডিষ্ট্রিক্টের সেই সীমা হইবে

The 7th June 1867.

With the sanction of the Government of India, the Lieutenant-Governor is pleased to publish the following revised Code of Rules for the Port of Calcutta:—

Regulations of the Port of Calcutta and the Navigable River and Channels leading thereto under Act XXII. of 1855.

১৮৬৭ সাল ৭ জুন ।

ভারতবর্ষের গবর্ণমেণ্টের সম্মতিক্রমে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব কলিকাতা বন্দরের নিম্নলিখিত সংশোধিত বিধিশ্রেণী প্রকাশ করিতেছেন ।

কলিকাতা বন্দরের এবং নৌকা গমনীয় যেং নদী ও খাল প্রভৃতি সেই বন্দরে গিয়া মিলে ১৮৫৫ সালের ২২ আইনমতে তাহার বিধান ।

No. 401.

Orders by the Lieutenant-Governor of Bengal.

৪০১ নম্বর ।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের আজ্ঞা

Notification.

The 1st July 1856.

With the sanction of the Governor General of India in Council, it is hereby declared that the Port of Calcutta and the navigable river and channels leading to that Port are subject to Act No. XXII. of 1855.

The limits of the said Port of Calcutta are as follows:—Northern limits from the boundary pillar at the Cossipore Gun Foundry Ghaut, and a point on the opposite side of the river at Goosery.

বিজ্ঞাপন ।

১৮৫৬ সাল ১ জুলাই ।

মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের সম্মতিক্রমে কলিকাতা বন্দর এবং নৌকা গমনীয় যে সকল নদী ও খাল প্রভৃতি সেই বন্দরে গিয়া মিলে তাহা ১৮৫৫ সালের ২২ আইনের অধীন প্রকাশ করা গেল

উক্ত কলিকাতা বন্দরের সীমা এইং । কাশীপুরের কামানের কারখানার ঘাটে যে সীমার থাম আছে ও নদীর আড়পারে ঘুষড়ীতে যে চিহ্ন আছে তাহাই উত্তর সীমা।

The southern limits of the Port of Calcutta are extended to a point called Pachparah on the West, and a creek called Nardukhal on the East.

The limits of the navigable river and channels leading to the said Port of Calcutta, made subject to the said Act, are as follows:

So much of Tolly's Nullah as lies to the west of a line drawn across the Nullah between the two boundary pillars 300 yards within Hastings' Bridge.

The limits of the said Port include to the East and West so much of the River Hooghly and of the shores thereof, and so much of Tolly's Nullah and of the shores thereof, as are within 50 yards of high water mark spring-tides.

To the North, the Port of Calcutta as above defined.

To the South, a line drawn East and West from the Lower Floating Light.

All parts of the navigable channels called the Eastern and the Western Channels, and of the River Hooghly between the said limits and below high-water line at spring-tides, are subject to the said Act.

PORT RULES.

With the sanction of the Governor General of India in Council, the following Port Rules have been made, and are hereby promulgated for general information and guidance:

Rule 1.—No vessel, if above 200 tons, shall enter within the limits of the Port of Calcutta, or move from one place to another within the Port, between sunset and sunrise, without the special permission of the Master Attendant.

Rule 2.—As the Harbour Master is held responsible for the movements of all vessels in the Port, the Officers of his Department are not to be interfered with in the execution of such important duty. After a vessel is moored in a clear and safe berth in the stream, she is not to be shifted, unless for the purpose of hauling into dock, or to the Government moorings, and except in cases of emergency.

Rule 3.—All vessels within the Port of Calcutta shall be bound to take up such berth as may be appointed for them by the Master Attendant, the Harbour Master, or their Assistants, and shall change their berths or remove when required by such Authorities.

Rule 4.—All applications to take in or cast off from the moorings, or for other assistance, are to

পশ্চিম দিগে পাঁচপাড়া নামে খ্যাত স্থান এবং পূর্ব্ব দিগে নারদখাল নামক এক খাল কলিকাতা বন্দরের দক্ষিণ সীমা।

নৌকা গমনীয় যে সকল নদী ও খাল উক্ত কলিকাতা বন্দরে মিলনপ্রযুক্ত ঐ আইনের অধীন করা গেল তাহা এই২।

হেষ্টিংস্ ব্রিজহইতে তিন শত গজের মধ্যে সীমার যে দুই থাম আছে তাহাহইতে নালার আড়পারে এক রেখা টানিলে নালার যে অংশ তাহার পশ্চিম দিগে থাকে তাহা।

কটালের জোয়ারে জল যত উচ্চ উঠে তাহার চিহ্নহইতে হুগলী নদীর পূর্ব্ব ও পশ্চিম ধারে এবং টালির নালা ও তাহার উভয় তটে যত জমি পঞ্চাশ গজের মধ্যে পড়ে তাহাও উক্ত বন্দরের সীমার মধ্যে।

উত্তর দিগে কলিকাতা বন্দরের পূর্ব্ব নির্দ্দিষ্ট সীমা।

দক্ষিণ দিগে লোয়র ফ্লুটিং লাইট নামে যে ভাসমান আলো আছে তাহার পূর্ব্ব ও পশ্চিম দিগে রেখা টানিলে সেই রেখাই সীমা।

পূর্ব্ব ও পশ্চিম খাল নামে খ্যাত নৌকা গমনের যোগ্য খালের সমুদয় অংশ এবং উক্ত সীমার মধ্যে ও কটালের জোয়ারে জল যত উচ্চ উঠে তাহার নিম্ন স্থানের মধ্যে হুগলী নদীর সমুদয় অংশ উক্ত আইনের অধীন।

বন্দরের বিধি।

মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের সম্মতিক্রমে বন্দরের নিম্নলিখিত বিধি প্রস্তুত করা গিয়াছে ও সর্ব্বসাধারণের জ্ঞান ও উপদেশার্থে প্রকাশ করা যাইতেছে

১ ধারা। যদি কোন জাহাজ দুই শত টনের অধিক বোঝাধারী হয়, তবে মাষ্টর আটেণ্ডেণ্ট সাহেবের বিশেষ অনুমতি ব্যতিরেকে সেই জাহাজ সূর্য্যের অস্ত ও উদয় হইবার মধ্য কালে কলিকাতা বন্দরের সীমার মধ্যে আসিতে পাইবে না ও বন্দরের অন্তর্গত এক স্থানহইতে অন্য স্থানে যাইতে পাইবে না।

২ ধারা। বন্দরের মধ্যে যে সকল জাহাজ থাকে তাহার গতির বিষয়ে হারবর মাষ্টর সাহেব দায়ী আছেন। অতএব তাঁহার কর্ম্মবিভাগের কার্য্যকারকেরদের ঐ গুরুতর কার্য্যসম্পাদন কালে কেহ তাহাদের কর্ম্মে হস্তক্ষেপ করিবেন না। কোন জাহাজ নদীস্রোতে পরিষ্কার ও নিঃশঙ্ক [illegible]ন বদ্ধ হইলে পর তাহা স্থানান্তর করিতে হইবে না, কেবল গুদিতে আনাইবার জন্যে কিম্বা গবর্ণমেণ্টের বয়াতে বান্ধিবার জন্যে এবং অত্যাবশ্যক স্থলে স্থানান্তর করা যাইতে পারিবে।

৩ ধারা। কলিকাতা বন্দরের মধ্যে যে সকল জাহাজ থাকে মাষ্টর আটেণ্ডেণ্টে সাহেব কি হারবর মাষ্টর সাহেব কিম্বা তাঁহাদের সহকারি কর্ম্মকারকেরা ঐ জাহাজের যে স্থান নিরূপণ করেন জাহাজের সেই স্থানেই থাকিতে হইবে, এবং সেই কার্য্যকারকদের আজ্ঞাক্রমে থাকিবার স্থান পরিবর্ত্তন হইতে পারিবে কিম্বা অন্য স্থানে যাইতে পারিবে।

৪ ধারা। বয়াতে বদ্ধ হইবার কি তাহাহইতে মুক্ত হইবার কি অন্য প্রকারে সাহায্য পাইবার সকল

be made in writing to the Harbour Master. Applications will be complied with according to priority of date.

প্রার্থনা হারবর মাষ্টর সাহেবের নিকটে লিখনদ্বারা করিতে হইবে। উক্ত প্রার্থনামতে তারিখ অনুসারে কার্য্যের অগ্রগণ্যতা হইবে।

Rule 5.—All vessels arriving in the Port of Calcutta shall rig in their jib and driver booms and all vessels within the Port of Calcutta shall, on the requisition of the Master Attendant or the Harbour Master, strike their yards and masts, if required so to do by either of those Officers. The jib and driver booms to be so kept until the sea Pilot takes charge of the vessel at Garden Reach, for the purpose of taking the vessel to sea.

৫ ধারা। কলিকাতা বন্দরে যে সকল জাহাজ পঁহুছে তাহার জিব ও ড্রাবল বুম ভিতরে টানিয়া রাখিতে হইবে এবং কলিকাতা বন্দরের মধ্যে যে সকল জাহাজ থাকে মাষ্টর আটেণ্ডেণ্ট সাহেবের কিম্বা হারবর মাষ্টর সাহেবের আজ্ঞা হইলে সেই জাহাজের পরওয়ান ও মাস্তুল নামাইয়া লইতে হইবে। যে আড়কাটি সাহেব ঐ জাহাজ সমুদ্রে লইয়া যাইবেন, তিনি মুচিখোলাতে যত কাল জাহাজের কর্ত্তৃত্বভার গ্রহণ না করেন তত কাল জিব ও ড্রাবল বুম সেই প্রকারে রাখিতে হইবে।

Rule 6.—Vessels lying in the stream, or at the Government moorings, shall have at least one anchor at the bow, with a cable bent and ranged ready for letting go at all times when possible.

৬ ধারা। যে জাহাজ নদীর স্রোতে থাকে কিম্বা গবর্ণমেণ্টের বয়াতে বদ্ধ হয় সেই জাহাজের সম্মুখভাগে ন্যূনকল্পে এক লঙ্গর ফেলিতে হইবে ও তাহার কাছি এমন বক্র করা যাইবে এবং তাহার এমন রিঞ্চি রাখিতে হইবে যে প্রয়োজন হইলে তাহা ত্বরায় ছাড়িয়া দেওয়া যাইতে পারে।

Rule 7.—Every ship or vessel within the Port of Calcutta shall remove any anchor or spars or other substance projecting from her side, when required to do so by the Master Attendant or the Harbour Master.

৭ ধারা। মাষ্টর আটেণ্ডেণ্ট সাহেব কিম্বা হারবর মাষ্টর সাহেব যখন আজ্ঞা করেন তখন কলিকাতা বন্দরের মধ্যবর্ত্তি যে জাহাজের কোন লঙ্গর কি ফালতু বুম কি অন্য বিষয় পার্শ্বে ঝুলিয়া থাকে তাহা তুলিয়া লওয়া যাইবে

Rule 8.—Vessels taking in or discharging ballast, or any particular kind of cargo within the Port of Calcutta, shall be bound to take up such berth as the Master Attendant or the Harbour Master may direct.

৮ ধারা। কলিকাতা বন্দরের মধ্যে যে সকল জাহাজ নিলম গ্রহণ করে কি নামাইয়া দেয় ও যে সকল জাহাজ কোন প্রকারের মাল গ্রহণ করে মাষ্টর আটেণ্ডেণ্ট সাহেব কি হারবর মাষ্টর সাহেব যে স্থান নিরূপণ করেন ঐ জাহাজের সেই স্থানেই থাকিতে হইবে।

Rule 9.—A free channel of 240 yards width is to be kept for ships moving up or down the river within the Port, and also free passages to piers, jetties, landing places, wharves, quays, docks and moorings: and all vessels shall be bound to move when required to clear such channels or passages.

৯ ধারা। বন্দরের মধ্যে জাহাজের উজান কি ভাটিয়াল যাইবার নিমিত্তে নদীতে ২৪০ গজ চৌড়া পথ সর্ব্বদা পরিষ্কার রাখিতে হইবে, এবং ঘাটে ও বাঁধা ঘাটে ও পোস্তা ঘাটে ও গুদিতে ও জাহাজ বদ্ধ হইবার স্থানে জাহাজের যাইবার পথ খোলা রাখিতে হইবে। সেই পথ পরিষ্কার করিবার জন্যে কোন জাহাজের স্থানান্তর হইবার আজ্ঞা হইলে, তাহার অবশ্য স্থানান্তর হইতে হইবে।

Rule 10.—All vessels within the Port of Calcutta shall anchor, moor and unmoor, when and where required by the Master Attendant and the Harbour Master.

১০ ধারা। কলিকাতা বন্দরের মধ্যে যে সকল জাহাজ থাকে, মাষ্টর আটেণ্ডেণ্ট সাহেব ও হারবর মাষ্টর সাহেব যখন যে স্থানের আজ্ঞা করেন ঐ জাহাজ তখনি সেই স্থানে লঙ্গর করিবে ও বদ্ধ হইবে কি খুলিয়া দেওয়া যাইবে।

Rule 11.—All vessels moored in the stream are to keep a clear hawse to prevent accident occurring.

১১ ধারা। নদী স্রোতে যে সকল জাহাজ লঙ্গর করে তাহার হাঁসিলের পাক না থাকে এই বিষয় মনোযোগ করিতে হইবে পাছে বিপদ ঘটে।

Rule 12.—No vessel shall use any of the Government moorings, whether fixed or swinging, without permission of the Master Attendant or the Harbour Master.

১২ ধারা। মাষ্টর আটেণ্ডেণ্ট কিম্বা হারবর মাষ্টর সাহেবের অনুমতি না হইলে কোন জাহাজ গবর্ণমেণ্টের দৃঢ়বদ্ধ কি দোলায়মান কোন বয়ার ব্যবহার করিবে না।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৭। ১৮ জুন।]

Rule 13.—All vessels occupying Government moorings, fixed or swinging, shall be liable to pay for the same according to the following scale, but no more:—

১৩ ধারা। যে সকল জাহাজ গবর্ণমেণ্টের দৃঢ়বদ্ধ কি দোলায়মান বয়াতে বদ্ধ থাকে তাহার নিম্নলিখিত হারানুসারে ভাড়া দিতে হইবে অধিক নয়।

	From 1st November to 31st May per diem.	From 1st June to 31st October per diem.
	Rs. As. P.	Rs. As. P.
All Vessels up to 199 tons ...	1 8 0	3 0 0
,, from 200 up to 299 tons	2 0 0	4 0 0
,, ,, 300 ,, 399 ,,	2 8 0	5 0 0
,, ,, 400 ,, 499 ,,	3 0 0	6 0 0
,, ,, 500 ,, 599 ,,	3 8 0	7 0 0
,, ,, 600 ,, 999 ,,	4 0 0	8 0 0
,, ,, 1,000 and upwards to 1,219	5 0 0	10 0 0
,, ,, 1,250 to 1,499 tons	6 0 0	12 0 0
,, ,, 1,500 ,, 1,749 ,,	7 0 0	14 0 0
,, ,, 1,750 ,, 1,999 ,,	8 0 0	16 0 0
,, ,, 2,000 tons and upwards	9 0 0	18 0 0

	নবেম্বর মাসের ১ তারিখ অবধি মে মাসের ৩১ তারিখ পর্য্যন্ত দিন প্রতি।	জুন মাসের ১ তারিখ অবধি অক্টোবর মাসের ৩১ তারিখ পর্য্যন্ত দিন প্রতি
	টাকা	টাকা
১৯৯ টন পর্য্যন্ত বোঝাধারি সকল জাহাজাদির	১৷৷০	৩৲
২০০ অবধি ২৯৯ টন পর্য্যন্ত ঐ ঐ	২৲	৪৲
৩০০ ঐ ৩৯৯ ঐ ঐ ঐ	২৷৷০	
৪০০ ঐ ৪৯৯ ঐ ঐ ঐ ...	৩৲	৬৲
৫০০ ঐ ৫৯৯ ঐ ঐ ঐ	৩৷৷০	৭৲
৬০০ ঐ ৯৯৯ ঐ ঐ ঐ	৪৲	৮৲
১০০০ ও তদূর্দ্ধ ১২৪৯ ঐ ঐ ঐ	৫	০৲
১২৫০ ঐ ১৪৯৯ ঐ ঐ ঐ	৬	১২৲
১৫০০ ঐ ১৭৪৯ ঐ ঐ ঐ	৭৲	১৪৲
১৭৫০ ঐ ১৯৯৯ ঐ ঐ ঐ	৮৲	১৬৲
২০০০ টন ও তদূর্দ্ধ ...	৯৲	১৮৲

Rule 14.—No vessels within the limits of the Port of Calcutta shall boil any pitch, rosin, or dammer on board, or shall draw off spirits by candle or other artificial lights.

১৪ ধারা। কলিকাতা বন্দরের সীমার মধ্যে কোন জাহাজে পিচ কি রজন কি ডামর জ্বাল দিতে হইবে না। এবং মোমবাতি কি মানব কৌশলে নির্ম্মিত প্রদীপের আলোতে পিপাহইতে উগ্রমদিরা বাহির করিবে না।

Rule 15.—All vessels within the limits of the channels leading to the Port of Calcutta shall, when at anchor between sunset and sunrise, have a good light hoisted at the starboard fore-yard arm; and all vessels under way at night shall shew a good light at the fore-royal or upper fore-mast head; and when under way in tow of a steamer shall, in addition to the mast head light, shew a good light at each fore-yard arm, the steamer shewing the usual light prescribed by the Admiralty Regulations.

১৫ ধারা। যে সকল জলপথ দিয়া কলিকাতা বন্দরে উপস্থিত হওয়া যায় যদি সেই পথের মধ্যবর্ত্তি জাহাজ লঙ্গর করে তবে সূর্য্যাস্ত হইবার সময়াবধি সূর্য্যোদয় কাল পর্য্যন্ত দক্ষিণ হাতের তিরকট পরওয়ানে উত্তম আলো জ্বালিয়া রাখিতে হইবে, ও রাত্রিকালে যে সকল জাহাজ চলে তাহার তিরকট মাস্তুলের মাথায় উত্তম আলো জ্বালিয়া রাখিতে হইবে। যদি ষ্টীমরের দ্বারা আকৃষ্ট হইয়া চলে তবে মাস্তুলের অগ্রভাগের আলো ছাড়া তিরকট পরওয়ানের দুই দিগে দুই আলো দেখাইবে এবং জাহাজসম্পর্কীয় আইনেতে যে বিধি আছে সেই বিধিমতে ষ্টীমরেও রীতিমত বাত্তি জ্বলিবে।

Rule 16.—All steam vessels occupying Government moorings are strictly prohibited from turning their screw or paddles, without giving

১৬ ধারা। গবর্ণমেণ্টের বয়াতে যে সকল ষ্টীমর বদ্ধ থাকে তাহারা ইস্‌ক্রু কিচক্র ঘুরাইবার পূর্ব্বে নিকটস্থ নৌকা সকল অন্য স্থানে গিয়া রক্ষা পাইতে পারে এই

sufficient warning of the intention to boats in the vicinity to enable them to get out of the way; and they are also strictly prohibited from putting full power on their engines when trying in the moorings, as serious accidents might occur from so doing.

Rule 17.—No steamer shall steam up on the flood-tide among the shipping; and no steamer shall go among the shipping at a greater speed than one mile an hour over the ground, unless by express permission of the Master Attendant.

Rule 18.—Smoking and the use of, or possession of lighted chillums in any part of a ship except the upper deck are strictly prohibited.

Rule 19.—No naked light of any description is to be taken into the hold of any ship. Closed lanterns secured by lock and key of such description, and in charge of such Officers of the ship as the Conservator of the Port may select and appoint, shall alone be taken into the hold of any ship.

Rule 20.—Fires are permitted only in galleys or fire-places regularly constructed for the purpose, and must in every case be extinguished by 8 P. M.

Rule 21.—The three preceding rules shall apply to ships in dock as far as possible.

Rule 22.—All gunpowder and combustible matter, such as blue-light composition, rockets, and other fire-works, shall be landed before a vessel is put into dock.

Rule 23.—The proprietor of every dock shall keep on the premises a good fire-engine, with serviceable hose and fire buckets, ready for use at a moment's warning, with a supply of water at hand, in case of the tide being low and there being no water in the dock when a fire breaks out.

Rule 24.—When fire is known to have broken out in any vessel, the Officers in charge of all vessels in neighbouring moorings or anchorages shall furl their awning, get their force pumps ready for use, and prepare for slipping their cables and chains, seeing especially that the pins of the shackles can be immediately knocked out.

Rule.25.—The Conservator of the Port, or any person subordinate to him, may, at any time, board any vessel, in order to ascertain that the above rules are carried out.

Rule 26.—From the 1st day of May until the 10th day of June, and from the 30th day of September until after the full moon of November, all vessels within the limits of the Port of Calcutta shall have their top-gallant masts and yards on the deck, and shall send down their top sail yards, and house their top masts when required to do so by the Master Attendant or Harbour Master.

নিমিত্তে সময় থাকিতে সংবাদ না দিলে ইস্‌ক্রু কি চক্রঘুরাইবে না। এবং বয়াতে বদ্ধ থাকিয়া সম্পূর্ণ বল ক্রমে ষ্টীমর চালাইবে না। চালাইলে গুরুতর বিপত্তির সম্ভাবনা।

১৭ ধারা। ষ্টীমর জোয়ারের সময়ে জাহাজের মধ্যদিয়া বাষ্পবলে চলিবে না এবং মাষ্টর আটেণ্ডেণ্ট সাহেবের স্পষ্ট অনুমতি না হইলে কোন ষ্টীমর জাহাজ সকলের মধ্যে ঘণ্টা প্রতি এক মাইলের অধিক বেগে চলিবে না।

১৮ ধারা। জাহাজের উপরের তুতকভিন্ন কোন স্থানে তামাক খাওয়া, অথবা আগুন সহিত কলিকার ব্যবহার করা কি নিকট রাখা নিষিদ্ধ।

১৯ ধারা। আচ্ছাদন ভিন্ন কোন প্রকারের প্রদীপ কোন জাহাজের খোলে লইয়া যাইতে হইবে না। বন্দররক্ষক সাহেব তালা চাবিতে বদ্ধ যে প্রকারের লাণ্টন মনোনীত করেন ও জাহাজের যে কার্য্যকারকদিগকে নিযুক্ত করেন কেবল তাহারাই ঐ প্রকারের লাণ্টন লইয়া জাহাজের খোলে যাইতে পারিবে।

২০ ধারা। চুল্লীতে কিম্বা অগ্নি জ্বালাইবার যে স্থান নিয়মিতরূপে প্রস্তুত হইয়াছে তদ্ভিন্ন কোন স্থানে অগ্নি জ্বালাইতে হইবে না এবং রাত্রি আট ঘণ্টার মধ্যে সকল আগুণ নির্ব্বাণ করিতে হইবে।

২১ ধারা। জাহাজ গুদিতে থাকিলেও পূর্ব্ব তিন বিধি সাধ্যমতে বর্ত্তিবে

২২ ধারা। জাহাজের গুদিতে যাইবার পূর্ব্বে যত বারুদ ও আশু দহনশীল দ্রব্য অর্থাৎ রঙ্গমশালের ন্যায় নির্ম্মিত দ্রব্য ও হাউই প্রভৃতি আতস বাজি জাহাজহইতে বাহির করিয়া দিতে হইবে।

২৩ ধারা। প্রত্যেক গুদির অধিকারী বাটীর মধ্যে উত্তম দমকল ও কর্ম্মের উপযুক্ত নল ও বাল্তি এমন প্রস্তুত রাখিবেন যে ক্ষণমাত্রে তাহা ব্যবহার হইবার জন্যে প্রস্তুত হয়, এবং ভাটার সময়ে কিম্বা গুদিতে কোন জল না থাকার সময়ে অগ্নি লাগিতে পারে এই আশঙ্কায় প্রচুর জল সর্ব্বদা প্রস্তুত রাখিবেন।

২৪ ধারা। কোন জাহাজে আগুন লাগিয়াছে ইহা জানা গেলে, নিকট বয়াতে কি লঙ্গর করিবার স্থানে যে সকল জাহাজ বদ্ধ আছে সেই জাহাজের মালিমেরা চাঁদওয়া গুটাইয়া লইবেন ও বলবিশিষ্ট জলকল প্রস্তুত রাখিবেন ও আপনাদের কাছী ও চেইন ছাড়িয়া দিতে প্রস্তুত থাকিবেন বিশেষতঃ যে পিনেতে চেইন বদ্ধ থাকে তাহা অনায়াসে খোলা যাইতে পারিবে এই নিয়ম দেখিবেন।

২৫ ধারা। পূর্ব্বোক্ত সকল বিধি পালন হইতেছে কি না ইহা নিশ্চয়মতে জানিবার জন্যে বন্দররক্ষক কি তাঁহার অধীন কোন কর্ম্মকারক কোন সময়ে জাহাজে উঠিতে পারিবেন।

২৬ ধারা। মে মাসের ১ তারিখ অবধি জুন মাসের ১০ তারিখ পর্য্যন্ত ও সেপ্টেম্বর মাসের ৩০ তারিখ অবধি নবেম্বর মাসের পূর্ণিমা পর পর্য্যন্ত কলিকাতা বন্দরের সীমাগত সমস্ত জাহাজ সবরডোল ও তিরকট ভুতুকে রাখিবেন ও গেবি তিরকট নামাইয়া রাখিবেন এবং মাষ্টর আটেণ্ডেণ্ট সাহেব কি হারবর মাষ্টর সাহেব আজ্ঞা করিলে গেবিডোল বান্ধিয়া রাখিবেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৭। ১৮ জুন।]

Rule 27.—Any infringement of the above rules will, under Section 9 of Act XXII. of 1855, subject the offending party to a penalty not exceeding 100 Rupees for every offence.

Rule 28.—The Master of any vessel shall not suffer any warp or hawser attached to his vessel to be left out in the Port after sunset, in such a manner as to endanger the safety of any boat or other vessel navigating in the said Port.

Rule 29.—The Master of any vessel in the Port, shall, when required to do so by the Conservator, permit warps to be made fast to such vessel for the purpose of warping any other vessel in the Port, and shall not allow any such warp to be let go until required so to do.

Rule 30.—Vessels meeting with any accident, or causing damage to others, while in charge of an Officer under the authority of the Master Attendant or Harbour Master, have no claim on Government for such damage; but the parties concerned are to represent the case to the Master Attendant, who will take such cognizance of the same as the merits of the case may appear to require.

Rule 31.—In order to avoid misconception as to the responsibility of Government for the safety of vessels making use of the Government moorings, the Governor General in Council has been pleased to direct that it be explicitly notified to the public that Government does not guarantee the safety of any vessel which may use those moorings.

Rule 32.—Vessels are prohibited from throwing overboard ballast or rubbish of any kind detrimental to the bed of the river: all Pilots and Officers of the Harbour Masters' Department are strictly enjoined to see that this regulation is observed, and to report any infraction of it. As in other cases of breaches of the Port regulations to which any penalty attaches, whenever and as often as the penalty is incurred, a bill will be made out against the Commander for the amount, and no Pilot will be granted to the vessel on board of which the offence has been committed until such fine be paid.

Rule 33.—With a view to the extinction of fires on boardships when they unfortunately break out, all vessels in the Port are required to be provided with a proper force pump and hose, in accordance with Section 28, Act XXII. of 1855, and fire buckets in the proportion of five to every one hundred tons of registered burthen, one-half of which are to be left constantly hung up on the quarter-deck or other convenient place, with lawyards attached ready for drawing water

২৭ ধারা। উক্ত বিধি লঙ্ঘন হইলে ১৮৫৫ সালের ২২ আইনের ৯ ধারামতে অপরাধির প্রত্যেক অপরাধের জন্যে এক শত টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে।

২৮ ধারা। সূর্য্যাস্ত হইলে পর কোন জাহাজের অধ্যক্ষ বন্দরের মধ্যে আপন জাহাজের পাগর কি হাঁসিল এমত পড়িয়া থাকিতে দিবেন না যে তদ্দ্বারা উক্ত বন্দরে গমনশীল কোন নৌকার কি অন্য জাহাজের আপদের আশঙ্কা হয়।

২৯ ধারা। বন্দররক্ষক আজ্ঞা করিলে বন্দরগত কোন জাহাজের অধ্যক্ষ অন্য জাহাজ টানিবার জন্যে আপন জাহাজের গাত্রে ঐ জাহাজের পাগর বান্ধিবার অনুমতি দিবেন, এবং আজ্ঞা প্রাপ্ত না হইলে সেই পাগর ছাড়াইয়া দিবেন না।

৩০ ধারা। মাস্টর আটেণ্ডেন্ট সাহেবের কিম্বা হারবর মাস্টরের আজ্ঞাধীন কোন কার্য্যকারক যে সময়ে জাহাজের অধ্যক্ষতা কর্ম্মে থাকেন যদি সেই সময়ে জাহাজের বিপত্তি হয় কি তদ্দ্বারা অন্য জাহাজের হানি হয়, তবে সেই জাহাজের স্বামিরা গবর্ণমেন্টের নিকটে ঐ ক্ষতিপূরণ দাওয়া করিয়া লইতে পারিবেন না। কিন্তু তাহাতে যে ব্যক্তিদের লাভ কি নোকসান হয় তাঁহারা মাস্টর আটেণ্ডেন্ট সাহেবকে ঐ কথা জানাইবেন ও তিনি বিষয় বিবেচনায় যদ্রূপ বিচার করা আবশ্যক বোধ করেন করিবেন।

৩১ ধারা। যে সকল জাহাজ গবর্ণমেন্টের বয়াতে বদ্ধ থাকে তাহাদের নিরাপদে থাকার বিষয়ে গবর্ণমেন্টের যত দূর দায় হয় এই বিষয়ে কোন ভ্রম না হইবার জন্যে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব আজ্ঞা করিয়াছেন যে উক্ত সকল বয়াতে যে জাহাজ বদ্ধ থাকে গবর্ণমেন্ট তাহার নিরাপদের জন্যে দায়ী নহেন, এই কথা সর্ব্বসাধারণকে স্পষ্টরূপে জ্ঞাত করা যায়।

৩২ ধারা। যে নিলম কি রাবিসদ্বারা নদীর গাভার কোন হানি হইতে পারে জাহাজহইতে এমত দ্রব্য ফেলিয়া দেওয়া নিষেধ হইয়াছে। এই বিধানের প্রতিপালন হয় এবং লঙ্ঘন হইলে তাহার রিপোর্ট করা যায় সকল আড়কাটী সাহেবকে ও হারবর মাস্টরের কর্ম্মবিভাগের সকল কার্য্যকারককে এই বিষয় দেখিতে দৃঢ় আজ্ঞা করা যাইতেছে। বন্দরের অন্য বিধান লঙ্ঘন হইলে যদি কোন দণ্ড বর্ত্তে, তবে তৎসম্পর্কে যেরূপ হইয়া থাকে সেইরূপে যখন ও যত বার দণ্ডের যোগ্যতা হয় তখনি জাহাজের অধ্যক্ষের নামে ঐ দণ্ডের তুল্য টাকার বিল দেওয়া যাইবে এবং সেই দণ্ডের টাকা যত কাল না দেওয়া যায় তত কাল যে জাহাজে অপরাধ হইয়াছে সেই জাহাজে আড়কাটি দেওয়া যাইবে না।

৩৩ ধারা। দুর্ভাগ্যক্রমে কোন জাহাজে অগ্নি লাগিলে তাহা নির্ব্বাণ করিবার এই বিধি। ১৮৫৫ সালের ২২ আইনের ২৮ ধারামতে বন্দরগত প্রত্যেক জাহাজে উপযুক্ত বলবিশিষ্ট জলকল ও নল থাকিবে এবং যত টনের জাহাজ বলিয়া রেজিস্টর হইয়াছে তাহার একং শত টনের হিসাবে পাঁচং টি বালতি থাকিবে, ইহার মধ্যে অর্দ্ধেক বালতি দ্বারের নিকট তুতকে কি সুবিধার অন্য স্থানে সর্ব্বদাই লটকান থাকিবে, ও জল তুলিবার জন্যে তাহার দড়িও থাকিবে। তদ্রূপ ৯/ হইলে পাঁচ শতটাকা দণ্ড হইবে। এই বিধিমতে

[*Government Gazette*, 18*th June* 1867.]

under penalty of 500 Rupees. The Deputy Harbour Master will visit the vessels to see that this regulation is complied with; and on his reporting any vessel to be without the proper force pump, &c., &c., the Commander will become liable to the penalty specified, unless it can be proved that the Deputy Harbour Master is in error, and that the vessel really is provided with the force pump, &c., &c., required.

কার্য্য সাধন হইতেছে কি না ইহা জানিবার জন্যে ডেপুটী হারবর মাষ্টর সকল জাহাজে গিয়া দেখিবেন এবং কোন জাহাজে উপযুক্ত বলিষ্ঠ জল কল প্রভৃতি নাই তিনি এইমত রিপোর্ট করিলে জাহাজের অধ্যক্ষ সেই ডেপুটী হারবর মাষ্টরের ভ্রম হইয়াছে এবং জাহাজে বলিষ্ঠ জল কলপ্রভৃতি আছে ইহার প্রমাণ করিতে না পারিলে তিনি সেই দণ্ডের যোগ্য হইবেন।

Rule 34.—The Conservator of the Port shall, for the purpose of preventing or extinguishing fire in any Port, direct the Master of any ship of more than five hundred tons burthen, and not belonging to Her Majesty's Navy or to the Navy of any Foreign State, to place at his disposal such number as he shall require, not exceeding three-fourths of the crew then under the orders of such Master.

৩৪ ধারা। কোন বন্দরে আগুন না লাগে কি লাগিলে তাহা নির্ব্বাণ করা যায় এই জন্যে পাঁচ শত টনের অধিক বোঝাইধারী যে জাহাজ শ্রীশ্রীমতী মহারাণীর কিম্বা ভিন্ন দেশীয় কোন অধিকারের যুদ্ধ সংক্রান্ত জাহাজ না হয় বন্দরের রক্ষক সাহেব সেই সকল জাহাজের কাপ্তানকে আপনার কএক জন নাবিক পাঠাইতে আজ্ঞা করিতে পারিবেন। কিন্তু তৎকালে যত জন নাবিক ঐ কাপ্তান সাহেবের আজ্ঞার অধীন থাকে তাহার চারি অংশের তিন অংশের অধিক লোককে দিবার আজ্ঞা করিবেন না।

Rule 35.—Any such Master and any Seamen then under the orders of such Master, who shall refuse or neglect to obey the orders of the Conservator for the purpose aforesaid, shall be liable to be punished with a fine not exceeding 500 Rupees and 25 Rupees respectively.

৩৫ ধারা। যদি কোন কাপ্তান ও সেই কাপ্তানের অধীন কোন নাবিক পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্ত বন্দর রক্ষকের আজ্ঞা মানিতে স্বীকার না করেন কি শৈথিল্য করেন, তবে কাপ্তান সাহেবের পাঁচ শত টাকা এবং নাবিকের অপরাধ হইলে তাহার পঁচিশ টাকা দণ্ড হইতে পারিবে।

Rule 36.—When a vessel has more than 40 gallons of inflammable oil on board, a certificate to that effect be signed by the Preventive Officer on board, and forwarded to the Master Attendant, before such vessel can be moved above the lower boundary of the Port, which is a line drawn between Pachparah on the West, and a creek called Nardukhal on the East.

৩৬ ধারা। কোন জাহাজে চল্লিশ গালনের অধিক আশুজ্বলনশীল তৈল থাকিলে সেই জাহাজে যে প্রিবেন্টিব আফিসর থাকেন তিনি সেই মর্ম্মের সংশিতপত্রে স্বাক্ষর করিয়া মাষ্টর আটেণ্ডেন্ট সাহেবের নিকটে প্রেরণ না করিলে ঐ জাহাজ বন্দরের দক্ষিণ সীমান্ত স্থানের এদিগে আসিতে পারিবে না। পশ্চিম দিগে পাঁচপাড়া অবধি পূর্ব্ব দিগে নারদ খাল পর্য্যন্ত রেখ টানা গেলে তাহাই ঐ সীমান্ত স্থান।

Rule 37.—The Master Attendant on receiving such certificate may, if he see sufficient reason for so doing, direct that the vessel shall not proceed beyond a certain part of the Port until such oil is discharged.

৩৭ ধারা। মাষ্টর আটেণ্ডেন্ট সাহেব ঐ সংশিত পত্র প্রাপ্ত হইলে পর উপযুক্ত কারণ দৃষ্টি করিয় আজ্ঞা করিতে পারিবেন যে সেই তৈল স্থলে নামাইয় দেওয়া না গেলে ঐ জাহাজ বন্দরের কোন বিশে ভাগের এদিগে আসিতে না পায়।

Rule 38.—Inflammable oil may be landed in any covered cargo boat, but no fire shall be lighted in any such boat during the time that such oil is on board.*

৩৮ ধারা। আশু জ্বলনশীল তৈল মালের আবৃ নৌকা করিয়া ঘাটে নামাইয়া দেওয়া যাইতে পারি কিন্তু সেই তৈল যৎকালে নৌকায়* থাকে তৎকা নৌকায় অগ্নি জ্বালাইতে হইবে না।

Rule 39.—The Pilot is forbidden to quit a ship in any part of the river in the Port unless she is properly moored, without being duly relieved by an Officer of the Harbour Master's Department. He is also forbidden to move her at night above Bishop's College, or to pass that point in tow of a steamer on a flood-tide.

৩৯ ধারা। বন্দরের মধ্যে কোন জাহাজ উপযুক্তম বদ্ধ না হইলে হারবর মাষ্টর সাহেবের কর্ম্মবিভাগে কোন কার্য্যকারক যত কাল আড়কাটি সাহেব অবকাশ না দেন, তত কাল ঐ আড়কাটি সাহেব নদী কোন স্থানে জাহাজ ছাড়িয়া যাইবেন না, রাত্রি বিশপ কালেজের এই দিগে জাহাজ চালাইতে কি জোয়ারের সময়ে বাষ্পীয় জাহাজে আকৃষ্ট হইয়া সে বাঁক ঘুরিয়া যাইতে বারণ করা যাইতেছে।

* *N. B.*—The words "Inflammable Oil" include Petroleum, Benzole, Kerosene, and any oil, or product of oil, that gives off an inflammable vapour at a temperature of less than one hundred degrees of Farenheit's Thermometer.

* আশুজ্বলনশীল তৈল "এই কথাতে পেট্রোলিয় কি বেনজোল কি কেরোসাইন্ প্রভৃতি এমত কোন তৈ কি তৈলোৎপন্ন দ্রব্য বুঝাইবে, যাহাহইতে ফারন্ হা টের তাপমান যন্ত্রের এক শত অক্ষাংশ অপে ন্যূন তাপেও আশুজ্বলনশীল বাষ্প উদ্গত হয়।

Rule 40.—The Pilots of all vessels having troops on board are directed to hoist the Union Jack at mizzen on arriving at Saugor, and this flag is to be kept flying till the troops are landed.

৪০ ধারা। যে জাহাজে পল্টন থাকে সেই জাহাজের আড়কাটিদিগের প্রতি এই আজ্ঞা। সাগর দ্বীপে পঁহুছিলে তাঁহারা জাহাজের মধ্যম মাস্তুলে ইউনিয়ান জ্যাক নামক ধ্বজা উড়াইয়া যত কাল ঐ সিপাহীদিগকে নামাইয়া না দেওয়া যায় তত কাল ঐ ধ্বজা উড্ডীয়মান রাখিবেন।

Rule 41.—When a vessel has Government horses on board, the rendezvous flag will be hoisted at the mizzen at Saugor, and kept flying till the horses are disembarked. On the arrival of such vessel off Hastings, she must be hauled into the moorings, under the directions of the Harbour Master, for the purpose of landing the horses in safety.

৪১ ধারা। কোন জাহাজে যদি গবর্ণমেণ্ট রেঘাড়া থাকে, তবে সাগর দ্বীপে মধ্যম মাস্তুলে রেণ্ডাবু নামক ধ্বজা উড়াইয়া যত কাল সেই জাহাজহইতে ঘোড়া নামান না যায় তত কাল ঐ ধ্বজা উড্ডীয়মান রাখিবেন। জাহাজ কুলিবাজারে পঁহুছিলে ঘোড়া নিরাপদে নামাইবার জন্যে হারবর মাস্টর সাহেবের আজ্ঞামতে জাহাজ বয়াতে বদ্ধ করা যাইবে।

Rule 42.—Before fixing on a berth for ships carrying troops or Government horses, it will be the duty of the Harbour Master, or his Deputy, to obtain from the Commander a report of any accident that may have occurred to the ship during the voyage particularly grounding or collision.

৪২ ধারা। যে জাহাজে পল্টন কি গবর্ণমেণ্টের ঘোড়া থাকে সেই জাহাজের থাকিবার স্থান নিরূপণ করিবার পূর্ব্বে, পথিমধ্যে জাহাজের কোন প্রকারের দুর্ঘটনা, বিশেষতঃ চড়াতে পড়া কি অন্য জাহাজে ঠেকা এইরূপ দুর্ঘটনা হইয়াছে কি না ঐ হারবর মাস্টর সাহেব কি তাঁহার ডেপুটী, কাপ্তান সাহেবের স্থানে সেই বিষয়ের রিপোর্ট লইবেন।

The provisions of Sections 12, 28, 37 and 40 of the said Act XXII. of 1855 have been and are hereby specially extended to the Port of Calcutta.

১৮৫৫ সালের উক্ত ২২ আইনের ১২ ও ২৮ ও ৩৭ ও ৪০ ধারার বিধান কলিকাতা বন্দরে বর্ত্তান গিয়াছে ও এতৎক্রমে বিশেষমতে বর্ত্তান গেল।

NOTIFICATION.

No. 1509.

The 22nd December 1857.

In accordance with the provisions of Section 7, Act XXX. of 1857, the Lieutenant-Governor is pleased to declare and publish for general information the following Table of Rates at which Port-dues and Fees shall be levied in the Port of Calcutta, from and after the 1st of January 1858 :—

বিজ্ঞাপন।

১৫০৯ নম্বর।

১৮৫৭ সাল ২২ ডিসেম্বর।

১৮৫৮ সালের জানুআরি মাসের ১ তারিখঅবধি কলিকাতা বন্দরের নিমিত্তে বন্দরীয় ও অন্যং মাসুল যে হিসাবে আদায় করিতে হইবে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব ১৮৫৭ সালের ৩০ আইনের ৭ ধারার বিধানানুসারে সর্ব্বসাধারণের জ্ঞাপনার্থে নিম্নভাগে সেই হিসাব প্রচার করাইতেছেন।

TABLE of Port-dues and Fees leviable in the Port of Calcutta under Act XXX. of 1857.

	Per Ton. Rs. As.	Rs.
Sea-going vessels of 20 tons and upwards ...	0 1	
No Port-dues chargeable on vessels compelled by stress of weather to re-enter Port ...		
Dhonies or country vessels employed in the coasting trade, chargeable not oftener than once in 60 days ...	0 2	
Vessels entering the Port in ballast ...	0 3	
Tug steamers belonging to the Port once every six months, *viz.*, once from 1st January to 30th June, and once from 1st July to 31st December annually ...	0 4	
Fees for the following operations will be chargeable as follows :—		
Hauling to or from chain moorings, each operation ...		16
Hauling to or from swinging moorings, each operation ...	......	10
Re-mooring ...		10
Hauling in or out of Dock, each operation ...		30
Removing from one part of the Port to another ...		25
Removing from one mooring to another at the request of the Agent or Master ...	......	50
Hooking ..	..	16
Measuring		30
Use of Buoy hauling in or out of Dock		10

		টন প্রতি ।
		টাকা
২০ টনের ও তদধিক বোঝাইধারি সমুদ্রগামী জাহাজের		
ঘোরতর ঝড়প্রযুক্ত জাহাজের বন্দরে ফিরিয়া আসিতে হইলে তাহার বন্দরীয় মাস্থল লাগিবে না ।		
দেশী কি দেশীয় যে জাহাজ সমুদ্রাঞ্চল দেশের নিকট দিয়া যায় সেই জাহাজহইতে ষাইট দিনের মধ্যে একবারের অধিক লওয়া যাইবে না	৵০	
জাহাজ নিলম বোঝাই হইয়া বন্দরে আইলে ...	৶০	
বন্দরসংক্রান্ত জাহাজ আকর্ষণার্থ ষ্টীমরের ছয়২ মাস অন্তর একবার অর্থাৎ জানুআরি মাসের ১ দিবসাবধি জুন মাসের ৩০ তারিখ পর্য্যন্ত এক বার ও জুলাই মাসের ১ দিবস অবধি ডিসেম্বর মাসের ৩১ দিবস পর্য্যন্ত এক বার		
নিম্নলিখিত কার্য্যেরনিমিত্তে পার্শ্ব লিখিত হিসাবে রস্থম লওয়া যাইতে পারিবে ।		
বয়াতে আগে পিছে শিকলে বান্ধিবার কি মুক্ত করিবার জন্যে একং বারের	....	১৬৲
জাহাজ জোয়ার ভাটার সময়ে ঘুরিতে পারে এমন ভাবে বয়াতে বান্ধিবার কি মুক্ত করিবার জন্যে ...		১০৲
পুনরায় বয়াতে বান্ধিবার জন্যে ...		১৬৲
গুদিতে টানিয়া আনিবার কি গুদিহইতে বাহির হইবার জন্যে একং বার		
বন্দরের এক স্থানহইতে অন্য স্থানে লইয়া যাইবার জন্যে		২৫৲
এজেন্টের কি মাস্টর সাহেবের আদেশমতে এক বয়া হইতে খুলিয়া অন্য বয়াতে বাঁধিবার জন্যে ...		৫০৲
হুক লাগাইবার জন্যে		১৬৲
মাপ করিবার জন্যে		৩০৲
গুদিতে টানিয়া আনিবার কি তথাহইতে বাহির করিবার নিমিত্তে বয়ার ব্যবহারার্থে ...		১০৲

DECLARATION.

The 5th June 1867.

Whereas it appears to the Hon'ble the Lieutenant-Governor of Bengal that land is required to be taken for a public purpose, *viz.*, for the Calcutta Water-works, it is hereby declared that, for the above purpose, a plot of land, measuring 19 beeghas 9 cottahs 9 chittacks, more or less, situated in Mouzah Moneerampore, Pergunnah Calcutta, District 24-Pergunnahs, is required.

It is bounded on the North by the River Hooghly; on the south by land in the occupation of Seedessur Chatterjee, Fokeer Chand Chatterjee and Tareenee Sunkur Roy Chowdry; on the west by land recently acquired under the Act for the same purpose; and on the east by land in the occupation of Gobind Chunder Sein, Peetambur

বিজ্ঞাপন

১৮৬৭ সাল ৫ জুন ,

বঙ্গদেশের মান্যবর শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব অবগত হইয়াছেন যে রাজকীয় কার্য্যার্থে অর্থাৎ কলিকাতায় জলের কার্য্যের নিমিত্তে ভূমি লওয়া আবশ্যক, অতএব সংবাদ দেওয়া যাইতেছে যে পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে চব্বিশ পরগনা জিলার অন্তর্গত কলিকাতা পরগনার মণিরামপুর মৌজায় ন্যূনাধিক ১৯।৪।।৵ ছটাক পরিমিত ভূমির প্রয়োজন ।

ইহার উত্তর সীমা হুগলী নদী দক্ষিণ সীমা সিদ্ধেশ্বর চট্টোপাধ্যায়ের ও ফকীরচাঁদ চট্টোপাধ্যায়ের ও তারিণীশঙ্কর রায় চৌধুরীর অধিকৃত ভূমি, পশ্চিম সীমা উক্ত কার্য্যের নিমিত্তে সংপ্রতি আইনমতে যে ভূমি লওয়া গিয়াছে তাহা, পূর্ব্ব সীমা গোবিন্দচন্দ্র সেনের ও পীতাম্বর চট্টোপাধ্যায়ের ও বেচারাম দেঘরির ও কৈলাসচন্দ্র চৌধুরীর ও শ্রীনাথ দের ও

[গবর্ণমেন্ট গেজেট । ১৮৬৭ । ১৮ জুন ।]

Chatterjee, Bacharam Degree, Koylas Chunder Chowdry, Sreenauth Dey, Dwarkanath Mookerjee, Koylas Chunder Ghose, and Tareenee Sunkur Roy Chowdry.

This Declaration is made, under the provisions of Act VI. of 1857, to all whom it may concern.

দ্বারকানাথ মুখোপাধ্যায়ের ও কৈলাসচন্দ্র ঘোষের ও তারিণীশঙ্কর রায় চৌধুরীর অধিকৃত ভূমি।

২। উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক আছে তাঁহাদের জ্ঞানার্থে ১৮৫৭ সালের ৬ আইনের বিধানমতে এই সংবাদ প্রকাশ করা গেল।

Whereas it appears to the Hon'ble the Lieutenant-Governor of Bengal that land is required to be taken for a public purpose, *viz.*, for Main Pipes for the Calcutta Water-works, it is hereby declared that, for the above purpose, a strip of land, measuring 1 beegah 4 cottahs, 4 chittacks, more or less, situated in Mouzah Titagur, Pergunnah Calcutta, in the District of 24-Pergunnahs, is required.

It is bounded on the North and South by the Barrackpore Grand Trunk Road; on the East and West by lands in the occupation of Soorjoomoney Dassee, Koylas Money Dassee, and the Titagur Canal.

This Declaration is made, under the provisions of Section 2, Act VI. of 1857, to all whom it may concern.

H. L. DAMPIER,
Offg. Secy. to the Govt. of Bengal.

বঙ্গদেশের মান্যবর শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব অবগত হইয়াছেন যে রাজকীয় কার্য্যার্থে অর্থাৎ কলিকাতার জলের কার্য্যের বড় নলের নিমিত্তে ভূমি লওয়া আবশ্যক, অতএব সংবাদ দেওয়া যাইতেছে যে পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে চব্বিশ পরগনা জিলার অন্তর্গত কলিকাতা পরগনার টিটেগড় মৌজার ন্যূনাধিক ১৴৪৷০ ছটাক পরিমিত ভূমির প্রয়োজন।

উক্ত ভূমির উত্তর ও দক্ষিণ সীমা বড় রাজপথ, পূর্ব্ব ও পশ্চিম সীমা সূর্য্যমণি দাসীর ও কৈলাসমণি দাসীর অধিকৃত ভূমি, এবং টিটেগড়ের খাল।

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক আছে তাঁহাদের জ্ঞানার্থে ১৮৫৭ সালের ৬ আইনের ২ ধারার বিধানমতে এই সংবাদ প্রকাশ করা গেল।

এচ এল ডাম্পিয়র,
বঙ্গদেশের গবর্ণমেন্টের একটিং সেক্রেটারী

GOVERNMENT ADVERTISEMENTS. গবর্ণমেন্টের ইশ্‌তিহার।

LAND ADVERTISEMENTS. ভূমিবিষয়ক ইশ্‌তিহার

জিলা কটক।

এত্তলানামা কাছারি কালেক্টরী মধ্যম প্রদেশ জেলা কটক সমস্ত লোকদিগের জ্ঞাত কারণ সংবাদ দেওয়া যাইতেছে যে ইঙ্গরেজি সন ১৮৫৯ সাল ১১ আইনের ৬ ধারানুসারে কটক জেলার নীচের লিখিত মহাল সকল নাগাএত কিস্তি মাহ জানুআরি সন ১৮৬৭ সাল মোতাবক সন ১২৭৪ সাল আটপাণ বাকি সরকারের পাওনা আদায় কারণ সন ১৮৬৭ সাল জুন মাহার ২৫ তারিখ মোতাবক সন ১২৭৪ সাল আষাঢ় মাহার ১৩ তারিখ মঙ্গলবার দিবসে এজেলার কালেক্টরি কাছারিতে নীলামে ধরা যাইবেক ও বিনা বাধাতে বিক্রয় হইবেক ৪ তারিখ মাহ জুন সন ১৮৬৭ সাল।

দ্বিতীয় শ্রেণী মিয়াদী বন্দোবস্ত জমা ধার্য্য হওয়া মাহাল।

নং ৪২৮ তৌজি হুজুরি মাহাল প্রগণেতি সানিআ মৌজে চন্দনপুর লিখিত মালিক ভগবান পাটনাএক ওরশানন্দ মাইতি ও প্রসুরাম মাইতি ও গোবিন্দচরণ দাস ও লাভশামন ও চৌধুরী সদাশিব মহাপাত্র ও হরিহর পাণ্ডা ও ভাগ্যরথী পাণ্ডা ও প্রসুরাম দাস ও কেশবচরণ দাস ও কৃষ্ণচন্দ্র দাস সেবাএত শ্রী গোবিন্দজিউ ঠাকুর ও অনুরাধা দেই সদর জমা মং ৫০০৷৵৫৷৷ মাত্র।

নং ১২৫৯ তৌজি হুজুরি মহাল প্রগণে কনমুল মোতাবক বাঁটওয়ারা কিসমত ৸০ বারআনা কিসমত তালুকে বাহারপাড়া লিখিত মালিক গোবিন্দপ্রসাদ রায় ও রাধানাথ রায় মাহাফেজ জগন্নাথপ্রসাদ রায় ও সীতানাথ রায় ও লক্ষ্মীনাথ রায় নাবালগান সদর জমা মং ৫১৪৲৮ পাই মাত্র।

নং ৩২৩২ তৌজি হুজুরি মাহাল পরগনে শেরগড়া কিসমত তালুকে জোবলো লিখিত মালিক চৌধুরী ধ্রুব মহাপাত্র হাল বাবু জয়দেব পাণ্ডা ও বাবু মণি পাণ্ডা ও বাবু মুক্তেশ্বর পাণ্ডা ও বাবু বিদ্যাধর পাণ্ডা সদর জমা মং ৯৫৯৷৷৶৯ পাই মাত্র।

নং ২৪১৭ তৌজি হুজুরি মহাল পরগণে খণ্ডি তালুকে অসরনা লিখিত মালিক কাশীনাথ দাস নাবালগ মাহাফেজ মাতা তারা দেই ও চন্দ্রশিখর মাহাপাত্র এদইতারি আচার্য্য ও কাশীনাথ রায় চৌধুরী সদর জমা মং ৬৪৬৸৶৩ পাই মাত্র।

W. MACPHERSON,
Collector.

[*Government Gazette,* 18*th June* 1867.]

GOWHATTY MUNICIPALITY.

BYE-LAWS UNDER ACT III. (B. C.) OF 1864.

For regulating the time and mode of collecting the Rate and Taxes.

1. Each quarterly instalment of the rate and taxes mentioned in the Act shall be considered to have become due at the commencement of the quarter, on account of which such instalment is payable, and may be levied at any time after the commencement of such quarter, that is to say :—

The instalment payable on account of the quarter ending.	31st July.	May be levied on and after.	1st May.
	„ Oct.		„ Augt.
	„ Jan.		„ Nov.
	30th April.		„ Feb.

2. From the lists prepared under the provisions of Sections 29 and 39 of the Act, the collecting Officer shall prepare the bills prescribed by Section 44. The bills so prepared shall be issued under the signature of the Commissioners or their Secretary, if there be one, to the subordinate Officers on the collecting establishment, and shall be by them presented to the persons named therein, in the manner hereinafter described.

3. Every collecting officer shall be provided with a certificate of his authority to collect; and every such certificate shall bear the seal of the Municipality and the signature of the Chairman. Every collecting officer at the time of demanding payment shall be bound to shew this certificate if required.

4. The collecting officer taking the money in payment of any demand shall give the receipt for it.

5. When the name of any owner is not known, it shall be sufficient to designate him in any notice, bill, or other proceeding under the Act, as the owner of the property on which the rate is assessed, without further description.

6. Every bill, for any sum due on account of the rate or taxes leviable under the Act, shall, if possible, be presented to the individual named therein in person; but if such personal presentation be found impossible, the bill shall be left at his usual place of abode, and such delivery shall be deemed to be the presentation required by Section 44.

7. The officer to whom a bill may be issued for presentation, shall receive the amount of such bill at the time of presentation, or at any time within ten days from the date on which the bill shall have been first presented by him.

(গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৭। ১৮ জুন।)

গোয়াহাটি নগর উৎকৃষ্টকারিণী সভার নিয়মাবলী।

বঙ্গ ব্যবস্থাপক সমাজের ১৮৬৪ সনের ৩ আইন অনুযায়ি কার্য্যনির্ব্বাহের নিয়ম কর এবং শুল্ক আদায়ের রীতি এবং সময় নির্দ্ধারণ।

১। ঐ আইনেতে উল্লিখিত কর ও শুল্কের প্রত্যেক ত্রৈমাসিক কিস্তি যে তিন মাসের নিমিত্তে তাহা দাতব্য হয় ঐ তিন মাসের প্রারম্ভেই দেয় গণ্য করিতে হইবে ও ঐ তিন মাস আরম্ভ হওয়ার পরে কোন এক সময় তাহা আদায় করা যাইতে পারে।— অর্থাৎ

৩১ শে জুলাই	শেষ হওয়া তিন মাসের জন্যে যে কিস্তি দিতে হয় তাহা।	১ লা মে
,, অক্টোবর		,, আগষ্ট
,, জানুআরি		,, নবেম্বর
৩০ এপ্রিল তারিখে।		,, ফেব্রুআরিতে ও তৎপরে আদায় করা যাইতে পারে।

২। ঐ আইনের ২৯ এবং ৩৯ ধারার মর্ম্মমতে প্রস্তুত হওয়া তালিকা অনুসারে করসংগ্রাহক ৪৪ ধারার উল্লিখিত বিল তৈয়ার করিবেক। এইরূপে তৈয়ার হওয়া বিল কমিসনরদিগের কিম্বা তাঁহারদিগের সেক্রেটারী থাকিলে তাঁহার সহী হইয়া করসংগ্রাহকের অধীন কর্ম্মচারিদিগের নিকট প্রেরিত হইবে। তাহারা উক্ত বিল তল্লিখিত ব্যক্তিকে নিম্নোক্ত নিয়মমত সমর্পণ করিবেক।

৩। প্রত্যেক করসংগ্রাহককে করসংগ্রহের তাহার ক্ষমতা থাকার বিষয় এক নিদর্শনপত্র দেওয়া যাইবেক। এই প্রকারের প্রত্যেক নিদর্শনপত্রে মিউনিসিপেল সভার মোহর ও সভাপতির সহী থাকিবেক। প্রত্যেক করসংগ্রাহক টাকা আদায় করা কালে কেহ দেখিতে চাহিলে ঐ নিদর্শনপত্র দেখাইতে বাধ্য হইবেক।

৪। করসংগ্রাহক কোন বাবৎ তলবী টাকা গ্রহণ করা কালে ঐ টাকার বাবৎ এক রসীদ প্রদান করিবেক।

৫। যখন কোন মালিকের নাম জানা যায় না তখন উপরোক্ত আইন অনুযায়ি কোন ঘোষণা, বিল কি অন্য কোন পত্রে যে সম্পত্তির বাবৎ কর ধার্য্য হয় ঐ সম্পত্তির মালিক বলিয়া উল্লেখ করিলেই যথেষ্ট হইবেক, তদধিক কোন বিবরণ লিখিবার প্রয়োজন নাই।

৬। ঐ আইন অনুসারে আদায়ের যোগ্য কর কি শুল্কের বাবৎ দেয় টাকার বিল, সম্ভব হইলে, ঐ বিলে যে ব্যক্তির নাম থাকে তাহাকে দেওয়া যাইবেক, কিন্তু এইরূপে উহার আপন হাতে বিল দেওয়া অসম্ভব হইলে উহার সার্ব্বত্রিক নিবাস স্থানে রাখিয়া আসিতে হইবে। এই প্রকারে বিল রাখিয়া আসিলেই ৪৪ ধারার বিধানমত তাহা সমর্পিত হওয়া জ্ঞান করা যাইবে।

৭। যে কার্য্যকারককে সমর্পণার্থ বিল দেওয়া যায় সে ঐ বিল সমর্পণ করা কালে, কিম্বা যে দিবস বিল প্রথম সমর্পণ করা যায়, তাহার দশ দিবসের মধ্যে কোন এক সময় ঐ বিলের লিখিত টাকা গ্রহণ করিবেক।

8. Every person required in writing to furnish any schedule or return which the Commissioners may lawfully require him to furnish, shall send such schedule or return to the office of the Commissioners within one week from the date of the service of the requisition in the manner described in Section 81 of the Act. Any person failing to do so shall be liable to a penalty not exceeding Rupees 5 for the omission, and to a penalty not exceeding Rupees 2 for every day, the omission shall after warning continue. Any person submitting a false or incorrect schedule or return shall be liable to a penalty of Rupees 5, provided that nothing in this Bye-law shall be held to prevent the institution of a criminal prosecution under the Penal Code, should the facts appear to warrant such a proceeding.

৮। কমিস্যনরগণ আইন অনুসারে তলব করিতে পারেন এমত কোন তালিকা কি রিটর্ণ কোন ব্যক্তির পাশ লিখিত আজ্ঞা দ্বারা তলব হইলে সে উপরোক্ত আইনের ৮১ ধারা অনুসারে তলবচিঠী জারীর তারিখ হইতে ১ সপ্তাহের মধ্যে ঐ তালিকা কি রিটর্ণ কমিস্যনরদিগের সিরিস্তায় পাঠাইবেক। কোন ব্যক্তি ইহার ক্রটি করিলে ঐ ক্রটির বাবত ৫৲ টাকার অনধিক দণ্ড হইবেক ও সতর্ক করার পরে ক্রটি হইলে ঐ রূপ ক্রটি হওয়া প্রত্যেক দিবসে ২৲ টাকা হিসাবে দণ্ড হইতে থাকিবেক। যদি কোন ব্যক্তি মিথ্যা কি অশুদ্ধ তালিকা কি রিটর্ণ দাখিল করে তাহার ৫৲ টাকা দণ্ড হইবেক। ইহাতে এই বর্জ্জিত বিধি আছে যে ঐ ব্যক্তির উপর দণ্ডবিধি অনুসারে ফৌজদারীতে অভিযোগ হওয়া উচিত বোধ হইলে এই নিয়মাবলীর লিখিত কোন কথার দ্বারা তাহার বাধা হইবেক না।

9. Every owner, occupier or other person, shall permit the Commissioners, or any one appointed by them, under a written authority, for that purpose, at any time between sun-rise and sun-set, to enter and inspect any coach-house or stable in which there is reason to believe that there is any vehicle or animal liable to taxation under Section 35 of the Act. Any person obstructing the Commissioners or any person duly authorized by them in making such entry and inspection shall be liable to a fine not exceeding Rupees 20.

৯। উপরোক্ত আইনের ৩৫ ধারা অনুসারে শুল্ক ধার্য্য হইবার যোগ্য কোন যান কি জন্তু থাকা আসঙ্কা হইবার কারণ আছে এমত কোন গাড়ী ঘরে কি অশ্বালয়ে তাহার মালিক কি দখিলকার কি অন্য ব্যক্তি কমিস্যনরদিগকে কি ঐ কার্য্যের জন্যে তাহারদিগের নিকট লিখিত ক্ষমতা প্রাপ্ত অন্য কোন লোককে সূর্য্যোদয় হইতে সূর্য্যাস্ত পর্য্যন্ত কোন সময় প্রবেশ পূর্ব্বক পরীক্ষা করিতে দিবেক। কোন ব্যক্তি কমিস্যনরদিগকে কি ঐ কার্য্যের জন্যে তাহারদিগের স্থানে ক্ষমতা প্রাপ্ত কোন ব্যক্তিকে ঐরূপ প্রবেশ ও পরীক্ষা করিতে বাধা করিলে তাহার ২০৲ টাকার অনধিক দণ্ড হইবেক।

10. Every distraint made under the Act shall be executed by the collecting officer, unless the Commissioners may otherwise direct, and the property distrained shall, pending sale or recovery from the defaulter of the amount due, remain in charge of the collecting officer, who shall deliver a list in the Form C., prescribed in the Act, of the property distrained.

১০। কমিস্যনরগণ অন্য প্রকার আজ্ঞা না করিলে উল্লিখিত আইন অনুযায় হওয়া প্রত্যেক মাল ক্রোকের কার্য্য করসংগ্রাহকের দ্বারা নির্ব্বাহ করা যাইবেক, এবং এই প্রকারের ক্রোকী মাল তাহা বিক্রয় কি বাকীদার দাতব্য মুদ্রা আদায় না করণ পর্য্যন্ত করসংগ্রাহকের জিম্মায় থাকিবেক ও সে উপরোক্ত আইনের নির্দ্দিষ্ট "সি" চিহ্নিত তালিকা অনুসারে ক্রোকী সম্পত্তির এক তালিকা দাখিল করিবেক।

11. Immediately on distraint the distraining officer shall post upon the house of the defaulter a notice of sale, fixing a day for the sale, not less than seven days from the date of distraint; and on the day of sale notice shall be given by beat of drum.

১১। সম্পত্তি ক্রোক হওয়া মাত্রই ক্রোকের কার্য্যকারক নীলামের এক দিন স্থির করিয়া বাকীদারের ঘরে এক ঘোষণা স্থাপন করিবেক। ঐ দিন ক্রোকের দিবস হইতে ৭ দিনের ন্যূন হইবেক না। এবং বিক্রয়ের দিবসে ঢেঁড়ড়া দ্বারা সকলকে সংবাদ দেওয়া যাইবেক।

12. Payment of purchase money for property sold, and delivery of the property, shall be made immediately after the sale; and if the purchaser fail to pay the full amount of his bid, it shall be lawful for the distraining officer, at his discretion, to sell the property again on the same or any other day, and the first purchaser shall, in such case, be responsible to the Commissioners for any loss which shall be recoverable as a debt due to them.

১২। বিক্রয় হওয়ার অব্যবহিত পরেই বিক্রী হওয়া মালের খরিদা মূল্য আদায় করিতে হইবেক ও ঐ মাল ক্রেতাকে সমর্পণ করা যাইবেক। ক্রয়কারক তাহার ডাকের সমুদায় টাকা আদায় না করিলে ক্রোকের কার্য্যকারকের বিবেচনা অনুসারে ঐ দিবসেই কি অন্য কোন এক দিনে উক্ত মাল পুনরায় বিক্রী করা যাইতে পারিবেক। তাহাতে যে ক্ষতি হয় তজ্জন্য প্রথম ক্রেতা কমিস্যনরদিগের নিকট দায়ী হইবেক ও ঐ ক্ষতির টাকা উহার নিকট তাঁহারদিগের প্রাপ্য টাকার ন্যায় আদায় হইবেক।

For regulating the conduct of persons employed by the Commissioners.

13. All persons employed by the Commissioners, whose services may be no longer required, shall be liable to discharge after receipt of previous notice, or pay in advance, for the period of one month; and no such person shall withdraw from the duties of his office without having given previous notice for the period of one month, on pain of forfeiture of one month's salary.

14. All persons now holding, or who may hereafter be appointed to any Office under the Commissioners, shall when required so to do, furnish good security to such amount as the Commissioners may from time to time fix; and any person failing to furnish such security within reasonable time, or within such time as the Commissioners may appoint, shall be held to have thereby forfeited his appointment and may be removed from office.

15. Whenever it shall be proved to the satisfaction of the Commissioners that any person in their employ has been guilty of any violation of duty, or wilful breach or neglect of any rule, regulation, or order, made or given by competent authority, or has withdrawn from the duties of his office without permission or without having given previous notice for the period of one month. or has done any act by the performance of which, or has omitted to do any act by the non-performance of which the Commissioners shall have suffered, or may have incurred the risk of suffering loss or injury, or has failed to perform any duty with all due diligence, or has been guilty of any act of insubordination towards any superior officer, or has accepted or obtained, or agreed to accept or attempted to obtain, from any person, for himself or for any other person, any gratification whatever, other than authorized remuneration, in respect of any official act, or has in his official capacity given any information which he knows or believes to be false, or has committed any offence punishable under any law, such person shall be liable to punishment by fine not exceeding one month's pay, or by suspension from office for such period as the Commissioners may fix, or by degradation, or by summary dismissal from his situation, in addition to any penalty to which he may be liable under the provisions of any law. Any person so dismissed shall be liable, at the discretion of the Chairman, to forfeit all pay and allowances due to him, not exceeding the pay and allowances for one month.

16. The Chairman or Vice-Chairman may originate, receive, or enquire into a complaint of

কমিস্যনরদিগের নিযোজিত ব্যক্তিদিগের আচরণ সুধারা করণের নিয়ম।

১৩। কমিস্যনরদিগের নিয়োজিত যে সকল ব্যক্তিকে কর্ম্মে রাখিবার অনাবশ্যক হয় তাহারা এক মাসের পুর্ব্বে সংবাদ কি এক মাসের বেতন অগ্রিম পাইয়া কর্ম্মচ্যুত হইবেক। এবং এই প্রকারের কোন ব্যক্তি এক মাসের পুর্ব্বে সংবাদ না দিয়া কর্ম্ম ত্যাগ করিতে পারিবেক না, তাহা করিলে তাহার এক মাসের বেতন দণ্ড স্বরূপ লওয়া যাইবেক।

১৪। কমিস্যনরদিগের অধীনে যাহারা এইক্ষণ কোন কর্ম্মে নিযুক্ত আছে বা ইহার পরে হয় তাহারা তলব মত, কমিস্যনরেরা সময়ে সময়ে যত টাকা নির্দ্ধার্য্য করেন, তত টাকার, উত্তম জামিন দিতে হইবে। কোন ব্যক্তি সমুচিত সময় কি কমিস্যনরদিগের নিরূপিত কালের মধ্যে এই রূপ জামিন দিতে ত্রুটি করিলে তদ্দ্বারা সে পদভ্রষ্ট হওয়া বিবেচ্য হইবেক ও তাহাকে কর্ম্ম হইতে অবসর করা যাইতে পারিবেক।

১৫। যখন কমিস্যনরদিগের সন্তোষদায়করূপে সপ্রমাণ হইবেক যে তাহারদিগের অধীন কোন কর্ম্মচারী কোন কর্ম্মের বিরুদ্ধাচরণ করণের দোষী হইয়াছে; কিম্বা ইচ্ছাপুর্ব্বক কোন নিয়ম, আইন অথবা উপযুক্ত হাকিমের দত্ত আজ্ঞা ভঙ্গ কি অবহেলা করিয়াছে; কিম্বা অনুমতি বিনা বা এক মাসের পুর্ব্বে সংবাদ না দিয়া কর্ম্ম পরিত্যাগ করিয়াছে; কি এমত কোন কর্ম্ম করিয়াছে, যাহা করাতে, বা এমত কোন কর্ম্ম করিতে ত্রুটি করিয়াছে, যাহা না করণ প্রযুক্ত, কমিস্যনরদিগের ক্ষতি বা অপকার হইবেক, বা হইবার সম্ভাবনা হইয়াছে, কিম্বা সমুচিত পরিশ্রমের সহিত কোন কর্ম্ম করিতে ত্রুটি করিয়াছে, কি কোন উচ্চপদস্থ কর্ম্মচারীর আজ্ঞা অবজ্ঞা করা দোষের দোষী হইয়াছে, কি আপন পদ সম্পর্কীয় কোন কর্ম্মের উপলক্ষে আইনসিদ্ধ পুরস্কার ভিন্ন, কোন ব্যক্তির স্থানে আপনার বা অন্য কোন ব্যক্তির নিমিত্তে কোন পুরস্কার গ্রহণ করিয়াছে, কি পাইয়াছে, বা গ্রহণ করিতে সম্মত হইয়াছে বা পাইবার উদ্যোগ করিয়াছে, কি আপন পদ সম্পর্কে এমত কোন সংবাদ দিয়াছে, যাহা সে মিথ্যা বলিয়া জানে বা বিশ্বাস করে, কিম্বা কোন আইনমতে দণ্ডনীয় কোন অপরাধ করিয়াছে, ঐ ব্যক্তির আইনমতে যে দণ্ড হইতে পারে তদ্ভিন্ন তাহার এক মাসের বেতনের অনধিক টাকা জরীমানা হইবার, কিম্বা কমিস্যনরেরা যত দিন উচিত বুঝেন তত দিন পর্য্যন্ত সে কর্ম্মহইতে স্থগিত থাকিবার কি নীচ পদস্থ অথবা এককালে কর্ম্মচ্যুত হইবার যোগ্য হইবেক এই প্রকারে কর্ম্মচ্যুত হওয়া ব্যক্তি সভাপতির বিবেচনামতে তাহার প্রাপ্য এক মাসের বেতন ও পুরস্কারের অনধিক সমুদায় বেতন ও পুরস্কার দণ্ড স্বরূপ দিতে বাধ্য হইবেক।

১৬। কোন সভাপতি কি সহকারী সভাপতি কমিস্যনরদিগের নিয়োজিত কোন ব্যক্তির বিরুদ্ধে কো

misconduct or neglect in the performance of duty against any person employed by the Commissioners.

17. Nothing herein contained shall be held to debar the Commissioners from instituting proceedings in any Civil Court having jurisdiction against any person being or having been in their employ, with a view to the recovery of damages for any loss or injury which they may have sustained in consequence of any act done or ommitted to be done by such person.

On matters of Conservancy.

18. The external roofs and walls of any hut, shop or any other mat or reed building or erection whatever about to be erected or renewed within one hundred yards of any public highway leading to and through any Bazaar situated within the limits of the Town of Gowhatty, shall not be made of grass, leaves, mats or any other inflammable material.

Penalty for infringement, Rupees 10 ; penalty for continued infringement after notice, Rupees 3 daily.

19. No person shall dig or make, or cause to be dug or made, in any place, any tank, pond, well, ditch, water-course, or other excavation, without the written permission of the Commissioners.

Penalty for infringiment, Rupees 10 ; penalty for continued infringement after notice, Rupees 3 daily.

20. No person shall put, or cause to be put, on any house, or other building, any spout, or other thing, intended for the conveyance and discharge of water, which shall be so placed that the water discharged therefrom shall be thrown or fall upon any public road or thoroughfare.

Penalty for infringement, Rupees 5 ; penalty for continued infringement after notice, 1 Rupee daily.

21. No person shall deposit, or cause to be deposited, in, or by the side of, any public drain any substance or thing whereby the said drain is, or may be, in any way obstructed.

Penalty for infringement, Rupees 10 ; penalty for continued infringement after notice, Rupees 3 daily.

22. No person shall construct, or place over, or by the side of, any public drain, any bridge, platform, building, or structure of any kind except by and with the written permission of the Commissioners, and in such manner as they shall direct.

[*Government Gazette*, 18*th June* 1867.]

কুব্যবহার কি কার্য্যের শৈথিল্য বিষয়ে কোন অভিযোগ উপস্থিত, গ্রহণ কি বিচার করিতে পারিবেন।

১৭। ইহার লিখিত কোন কথা দ্বারা কমিস্যনরদিগের অধীনে সম্প্রতি যে কোন ব্যক্তি নিযুক্ত আছে বা পূর্ব্বে ছিল তাহার কৃত কোন কর্ম্মের দ্বারা বা সে কোন কর্ম্ম করিতে ত্রুটি করা প্রযুক্ত তাহাদিগের যে হানি বা অপকার হইয়াছে তাহার ক্ষতি পূরণার্থে উপযুক্ত ক্ষমতা প্রাপ্ত কোন দেওয়ানী আদালতে তাঁহারদিগের দ্বারা দাবি উপস্থিত হওয়াতে বাধা হইবেক না।

কনসরভেন্সী বিষয়ক নিয়ম।

১৮। কোন কুড়েঘর দোকানঘর কি অন্য কোন প্রকারের চাটাই কি খাগরার ঘরআদি গোয়াহাটীর সীমার মধ্যবর্ত্তী কোন বাজারে যাইবার ও বাজারের মধ্যবর্ত্তী কোন সরকারী সরণের একশত গজের অনধিক অন্তরে নূতন প্রস্তুত কি পুনঃনির্ম্মাণ করিতে হইলে তাহার বাহিরের ছাল ও বেড়া, ঘাস, পাতা, চাটাই কি অন্য কোন প্রকারের জ্বলনশীল দ্রব্যের দ্বারা নির্ম্মাণ করা যাইবেক না।

এই নিয়ম উল্লংঘনের দণ্ড ১০ টাকা সতর্ক করার পর উল্লংঘন করিতে থাকিলে প্রত্যহ ৩৲ টাকা।

১৯। কমিস্যনরদিগের লিখিত আজ্ঞা ব্যতীত কোন ব্যক্তি কোন স্থানে পুষ্করিণী কুপ, কুয়া, খানা জলপ্রণালী কি অন্য কোন গর্ত্ত খনন কি নির্ম্মাণ করিবেক কি করাইবেক না।

এই নিয়ম উল্লংঘনের দণ্ড ১০৲ টাকা সতর্ক করার পরে উল্লংঘন করিতে থাকিলে প্রত্যহ ৩৲ টাকা।

২০। কোন ব্যক্তি কোন ঘর কি ইমারতের উপর জলের নালা কি জল নির্গমের অন্য কোন বস্তু এই প্রকারে স্থাপন করিবেক কি করাইবেক না, যাহাতে ঐরূপ নির্গম হওয়া জল কোন সরকারী সরণ কি গমনাগমনের পথের উপর নিক্ষিপ্ত কি পতিত হয়।

এই নিয়ম উল্লংঘনের দণ্ড ৫৲ টাকা সংবাদ দেওয়ার পর উল্লংঘন করিতে থাকিলে প্রত্যহ ১৲ টাকা।

২১। কোন ব্যক্তি কোন সরকারী নর্দ্দমাতে বা তাহার পার্শ্বে এমত কোন দ্রব্য কি বস্তু রাখিবেক কি রাখাইবেক না, যদ্দ্বারা ঐ নর্দ্দমা বন্ধ হয় কি হইতে পারে।

এই নিয়ম উল্লংঘনের দণ্ড ১০৲ টাকা সতর্ক করার পর উল্লংঘন করিতে থাকিলে প্রত্যহ ৩৲ টাকা।

২২। কমিস্যনরদিগের লিখিত অনুমতি ও তাঁহারা যেরূপ আজ্ঞা করেন তদ্ভিন্ন অন্য প্রকারে কোন ব্যক্তি কোন সরকারী নর্দ্দমার উপর কি পার্শ্বে কোন সাঁকো মাচাং কি অন্য কোন প্রকারের বস্তু নির্ম্মাণ কি স্থাপন করিবে না

Penalty for infringement, Rupees 10 ; penalty for continued infringement after notice, Rupees 3 daily.

23. Any person being the owner of any fallen trees or shrubs, or the owner or occupier of the land on which such trees or shrubs may have been growing, shall remove them after notice within the time prescribed by the Commissioners.

Penalty for infringement, Rupees 10 ; penalty for continued infringement after notice, Rupees 2 daily.

24. If any house, wall, or other erection, or any part thereof, fall upon any public highway, or into any public drain, the owner of such house, wall, or erection, shall remove it after notice within the time prescribed by the Commissioners.

Penalty for infringement, Rupees 10 ; penalty for continued infringement after notice, Rupees 5 daily.

25. No person shall prepare any channel, or convey water by any channel, across any public thoroughfare, except in such manner as shall have been first approved by the Commissioners.

Penalty for infringement, Rupees 10; penalty for continued infringement after notice, Rupees 2 daily.

26. No person shall steep in any tank, or ditch, within municipal limits any jute, hemp, or other vegetable matter, likely to render the water of such tank, or ditch, offensive or noxious to the neighbourhood.

Penalty for infringement, Rupees 5; penalty for continued infringement after notice, Rupees 2 daily.

27. No person shall, without the written permission of the Commissioners, set up any obstruction in any nullah or water-course; and the Commissioners may order the removal of any such obstruction on grounds of public health.

Penalty for infringement, Rupees 10 ; penalty for continued infringement after notice, Rupees 4 daily.

28. The owner or occupier of any part of the bank of any nullah or water-course shall keep it free from filth, dense, vegetation, or other obstruction, and shall at all times allow the Commissioners, or any of their servants duly authorized to have access to such nullah or water-course for any purpose of public conservancy.

Penalty for infringement, Rupees 10; penalty for continued infringement after notice, Rupees 5 daily.

29. No person shall allow any pigs to be at large, or keep them otherwise than in closed styes.

এই নিয়ম উল্লংঘনের দণ্ড ১০৲ টাকা সতর্ক করার পরে উল্লংঘন করিতে থাকিলে প্রত্যহ ৩৲ টাকা।

২৩। কোন পতিত হওয়া গাছের কি ঝাড়ার মালিক, কিম্বা যে ভূমিতে উহা ছিল তাহার মালিক কি দখিলকার কমিস্যনরদের নিকটহইতে সংবাদ প্রাপ্ত হইলে উহারদিগের নিরূপিত সময়ের মধ্যে তাহা স্থানান্তরিত করিবেক।

এই নিয়ম উল্লংঘনের দণ্ড ১০৲ টাকা, সতর্ক করার পর উল্লংঘন করিতে থাকিলে প্রত্যহ ২৲ টাকা।

২৪। যদি কোন ঘর, দেওয়াল কি অন্য ইমারত কি তাহার কোন অংশ সরকারী রাস্তার উপরে কিম্বা সরকারী নর্দ্দমাতে পতিত হয়, ঐ ঘর দেওয়াল কি ইমারতের মালিক সংবাদ প্রাপ্ত হইলে কমিস্যনরদিগের নিরূপিত সময়ের মধ্যে তাহা দূর করিবে।

এই নিয়ম উল্লংঘনের দণ্ড ১০৲ টাকা, সতর্ক করার পরে উল্লংঘন করিতে থাকিলে প্রত্যহ ৫৲ টাকা।

২৫। কমিস্যনরেরা আগে যেরূপ মনোনীত করেন তদ্ভিন্ন অন্য প্রকারে কোন ব্যক্তি সাধারণের গমনাগমনের পথের মধ্য দিয়া কোন জলের নালা প্রস্তুত কি কোন নালার দ্বারা জল আনয়ন করিবেক না।

এই নিয়ম উল্লংঘনের দণ্ড ১০৲ টাকা সতর্ক করার পর উল্লংঘন করিতে থাকিলে প্রত্যহ ২৲ টাকা।

২৬। কোন ব্যক্তি মিউনিসিপেলের সীমার মধ্যে কোন পুষ্করিণী কি খানাতে কোষ্টা, শণ কি এমত অন্য প্রকারের উদ্ভিদ পদার্থ নিমজ্জিত করিবেক না যদ্দ্বারা ঐ পুষ্করিণী কি খানার জল নিকটবর্ত্তী লোকের প্রতি ব্যামহজনক কি কষ্ট দায়ক হইতে পারে।

এই নিয়ম উল্লংঘনের দণ্ড ৫৲ টাকা সতর্ক করার পরে উল্লংঘন করিতে থাকিলে প্রত্যহ ২৲ টাকা।

২৭। কোন ব্যক্তি কমিস্যনরদিগের লিখিত অনুমতি ভিন্ন কোন নালা কি জলপ্রণালী কোন প্রকারে অবরুদ্ধ করিবেক না, এবং সাধারণের স্বাস্থ্যের নিমিত্তে কমিস্যনরগণ এইরূপ অবরোধ দূর করণার্থ আজ্ঞা দিতে পারেন।

এই নিয়ম উল্লংঘনের দণ্ড ১০৲ টাকা সতর্ক করার পর উল্লংঘন করিতে থাকিলে প্রত্যহ ৪৲ টাকা।

২৮। কোন নালা কি জলপ্রণালীর কিনারার কোন ভাগের মালিক কি দখিলকার উহা ময়লা কি ঘন জঙ্গল কি অন্য প্রকারের অবরোধ হইতে মুক্ত রাখিবেক এবং সকল সময়ে কমিস্যনরদিগকে কি উচিতমতে ক্ষমতাপ্রাপ্ত তাঁহারদিগের কোন কার্য্যকারককে সাধারণের পরিচ্ছন্নতা সংক্রান্ত কোন কার্য্যের নিমিত্তে ঐ নালা কি জলপ্রণালী দৃষ্টি করিতে দিবেক।

এই নিয়ম উল্লংঘনের দণ্ড ১০৲ টাকা সতর্ক করার পর উল্লংঘন করিতে থাকিলে প্রত্যহ ৫৲ টাকা।

২৯। কোন ব্যক্তি শূকর ছাড়িয়া দিবেক না, কিম্বা ভালরূপে খোঁয়াড়ে বন্ধ করণ ব্যতীত অন্য প্রকারে রাখিবেক না।

Penalty for infringement, Rupees 5; penalty for continued infringement after notice, Rupees 2 daily.

30. No owner, occupier, or farmer, of any bazaar or shop, shall keep the same in other than a clean and proper state; and every such owner, occupier, or farmer, shall, without any delay, cause any meat, fish, or vegetable matter in a noxious state or unfit for food to be at once removed to a place to be notified to him by the Municipal Commissioners. No such owner, occupier, or farmer, shall obstruct any person, appointed by the Commissioners for that purpose, from entering and inspecting any such premises at any time between sun-rise and sun-set.

Penalty for infringement Rupees 20.

31. No person shall in any way obstruct, or allow to be obstructed, any of the lanes, walks, bye-ways, or thoroughfares in any bazaar, by exposing for sale or accumulating any thing on such lane, walk, bye-way or thoroughfare.

Penalty for infringement, Rupees 10.

32. Every owner, occupier or farmer of any bazaar, shall within 14 days after receipt of notice from the Commissioners, provide such latrines and urinals as in the opinion of the Commissioners may be necessary to secure the cleanliness and health of the bazaar.

Penalty for infringement, Rupees 20; penalty for continued infringement, Rupees 5 daily.

33. No person shall perform any office of nature in any place outside private premises, other than such as may have been appointed by the Commissioners, provided that such places have been set apart by the Commissioners.

Penalty for infringement, Rupees 10.

34. No person shall build, or cause to be built or keep, after prohibition by the Commissioners, any tattee, privy, or urinal, within thirty (30) feet of any public road or street or in any compound so small as not to admit of that distance being maintained.

Penalty for infringement, Rupees 10; penalty for continued infringement after notice, Rupees 3 daily.

35. No person shall make the door of any private privy to open directly on any public thoroughfare; and any person having the door of his privy so constructed, shall alter it upon receipt of notice to that effect from the Commissioners.

Penalty for infringement, Rupees 20; penalty for continued infringement after notice, Rupees 2 daily.

এই নিয়ম উল্লঘংনের দণ্ড ৫৲ টাকা, সতর্ক করার পর উল্লংঘন করিতে থাকিলে প্রত্যহ ২৲ টাকা।

৩০। কোন বাজারের কি দোকানের মালিক দখিলকার কি ইজারাদার তাহা পরিষ্কার ও উচিত অবস্থাভিন্ন অন্য প্রকারে রাখিবেক না, এবং এই প্রকার মালিক দখিলকার কি ইজারাদার কোন আহারের অযোগ্য কি ব্যামোহদায়ক অবস্থাপন্ন মৎস্য, মাংস কি উদ্ভিদ পদার্থ মিউনিসিপেল কমিস্যনরদিগের নির্দ্দিষ্ট স্থানে ত্বরায় স্থানান্তরিত করাইবেক। এই প্রকারের কোন মালিক দখিলকার কি ইজারাদার ঐ স্থান পরীক্ষার জন্যে কমিস্যনরদিগের নিয়োজিত কোন ব্যক্তিকে সূর্য্যোদয়হইতে সূর্য্যাস্ত পর্য্যন্ত কালের মধ্যে ঐ স্থানে প্রবেশ পূর্ব্বক পরীক্ষা করাতে বাধা করিবেক না।

এই নিয়ম উল্লংঘনের দণ্ড ২০৲ টাকা।

৩১। কোন ব্যক্তি কোন বাজারের গলি, সরগ, গোপনপথ কি অন্য প্রকারের সাধারণের গমনাগমনের রাস্তায় বিক্রীর নিমিত্তে কোন বস্তু রাখিয়া কি অন্য প্রকারে কোন দ্রব্য জমা করিয়া ঐ গলি, সরগ, গোপন পথ কি সাধারণের গমনাগমনের রাস্তা রুদ্ধ করিবেক না।

এই নিয়ম উল্লংঘনের দণ্ড ১০৲ টাকা।

৩২। কোন বাজারের মালিক দখিলকার কি ইজারাদার কমিস্যনরদিগের নিকটহইতে সংবাদ পাইবার পর ১০ দিনের মধ্যে কমিস্যনরদিগের বিবেচনাতে বাজারের পরিচ্ছন্নতা ও স্বাস্থ্য রক্ষার জন্যে যেরূপ মলমূত্র ত্যাগ করণের স্থান প্রস্তুত করা আবশ্যক বোধ হয় ঐ প্রকার মলমূত্র ত্যাগ করিবার স্থান নির্ম্মাণ করিবেক।

এই নিয়ম উল্লংঘনের দণ্ড ২০৲ টাকা ক্রমশঃ উল্লংঘন করিতে থাকিলে প্রত্যহ ৫৲ টাকা।

৩৩। কমিস্যনরদিগের দ্বারা নির্দ্দিষ্ট স্থান ভিন্ন স্বকীয় স্থানের বাহির অন্য স্থানে কোন ব্যক্তি মলমূত্র ত্যাগ করিবেক না, ইহাতে এই বর্জ্জিত বিধি আছে যে ঐ স্থান কমিস্যনরগণ স্বতন্ত্র করিয়া রাখিলে এই নিয়ম খাটিবেক।

এই নিয়ম উল্লংঘনের দণ্ড ১০৲ টাকা।

৩৪। কমিস্যনরদিগের দ্বারা বাধা হওয়ার পরে কোন ব্যক্তি কোন সরকারী রাস্তা কি গলি হইতে ৩০ ফিটের মধ্যে কি এই পরিমিত দূরতা রক্ষা হইতে পারে না এমত বসতবাটীর মধ্যে টাটী, পায়খানা কি মূত্র ত্যাগের স্থান নির্ম্মাণ করিবেক কি করাইবেক না।

এই নিয়ম উল্লংঘনের দণ্ড ১০ টাকা; সতর্ক করার পর উল্লংঘন করিতে থাকিলে প্রত্যহ ৩৲ টাকা।

৩৫। কোন ব্যক্তি নিজ পায়খানার দ্বার কোন সাধারণের গমনাগমনের পথের অভিমুখে প্রস্তুত করিবেক না। যে কোন ব্যক্তির পায়খানার দ্বার এই রূপে নির্ম্মিত হইয়াছে, সে কমিস্যনরদিগের নিকট হইতে আদেশ পাইলে তাহা পরিবর্ত্তিত করিবেক,

এই নিয়ম উল্লংঘনের দণ্ড ২০৲ টাকা, সতর্ক করার পর উল্লংঘন করিতে থাকিলে প্রত্যহ ২৲ টাকা।

Words importing the singular number shall include the plural, and words importing the plural number shall include the singular.

[Police in Towns and Municipalities to be appointed under Act V. of 1861.]

II. From and after the commencement of this Act, no Police Chowkeydars shall be appointed, continued, or employed in any Town or Municipality under the provisions of Act XX. of 1856 passed by the Governor General of India in Council, and all Police Officers appointed or employed in any Town or Municipality shall be appointed under the provisions of Act V. of 1861 passed by the Governor General of India in Council, and shall be deemed to be a portion of the Police Establishment under the Local Government of the Lieutenant-Governor of Bengal, and shall, save as hereinafter appears, be subject to the provisions of the said Act V. of 1861.

[Repeal of Clauses.]

III. From and after the commencement of this Act, the various portions of Acts set forth in the Schedule hereto, shall stand and be repealed, except as to any act which shall have been done, or any liability which shall have been incurred, before the passing of this Act, and except so far as they repeal the whole or any part of any other Act, or ordinance, or regulation.

[গবর্ণমেণ্টগেজেট। ১৮৬৭। ২৫ জুন।]

মাজিষ্ট্রেট

"মাজিষ্ট্রেট" শব্দেতে জিলার মাজিষ্ট্রেট কিম্বা জিলার কোন খণ্ডের কর্ত্তৃত্বভারপ্রাপ্ত মাজিষ্ট্রেটকে বুঝাইবে।

"ঘর।"

"ঘর" শব্দে দোকান ও গোলা গণ্য।

"নগর।"

যে কোন শহরে কি নগরে কি শাখানগরে কি স্থানে কি বাজারে কি গ্রামসমাহারে মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের প্রচলিত ১৮৫৬ সালের ২০ আইনের বিধান বর্ত্তিয়াছে কিন্তু মন্ত্রিসভাধিষ্ঠিত বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের প্রচলিত ১৮৬৪ সালের ৩ আইনের বিধান বর্ত্তান যায় নাই, "নগর" শব্দে সেই নগরাদি বুঝাইবে।

মুনিসিপালিটী

যে নগরে কি শাখানগরে কি স্থানে কি বাজারে কি গ্রামে কি দেশখণ্ডে ১৮৬৪ সালের উক্ত ৩ আইন বর্ত্তান গিয়াছে মুনিসিপালিটী শব্দে সেই নগরাদি বুঝাইবে।

"লিঙ্গ।"

পুংলিঙ্গ বোধক শব্দেতে স্ত্রীলিঙ্গ বোধক শব্দ গণ্য

"বচন।"

এক বচনান্ত শব্দেতে বহু বচনান্ত শব্দ ও বহু বচনান্ত শব্দেতে এক বচনান্ত শব্দ গণ্য ইতি।

[নগরের ও মুনিসিপালিটীর পোলীস ১৮৬১ সালের ৫ আইনমতে নিযুক্ত হইবার কথা।]

২ ধারা। এই আইন প্রচলিত হইবার সময়াবধি পোলীসের কোন চৌকীদার মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের প্রচলিত ১৮৫৬ সালের ২০ আইনের বিধানমতে কোন নগরে কি মুনিসিপালিটীতে নিযুক্ত ও পদস্থ হইবে না ও কর্ম্ম পাইবে না। কোন নগরে কি মুনিসিপালিটীতে পোলীসের যে সকল কার্য্যকারক নিযুক্ত হন কি কর্ম্ম প্রাপ্ত হন, তাঁহারা মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের প্রচলিত ১৮৬১ সালের ৫ আইনের বিধানমতে নিযুক্ত হইবেন। এবং বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের স্থানীয় শাসনাধীন পোলীশসংক্রান্ত কার্য্যকারি দলের একাংশ জ্ঞান হইয়া নিম্নলিখিত যে স্থলে ভাবান্তর দৃষ্ট হয়, সেই স্থলভিন্ন ১৮৬১ সালের উক্ত ৫ আইনের বিধানের অধীন থাকিবেন ইতি।

[প্রকরণ রহিত করিবার কথা।]

৩ ধারা। এই আইন প্রচলিত হইবার সময়াবধি আইনের যে২ অংশ ইহার তফসীলে নির্দিষ্ট হইয়াছে তাহা রহিত হইবে। কিন্তু এই আইন প্রচলিত হইবার পূর্ব্বে যে কোন কার্য্য করা গিয়া থাকে কি যে কোন দায় বর্ত্তিয়া থাকে তৎসম্পর্কে ঐ২ আইনের সেই সকল অংশ বলবৎ থাকিবে, এবং যে কথার দ্বারা অন্য কোন আইন কি বিধান কি ব্যবস্থা কি তাহার কোন অংশ রহিত করা গেল সেই কথা প্রবল থাকিবে ইতি।

[District Superintendent of Police to prepare a Budget.]

IV. From and after the commencement of this Act, every District Superintendent of Police, on or before the first day of November in each year, shall prepare, in such form as may from time to time be directed by the Lieutenant-Governor of Bengal, a Budget or estimate of the income and expense of the Police Force in every Town and Municipality within his District, for the year to commence on the first day of January next after the preparation of such Budget, and present the Budget of every such Town or Municipality to the Magistrate thereof.

[Contents of Budget.]

V. Every such Budget shall shew the number, constitution, and salaries of the Police Force to be maintained in any such Town or Municipality, and shall state whether the whole or some and what part of such expense is to be borne by rates to be levied in the Town or Municipality to which the same refers. Provided that the expense so to be borne in any Town shall not exceed the average rate of two annas per mensem for each house, and that the expense so to be borne in any Municipality shall not exceed five Rupees per centum of the annual value of all houses, buildings, and lands within the local limits of such Municipality.

[Magistrate to consider Budget.]

VI. The Magistrate of every such Town or Municipality shall, forthwith after the receipt of such Budget, lodge the same in his Office, and shall cause the same to be translated into the language usually spoken in such Town or Municipality, and shall cause the same or the translation thereof to be laid before the Municipal Commissioners of such Municipality at their next General Meeting, or before the Punchayet appointed under the said Act XX. of 1856 of such Town, and shall, during fourteen days after such Budget shall have been so received, permit the same and the translation thereof to be inspected at all reasonable times and seasons by any rate-payer of such Town or Municipality who may desire to inspect the same.

[Budget to be transmitted to Lieutenant-Governor.]

VII. Immediately after the expiration of fourteen days from the receipt of any such Budget, the Magistrate, who shall have received the same, shall transmit to the Lieutenant-Governor of Bengal such Budget, together with any remarks or objections made by the said Municipal Commissioners or the said Punchayet, as the case may be.

[*Government Gazette*, 25*th June* 1867.]

[পোলীসের ডিষ্ট্রিক্‌ট সুপরিণ্টেণ্ডেণ্টের বজেট প্রস্তুত করিবার কথা।]

৪ ধারা। বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব সময়ে২ যে পাঠ নিরূপণ করেন পোলীসের প্রত্যেক ডিষ্ট্রিক্‌ট সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেব এই আইন প্রচলিত হইবার কালাবধি প্রতি বৎসর নবেম্বর মাসের প্রথম দিবসে কি তৎপূর্ব্বে সেই পাঠে আপনার ডিষ্ট্রিক্‌টের প্রত্যেক নগরের ও মুনিসিপালিটীর পোলীসদলের জানুআরি মাসের প্রথম দিবসাবধি এক বৎসরের বজেট কি আয়ব্যয়ের অনুমানপত্র প্রস্তুত করিবেন এবং ঐ২ নগরের ও মুনিসিপালিটীর মাজিষ্ট্রেট সাহেবকে ঐ২ নগরাদির বজেট দিবেন ইতি।

[বজেটের মর্ম্মের কথা।]

৫ ধারা। তদ্রূপ কোন নগরে কি মুনিসিপালিটীতে পোলীসের যে দল রাখিতে হইবে উক্ত প্রত্যেক বজেটে তাহাদের সংখ্যা ও সংস্থাপনের বিধি ও বেতন লেখা থাকিবে, এবং বজেট যে নগর কি মুনিসিপালিটীসম্পর্কীয় হয় ঐ নগরাদিতে রেট ধার্য্য করিয়া সমুদয় ব্যয় কি তাহার একাংশ ও যে অংশ পোষণ করিতে হইবে তাহাও সেই বজেটে লেখা থাকিবে। কিন্তু নগরে তদ্রূপে যে ব্যয় পোষণ হইবে তাহা গড়ে ঘরপ্রতি মাসে ৶০ দুই আনার অধিক হারে হইবে না ও মুনিসিপালিটীতে তদ্রূপ যে ব্যয় পোষণ হইবে, তাহা ঐ মুনিসিপালিটীর সীমার অন্তর্গত সকল ঘরের ও কোটার ও ভূমির বার্ষিক মূল্যের উপর শতকরা ৫৲ টাকার অধিক হইবে না ইতি।

[সেই বজেট মাজিষ্ট্রেট সাহেবের বিবেচনা করিবার কথা।]

৬ ধারা। তদ্রূপ প্রত্যেক নগরের ও মুনিসিপালিটীর মাজিষ্ট্রেট সাহেব ঐ বজেট পাইয়া তৎক্ষণাৎ আপনার কাছারীতে রাখিবেন। এবং সেই নগরে ও মুনিসিপালিটীতে যে ভাষা চলে সেই ভাষাতে তাহার অনুবাদ করাইবেন, এবং তৎপরে মুনিসিপালিটীর যে প্রথম সাধারণ সভা হয় সেই সভাতে মুনিসিপাল কমিস্যনরদের গোচরে, কিম্বা ১৮৫৬ সালের উক্ত ২০ আইনমতে নগরের যে পঞ্চায়ৎ নিযুক্ত হন, সেই পঞ্চায়তের সম্মুখে ঐ বজেট কি তাহার অনুবাদ অর্পণ করিবেন। এবং ঐ নগরের কি মুনিসিপালিটীর যে ব্যক্তিরা টাকুস দিয়া থাকেন তাঁহাদের মধ্যে কোন ব্যক্তি ঐ বজেট দেখিতে ইচ্ছা করিলে, মাজিষ্ট্রেট সাহেব তাহা পাইলে পর চৌদ্দ দিন পর্য্যন্ত তাহাদিগকে ঐ বজেট কি তাহার অনুবাদ উপযুক্ত সকল সময়ে দেখিতে অনুমতি দিবেন ইতি।

[শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের নিকট বজেট পাঠাইবার কথা।]

৭ ধারা। যে মাজিষ্ট্রেট সাহেব পূর্ব্বোক্ত বজেট প্রাপ্ত হন, তিনি তাহা পাইবার পর চৌদ্দ দিন অতীত হইলেই বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের নিকটে পাঠাইবেন এবং উক্ত মুনিসিপল কমিস্যনরেরা কিম্বা বিষয়বিশেষে উক্ত পঞ্চায়ৎ ঐ বজেটের বিষয়ে যে কোন মন্তব্য কথা কি যে আপত্তি ব্যক্ত করেন তাহাও তাঁহাকে জানাইবেন ইতি।

[Lieutenant-Governor to decide on Budget.]

VIII. It shall be lawful for the said Lieutenant-Governor to consider such Budget so transmitted to him, and to approve, or to reject, or modify and approve as modified, such Budget or any part thereof.

[Amount of estimate in Budget to be deemed expense of Police Force.]

IX. So much of the estimates in such approved Budget as may thereby be directed to be borne by the rates to be levied in such Town or Municipality, shall, for the purposes of this Act, be the expense of the Police to be borne by such Town or Municipality for the year for which such Budget shall have been presented.

[Municipal Commissioners to pay amount of expense to Lieutenant-Governor.]

X. The Municipal Commissioners in every Municipality shall, out of the annual rates of such Municipality, cause to be paid to the said Lieutenant-Governor the expense of the Police Force of such Municipality, by equal quarterly instalments, which said instalments shall respectively be payable upon such quarterly days of payment as shall from time to time be fixed by the said Lieutenant-Governor for the payment thereof by such Municipal Commissioners.

[Magistrate to raise amount of expense.]

XI. The Magistrate of every Town shall, by the ways and means in and by the said Act XX. of 1856 provided for raising the amount of the expense of Chowkeydars appointed under the same Act, cause to be levied and raised in such Town the amount of the expense of the Police to be borne under this Act by such Town and the costs of raising such amount.

[Saving of powers of Police Commissioner in Calcutta.]

XII. Nothing in this Act shall deprive the Commissioner of Police for the Town of Calcutta of any power or authority over the Police within the Town of Calcutta and the Suburbs thereof, in him vested by Act IV. of 1866 or Act II. of 1866 of the Lieutenant-Governor of Bengal in Council, or otherwise; and the Inspector-General of Police shall not exercise over the Police within the said Town or Suburbs any of the powers or authorities to him confided by the said Act V. of 1861.

[Deputy Commissioner to perform duties of District Superintendent under this Act.]

XIII. The Deputy Commissioner of Police for the Suburbs of Calcutta shall, for the purposes of

[লেপ্টেমেণ্ট গবর্ণর সাহেবের সেই বজেটের নিষ্পত্তি করিবার কথা।]

৮ ধারা। উক্ত শ্রীযুত লেপ্টেমেণ্ট গবর্ণর সাহেব তদ্রূপ অর্পিত বজেট বিবেচনা করিয়া তৎসমুদয় কি তাহার কোন অংশ অনুমোদন কি অগ্রাহ্য কি মতান্তর করিতে এবং মতান্তরিতমতে অনুমোদন করিতে পারিবেন ইতি।

[বজেটের অনুমিত টাকা পোলীসদলের ব্যয় জ্ঞান হইবার কথা।]

৯ ধারা। ঐ অনুমোদিত বজেটের লিখিত যত টাকা বজেট অনুসারে ঐ২ নগরের কি মুনসিপালিটীর সংগৃহীত রেটহইতে দিবার আজ্ঞা হয়, এই আইনের কার্য্য সফল করণার্থে ঐ বজেট যে বৎসরের নিমিত্তে অর্পিত হইল ঐ মোট টাকা সেই নগরের কি মুনিসিপালিটীর পোলীসের সেই বৎসরের খরচ জ্ঞান হইবে ইতি।

[সেই খরচের টাকা লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবকে মুনিসিপাল কমিস্যনরদের দিবার কথা।]

১০ ধারা। প্রত্যেক মুনিসিপালিটীর মুনিসিপাল কমিস্যনরেরা ঐ মুনিসিপালিটীর বার্ষিক রেটহইতে উক্ত শ্রীযুত লেপ্টেমেণ্ট গবর্ণর সাহেবকে ঐ মুনিসিপালিটী পোলীসদলের খরচ চারি সমান ভাগ করিয়া তিন২ মাসে দিবেন। উক্ত শ্রীযুত লেপ্টেমেণ্ট গবর্ণর সাহেব মুনিসিপাল কমিস্যনরদের ঐ টাকা দিবার যে২ দিন নিরূপণ করেন, তিন২ মাসান্তর সেই২ দিনে ঐ কিস্তির টাকা দেওয়া যাইবে ইতি।

[ঐ খরচের টাকা মাজিষ্ট্রেটের তুলিবার কথা।

১১ ধারা। ১৮৫৬ সালের উক্ত ২০ আইনমতে যে চৌকীদারেরা নিযুক্ত হয় তাহাদের খরচের টাকা তুলিবার জন্যে উক্ত আইনেতে যে উপায়ের ও পথের বিধান হইয়াছে, এই আইনঅনুসারে পোলীসের যত খরচ যে নগরের দিতে হয় মাজিষ্ট্রেট সাহেব সেই পথে ও উপায়ে সেই নগরের মধ্যেই ঐ খরচ আদায় করিবেন ও তুলিবেন ইতি।

[কলিকাতার পোলীস কমিস্যনরের ক্ষমতা রক্ষার কথা।]

১২। কলিকাতা নগরের পক্ষে যিনি পোলীসের কমিস্যনর হন মন্ত্রিসভাধিষ্ঠিত বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের প্রচলিত ১৮৬৬ সালের উক্ত ৪ আইন কিম্বা ১৮৬৬ সালের ২ আইনমতে কি প্রকারান্তরে তাঁহার প্রতি কলিকাতা নগরের ও শাখানগরের পোলীসের উপর যে কোন শক্তি ও ক্ষমতা অর্পিত হইয়াছে, এই আইনের কোন কথার দ্বারা তিনি তাহাতে বঞ্চিত হইবেন না, এবং পোলীসের ইনস্পেকুটর জেনরল সাহেবের প্রতি ১৮৬১ সালের উক্ত ৫ আইনের দ্বারা যে কোন ক্ষমতা কি শক্তি অর্পিত হইয়াছে তদনুসারে তিনি উক্ত নগর কি শাখানগরের অন্তর্গত পোলীসের পক্ষে কার্য্য করিবেন না ইতি।

[এই আইনমত ডিষ্ট্রিকুট সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের কর্ত্তব্য কর্ম্ম ডেপুটী কমিস্যনরের সম্পাদন করিবার কথা।]

১৩ ধারা। এই আইনের কার্য্যার্থে কলিকাতার শাখানগরের পোলীসের ডেপুটী কমিস্যনর সাহেব উক্ত

this Act, be deemed to be the district Superintendent of the said Suburbs.

[Commencement of Act.]

XIV. This Act shall, so far as respects the preparation, presentation, inspection, consideration, and approval of Budgets, commence and take effect upon the first day of September now next ensuing, and as to the residue thereof, shall commence and take effect upon the first day of January 1868.

শাখানগরের ডিষ্ট্রিক্‌ট সুপরিন্টেণ্ডেণ্ট জ্ঞান হইবেন ইতি।

[আইনের প্রারম্ভের কথা।]

১৪ ধারা। বজেট প্রস্তুত ও সমর্পণ ও দৃষ্টি ও বিবেচনা ও গ্রাহ্য করণ পক্ষে এই আইন আগামি সেপ্টেম্বর মাসের প্রথম দিবসে আরম্ভ হইয়া প্রচলিত হইবে, এবং এই আইনের অবশিষ্ট কার্য্যপক্ষে ১৮৬৮ সালের জানুআরি মাসের প্রথম দিবসে আরম্ভ হইয়া প্রচলিত হইবে ইতি।

SCHEDULE OF LAWS REPEALED—(*referred to in Section III.*)

Number and date of Act.	Title.	Extent of Repeal.
Act XX. of 1856.	An Act to make better provision for the appointment and maintenance of Police Chowkeydars in cities, towns, stations, suburbs, and bazars, in the Presidency of Fort William in Bengal.	Sections 7, 8, 9, 11, 32, 33, 35, 50, 51, 52, 53, 54, 55, and 56.
Act III. of 1864 passed by the Lieutenant-Governor of Bengal in Council.	An Act to provide for the appointment of Municipal Commissioners in towns and other places in the Provinces under the control of the Lieutenant-Governor of Bengal, and to make better provision for the conservancy, improvement, and watching thereof, and for the levying of rates and taxes therein.	Section 34.

J. PITT KENNEDY,
Asst. Secy. to the Govt. of Bengal,
Legislative Department.

৩ ধারার উল্লিখিত যেং আইন রহিত হইল তাহার তফসীল

আইনের নম্বর ও তারিখ।	নাম	যে অংশ রহিত হইল।
১৮৫৬ সালের ২০ আইন ..	বঙ্গদেশের ফোর্ট উলিয়ম রাজধানীর অন্তঃপাতী শহরে ও নগরে ও মোকামে ও শহর তলীতে ও বাজারে পোলীসের চৌকীদারদিগকে নিযুক্ত ও প্রতিপালন করিবার উত্তম বিধান করিবার আইনের	৭, ৮, ৯, ১১, ৩২, ৩৩, ৩৫, ৫০, ৫১, ৫২, ৫৩, ৫৪, ৫৫ ও ৫৬ ধারা।
মন্ত্রিসভাধিষ্ঠিত বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্নর সাহেবের প্রচলিত ১৮৬৪ সালের ৩ আইন	বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্নর সাহেবের অধীনস্থ প্রদেশের নগরপ্রভৃতি স্থানে মুনিসিপল কমিসানরদিগকে নিযুক্ত করণের এবং সেই নগরাদির পারিপাট্য ও শ্রীবৃদ্ধি করিবার ও চৌকী দিবার ও তাহাতে কর ও টাক্স আদায় করিবার অপেক্ষাকৃত সুবিধান করণের আইনের ...	৩৪ ধারা

জে পিট কেনেডি,
ব্যবস্থাপন কর্ম্মবিভাগে বঙ্গদেশের গবর্ণমেন্টের আসিষ্টান্ট সেক্রেটারী

JOHN ROBINSON, *Bengalee Translator.*

No. 1345.

HOME DEPARTMENT.

JUDICIAL.

NOTIFICATION.

The 14*th June* 1867.

The Governor General in Council has received, with sincere regret, official intimation of the death of the Hon'ble Shumboonath Pundit, one of the Judges of Her Majesty's High Court at Fort William.

The Hon'ble the Chief Justice, in communicating this intelligence to the Governor General, has said,—"So far as Mr. Justice "Shumboonath Pundit was concerned, the "experiment of appointing a Native Gentle-"man to a seat in the High Court has suc-"ceeded. He had a considerable knowledge "of his profession, and a thorough acquaintance "with the Natives. I have always found him "upright, honorable, and independent, and "I believe that he was looked up to by his "countrymen with respect and confidence."

The interest which, both in India and in England, attaches to the experiment of placing a Native Gentleman in the highest Judicial situation in the country, has induced the Governor General in Council to make public the opinion of the Hon'ble the Chief Justice, in which His Excellency in Council entirely agrees.

E. C. BAYLEY,
Secy. to the Govt. of India.

১৩৪৫ নম্বর।

দেশীয় ডিপার্টমেণ্ট।

জুডিসিয়ল।

বিজ্ঞাপন।

১৮৬৭ সাল ১৪ জুন।

শ্রীশ্রীমতী মহারাণীর ফোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্টের জজ মান্যবর শম্ভুনাথ পণ্ডিতের মৃত্যু সংবাদ পাইয়া মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব আন্তরিক দুঃখিত হইলেন।

মান্যবর শ্রীযুত চীফ জষ্টিস সাহেব শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের নিকট এই সংবাদ প্রেরণকালে লিখিয়াছেন, জষ্টিস শম্ভুনাথ পণ্ডিতসম্পর্কে আমি এই পর্য্যন্ত কহিতে পারি যে তাঁহাহইতে হাই কোর্টের বিচারাসনে এদেশীয় মহোদয়কে উপবিষ্ট করণদ্বারা অভীষ্ট সিদ্ধ হইল। তিনি স্বীয় কার্য্যে নিপুণ ও দেশীয় লোকের বিশেষ ভাবজ্ঞ ছিলেন। আমি সর্ব্বদা তাঁহাকে সরল সম্ভ্রান্ত ও স্বাধীন দেখিতাম। স্বদেশীয় লোকে যে তাঁহাকে মান্য ও বিশ্বাস করিতেন ইহাতে আমার সন্দেহমাত্র নাই।

ভারতবর্ষ ও ইংলণ্ড উভয়ই যে ঔৎসুক্যক্রমে এই দেশের উচ্চতম বিচারকার্য্যে এদেশীয় মহোদয়কে পরীক্ষার্থ নিযুক্ত করণে সম্মত ছিলেন, মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব তৎসম্পর্কে মান্যবর শ্রীযুত চীফ জষ্টীস সাহেবের উক্ত অভিমত প্রকাশ করিতেছেন। মন্ত্রিসভাধিষ্ঠিত মহিমবরও তাহাতে ঐকমত্য হইলেন।

ই সি বেলি।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

ORDERS BY THE LIEUTENANT-GOVERNOR OF BENGAL.

No. 2363.

APPOINTMENTS.

The 10*th June* 1867.

The following gentlemen to be Members of the Local Committee of Public Instruction at Mymensing, *viz.* :—

Mr. T. P. Kallonas.
Baboo Troy Lucko Nath Mitter, B. L.
" Gunga Das Gooho.

Mr. A. Weekes to be Vice-Chairman of the Municipal Commissioners for the Town of Chuprah.

Mr. R. Heenan to be a Municipal Commissioner for the Town of Bhaugulpore.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৭। ২৫ জুন।]

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের আজ্ঞা।

২৪৮৮ নম্বর।

নিয়োগ।

১৮৬৭ সাল ১০ জুন।

নিম্নলিখিত মহাশয়েরা ময়মনসিংহের সাধারণ বিদ্যাধ্যাপনীয় কমিটীর মেম্বর হইবেন।

শ্রীযুত টি পি কালোনাস সাহেব।
" বাবু ত্রৈলোক্যনাথ মিত্র বি, এল,।
" বাবু গঙ্গাদাস গুহ।

শ্রীযুত এ উইকস সাহেব ছাপরা নগরের মুনিসিপল কমিস্যনরদের প্রতিনিধি সভাপতি হইবেন।

শ্রীযুত আর হিনান সাহেব ভাগলপুর নগরের এক জন মুনিসিপল কমিস্যনর হইবেন।

The 12th June 1867.

Mr. W. G. Black to be Sub-Registrar of Assurances of the Sub-District of Purneah.

Mr. A. C. Woodward to officiate as Sub-Registrar of Assurances of the Sub-District of Burdwan, until the arrival of Baboo Nitto Lal Dey, or until further orders.

Baboo Gouripersad Sircar to be an Assessor, under Act XXI. of 1867, in Chumparun, and to exercise the powers of a Collector in that District for the purposes of the said Act.

১৮৬৭ সাল ১২ জুন।

শ্রীযুত ডবলিউ জি ব্লাক সাহেব পূরণিয়া সব-ডিষ্ট্রিকুটের নিদর্শনপত্রাদির সব-রেজিষ্ট্রার হইবেন।

শ্রীযুত বাবু নৃত্যলাল দের না পঁহুছন কি অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত এ সি উড্ওয়ার্ড সাহেব বর্দ্ধমান সব-ডিষ্ট্রিকুটের নিদর্শনপত্রাদির সব-রেজিষ্ট্রারের কর্ম্ম করিবেন।

শ্রীযুত বাবু গৌরীপ্রসাদ সরকার চাম্পারণে ১৮৬৭ সালের ২১ আইনমতে আসেসর হইবেন, এবং উক্ত আইনের অভিপ্রায় সফল করণার্থে ঐ জিলাতে কালেকুটরের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন।

The 13th June 1867.

Mr. H. Muspratt to officiate as Civil and Sessions Judge of Dacca, during the absence, on leave, of Mr. A. Abercrombie, or until further orders.

Mr. G. S. Park to officiate temporarily as Magistrate and Collector of Hooghly.

Mr. T. Norman to officiate temporarily as Joint-Magistrate and Deputy Collector of Hooghly.

Moulvie Musheatoollah, Sudder Ameen of Bograh, to officiate as Additional Principal Sudder Ameen of Mymensing, during the absence, on leave, of Baboo Gopee Kissen Bannerjee, or until further orders.

This cancels the appointment of Baboo Nobo Coomar Banerjee, notified in the *Calcutta Gazette* of the 29th ultimo.

Baboo Nundo Coomar Bose to officiate as Sudder Ameen of Bograh, and Moonsiff of the Sudder Station of that District.

Baboo Gooroo Persad Sen to officiate as Sudder Ameen of Hooghly, and Moonsiff of the Sudder Station of that District, during the absence, on leave, of Baboo Mohesh Cunder Roy, or until further orders.

Mr. Ernest Tye to be an Honorary Magistrate in Nowgong, and to exercise the powers of a Subordinate Magistrate of the Second Class, and powers under Section 1, Act X. of 1854, in that District.

১৮৬৭ সাল ১৩ জুন।

শ্রীযুত এ আবরক্রম্বি সাহেবের ছুটী প্রযুক্ত অনুপস্থান কালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত এচ মসপ্রাট সাহেব ঢাকার সিবিল ও সেশন জজের কর্ম্ম করিবেন

শ্রীযুত জি এস পার্ক সাহেব কিয়ৎকালের নিমিত্তে হুগলীর মাজিষ্ট্রেট ও কালেকুটরের কর্ম্ম করিবেন।

শ্রীযুত টি নর্ম্মান সাহেব কিয়ৎকালের নিমিত্তে হুগলীর জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকুটরের কর্ম্ম করিবেন

শ্রীযুত বাবু গোপীকৃষ্ণ বন্দ্যোপাধ্যায়ের ছুটী প্রযুক্ত অনুপস্থানকালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত বগুড়ার সদর আমীন শ্রীযুত মৌলবী মশীয়ৎউল্লা ময়মুনসিংহের প্রধান সদর আমীনের কর্ম্ম করিবেন।

শ্রীযুত বাবু নবকুমার বন্দ্যোপাধ্যায়ের যে নিয়োগের কথা এই মাসের ৪ তারিখের বাংলা গেজেটে প্রকাশ হয় তাহা ইহাতে রহিত হইল।

শ্রীযুত বাবু নন্দকুমার বসু বগুড়ার সদর আমীনের ও ঐ জিলার সদর মোকামের মুনসেফের কর্ম্ম করিবেন।

শ্রীযুত বাবু মহেশচন্দ্র রায়ের ছুটীপ্রযুক্ত অনুপস্থানকালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত বাবু গুরুপ্রসাদ সেন হুগলীর সদর আমীনের ও ঐ জিলার সদর মোকামের মুনসেফের কর্ম্ম করিবেন।

শ্রীযুত অর্ণেষ্ট টাই সাহেব নৌগাঁয়ের অনরারি মাজিষ্ট্রেট হইবেন ও ঐ জিলাতে অধঃস্থ দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতাক্রমে এবং ১৮৫৪ সালের ১০ আইনের ১ ধারামতের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন।

The 14th June 1867.

The following gentlemen to be Municipal Commissioners for the Town of Burdwan, *viz.*:—

Mr. J. Ward.
F. M. Avern.

Mr. A. C. Woodward, Deputy Magistrate and Deputy Collector of Burdwan, is transferred to Hazareebaugh, and vested with the powers of a Magistrate in the latter District.

The following gentlemen are appointed to be Assessors, under Act XXI. of 1867, and vested with the powers of a Collector for the purposes of

১৮৬৭ সাল ১৪ জুন।

নিম্নলিখিত মহাশয়েরা বর্দ্ধমান নগরের মুনিসিপল কমিস্যনর হইবেন।

শ্রীযুত জে ওয়াড সাহেব।
শ্রীযুত এফ এম আবর্ণ সাহেব।

বর্দ্ধমানের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকুটর শ্রীযুত এ সি উডওয়ার্ড সাহেব হাজারিবাগে নিযুক্ত হইয়াছেন এবং শেষোক্ত জিলাতে মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন।

নিম্নলিখিত মহাশয়েরা ১৮৬৭ সালের ২১ আইনমতে আসেসরের পদে নিযুক্ত হইয়াছেন এবং উক্ত আইনের অভিপ্রায় সফল করণার্থে আপনং নামের

[*Government Gazette*, *25th June* 1867.]

that Act in the places mentioned against their respective names, *viz.* :—

Moulvie Razeeooddeen Ahmed, in Bancoorah.
Baboo Junookee Nath Ghosal, in Beerbhoom.
„ Barodanund Mookerjee, in Burdwan.
„ Romesh Chunder Mookerjee, in Hooghly.
„ Rajmohun Bose, in Howrah.
„ Unnadapersad Ghose, in Midnapore.
„ Moorari Lal Roy, in Hidgelee, Midnapore.

Ex-officio:
Kanti Chunder Chatterjee, at Bancoorah ...
Radhanath Gangooly, at Beerbhoom
Hurro Chunder Ghose, at Burdwan.
Mr. J. DeCruze in the Sub-Division of Serampore
W. R. Pogson, at Hooghly ...
Baboo Kumlakant Bysack at Midnapore...

Mr. W. H. Verner, Assistant Magistrate and Collector, 24-Pergunnahs, to have charge of the Sub-Division of Busseerhaut, during the absence, on leave, of Baboo Shama Churn Chatterjee, or until further orders.

Captain W. C. S. Clarke to officiate as Deputy Commissioner of Seebsaugor, during the absence, on leave, of Captain H. Sconce, or until further orders, with effect from the 1st ultimo.

This cancels the appointment of Captain Clarke to the Naga Hills, notified in the *Calcutta Gazette* of the 1st ultimo.

Lieutenant A. N. Phillips to officiate as Deputy Commissioner of Nowgong, during the absence, on leave, of Major E. P. Lloyd, or until further orders, with effect from the 10th ultimo.

Mr. A. H. James, Assistant Superintendent of Police, and Assistant Commissioner, Naga Hills to officiate as Deputy Commissioner of the Naga Hills, during the absence, on leave, of Lieutenant J. Gregory, or until further orders, with effect from the 20th April last.

The 17th June 1867.

The transfer of Moonshee Dubeerooddeen Ahmed, from Rajshahye to Rungpore, notified in the *Calcutta Gazette* of the 22nd ultimo is cancelled.

Moulvie Ahmed, Supernumerary Deputy Magistrate and Deputy Collector of Bograh, is transferred to Serajgunge, and, in addition to the powers of a Subordinate Magistrate of the First

পার্শ্বের লিখিত স্থানে কালেক্টরের ক্ষমতা পাইয়াছেন

বাঁকুড়াতে শ্রীযুত মৌলবী রজীউদ্দীন আহম্মদ
বীরভূমে শ্রীযুত বাবু জানকীনাথ ঘোষাল।
বর্দ্ধমানে শ্রীযুত বাবু বরদানন্দ মুখোপাধ্যায়।
হুগলীতে শ্রীযুত বাবু রমেশচন্দ্র মুখোপাধ্যায়।
হাবড়ায় শ্রীযুত বাবু রাজমোহন বসু।
মেদিনীপুরে শ্রীযুত বাবু অন্নদাপ্রসাদ ঘোষ।
মেদিনীপুরের অন্তর্গত হিজলীতে শ্রীযুত বাবু মুরারীলাল রায়।

আপন২ পদোপলক্ষে:
বাঁকুড়াতে শ্রীযুত বাবু কান্তিচন্দ্র চট্টোপাধ্যায়
বীরভূমে শ্রীযুত বাবু রাধানাথ গঙ্গোপাধ্যায়
বর্দ্ধমানে শ্রীযুত বাবু হরচন্দ্র ঘোষ ...
শ্রীরামপুর শাখাখণ্ডে শ্রীযুত জে ডি'ক্রুস সাহেব ..
হুগলীতে শ্রীযুত ডবলিউ আর পগ্‌শন সাহেব ...
মেদিনীপুরে শ্রীযুত বাবু কমলাকান্ত বসাক ...

শ্রীযুত বাবু শ্যামাচরণ চট্টোপাধ্যায়ের ছুটীপ্রযুক্ত অনুপস্থান কালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত ২৪ পরগনার আসিস্টাণ্ট মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত ডবলিউ এচ বর্ণর সাহেব বশীরহাট শাখাখণ্ডের কর্ম্মের ভার পাইবেন।

কাপ্তান শ্রীযুত এচ স্কন্স সাহেবের ছুটীপ্রযুক্ত অনুপস্থান কালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত কাপ্তান শ্রীযুত ডবলিউ সি এস ক্লার্ক সাহেব শিবসাগরের ডেপুটী কমিস্যনরের কর্ম্ম করিবেন, উক্ত নিয়োগ গত মাসের ১ তারিখ অবধি প্রবল হইবে।

কাপ্তান শ্রীযুত ক্লার্ক সাহেবের নাগা পর্ব্বতে নিযুক্ত হইবার যে কথা গত মাসের ৭ তারিখের বাঙ্গলা গেজেটে প্রকাশ হয় তাহা ইহাতে রহিত হইল।

মেজর শ্রীযুত ই, পি, লয়ড সাহেবের ছুটীপ্রযুক্ত অনুপস্থান কালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত লেপ্টেনেণ্ট শ্রীযুত এ এন ফিলিপ্‌স সাহেব নৌগাঁয়ের ডেপুটী কমিস্যনরের কর্ম্ম করিবেন। উক্ত নিয়োগ গত মাসের ১০ তারিখ অবধি প্রবল হইবে।

লেপ্টেনেণ্ট শ্রীযুত জে গ্রেগরি সাহেবের ছুটীপ্রযুক্ত অনুপস্থান কালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত পোলীসের আসিস্টাণ্ট সুপরিন্টেণ্ডেণ্ট ও নাগা পর্ব্বতের আসিস্টাণ্ট কমিস্যনর শ্রীযুত এ এচ জেমস সাহেব নাগা পর্ব্বতের ডেপুটী কমিস্যনরের কর্ম্ম করিবেন। উক্ত নিয়োগ গত আপ্রিল মাসের ২৯ তারিখ অবধি প্রবল হইবে।

১৮৬৭ সাল ১৭ জুন।

শ্রীযুত মুনশী দবীরুদ্দীন আহম্মদের রাজশাহীহইতে রঙ্গপুরে নিযুক্ত হইবার যে কথা গত মাসের ২৮ তারিখের বাঙ্গলা গেজেটে প্রকাশ হয় তাহা ইহাতে রহিত হইল।

বগুড়ার অতিরিক্ত ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত মৌলবী আহম্মদ শেরাজগঞ্জে নিযুক্ত হইয়াছেন এবং পূর্ব্বোক্ত জিলাতে অধঃস্থ প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের যে ক্ষমতাক্রমে কর্ম্ম করিতেন

Class which he already exercises in the former District, is vested with similar powers in the District of Pubna.

পাবনা জিলাতেও সেই ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন।

Moulvie Anwarooddeen Ahmed, Supernumerary Deputy Magistrate and Deputy Collector of Rajshahye, is transferred to the Chittagong Division, to be posted to Noakhally, and is vested with the powers of a Subordinate Magistrate of the First Class in all the Districts of that Division.

রাজশাহীর অতিরিক্ত ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত মৌলবী আনওয়ার উদ্দীন আহম্মদ নওয়াখালীতে অবস্থিত হওনার্থে চট্টগ্রামখণ্ডে নিযুক্ত হইয়াছেন এবং উক্ত খণ্ডের সকল জিলাতে অধঃস্থ প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন।

Mr. W. C. Madge, Deputy Magistrate and Deputy Collector, Noakhally, is transferred to Rajshahye, and vested with the powers of a Subordinate Magistrate of the Second Class in the latter District.

নওয়াখালীর ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর ডবলিউ সি মাজ সাহেব রাজশাহীতে নিযুক্ত হইয়াছেন এবং শেষোক্ত জিলাতে অধঃস্থ দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন।

Mr. J. Birkmyre, Assistant Commissioner, Cachar, is vested with the powers of a Magistrate and Sudder Ameen in that District.

কাছাড়ের আসিষ্টান্ট কমিসনর শ্রীযুত জে বার্কমেয়র সাহেব ঐ জিলাতে মাজিষ্ট্রেটের ও সদর আমীনের ক্ষমতা পাইয়াছেন।

The following gentlemen are appointed to be Assessors under Act XXI. of 1867, and vested with the powers of a Collector in the places mentioned against their respective names:—

নিম্নলিখিত মহাশয়েরা ১৮৬৭ সালের ২১ আইনমতে আসেসরের পদে নিযুক্ত হইয়াছেন এবং আপনং নামের পার্শ্বের লিখিত জিলাতে কলেক্টরের ক্ষমতা পাইয়াছেন।

Baboo Okhil Nath Roy, in Purneah.
পুরণীয়াতে শ্রীযুত বাবু অখিলনাথ রায়।

Baboo Mohadeb Ghosal, in Moorshedabad.
মুরশিদাবাদে শ্রীযুত বাবু মহাদেব ঘোষাল।

„ Radhica Persad Sen, in the Sub-Division of Jamoor Kandie.
জেমোকান্দি শাখাখণ্ডে শ্রীযুত বাবু রাধিকাপ্রসাদ সেন।

Baboo Nobin Kristo Bose, in Rajshahye.
রাজশাহীতে শ্রীযুত বাবু নবীনকৃষ্ণ বসু।

„ Kassi Kinker Sen, in the Sub-Division of Nattore.
নাটোর শাখাখণ্ডে শ্রীযুত বাবু কাশীকিঙ্কর সেন।

Baboo Kali Nath Bose, in Bograh.
বগুড়াতে শ্রীযুত বাবু কালীনাথ বসু।

„ Nobin Chunder Bhoomic, in Maldah.
মালদহে শ্রীযুত বাবু নবীনচন্দ্র ভুমিক।

„ Tariny Sunker Roy, in Pubna.
পাবনায় শ্রীযুত বাবু তারিণীশঙ্কর রায়।

„ Chunder Mohun Das, in the Sub-Division of Serajgunge.
শেরাজগঞ্জ শাখাখণ্ডে শ্রীযুত বাবু চন্দ্রমোহন দাস।

Baboo Woomesh Chunder Sircar, in Dinagepore.
দিনাজপুরে শ্রীযুত বাবু উমেশচন্দ্র সরকার।

Baboo Dwarka Nath Roy, in Dinagepore.
দিনাজপুরে শ্রীযুত বাবু দ্বারকানাথ রায়।

Mr. A. Rehling, in Rungpore.
রঙ্গপুরে শ্রীযুত এ রেলিং সাহেব।

Moteeoollah Sheikh, in the Sub-Division of Bhowanigunge.
ভবানীগঞ্জ শাখাখণ্ডে শ্রীযুত মতিউল্লা সেখ।

The 18*th June* 1867.

১৮৬৭ সাল ১৮ জুন।

The following gentlemen to be Members of the Local Committee for the management of the Dispensary at Pooree, *viz.:*—

নিম্নলিখিত মহাশয়েরা পুরীর দাতব্য ঔষধালয়ের কর্ম্ম সম্পাদনার্থ কমিটীর মেম্বর হইবেন।

Baboo Madhub Lal Dewan.
বাবু মাধব লাল দেওয়ান্।

„ Luckon Chunder Roy.
„ বাবু লক্ষ্মণ চন্দ্র রায়।

The following gentlemen are appointed to be Assessors, under Act XXI. of 1867, and vested with the powers of a Collector for the purposes of that Act in the Districts mentioned, *viz.:*—

নিম্নলিখিত মহাশয়েরা ১৮৬৭ সালের ২১ আইনমতে আসেসর হইবেন এবং উক্ত আইনের অভিপ্রায় সকল করণার্থে আপনং নামের পার্শ্বের লিখিত জিলাতে কালেক্টরের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন।

Baboo Hemodhur Burwah, in Gowalparah.
গোয়ালপাড়ায় শ্রীযুত বাবু হেমধর বড়ুয়া।

Shaik Moioöddeen, in Gowalparah.
গোয়ালপাড়ায় শ্রীযুত সেখ মৈউদ্দীন।

Cap Coomby, in Darjeeling.
দার্জ্জিলিঙ্গে কাপ্তান শ্রীযুত কুম্বি সাহেব।

Leave of Absence.

The 10*th June* 1867.

১৮৬৭ সাল ১০ জুন।

Baboo Rakhal Das Haldar, Deputy Collector of Survey, Maunbhoom, for four months, under

মানভূমের জরীপী কার্য্যের ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু রাখালদাস হালদার এই মাসের ১ তারিখ অবধি

paragraph 11 of the Uncovenanted Service Absentee Rules, from the 1st instant, or any other date on which he may avail himself of the leave.

The 12*th June* 1867.

Third Grade Sub-Assistant Surgeon Ram Lall Dey for one month, under paragraph 11 of the Uncovenanted Service Absentee Rules, from the date on which he was relieved of the temporary charge of the Berhampore Charitable Dispensary.

The 13*th June* 1867.

Baboo Huri Kissen Das, Assistant Superintendent, Tributary Mehals of Cuttack, for one month, from the 24th instant, under paragraph 16 of the Uncovenanted Service Absentee Rules.

Mr. A. Abercrombie, Judge of Dacca, for two months, under Section 6 of the Covenanted Service Absentee Rules, from the date on which he may avail himself of the leave.

Baboo Nobo Coomar Banerjee, late Principal Sudder Ameen of Rajshahye, for six weeks, under paragraph 11 of the Uncovenanted Service Absentee Rules.

Mr. C. A. Fisher, Assistant Superintendent of Police, Gya, recently transferred to Balasore, for one month, under paragraph 11 of the Uncovenanted Service Absentee Rules, from the date on which he may have availed himself of the leave in anticipation of sanction.

Baboo Mohesh Chunder Roy, Sudder Ameen of Hooghly, for three months, from the 2nd instant, under paragraph 11 of the Uncovenanted Service Absentee Rules.

The 14*th June* 1867.

Mr. J. W. Taylor, Uncovenanted Assistant to the Commissioner of Cuttack, for one month, under paragraph 16 of the Uncovenanted Service Absentee Rules, with effect from any date in September next, on which he may be relieved.

Moulvie Nuzeerooddeen Mahomed, Principal Sudder Ameen of Dacca, for three months, under paragraph 11 of the Uncovenanted Service Absentee Rules, in extension of the leave granted to him under orders of the 20th March last.

Baboo Shama Churn Chatterjee, Deputy Magistrate and Deputy Collector of Busseerhaut, for fifteen days, under paragraph 11 of the Uncovenanted Service Absentee Rules, from the date on which he may have availed himself of the leave.

The 15*th June* 1867.

Lieutenant A. D. Butter, Assistant Revenue Surveyor, in charge, First Division of Survey, Lower Provinces, for one month, under Section 6 of the Covenanted Service Absentee Rules, from the date on which he may avail himself of the leave.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৭। ২৫ জুন।]

অথবা অন্য যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখ অবধি অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১১ ধারামতে চারি মাসের ছুটী পাইয়াছেন।

১৮৬৭ সাল ১২ জুন।

তৃতীয় শ্রেণীর সব-আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত রামলাল দের বহরমপুরের দাতব্য ঔষধালয়ের কিয়ৎকালীন কর্ম্মের ভার হইতে যে তারিখে পদগ্রাহী দ্বারা অবকাশ পান সেই তারিখ অবধি অচিহ্নিত কর্ম্মকারকদের ছুটীর বিধির ১১ ধারামতে এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৬৭ সাল ১৩ জুন।

কটকের পেশকশী মহালের আসিষ্টাণ্ট সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত বাবু হরিকৃষ্ণ দাস অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৬ ধারামতে এই মাসের ২৪ তারিখ অবধি এক মাসের ছুটী পাইয়াছেন।

ঢাকার জজ শ্রীযুত এ আবরক্রম্বি সাহেব যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখ অবধি চিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ ধারামতে দুই মাসের ছুটী পাইয়াছেন।

রাজশাহীর ভূতপূর্ব্ব প্রধান সদর আমীন শ্রীযুত বাবু নবকুমার বন্দ্যোপাধ্যায় অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১১ ধারামতে ছয় সপ্তাহের পাইয়াছেন।

গয়ার পোলীসের আসিষ্টাণ্ট সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত সি এ ফিশর সাহেব যিনি সম্প্রতি বালেশ্বরে নিযুক্ত হইয়াছেন তিনি যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখ অবধি অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১১ ধারামতে এক মাসের ছুটী পাইয়াছেন। ইহাতে অনুমোদনের অপেক্ষা আছে।

হুগলীর সদর আমীন শ্রীযুত বাবু মহেশচন্দ্র রায় অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১১ ধারামতে এই মাসের ২ তারিখ অবধি তিন মাসের ছুটী পাইয়াছেন

১৮৬৭ সাল ১৪ জুন।

কটকের কমিসনর সাহেবের অচিহ্নিত আসিষ্টাণ্ট ত জে ডবলিউ টেলর সাহেব আগামি সেপ্টেম্বর মাসের যে তারিখে আপন পদগ্রাহিদ্বারা অবকাশ পান সেই তারিখ অবধি অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৬ ধারামতে এক মাসের ছুটী পাইয়াছেন।

ঢাকার প্রধান সদর আমীন শ্রীযুত মৌলবী নজীরুদ্দীন মহম্মদ গত মার্চ মাসের ২০ তারিখের আজ্ঞামতে যে ছুটী পান তদতিরিক্ত অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১১ ধারামতে তিন মাসের ছুটী পাইয়াছেন।

বশীরহাটের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু শ্যামাচরণ চট্টোপাধ্যায় যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখ অবধি অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১১ ধারামতে পনের দিনের ছুটী পাইয়াছেন।

বঙ্গপ্রভৃতি দেশের জরীপী কার্য্যের প্রথম খণ্ডের কর্ম্মের ভারপ্রাপ্ত আসিষ্টাণ্ট রেবিনিউ সরবেয়র লেফ্টেনেণ্ট শ্রীযুত এ ডি বটার সাহেব যে তারিখে গ্রহণ করেন সেই তারিখ অবধি চিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ ধারামতে এক মাসের ছুটী পাইয়া/

NOTIFICATIONS.

The 10th June 1867.

The transfer of Moulvie Mahomed, Deputy Magistrate and Deputy Collector of Chumparun, to Sarun, notified in the *Calcutta Gazette* of the 1st ultimo, is cancelled.

Mr. E. O. White, Assistant Superintendent of Police, officiated as District Superintendent of Police, Patna, for the periods mentioned below, *viz.* :—

For 21 days in November 1866.
,, 5 days in January 1867.
,, 28 days in February 1867.
,, 1 day in March 1867.

The 13th June 1867.

Mr. C. H. James, Assistant Superintendent of Police, Garrow Hills, having returned to his duties on the 16th ultimo, the unexpired portion of the leave granted to him under orders of the 7th idem, is cancelled.

Mr. M. B. Rochfort, Officiating District Superintendent of Police, Cachar, having joined his appointment on the 31st ultimo, the unexpired portion of the leave granted to him under orders of the 22nd idem, and of which he availed himself from the 26th April last, is cancelled.

The 15th June 1867.

The Lieutenant-Governor has been pleased to sanction the establishment of a Ferry at the Kooworeetat Ghât on the Kullung River, in the District of Nowgong, and to declare it public under Regulation VI. of 1819.

The 17th June 1867.

Supplementary Commissions of the Peace for Bengal, Behar, and Orissa, were issued by the High Court of Judicature at Fort William in Bengal, directed to the following gentlemen, on the dates mentioned against their respective names, *viz.* :—

Mr. Arthur Shanks, 24-Pergunnahs, on the 5th June 1867.

Mr. Edward Stewart, Soopool in Bhaugulpore, on the 7th June 1867.

Extensions of leave for six months on Medical Certificate, have been granted by the Right Hon'ble the Secretary of State for India to each of the Uncovenanted Officers named below, *viz.* :—

Mr. A. Percy.
,, H. T. Baker.

NOTIFICATION.

The 15th June 1867.

Under the power vested in him by Section 54, Act V. (B. C.) of 1866, *(an Act to make better provision for the regulation of Hackney Carriages*

বিজ্ঞাপন

১৮৬৭ সাল ১০ জুন।

চম্পারণের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত মৌলবী মহম্মদের সারণে নিযুক্ত হইবার যে কথা গত মাসের ৭ তারিখের বাঙ্গলা গেজেটে প্রকাশিত হয় তাহা হইতে রহিত হইল।

পোলীসের আসিস্টান্ট সুপরিন্টেণ্ডেণ্ট শ্রীযুত ই, ও, ওয়াইট সাহেব নিম্নলিখিত কাল পাটনার পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিন্টেণ্ডেণ্টের কর্ম্ম করিলেন।

১৮৬৬ সালের নবেম্বর মাসের ২১ দিন।
১৮৬৭ সালের জানুআরি মাসের ৫ দিন।
,, ,, ফেব্রুআরি মাসের ২৮ দিন।
,, ,, মার্চ মাসের ১ দিন।

১৮৬৭ সাল ১৩ জুন।

গারোপর্ব্বতের পোলীসের আসিষ্টান্ট সুপরিন্টেণ্ডেণ্ট শ্রীযুত সি এচ জেমস্ সাহেব গত মাসের ১৬ তারিখে আপন কর্ম্মে প্রত্যাগমন করাতে ঐ মাসের ৭ তারিখের আজ্ঞামতে যে ছুটী পান তাহার অবশিষ্টাংশ রহিত হইল।

কাছাড়ের পোলীসের একটিং ডিষ্ট্রিক্ট সুপরিন্টেণ্ডেণ্ট শ্রীযুত এম বি রচ্‌ফর্ড সাহেব গত মাসের ৩১ তারিখে আপন কর্ম্ম গ্রহণ করাতে ঐ মাসের ২২ তারিখের আজ্ঞামতের যে ছুটী গত আপ্রিল মাসের ২৬ তারিখে গ্রহণ করেন তাহার অবশিষ্টাংশ রহিত হইল

১৮৬৭ সাল ১৫ জুন।

শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব নৌগাঁ জিলার অন্তর্গত কলঙ্গ নদীর কুওয়ারীটাটের ঘাটে খেয়া স্থাপন করিতে অনুমোদন করিয়া ১৮১৯ সালের ৬ আইনমতে তাহা রাজকীয় ঘাট প্রকাশ করিলেন।

১৮৬৭ সাল ১৭ জুন।

বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্টকর্ত্তৃক বঙ্গ, বেহার, ও উড়িষ্যা দেশের শান্তিরক্ষার্থ যে অতিরিক্ত কমিসন বাহির হয় তাহা নিম্নলিখিত মহাশয়দের নামের পার্শ্বের লিখিত তারিখে দেওয়া গেল।

১৮৬৭ সালের জুন মাসের ৫ তারিখে ২৪ পরগনার শ্রীযুত অর্থর শ্যাঙ্কস্ সাহেব।

১৮৬৭ সালের জুন মাসের ৭ তারিখে ভাগলপুরের সুপুলের শ্রীযুত এডওয়ার্ড ষ্টুয়ার্ট সাহেব।

ভারতবর্ষের পক্ষ মহিমবর শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেব চিকিৎসকের সর্টিফিকটমতে নিম্নলিখিত প্রত্যেক অচিহ্নিত কার্য্যকারককে আর ছয় মাস ছুটী দিয়াছেন।

শ্রীযুত এ পার্সী সাহেব।
,, এচ টি বেকর সাহেব।

বিজ্ঞাপন।

১৮৬৭ সাল ১৫ জুন।

১৮৬৬ সালের বঙ্গদেশীয় ৫ আইনের (অর্থাৎ কলিকাতা নগরের ও শাখানগরের ছকড়াগাড়ীর ও পাল্‌কীর বিধান করিবার আইনের) ৫৪ ধারামতে শ্রীযুত লেপ্টে-

and Palankeens in the Town and Suburbs of Calcutta) the Lieutenant-Governor is hereby pleased to extend the provisions of that Act to the Town of Monghyr from the 1st proximo.

মেণ্ট গবর্ণর সাহেবের প্রতি যে ক্ষমতা অর্পিত হইয়াছে তদনুসারে তিনি আগামি মাসের ১ তারিখ অবধি মুঙ্গের নগরে উক্ত আইনের বিধান প্রচলিত করিলেন।

The following Order issued by the Government of India, Foreign Department, is re-published for information:—

No. 557.

Simla, the 5th June 1867.

Political.

His Excellency the Viceroy and Governor General in Council is pleased to declare Syud Zainoolabdeen Khan, of Moorshedabad in Bengal, entitled to the following style of address:—Shoojah-ool-Moolk Asuph-ood-Dowlah, Nawab Syud Zainoolabdeen Khan Bahadoor Feroze Jung.

ফরিন্ ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের নিম্নলিখিত যে আজ্ঞা প্রকাশিত হয় তাহা সর্ব্বসাধারণের জ্ঞানার্থে প্রকাশ করা যাইতেছে।

৫৫৭ নম্বর।

সিমলা ১৮৬৭ সাল ৫ জুন।

পোলিটিকাল।

মন্ত্রিসভাধিষ্ঠিত মহিমবর শ্রীযুত রাজপ্রতিনিধি ও ভারতবর্ষের গবর্ণর জেনরল সাহেব বঙ্গদেশের অন্তর্গত মুরশিদাবাদের শ্রীযুত সৈয়দ জৈনুলআবদীন খাঁকে নিম্নলিখিত উপাধি দান করিলেন, শুজা-উল্-মলুক আসফউদ্দৌলা নবাব সৈয়দ জৈনুলআবদীন্ খাঁ বাহাদুর ফিরোজ জং।

NOTIFICATION.

The 10th June 1867.

The Lieutenant-Governor is pleased to extend the operation of Section 34 of Act V. of 1861, entitled an Act for the regulation of Police, to the Town of Mudhoobanee, in the District of Tirhoot.

বিজ্ঞাপন।

১৮৬৭ সাল ১০ জুন।

শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব পোলীসের বিধান করণার্থ ১৮৬১ সালের ৫ আইনের ৩৪ ধারার বিধান ত্রিহুত জিলার মধুবনি নগরে প্রচলিত করিয়াছেন

NOTIFICATION.

The 10th June 1867.

It is hereby notified that a Sub-Division, to be termed the Sungoo Sub-Division, has been constituted in the District of the Chittagong Hill Tracts. The Sub-Division comprises all that part of the Hill Tract which lies to the south of a line drawn from the eastern limits of Thannahs Sutkunnea and Puttea on the Sungoo River, through the village of Doobachurree including Bundorbain, to Phuroh Tong Mountain (height marked 1,835 feet on map), and from thence to Reng Tong Mountain (height marked 1,944), and from thence to Blue Mountain, or Kansa Tong, on the extreme limits of the British Frontier.

বিজ্ঞাপন।

১৮৬৭ সাল ১০ জুন।

ইহাতে সংবাদ দেওয়া যাইতেছে যে চট্টগ্রামের পর্ব্বতীয় প্রদেশে সঙ্গু নামে শাখাখণ্ড স্থাপন করা গিয়াছে। সঙ্গু নদীর তীরস্থ সাতকন্যা ও পতিয়া থানার পূর্ব্ব সীমাহইতে বন্দরবাইনসুদ্ধ ডুবাচারি গ্রাম দিয়া ফুরঃ টং পর্ব্বত (মান চিত্রে ইহার উচ্চতার চিহ্ন ১৮৩৫ ফুট) পর্য্যন্ত রেখা টানিলে ও তথাহইতে রেং টং পর্ব্বত (উচ্চতার চিহ্ন ১,৯৪৪) পর্য্যন্ত ও তথাহইতে ব্রিটনীয়দের অধিকৃত দেশের অন্ত সীমাস্থিত কাংসা টং পর্ব্বত পর্য্যন্ত রেখা টানিলে সেই রেখার দক্ষিণদিগে পর্ব্বতীয় যে দেশাংশ আছে তাহা সমুদয় ঐ শাখাখণ্ডের অন্তর্গত

NOTIFICATION.

The 12th June 1867.

It is hereby notified that Womesh Chunder Bose, the Cashier of the Small Cause Court of Jessore, has been dismissed from his appointment on conviction before a Criminal Court of the offence of taking an illegal gratification for doing an official act, and the Lieutenant-Governor declares him to be ineligible for reemployment in any department of the public service.

H. L. DAMPIER,
Offg. Secy. to the Govt. of Bengal.

বিজ্ঞাপন

১৮৬৭ সাল ১২ জুন

ইহাতে সংবাদ দেওয়া যাইতেছে যে যশোহরে ক্ষুদ্র মোকদ্দমার আদালতের খাজাঞ্চি শ্রীযুত উমেশচন্দ্র বসু রাজকীয় কার্য্য করণার্থে আইনবিরুদ্ধ পারিতোষিক গ্রহণ করিয়াছেন ফৌজদারী আদালতে তাঁহার এই অপরাধ প্রমাণ হওয়াতে তিনি কর্ম্মচ্যুত হইলেন, অতএব শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব আজ্ঞা করিয়াছেন যে সেই ব্যক্তি রাজকীয় কোন কর্ম্মবিভাগে পুনর্ব্বার নিযুক্ত হইতে পারিবেন না।

এচ এল ডাম্পিয়র,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটারী।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৭। ২৫ জুন।]

PBULIC WORKS DEPARTMENT

IRRIGATION.

No. 206½.

The 6th June 1867.

Declaration under Sections 2 and 33 of Act VI. of 1857.

Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken up by Government at the public expense, for a public purpose, *viz.*, for the excavation of a branch of the Taldundah Canal for navigation and irrigation purposes by the East India Irrigation and Canal Company in the District of Cuttack, it is hereby declared that land is required, extending from the village of Rajhanse to the village of Singarpore, being part of a Canal to Machgaong, a distance of 15¾ miles, more or less, and of an average width of 250 feet.

2. This Declaration is made, under the provisions of Act VI. of 1857, to all whom it may concern.

J. E. T. NICOLLS, *Lieut.-Col., R. E.,*
Secy. to the Govt. of Bengal,
P. W. D.

পবলিক ওর্কস ডিপার্টমেণ্ট

জলসিঞ্চন বিষয়ক

২০৬॥ নম্বর।

১৮৬৭ সাল ৬ জুন।

১৮৫৭ সালের ৬ আইনের ২ ও ৩৩ ধারামতের বিজ্ঞাপন।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব অবগত হইয়াছেন যে রাজকীয় কার্য্যার্থে অর্থাৎ কটক জিলাতে ইষ্ট ইণ্ডিয়া ইরিগেশন ও কেনাল কোম্পানিকর্তৃক নৌকাগমনাগমনের ও জলসিঞ্চনের নিমিত্তে তালদণ্ডা খালের শাখা কাটাইবার নিমিত্তে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্টের ভূমি লওয়া আবশ্যক, অতএব সংবাদ দেওয়া যাইতেছে যে পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে রাজহাঁস গ্রামঅবধি সিঙ্গারপুর গ্রাম পর্য্যন্ত ন্যূনাধিক ১৫৸০ মাইল দীর্ঘ ও গড়ে ২৫০ ফুট প্রশস্ত ভূমির প্রয়োজন, তাহা মাচগাঁ গমনের খালের একাংশ।

২। উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক আছে তাঁহাদের জ্ঞানার্থে ১৮৫৭ সালের ৬ আইনের বিধানমতে এই সংবাদ প্রকাশ করা গেল।

জে ই, টি, নিকলস্, লেপ্টেনেণ্ট কর্ণেল, আর, ই,
পবলিক ওর্কস ডিপার্টমেণ্টে, বঙ্গদেশের
গবর্ণমেণ্টের সেক্রেটারী

ORDERS OF THE HIGH COURT OF JUDICATURE AT FORT WILLIAM IN BENGAL.

APPOINTMENTS.

The 14th June 1867.

Moulvie Azhurooddeen to officiate as Moonsiff of Sonamgunge, Zillah Sylhet, during the absence of Baboo Kisto Chunder Chatterjee, has obtained leave on Medical certificate.

Baboo Juggut Doolub Muzoomdar, B. L., to be Moonsiff of Borobaree, Zillah Rungpore, with the full salary of a Moonsiff of the second grade, from the date of his joining the appointment.

The 17th June 1867.

Baboo Thacoor Dass Mookerjee to officiate as Moonsiff of Culnah, Zillah East Burdwan, on the half salary of a Moonsiff of the first grade.

The 20th June 1867.

Baboo Parbutty Coomar Mitter to officiate as Moonsiff of Atteah, Zillah Mymensing, on the half salary of a Moonsiff of the first grade.

বঙ্গদেশস্থ কোর্ট উলিয়ম রাজধানীর হাইকোর্টের আজ্ঞা

নিয়োগ।

১৮৬৭ সাল ১৪ জুন।

চিকিৎসকের সর্টিফিকটক্রমে ছুটীপ্রাপ্ত শ্রীযুত বাবু কৃষ্ণচন্দ্র চট্টোপাধ্যায়ের অনুপস্থানকালে শ্রীযুত মৌলবী আজাহরুদ্দীন শ্রীহট্ট জিলার সুনামগঞ্জের মুনসেফের কর্ম্ম করিবেন।

শ্রীযুত বাবু জগৎদুর্ল্লভ মজুমদার বি এল রঙ্গপুর জিলার বড়বাড়ীর মুনসেফ হইবেন। তিনি যে তারিখে কর্ম্মের ভার গ্রহণ করেন সেই তারিখ অবধি দ্বিতীয় শ্রেণীর মুনসেফের সম্পূর্ণ বেতন পাইবেন।

১৮৬৭ সাল ১৭ জুন।

শ্রীযুত বাবু ঠাকুরদাস মুখোপাধ্যায় প্রথম শ্রেণীর মুনসেফের অর্দ্ধেক বেতন পাইয়া জিলা পূর্ব্ব বর্দ্ধমানের কালনার মুনসেফের কর্ম্ম করিবেন।

১৮৬৭ সাল ২০ জুন।

শ্রীযুত বাবু পার্ব্বতীকুমার মিত্র প্রথম শ্রেণীর মুনসেফের অর্দ্ধেক বেতন পাইয়া জিলা ময়মুনসিংহের আটীয়ার মুনসেফের কর্ম্ম করিবেন।

LEAVE OF ABSENCE.

The 14th June 1867.

Baboo Kisto Chunder Chatterjee, Moonsiff of Sonamgunge, Zillah Sylhet, for two months, under paragraph 11 of the Uncovenanted Absentee Rules.

L. R. TOTTENHAM,
Registrar.

১৮৬৭ সাল ১৪ জুন।

শ্রীহট্ট জিলার সুনামগঞ্জের মুনসেফ শ্রীযুত বাবু কৃষ্ণচন্দ্র চট্টোপাধ্যায় অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১১ ধারামতে দুই মাসের ছুটী পাইয়াছেন।

এল আর টটনহাম,
রেজিষ্ট্রার।

GOVERNMENT ADVERTISEMENTS.

গবর্ণমেণ্টের ইশ্তিহার

NOTICE.

THE Office of the Commissioner of Revenue and Circuit Presidency Division has been removed to No. 2, Theatre Road.

R. B. CHAPMAN,
Offg. Commissioner.

COMMRS. OFFICE, PRESIDENCY DIVN.
Dated Calcutta, the 13th June 1867.

বিজ্ঞাপন।

রাজধানীখণ্ডের রাজস্বের ও দায়েরসায়েরীর কমিসানর সাহেবের কার্য্যালয় ২ নং থিয়েটর রোডে উঠিয়া গিয়াছে।

আর বি চাপমান,
একটিং কমিসানর।

রাজধানীখণ্ডের কমিসানর সাহেবের কার্য্যালয়।
কলিকাতা, ১৮৬৭ সাল ১৩ জুন।

LAND ADVERTISEMENTS.

ভূমিবিষয়ক ইশ্তিহার

জিলা কটক।

এত্তলানামা কাছারি কালেক্টরী মধ্যম প্রদেশ জেলা কটক সমস্ত লোকদিগের জ্ঞাত কারণ সংবাদ দেওয়া যাইতেছে যে ইঙ্গরেজি সন ১৮৫৯ সাল ১১ আইনের ৬ ধারানুসারে কটক জেলার নীচের লিখিত মহাল সকল নাগাএত কিস্তি মাহ জানুআরি সন ১৮৬৭ সাল মোতাবক সন ১২৭৪ সাল আটপণি বাকি সরকারের পাওনা আদায় কারণ সন ১৮৬৭ সাল জুন মাহার ২৫ তারিখ মোতাবক সন ১২৭৪ সাল আষাঢ় মাহার ১৩ তারিখ মঙ্গলবার দিবসে এজেলার কালেক্টরি কাছারিতে নীলামে ধরা যাইবেক ও বিনা বাধাতে বিক্রয় হইবেক ৪ তারিখ মাহ জুন সন ১৮৬৭ সাল।

দ্বিতীয় শ্রেণী মিয়াদী বন্দোবস্ত জমা ধার্য্য হওয়া মাহাল।

নং ৪২৮ তৌজি হজুরি মাহাল প্রগণেতি সানিআ মৌজে চন্দনপুর লিখিত মালিক ভগবান পাটনাএক ওরশানন্দ মাইতি ও প্রসুবাম মাইতি ও গোবিন্দচরণ দাস ও লাভশামন ও চৌধুরী সদাশিব মহাপাত্র ও হরিহর পাণ্ডা ও ভাগ্যরথী পাণ্ডা ও প্রসুরাম দাস ও কেশবচরণ দাস ও কৃষ্ণচন্দ্র দাস সেবাএত শ্রী গোবিন্দজিউ ঠাকুর ও অনুরাধা দেই সদর জমা মং ৫০০৷৵৫৷৷ মাত্র।

নং ১২৫৯ তৌজি হজুরি মহাল প্রগণে কবমুল মোতাবক বাঁটওয়ারা কিসমত ৸০ বারআনা কিসমত তালুকে বাহারপাড়া লিখিত মালিক গোবিন্দপ্রসাদ রায় ও রাধানাথ রায় মাহাকেজ জগন্নাথপ্রসাদ রায় ও সীতানাথ রায় ও লক্ষ্মীনাথ রায় নাবালগান সদর জমা মং ৫১৪৲৮ পাই মাত্র।

নং ৩২৩২ তৌজি হজুরি মাহাল পরগনে শেরগড়া কিসমত তালুকে জোবলো লিখিত মালিক চৌধুরী ধ্রুব মহাপাত্র হাল বাবু জয়দেব পাণ্ডা ও বাবু মণি পাণ্ডা ও বাবু মুক্তেশ্বর পাণ্ডা ও বাবু বিদ্যাধর পাণ্ডা সদর জমা মং ৯৫৯৷৷৶৯ পাই মাত্র।

নং ২৪১৭ তৌজি হজুরি মহাল পরগণে খণ্ডি তালুকে অসরনা লিখিত মালিক কাশীনাথ দাস নাবালগ মাহাকেজ মাতা তারা দেই ও চন্দ্রশিখর মাহাপাত্র ওদইতারি আচার্য্য ও কাশীনাথ রায় চৌধুরী সদর জমা মং ৬৪৬৸৶৩ পাই মাত্র।

W. MACPHERSON,
Collector.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৭। ২৫ জুন।]

GOWHATTY MUNICIPALITY.

BYE-LAWS UNDER ACT III. (B. C.) OF 1864.

For regulating the time and mode of collecting the Rate and Taxes.

1. Each quarterly instalment of the rate and taxes mentioned in the Act shall be considered to have become due at the commencement of the quarter, on account of which such instalment is payable, and may be levied at any time after the commencement of such quarter, that is to say :—

The instalment payable on account of the quarter ending,	31st July. „ Oct. „ Jan. 30th April.	May be levied on and after.	1st May. „ Augt. „ Nov. „ Feb.

2. From the lists prepared under the provisions of Sections 29 and 39 of the Act, the collecting Officer shall prepare the bills prescribed by Section 44. The bills so prepared shall be issued under the signature of the Commissioners or their Secretary, if there be one, to the subordinate Officers on the collecting establishment, and shall be by them presented to the persons named therein, in the manner hereinafter described.

3. Every collecting officer shall be provided with a certificate of his authority to collect ; and every such certificate shall bear the seal of the Municipality and the signature of the Chairman. Every collecting officer at the time of demanding payment shall be bound to shew this certificate if required.

4. The collecting officer taking the money in payment of any demand shall give the receipt for it.

5. When the name of any owner is not known, it shall be sufficient to designate him in any notice, bill, or other proceeding under the Act, as the owner of the property on which the rate is assessed, without further description.

6. Every bill, for any sum due on account of the rate or taxes leviable under the Act, shall, if possible, be presented to the individual named therein in person ; but if such personal presentation be found impossible, the bill shall be left at his usual place of abode, and such delivery shall be deemed to be the presentation required by Section 44.

7. The officer to whom a bill may be issued for presentation, shall receive the amount of such bill at the time of presentation, or at any time within ten days from the date on which the bill shall have been first presented by him.

[*Government Gazette,* 25*th June* 1867.]

গোয়াহাটি নগর উৎকৃষ্টকারিণী সভার নিয়মাবলী।

বঙ্গ ব্যবস্থাপক সমাজের ১৮৬৪ সনের ৩ আইন অনুযায়ি কার্যানির্ব্বাহের নিয়ম।

কর এবং শুল্ক আদায়ের রীতি এবং সময় নির্দ্ধারণ।

১। ঐ আইনেতে উল্লিখিত কর ও শুল্কের প্রত্যেক ত্রৈমাসিক কিস্তি যে তিন মাসের নিমিত্তে তাহা দাতব্য হয় ঐ তিন মাসের প্রারম্ভেই দেয় গণ্য করিতে হইবে ও ঐ তিন মাস আরম্ভ হওয়ার পরে কোন এক সময় তাহা আদায় করা যাইতে পারে।—অর্থাৎ

৩১ শে জুলাই „ অকুটোবর „ জান্যুআরি ৩০ এপ্রিল তারিখে।	শেষ হওয়া তিন মাসের জন্যে যে কিস্তি দিতে হয় তাহা।	১ লা মে „ আগস্টর „ নবেম্বর „ ফেব্রুআরিতে ও তৎপরে আদায় করা যাইতে পারে।

রাজকীয় মহালের কৈফিয়তের নম্বর।	তৌজীর নম্বর।	মাহালের নাম ও পরগনা।	জমির পরিমাণ।	সদর জমা। খার্য্য করা রাজস্ব।	সদর জমা। রাস্তার টাকা।	সদর জমা। মোট।	নীলামের প্রথম ডাক।	মন্তব্য।
			এঃ রুঃ পঃ					
০	১৯৬৪নং	খারিজা কালি আইগঞ্জ জঙ্গীপুরের নীচের চর পরগনে গনকর ..	৫|০|১৭	৬৸০	⁄১	৬৸⁄১	১৩॥০	

H. Hankey,
Collector.

জেলা মেদিনীপুর।

এস্তেহারনামা কাছারি কালেক্টরী জেলা মেদিনীপুর।

ইহার দ্বারায় সংবাদ দেওয়া যাইতেছে যে জেলা মেদিনীপুরের অন্তর্গত নিম্নলিখিত খাস মহালে গবর্ণমেন্টের মালিকী স্বত্ব সন ১৮৬৭ সালের ১০ জুলাই মোতাবক বাঙ্গলা ১২৭৪ সালের ২৭ আষাঢ় আমলি ১২৭৪ সালের ২৮ আষাঢ় বুধবার এই জেলার কালেক্টরী কাছারীতে নীলাম হইবে, এই মহাল যে ব্যক্তি খরিদ করিবেন তিনি এই ক্রোড়পত্রের শিরোভাগে রেবিনিউ বোর্ডের শ্রীযুত সেক্রেটরী সাহেবের স্বাক্ষরিত বিক্রয়ের নিয়মের অধীনে থাকিবেন।

গবর্ণমেন্ট মহালের নম্বর।	তৌজীর নম্বর।	মহাল ও পরগনার নাম।	ভূমির পরিমাণ।	সদর জমা। সদর জমা	সদর জমা। রোড ফণ্ড	সদর জমা। একুন	নীলামের প্রথম ডাক	মন্তব্য।
			এঃ রুঃ পঃ					
	১০২৯	গোপালনগর পং চেওয়া।	০ | ১ | ১৫	০	০	০	৮৶০	নিষ্করে বিক্রয় হইবে।

W. J. Herschel,
Collector.

জিলা মেদিনীপুরের কালেক্টর সাহেবের দফ্তরখানা, সন ১৮৬৭ সাল ৩১ মে।

জিলা মেদিনীপুর।

ইস্তাহারনামা কাছারি কালেক্টরী জেলা মেদিনীপুর।

ইহার দ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে, জেলা মেদিনীপুরের অন্তর্গত নিম্নলিখিত খাস মহালে গবর্ণমেন্টের মালিকি স্বত্ব সন ১৮৬৭ সালের ২৫এ জুলাই মোতাবক বাঙ্গলা ১২৭৪ সালের ১০ই শ্রাবণ আমলি ১২৭৪ সালের ১১ই শ্রাবণ বৃহস্পতিবার এই জেলার কালেক্টরী কাছারিতে নীলাম হইবেক।

ঐ সকল মহাল যে ব্যক্তিগণ খরিদ করিবেন তাঁহারা এই ক্রোড় পত্রের শিরোভাগে রেবিনিউ বোর্ডের শ্রীযুত সেক্রেটরী সাহেবের স্বাক্ষরিত বিক্রয়ের নিয়মের অধীনে থাকিবেন।

গবর্ণমেন্ট মহালের নম্বর।	তৌজীর নম্বর।	মহাল ও পরগনার নাম।	ভূমির পরিমাণ।	সদর জমা।			নীলামের প্রথম ডাক।	মন্তব্য।
				সদর জমা।	রোড ফণ্ড।	একুন।		
			এঃ রুঃ পঃ					
২৮	২৫২২	শ্যামরায় চক বালিওড়া পং মাজনামুঠা ..	৭৫।০।০	১৫৲	৶০	১৫৶০	৩০৲	
২৯	১১৩৮	গুরুপ্রসাদ চক এক্তারপুর পং ঐ ...	৩৫।০।০	৭৲	৵০	৭৵০	১৪৲	
৩০	১৩৩৮	জগন্নাথ চক মৌং পায়রা-কান্দা পং ঐ ..	১৩৯।০।০	২৬৲	।০	২৬।০	৫২৲	
৩২	২১২৪	পিরান চক রক্ত্যা পং ঐ	৪৪।০।০	৯৲	৵০	৯৵০	১৮৲	
৩৪	২২৯২	রঘুনাথ চক পং ঐ ...	৩৩।০।০	৭৲	৵০	৭৵০	১৪৲	
৪১	১৬৫৪	লক্ষ্মীজনার্দ্দন চক মৌং হরিণা ডমুরবেড়্যা পং নাড়ুয়া মুঠা ...	৪৯।০।০	১৫৲	৶০	১৫৶০	৩০৲	
৪২	২২৭১	রাধাবিনোদ চক পং ঐ...	৩৮।০।০	২২৲	।০	২২।০	৪৪৲	
৪৩	৬৩০	ভোগপুর পং বালিযোড়া	৬।০।০	১০৲	৵০	১০৵০	২০৲	
৪৪	৬২৯	ঐ ঐ ...	৬।০।০	৯৲	৵০	৯৵০	১৮৲	

W. J. Herschel,
Collector.

জিলা মেদিনীপুরের কালেক্টর সাহেবের দপ্তরখানা।
১৮৬৭ সাল ২১ মে।

জিলা ভাগলপুর।

এস্তাহারনামা.কাছারি কালেক্টরি জিলা ভাগলপুর।

ইহার দ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে অত্র জেলার কালেক্টরি স্থিত নিম্নের লিখিত ইষ্টেটমেন্টের রেলওয়ে কোম্পানি ত্যজ্য খণ্ড ভূমিতে গবর্ণমেন্টের মালিকি যে স্বত্ব আছে তাহা অত্র জেলার কালেক্টরি কাছারিতে ইঙ্গরেজী সন ১৮৬৭ সাল ২৮ জুন মোতাবেক ফসলি ১২৭৪ সালের ১১ আষাঢ় শুক্রবার বিক্রয় হইবেক।

২। এই সকল খণ্ড জমি যাঁহারা ক্রয় করিবেন তাঁহারা এই ক্রোড় পত্রের শিরোভাগে রেবিনিউ বোর্ডের সেক্রেটারী সাহেবের স্বাক্ষরিত বিক্রয় নিয়মের ১।২।৫ ধারা ব্যতীত অধীনে থাকিবেন এবং নিম্নলিখিত নিয়মের অধীনে থাকিতে হইবেক।

প্রত্যেক খণ্ড ভূমি যে কেহ নীলামে প্রথম ডাক হইতে সর্ব্বাপেক্ষা অধিক ডাকিবেক তাহাকে লাখেরাজ স্বরূপ বিক্রয় করা যাইবেক।

নম্বর ইষ্টেটমেন্টে রেলওয়ে কে-লাস সি খণ্ড জমি নিলামিকৃত সরকার।	জেলার বহীতে নম্বর।	নাম মহাল ও পরগনা।	পরিমাণ যত একর	সদর জমা।			নীলামের প্রথম ডাক।	মন্তব্য।
				যত টাকা জমা ধার্য্য আছে।	রাস্তার টাক্স।	মোট।		
			এঃ রুঃ পোঃ					
		খণ্ড জমি দরুন মৌজা শঙ্করপুর কোদওয়ার পরগনা কাহালগা উত্তর সীমা জাগির ভবানী সিংহ জমাদার থানা দরইয়াপুর দক্ষিণ সীমা জাগির ভবানী সিংহ সেপাহী থানা ঐ হাল খরিদার সীতারাম দুবে পশ্চিম সীমা রাস্তা পূর্ব্ব সীমা জাগির মোহর সিংহ নাএক ও শুবরাতি হাওলদার ও ভবানী সিংহ জমাদার খণ্ড জমি দরুন মৌজা রামপুর পরগনা ভাগলপুর তপ্পে জাহাগির	৫।২।১				১০০৲	
		উত্তর যোত কাশিমালি ও যোত মনিকামতি দক্ষিণ যোত অবলাকলাল ও চিন্না বাঙ্গলা ও যোত ইন্দর রায় পশ্চিম সীমা খরিদা জমি সরকার বাহাদুর রাস্তা ও খণ্ডা রেলওয়ে পূর্ব্ব সীমা চক আবদুলরহমান জমিদারি প্রমলাম ও খণ্ডা রেলওয়ে	১।০।৮				৫০৲	

ইতি তারিখ ১৭ মে ১৮৬৭ সাল ইং।

W. H. D'Oyly,
Offg. Collector.

জেলা ঢাকা।

এস্তাহারনামা কাছারি কালেক্টরি ।

ইহাদ্বারায় সম্বাদ দেওয়া যাইতেছে যে ঢাকা জেলার মধ্যবর্ত্তী পশ্চাৎ লিখিত মহালে গবর্ণমেণ্টের মালিকী স্বত্ব ইংরেজি ১৮৬৭ সনের ১০ জুলাই মোং ১২৭৪ সনের ২৭ আষাঢ় রোজ বুধবার জেলা ঢাকার কালেক্টরী কাছারিতে নীলাম হইবেক।

এই মহাল যে ব্যক্তিরা ক্রয় করেন তাহারা ক্রোড়পত্রের শিরোভাগের লিখিত নিয়মের অধীনে থাকিবেন ইতি সন ১৮৬৭ ইং তারিখ ১ জুন মোতাবেক সন ১২৭৪ বাঙ্গলা তারিখ ১৯ জ্যৈষ্ঠ।

রেবিনিউরোলের নম্বর।	জেলার তৌজির নম্বর।	পরগনা ও মহালের নাম।	জমির পরিমাণ	সদর জমা।			নীলামের প্রথম ডাক।	মন্তব্য।
			এঃ রুঃ পঃ	মার্দ্ধ্য হওয়া সদর জমা।	রোড সেস।	মোট জমা।		
১৫৪৯	৯৬৮৬	পং কামরাপুর ৬ নং চরজেরতলা	২৫১ । ৩ । ১৩	১৫৯৬৵১	১॥৵০	১৬১॥১	৩১৯৬২	১২৭৪ সনের ১ বৈশাখ হইতে খরিদারের স্বত্ব জন্মিবেক বার্ষিক ১৬১॥১ পাই রাজস্ব সরকারে নিয়মমতে খরিদার দিতে বাধ্য হইবেক।

D. R. LYALL,
Offg. Dy. Collector in charge.

বাঙ্গাল সেক্রেটারীয়েট যন্ত্রালয়ে শ্রীযুত এফ জে বার্লো সাহেবকর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত হইল।

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, JULY 2, 1867.

মঙ্গলবার ১৮৬৭ সাল ২ জুলাই ।

HOME DEPARTMENT.

LEGISLATIVE.

THE following Act of the Governor General of India in Council received the assent of His Excellency the Governor General on the 19th June 1867, and is hereby promulgated for general information :—

ACT No. XXX OF 1867.

An Act to amend Act XIX of 1861 (*to provide for a Government Paper Currency*).

[Preamble.]

WHEREAS under Section 8 of Act XIX of 1861 (*to provide for a Government Paper Currency*) the Promissory Notes of the Government of India issued under that Act are payable only at the Office, or Offices, or Agencies of Issue of the city or town from which they are severally issued, and at the Presidency town of the Presidency within which such city or town is situated: And whereas it is expedient to empower the Governor General of India in Council to declare that for the purposes of the said Act any such city or town, other than a Presidency town, shall be deemed to be situated within such Presidency as he shall from time to time declare by Notification

হোম ডিপার্টমেণ্ট।

ব্যবস্থাপন কর্ম্মবিভাগ ।

মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের নিম্নলিখিত আইনেতে উক্ত মহিমবর শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব ১৮৬৭ সালের জুন মাসের ১৯ তারিখে স্বীয় সম্মতি প্রকাশ করেন। তাহা সর্ব্বসাধারণের জ্ঞানার্থে প্রকাশ করা যাইতেছে।

১৮৬৭ সালের ৩০ আইন।

গবর্ণমেণ্টের নোট চালাইবার বিধান করণার্থ ১৮৬১ সালের ১৯ আইন সংশোধন করিবার আইন।

[হেতুবাদ ।]

গবর্ণমেণ্টের নোট চালাইবার বিধান করণার্থ ১৮৬১ সালের ১৯ আইনের ৮ ধারার এই বিধি " ভারতবর্ষের গবর্ণমেণ্টের যে সকল প্রমিসরী নোট ঐ আইনমতে প্রচারিত হয় তাহা যে শহর কি নগরহইতে বাহির হইয়া প্রচলিত হয় সেই শহরের কি নগরের ইস্যুর আফিসে কি এজেণ্টিতে ও সেই শহর কি নগর যে দেশের অন্তঃপাতি সেই দেশের রাজধানীতে ঐ নোটের টাকা পাওয়া যাইতে পারিবে, অন্য স্থানে নয়। কিন্তু মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব ইণ্ডিয়া গেজেটে জ্ঞাপনপত্র প্রকাশ করণদ্বারা রাজধানীভিন্ন পূর্ব্বোক্ত কোন শহর কি নগর যে প্রসিডেন্সীর অন্তঃপাতি বলিয়া সময়ে২ প্রকাশ করেন, উক্ত আইনের কার্য্য সকল করণার্থে উক্ত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবকে সেই শহর কি নগর

in the *Gazette of India;* It is hereby enacted as follows:—

[Power to transfer for purposes of Currency Act any town from one Presidency to another.]

I. It shall be lawful for the Governor General of India in Council from time to time to declare by Notification in the *Gazette of India* that any city or town (other than a Presidency town) from which Promissory Notes of the Government of India are or shall be issued under the said Act, shall, for the purposes of such Act, be deemed to be situated within such Presidency as shall be specified in that behalf in the said Notification; and thereupon such city or town shall, for the purposes of the same Act, be deemed to be situate within the Presidency so specified.

[This Act to be read with Act XIX of 1861.]

II. This Act shall be read with and taken as part of the said Act No. XIX of 1861.

WHITLEY STOKES,
Asstt. Secy. to the Govt. of India,
Home Dept. (Legislative.)

সেই প্রসিডেন্সীর অন্তঃপাতি প্রকাশ করিবার ক্ষমতা প্রদান করা বিহিত, এই হেতুক নিম্নলিখিত বিধান করা গেল।

[নোটের আইন সফল করিবার জন্যে কোন নগর এক প্রসিডেন্সীহইতে উঠাইয়া অন্য প্রসিডেন্সীর অন্তর্গত করিবার ক্ষমতার কথা।]

১ ধারা। ভারতবর্ষের গবর্ণমেণ্টের প্রমিসরী নোট রাজধানীভিন্ন যে কোন শহর কি নগরহইতে উক্ত আইন অনুসারে প্রচলন করা যায়, মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব ঐ আইনের কার্য্য সফল করণার্থে ইণ্ডিয়া গেজেটে জ্ঞাপনপত্র প্রকাশ করণপূর্ব্বক প্রসিডেন্সী নির্দ্দিষ্ট করিয়া উক্ত কোন শহর কি নগর সেই প্রসিডেন্সীর অন্তঃপাতি জ্ঞান হইবে ইহা সময়ে২ প্রকাশ করিতে পারিবেন। তাহা হইলে ঐ আইনের অভিপ্রায়ার্থে ঐ শহর কি নগর তদ্রূপ নির্দ্দিষ্ট প্রসিডেন্সীর অন্তর্গত জ্ঞান হইবে ইতি।

[১৮৬১ সালের ১৯ আইনের সহিত এই আইন পাঠ করিবার কথা।]

২ ধারা। এই আইন ১৮৬১ সালের উক্ত ১৯ আইনের একাংশমতে পাঠ করিতে হইবে ইতি।

উইটলি স্টোক্‌স।
দেশীয় ডিপার্টমেণ্ট,
ভারতবর্ষের গবর্ণমেণ্টের ব্যবস্থাপন সভার,
আসিস্টাণ্ট সেক্রেটারী।
JOHN ROBINSON, *Bengalee Translator.*

GOVERNMENT OF BENGAL.

LEGISLATIVE DEPARTMENT.

THE following Act of the Lieutenant-Governor of Bengal in Council received the assent of His Honor on the 30th May 1867, and having been assented to by His Excellency the Governor General on the 17th June 1867, is hereby promulgated for general information:—

ACT No. VII OF 1867.

An Act to amend Act III of 1864 passed by the Lieutenant-Governor of Bengal in Council.

[Preamble.]

WHEREAS it is expedient to amend Act III of 1864 passed by the Lieutenant-Governor of Bengal in Council in the manner hereinafter expressed; It is enacted as follows:—

[Interpretation.]

I. The following words and expressions in this Act and in the said Act III of 1864, shall have

বঙ্গদেশের গবর্ণমেণ্ট।

ব্যবস্থাপন কর্ম্মবিভাগ

মন্ত্রিসভাধিষ্ঠিত বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের পশ্চাৎ লিখিত আইনে উক্ত মান্যবর ১৮৬৭ সালের ৩০ মে তারিখে স্বীয় সম্মতি প্রকাশ করিলেন। এবং মহিমবর শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবও ১৮৬৭ সালের জুন মাসের ১৭ তারিখে তদ্বিষয়ে সম্মতি প্রকাশ করাতে তাহা সর্ব্বসাধারণের জ্ঞানার্থে প্রকাশ করা গেল।

১৮৬৭ সালের ৭ আইন।

মন্ত্রিসভাধিষ্ঠিত বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের প্রচলিত ১৮৬৪ সালের ৩ আইন সংশোধন করিবার আইন।

[হেতুবাদ।]

মন্ত্রিসভাধিষ্ঠিত বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের প্রচলিত ১৮৬৪ সালের ৩ আইন নিম্নলিখিত প্রকারে সংশোধন করা বিহিত, এই হেতুক নিম্ন লিখিত বিধান করা গেল।

[অর্থ করণের ধারা।]

১ ধারা। এই আইন এবং ১৮৬৪ সালের উক্ত ৩ আইনগত কথার ও শব্দের যে অর্থ এই ধারাতে করা

the several meanings hereby assigned to them, except where a different intention shall appear from the context, that is to say :—

["Owner."]

The word "Owner" shall mean the person for the time being receiving, either on his own account or as Agent or Trustee for another, the rent of land from the tenant in actual occupation thereof, or who would so receive the same, if such land where actually occupied by a tenant. Provided that no owner receiving rent as an Agent or Trustee shall be liable to pay any assessment under the said Act or this Act, unless he have sufficient funds of his principal or belonging to the Trust in his hand.

["Inhabitant."]

The word "Inhabitant" shall include any owner of property in any place, although he may not be resident therein.

[Service of notices. Proviso.]

II. Every bill, notice, schedule, summons, or notice of demand regarding any assessment, rate, or tax, or any money due in respect of the same, may be served personally upon the person to whom the same is addressed, or be left at his usual place of abode with some adult male member or servant of his family, or if it cannot be so served, may be put up on some conspicuous part of such place of abode, and shall thereby be deemed to be duly served. Provided that, if the place of abode of the owner of any house, building, or land in respect of which a rate is assessed be unknown, or if the owner of any such house, building, or land be not resident within the limits of the place, every such bill, notice, summons, or notice of demand shall be deemed to have been duly served, if put up on some conspicuous part of the house, building, or land in respect of which the rate is assessed.

[Power to assess upon a house consolidated rate for house and ground on which it stands.]

III. Whenever any house or building belongs to one owner, and the ground on which the same stands, and which is usually occupied therewith belongs to another, it shall be lawful for the Municipal Commissioners to assess such house or building and ground together at one consolidated rate, which shall be payable by the owner of the house or building. After so paying the consolidated rate, the owner of the house or building shall be entitled to deduct from the rent which he pays for the ground, such proportion of the rate so paid by him as is equal to the proportion which his rent bears to the annual value on which the rate has been assessed.

[*Government Gazette*, 2nd *July* 1867.]

গেল, যদি পূর্ব্বাপর কথার দ্বারা ভাবান্তর বোধ না হয়, তবে সেই কথার ও শব্দের সেই অর্থ ধরিতে হইবে।

"স্বামী।"

ভূমিতে যে প্রজা থাকেন তাঁহার স্থানে যে ব্যক্তি আপনার নিমিত্তে কিম্বা অন্য ব্যক্তির এজেন্ট কি ট্রষ্টীস্বরূপে ঐ ভূমির কর প্রাপ্ত হন, কিম্বা প্রজার অধিকারে থাকিলে যে ব্যক্তি কর পাইতেন "স্বামী" শব্দে তাঁহাকে বুঝাইবে। কিন্তু যে স্বামী এজেন্ট কি ট্রষ্টীস্বরূপে কর প্রাপ্ত হইয়া থাকেন তাঁহার হস্তে যদি মূখ্য ব্যক্তির উপযুক্ত টাকা, কিম্বা তাঁহার হাতে যে সম্পত্তি ন্যস্ত হইয়াছে তৎসংক্রান্ত উপযুক্ত টাকা না থাকে, তবে তিনি উক্ত আইন কি এই আইনমতে কোন টাকুসের টাকার দায়ী হইবেন না।

"নিবাসী।"

কোন স্থানে কোন সম্পত্তির স্বামী আপনি সেই সম্পত্তিতে বাস না করিলেও "নিবাসী" শব্দে তাঁহাকে বুঝাইবে ইতি।

[জ্ঞাপনপত্র দিবার কথা ও উপবিধি।]

২ ধারা। কোন টাকুস কি রেট কি কর ধার্য্য করণ বিষয়ের কিম্বা তজ্জন্যে যে টাকার দাওয়া হয় তদ্বিষয়ের যে বিল ও জ্ঞাপনপত্র ও তফসীল ও আহ্বানপত্র ও দাওয়ার জ্ঞাপনপত্র যে ব্যক্তির নামে লেখা যায় নিজ তাঁহাকেই দেওয়া যাইতে পারিবে, অথবা তাঁহার নিয়ত বাস স্থানে তদীয় পরিবারস্থ বয়ঃপ্রাপ্ত কোন ব্যক্তির কি চাকরের হাতে দেওয়া যাইতে পারিবে। যদি তদ্রূপে না দেওয়া যাইতে পারে, তবে তাঁহার সেই বাসস্থানের কোন প্রকাশ স্থানে লটকাইয়া দেওয়া যাইবে। তাহা হইলে ঐ জ্ঞাপনপত্র তাঁহাকে উপযুক্তমতে দেওয়া গেল জ্ঞান হইবে। কিন্তু যে ঘরের কি কোটার কি ভূমির উপলক্ষে টাকুস ধার্য্য হইল যদি সেই গৃহাদির স্বামির বাসস্থান জানা না থাকে কিম্বা যদি ঐ ঘরের কি কোটার কি ভূমির স্বামী ঐ স্থানের সীমার মধ্যে বাস না করেন, তবে যে ঘরের কি কোটার কি ভূমির উপলক্ষে সেই টাকুস ধার্য্য হইল, তাহার কোন প্রকাশ স্থানে ঐ জ্ঞাপনপত্রাদি লটকান গেলে, স্বামিকে উপযুক্তমতে দেওয়া গিয়াছে জ্ঞান হইবে ইতি।

[যে ভূমিতে ঘর থাকে সেই ভূমির ও ঘরের সংযুক্ত টাকুস ধার্য্য করিবার কথা।]

৩ ধারা। ঘরের কি কোটার স্বামী ও তাহা যে ভূমিতে থাকে তাহার স্বামী

ভিন্ন২ ব্যক্তি হন, তবে মুনিসপল কমিস্যনরেরা সেই ঘরের কি কোটার এবং ভূমির টাকুস একত্র ধরিতে পারিবেন এবং ঘরের কি কোটার স্বামির সেই টাকুস দিতে হইবে। সেই সংযুক্ত টাকুস দিলে পর ঐ ঘরের কি কোটার স্বামী ভূমির খাজনাহইতে ঐ টাকুস কাটিয়া লইতে পারিবেন অর্থাৎ বার্ষিক যত মূল্য ধরিয়া টাকুস ধার্য্য হইয়াছে ভূমির খাজনা তাহার যে অংশ হয় সেই অংশানুসারে কাটিয়া লইবেন ইতি।

[Rate due from non-resident owner may be recovered from occupier, and deducted by him from his rent.]

IV. If the sum due on account of any rate from the owner of any house, building, or land remains unpaid after the notice of demand has been duly served, and such owner be not resident within the place, or the place of abode of such owner be unknown, the Municipal Commissioners may demand the amount from the occupier for the time being of such house, building, or land, and, on non-payment thereof, may recover the same by distress and sale of any goods and chattels found on the premises; and whenever such rate shall be paid by or recoverd from such occupier, he may deduct, from the next and following payments of his rent, the amount which may be so paid by, or recovered from him. Provided that no arrear of rate, which has remained due from the owner of any house, building, or land for more than one year, shall be so recovered from the occupier thereof. Provided also that, if the rate so deducted is a consolidated rate payable by the owner of a house or building under Section III of this Act, the same shall, after such deduction, be deemed to have been paid by such owner within the meaning of the last mentioned Section.

[Assessment no[illegible]t to be impeached, if the directions of the Act are in substance [illegible] complied with.]

V. No assessment, and no charge or demand of a rate or tax made under the authority of the said Act III of 1864, or of this Act, shall be impeached or affected by reason of any mistake in the name of any person liable to pay the rate or tax, or in the description of any property or thing liable to the rate or tax, or any mistake in the amount of assessment, provided the directions of the said Act III of 1864, and of this Act, be in substance and effect complied with; and no proceedings under this Act shall, for want of form, be quashed or set aside in any Court of Justice.

[Distress not unlawful for want of form.]

VI. No distress levied by virtue of the said Act III of 1864 or of this Act shall be deemed unlawful, nor shall any party making the same be deemed a trespasser, on account of any defect or want of form in the notice, schedule, summons, notice of demand, warrant of distress, inventory, or other proceeding relating thereto, nor shall such party be deemed a trespasser *ab initio*, on account of any irregularity afterwards committed by him; but all persons aggrieved by such irregularity may recover full satisfaction

[স্বামী স্বগৃহে বাস না করিলে পাওনা টাক্স ঐ গৃহবাসির স্থানে আদায় হইবার ও ভাড়াহইতে তাহা কাটিয়া লইবার কথা।]

৪ ধারা। কোন ঘরের কি কোটার কি ভূমির উপর টাক্সের টাকা পাওনা থাকিলে ও স্বামিকে দাওয়ার জ্ঞাপনপত্র উপযুক্তমতে দেওয়া গেলে পর যদি সেই টাকা অদত্ত থাকে, এবং সেই স্বামী যদি ঐ স্থানের সীমার মধ্যবাসি না হন, কিম্বা যদি তাঁহার বাসস্থান জানা না থাকে, তবে তৎকালে যে ব্যক্তি ঐ ঘরে কি কোটায় কি ভূমিতে বাস করেন, মুনিসিপল কমিসানরেরা তাঁহার স্থানে ঐ টাকা দাওয়া করিতে পারিবেন। যদি টাকা না দেন, তবে বাটীর মধ্যে যে কোন দ্রব্য ও সামগ্রী পাওয়া যায় তাহা ক্রোক ও বিক্রয় করিয়া ঐ টাকা আদায় করিতে পারিবেন। ঐ টাক্স গৃহবাসির স্থানে পাওয়া গেলে কি আদায় করা গেলে তিনি তদ্রূপে যত টাকা দিয়াছেন কিম্বা তাঁহার স্থানে তদ্রূপে যত টাকা আদায় করা গিয়াছে, তাহা তিনি ঐ গৃহাদির সম্মুখ মাসের কি আগামি অন্য মাসের ভাড়াহইতে কাটিয়া রাখিতে পারিবেন। কিন্তু কোন ঘরের কি কোটার কি ভূমির নিমিত্তে স্বামির এক বৎসরের অধিককালের টাক্সের যে টাকা বাকী থাকে তাহা ঐ গৃহবাসির স্থানে আদায় হইতে পারিবে না। আরো যে টাক্স উক্ত প্রকারে কাটিয়া লওয়া যায় তাহা যদি এই আইনের ৩ ধারানুসারে ঘরের কি কোটার স্বামির দাতব্য সংযুক্ত টাক্স হয়, তবে ঐ টাকা কাটিয়া লইলে পর অব্যবহিত পূর্ব্ব ধারার অর্থমতে ঐ টাক্স স্বামিকর্ত্তৃক দেওয়া গিয়াছে বোধ হইবে ইতি।

[আইনের আদেশানুসারে বস্তুতঃ কার্য্যসম্পাদন হইলে টাক্স দূষিত না হইবার কথা।]

৫ ধারা। ১৮৬৪ সালের উক্ত ৩ আইনের কিম্বা এই আইনের বলে যে রেট কি টাক্স ধার্য্য হয় তাহা দিবার যোগ্য ব্যক্তির নাম লিখিতে কিম্বা যে সম্পত্তি কি দ্রব্য ঐ রেটের কি টাক্সের যোগ্য হয় তাহার বর্ণনা লিখিতে কোন চুক হইলে কিম্বা যত টাকা টাক্স ধার্য্য করিতে হয় তদ্বিষয়ের কোন চুক হইলেও যদি বাস্তবে ও ফলিতার্থে ১৮৬৪ সালের উক্ত ৩ আইনের এবং এই আইনের আদেশানুসারে কার্য্য নিষ্পাদন হইয়া থাকে, তবে তদ্রূপে অবধারিত কোন টাক্স ও তৎসম্পর্কীয় কোন দাওয়া দূষিত হইবে না এবং এই আইন অনুসারে যে কোন কার্য্য করা যায় ধারাবাহিক না হওয়া প্রযুক্ত তাহা কোন বিচারালয়ে অসিদ্ধ কি অগ্রাহ্য হইবে না ইতি।

[ক্রোক ধারাবাহিক না হওয়াপ্রযুক্ত অসিদ্ধ না হইবার কথা।]

৬ ধারা। ১৮৬৪ সালের উক্ত ৩ আইনের কি এই আইনে বলে দ্রব্য ক্রোক হইলে তৎসম্পর্কীয় কোন জ্ঞাপনপত্রে কি তফসীলে কি আহ্বানপত্রে কি দাওয়ার জ্ঞাপনপত্রে কি ক্রোকী পরওয়ানাতে কি নির্ঘণ্টে কি অন্য কার্য্যে কোন চুক থাকিলে কি তাহা ধারাবাহিক রূপে না করা গেলেও সেই কার্য্য বে-আইনী জ্ঞান হইবে না এবং যে ব্যক্তি ঐ ক্রোক করেন তিনি তৎপ্রযুক্ত অতিক্রামক জ্ঞান হইবেন না, এবং পশ্চাৎ তাঁহার দ্বারা নিয়মাতীত কোন কার্য্য হইলেও তাঁহাকে তৎপ্রযুক্ত প্রথমাবধি অতিক্রামক জ্ঞান হইবে না, কিন্তু যে ব্যক্তি সেই নিয়মাতীত কার্য্য

for any special damage sustained by them, in any Court of Competent jurisdiction.

দ্বারা আপনাকে অন্যায়গ্রস্ত জ্ঞান করেন তিনি উপযুক্ত ক্ষমতাপন্ন কোন আদালতে কোন বিশেষ হানির সম্পূর্ণ পূরণ পাইতে পারিবেন ইতি।

[District Superintendent of Police to be ex-officio Municipal Commissioner.]

[পোলীসের ডিষ্ট্রিকুট সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের পদোপলক্ষে তাঁহার মুনিসিপল কমিস্যনর হইবার কথা।]

VII. In addition to the Municipal Commissioners mentioned in the said Act III of 1864, the person for the time being filling the office of District Superintendent of Police in any District within which any place may be situated shall be ex-officio a Municipal Commissioner for such place.

৭ ধারা। কোন স্থান যে জিলার মধ্যে থাকে সেই জিলায় ১৮৬৪ সালের উক্ত ৩ আইনের লিখিত মুনিসিপল কমিস্যনর ব্যতীত যিনি যে সময়ে পোলীসের ডিষ্ট্রিকট সুপরিণ্টেণ্ডেণ্টের পদে থাকেন তিনিও স্বীয় পদোপলক্ষে ঐ স্থানের মুনিসিপল কমিস্যনর হইবেন ইতি।

[Commissioners may expend a certain monthly sum for Hospitals or Dispensaries.]

[হাসপাতালের কি ঔষধালয়ের নিমিত্তে কমিস্যনরেরদের মাসে২ কতক টাকা ব্যয় করিবার ক্ষমতার কথা।]

VIII. It shall be lawful for the Municipal Commissioners, of any place, with the sanction of the Lieutenant-Governor of Bengal, from time to time to apply out of the Municipal Fund of such place such monthly sum, not exceeding two hundred and fifty Rupees, as to them shall seem fit, in or towards the maintenance and support of an Hospital or Dispensary in such place for the benefit of the poor inhabitants.

৮ ধারা। কোন স্থানের মুনিসিপল কমিস্যনরেরা বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের অনুমতি গ্রহণপূর্ব্বক ঐ স্থানের দরিদ্র লোকদের হিতার্থে চিকিৎসালয় কি ঔষধালয় রাখিবার ও তাহার ব্যয় পোষণের জন্যে, ঐ স্থানের মুনিসিপল ফণ্ডহইতে মাসে২ আড়াই শত টাকার অনধিক যত টাকা বিহিত বোধ করেন সময়ে২ প্রয়োগ করিতে পারিবেন ইতি।

[Commissioners may provide expense of Vaccination.]

[কমিস্যনরেরদের দ্বারা টীকা দেওনের খরচ দিবার কথা।]

IX. It shall be lawful for the Municipal Commissioners of any place, out of the Municipal Fund thereof, from time to time, to make such provision as to them shall seem fit, for the Vaccination of all persons resident in such place.

৯ ধারা। কোন স্থানের মুনিসিপল কমিস্যনরেরা মুনিসিপল ফণ্ডহইতে ঐ স্থানবাসি সকল লোকের টীকা দিবার যে বিধান সময়ে২ বিহিত বোধ করেন করিতে পারিবেন ইতি।

[Commissioners indemnified as to monies heretofore expended on account of Vaccination, Hospitals, or Dispensaries.]

[টীকা দেওনের ও চিকিৎসালয়ের কি ঔষধালয়ের জন্যে ইতি পূর্ব্বে যে টাকা ব্যয় করিয়াছেন তৎপ্রযুক্ত কমিস্যনরেরদের ক্ষতি না হইবার কথা।]

X. All moneis which may have been heretofore expended out of the Municipal Fund of any place by the Municipal Commissioners thereof, in making provision for the Vaccination of persons resident therein, or in or towards the maintenance or support of an Hospital or Dispensary for the benefit of the poor inhabitants of such place, shall be deemed to have been properly applied out of the said Municipal Fund.

১০ ধারা। কোন স্থান নিবাসি লোকদিগের টীকা দিবার বিধান করণার্থে কিম্বা ঐ স্থান নিবাসি দরিদ্র ব্যক্তিদের উপকারার্থে ঔষধালয় কি চিকিৎসালয় রাখিবার কি তাহার ব্যয় পোষণের জন্যে ঐ স্থানের মুনিসিপল কমিস্যনরেরা ইতিপূর্ব্বে ঐ স্থানের মুনিসিপল ফণ্ডহইতে যে সকল টাকা খরচ করিয়াছেন তাহা উক্ত মুনিসিপল ফণ্ডহইতে উপযুক্তমতে প্রয়োগ হইয়াছে জ্ঞান হইবে ইতি।

[Power to contract for lighting streets.]

[পথের আলো চুক্তি করিয়া দেওয়াইবার কথা।]

XI. With the sanction of the Lieutenant-Governor of Bengal, the Municipal Commissioners of any place may, if they shall so resolve at any meeting, contract with any person for the lighting of the streets of such place by such person on such terms as to yearly or other payment as may be agreed on, and may provide for such payment out of the rate levied under the said Act III of 1864 and this Act.

১১ ধারা। যদি কোন সভাতে কোন স্থানের মুনিসিপল কমিস্যনরেরা চুক্তি করিয়া ঐ স্থানের আলো দেওয়াইতে স্থির করেন, তবে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের অনুমতি লইয়া কোন ব্যক্তির সঙ্গে যত টাকা করার করেন বৎসরে২ কি অন্য২ সময়ে তত টাকা দিয়া সেই ব্যক্তিরদ্বারা ঐ স্থানের পথে আলো দিবার চুক্তি করিতে পারিবেন, এবং ১৮৬৪ সালের উক্ত ৩ আইন ও এই আইনঅনুসারে রেটের যে টাকা আদায় করা যায় তাহাহইতে ঐ চুক্তির টাকা দিবার বিধান করিতে পারিবেন ইতি।

[Construction.]

XII. This Act shall be construed with and as part of the said Act III of 1864.

[অর্থের ধারা।]

১২ ধারা। ১৮৬৪ সালের উক্ত ৩ আইনের সঙ্গে এই আইনের অর্থ করিতে হইবে ও এই আইন তাহার একাংশ জ্ঞান হইবে ইতি।

J. PITT KENNEDY,
Asst. Secy. to the Govt. of Bengal,
(Legislative Department.)

জে পিট কেনেডি,
ব্যবস্থাপন কর্ম্মবিভাগে বঙ্গদেশের গবর্ণমেণ্টের
আসিষ্টাণ্ট সেক্রেটারী।

THE following Report of the Select Committee on the Bill to amend Act III of 1863 and Act VI of 1865, passed by the Lieutenant-Governor of Bengal in Council with the Bill as revised by the Committee, is, by order of the President, published for general information :—

মন্ত্রিসভাধিষ্ঠিত বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব ১৮৬৩ সালের যে ৩ আইন ও ১৮৬৫ সালের যে ৬ আইন প্রচলিত করেন তৎসংশোধন করিবার আইনের পাণ্ডুলিপি মনোনীত কমিটীর প্রতি অর্পিত হইয়াছে। সভাপতি সাহেবের আদেশমতে তাঁহাদের নিম্নলিখিত রিপোর্ট এবং ঐ কমিটীকর্ত্তৃক সংশোধিত পাণ্ডুলিপি সাধারণের জ্ঞানার্থে প্রকাশ করা যাইতেছে।

WE, the Members of the Select Committee appointed to consider the Bill "to amend Act III of 1863 and Act VI of 1865, passed by the Lieutenant-Governor of Bengal in Council," have the honor to submit the following Report.

মন্ত্রিসভাধিষ্ঠিত বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব ১৮৬৩ সালের যে ৩ আইন ও ১৮৬৫ সালের যে ৬ আইন প্রচলিত করেন, তৎসংশোধন করিবার আইনের পাণ্ডুলিপি বিবেচনা করিবার জন্যে মনোনীত কমিটী আমরা সম্মানপূর্ব্বক নিম্নলিখিত রিপোর্ট অর্পণ করিলাম।

2. We have received and considered the papers noted below.

২। আমরা নিম্নলিখিত পত্র প্রাপ্ত হইয়া তাহার বিবেচনা করিয়াছি। *

* From Government of India, dated 15th April 1865.

From ditto, dated 1st September 1865, with Secretary of State's Despatch.

To Government of India, dated 3rd December 1866, and enclosures.

From Commissioner of Dacca, dated 8th August 1866, and enclosures.

From ditto, dated 5th December 1866, and enclosures.

Opinion of the Advocate-General, dated 10th December 1866.

From Commissioner of Chota Nagpore, dated 27th January 1867, and enclosures.

From Government of India, dated 28th February 1867.

From Commissioner of Dacca, dated 21st November 1866.

Report of Committee appointed to enquire into the causes of mortality amongst laborers proceeding to the Tea Districts, dated 4th March 1867, and enclosures.

From the Superintendent of Labour Transport, dated 20th March 1867, and enclosures.

From Commissioner of Assam, dated 21st March 1867.

* ভারতবর্ষের গবর্ণমেণ্টের ১৮৬৫ সালের আপ্রিল মাসের ১৫ তারিখের পত্র।

ষ্টেট সেক্রেটারী সাহেবের পত্র সহিত উক্ত গবর্ণমেণ্টের ১৮৬৫ সালের সেপ্টেম্বর মাসের ১ তারিখের পত্র।

ভারতবর্ষের গবর্ণমেণ্টের নিকট ১৮৬৬ সালের ডিসেম্বর মাসের ৩ তারিখের পত্র ও তৎসম্বলিত পত্রাদি।

ঢাকার কমিসানর সাহেবের ১৮৬৬ সালের আগষ্ট মাসের ৮ তারিখের পত্র ও তৎসম্বলিত পত্রাদি।

উক্ত সাহেবের ১৮৬৬ সালের ডিসেম্বর মাসের ৫ তারিখের পত্র ও তৎসম্বলিত পত্রাদি।

আডবোকেট জেনরল সাহেবের ১৮৬৬ সালের ডিসেম্বর মাসের ১০ তারিখের প্রকাশিত মত।

ছোট নাগপুরের কমিসানর সাহেবের ১৮৬৭ সালের জানুআরি মাসের ২৭ তারিখের পত্র ও তৎসম্বলিত পত্রাদি।

ভারতবর্ষের গবর্ণমেণ্টের ১৮৬৭ সালের ফেব্রুআরি মাসের ২৮ তারিখের পত্র।

ঢাকার কমিসানর সাহেবের ১৮৬৬ সালের নবেম্বর মাসের ২১ তারিখের পত্র।

চাপ্রদেশে গমনশীল মজুরদিগের মধ্যে যে মড়ক উপস্থিত হইয়াছিল তাহার হেতুর অনুসন্ধান করিবার জন্যে যে কমিটী নিযুক্ত হন তাঁহাদের ১৮৬৭ সালের মার্চ মাসের ৪ তারিখের পত্র ও তৎসম্বলিত পত্রাদি।

মজুর প্রেরণ কার্য্যের সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের ১৮৬৭ সালের মার্চ মাসের ২০ তারিখের পত্র ও তৎসম্বলিত পত্র।

আসামের কমিসানর সাহেবের ১৮৬৭ সালের মার্চ মাসের ২১ তারিখের পত্র

3. Many verbal alterations have been introduced into the Bill, especially in those Sections which have been retained from the existing Acts; and the language of the Bill has been revised throughout with reference to the interpretation Section, in which we have introduced definitions of "Recruiter," "Employer," and "Laborer."

4. The first substantial alteration which we have made in the Bill will be found in the present Section 7, which empowers the Lieutenant-Governor of Bengal to establish a Central Depôt. It is intended that this Central Depôt may be used by Contractors for the collection and temporary accommodation of intending laborers in the same way as the private depôts are used, and all the provisions of the Bill with regard to the existing establishments, will apply to the Central Depôt, which will also be maintained and superintended under the instructions of the Local Government.

5. In Section 12 we have provided that every Recruiter shall, in addition to the badge required by Act III of 1863, be provided with a written pass signed by his Contractor.

6. We have omitted Section 13 of the Bill, which constituted every building occupied by natives of India engaged by a Recruiter, a local depôt. The Section, as it appears to us, would have had no practical effect, and the desired object

৩। এই পাণ্ডুলিপির মধ্যে বিশেষতঃ বর্ত্তমান আইনহইতে যেং ধারা গৃহীত হইয়াছে সেইং ধারার অনেক স্থলে শব্দের পরিবর্ত্তন হইয়াছে। অর্থ করণের ধারার মধ্যে মজুরসংগ্রাহক ও মুনিব ও মজুর এইং শব্দের অর্থ করিয়াছি, এবং এই ধারা লক্ষ করিয়াপাণ্ডুলিপির অন্য অংশের ভাষা সংশোধন করিয়াছি।

৪। গুরুতর যেং অংশের পরিবর্ত্তন হইয়াছে তন্মধ্যে প্রথম কথা ৭ ধারাতে পাওয়া যাইবে। তৎক্রমে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব সদর আড্ডা স্থাপন করিতে পারিবেন। ঐ সদর আড্ডা করিবার অভিপ্রায় এই। যাহারা মজুরী করিতে যাইবে কন্ট্রাক্টরেরা তাহারদিগকে সংগ্রহ করাইয়া এইক্ষণে সাধারণ ব্যক্তিদের আড্ডায় যেমন কিঞ্চিৎকাল রাখিয়া থাকেন, তেমনি তাহারদিগকে ঐ সদর আড্ডাতে রাখিবেন। পাণ্ডুলিপির যে সমস্ত বিধান উক্ত সকল আড্ডার প্রতি বর্ত্তে, ঐ সদর আড্ডার প্রতিও তাহাই বর্ত্তিবে। স্থানীয় গবর্ণমেন্টের আজ্ঞাক্রমে ঐ আড্ডার রক্ষা ও তত্ত্বাবধারণ হইবে।

৫। ১২ ধারাতে এই বিধান করিয়াছি। ১৮৬৩ সালের ৩ আইনঅনুসারে মজুর সংগ্রাহকের যে চাপরাশ পরিতে হয়, তদ্ভিন্ন তাহার নিকট এক খান লিখিত পাস থাকিবে। মজুর যে কন্ট্রাক্টরের নিমিত্তে কর্ম্ম করে ঐ পাসে তাহারই স্বাক্ষর থাকিবে।

৬। পূর্ব্ব পাণ্ডুলিপির ১৩ ধারা ত্যাগ করিয়াছি। ঐ ধারামতে মজুরসংগ্রাহক ভারতবর্ষীয় যে ব্যক্তিদিগকে গ্রহণ করিতেন, তাহারা যে ঘরে থাকিত সেই ঘরখানি স্থানীয় আড্ডা জ্ঞান হইত। এইক্ষণে আমরা বোধ করিলাম যে কার্য্যপক্ষে ঐ ধারার কোন

From Commisisioner of Assam, dated 28th March 1867.

From Solicitor to Government, dated 10th April 1867, and enclosure.

Petition and letter of Messrs. Andrews and Henry, Emigrant Contractors, without date.

From Sub-Manager, Labor Transport Company, dated 9th May 1867.

Petition of Callychurn Coondoo, Emigrant Contractor, without date.

From Baboo Govind Chunder Dutt, Emigrant Contractor, dated 11th May 1867.

From Government of India, dated 6th February 1867, and enclosure.

Extract of a letter from the Commissioner of Assam, dated 26th April 1867.

From ditto, dated 26th March 1867, with Report of Inspection by the Protector of Laborers, Upper Assam.

From Secretary, Landholders' Association, dated 6th May 1867.

From Commissioner of Assam, dated 9th April 1867, and enclosures.

From British Indian Association, dated 31st May 1867, and enclosures.

[*Government Gazette*, *2nd July* 1867.]

উক্ত সাহেবের ১৮৬৭ সালের মার্চ মাসের ২৮ তারিখের পত্র।

গবর্ণমেন্টের পক্ষঃ উকীল সাহেবের ১৮৬৭ সালের আপ্রিল মাসের ১০ তারিখের পত্র ও তৎসম্বলিতপত্র।

বিদেশগামি মজুরদিগের কন্ট্রাক্টর আন্‌দ্রুস ও হেনরি সাহেবের দরখাস্ত ও পত্র। তারিখ নাই।

মজুর প্রেরণার্থ কোম্পানির ছোট কর্ম্মকারক সাহেবের ১৮৬৭ সালের মে মাসের ৯ তারিখের পত্র।

ভিন্নদেশগামি মজুরদিগের কন্ট্রাক্টর শ্রী কালীচরণ কুণ্ডুর দরখাস্ত। তারিখ নাই।

ভিন্নদেশগামি মজুরদিগের কন্ট্রাক্টর বাবু গোবিন্দচন্দ্র দত্তের ১৮৬৭ সালের মে মাসের ১১ তারিখের পত্র।

ভারতবর্ষের গবর্ণমেন্টের ১৮৬৭ সালের ফেব্রুআরি মাসের ৬ তারিখের পত্র ও তৎসম্বলিত পত্রাদি।

আসামের কমিস্যনর সাহেবের ১৮৬৭ সালের আপ্রিল মাসের ২৬ তারিখের পত্রহইতে গৃহীত কথা।

উক্ত সাহেবের ১৮৬৭ সালের মার্চ মাসের ২৬ তারিখের পত্র ও উত্তর আসামস্থিত মজুররক্ষকের পরিদর্শনের রিপোর্ট।

ভূম্যধিকারিদের সমাজের সেক্রেটারী সাহেবের ১৮৬৭ সালের মে মাসের ৬ তারিখের পত্র।

আসামের কমিস্যনর সাহেবের ১৮৬৭ সালের আপ্রিল মাসেয় ৯ তারিখের পত্র ও তৎসম্বলিত পত্রাদি।

ব্রিটিস ইণ্ডিয়ান আসোসিয়েসনের ১৮৬৭ সালের মে মাসের ৩১ তারিখের পত্র ও তৎসম্বলিত পত্রাদি।

is gained by Section 15 of the Bill, which we have now made Section 14.

7. In Section 16 of the Bill (one of the most important) we have introduced a more specific enumeration of the matters on which the native laborer on his first engagement by the Recruiter is to be examined by the Magistrate. Under the existing Acts the only thing which the Magistrate can do, in case of his finding that the native has been recruited by means of fraud or misrepresentation, is to refuse to register the name. We have therefore introduced a new Section (17) empowering the Magistrate to impose a fine in any such cases; and as the procuring a native to proceed to a District where he is not resident, with the view of prevailing on him to enter into an engagement there, would be a fraud, we have omitted Section 17 of the Bill as unnecessary.

8. Under Section 23 of the original Bill, in the case of any recruited native being pronounced by the Medical Inspector in an unfit state of health to proceed to the District of Assam, &c., the Contractor might be ordered to cause such native to be reconveyed to the place at which he was registered. It would be so very difficult, if not impossible, to ascertain whether and to what extent such an order had been carried out, that we have thought it better to confine the Section to requiring the Contractor to pay the native a sufficient sum to enable him to return.

9. We have made certain alterations as regards the arrangement of the Sections of the Bill relating to the proceedings from the time the native inhabitant is brought before the Superintendent with the view of his entering into a contract, to the time when he becomes a laborer. The provisions regarding this part of the subject are now all brought together in consecutive order in what are now Sections 25 to 29 of the Bill as amended. Among these we have dealt with the cases of recruited natives refusing, without reasonable cause, to sign the contract, and of Contractors neglecting to tender contracts for execution. And we have provided by one Section (29) for the enforcement in all cases of orders on Contractors to pay money.

10. The Bill as it originally stood provided (Sections 26 to 29) for the appointment by the Local Government of Committees to determine the daily tasks which laborers were to perform within the several Districts, and to frame Schedules of the tasks to be determined: which Schedules were to be part of the laborers' contracts. We have had a good deal of discussion on this part of the subject, and considering the importance of not interfering unnecessarily with freedom of labor, and how much the determination of the proper nature and

ফলোদয় হইত না, অথচ ১৫ ধারা দ্বারা উদ্দেশ্য সিদ্ধ হইয়াছে। ঐ ১৫ ধারা এখন ১৪ ধারা হইল।

৭। পাণ্ডুলিপির ১৬ ধারা অতিগুরুতর বিধানের মধ্যে। মজুর সংগ্রাহক কোন ব্যক্তিকে প্রথমে গ্রহণ করিলে মাজিষ্ট্রেট সাহেব যে২ বিষয়ে ঐ ব্যক্তির পরীক্ষা লইবেন, ইহা সবিশেষে নির্দ্দিষ্ট করা গিয়াছে। কোন ব্যক্তি প্রতারণাক্রমে কি ভ্রান্ত হইয়া কর্ম্ম স্বীকার করিয়াছে, মাজিষ্ট্রেট সাহেব ইহা জানিলে, বর্ত্তমান আইনমতে তাহার নাম রেজিষ্টর করেন না কিন্তু তদ্ভিন্ন আর কিছু করিতে পারেন না। এইপ্রযুক্ত আমরা (১৭) নূতন ধারা করিয়া তদ্রূপ স্থলে মাজিষ্ট্রেট সাহেবকে অর্থদণ্ড করিবার ক্ষমতা প্রদান করিয়াছি। কোন ব্যক্তি যে জিলাতে বাস না করে তাহাকে করার করাইবার জন্যে সেই জিলাতে ফুসলাইয়া আনিলে তাহা প্রতারণা, অতএব পূর্ব্ব পাণ্ডুলিপির ১৭ ধারা অনাবশ্যক বলিয়া ত্যাগ করিয়াছি।

৮। এদেশীয় কোন ব্যক্তি মজুরী করিতে স্বীকার করিলে, যদি চিকিৎসক তাহার শারীরিক ভাব বিবেচনায় তাহাকে আসামপ্রভৃতি প্রদেশে যাইবার অনুপযুক্ত জ্ঞান করেন, তবে যে স্থানে তাহাকে রেজিষ্টর করা গেল পূর্ব্ব পাণ্ডুলিপির ২৩ ধারামতে কন্ট্রাক্টরের প্রতি আজ্ঞা হইতে পারিবে যে তাহাকে সেই স্থানে পঁহুছাইয়া দেন। কিন্তু সেই আজ্ঞামতে কত দূর কর্ম্ম করা যায় কি না যায় ইহা জানা কঠিন বরং অসাধ্য। এই হেতুক সেই ব্যক্তির ফিরিয়া যাইবার জন্যে যত টাকা লাগিতে পারে তাহাকে কন্ট্রাক্টরের তত টাকা দিবার আজ্ঞা হইতে পারিবে আমরা এইমাত্র বিধান করিয়াছি

৯। এদেশীয় লোক চুক্তি করিবার জন্যে যে সময়ে সুপারিন্টেণ্ডেন্টের নিকটে উপস্থিত হয়, সেই সময়াবধি যত কাল মজুর না হয়, তত কাল আইনসংক্রান্ত যে সকল কার্য্য হইতে পারে, পাণ্ডুলিপিতে তদ্বিষয়ের যে২ ধারা আছে আমারা তাহার স্থান পরিবর্ত্তন করিয়াছি। সংশোধিত পাণ্ডুলিপির ২৫ অবধি ২৯ পর্য্যন্ত সমস্ত ধারাতে উক্ত বিষয়ের সমুদয় বিধান একাদিক্রমে শ্রেণীবদ্ধ করিয়াছি। এদেশীয় লোকেরা মজুরী করিবার জন্যে আইলে পর উপযুক্ত হেতু না থাকিতেও যদি চুক্তিপত্রে স্বাক্ষর করিতে স্বীকার না করে এবং কন্ট্রাক্টরেরা যদি স্বাক্ষর করিবার জন্যে চুক্তিপত্র না দেখান, উক্ত কএক ধারার মধ্যে এই বিষয়েরও বিধান করিয়াছি। কন্ট্রাক্টরদিগকে টাকা দিবার আজ্ঞা হইলে ২৯ ধারাতে সেই আজ্ঞা বলবৎ করিবার বিধান করিয়াছি।

১০। ভিন্ন২ প্রদেশে মজুরেরদের প্রতিদিন কত কর্ম্ম করিতে হইবে, ইহা নির্ণয় করিবার এবং সেই কর্ম্মের তফসীল প্রস্তুত করিবার জন্যে স্থানীয় গবর্ণমেণ্ট পূর্ব্ব পাণ্ডুলিপিক্রমে (২৬ অবধি ২৯ পর্য্যন্ত ধারায়) কমিটী নিযুক্ত করিতে পারিতেন। উক্ত তফসীল মজুরদিগের চুক্তির অংশ। এই বিষয়ে আমারদের অনেক তর্ক হইয়াছে; লোকদের স্বাধীনমতে কর্ম্ম করিবার যে অধিকার তাহা অনাবশ্যক মতে খর্ব্ব না করাই গুরুতর বিষয়, এবং যাহারা প্রতিদিন যে প্রকারের যত কর্ম্ম করিতে পারে তাহা স্থানবিশেষের গতিক অনুসারে নির্ণয় হইতে

amount of the daily tasks must be dependent on and affected by local circumstances, to say nothing of differences as regards the strength and ability of the individual laborers, we have thought it preferable to substitute a different system. According to this (Sections 30 to 32 of the amended Bill) the daily tasks will be fixed by the employer, subject, on the complaint of the laborer, to revision by a Committee consisting of the Inspector, an employer nominated by him, and a nominee of the laborer's employers. We have not interfered with the provision as to the maximum contract term being three years, and the weekly days and daily hours of labor.

11. Under Section 39 of the original Bill, (Section 41 of the Bill as amended), laborers are not to be allowed finally to leave the steamer or boat, except at the place of destination mentioned in their pass. It has been represented to us that the operation of this Clause, which has been taken from the Act of 1863, (Section 27) has been in many cases to necessitate the landing of laborers at places inconveniently distant from the estates for which they are bound. We have therefore introduced a new Section (48 of the amended Bill), empowering the Magistrate at the place of destination named in the pass of any laborers, to allow such laborers to proceed to and land at some point intermediate between that place and the next authorized place of destination.

12. As it appears to us quite unnecessary to require that every boat, however small a number of laborers it conveys, should have a Medical Officer on board, we have limited the power of the Superintendent to require the presence of such Officer to cases where not less than fifty laborers are conveyed in one body (Section 49 of the amended Bill.) We have also thought it right to omit the provisions which the original Bill contained throwing the expense of providing Medical Officers, Cooks, &c., for the voyage on the Contractors.

13. On consideration, we have thought it advisable to omit from the Bill the Clause as to the proportion in which each party of laborers was to consist of females.

14. It has appeared to us to be sufficient security to the laborer that arrears of his wages (to the extent of 4 months) should be made a charge on the lands on which he has been engaged to work; and that there would be an injustice in making the general property of the owner of the lands for the time being liable for all breaches of the contract, whether they occurred before or after he became owner. We have therefore

পারিবে। তদ্ভিন্ন সকল মজুরের শারীরিক বল ও শক্তি সমান নহে কাহার অধিক কাহার কম, এই সকল বিষয় বিবেচনা করিয়া আমরা নূতন নিয়মের প্রস্তাব করিয়াছি। এই নিয়মমতে (সংশোধিত পাণ্ডুলিপির ৩০,৩১,৩২ ধারামতে) মুনিব প্রতিদিনের কার্য্য নিরূপণ করিবেন। যদি মজুর তাহাতে সন্তুষ্ট না হয়, তবে কমিটী নিযুক্ত হইয়া ঐ পরিশ্রমের কথা বিবেচনা করিবেন, ইনস্পেকটর, ও তাঁহার মনোনীত কোন মুনিব ও মজুরের মুনিবের মনোনীত কোন ব্যক্তি এই তিন জনকে লইয়া ঐ কমিটী হইবে। সর্ব্বশুদ্ধ তিন বৎসরের অধিক কাল মজুরী করিবার চুক্তি যে করিতে পারিবে না, এবং সপ্তাহের যত দিন ও দিনের যত ঘন্টা কর্ম্ম করিতে হইবে এই সকল বিধানে হস্তক্ষেপ করি নাই।

১১। পূর্ব্ব পাণ্ডুলিপির ৩৯ (এই পাণ্ডুলিপির ৪১) ধারামতে মজুরদের যাইবার যে স্থান ছাড়পত্রে লক্ষিত হইয়াছে, তদ্ভিন্ন তাহারা ষ্টীমর কি নৌকা ত্যাগ করিয়া অন্য কোন স্থানে যাইতে পারিবে না। ১৮৬৩ সালের আইনহইতে (২৭ ধারা) এই ধারা গৃহীত হইয়াছে। কিন্তু ঐ ধারা বলবৎ হওয়াতে মজুরেরা যে বাড়ীতে যাইবে সেই বাড়ীহইতে অতিদূর অসুবিধাজনক স্থানে তাহারদের কখনং উত্তরিয়া যাওয়া আবশ্যক হয়, এই কথা আমারদের নিকটে ব্যক্ত হওয়াতে আমরা সংশোধিত পাণ্ডুলিপিতে (৪৮ ধারা) নূতন করিয়াছি। এই বিধিমতে, কোন মজুরের ছাড়পত্রে তাহার গমনের যে স্থান নির্দ্দিষ্ট হইয়াছে সেই স্থানের মাজিষ্ট্রেট সাহেব তাহারদিগকে সেই স্থানের ও মজুরদের উত্তরিবার নির্দ্ধারিত তৎপশ্চাৎ অন্য স্থানের মধ্যবর্ত্তি কোন স্থানে মজুরদের উত্তরিবার অনুমতি দিতে পারিবেন।

১২। যে নৌকাতে মজুরেরা যায় তাহাতে অনেক জন কি অল্প জন থাকিলেও সেই নৌকায় চিকিৎসকের সর্ব্বদা থাকা আমারদের বিবেচনায় আবশ্যক নাই। এই হেতুক সংশোধিত লিপির ৪৯ ধারাতে এই বিধি করিলাম, যে নৌকায় পঞ্চাশ কি তদধিক জন মজুর যায়, সেই নৌকায় চিকিৎসক থাকেন সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবের ইহা দেখিতে হইবে। আরো মজুরদের যাত্রাকালীন চিকিৎসক পাচক প্রভৃতির খরচ কনট্রেক্টরের দিতে হইবে, পূর্ব্ব পাণ্ডুলিপির এই বিধান ত্যাগ করা বিহিত বোধ হইল।

১৩। মজুরদল গমন করিলে তাহাদের সঙ্গেং যত জন স্ত্রী যাইবে, পূর্ব্ব পাণ্ডুলিপির এই প্রকরণও আমরা বিবেচনাপূর্ব্বক ত্যাগ করিয়াছি।

১৪। যদি মজুরের বেতন চারি মাসপর্য্যন্ত বাকী থাকে, তবে যে ভূমিতে মজুরী করিতে করার করিয়াছে সেই ভূমির প্রতি ঐ বাকীর দায় বর্ত্তিবে, এই বিধান মজুরের ক্ষতিহইতে রক্ষা পাইবার উপযুক্ত প্রাতিভাব্য হয়, এবং যিনি যে সময়ে ভূমির স্বামী হন, তাঁহার কালে কি পূর্ব্ব স্বামির কালে চুক্তি ভঙ্গ হইলে, ঐ চুক্তিভঙ্গের দায় তাঁহারই সাধারণ সম্পত্তির উপর বর্ত্তান অন্যায় বোধ হওয়াতে আমরা পূর্ব্ব পাণ্ডুলিপির ৫৪ ধারা মতান্তর করিয়া এই পাণ্ডুলিপির ৫৬

Section 56 of the Bill as amended) modified the provisions of Section 54 of the original Bill. We have also omitted as unnecessary the Clause providing for transfer of contract.

ধারা করিয়াছি। আরো চুক্তিহস্তান্তর করিবার ধারা অনাবশ্যক বলিয়া ত্যাগ করিয়াছি।

15. We have provided (Sections 59 and 60 of the Bill as amended) for the appointment of Assistant Inspectors to exercise such powers as the Inspectors may depute to them. We have raised the maximum rate payable to provide for the salaries of the Inspectors and Assistant Inspectors, from one rupee to two rupees per laborer, as we have reason to conclude that the higher rate will not bear too hardly on the employers, and is not higher than the requisite expenditure may require. In place of rendering the estates liable to be sold by the Collector for non-payment of the rate, we have thought it preferable to enact (Section 66 of the Bill as amended) that the Collector may recover the arrears from the owner by a regular civil suit.

১৫। সংশোধিত পাণ্ডুলিপির ৫৯ ও ৬০ ধারাতে আসিষ্টাণ্ট ইনস্পেকুটরকে নিযুক্ত করিবার বিধান করিয়াছি। ইনস্পেকুটরেরা তাঁহারদিগকে যে ক্ষমতা প্রদান করেন তাঁহারা তদনুসারে কর্ম্ম করিবেন। ইনস্পেকুটর ও আসিষ্টাণ্ট ইনস্পেটরদের বেতনের বিধান করিবার জন্যে মজুর প্রতি এক টাকার অনধিক লইবার যে প্রস্তাব হইয়াছিল আমরা তাহা দুই টাকা পর্য্যন্ত বৃদ্ধি করিয়াছি। দুই টাকা দিলে মুনিবদের অধিক কষ্ট হইবে না, ও আবশ্যক খরচ অপেক্ষা অতিরিক্ত আদায়ও হইবে না। ঐ হারে টাকা না দিলে কালেকুটর সাহেবের দ্বারা বাড়ী বিক্রয় হইতে পারিবে এই বিধি না করিয়া, কালেকুটর সাহেব নিয়মমতে দেওয়ানী মোকদ্দমা করিয়া স্বামির স্থানে বাকী আদায় করিতে পারিবেন, এই বিধি শ্রেয় বোধ করিয়া সংশোধিত পাণ্ডুলিপির ৬৬ ধারা করিয়াছি।

16. On consideration, we have come to the conclusion that the time during which a laborer's employment is temporarily suspended, ought not to count as part of his contract term, inasmuch as the employer contracts for his actual services for that term. *See* accordingly Section 70 of the Bill as amended.

১৬। মজুরের কর্ম্ম কিয়ৎকালের নিমিত্তে স্থগিত হইলে, সেই সময় তাহার চুক্তির সময়ের মধ্যে গণ্য নয় যে হেতুক মুনিব তাহার সেই সমুদয় সময়ের কর্ম্মের চুক্তি লইয়াছেন, ইহা বিবেচনাপূর্ব্বক সিদ্ধান্ত করিয়া সংশোধিত পাণ্ডুলিপির ৭০ ধারা করিয়াছি।

17. By Section 74 of the Bill as amended, we have given the employer an opportunity of showing cause, if he can, why the laborer should not be allowed to purchase his discharge, and we have (Section 76) empowered the laborer who has purchased his discharge to enter into a new contract as he chooses, whether with or without reference to the provisions of the Act.

১৭। মজুর টাকা দিয়া মুক্তি ক্রয় করে, ইহাতে মুনিব যদি সম্মত না হন, তবে যে কারণে তাহার মুক্তি ক্রয় করা অকর্ত্তব্য ইহা দর্শাইতে পারিলে এই পাণ্ডুলিপির ৭৪ ধারামতে তাঁহার সেই কারণ দর্শাইবার সুযোগ হইবে। ৭৬ ধারামতে মজুর মুক্তি ক্রয় করিলে পর ইচ্ছা করিলে এই আইনের বিধানের অনুক্রমে কি ভিন্নরূপে নূতন চুক্তি করিতে পারিবে।

18. As it originally stood, the Bill (Section 93) provided that, where a laborer had twice undergone sentence of imprisonment amounting in the whole to sixty days for desertion, the contract might be cancelled on the laborer's application. This provision has had our most careful consideration; and finding ourselves unable to reconcile its principle with the general scope and object of the Bill, we in the first instance had determined simply to omit the Clause, and in this way raise the question for the determination of the whole Council. We have since decided on the introduction of Clauses (Sections 92 and 93 of the amended Bill,) by which a laborer who deserts under reasonable apprehension of danger to his life or health will, on proof of that fact, escape punishment, and inasmuch as, by Section 99 of the Amended Bill, there may be an inspection and enquiry held as to the climate and situation of any estate which may appear to the Inspector

। পূর্ব্ব পাণ্ডুলিপির ৯৩ ধারার এই বিধান। মজুর পলায়ন প্রযুক্ত যদি সর্ব্বসুদ্ধ ষাইটদিন পর্য্যন্ত কারাবদ্ধ হইয়া থাকে, তবে তাহার প্রার্থনামতে চুক্তি রহিত হইতে পারিবে। আমরা এই বিধান অত্যন্ত মনোযোগপূর্ব্বক বিবেচনা করিয়াছি। কিন্তু তাহার মূল কল্পের সহিত পাণ্ডুলিপির সাধারণ অভিপ্রায়ের ও উদ্দেশ্যের ঐক্য করিতে অক্ষম হওয়াতে প্রথমে সেই পদ ত্যাগ করিতে স্থির করিয়াছিলাম। তাহা করিলে মন্ত্রিসভাধিষ্ঠিত সমুদয় মহোদয়ের মধ্যে সেই প্রশ্ন উত্থাপিত হইত। পরে আমরা এই পাণ্ডুলিপির ৯২ ও ৯৩ ধারা প্রণীত করিলাম ফলতঃ যদি প্রাণাশঙ্কা কি পীড়া হইবার যুক্তি সিদ্ধ আশঙ্কা প্রযুক্ত মজুর পলায়ন করে, তবে সেই বিষয়ের প্রমাণ করিতে পারিলে, তাহার দণ্ড হইবে না। সংশোধিত পাণ্ডুলিপির ৯৯ ধারামতে কোন বাড়ীর জলবায়ু ও স্থানাদি প্রযুক্ত যদি ইনস্পেকুটর সাহেব তাহা মনুষ্যবাসের অনুপযুক্ত বোধ করেন, তবে তাহার পরীক্ষা ও অনুসন্ধান হইতে পারিবে, এবং পরীক্ষক কমিটী যদি সেই স্থান লোকনিবাসের অনুপযুক্ত কহেন, তবে মজুরদের চুক্তি রহিত হইবে। এই দুই বিধান সত্ত্বে বোধ

nfit for human residence, and the cancellation f the laborers' contracts will follow in the event f the Committee of Enquiry reporting the estate nfit or residence, we conceive that the combined ffect of these Clauses ought to render quite unecessary the provision as to two imprisonments or desertion to which we have before referred.

19. There are certain other formal amendments which we need not particularize in this Report.

T. H. Cowie,
H. L. Dampier,
V. H. Schalch,
A. T. T. Peterson,
J. B. Knight,
Ramanath Tagore,
J. R. Bullen Smith.

The 7th June 1867.

করি পূর্ব্বোক্ত ত্নইবার কারাদণ্ড সম্পর্কীয় বিধানের আবশ্যক নাই।

১৯। অন্য কএকটি রীত্যনুযায়ি শব্দাদির সংশোধন হইয়াছে এই রিপোর্টে তাহার বিশেষ লেখা অপ্রয়োজন

টি এচ কৌই।
এচ এল ডাম্পিয়র।
বি এচ শাক।
এ টি টি পিটর্সন
জে বি নাইট।
রমানাথ ঠাকুর।
জে আর বুলেন স্মিথ

১৮৬৭ সাল ৭ জুন।

AMENDED BILL.

সংশোধিত পাণ্ডুলিপি

A Bill to amend Act III of 1863 and Act VI of 1865, passed by the Lieutenant-Governor of Bengal in Council.

[Preamble.]

Whereas it is expedient to consolidate and mend the law regulating the transport of native nhabitants of India from or through the Provinces subject to the Government of Bengal, to he Districts of Assam, Cachar, and Sylhet, and he manner of engaging and contracting with native inhabitants of the said Provinces, to proceed to the said Districts, and providing for the protection of the persons so proceeding, and for the enforcement of the contracts of service entered into by them: It is enacted as follows:—

[Interpretation.]

I. The following words in this Act shall have he meanings hereby assigned to them, unless there be something in the subject or context repugnant to such construction, (that is to say)—

["Magistrate."]

The word "Magistrate" in this Act shall include any Magistrate of Police for the Town of Calcutta.

["Contractor."]

The word "Contractor" in this Act shall be taken to mean a person licensed under the provisions of this Act as a contractor.

["Recruiter."]

The word "Recruiter" shall be taken to mean any person licensed under the provisions of this Act as a Recruiter.

[*Government Gazette, 2nd July* 1867.]

মন্ত্রিসভাধিষ্ঠিত বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের প্রচারিত ১৮৬৩ সালের ৩ আইন এবং ১৮৬৫ সালের ৬ আইন সংশোধন করিবার আইনের পাণ্ডুলিপি।

[হেতুবাদ।]

ভারতবর্ষীয় লোকেরা বঙ্গদেশের গবর্ণমেণ্টের শাসিত দেশহইতে কি সেই দেশ দিয়া আসামে ও কাছাড়ে ও শ্রীহট্টে গেলে তাহাদের প্রেরণের বিধান, এবং পূর্ব্বোক্ত প্রদেশে উক্ত দেশীয় লোকদিগের যাইবার নিয়মের ও চুক্তির বিধান এবং তদ্রূপ গমনশীল ব্যক্তিদের রক্ষা করিবার ও তাহারা চাকরী করিবার যে চুক্তি করে তাহা বলবৎ রাখিবার বিধান সংগ্রহ ও সংশোধন করা উচিত, এই হেতুক নিম্নলিখিত বিধান করা যাইতেছে।

[অর্থ করণের ধারা।]

১ ধারা। এই ধারাতে এই আইনের নিম্নলিখিত শব্দের যে অর্থ করা গেল বিষয়ের কি প্রস্তাবের কথার সঙ্গে অসঙ্গত না হইলে সেই কথার সেই অর্থ করিতে হইবে।

"মাজিষ্ট্রেট।"

এই আইনেতে মাজিষ্ট্রেট শব্দের মধ্যে কলিকাতা নগরের পোলীসের কোন মাজিষ্ট্রেটও গণ্য।

"কন্ট্রাক্টর।"

যে ব্যক্তি এই আইনের বিধানমতে কন্ট্রাক্টরের [illegible] ট্রাক্টর শব্দে তাহাকে বুঝা যাইবে।

"মজুর সংগ্রাহক।"

এই আইনের বিধানমতে যে কোন ব্যক্তি মজুর সংগ্রাহকের কর্ম্ম করিবার অনুমতিপত্রপ্রাপ্ত হন মজুর সংগ্রাহক শব্দে তাঁহাকে বুঝা যাইবে।

["Employer."]

The word "Employer" shall mean the chief persons in charge of any lands upon which laborers may be employed.

["Superintendent."]

The word "Superintendent" shall mean any Officer appointed by the Lieutenant-Governor of Bengal to perform all or any of the duties of a Superintendent of labor transport under this Act.

["Steamer"]

The word "Steamer" shall include any vessel propelled by steam, and any flat or barge towed by a steamer.

["India."]

The word "India" shall mean any of the territories which are or may become vested in Her Majesty by the Statute 21 and 22 Vic., cap 106, entitled "An Act for the better Government of India.'

["Laborer."]

The word "Laborer" shall mean any person who has heretofore under the provisions of Act III of 1863, and Act VI. of 1865, passed by the Lieutenant-Governor of Bengal in Council, entered into, or shall hereafter, under the provisions of this Act, enter into a contract by which he has been or is to be conveyed to the place of labor at the expense of the employer contracting with him, and whose contract shall not have been completed, dissolved, or suspended.

["Inspector."]

The term "Inspector" shall include any Officer appointed by the Lieutenant-Governor of Bengal to perform all or any of the duties of an Inspector under this Act, and any Protector appointed under the said last mentioned Acts.

"The said Districts."]

The expression "The said Districts" shall mean the Districts of Assam, Cachar, and Sylhet.

[Native of India shall not be engaged to proceed to Assam, &c., or be conveyed there save under this Act. Penalty. Proviso.]

II. From and after the commencement of this Act, whoever shall, otherwise than under the provisions of this Act, engage any native inhabitant of India in any of the Provinces subject to the Government of Bengal, to proceed to any or either of the said Districts for the purpose of laboring there for hire; and whoever shall, otherwise than under the provisions of this Act, convey any native inhabitant of India through any of the said Provinces to any or either of the Districts aforesaid for the purpose of laboring there for hire, shall be liable to a fine for every

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৬৭। ২ জুলাই।]

"মুনিব।"

মজুরেরা যে ভূমিতে কর্ম্ম করেন সেই ভূমির কর্ত্তৃত্ব কর্ম্ম প্রধান যে ব্যক্তির প্রতি বর্ত্তে মুনিব শব্দে তাহাকে বুঝাইবে।

"সুপরিণ্টেণ্ডেন্ট।"

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব এই আইনমতে মজুর প্রেরণ কার্য্যের তত্ত্বাবধারণসংক্রান্ত সকল কি কোন কার্য্য সম্পাদন করণার্থ যে কর্ম্মচারিকে নিযুক্ত করিবেন, সুপরিণ্টেণ্ডেন্ট শব্দে তাঁহাকে বুঝাইবে।

"ষ্টীমর।"

ষ্টীমর শব্দের মধ্যে বাষ্পদ্বারা চালিত কোন জাহাজ এবং ষ্টীমরদ্বারা আকৃষ্ট কোন পোত কি নৌকা গণ্য।

"ভারতবর্ষ।"

ভারতবর্ষের সুশাসনার্থ আইননামক মহারাণী বিক্টোরিয়ার ২১ ও ২২ বৎসরের আইনের ১০৬ অধ্যায়মতে যে দেশ শ্রীশ্রীমতী মহারাণীর প্রতি বর্ত্তিয়াছে কি বর্ত্তে "ভারতবর্ষ" শব্দে তন্মধ্য কোন দেশ বুঝায়।

"মজুর।'

মন্ত্রিসভাধিষ্ঠিত বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের প্রচারিত ১৮৬৩ সালের ৩ আইনের ও ১৮৬৫ সালের ৬ আইনের বিধানমতে যে ব্যক্তি কোন চুক্তি করিয়াছে কি এই আইনের বিধানমতে করিবে, ও সেই চুক্তিক্রমে যাহাকে চুক্তিকারি মনিবের খরচে পরিশ্রম করিবার স্থানে উপস্থিত করা গিয়াছে কি করা যাইবে, ও যাহার সেই চুক্তি কালক্রমে সমাপ্ত কি রহিত কি স্থগিত হয় নাই "মজুর" শব্দে তাহাকে বুঝাইবে।

"ইনস্পেক্টর।"

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব এই আইনমতে ইনস্পেক্টরের সকল কি কোন কর্ম্মসম্পাদনার্থে যে কর্ম্মকারককে নিযুক্ত করেন এবং শেষোক্ত আইনমতে যে রক্ষক নিযুক্ত হন ইনিস্পেক্টর শব্দের মধ্যে তিনি গণ্য।

"উক্ত প্রদেশ।"

"উক্ত প্রদেশ" এই কথাতে আসাম ও কাছাড় ও ছিলট প্রদেশ বুঝাইবে ইতি।

[ভারতবর্ষীয় লোকদের সঙ্গে আসাম প্রভৃতি দেশে যাইবার করার ও তাহাদের প্রেরণকার্য্য কেবল এই আইনমতে হইবার কথা ও দণ্ডের কথা ও উপবিধি।]

২ ধারা। এই আইন প্রচলিত হইবার সময়াবধি যদি কোন ব্যক্তি উক্ত কোন প্রদেশে বেতনের নিমিত্তে মজুরি করিবার জন্যে বঙ্গদেশের গবর্ণমেণ্টের অধীন কোন দেশস্থ ভারতবর্ষীয় কোন ব্যক্তিকে এই আইনের বিধানভিন্ন অন্য বিধিমতে যাইবার নিমিত্তে স্থির করেন, এবং যদি কোন ব্যক্তি এই আইনের বিধানভিন্ন অন্য বিধানমতে পূর্ব্বোক্ত কোন জিলাতে বেতনের নিমিত্তে মজুরী করিবার জন্যে উক্ত কোন দেশ দিয়া ভারতবর্ষীয় কোন ব্যক্তিকে লইয়া যান তবে তদ্রূপে যত ব্যক্তিকে স্থির করেন ও যত ব্যক্তিকে চালান করেন তত ব্যক্তিপ্রতি তাহার অর্থদণ্ড হইতে পারিবে। কিন্তু উক্ত প্রদেশের মধ্যেই যে করার করা

person so engaged or conveyed. Provided always that, save as hereinafter is expressly enacted, nothing in this Act shall apply to any engagement made in any or either of the said Districts.

[Lieutenant-Governor may appoint Superintendents of Labor Transport and Medical Inspectors of Laborers.]

III. For the purposes of this Act, it shall be lawful for the Lieutenant-Governor of Bengal to appoint Superintendents of Labor Transport, and Medical Inspectors of Laborers, at any places where he may think proper: and whenever any Superintendent or Medical Inspector shall be so appointed, the Lieutenant-Governor of Bengal shall, by notification in the *Calcutta Gazette,* define the local limits within which such Superintendent or Medical Inspector shall exercise the powers and authority conferred on him by this Act. When such local limits shall have been so defined, no other Superintendent or Medical Inspector shall, within those limits, exercise any of the powers vested in a Superintendent or Medical Inspector by this Act.

[No person not licensed as a Contractor or Recruiter, may engage or contract to supply laborers. Penalty.]

IV. Whoever, not being a Contractor or Recruiter shall engage, save through or by the agency of a Contractor, any native inhabitant of India to proceed to any of the said Districts for the purpose of laboring therein for hire; and whoever, not being a Contractor, shall enter into any contract to supply, or shall supply, any such native inhabitants for the purpose of laboring for hire in any of those Districts; and whoever, not being a contractor or Recruiter, shall enter into any contract to engage, or shall attempt to engage, any such native inhabitants to proceed to any of those Districts for the purpose aforesaid—shall be liable for each offence to fine, and in default of payment thereof, to imprisonment for a term not exceeding three months.

[Superintendent may grant licenses to Contractors.]

V. It shall be lawful for any Superintendent appointed under this Act to grant to such persons as he may think fit, licenses, in the form set forth in Schedule (A) to this Act annexed, to act as Contractors for engaging and supplying persons for the purpose of laboring for hire in the said Districts or any or either of them. For every such license a fee not exceeding one hundred Rupees (the amount of which shall from time to time be fixed by the Government of Bengal) shall be

যায় নিম্নভাগে স্পষ্ট বিধান না হইলে তাহার প্রতি এই আইনের কোন কথা বর্ত্তিবে না ইতি।

[মজুর প্রেরণ কার্য্যের সুপরিন্টেণ্ডেন্টদিগকে ও মজুরদের পরিদর্শনকারি চিকিৎসকদিগকে শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের নিযুক্ত করিবার কথা।]

৩ ধারা। বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব এই আইনের কার্য্যার্থে যে২ স্থান উচিত বোধ করেন সেই২ স্থানে মজুর প্রেরণ কার্য্যের সুপরিন্টেণ্ডেন্টদিগকে এবং পরিদর্শনকারি চিকিৎসকদিগকে নিযুক্ত করিতে পারিবেন। কোন সুপরিন্টেণ্ডেন্ট কি পরিদর্শনকারি চিকিৎসক তদ্রূপে নিযুক্ত হইলে এই আইনক্রমে যে ক্ষমতা ও শক্তি প্রাপ্ত হন তদনুসারে দেশগত যে সীমার মধ্যে কার্য্য করিতে পারিবেন, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব কলিকাতা গেজেটে জ্ঞাপনপত্র প্রকাশ পূর্ব্বক সেই সীমা নিরূপণ করিবেন। দেশগত সেই সীমা তদ্রূপে নির্দ্ধারিত হইলে পর সেই সীমার মধ্যে তিনি ভিন্ন অন্য কোন সুপরিন্টেণ্ডেন্ট কি পরিদর্শনকারি চিকিৎসক, সুপরিন্টেণ্ডেন্টের কি পরিদর্শনকারি চিকিৎসকের প্রতি এই আইনদ্বারা প্রদত্ত কোন ক্ষমতাক্রমে কর্ম্ম করিতে পারিবেন না ইতি।

[কন্ট্রাক্টরের কি মজুরসংগ্রাহকের কর্ম্ম করিবার অনুমতিপত্র না পাইলে মজুরদিগকে যুটাইয়া দিবার করার কি চুক্তি না হইবার কথা ও দণ্ডের কথা।]

৪ ধারা। যদি কোন ব্যক্তি স্বয়ং কন্ট্রাক্টর কি মজুরসংগ্রাহক না হইয়া, কন্ট্রাক্টরব্যতীত উক্ত প্রদেশে বেতনের নিমিত্তে মজুরী করণার্থে ভারতবর্ষীয় কোন লোককে স্থির করেন, এবং কন্ট্রাক্টর না হইয়া যদি কোন ব্যক্তি উক্ত কোন প্রদেশে বেতনের নিমিত্তে পরিশ্রম করিবার জন্যে উক্ত দেশীয় লোকদিগকে যুটাইয়া দিবার কোন চুক্তি করেন কি যুটাইয়া দেন, এবং কন্ট্রাক্টর কি সংগ্রাহক না হইয়া যদি কোন ব্যক্তি পূর্ব্বোক্ত অভিপ্রায়ে উক্ত কোন প্রদেশে যাইবার জন্যে উক্ত দেশীয় কোন ব্যক্তিকে স্থির করিতে চুক্তি করেন কিম্বা উদ্যোগ করেন, তবে উক্ত প্রত্যেক অপরাধের জন্যে সেই ব্যক্তির অর্থদণ্ড হইতে পারিবে, ও দণ্ডের টাকা না দিলে তাঁহার তিন মাস পর্য্যন্ত কারাদণ্ড হইতে পারিবে ইতি

[কন্ট্রাক্টরদিগকে সুপরিন্টেণ্ডেন্টের অনুমতিপত্র দিতে পারিবার কথা।]

৫ ধারা। এই আইনমতে যিনি সুপরিন্টেণ্ডেন্টের পদে নিযুক্ত হন তিনি উক্ত সকল কি কোন কি অন্যতর প্রদেশে বেতনের নিমিত্তে পরিশ্রম করিবার জন্যে লোকদিগকে স্থির করিবার কি যুটাইবার কন্ট্রাক্টরের কর্ম্ম করণার্থে যাঁহাদিগকে উপযুক্ত বোধ করেন তাঁহাদিগকে এই আইনের A চিহ্নিত তফসীলের নির্দ্দিষ্ট পাঠে অনুমতিপত্র দিতে পারিবেন। যে সুপরিন্টেণ্ডেন্ট তদ্রূপ অনুমতিপত্র প্রদান করেন বঙ্গদেশের গবর্ণমেন্ট প্রত্যেক পত্রের জন্যে সময়ে২ এক শত টাকার অনধিক যত ফী নির্দ্ধার্য্য করেন ঐ সুপরিন্টেণ্ডেন্টকে তত দেওয়া

paid to the Superintendent granting the same; and every such license shall be in force for one year and no longer.

[Contractors shall keep up depôts, and receive and maintain laborers therein.]

VI. Every Contractor shall, forthwith upon obtaining his license, unless and until there shall be some central depôt established under the provisions of the next succeeding Section, establish a depôt in a place to be approved of by such Superintendent. Every such depôt shall be maintained by such Contractor for the reception of native inhabitants of India to be supplied or forwarded by or through him. All such native inhabitants shall, on their arrival at or in the neighbourhood of the depôt so established by the Contractor by, through, or for, whom they shall have been engaged or forwarded, or of any such central depôt to be established as is mentioned in the next succeeding Section, be forthwith by such Contractor taken thereto, and shall be received therein, and shall receive in such depôt, at the expense of such Contractor, suitable lodging, food, clothing, and medical attendance, until such native inhabitants shall be declared by the Superintendent to be no longer thereto entitled. Every such depôt as aforesaid shall be under the supervision of the Superintendent, and shall be open to his inspection, and to the inspection of the Medical Inspector at all times, and shall be managed and regulated by the Contractor in accordance with such rules as the Superintendent may, with the sanction of the Lieutenant-Governor of Bengal, from time to time, make and publish in the *Calcutta Gazette* in that behalf.

যাইবে। তদ্রূপ প্রত্যেক অনুমতিপত্র এক বৎসর প্রবল থাকিবে অধিক কাল নয় ইতি।

[কনট্রাক্টরদের আডডা রাখিবার এবং সেই আডডাতে মজুরদিগকে গ্রহণ ও রক্ষা করিবার কথা।]

৬ ধারা। যদি নিম্নলিখিত ধারার বিধানমতে সদর আডডা স্থাপিত না থাকে, তবে যত কাল না হয় তত কাল প্রত্যেক কনট্রাক্টর অনুমতিপত্র প্রাপ্ত হইলেই ঐ সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবের অনুমোদিত স্থানে আডডা করিবেন। উক্ত কনট্রাক্টরকর্ত্তৃক কি তাঁহার দ্বারা ভারতবর্ষীয় যে লোকদিগকে যুটাইয়া দেওয়া যায় কি চালান করা যায় তাঁহাদের থাকিবার জন্যে ঐ কনট্রাক্টর ঐ আডডা রাখিবেন। উক্ত প্রকার যে কনট্রাক্টরের দ্বারা কি যাঁহার নিমিত্তে দেশীয় তদ্রূপ লোকদিগকে স্থির করা গিয়াছে কি পাঠান গিয়াছে তাহারা ঐ কনট্রাক্টরের স্থাপিত আডডাতে কি তাহার নিকটে কিম্বা ইহার অব্যবহিত পশ্চাৎলিখিত ধারামতে যে সদর আডডা স্থাপন করা যাইবে তাহার নিকটে পঁহুছিলে তাহাদিগকে তৎক্ষণাৎ সেই আডডায় লওয়া ও গ্রহণ করা যাইবে এবং তাহারা ঐ কনট্রাক্টরের খরচে সেই আডডার মধ্যে উপযুক্ত বাসা ও গ্রাসাচ্ছাদন ও চিকিৎসা পাইবার স্বত্ববান হইবে, এবং সুপরিন্টেণ্ডেণ্ট যত কাল তাহাদের সেই স্বত্ব রহিত প্রকাশ না করেন তত কাল পর্য্যন্ত তদ্রূপে স্বত্ববান থা[কিবে]। পূর্ব্বোক্ত প্রত্যেক আডডা সুপরিন্টেণ্ডেণ্টের তত্ত্বাধীন হইবে ও তাঁহার এবং পরিদর্শনকারি চিকিৎসকের [পরি]দর্শনার্থে সর্ব্ব সময়ে খোলা থাকিবে এবং উক্ত সুপরিন্টে[ণ্ডে]ণ্ট বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের সম্মতি [ক্রমে] সময়ে২ যে বিধি প্রণয়ন করিয়া কলিকাতা গেজেটে প্রকাশ করেন, কনট্রাক্টর তদনুসারে ঐ আডডার [কার্য্য] ও বিধান করিবেন ইতি

[Power to establish a Central Depôt.]

VII. It shall be lawful to the Lieutenant-Governor of Bengal, if he shall so think fit, by order notified in the *Calcutta Gazette*, to authorize the establishment of a central depôt at such place as he may think proper. Such central depôt shall be constructed and maintained in accordance with such instructions and shall be under the charge of such persons as the said Lieutenant-Governor shall from time to time in that behalf direct. From and after the time that the said Lieutenant-Governor shall, by notification in the *Calcutta Gazette*, declare such central depôt to be ready for the reception of native inhabitants as aforesaid, it shall not be lawful for any Contractor to maintain a depôt under the last preceding Section within such distance of any such central depôt as the Lieutenant-Governor shall, by such order direct. All native inhabitants of India to be supplied or forwarded by any

[সদর আডডা করিবার ক্ষমতার [কথা]।]

৭ ধারা। বঙ্গদেশের শ্রীযুত লেপ্টে[নেণ্ট] গবর্ণর সাহেব যদি বিহিত বোধ করেন, তবে কলি[কাতা] গেজেটে আজ্ঞা প্রচার করিয়া আপনি যে স্থান উ[চিত] বোধ করেন সেই স্থানে সদর আডডা স্থাপ[ন] করিবার ক্ষমতা দিতে পারিবেন। শ্রীযুত লেপ্টেনে[ণ্ট] গবর্ণর সাহেব ঐ সদর আডডানির্ম্মাণের ও তা[হার ব্যয়] চালাইবার বিষয়ে সময়ে২ যে বিধি করেন তা[দনুসারে] উক্ত কার্য্য হইবে, ও তিনি যাঁহারদিগকে অ[ধ্যক্ষতা] কর্ম্মে নিযুক্ত করেন তাঁহারাই অধ্যক্ষ হইবে[ন]। [ঐ] সদর আডডা এতদ্দেশীয় পূর্ব্বোক্ত প্রকার লো[কদি]গের থাকিবার জন্যে প্রস্তুত হইয়াছে, উক্ত লেপ্টেনে[ণ্ট] গবর্ণর সাহেব কলিকাতা গেজেটে যৎকালে [এই] মর্ম্মের জ্ঞাপনপত্র প্রচার করেন, তৎকালাবধি [ঐ] সদর আডডাহইতে যত দূর অন্য আডডা না করিবার আজ্ঞা করেন কোন কনট্রাক্টর ইহার অব্যবহিত পূর্ব্ব ধারামতে সেই সীমার মধ্যে আডডা রাখিতে পারিবেন না। কোন কনট্রাক্টর ভারতবর্ষীয় যে সকল লোককে যুটাইয়া দেন কি চালান করেন, তাহারা সদর আডডায় কি তাহার নিকট পঁহুছিলে, কনট্রাক্টর

Contractor shall and may, on their arrival at or in the neighbourhood of the Central Depôt, be taken by the Contractor thereto subject to such instructions as aforesaid.

[Contractor to give Superintendent such information as he may require.]

VIII. It shall be the duty of every Contractor to afford such information to the Superintendent by whom he is licensed, and to make such returns and reports to him, as such Superintendent, with the sanction of the Lieutenant-Governor of Bengal, may from time to time require; and for the purposes of this Section, every Superintendent shall be deemed to be an officer in the service of Government.

[It shall not be lawful to employ an unlicensed Recruiter or Agent.]

IX. It shall not be lawful to employ any person other than a Recruiter or Contractor to act as an Agent for engaging natives of India to proceed from or through any of the Provinces subject to the Government of Bengal, to any of the said Districts, for the purpose of their laboring for hire, and any person committing a breach of the provisions of this Section shall be liable to fine.

[Superintendent may license Recruiters.]

X. It shall be lawful for any Superintendent to grant, to such persons as he may think fit, licenses, in the form set forth in the Schedule (B) to this Act annexed, to act on behalf of some Contractor as Recruiters for engaging persons to proceed to the said Districts, for the purpose of laboring for hire. For every such license a fee not exceeding sixteen Rupees (the amount of which shall from time to time be fixed by the Government of Bengal) shall be paid to the Superintendent granting the same, and every such license shall be in force for one year and no more.

[Superintendent may cancel the license of a Contractor or Recruiter.]

XI. It shall be lawful for any Superintendent, in case of the misconduct or of the disobedience to or neglect of any of the provisions of this Act by a Contractor or Recruiter, to cancel any license which he may have granted to such Contractor or Recruiter.

[Recruiter to wear a badge.]

XII. Every Recruiter shall wear a badge having legibly inscribed thereupon in the Oordoo and Bengalee languages, the name of the District or Districts to which he is licensed to engage laborers to proceed, and shall hold a written pass signed by the Contractor on whose behalf he is licensed to act.

[*Government Gazette*, 2nd *July* 1867.]

পূর্ব্বোক্ত উপদেশ মানিয়া তাহারদিগকে সেই আডডায় আনিবেন ইতি।

[সুপরিন্টেণ্ডেন্টের যে সন্ধান প্রয়োজন তাহা কন্ট্রাক্টরের দিবার কথা।]

৮ ধারা। কন্ট্রাক্টর যে সুপরিন্টেণ্ডেন্টের স্থানে অনুমতিপত্র প্রাপ্ত হন তিনি সময়েং কোন সন্ধান জানিতে চাহিলে ঐ কন্ট্রাক্টর তাঁহাকে জানাইবেন ও তিনি বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের অনুমতিক্রমে যে রিপোর্ট ও রিটর্ণ চাহেন তাহা দিবেন এবং এই ধারার কার্য্যার্থে প্রত্যেক সুপরিন্টেণ্ডেন্ট গবর্ণমেন্টের কর্ম্মে নিযুক্ত কর্ম্মকারক জ্ঞান হইবেন ইতি।

[যে সংগ্রাহকের কি এজেন্টের অনুমতিপত্র নাই তাঁহাকে কর্ম্ম না দিবার কথা।]

৯ ধারা। যে ব্যক্তি কন্ট্রাক্টর কি সংগ্রাহক না হন, কোন ব্যক্তি তাঁহাকে বেতনের নিমিত্তে মজুরী করিবার জন্যে বঙ্গদেশের গবর্ণমেন্টের অধীন কোন প্রদেশহইতে কি দিয়া উক্ত কোন প্রদেশে গমনার্থ ভারতবর্ষীয় কোন লোকদিগকে স্থির করিবার জন্যে এজেন্টের কর্ম্ম দিবেন না। যদি কোন ব্যক্তি এই ধারার বিধান লঙ্ঘন করেন, তবে তাঁহার অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

[মজুর সংগ্রাহকের অনুমতিপত্র সুপরিন্টেণ্ডেন্টের দিতে পারিবার কথা।]

১০ ধারা। কন্ট্রাক্টরের পক্ষে মজুরসংগ্রাহক হইয়া বেতনের জন্যে মজুরী করিবার লোকদিগকে উক্ত প্রদেশে যাইতে স্থির করিবার কি লওয়াইবার কর্ম্ম করণার্থে সুপরিন্টেণ্ডেন্ট সাহেব যাঁহাদিগকে উপযুক্ত বোধ করেন তাঁহাদিগকে এই আইনের (B) চিহ্নিত তফসীলের লিখিত পাঠে অনুমতিপত্র দিতে পারিবেন। তদ্রূপ প্রত্যেক অনুমতিপত্রের নিমিত্তে বঙ্গদেশের গবর্ণমেন্ট সময়েং ষোল টাকার অনধিক যে হার নিরূপণ করেন তদনুসারে ঐ অনুমতিপত্রদায়ি সুপরিন্টেণ্ডেন্ট সাহেবকে ফী দেওয়া যাইবে ও তদ্রূপ প্রত্যেক অনুমতিপত্র কেবল এক বৎসর বলবৎ থাকিবে অধিক কাল নয় ইতি।

[কন্ট্রাক্টরের কি মজুরসংগ্রাহকের অনুমতিপত্র সুপরিন্টেণ্ডেন্ট সাহেবের রহিত করিতে পারিবার কথা।]

১১ ধারা। যদি কন্ট্রাক্টর কি মজুরসংগ্রাহক অহিতাচার করেন, কিম্বা এই আইনের কোন বিধান অমান্য কি উপেক্ষা করেন, তবে সুপরিন্টেণ্ডেন্ট সাহেব সেই কন্ট্রাক্টরকে কি মজুরসংগ্রাহককে যে অনুমতিপত্র দিয়াছেন তাহা রহিত করিতে পারিবেন ইতি।

[মজুরসংগ্রাহকের চাপরাস পরিতে হইবার কথা।]

১২ ধারা। সকল মজুরসংগ্রাহক চাপরাস পরিবেন। তিনি যে জিলাতে কি যেং জিলাতে মজুরসংগ্রহ করণার্থে গমন করিবার অনুমতি পান, সেই জিলার কি সেইং জিলার নাম ঐ চাপরাসে উর্দ্দু ও বাঙ্গলা ভাষায় সুপাঠ্যরূপে অঙ্কিত থাকিবে ও যে কন্ট্রাক্টরের পক্ষে কর্ম্ম করিতে অনুমতি পান তাঁহার স্বাক্ষরিত একখান লিখিত পাস তাঁহার নিকটে থাকিবে ইতি।

[Recruiter to obtain counter-signature of Magistrate.]

XIII. No Recruiter shall in any District engage or attempt to engage native inhabitants of India to become laborers without having first exhibited his license to the Magistrate in charge of such District and obtained his counter-signature thereon: nor shall he engage or attempt to engage such native inhabitants in the Town of Calcutta, without having first exhibited his license to the Commissioner or Deputy Commissioner of Police for the said Town, and obtained his counter-signature hereon.

[Magistrate to require accommodation to be provided before counter-signing license of Recruiter.]

XIV. No Magistrate, or Commissioner or Deputy Commissioner of Police, to whom any such license shall have been exhibited for counter-signature, shall countersign the same until the Recruiter exhibiting the same shall have satisfied such Magistrate that sufficient accommodation for the native inhabitants of India to be engaged by such Recruiter to become laborers has been provided, and is available; and, subject to the aforesaid provision, every license shall be countersigned which is presented for counter-signature during such time as such license is to be in force.

[Magistrate to have powers of Superintendent over accommodation provided.]

XV. The Magistrate in charge of any District or Sub-Divison of a District in which there may be any such accommodation provided shall have, for the supervision, management, and regulation of such accommodation, all such and the same powers and authorities as are vested in a Superintendent of such Labor Transport, for the supervision, management, and regulation of depôts subject to the powers and authority of such Superintendent.

[Laborer recruited in the Mofussil shall appear before Magistrate for examination and registration. Copy of Register to be sent to the Superintendent.]

XVI. Every native inhabitant of India who shall, in any place within the said Provinces other than the Town of Calcutta, enter into any engagement with a Recruiter to proceed to any of the said Districts for the purpose of laboring for hire, shall appear with the Recruiter before any Magistrate in the District within which the engagement was entered into. Upon so appearing, the Recruiter shall state to such Magistrate the name of the Contractor by whom such Recruiter is employed

[মাজিষ্ট্রেট সাহেবকর্তৃক তাঁহার অনুমতিপত্র স্বাক্ষরিত হইবার কথা।]

১৩ ধারা। মজুরসংগ্রাহক যে জিলাতে মজুরসংগ্রহ করিতে যান সেই জিলার মাজিষ্ট্রেট সাহেবকে আপনার অনুমতিপত্র না দেখাইলে, ও মাজিষ্ট্রেট সাহেব তাহাতে স্বাক্ষর না করিলে সেই জিলার মধ্যে ভারতবর্ষীয় ব্যক্তিদিগকে মজুরী করিবার জন্যে স্থির করিবেন না ও করিবার উদ্যোগ করিবেন না। কলিকাতা নগরের পোলীসের কমিস্যনর কি ডেপুটী কমিস্যনর সাহেবকে আপনার অনুমতিপত্র না দেখাইলে ও তিনি তাহাতে স্বাক্ষর না করিলে ঐ মজুরসংগ্রাহক কলিকাতা নগরেও তদ্দেশীয় লোকদিগকে মজুরী করিতে স্থির করিবেন না ও করিবার উদ্যোগ করিবেন না ইতি।

[মজুরসংগ্রাহকের অনুমতিপত্রে স্বাক্ষর করিবার পূর্ব্বে মজুরদের থাকিবার স্থান করিতে মাজিষ্ট্রেট সাহেবের আজ্ঞা করিবার কথা।]

১৪ ধারা। কোন মজুরসংগ্রাহক আপনার অনুমতিপত্র মাজিষ্ট্রেট সাহেবের কিম্বা পোলীসের কমিস্যনর কি ডেপুটী কমিস্যনর সাহেবের নিকটে স্বাক্ষর করাইবার জন্যে আনিলে, সেই মজুরসংগ্রাহক ভারতবর্ষীয় যে ব্যক্তিদিগকে মজুরী করিতে স্থির করেন, তাহাদের অক্লেশে থাকিবার স্থান প্রস্তুত আছে, যদি উক্ত সাহেবেরদের হৃদ্বোধমতে ইহা জ্ঞাত না করেন, তবে তাঁহারা ঐ অনুমতিপত্রে স্বাক্ষর করিবেন না। উক্ত নিয়ম পালন হইলে, অনুমতিপত্র যত কাল প্রবল থাকে তত কালের মধ্যে স্বাক্ষর করিবার জন্যে তাহা উপস্থিত করা গেলে, তাহাতে স্বাক্ষর করা যাইবে ইতি।

[থাকিবার স্থানের উপর মাজিষ্ট্রেটের প্রতি সুপরিণ্টেণ্ডেণ্টের ক্ষমতা থাকার কথা।]

১৫ ধারা। সুপরিণ্টেণ্ডেণ্টের শক্তি ও ক্ষমতাধীন স্থানে মজুরদের থাকিবার স্থানের তত্ত্বাবধারণ ও কর্ম্মসম্পাদন ও বিধান করণার্থে মজুর চালান করিবার সুপরিণ্টেণ্ডেণ্টের যে শক্তি ও ক্ষমতা আছে, পূর্ব্বোক্তরূপ থাকিবার স্থান যে জিলার কি জিলার যে বিভাগের মধ্যে থাকে, তথায় যে মাজিষ্ট্রেটের কর্তৃত্ব আছে তিনিও সেই আড্ডার তত্ত্বাবধারণ ও কর্ম্মসম্পাদন ও বিধান করণার্থ তত্তুল্য শক্তি ও ক্ষমতাপ্রাপ্ত হইবেন ইতি।

[মফঃসল দেশে যে মজুরকে স্থির করা যায় তাহাকে জিজ্ঞাসাবাদ করিবার ও তাহার নাম রেজিষ্টরী হইবার জন্যে মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে উপস্থিত হইবার কথা ও সুপরিণ্টেণ্ডেণ্টের নিকটে রেজিষ্টরের নকল পাঠাইবার কথা।]

১৬ ধারা। ভারতবর্ষীয় কোন ব্যক্তি যদি কলিকাতা নগরভিন্ন উক্ত কোন প্রদেশে বেতনের জন্যে পরিশ্রম করিবার নিমিত্তে গমন করিতে মজুরসংগ্রাহকের সঙ্গে করার করে, তবে মজুর যে জিলার মধ্যে করার করিয়াছে সেই জিলার মাজিষ্ট্রেট সাহেবের নিকটে ঐ মজুরসংগ্রাহকের সঙ্গে গমন করিবে। মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে উপস্থিত হইলে, ঐ মজুরসংগ্রাহক যে কন্ট্রাক্টরের নিকট কর্ম্ম করে ও এদেশীয় উক্ত ব্যক্তিকে যাহার নিকট পাঠান যাইবে, মজুরসংগ্রাহক মাজিষ্ট্রেট সাহেবকে তাঁহার নাম জানাইবেন। পরে এত-

and to whom such native inhabitant is to be forwarded, and such Magistrate shall thereupon examine such native inhabitant with reference to his proposed contract to labor and the Contractor to whom he is to be forwarded; and if it appears that he understands the nature of his proposed contract as regards the locality, period, and nature of service and minimum of wages, and that he is willing to fulfil the same, the Magistrate shall register, in a book to be kept for the purpose in such form as the Lieutenant-Governor of Bengal shall prescribe, the name, of such native inhabitant and the depôt to which it is intended he shall proceed; but if the Magistrate shall be of opinion that such native inhabitant does not understand the nature of his proposed contract, or that he has been recruited by fraud or misrepresentation, he shall refuse to register the name of such native inhabitant. An authentic copy of every registration made under this Section shall be forthwith forwarded by the Magistrate to the Superintendent within the local limits of whose authority the depôt to which such native inhabitant is about to proceed may be situate.

[Penalty on Recruiter inducing by misrepresentation laborers to engage.]

XVII. If, upon any examination made in accordance with the last preceding Section, it shall appear that the person so examined has been recruited by means of any fraud or misrepresentation, it shall be lawful for such Magistrate to fine the Recruiter by whom such person shall have been brought before such Magistrate, and by or out of such fine to defray the expense of sending such person to the place in which he usually resided.

[Registration of laborers coming from a District not within Bengal.]

XVIII. Every native inhabitant of India who shall be by any Recruiter brought or induced to come from any Province or District not under the control of the Lieutenant-Governor of Bengal, for the purpose of entering into a contract in a District under such control, shall be taken by the Recruiter, for the purpose of registry under Section XVI of this Act, before a Magistrate exercising jurisdiction within the District subject to the control of the Lieutenant-Governor of Bengal, into which such native inhabitant shall first come after having been recruited.

[Registration of laborers recruited in Calcutta.]

XIX. Every native inhabitant of India who shall, in the Town of Calcutta, enter into any engagement with a Contractor or

দেশীয় ঐ ব্যক্তি পরিশ্রম করিবার যে চুক্তি দিতে চাহিয়াছে, এবং তাহাকে যে কন্‌ট্রাক্টরের নিকটে পাঠাইতে হইবে এই২ বিষয় তাহাকে জিজ্ঞাসা করিবেন। এবং সেই ব্যক্তি যে স্থানে যাইবে, ও তথায় যত কাল থাকিবে ও তাহার যে প্রকারের কর্ম্ম করিতে হইবে, ও ন্যূনকল্পে যে বেতন পাইবে এই২ বিষয় সম্পর্কে আপনার প্রস্তাবিত চুক্তির ভাব বুঝিয়াছে, ও তদনুসারে কার্য্য করিতে ইচ্ছুক হইয়াছে, মাজিষ্ট্রেট সাহেব ইহা জ্ঞান করিলে তাহার নাম ও তাহাকে যে আড্ডাতে পাঠাইবার অভিপ্রায় থাকে সেই আড্ডার নাম একখান বহীতে রেজিস্টর করিবেন। মাজিষ্ট্রেট সাহেব উক্ত কথা লিখিবার বহী রাখিয়া বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব যে পাঠ নির্দ্দিষ্ট করেন সেই পাঠে তাহাতে লিখিবেন। কিন্তু মজুর ঐ করারের মর্ম্ম বুঝিতে পারে নাই, কিম্বা প্রতারণা করিয়া কি ভুলাইয়া তাহার সঙ্গে সেই করার হইয়াছে ম্যাজিষ্ট্রেট সাহেব যদি ইহা বোধ করেন, তবে সেই ব্যক্তির নাম রেজিস্টর করিবেন না। উক্ত ব্যক্তি যে আড্ডাতে যাইবে সেই আড্ডা যে সুপরিন্টেণ্ডেণ্টের সীমার অন্তর্গত থাকে, মাজিষ্ট্রেট সাহেব এই ধারামতের সকল রেজিস্টরী কথার প্রতিলিপিতে স্বাক্ষর করিয়া অগৌণে তাঁহারই নিকটে পাঠাইবেন ইতি।

[মজুরসংগ্রাহক মিথ্যা সন্ধান দ্বারা মজুরদিগকে অঙ্গীকার করাইলে তাহার দণ্ডের কথা।]

১৭ ধারা। ইহার পূর্ব্ব ধারামতে উক্ত ব্যক্তির নিকটে জিজ্ঞাসাবাদ হইয়া কোন প্রতারণা কি অযথার্থ বর্ণন দ্বারা তাহাকে আনা গিয়াছে ইহা যদি প্রকাশ পায় তবে যে মজুরসংগ্রাহকের দ্বারা ঐ মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে ঐ ব্যক্তিকে আনা গেল, মাজিষ্ট্রেট সাহেব তাহার অর্থদণ্ড করিয়া, সেই টাকাহইতে ঐ ব্যক্তিকে আপনার নিয়ত বাসস্থানে পাঠাইবার খরচ দিবেন ইতি।

[যে মজুরেরা বঙ্গদেশের বহির্ভূত কোন জিলা হইতে আইসে, তাহাদের রেজিস্টরী করিবার কথা।]

১৮ ধারা। ভারতবর্ষীয় যে ব্যক্তি বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের কর্ত্তৃত্বের অনধীন কোন প্রদেশ কি জিলাহইতে ঐ কর্ত্তৃত্বাধীন কোন জিলাতে মজুরী করিবার চুক্তি করণার্থে কোন মজুরসংগ্রাহককর্ত্তৃক আনীত হয় কি আসিতে প্রবর্ত্তনা পায় ঐ মজুর চুক্তি করণানন্তর বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের কর্ত্তৃত্বাধীন যে জিলাতে প্রথম প্রবেশ করে, মজুর সংগ্রাহক তাহাকে এই আইনের ১৬ ধারামতে রেজিস্টরী করাইবার জন্যে সেই জিলার আধিপত্যকারি কোন মাজিষ্ট্রেটের সম্মুখে উপস্থিত করিবেন ইতি।

[কলিকাতায় যে মজুরদিগকে সংগ্রহ করা যায় তাহাদের রেজিস্টর করণের কথা।]

১৯ ধারা। ভারতবর্ষীয় যে কোন ব্যক্তি কলিকাতা নগরের মধ্যে কোন কনট্রাক্টরের কি মজুর সংগ্রাহকের সঙ্গে এই আইনমতে কোন চুক্তি করিবার অভি-

Recruiter to proceed to any depôt for the purpose of making any contract under this Act, shall within forty-eight hours after making such engagement, appear with such Contractor or Recuiter before the Superintendent having authority in the said Town. Upon so appearing, such Contractor or Recruiter shall state to the Superintendent to what depôt he intends that such native inhabitant shall proceed, and the Superintendent shall threupon examine such native inhabitant with reference to his engagement; and if it appears that the understands the nature of the proposed contract, and that he is willing to enter into the same, the Superintendent shall register the name of such native inhabitant and the depôt to which it is intended he shall proceed, in a book to be kept for the purpose in such form as the Lieutenant-Governor of Bengal shall prescribe; but if the Superintendent shall be of opinion that such native inhabitant does not understand the nature of his proposed contract or that he has been recruited by any fraud or misrepresentation, the Superintendent shall refuse to register the name of such person.

প্রায়ে কোন আডডায় যাইবার জন্যে করার করে, সেই ব্যক্তি উক্ত করার করিবার পর আটচল্লিশ ঘন্টার মধ্যে উক্ত কন্‌ট্রাক্টরের কি সংগ্রাহকের সঙ্গে উক্ত নগরের ক্ষমতাপন্ন সুপরিন্টেণ্ডেণ্টের সম্মুখে উপস্থিত হইবে। উপস্থিত হইলে, ঐ কনট্রাক্টর কি মজুর-সংগ্রাহক উক্ত ব্যক্তিকে যে আডডাতে চালান করাইতে মনস্থ করেন, তাহা সুপরিন্টেণ্ডেণ্টকে জ্ঞাত করিবেন। তাহাতে সুপরিন্টেণ্ডেণ্ট ঐ করার বিষয়ে ঐ ব্যক্তিকে জিজ্ঞাসাবাদ করিবেন, ও সে যে করার করিতে চাহে তাহার ভাব বুঝিয়াছে ও তদনুসারে কার্য্য করিতে ইচ্ছুক আছে ইহা বোধ করিলে তিনি সেই ব্যক্তির নাম ও তাহাকে যে আডডাতে চালান করিবার মনস্থ থাকে সেই আডডার নাম লিখিবার এক বহীতে লিখিবেন। ঐ কথা যে পাঠে লিখিতে হইবে তাহা বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব নিরূপণ করিবেন। কিন্তু যে করার করিতে হইবে সেই ব্যক্তি ঐ করারের মর্ম্ম বুঝিতে পারে নাই, কিম্বা তাহাকে প্রতারণার দ্বারা কি ভুলাইয়া সেই করার করিতে প্রবৃত্তি দেওয়া গিয়াছে, ইহা যদি বোধ করেন, তবে তিনি সেই ব্যক্তির নাম রেজিস্টর করিতে অস্বীকার করিবেন ইতি।

[Penalty for forwarding laborers or allowing them to go without being duly registered, &c.]

XX. Every Contractor or Recruiter who shall forward or send any native inhabitant of India from the District or Town in which he may have been recruited until he shall have been duly registered according to the provisions contained in Sections XVI and XIX; or who shall induce or knowingly permit any such native inhabitant to leave such District or Town, for the purpose of proceeding to any of the said Districts without being so duly registered; and every Contractor or Recruiter who shall forward, send, induce, or knowingly permit any such native inhabitant to proceed to any depôt other than the depôt registered under those Sections, or a Central Depôt under this Act, shall be liable to a fine for every such native inhabitant so forwarded or sent, or induced or permitted.

[মজুরদিগকে উপযুক্তমতে রেজিস্টরপ্রভৃতি না করিয়া পাঠাইবার কি যাইতে দিবার দণ্ডের কথা।]

২০ ধারা। ভারতবর্ষীয় কোন ব্যক্তিকে যে জিলাতে কি নগরে গ্রহণ করা যায় এই আইনের ১৬ ও ১৯ ধারার বিধানমতে তাহার নাম উপযুক্তরূপে রেজিস্টর না হইলেও, যদি কোন কন্‌ট্রাক্টর কি সংগ্রাহক তাহাকে তথাহইতে চালান করেন কি পাঠান, কিম্বা তাহাকে ঐ জিলা কি নগরহইতে উক্ত কোন প্রদেশে যাইতে প্রবৃত্তি দেন, কি জানিয়াশুনিয়া অনুমতি দেন, এবং উক্ত দুই ধারামতে যে আডডা রেজিস্টর হইয়াছে যদি কোন কনট্রাক্টর কি মজুরসংগ্রাহক তদ্ভিন্ন কিম্বা এই আইনমত কোন সদর আডডা ভিন্ন অন্য আডডায় কোন ব্যক্তিকে চালান করেন কি পাঠান, কিম্বা গমন করিতে প্রবৃত্তি দেন কি জানিয়া শুনিয়া অনুমতি দেন, তবে তদ্রূপ যত ব্যক্তিকে চালান করেন কি পাঠান, কি যাইতে প্রবৃত্তি কি অনুমতি দেন, তাহাদের জনপ্রতি ঐ ব্যক্তি অর্থদণ্ডের যোগ্য হইবেন ইতি।

[Laborers shall be accompanied to depôt by Recruiter or person approved by Magistrate. Recruiter to provide suitable food and lodging, &c.]

XXI. All native inhabitants of India engaged by any Contractor or Recruiter to proceed to any of the said Districts shall, after they have been registered as aforesaid, and while they are proceeding to a depôt, be accompanied throughout the journey, either by the Contractor or Recruiter himself, or by a competent person appointed by him with the approval of the Magistrate by whom such native inhabitants may have been registered. Every Contractor or Recruiter by or through whom such

[মজুরদের সঙ্গে সংগ্রাহকের কিম্বা মাজিষ্ট্রেট সাহেবের গ্রাহ্য ব্যক্তির আডডাপর্য্যন্ত যাইতে হইবার কথা, ও উপযুক্ত আহারীয় দ্রব্য ও বাসস্থানাদি সংগ্রাহকের দিতে হইবার কথা।]

২১ ধারা। কোন কনট্রাক্টর কি মজুরসংগ্রাহক উক্ত প্রদেশে যাইবার জন্যে ভারতবর্ষীয় যে সকল ব্যক্তিকে স্থির করিয়াছেন পূর্ব্বোক্তমতে রেজিস্টর করা গেলে পর তাহারা যে সময়ে আডডাতে গমন করে সেই সময়ে সেই কনট্রাক্টর কিম্বা সংগ্রাহক আপনি কিম্বা আপনার নিযুক্ত যে ব্যক্তিকে ঐ লোকদের রেজিস্টর-কারক মাজিষ্ট্রেট সাহেব উপযুক্ত বলিয়া গ্রাহ্য করেন সেই ব্যক্তি ঐ লোকদের সঙ্গে২ সমস্ত পথ যাইবে। যে কনট্রাক্টর কি সংগ্রাহক দ্বারা ঐ লোকদিগকে কোন আডডাতে চালান করা যায়, তাঁহার সেই

native inhabitants may be forwarded to a depôt, shall, throughout their journey, provide them with proper and suitable lodging and food. Whenever any such native inhabitant shall not be so provided with lodging or food, the Contractor or Recruiter shall, whether he may or may not have personally accompanied such native inhabitant, be liable to fine.

[Contractor to give to the Superintendent notice of arrival of laborers at depôt. Medical Inspector to inspect laborers on arrival.]

XXII. Every Contractor shall, within twenty-four hours after the arrival at any depôt of any native inhabitant of India forwarded to him for the purpose of proceeding to any of the said districts, give to the Superintendent a notice in writing of such arrival, which notice shall be in such form and shall contain such particulars as the Superintendent shall prescribe. Every such native inhabitant shall, as soon as may be after his arrival, be examined by the Medical Inspector, who shall give to the Superintendent a certificate of the state of health of every such native inhabitant examined.

[If unable to proceed to Assam, &c., from bad health, Contractor to send laborer back to where he was registered.]

XXIII. If the Medical Inspector shall certify that any native inhabitant so examined is in such state of health that his journey to any of the said Districts would be dangerous to himself or to others, the Superintendent may order the Contractor by whom such laborer may have been taken to such depôt to pay to such native inhabitant such sum as shall to the Superintendent seem necessary, to enable him to return to the place at which he was registered. Provided always that any such native inhabitant who, from his state of health, is, in the Medical Inspector's opinion, unfit to undertake the journey back to the place where he was registered, shall, until he is reported by the Medical Inspector fit to undertake such journey, be fed, clothed, and lodged by and at the expense of such Contractor, in the depôt.

[Superintendent to examine all laborers as to their treatment on their journey.]

XXIV. If upon the arrival of any native inhabitant at a depôt it shall appear to the Superintendent that such native inhabitant has suffered any ill-treatment on the journey, the Superintendent may cause him to be removed from the depôt, and may thereupon order the Contractor, by or from whom such native inhabitant shall have been taken to such depôt, to pay him such sum of money as to the Superintendent

মজুরদের গমনীয় সমস্ত পথে উপযুক্ত বাসা ও আহারাদি পাইবার নিয়ম করিতে হইবে। যদি উক্ত কোন লোক উপযুক্ত বাসা কি আহারাদি না পায়, তবে কনট্রাকুটর কিম্বা মজুরসংগ্রাহক আপনি তাহাদের সঙ্গে গেলে কি না গেলেও তিনি অর্থদণ্ডের যোগ্য হইবেন ইতি।

[মজুরেরা আডডাতে পঁহুছিলে পর সুপরিন্টেণ্ডেন্ট সাহেবকে কনট্রাকুটরের সম্বাদ দিবার কথা, ও তাহাদিগকে চিকিৎসকের দৃষ্টি করিতে হইবার কথা।]

২২ ধারা। ভারতবর্ষীয় যে লোকদিগকে উক্ত প্রদেশে যাইবার নিমিত্তে কনট্রাকুটরের নিকটে পাঠান যায় কনট্রাকুটরের আডডায় পঁহুছিলে পর ২৪ ঘন্টার মধ্যে তিনি সুপরিন্টেণ্ডেন্ট সাহেবকে তাহাদের পঁহুছিবার সম্বাদ লিখিয়া জানাইবেন। সুপরিন্টেণ্ডেন্ট সাহেব যে পাঠ ও পত্রে যে বৃত্তান্ত লিখিবার আজ্ঞা করেন তদনুসারে ঐ জ্ঞাপনপত্র লিখিতে হইবে। ঐ লোক পঁহুছিলে পর চিকিৎসক সাধ্যমতে ত্বরায় তাহাদের প্রত্যেক জনকে দৃষ্টি করিয়া যত লোককে দৃষ্টি করেন সুপরিন্টেণ্ডেন্ট সাহেবকে সেই প্রত্যেক জনের স্বাস্থ্যের কি অস্বাস্থ্যের সর্টিফিকট দিবেন ইতি।

[মজুর অস্বাস্থ্য প্রযুক্ত আসাম প্রভৃতি স্থানে যাইতে না পারিলে, যে স্থানে রেজিস্টর হইয়াছিল সেই স্থানে তাহাকে কনট্রাকুটরের পাঠাইতে হইবার কথা।]

২৩ ধারা। এতদ্দেশীয় যে লোকদের তদ্রূপ পরীক্ষা হইয়াছে, তাহাদের মধ্যে কেহ অস্বাস্থ্য প্রযুক্ত উক্ত কোন জিলাতে গমন করিলে তাহার নিজের কি অন্য কোন ব্যক্তির বিপত্তি জন্মিতে পারে, চিকিৎসক এই মর্ম্মের সর্টিফিকট দিলে, ঐ লোক যে কনট্রাকুটরের দ্বারা আডডায় আনীত হইয়াছে সুপরিন্টেণ্ডেণ্ট সাহেব তাঁহাকে আজ্ঞা করিবেন যে, ঐ লোক যে স্থানে রেজিস্টর হইয়াছিল সেই স্থানে ফিরিয়া যাইবার জন্যে সুপরিন্টেণ্ডেন্ট সাহেব যত টাকা আবশ্যক বোধ করেন ঐ কনট্রাকুটর তাহাকে তত টাকা দেন। পরন্তু যদি কোন লোক চিকিৎসকের বিবেচনামতে অস্বাস্থ্য প্রযুক্ত রেজিস্টরী করিবার স্থানে ফিরিয়া যাইতে অক্ষম হয়, তবে চিকিৎসক যদবধি তাহাকে ঐ যাত্রায় যাইবার যোগ্য প্রকাশ না করেন, তদবধি ঐ মজুর ঐ আডডাতে থাকিতে পাইবে, ও ঐ কনট্রাকটরের দ্বারা ও তাঁহার খরচে আহার ও বস্ত্র ও বাসা পাইতে পারিবে ইতি।

[ঐ সকল মজুরদের ব্যবহার প্রভৃতির বিষয়ে সুপরিন্টেণ্ডেন্ট সাহেবের জিজ্ঞাসাবাদ করিবার কথা।]

২৪ ধারা। এদেশীয় কোন লোক আডডায় পঁহুছিলে যদি সুপরিন্টেণ্ডেন্ট সাহেব দেখিতে পান যে পথে তাহারদের প্রতি কষ্ট ব্যবহার হইয়াছে, তবে সুপরিন্টেণ্ডেন্ট সাহেব তাহাকে আডডাহইতে স্থানান্তরে রাখিতে পারিবেন, ও যে কনট্রাকটরের দ্বারা কি যাহার নিকট হইতে ঐ লোককে ঐ আডডাতে আনা গিয়াছে সুপরিন্টেণ্ডেন্ট সাহেবের বিবেচনামতে ঐ লোকের ক্ষতিপূরণের মত টাকা যুক্তিসিদ্ধ বোধ হয় কিম্বা রেজিস্টরী হইবার স্থানে ঐ লোকের ফিরিয়া

hall seem reasonable by way of compensation, or such sum as to the Superintendent shall seem necessary in order to enable such native inhabitant to return to the place where he was registered. In the latter case the native inhabitant shall not be bound to enter into a contract.

[Every laborer to enter into a written contract to serve for some period not exceeding three years.]

XXV. It shall not be lawful for any native inhabitant of India to be conveyed from any depôt to any of the said Districts unless and until he shall have entered into a duly registered contract with some person, to serve such person there for a fixed period, which shall in no case exceed the term of three years. Every such contract shall be reduced to writing, and shall specify the rate of wages, the period of service, and the name of the District in which the service is to be performed, and the price at which rice is to be supplied to the laborer, and shall be in such form as the Lieutenant-Governor of Bengal shall prescribe.

[Contract to be explained by Superintendent and executed in duplicate, and abstract to be entered in a book by Superintendent.]

XXVI. Every such contract shall, in the presence of the Superintendent, be signed in duplicate both by such native inhabitant and by the person with whom he intends to contract or his Agent. Before such native inhabitant signs the contract, the Superintendent shall personally explain it to him, and shall attest such contract and certify at the foot thereof that he has personally explained the same. An abstract of every such contract shall be entered by the Superintendent in a Register to be kept by him for the purpose: and after such abstract has been so entered, one of the duplicates so duly signed and attested as hereinbefore provided shall be given to the laborer, and the other to the person with whom he has contracted or his Agent.

[Penalty on laborer refusing to execute contract.]

XXVII. If any native inhabitant of India who may, under the provisions hereinbefore contained, have been received into any depôt shall, without reasonable cause, refuse to execute such contract as shall be tendered to him for execution in conformity with the provisions of the last preceding Section, such native inhabitant shall be punished with a fine equal in amount to the entire cost incurred by or on behalf of such Contractor in and about bringing such native inhabitant to such depôt, and in default of payment of such fine, with imprisonment with or without hard labor which may

যাইতে যত টাকা আবশ্যক হয় সেই লোককে ঐ কনট্রাকটরের তত টাকা দিতে আজ্ঞা করিবেন। শেষোক্ত স্থলে ঐ এদেশীয় লোক মজুরি করিবার চুক্তি করিতে বদ্ধ হইবে না ইতি।

[প্রত্যেক মজুরের তিন বৎসরের অনধিককাল কর্ম্ম করিবার চুক্তি লিখিয়া দিবার কথা।]

২৫ ধারা। ভারতবর্ষীয় কোন লোক উক্ত প্রদেশস্থ কোন ব্যক্তির নিকটে নিরূপিত কতক কালপর্য্যন্ত কর্ম্ম করিতে তাঁহার সঙ্গে উপযুক্তমত রেজিস্টরী করা চুক্তি না করিলে, তাহাকে কোন আডডাহইতে উক্ত কোন জিলাতে বেতনের জন্যে মজুরী করণার্থে চালান করা যাইতে পারিবে না। কিন্তু তিন বৎসরের অধিক মিয়াদের চুক্তি হইবে না। তদ্রূপ প্রত্যেক চুক্তি লিখিয়া দেওয়া যাইবেক, ও মজুর যে হিসাবে বেতন পাইবে, ও তাহার যত কাল কর্ম্ম করিতে হইবে, ও যে জিলার মধ্যে মজুরী করিবে তাহার নাম ও তাহাকে যে দরে চাউল দেওয়া যাইবে, এই সকল কথা বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব যে পাঠ নির্দ্দিষ্ট করেন সেই পাঠে লেখা যাইবে ইতি।

[সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবের ঐ চুক্তির অর্থ করিয়া দিতে, ও তাহার দুই খান করিতে ও সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবের বহীতে তাহার চুম্বক লিখিতে হইবার কথা।]

২৬ ধারা। উক্ত এদেশীয় লোক ও সে যাঁহার সঙ্গে চুক্তি করিবে তিনি কি তাঁহার এজেন্ট, সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবের সাক্ষাতে সেই চুক্তিপত্রের দুই খানায় স্বাক্ষর করিবেন। ঐ লোকের সেই চুক্তিপত্রে স্বাক্ষর করিবার পূর্ব্বে, সুপরিন্টেণ্ডেণ্ট সাহেব আপনি তাহাকে তাহার মর্ম্ম বুঝাইয়া দিবেন, ও সাক্ষিস্বরূপে তাহাতে স্বাক্ষর করিবেন, এবং আপনি তাহার মর্ম্ম বুঝাইয়া দিয়াছেন ঐ চুক্তিপত্রের তলভাগে এই মর্ম্মের সার্টিফিকট লিখিবেন। সুপরিন্টেণ্ডেণ্ট সাহেব তদ্রূপ প্রত্যেক চুক্তিপত্রের চুম্বক লিখিবার জন্যে একখান রেজিস্টর বহী রাখিয়া তাহাতে ঐ চুম্বক লিখিবেন। লিখিলে পর পূর্ব্বোক্তমতে উপযুক্তরূপে স্বাক্ষরিত ও আপনার স্বাক্ষর করা ঐ চুক্তিপত্রের এক খান ঐ মজুরকে দেওয়া যাইবে, ও সে যে ব্যক্তির সঙ্গে করার করিয়াছে তাঁহাকে কি তাঁহার এজেন্টকে অন্য খান দেওয়া যাইবে ইতি।

[মজুর চুক্তিপত্র সম্পাদন করিতে স্বীকার না করিলে, তাহার দণ্ডের কথা।]

২৭ ধারা। ভারতবর্ষীয় কোন ব্যক্তি পূর্ব্ব লিখিত বিধানমতে কোন আডডাতে গৃহীত হইলে পর, ইহার পূর্ব্ব ধারার বিধানমতে স্বাক্ষর করিবার জন্যে কোন চুক্তিপত্র তাহার নিকটে আনা গেলে যদি যুক্তিসিদ্ধ কোন কারণ না থাকিতেও সে তাহাতে স্বাক্ষর করিতে স্বীকার না করে, তবে এদেশীয় সেই ব্যক্তিকে ঐ আডডায় আনিতে ও তৎসম্পর্কে কনট্রাকটরের কি তাঁহার পক্ষে সর্ব্বসুদ্ধ যত টাকা খরচ হইয়াছে, ঐ ব্যক্তির তত টাকা অর্থদণ্ড হইবে, যদি সেই দণ্ডের টাকা না দেয়, তবে কঠিন পরিশ্রম সহিত কি ব্যতিরেক তাহার দুই মাস কারাদণ্ড হইবে, ও তৎকালাবধি তাহাকে ঐ আডডাহইতে বাহির করিয়া দেওয়া যাইবে। ঐ ব্যক্তির স্থানে যে দণ্ডের টাকা লওয়া যায়, যে কন্-

extend to two months, and such native inhabitant shall forthwith be discharged from such depôt. Every fine levied under the provisions of this Section shall be paid to the Contractor by whom or on whose behalf the person from whom such fine shall have been levied may have been received into such depôt.

ট্রাক্টরের দ্বারা কি যাঁহার পক্ষে তাহাকে ঐ আড্ডা-তে আনা গিয়াছে, এই ধারামত আদায় করা দণ্ডের টাকা সেই কনট্রাক্টরকে দেওয়া যাইবে ইতি।

[Penalty on contractor not providing an employment for laborer.]

XXVIII. If within thirty days after the arrival of any native inhabitant of India at a depôt, the Contractor by whom or on whose behalf such native inhabitant shall have been received into such depôt, shall not tender to him for execution such contract as under the provisions of the preceding Sections he would be bound to execute, the Superintendent may order the Contractor to pay such native inhabitant such sum of money as to the Superintendent shall seem necessary to enable such native inhabitant to return to the place where he was registered, and in such case such native inhabitant shall not be bound to execute any contract.

[কন্ট্রাক্টর মজুরের কর্ম্মের বিধান না করিলে তাঁহার দণ্ডের কথা।]

২৮ ধারা। ভারতবর্ষীয় কোন লোক আড্ডায় পঁহুছিলে পর, পূর্ব্বোক্ত ধারার বিধানমতে তাহার যে চুক্তিপত্রে স্বাক্ষর করিতেই হইবে, যাহার দ্বারা কি যাঁহার পক্ষে তাহাকে সেই আড্ডায় আনা গেল যদি সেই কন্ট্রাক্টর তাহার পঁহুছিবার পর ত্রিশ দিনের মধ্যে তাহার স্বাক্ষর করিবার জন্যে সেই চুক্তিপত্র না দেন, তবে ঐ লোককে যে স্থানে রেজিষ্টর করা গেল তাহার সেই স্থানে ফিরিয়া যাইবার জন্যে সুপরিণ্টেণ্ডেণ্টের বিবেচনায় যত টাকা আবশ্যক হয়, তিনি ঐ লোককে কন্ট্রাক্টরের তত টাকা দিতে আজ্ঞা করিবেন, তাহা হইলে ঐ এদেশীয় লোক কোন চুক্তিতে স্বাক্ষর করিতে আবদ্ধ হইবে না ইতি।

[Power to enforce payment of monies ordered by Superintendent to be paid.]

XXIX. If any Contractor who may be ordered under the provisions of Sections XXIII, XXIV, or XXVIII to pay any sum of money, shall, for twenty-four hours, omit to comply with such order, it shall be lawful for the Superintendent to advance the amount so ordered to be paid to the person named in such order, and to recover from such Contractor the sum so advanced with interest at the rate of twelve per cent per annum from the date of such advance, and no further proof shall be required by any Court in any suit for the recovery of money so advanced, than that the Superintendent made such order as aforesaid, and advanced the money as aforesaid.

[সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেব যে টাকা দিবার আজ্ঞা করেন তাহা না দেওয়া গেলে বলপূর্ব্বক গ্রহণের কথা।]

২৯ ধারা। কোন কন্ট্রাক্টরকে ২৩, ২৪, কি ২৮ ধারার বিধানমতে টাকা দিবার আজ্ঞা হইলে, যদি চব্বিশ ঘণ্টার মধ্যে তিনি সেই আজ্ঞামতে কার্য্য না করেন, তবে ঐ আজ্ঞাতে ঐ টাকা যাহাকে দিবার কথা ব্যক্ত হইল সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেব আপনি তাহাকে সেই টাকা আগাম দিবেন, এবং টাকা দিবার তারিখ অবধি বৎসর শতকরা ১২ টাকার হিসাবে সুদসুদ্ধ কন্ট্রাক্টরের স্থানে লইবেন। সেই আগাম দেওয়া টাকা আদায় করিবার মোকদ্দমা হইলে, সুপরিণ্টেণ্ডেণ্ট পূর্ব্বোক্ত আজ্ঞা করিয়াছিলেন ও পূর্ব্বোক্ত টাকা আগাম দিয়াছিলেন, আদালতে এতদ্ভিন্ন অধিক প্রমাণ দিবার আজ্ঞা হইবে না ইতি

[Power to fix daily task.]

XXX. It shall be lawful for every employer to fix the daily tasks to be executed by the laborers employed by such employer, and to frame a Schedule of such daily tasks, and to publish the same by posting a copy thereof in the Bengalee language upon the door of each place of payment of the laborers employed by such employer, and by sending a copy thereof in the English language to the Inspector.

[প্রতি দিনের কর্ম্ম নিরূপণ করিবার ক্ষমতার কথা।]

৩০ ধারা। যে মুনিব যে মজুরদিগকে কর্ম্ম দেন, তাহারদের দিন২ যত কায করিতে হইবে, ঐ মুনিব তাহা নিরূপণ করিয়া, প্রতিদিনের কাযের এক তফসীল প্রস্তুত করিয়া ঐ মুনিবের মজুরদিগের বেতন যে স্থানে দেওয়া গিয়া থাকে সেই স্থানের দ্বারে বাঙ্গলা-ভাষায় ঐ তফসীলের নকল লটকাইয়া রাখিবেন। এবং ইংরেজী ভাষাতে তাহার প্রতিলিপি ইনস্পেকটর সাহেবের নিকটে পাঠাইবেন

[On complaint of any laborer, Inspector to submit Schedule to a Committee.]

XXXI. In case any laborer employed by such employer shall deem any such Schedule of daily tasks or any part thereof excessive, it shall be lawful for such laborer to complain thereof to the Inspector; and in case the Inspector shall

[মজুর নালিশ করিলে, ঐ তফসীল কমিটীর প্রতি ইনস্পেকটরের অর্পণ করিবার কথা।]

৩১ ধারা। ঐ মুনিবের নিকট যে মজুর কর্ম্ম করে সে ঐ তফসীলে প্রতিদিনের যে কায নিরূপণ হইয়াছে তাহা কি তাহার কোন অংশ যদি অত্যাধিক বোধ করে তবে ইনস্পেকটরের নিকট নালিশ করিতে পারিবে। যদি ইনস্পেকটর ঐ প্রতিদিনের

consider such Schedule of daily tasks or any part thereof to be unreasonable, he shall refer the consideration of such Schedule to a Committee consisting of the Inspector, of some employer to be nominated by him, and of some person to be nominated by the employer whose Schedule is to be considered, or on his default by the Inspector.

[Committee to revise Schedule.]

XXXII. In case the said Committee or the majority in number thereof shall be of opinion that the daily tasks in such Schedule contained or any of them are unreasonable, they shall modify and reduce such daily tasks in such manner as they shall deem reasonable, and such Schedule so modified shall be published in manner aforesaid, and every Schedule published as aforesaid shall have effect as between the employer and laborers in substitution for any former Schedule.

[Maximum amount of compulsory labor.]

XXXIII. No laborer shall be bound to serve under his contract for a longer period than three years from the time at which he shall have arrived at the place whereupon he is to be employed, nor to work on more than six days in one week, nor for more than six hours consecutively, nor for more than nine hours on any one day.

[Copy of abstract to be sent to Magistrate of District where service is to be performed. Abstracts and copies to be evidence.]

XXXIV. The Superintendent shall send by post a copy, authenticated under his hand, of every abstract entered by him as in Section XXVI provided, to the Magistrate of the District in which the service is in such contract agreed to be performed. Every such copy shall be dispatched by the Superintendent within seven days after the entry of the abstract. Every abstract and every such copy shall, without further proof thereof, be receivable as primary evidence in every Court, whether Civil or Criminal, as fully as the original contract might or could be.

[Laborers whose contracts are duly executed and entered, may be despatched with consent of Superintendent.]

XXXV. Any laborers whose contracts shall have been executed and entered as hereinbefore provided, may be despatched from time to time to any of the said Districts by the Contractors in whose depôts they may be, or by the persons whom they may have agreed to serve respectively, but subject always to the provisions of this Act. No laborer shall be so despatched, unless the permission of the Superintendent shall

কাযের তফসীল কি তাহার কোন অংশ অযৌক্তিক বোধ করেন, তবে তিনি কমিটীর বিবেচনার্থে ঐ তফসীল সমর্পণ করিবেন। সেই ইনস্পেক্টরকে এবং তিনি যে মুনিবের মনোনীত করেন তাঁহাকে ও যে মুনিবের তফসীলের বিবেচনা হইবে তিনি যে ব্যক্তিকে মনোনীত করেন সেই ব্যক্তিকে, ও তিনি কোন কাহাকে মনোনীত না করিলে ইন্স্পেকটর যাহাকে মনোনীত করেন সেই ব্যক্তিকে লইয়া ঐ কমিটী হইবে।

[সেই তফসীল কমিটীর সংশোধন করিবার কথা।]

৩২ ধারা। যদি সেই কমিটী কি তাহার অধিকাংশ লোক বোধ করেন যে ঐ তফসীলের লিখিত কায কি তাহার কোন অংশ যুক্তিসিদ্ধ নয়, তবে তাঁহারা যদ্রূপ যুক্তি সিদ্ধ বোধ করেন ঐ প্রতিদিনের কায তদ্রূপে মতান্তর ও ন্যূন করিবেন, ও তদ্রূপ মতান্তরিত তফসীল পূর্ব্বোক্তমতে প্রকাশ করা যাইবে। তদ্রূপে যে প্রত্যেক তফসীল প্রকাশ করা যায়, মুনিবের ও মজুরের পক্ষে তাহা পূর্ব্ব প্রকাশিত অন্য সকল তফসীলের পরিবর্ত্তে প্রচলিত হইবে ইতি।

[যত কর্ম্ম বলপূর্ব্বক করাণ যাইতে পারে তাহার কথা।]

৩৩ ধারা। মজুর যে স্থানে কর্ম্ম করিবে তাহার সেই স্থানে পঁহুছিবার সময়াবধি সে ঐ চুক্তিক্রমে তিন বৎসরের অধিক কাল, ও প্রতি সপ্তাহে ছয় দিনের অধিক, ও এক দিনে অবিচ্ছেদে ছয় ঘণ্টার অধিক ও সর্ব্বসুদ্ধ নয় ঘণ্টার অধিক কর্ম্ম করিতে বদ্ধ নহে ইতি।

LXXII. If, in the opinion of the Inspector of Laborers, any laborer shall be permanently unfitted for the performance of his contract or any material part thereof, the Inspector shall certify to that effect in writing, and deliver such Certificate to the employer of such laborer or some one on his behalf, and from the date of such Certificate the contract of such laborer shall wholly cease and determine. The Inspector shall make a Return of all such cases of determination of contract in his Report under Section LXVII of this Act. Every laborer, whose contract shall have been determined as aforesaid, shall be entitled to receive from his employer such sum, not exceeding three months' wages, as the Inspector may award, and such sum shall be recoverable before a Magistrate in the manner hereinafter provided for the recovery of wages.

[Laborer who has completed his contract, to be permitted to have such completion registered.]

LXXIII. Every laborer who shall have completed the term of his contract, shall be forthwith permitted by his employer to appear before the Inspector, to have the completion of his contract registered. If such employer shall fail to give notice of such completion to the Inspector, within one month after the date of such completion, such employer shall be liable to fine.

[Power to redeem contract.]

LXXIV. If any laborer shall be able and desirous to redeem the unexpired term of his contract of service by payment of a sum equivalent to the value thereof according to the

সেই ইনিস্পেকুটরের বিচারানুসারে পীড়িত কি অন্তঃরাপত্যপ্রযুক্ত কি অন্য পর্য্যাপ্ত কারণে চুক্তির নির্দ্দিষ্ট কর্ম্ম করণে কিয়ৎ কাল অসমর্থ হয়, তবে ইনস্পেকুটর যত কাল উপযুক্ত জ্ঞান করেন তত কাল পর্য্যন্ত সেই চুক্তি কি তাহার বিশেষ কোন নিয়ম স্থগিত রাখিতে পারিবেন। পরন্তু কোন চুক্তি যত বার তদ্রূপে স্থগিত করেন ততবার ঐ স্থগিত রাখিবার কথা চুক্তিপত্রের পৃষ্ঠে লিখিবেন। আর তদ্রূপ কোন মজুর যত কাল উক্তমতে অসমর্থ থাকে তত কাল ইনিস্পেকুটর তাহার যে খোরাকী প্রচুর জ্ঞান করেন তাহাই পাইবে, এবং মজুর সম্পূর্ণ যত কাল কর্ম্ম করিতে বদ্ধ আছে, তাহার ঐ চুক্তির স্থগিত থাকন কাল সেই মিয়াদের মধ্যে ধরা যাইবে না ইতি।

[মজুর যে কর্ম্মের অনুপযুক্ত তাহাকে বলপূর্ব্বক সেই কর্ম্ম করাইবার দণ্ডের কথা।]

৭১ ধারা। যদি দৃষ্ট হয় যে মজুর বিশেষ প্রকারের কর্ম্ম করিতে অনুপযুক্ত হইলেও তাহার দ্বারা বলপূর্ব্বক সেই কর্ম্ম করাণ যায়, তবে যে মুনিব তাহাকে সেই কর্ম্ম করিতে দিলেন তিনি অর্থদণ্ডের যোগ্য হইবেন ইতি।

[যে মজুর শ্রম করণে চিরকাল অসমর্থ তাহাকে ছাড়িয়া দিবার ক্ষমতার কথা।]

৭২ ধারা। যদি কোন মজুর ইনস্পেকুটরের বিচারানুসারে চুক্তির নির্দ্দিষ্ট কার্য্য কি তাহার কোন গুরুতর অংশ সাধনে চিরকালের নিমিত্তে অসমর্থ হয়, তবে ইনস্পেকুটর সেই মর্ম্মের সর্টিফিকট লিখিয়া মজুরের মুনিবকে কি তাহার পক্ষ কোন ব্যক্তিকে দিবেন, ও সেই সর্টিফিকটের তারিখঅবধি সেই মজুরের ঐ চুক্তি সর্ব্বতোভাবে শেষ হইয়া রহিত হইবে। এই আইনের ৬৭ ধারামতে ইনস্পেকুটরের যে রিপোর্ট করিতে হয় তন্মধ্যে তিনি উক্ত সকল রহিত চুক্তির রিটর্ণ লিখিবেন। যে কোন মজুরের চুক্তি পূর্ব্বোক্তমতে রহিত হয় ইনস্পেকুটর তিন মাসের বেতনের অনধিক যত টাকা আজ্ঞা করেন সে আপন মুনীবের স্থানে তত টাকা পাইতে স্বত্ববান হইবে, ও বেতনের বাকী টাকা আদায় করিবার যে বিধি পশ্চাৎ নির্দ্দিষ্ট করা গেল সেই বিধিমতে কোন মাজিষ্ট্রেটের সম্মুখে সেই টাকা আদায় হইতে পারিবে ইতি

[মজুরের চুক্তি সমাপ্ত হইলে সেই কথা রেজিষ্টরী করাইতে পারিবার কথা।]

৭৩ ধারা। চুক্তিমতে কোন মজুরের মজুরী করিবার কাল শেষ হইলে, মুনিব তাহাকে তৎক্ষণাৎ ইনস্পেকুটরের সম্মুখে উপস্থিত হইয়া আপনার চুক্তির কাল সমাপ্ত হওয়ার কথা রেজিষ্টর করাইতে অনুমতি দিবেন। মজুরের চুক্তির সময় অতীত হইলেও যদি ঐ মুনিব সেই চুক্তির কাল সমাপ্ত হইবার পর এক মাসের মধ্যে ইনস্পেকুটরকে সম্বাদ না দেন, তবে সেই মুনিবের অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

[চুক্তিহইতে মুক্তি ক্রয় করিবার কথা।]

৭৪ ধারা। এই আইনের C চিহ্নিত তফসীলে যত টাকা নিরূপণ হইয়াছে যদি কোন মজুর তত টাকা দিয়া চুক্তিমতে আপনার কর্ম্ম করিবার অবশিষ্ট কাল হইতে আপনাকে মুক্ত করিতে পারে ও ইচ্ছুক হয়, তবে সেই

prices in the Schedule (C) hereto set forth, such laborer may demand to be taken or allowed to go before the Inspector of Laborers within the local limits of whose authority he may be employed, and on his depositing such sum in the hands of such Inspector, such Inspector shall give notice to the employer that such laborer requires him within one week to show cause why the contract of such laborer should not be released, and in case no sufficient cause shall be shown, such Inspector shall require the production of the contract of such laborer and endorse thereon a Certificate of release by purchase, and shall hold the sum in deposit on account of the employer of such laborer. If any employer or other person authorizrd to act for the employer, shall neglect to comply with such demand as aforesaid, such employer, or other person as aforesaid, shall be liable to fine.

[A Certificate to be given to laborer whose contract has determined or been completed, or who has purchased released therefrom.]

LXXV. Every laborer whose contract shall have been completed, determined, released by purchase as aforesaid, or rescinded by the mutual assent of the parties thereto, shall be entitled to receive forthwith from the Inspector, a Certificate of Release in such form as may from time to time be prescribed by the Lieutenant-Governor of Bengal by an order to be published in the *Calcutta Gazette*.

[Laborer who has completed his contract or been released therefrom, may enter into a fresh contract.]

LXXVI. Every laborer, the completion of whose contract or whose release therefrom shall have been certified as aforesaid, shall be entitled to enter into a fresh contract before the District Magistrate, in the manner hereinbefore prescribed for contracts entered into before the Superintendent of Labor Transport, and in case of his so entering into such fresh contract, all the provisions of this Act respecting contracts shall apply to such contract. Provided always that nothing hereinbefore contained shall prevent any such laborer entering into any contract or agreement to labor in any different or other form, or manner, nor shall make the provisions of this Act applicable to any contract into which such laborer may have entered in such other or different form or manner.

[If laborer desire to complain, employer to give notice to Inspector.]

LXXVII. If any laborer shall state to his employer, or to any person acting for such employer, that he desires to make a complaint to the Inspector

মজুর এই দাওয়া করিতে পারিবে যে আপনি যে ইন্‌স্পেক্‌টরের ক্ষমতার সীমার মধ্যে কর্ম্ম করে, মুনিব তাহাকে তাঁহার সম্মুখে লইয়া যান কি যাইবার অনুমতি দেন। সেই ইনস্পেক্‌টরের হস্তে উক্ত টাকা সমর্পণ করিলে পর যদি মুনিব তাহাকে মুক্ত করিতে না চাহেন, তবে সপ্তাহের মধ্যে তাহার কারণ দর্শান, ইন্‌স্পেক্‌টর মুনীবকে মজুরের এই প্রার্থনা জ্ঞাত করিবেন। যদি উপযুক্ত কারণ দর্শান না যায়, তবে ইনস্পেক্‌টর সেই মজুরের চুক্তিপত্র আনাইয়া তাহার পৃষ্ঠে মূল্যদানক্রমে তাহার মুক্ত হইবার সর্টিফিকট লিখিবেন, ও উক্ত টাকা ন্যস্তস্বরূপ সেই মজুরের মুনিবের নামে জমা রাখিবেন। যদি কোন মুনিব কি তৎপক্ষে কর্ম্ম করিতে ক্ষমতাপন্ন অন্য ব্যক্তি পুর্ব্বোক্ত দাওয়ামতে না কর্ম্ম করেন, তবে সেই মুনিবের কি পূর্ব্বোক্ত অন্য ব্যক্তির অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

[মজুরের চুক্তির শেষ কি সমাপ্তি হইলে কি তাহাহইতে মুক্ত করা গেলে তাহাকে সর্টিফিকুট দিবার কথা।]

৭৫ ধারা। যে কোন মজুরের চুক্তির শেষ কি সমাপ্তি হইয়াছে, কি পূর্ব্বোক্তমতে মূল্যদ্বারা যাহার চুক্তিহইতে মুক্তি হইয়াছে, কিম্বা উভয় পক্ষের সম্মতিক্রমে যাহার চুক্তি রহিত করা যায়, এমত প্রত্যেক মজুর ইন্‌স্পেক্‌টরের স্থানে অবিলম্বে মুক্তির সর্টিফিকুট পাইতে স্বত্ববান হইবে। শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব সময়েং কলিকাতা গেজেটে আজ্ঞা করণদ্বারা যে পাঠ নির্দ্দিষ্ট করিবেন, ঐ সর্টিফিকুট সেই পাঠে প্রস্তুত করিতে হইবে ইতি।

[মজুরের চুক্তি সমাধা হইলে কি মুক্তি হইলে তাহার চুক্তি করিতে পারিবার কথা।]

৭৬ ধারা। যে মজুরের চুক্তি সমাপনের কিম্বা চুক্তিহইতে মুক্তি প্রাপণের সর্টিফিকুট পুর্ব্বোক্তমতে দেওয়া গিয়াছে, সেই মজুর জিলার মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে নূতন চুক্তি করিতে পারিবে। পুর্ব্বোক্তমতে মজুরদিগকে চালান কার্য্যের সুপরিন্টেণ্ডেণ্টের সম্মুখে যেরূপে করিতে হয়, সেইরূপে করিবে। যদি তদ্রূপে নূতন করার করে, তবে এই আইনের চুক্তি বিষয়ক বিধান সেই চুক্তির প্রতিও বর্ত্তিবে। কিন্তু যদি তদ্রূপ কোন মজুর পরিশ্রম করিবার অন্য কি ভিন্নরূপ কোন চুক্তি কি করার করিতে চাহে, তবে এই আইনের কোন কথাতে তাহার তাহা করিতে বাধা হইবে না। এবং ঐ মজুর সেই অন্য কি ভিন্ন প্রকারের যে চুক্তি করিয়া থাকে এই আইনের কোন কথাক্রমে এই আইনের বিধান সেই চুক্তির প্রতি বর্ত্তিবে না ইতি

[মজুর যদি নালিশ করিতে চায়, তবে ইনস্পেক্‌টরকে মনিবের সংবাদ দিবার কথা।]

৭৭ ধারা। কোন মজুর যদি আপন মুনবিকে কি সেই মুনিবের পক্ষে কর্ম্মকারি কোন ব্যক্তিকে কহে যে আমার প্রতি আপনকার অত্যাচার কি

of Laborers of personal ill-usage or breach of any provision of this Act on the part of such employer or other person, the person to whom such statement shall have been made shall, within forty-eight hours, send notice thereof in writing to the Inspector, and in default of so doing, such person shall be liable to fine.

[Inspector how to proceed on receipt of notice of complaint.]

LXXVIII. Whenever any Inspector of Laborers shall receive such notice in writing as aforesaid, or whenever any complaint of personal ill-usage or breach of any provision of this Act as aforesaid, shall be made to him by any laborer against his employer or any person acting for such employer, or whenever the Inspector shall have other reasonable grounds for believing that any such personal ill-usage or breach of any provision of this Act as aforesaid has been suffered by a laborer, such Inspector shall forthwith, if the place in which such offence has been committed is not situate within the limits of his own authority, give notice thereof in writing to the Inspector within the limits of whose authority such place is situated: and if such place be situated within the limits of his own authority, then such Inspector shall, so soon as conveniently may be, proceed to some place not more than ten miles in a direct line from the principal place of business of such employer, and make full enquiry into the matter complained of.

[Inspector may summon the complainant and his witnesses. Penalty for obstructing service of, or obedience to, summons.]

LXXIX. For the purposes of such enquiry, it shall be lawful for any Inspector, if he think fit, to summon such laborer as aforesaid, as well as any witnesses; and if any employer shall in any way obstruct the service of, or obedience to, such summons, or if any witness summoned shall neglect to attend, such employer or witness shall be liable to fine.

[Inspector how to proceed if the complaint be untrue or frivolous.]

LXXX. If, upon such enquiry made on the complaint of a laborer, the Inspector shall be of opinion that the complaint is untrue or frivolous, he shall enter in his book the particulars of such complaint, and a short statement of the grounds of his opinion respecting it, and shall dismiss the complaint and in such case shall endorse on the contract of such complaint the number of days during which such complainant has been absent from work in consequence of such enquiry, and such number of

আইনের কোন বিধান লঙ্ঘন প্রযুক্ত মজুরদের ইনস্পেকুটরের নিকটে নালিশ করিতে চাহি, তবে যে ব্যক্তিকে সেই কথা কহা যায় তিনি আট-চল্লিশ ঘণ্টার মধ্যে ইনস্পেকুটরের নিকটে সেই বিষয়ের লিখিত সংবাদ পাঠাইবেন, না পাঠাইলে সেই ব্যক্তি অর্থদণ্ডের যোগ্য হইবে ইতি।

[নালিশের সংবাদ পাইলে ইনস্পেকুটরের যাহা কর্ত্তব্য তাহার কথা।]

৭৮ ধারা। মজুরদের কোন ইনস্পেকটর যখন পূর্ব্বোক্ত প্রকারের লিখিত সংবাদ পান, কিম্বা কোন মজুর যখন তাঁহার নিকটে আপন মুনিবের নামে কি সেই মুনিবের পক্ষে কর্ম্মকারি কোন ব্যক্তির নামে পূর্ব্বোক্ত প্রকারের অত্যাচারের কি এই আইনের কোন বিধানলঙ্ঘনের নালিশ করে, অথবা কোন মজুরের প্রতি পূর্ব্বোক্ত প্রকারের অত্যাচার কি তাহার বিপক্ষে এই আইনের কোন বিধানলঙ্ঘন হইয়াছে, যখন সেই ইনস্পেকুটর এমত প্রত্যয় করিবার যুক্তিযুক্ত অন্য কারণ জানেন, তখন যে স্থানে ঐ অপরাধ হইয়াছে, তাহা যদি তাঁহার নিজ ক্ষমতার সীমার অন্তর্গত না থাকিলে অন্য যে ইনস্পেক্টরের সীমার অন্তর্গত থাকে তাঁহাকে তিনি ঐ বিষয়ের লিখিত সংবাদ দিবেন। যদি ঐ স্থান তাঁহার নিজ ক্ষমতার সীমার অন্তর্গত থাকে, তবে তিনি সুবিধামতে যত শীঘ্র যাইতে পারেন, ঐ মুনিবের কর্ম্মের প্রধান স্থানহইতে সোজাপথে দশ মাইলের অনধিক কোন স্থানে গিয়া সেই অভিযোগের সম্পূর্ণ অনুসন্ধান করিবেন ইতি।

[বাদিকে ও তাহার সাক্ষিদিগকে ইনস্পেকুটরের আহ্বান করিতে পারিবার কথা, এবং আহ্বানপত্র দিবার কি তদনুসারে কর্ম্ম হইবার বাধা জন্মাইবার দণ্ডের কথা।]

৭৯ ধারা। কোন ইনস্পেকুটর উপযুক্ত জ্ঞান করিলে, তদ্রূপ অনুসন্ধানের উপলক্ষে পূর্ব্বোক্ত মজুরকে ও সাক্ষিদিগকে আহ্বান করিতে ক্ষমতাপন্ন হইবেন, এবং যদি কোন মুনিব তদ্রূপ আহ্বানপত্র দিবার কি তদনুযায়ি কর্ম্ম হইবার কোন বাধা জন্মান, কিম্বা সাক্ষী আহ্বান করা গেলেও যদি উপস্থিত হইতে শৈথিল্য করে, তবে সেই মুনিবের কি সাক্ষির অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

[নালিশ অসত্য কি তুচ্ছ হইলে ইনস্পেকুটরের যাহা কর্ত্তব্য তাহার কথা।]

৮০ ধারা। মজুরের নালিশক্রমে উক্ত অনুসন্ধান হইলে যদি ইনস্পেকুটরের বিবেচনায় ঐ অভিযোগ অসত্য কি তুচ্ছ হয়, তবে তিনি আপন বহীতে সেই নালিশের বৃত্তান্ত ও তদ্বিষয়ক আপনার সেই মতের হেতু সংক্ষেপে লিখিয়া বিবাদ ডিসমিস করিবেন। তদ্রূপ স্থলে সেই অনুসন্ধান প্রযুক্ত বাদী যত দিন কর্ম্মে যায় নাই, তাহার সংখ্যা তিনি ঐ বাদির চুক্তিপত্রের পৃষ্ঠে লিখিবেন, ও বাদী যত কাল শ্রম করিতে চুক্তি করিয়াছে, তাহা তত দিন পর্য্যন্ত বৃদ্ধি হইবে, ও পৃষ্ঠে যত দিন লেখা হইয়াছে মজুর উপযুক্ত কারণ ভিন্ন তত

days shall be added to the period for which such complainant had contracted to serve, and every such endorsement shall be conclusive evidence that such laborer has absented himself from his labor without sufficient cause during the number of days which shall be so endorsed.

[Inspector how to proceed if the complaint be well founded.]

LXXXI. If, upon such enquiry as aforesaid, any Inspector not being a Magistrate shall be of opinion that the complaint is well founded but not within his own cognizance under the powers conferred upon him under this Act, he shall without delay send the complainant and his witnesses to the nearest Magistrate, and such Magistrate shall thereupon deal with the case in due course of law.

[Compensation to be given if wages for more than two months are due.]

LXXXII. If, upon the complaint of any laborer, it shall be proved to the satisfaction of the Magistrate that the wagse of such laborer have not been paid to him for a period of more than two months after they have become due, it shall be lawful for such Magistrate to award to such laborer the amount which shall appear to be then due to him: and also, by way of compensation, such further sum, not exceeding that amount, as shall appear to the Magistrate to be just; and, in case of default, the Collector shall, upon the requisition of the Magistrate, levy the entire sum in the manner prescribed in Section LXV.

[Contract to be cancelled if employer be convicted by the Court of Session, or be twice convicted by a Magistrate, of an offence against the laborer, or if wages be not paid for more than four months, or if laborer have been grossly ill-used.]

LXXXIII. If any employer, or any person placed in authority over any laborer by such employer, shall be convicted of any offence causing injury to the person or property of such laborer triable under the Code of Criminal Procedure by the Court of Session; or if any such employer, or other person as aforesaid, shall be twice convicted of any such offence against such laborer triable, under the said Code, by a Magistrate; or if it shall be proved before a Magistrate that the wages of such laborer have not been paid for a period of more than four months after they shall have become due; or if the Magistrate of the District shall, on the report of the Inspector, and after due enquiry, upon oath, in the presence of the parties, be satisfied that any laborer has been compelled to perform any labor while he was unfit for it, or

দিন আপন কর্ম্মে যায় নাই, ঐ পৃষ্ঠলিপি ইহার সিদ্ধান্ত প্রমাণ হইবে ইতি।

[অভিযোগ সত্য হইলে ইনস্পেক্টরের যাহা কর্ত্তব্য তাহার কথা।]

৮১ ধারা। যদি মাজিষ্ট্রেটভিন্ন কোন ইনস্পেক্টর পূর্ব্বোক্ত প্রকারের অনুসন্ধানক্রমে সেই নালিশ সত্য জ্ঞান করেন, কিন্তু এই আইনক্রমে তাঁহার যে ক্ষমতা থাকে তদনুসারে ঐ অভিযোগ তাঁহার বিচার্য্য নয়, তবে তিনি নালিশকারি মজুরকে ও তাহার সাক্ষিদিগকে অবিলম্বে অতি নিকটবর্ত্তি মাজিষ্ট্রেট সাহেবের নিকটে পাঠাইবেন, এবং উক্ত মাজিষ্ট্রেট আইনের নির্দ্ধারিতমতে সেই বিষয়ের বিচার করিবেন ইতি।

[দুই মাসের অধিক কালের বেতন বাকী থাকিলে ক্ষতিপূরণের কথা।]

৮২ ধারা। কোন মজুরের অভিযোগক্রমে যদি মাজিষ্ট্রেট সাহেবের হৃদ্বোধমতে প্রমাণ হয় যে ঐ মজুরের বেতন যে দিনে পাওনা ছিল সেই দিন অবধি দুই মাসের অধিক কাল গত হইলেও তাহাকে বেতন দেওয়া যায় নাই, তবে সেই সময়ে ঐ মজুরের যত টাকা পাওনা দৃষ্ট হয়, উক্ত মাজিষ্ট্রেট তাহাকে তত টাকা দিবার আজ্ঞা করিতে পারিবেন। এবং ঐ টাকার অনধিক যত টাকা মাজিষ্ট্রেট সাহেবের ন্যায্য বোধ হয় ক্ষতিপূরণস্বরূপে তাহাকে তত টাকা দিবার আজ্ঞা করিতে পারিবেন। তাহা দেওয়া না গেলে মাজিষ্ট্রেট সাহেবের প্রার্থনাক্রমে কালেক্টর সাহেব এই আইনের ৬৫ ধারার নির্দ্দিষ্টমতে ঐ সমুদয় টাকা আদায় করিবেন ইতি।

[মজুরের বিপক্ষে মুনিবের অপরাধ সেশন আদালতে প্রমাণ হইলে, কিম্বা মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে দুই বার প্রমাণ হইলে, কিম্বা চারি মাসের অধিক কাল বেতন না দেওয়া গেলে, কিম্বা মজুরের প্রতি অত্যন্ত কটুব্যবহার হইলে চুক্তি রহিত হইবার কথা।]

৮৩ ধারা। ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনমতে মজুরের অঙ্গ কি সম্পত্তি হানি করণের যে অপরাধ সেশন আদালতের বিচার্য্য হয়, যদি মজুরের প্রতি মুনিবের কিম্বা তাঁহার আজ্ঞাক্রমে ঐ মজুরের উপর কর্ত্তৃত্ব করিবার ক্ষমতা অন্য যে ব্যক্তিকে দেওয়া গেল সেই ব্যক্তির তদ্রূপ অপরাধ সপ্রমাণ হয়, কিম্বা উক্ত আইনক্রমে মাজিষ্ট্রেটের দ্বারা তদ্রূপ যে অপরাধ বিচার্য্য হয় যদি ঐ মজুরের প্রতি ঐ মুনিবের কিম্বা পূর্ব্বোক্ত অন্য ব্যক্তির সেই অপরাধ দুইবার সপ্রমাণ হয়, কিম্বা ঐ মজুরের বেতন যে দিনে পাওনা ছিল সেই দিন অবধি চারি মাসের অধিক কাল গত হইলেও তাহাকে দেওয়া যায় নাই ইহা যদি কোন মাজিষ্ট্রেটের সম্মুখে প্রমাণ করা যায়, কিম্বা কোন মজুর যখন বিশেষ কোন কর্ম্ম করিতে অসমর্থ ছিল তখন বলক্রমে তাহার দ্বারা সেই কর্ম্ম করাণ গিয়াছে, কিম্বা উক্ত মুনিব কি সেই মজুরের উপরে কর্ত্তৃত্ব করণার্থে ঐ মুনিবের নিযুক্ত অন্য ব্যক্তি মজুরের প্রতি অত্যন্ত কটুব্যবহার করিয়াছে, জিলার মাজিষ্ট্রেট যদি

has been subjected to gross ill-usage by such employer or any other person placed in authority over the laborer by such employer—it shall be lawful for the Magistrate, on the application of the laborer, in each of such cases, to cancel the contract of such laborer, and to award to him such compensation, not exceeding thirty Rupees, as the Magistrate shall think fit, and every such cancelment shall be certified by the Magistrate on the back of such contract, and such laborer shall then be at liberty either to enter into a fresh contract with any other employer, or to return to the District from which he was recruited.

[Penalty on laborer for absenting himself without sufficient cause.]

LXXXIV. Any laborer, who shall absent himself from his labor without sufficient cause, may, on conviction, be sentenced to lose all claim to wages or allowances during the period of such absence, and also to forfeit to his employer a sum not exceeding four annas for each day during which such absence shall have continued; and in case such absence shall have exceeded seven days, or in case such laborer shall have been already convicted of the same offence within a period of three months, such laborer shall be furthermore sentenced to rigorous imprisonment for fourteen days.

[Laborer deserting may be apprehended without a warrant. Proviso. Further Proviso.]

LXXXV. If any laborer shall desert or attempt to desert from his employer's service, such employer or any other person acting in his behalf may, without first procuring a warrant and without the assistance of any Police Officer (who, nevertheless, shall be bound to give such assistance if called upon to do so), apprehend such laborer wherever he may be found. Provided, nevertheless, that if such laborer be found in the service of another employer, he shall not be arrested without a warrant. Provided, also, that if such employer or other person shall not, within a reasonable time from the time of such apprehension, give the said laborer in charge at the nearest Police station, and there enter the charge upon which he shall have apprehended such laborer, the person so apprehendin[illegible] shall be liable to fine.

[Laborer, when made over to the Police, to be taken before the nearest Magistrate.]

LXXXVI. Any laborer so given in charge shall be made over to a Police Officer, who shall convey him, without delay, to the nearest Magistrate; and if the place from which such laborer is charged with having deserted be within the jurisdiction

ইন্সিপেক্টরের রিপোর্টক্রমে ও উভয় পক্ষের সাক্ষাতে শপথ সম্বলিত উচিত অনুসন্ধান করিয়া ইহা স্ববোধমতে জানিতে পান, তবে ঐ প্রত্যেক স্থলে মাজিষ্ট্রেট সাহেব মজুরের প্রার্থনাক্রমে তাহার চুক্তি রহিত করিতে পারিবেন, এবং ত্রিশ টাকার অনধিক যত উপযুক্ত জ্ঞান করেন, ক্ষতিপূরণস্বরূপে তাহাকে তত টাকা দিবার আজ্ঞা করিতে পারিবেন। চুক্তিপত্র তদ্রূপে রহিত করা গেলে মাজিষ্ট্রেট সাহেব পত্রের পৃষ্ঠে সেই মর্ম্মের সর্টিফিকট লিখিবেন তখন ঐ মজুর অন্য কোন মুনিবের সহিত নূতন চুক্তি করিতে পারিবে, অথবা যে জিলাতে গৃহীত হইয়াছিল তথায় ফিরিয়া যাইতে পারিবে ইতি।

[যে মজুর উপযুক্ত কারণ বিনা অনুপস্থিত থাকে তাহার দণ্ডের কথা।]

৮৪ ধারা। যদি কোন মজুর উপযুক্ত কারণ না থাকিলেও কর্ম্মে না যায়, তবে তাহার ঐ দোষ সপ্রমাণ হইলে যত কাল অনুপস্থিত ছিল তাহার তত কালের বেতন ও উপরি পাইবার সমুদয় দাওয়া রহিত হইবে, এবং যত দিন অনুপস্থিত ছিল তাহার দিন প্রতি চারি আনার অনধিক অর্থদণ্ড মুনিবকে দিতে হইবে, যদি সে সাত দিনের অধিক কাল অনুপস্থিত থাকে, কি পূর্ব্ব তিন মাসের মধ্যে যদি অন্যবার তাহার নামে সেই অপরাধের প্রমাণ হইয়া থাকে, তবে ঐ দণ্ডের অধিক তাহার চৌদ্দ দিনপর্য্যন্ত কঠিন পরিশ্রমসহিত কারাদণ্ড হইবে ইতি।

[পলাতক মজুরকে ওয়ারণ্ট বিনা ধরিতে পারিবার কথা ও দুই উপবিধি।]

৮৫ ধারা। কোন মজুর যদি আপন মুনিবের কর্ম্মহইতে পলায়ন করে কি পলাইবার উদ্যোগ করে, তবে সেই মুনিব কি তাঁহার পক্ষে কর্ম্মকারি অন্য ব্যক্তি অগ্রে ওয়ারণ্ট না পাইলেও এবং পোলীসের কোন কর্ম্মচারির সাহায্য ব্যতিরেকেও মজুরকে যে খানে পাওয়া যায় সেখানে ধরিতে পারিবে। পোলীসের কর্ম্মচারির সাহায্য চাহিলে তাহার সাহায্য করিতে হইবে। যদি সেই মজুরকে অন্য মুনিবের নিকটে কর্ম্ম করিতে দেখা যায়, তবে ওয়ারণ্ট বিনা তাহাকে ধরিতে হইবে না। যদি ঐ মুনিব কি পূর্ব্বোক্ত অন্য ব্যক্তি তাহাকে ধরিলে পর উপযুক্ত সময়ের মধ্যে পোলীসের নিকট থানায় সমর্পণ করিয়া তাহাকে যে অভিযোগে ধরা গেল তাহা লেখাইয়া না দেন, তবে সেই ধৃতকারি ব্যক্তির অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

[মজুর পোলীসের হস্তে সমর্পিত হইলে তাহাকে নিকটস্থ মাজিষ্ট্রেটের নিকটে লইয়া যাইবার কথা।]

৮৬ ধারা। কোন মজুরকে উক্ত প্রকারে ধরিয়া দেওয়া গেলে, তাহাকে পোলীসের কোন কর্ম্মকারকের হস্তে সমর্পণ করিতে হইবে। সেই কর্ম্মকারক তাহাকে অবিলম্বে নিকটস্থ মাজিষ্ট্রেটের সম্মুখে লইয়া যাইবে। সেই মজুরের নামে যে স্থানহইতে পলাইবার

of such Magistrate, he shall himself adjudicate upon the charge; but if not, he shall forward the said laborer, under custody, to the Magistrate within whose jurisdiction such place may be situated, who shall adjudicate upon such charge.

[Enquires to be made on trial of charge of desertion.]

LXXXVII. In adjudicating on the charge, the Magistrate shall enquire into the cause of the alleged desertion, and for that purpose shall summon such witnesses as he may think necessary. If on such enquiry it shall appear to the Magistrate that the laborer deserted under a reasonable apprehension that his continuing to work in the place from which he deserted would be attended with risk to his life or health, the Magistrate shall (if satisfied that the ground for such apprehension has ceased to exist, or that the laborer may safely work elsewhere under his contract than at the place from which he deserted) make over such laborer to his employer. If on the enquiry the Magistrate shall be satisfied that the laborer could not continue to labor under his contract, whether at the place from which he deserted or elsewhere, without risk to his life or health, the Magistrate shall declare the contract of such laborer at an end, and the contract shall thenceforth absolutely cease and determine, save as regards the laborer's right to recover any arrears of wages due to him at the time of his desertion.

[Penalties for desertion and wrongful apprehension.]

LXXXVIII. If it be proved to the satisfaction of the Magistrate that such laborer has deserted from his employer's service without such reasonable apprehension as aforesaid, he shall be convicted and sentenced to rigorous imprisonment for a period not exceeding three months. If it be proved that the laborer deserted under such resonable apprehension as aforesaid, or was otherwise wrongfully charged with desertion, the employer by whom or on whose charge or by whose order he shall have been apprehended, shall be liable to a fine, any portion of which may be awarded to such laborer.

[Provisions regarding desertion and unlawful absence to apply to desertion in transit.]

LXXXIX. All the provisions of this Act regarding the desertion or unlawful absence of laborers, shall be held applicable to laborers who shall desert while in transit to the District in which they have contracted to labor for hire; and such laborers may be tried either in the District in which they may be apprehended, or in the District in

নালিশ হয়, তাহা সেই মাজিষ্ট্রেটের বিচারাধিপত্যের অন্তর্গত থাকিলে, তিনি আপনি সেই নালিশের বিচার করিতে প্রবৃত্ত হইবেন, নতুবা ঐ স্থান যে মাজিষ্ট্রেটের বিচারাধিপত্যের অন্তর্গত, তাঁহার নিকটে প্রহরিদ্বারা সেই মজুরকে পাঠাইবেন ও সেই মাজিষ্ট্রেট তাহার বিচার করিবেন ইতি।

[পলায়ন করিবার নালিশের বিচারকালে যে বিষয়ের অনুসন্ধান লইতে হইবে তাহার কথা।]

৮৭ ধারা। ঐ অভিযোগের বিচার কালে, মাজিষ্ট্রেট সাহেব কথিত পলায়নের কারণের সন্ধান লইবেন। তৎপ্রযুক্ত যে সাক্ষিদিগকে আবশ্যক বোধ করেন তাহাদিগকে আহ্বান করিবেন। পরে মজুর যে স্থানহইতে পলায়ন করিল, সেই স্থানে কর্ম্ম করিতে থাকিলে তাহার প্রাণের কি স্বাস্থ্যের হানির সম্ভাবনা এমত যুক্তিসিদ্ধ আশঙ্কা থাকাতে মজুর পলায়ন করিল, মাজিষ্ট্রেট সাহেব যদি পূর্ব্বোক্ত অনুসন্ধান করিয়া ইহা জানিতে পান, এবং ঐ আশঙ্কার যে কারণ ছিল তাহা এক্ষণে নাই, কিম্বা মজুর যে স্থানহইতে পলায়ন করিয়াছে তদ্ভিন্ন কোন স্থানে ঐ চুক্তিক্রমে নিরাশঙ্কায় কর্ম্ম করিতে পারে, ইহা যদি হৃদ্বোধমতে জানেন, তবে মুনীবের হস্তে মজুরকে সমর্পণ করিবেন। মজুর যে স্থানহইতে পলাইল সেই কি অন্য স্থানেও আপনার চুক্তিক্রমে কর্ম্ম করিতে থাকিলে অবশ্য তাহার প্রাণের কি স্বাস্থ্যের আশঙ্কা হইত, মাজিষ্ট্রেট সাহেব সন্ধানক্রমে যদি ইহা হৃদ্বোধমতে জানিতে পান, তবে তিনি সেই মজুরের চুক্তি রহিত হইল প্রকাশ করিবেন। ও তৎকালাবধি ঐ চুক্তি নিরপেক্ষরূপে রহিত ও শেষ হইবে। কিন্তু পলায়ন সময়ে তাহার যে বেতন বাকী ছিল তাহা পাইবার স্বত্বপক্ষে ঐ চুক্তি বলবৎ থাকিবে ইতি।

[পলাইবার ও অন্যায়পূর্ব্বক ধৃত করিবার দণ্ডের কথা।]

৮৮ ধারা। পূর্ব্বোক্ত যুক্তিসিদ্ধ আশঙ্কা না থাকিলেও সেই মজুর আপন মুনীবের কর্ম্মহইতে পলাইয়াছে ইহা যদি মাজিষ্ট্রেটের হৃদ্বোধমতে প্রমাণ করা যায়, তবে তিনি তাহাকে দোষী নির্ণয় করিয়া তিন মাসের অনধিক কালপর্য্যন্ত তাহার কঠিনপরিশ্রমসহিত কারাদণ্ডের আজ্ঞা করিবেন। সেই মজুর পূর্ব্বোক্ত যুক্তিসিদ্ধ আশঙ্কা হেতুক পলায়ন করিয়াছে, কিম্বা তাহার নামে অন্যায়মতে পলায়ন করিবার অভিযোগ হইয়াছে, যদি এমত প্রমাণ হয়, তবে যে মুনীব তাহাকে ধরিয়াছেন কিম্বা যাঁহার নালিশ কি আজ্ঞাক্রমে তাহাকে ধরা গিয়াছে সেই ব্যক্তির অর্থদণ্ড হইবে। ঐ টাকার কোন অংশ মজুরকে দিবার আজ্ঞা হইতে পারিবে ইতি।

[পলায়ন ও অবৈধমতে অনুপস্থান বিষয়ক যে বিধান হইয়াছে তাহা পথে গমনকালীন পলায়নের প্রতি বর্ত্তিবার কথা।]

৮৯ ধারা। এই আইনে মজুরদের পলায়ন কি ব্যবস্থাবিরুদ্ধ অনুপস্থান বিষয়ক যত বিধান আছে মজুরেরা বেতন পাইবার আশাতে যে জিলাতে কর্ম্ম করিবার চুক্তি করিয়াছে, তথায় গমনকালে পলায়ন করিলে তাহাদের প্রতি সেই সকল বিধান খাটিবে, এবং ঐ মজুরেরা যে জিলাতে ধরা পড়ে সেই জিলাতে, অথবা চুক্তিক্রমে বেতনের আশাতে যে জিলাতে শ্রম

which under their contracts they are bound to labor for hire.

করিতে বদ্ধ আছে সেই জিলাতে তাহাদের বিচার হইতে পারিবে ইতি।

[Penalty for enticing away, harboring, or employing, laborers under contract to another person.]

XC. Any person who shall knowingly and wilfully entice away, harbour, or employ any laborer, before such laborer shall have been lawfully released from his contract, shall be liable to a fine the whole or any portion of which may be awarded to the employer of such laborer.

[অন্যের কর্ম্মহইতে মজুরদিগকে ফুসলাইয়া লইবার কি আশ্রয় কি কর্ম্ম দিবার দণ্ডের কথা।]

৯০ ধারা। মজুর আইনমতে চুক্তিহইতে মুক্ত না হইলেও, যদি কেহ জ্ঞান ও ইচ্ছাপূর্ব্বক তাহাকে ফুসলাইয়া লইয়া যায় কি আশ্রয় দেয় কি কর্ম্ম দেয়, তবে তাহার অর্থদণ্ড হইতে পারিবে। ঐ দণ্ডের সমুদয় টাকা কি তাহার কোন অংশ ঐ মজুরের মুনিবকে দিবার আজ্ঞা হইতে পারিবে ইতি।

[Expense of restoring a deserting laborer to be borne by his employer.]

XCI. Every employer who shall obtain a warrant for the arrest and return, or an order for the forwarding, of any laborer who may have deserted, shall pay the expense of the arrest and return of such laborer, aud shall, before the said warrant is executed, deposit with the Magistrate who may issue such warrant or make such order, such sum as such Magistrate may in his discretion deem to be sufficient for defraying the expense of such arrest and return or forwarding.

[পলাতক মজুরকে মুনীবের নিকটে ফিরিয়া পাঠাইবার খরচ মুনীবের দিতে হইবার কথা।]

৯১ ধারা। মজুর পলাতক হইলে তাহার যে মুনীব তাহাকে ধরিয়া আনিবার পরওয়ানা কি চালান করিবার আজ্ঞাপত্র পান, তিনি ঐ ধরিয়া আনিবার খরচ দিবেন। এবং যে মাজিষ্ট্রেট সাহেব ঐ পরওয়ানা দেন কি ঐ আজ্ঞা করেন তাঁহার বিবেচনায় ঐ ব্যক্তির ধরিয়া আনাইবার কি চালান করিবার যত খরচ কুলাইবে, ঐ মুনীব ঐ পরওয়ানা সাধন করিবার পূর্ব্বে মাজিষ্ট্রেট সাহেবের নিকটে ঐ খরচ জমা করিবেন ইতি।

[Portion of sentence may be cancelled if employer apply for return or laborer.]

XCII. It shall be lawful for the employer, or any person authorised to act for the employer of any laborer imprisoned for any offence under this Act, to apply to the Magistrate, at any time previous to the expiry of such sentence, that such laborer be made over to him for the purpose of completing his contract, and the Magistrate shall, in such case, make over such laborer, and shall cancel the remainder of the sentence passed on him, and shall endorse on the contract of such laborer a memorandum signed by him of such cancellation.

[মুনীব যদি মজুরের প্রত্যাগমনের প্রার্থনা করেন, তবে দণ্ডের একাংশ রহিত হইতে পারিবার কথা।]

৯২ ধারা। এই আইনের বিরুদ্ধে কোন অপরাধপ্রযুক্ত যে কোন মজুর করাবদ্ধ হয়, তাহার কারাদণ্ডের কাল অতীত হইবার পূর্ব্ব কোন সময়ে তাহার মুনীব কি সেই মুনীবের পক্ষে কর্ম্ম করিতে ক্ষমতাপন্ন কোন ব্যক্তি মাজিষ্ট্রেটের কাছে ঐ মজুরের চুক্তিমতে কর্ম্ম করিবার জন্যে তাহাকে আপন হাতে সমর্পণ করিবার প্রার্থনা করিতে পারিবেন। তাহা হইলে মাজিষ্ট্রেট সেই মজুরকে সমর্পণ করিয়া তাহার নামে প্রচারিত দণ্ডের অবশিষ্টাংশ রহিত করিবেন। এবং সেই মজুরের চুক্তির পৃষ্ঠে সেই রহিত হইবার কথা লিখিয়া তাহাতে স্বাক্ষর করিবেন ইতি।

[Conviction not to operate as a release, but on expiry of sentence laborer to be made over to employer.]

XCIII. On the expiry of any sentence of imprisonment for any offence under this Act, it shall be the duty of the Magistrate to make over such laborer to any person appointed on the part of his employer to receive charge of him; and no conviction under this Act, or imprisonment under such conviction, shall be held to operate as a release to any laborer from the terms of his contract. Provided, nevertheless, that the period of imprisonment shall in no case be prolonged by reason of there being no person present on the part of the employer to take charge of the laborer at the expiry of his sentence, but such

[দণ্ড নির্ণয় হেতুক মুক্ত না হইবার কিন্তু দণ্ডের কাল গত হইলে মজুরকে মুনীবের প্রতি সমর্পণ করিতে হইবার কথা।]

৯৩ ধারা। এই আইনের বিরুদ্ধ কোন অপরাধপ্রযুক্ত যে কারাদণ্ডের আজ্ঞা হয়, তাহার শেষ হইলে পর মুনীব তাহাকে আনিবার নিমিত্তে যে ব্যক্তিকে নিযুক্ত করেন তাঁহার হস্তে মাজিষ্ট্রেট সাহেবের সেই মজুরকে সমর্পণ করা কর্ত্তব্য। এবং এই আইনক্রমে দোষ নির্ণয় হইলে কি দোষ নির্ণয়প্রযুক্ত কারাবদ্ধ হইলেও চুক্তির নিয়মহইতে মজুরের নিস্তার নাই। পরন্তু দণ্ডের কাল গত হইলে পর যদিও মুনীবের পক্ষে কোন ব্যক্তি মজুরকে লইয়া যাইবার জন্যে উপস্থিত না থাকে, তথাপি কোনক্রমে কারাদণ্ডের কাল বাড়াইতে হইবে না, কিন্তু তদ্রূপ স্থলে মুনীবের প্রধান কর্ম্মস্থানে মজুরকে পাঠান যাইবে ও পাঠাইতে যে খরচ লাগে তাহা এই আইনমতের অর্থদণ্ড আদায় করিবার

laborer shall, in that case, be sent to the principal place of business of such employer, and the expense of such conveyance shall be levied from the employer in the manner provided under this Act for the recovery of the rates imposed under this Act.

বিধানানুসারে মুনীবের স্থানে আদায় করা যাইবে ইতি।

[Sentence to be endorsed on contract. Periods of imprisonment and unlawful absence to be added to term of service.]

XCIV. The term of every unlawful absence from labor for which a sentence shall be imposed, and of every sentence of imprisonment for any offence under this Act, shall be endorsed on the contract, at the time of such sentence being passed, by the Officer passing it; and no such period of imprisonment or unlawful absence, so endorsed, shall be reckoned as part of the term for which the laborer is bound to serve: but such term shall extend to such further period as shall be equivalent to the aggregate amount of the imprisonments and unlawful absences so endorsed.

[চুক্তির পৃষ্ঠে দণ্ডাজ্ঞা লিখিবার কথা, এবং কারাবাসের ও ব্যবস্থাবিরুদ্ধ অনুপস্থানের কাল চুক্তিঘটিত শ্রমকালে যোগ করিবার কথা।]

৯৪ ধারা। কর্ম্মে অনুপযুক্ত কারণে উপস্থিত না থাকাতে দণ্ডের আজ্ঞা হইলে মজুর যত কাল কর্ম্মে অনুপস্থিত ছিল, এবং এই আইনবিরুদ্ধ অপরাধ হেতুক কারাদণ্ড হইলে যত কাল কারাবদ্ধ হইয়াছে, যে কার্য্যকারক দণ্ডের আজ্ঞা করেন তিনি ঐ আজ্ঞা করণ সময়ে চুক্তির পৃষ্ঠে ঐ কালের কথা লিখিবেন। এবং করাবদ্ধ হইবার ও অবৈধমতে অনুপস্থিত হইবার যত কাল সেই চুক্তির পৃষ্ঠে লেখা থাকে তাহা ঐ মজুরের মজুরী করিবার কালের মধ্যে ধরা যাইবে না। ঐ২ কাল মোটে ধরিয়া যত দিন হয় মজুরী করিবার সময় তত দিন বৃদ্ধি হইবে ইতি।

[If the Inspector believe any estate or part thereof to be unfit for habitation, a Committee shall be summoned.]

XCV. If an Inspector of Laborers shall at any time have reason to believe that any estate or portion of an estate situated within the limits of his jurisdiction, is by reason of climate or situation unfit for human habitation, such Inspector shall give notice in writing of his opinion to the Magistrate of the District, and such Magistrate shall forthwith summon a Committee to enquire into the fitness of such estate or portion thereof for human habitation. Such Committee shall consist of the Magistrate, the Inspector of Laborers, the Medical Officer of the District, and at least one Employer of Laborers resident in the District. Such Committee shall proceed, with as little delay as possible, to inquire into the healthiness of the estate or portion thereof to which the Inspector's Report has reference, and shall hear such evidence on the subject as the owner of such estate or portion of the estate as aforesaid, or the Employer or Inspector, may desire to place before it; and, if such Committee shall be of opinion that such estate or any portion thereof is unfit for human habitation, it shall record a finding to that effect; and the contract of every laborer who shall have contracted to serve on such estate shall thereupon be null and void as regards such estate or such portion thereof. Provided, however, that every such contract shall continue valid with regard to any other portion of such estate, or to any other estate of the same Employer.

[কোন বাড়ী কি তাহার কোন অংশ বাসের অনুপযুক্ত ইন্‌স্পেক্‌টরের এমত বিশ্বাস হইলে কমিটী আহ্বান করিবার কথা।]

৯৫ ধারা। মজুরদের কোন ইন্‌স্পেক্‌টরের ক্ষমতা যে পর্য্যন্ত ব্যাপে সেই সীমার মধ্যগত কোন বাড়ীর জলবায়ুর কি চতুর্দ্দিগের স্থানের দোষপ্রযুক্ত সেই বাড়ী মনুষ্যবাসের উপযুক্ত নয়, যদি কোন সময়ে তাঁহার এইরূপ বিশ্বাস করিবার কারণ থাকে, তবে তিনি জিলার মাজিষ্ট্রেট সাহেবের নিকটে আপনার মত লিখিয়া জানাইবেন। তৎপ্রযুক্ত ঐ বাড়ী কি তাহার ঐ অংশ মনুষ্যবাসের উপযুক্ত কি না মাজিষ্ট্রেট সাহেব ইহার অনুসন্ধান লইবার জন্যে তৎক্ষণাৎ কমিটী আহ্বান করিবেন। মাজিষ্ট্রেট সাহেবকে এবং মজুরদের ইন্‌স্পেক্‌টরকে ও জিলার ডাক্তর সাহেবকে এবং মজুরদের যে মুনীবেরা ঐ প্রদেশে বাস করেন তাঁহারদের মধ্যে ন্যূনকল্পে এক জনকে লইয়া ঐ কমিটী হইবে। ইন্‌স্পেক্‌টরের রিপোর্টে ঐ বাড়ীর কি তাহার যে অংশের উল্লেখ হইয়াছে তাহার পীড়াজনকতা বিষয়ে ঐ কমিটী সাধ্যমতে অবিলম্বে অনুসন্ধান লইতে প্রবর্ত্ত হইবেন। এবং ঐ বাড়ীর কি তাহার উক্ত অংশের স্বামী ও মুনীব ও ইন্‌স্পেক্‌টর কমিটীর সম্মুখে যে সাক্ষ্য উপস্থিত করেন তাহা শুনিবেন। তাহাতে সেই বাড়ীর কি তাহার সেই অংশ মনুষ্যাবাসের উপযুক্ত নহে ঐ কমিটীর যদি এইরূপ মত হয়, তবে তাঁহারা আপনারদের সেই মর্ম্মের বিচার লিখিবেন। তাহা হইলে যে প্রত্যেক মজুর ঐ বাড়ীতে কর্ম্ম করিবার চুক্তি করিয়াছে, সেই বাড়ীর কি সেই অংশের সম্পর্কে তাহারদের সেই চুক্তি ব্যর্থ ও রহিত হইবে। কিন্তু সেই বাড়ীর অন্য কোন ভাগের সম্পর্কে কিম্বা সেই মুনীবের অন্য কোন বাড়ীর সম্পর্কে সেই চুক্তি দৃঢ় থাকিবে ইতি।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৭। ২ জুলাই।]

[Act not to apply to domestic servants or to laborers proceeding alone.]

XCVI. None of the provisions of this Act shall apply to domestic servants, nor to any laborer proceeding alone, or accompanied by his family only, to the said Districts, nor to any number, less than twenty, of persons intending to serve for hire in the said Districts, proceeding together to the said Districts without the intervention, direct or indirect, of a Recruiter, or of a Contractor.

[ঘরের চাকরেরদের কিম্বা একলা গমনকারি মজুরের প্রতি এই আইন না খাটিবার কথা।]

৯৬ ধারা। ঘরের চাকরেরা কিম্বা কোন মজুর একলা কি কেবল সপরিবারে উক্ত প্রদেশে গমন করিলে, কিম্বা বিশ জনের ন্যূন মজুর, স্পষ্টরূপে কি চক্রান্তে সংগ্রাহকের কি কন্‌ট্রাকুটরের কোন সহায়তা বিনা উক্ত জিলাতে বেতনের নিমিত্তে মজুরী করিবার উদ্দেশে গমন করিলে, এই আইনের বিধান তাহাদের প্রতি খাটিবে না ইতি।

[Penalty for any offence not specially provided for.]

XCVII. For every offence against the provisions of this Act for which no special amount of fine is hereinbefore appointed, the offender shall be liable to a fine not exceeding two hundred Rupees. Wherever in this Act no special term of imprisonment is appointed in default of payment of the fine, the offender shall be liable to imprisonment for a term not exceeding one month.

[যে অপরাধের স্পষ্টবিধান না হইয়াছে তাহার দণ্ডের কথা।]

৯৭ ধারা। এই আইনের বিধান লঙ্ঘনহেতুক অর্থ! দণ্ডের আজ্ঞা হইলেও যত টাকা দণ্ড হইবে এই কথা ইহার পূর্ব্ব কোন ধারাতে নির্দ্দিষ্ট না থাকিলে অপরাধির দুই শত টাকাপর্য্যন্ত দণ্ড হইবে। এই আইনের যে স্থলে দণ্ডের টাকা না দেওয়া প্রযুক্ত কারাদণ্ডের বিধান হইয়া দণ্ডের সময় নির্দ্দিষ্ট না থাকে সেই স্থলে অপরাধির এক মাসের অনধিক কারাদণ্ড হইবে ইতি।

[Procedure.]

XCVIII. All offences against this Act committed without the town of Calcutta, shall be heard and determined according to the provisons of the Code of Criminal Procedure, and all offences against this Act committed within the said town shall be heard and determined by a Police Magistrate of the said Town according to the provisions of the Law regulating the hearing and determination of offences within the said Town, which shall for the time being be in force.

[কার্য্য প্রণালীর কথা।]

৯৮ ধারা। কলিকাতা নগরের বাহিরে এই আইনের বিপরীত কোন অপরাধ করা গেলে সেই অপরাধের অভিযোগ ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের বিধানমতে শ্রবণ ও নির্ণয় করা যাইবে। এবং কোন অপরাধ ঐ নগরের মধ্যে করা গেলে, উক্ত নগরের মধ্যে অপরাধ শুনিবার ও নির্ণয় করিবার যে আইন যে সময়ে চলন হয় সেই আইনের বিধানানুসারে উক্ত নগরের পোলীসের কোন মাজিষ্ট্রেট ঐ অপরাধ শুনিয়া নির্ণয় করিবেন ইতি।

[Levy of penalties.]

XCIX. The provisions of Sections 64, 67, 68, and 69 of the Indian Penal Code, and of Section 61 of the Code of Criminal Procedure, shall apply to all fines for the imposition of which authority is given by this Act, and this Act shall be read as if the same Sections had been re-enacted herein.

[দণ্ডের টাকা আদায় করিবার বিধি।]

৯৯ ধারা। এই আইনের শক্তিক্রমে যে সকল অর্থদণ্ডের আজ্ঞা হইয়াছে তাহার প্রতি ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের ৬৪, ৬৭, ৬৮ ও ৬৯ ধারার এবং ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের ৬১ ধারার বিধান বর্ত্তিবে, এবং সেই সকল ধারা যেন এই আইনেও প্রকাশ হইয়াছে এই ভাবে এই আইন পাঠ করিতে হইবে ইতি।

[Repeal of Acts.]

C. Act III of 1863 and Act VI of 1865 passed by the Lieutenant-Governor of Bengal in Council shall, from and after the commencement of this Act, stand and be repealed except as to any rights or liabilities accrued before the commencement of this Act.

[যে২ আইন রহিত হইবে তাহার কথা।]

১০০ ধারা। এই আইন প্রচলিত হইবার সময়াবধি মন্ত্রিসভাধিষ্ঠিত বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের প্রচারিত ১৮৬৩ সালের ৩ আইন ও ১৮৬৫ সালের ৬ আইন রহিত হইবে ও রহিত থাকিবে। কিন্তু এই আইন প্রচলিত হইবার পূর্ব্বে যে কোন স্বত্ব কি দায় বর্ত্তিয়াছে তদ্বিষয়ে রহিত হইবে না ইতি।

[Commencement of Act.]

CI. This Act shall commence and take effect from the 1st day of July 1867.

[এই আইন যে সময়াবধি প্রচলিত হইবে তাহার কথা।]

১০১ ধারা। এই আইন ১৮৬৭ সালের জুলাই মাসের প্রথম দিবসাবধি প্রবল হইবে ইতি।

[*Government Gazette, 2nd July* 1867.]

SCHEDULE A.—(*referred to in Section V.*)

CONTRACTOR'S LICENSE.

Office of the Superintendent of Labor Transport at

A. B. is hereby licensed to act, within the local limits of my authority, as a Contractor for engaging and supplying persons for the purpose of laboring for hire in the Districts of Assam, Cachar, and Sylhet,—under Act of 1867 of the Council of the Lieutenant-Governor of Bengal for making Laws and Regulations.

This license will be in force for one year only from this date.

Dated the day of

(Sd.) C. D.,
Superintendent of Labor Transport.

৫ ধারার উল্লিখিত A চিহ্নিত তফসীল।

কনট্রাক্টরের অনুমতিপত্র।

অমুক স্থানে মজুরদের চালান করিবার সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের আফিস।

আইন ও ব্যবস্থা করণার্থ বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের মন্ত্রিসভার ১৮৬৭ সালের অমুক আইনঅনুসারে শ্রীঅমুক এতদ্দ্বারা আসাম ও কাছাড় ও ছিলট জিলাতে বেতনের জন্যে পরিশ্রম করণার্থ লোকদিগকে নিযুক্ত করাইবার ও যুটাইবার জন্যে আমার ক্ষমতাধীন দেশের মধ্যে কনট্রাক্টরের কর্ম্ম করিতে অনুমতি প্রাপ্ত হইয়াছেন।

এই অনুমতিপত্র অদ্যকার তারিখ অবধি কেবল এক বৎসর প্রবল থাকিবেক।

সাল তাং

অমুক।
মজুর চালান করিবার সুপরিন্টেণ্ডেণ্ট।

SCHEDULE B.—(*referred to in Section X.*)

RECRUITER'S LICENSE.

Office of the Superintendent of Labor Transport at

A. B. is hereby licensed to act on behalf of E. F. as a Recruiter for engaging or inducing persons to proceed to the Districts of Assam, Cachar, and Sylhet, for the purpose of laboring for hire,—under Act of 1867 of the Council of the Lieutenant-Governor of Bengal for making Laws and Regulations.

This license will be in force for one year only from this date.

Dated the day of

(Sd.) C. D.,
Superintendent of Labor Transport.

৯ ধারার উল্লিখিত B চিহ্নিত তফসীল

মজুরসংগ্রাহকের অনুমতিপত্র।

অমুক স্থানে মজুর চালান করিবার সুপরিন্টেণ্ডেণ্টের আফিস।

আইন ও ব্যবস্থা করণার্থ বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের মন্ত্রিসভার ১৮৬৭ সালের অমুক আইনমতে বেতনের জন্যে পরিশ্রম করিবার নিমিত্তে লোকদিগের সঙ্গে আসাম ও কাছাড় ও ছিলট জিলাতে যাইবার করার করণার্থে ও তাহাদিগকে লওয়াইবার জন্যে শ্রীঅমুকের পক্ষে শ্রীঅমুক মজুরসংগ্রাহকের কর্ম্ম করিবার অনুমতিপত্র প্রাপ্ত হইয়াছেন।

এই অনুমতিপত্র অদ্যকার তারিখ অবধি কেবল এক বৎসর প্রবল থাকিবে।

সাল তাং

সি ডি,
মজুর চালান করিবার সুপরিন্টেণ্ডেণ্ট

SCHEDULE C.—(*referred to in Section LXXIV.*)

	Rs.
Price of discharge within first year of contract ...	90
Ditto ditto ditto second ditto ...	60
Ditto ditto ditto third ditto ...	50

J. PITT KENNEDY,
Asst. Secy. to the Govt. of Bengal,
Legislative Department.

৭৪ ধারার উল্লিখিত C চিহ্নিত তফসীল।

চুক্তির প্রথম বৎসরের মধ্যে ৯০৲ টাকা দিলে মুক্তি পাইবে।

চুক্তির দ্বিতীয় বৎসরের মধ্যে ৬০৲ টাকা দিলে মুক্তি পাইবে।

চুক্তির তৃতীয় বৎসরের মধ্যে ৫০৲ টাকা দিলে মুক্তি পাইবে।

জে পিট কেনেডি,
ব্যবস্থাপন কর্ম্মবিভাগে বঙ্গদেশের গবর্ণমেন্টের আসিষ্টাণ্ট সেক্রেটারী

JOHN ROBINSON, *Bengalee Translator.*

CIRCULAR ORDERS OF THE BOARD OF REVENUE, L. P.

JUNE, 1867.

No. 1.

District Officers are hereby requested to furnish the Board, by the 5th July, with a Return of License Tax Collections, under Act XXI of 1867, for the month of June, and to continue the submission of monthly Returns of the Collections on the 5th of each ensuing month.

2. The Superintendent of Stationery will supply each District Officer, at once, with 12 copies of the form of the Return, which is numbered VI A.

3. The following addition under head *Monthly* is to be made to the "Appendix" at page 262 of the Borad's Rules:

VIA. License Tax Collections.

No. 2.

The Board, under instructions from Government, published the following remarks of the Legal Remembrancer, in the case of the Collector of Rungpore *versus* Prosono Coomar Tagore, for the guidance of all Officers subordinate to them. All similar cases instituted on behalf of Government, for the resumption of fisheries in navigable rivers, should be abandoned.

No. 7.

Collector of Rungpore, *Plaintiff*,

versus

Prosono Coomar Tagore, *Defendant*.

This suit was instituted to establish the right of Government to the possession of the fisheries of the Berhampooter, a navigable river, but both Courts have decided that by reason of the zemindar's possession of the subject of dispute for a period of sixty years, the Government claim was barred. The suit was instituted with the concurrence of the Board of Revenue, and has a tentative measure to bring the claim to such fisheries, which the Revenue Officers, acting upon the instructions of the local Government issued in 1859, have in various ways endeavouring to enforce for the past five years, to a final issue. Our contention was that inasmuch as the fishery was in a navigable river which formed no part of the permanent settlement and which was a public thoroughfare, no exclusive right of property

বঙ্গপ্রভৃতি দেশের রেবিনিউ বোর্ডের সরকুলর অর্ডর।

১৮৬৭ সাল জুন মাস।

১ নম্বর।

জিলার কর্ম্মকারকদের প্রতি এই আদেশ হইতেছে, লাইসেন্স টাক্সের উপলক্ষে ১৮৬৭ সালের ২১ আইন মতে যত টাকা জুন মাসের নিমিত্তে আদায় করা গিয়াছে তাঁহারা জুলাই মাসের ৫ তারিখ পর্য্যন্ত বোর্ডে তাহার রিটর্ণ প্রেরণ করেন। ও তৎপরে প্রতি মাসের ৫ তারিখ পর্য্যন্ত ঐ আদায় করা টাকার রিটর্ণ মাসে২ অর্পণ করিতে থাকিবেন।

২। ঐ রিটর্ণের ৬A নম্বর। ষ্টেশনরির সুপরিন্টেণ্ডেন্ট সাহেব অবিলম্বে জিলার প্রত্যেক কর্ম্মকারককে ঐ রিটর্ণের ১২ খানা দিবেন।

৩। বোর্ডের বিধি পুস্তকের ২৬২ পৃষ্ঠায় যে "ক্রোড়পত্র" প্রকাশ হইয়াছে তাহার মাসিক রিটর্ণের মধ্যে এই অধিক কথা দিতে হইবে।

৬A. লাইসেন্স টাকুসের উপলক্ষে আদায় করা টাকা।

২ নম্বর

রঙ্গপুরের কালেক্টর সাহেব যে মোকদ্দমায় বাদী ও বাবু প্রসন্নকুমার ঠাকুর প্রতিবাদী ছিলেন, সেই মোকদ্দমায় রাজকীয় মোকদ্দমার প্রয়োজক সাহেব নিম্নলিখিত কথা প্রকাশ করিয়াছেন। বোর্ডের সাহেবেরা গবর্ণমেণ্টের আদেশানুসারে আপনারদের অধীন সকল কর্ম্মকারকের উপদেশের নিমিত্তে ঐ কথা প্রচার করিতেছেন। নৌকাগমনীয় নদীতে জলকর বাজেয়াপ্ত করণার্থ তদ্রূপ যে সকল মোকদ্দমা গবর্ণমেণ্টের পক্ষে উপস্থিত করা গিয়াছে তাহা ত্যাগ করা কর্ত্তব্য।

৭ নং।

রঙ্গপুরের কালেক্টর বাদী।

শ্রী প্রসন্নকুমার ঠাকুর প্রতিবাদী

নৌকাদি গমনীয় ব্রহ্মপুত্র নদে যে জলকর আছে গবর্ণমেণ্টের তাহা অধিকার করিবার স্বত্ব স্থাপনার্থে ঐ মোকদ্দমা উপস্থিত করা গেল। কিন্তু ঐ বিবাদীয় বিষয় ষাইট বৎসর অবধি জমিদারের অধিকারে আছে এই প্রযুক্ত গবর্ণমেণ্টের দাওয়া রুদ্ধ হইল উভয়-আদালতের এই নিষ্পত্তি। স্থানীয় গবর্ণমেণ্ট ১৮৫৯ সালে যে উপদেশ প্রদান করিয়াছিলেন, রাজস্বের কর্ম্মকারকেরা তদনুসারে কর্ম্ম করিয়া গত পাঁচ বৎসরাবধি জলকরের উপর গবর্ণমেণ্টের দাওয়া নানা প্রকারে বলবৎ করিতে চেষ্টা করিয়াছেন। পরে ঐ বিষয়ের পরীক্ষা পূর্ব্বক সেই দাওয়ার চূড়ান্ত নিষ্পত্তি হইবার জন্যে রেবিনিউ বোর্ডের সম্মতিক্রমে এই মোকদ্দমা উপস্থিত করা গেল। আমারদের এই আপত্তি, নৌকাদি গমনীয় নদী চিরকালীন বন্দোবস্তের মধ্যে ধরা যায় নাই, তাহা সর্ব্বসাধারণের গমনীয় পথ-স্বরূপ। ঐ নদীতে জলকর আছে অতএব তাহাতে ব্যক্তি বিশেষের প্রতি স্বামিত্বের একমাত্রস্বত্ব বর্ত্তিতে

in it could be vested in any individual; that, previous to the assertion of its rights over the fishery, any person exercising the rights of possession was a mere trespasser, and could not shew good title on the ground of adverse possession, antecedent to the period at which the Government asserted its right to the usufruct of the fishery; and that as this period dated from the promulgation of the Government Order, regarding the assumption of possession of fisheries of navigable rivers, our suit was well within time; the limitation question was decided against us by the superior Appellate Court, as we were not prepared to shew that we had had possession of the fishery within sixty years of the date of our suit.

It has been determined that it is inexpedient to prosecute the claim any further.

I was not hopeful of succeeding in the prosecution of this claim from the first, but the original orders of Government, regarding the resumption of fisheries in navigable rivers, seemed to require that the decision of the ultimate Court of Appeal in this country should be obtained on the question of the rights of the State in every form in which they could be prosecuted with any chance of success.

Practically little has been lost by the abandonment of these cases, as in the only instance* in which the right to the fisheries of navigable rivers has been asserted without opposition, the Revenue Officers find it almost impossible to utilize the right through difficulty of making any settlement which can defend the Government interest in the fisheries against trespassers.

পারে না। জলকরের উপর গবর্ণমেণ্টের স্বত্ব প্রকাশ হইবার পূর্ব্বে, অধিকারিত্ব স্বত্বক্রমে যে ব্যক্তি কার্য্য করিতেন তিনি অনধিকার প্রবেশক মাত্র ছিলেন, এবং গবর্ণমেণ্ট ঐ স্থানহইতে যে সময়ে জলকর প্রাপণের স্বত্ব ব্যক্ত করিয়াছিলেন তৎপূর্ব্বে কোন ব্যক্তি অধিকার হেতুক তদ্বিপক্ষ বলবৎ স্বত্ব দেখাইতে পারিলেন না। নৌকাদি গমনীয় নদীর জলকর বাজেয়াপ্ত করণ বিষয়ে গবর্ণমেণ্টের ঐ হুকুম যে সময় প্রচার করা যায় আমারদের মেয়াদ সেই সময় অবধি, অতএব আমারদের মোকদ্দমা মেয়াদের মধ্যে উপস্থিত করা গিয়াছিল। কিন্তু মোকদ্দমা করিবার তারিখের পূর্ব্বে ষাইট বৎসরাবধি ঐ জলকর আমারদের অধিকারে ছিল ইহা দেখাইতে না পারাতে উপরিস্থ আপীল আদালত আমারদের বিপক্ষে মেয়াদের বিবাদ নিষ্পত্তি করিলেন।

নির্ণয় হইয়াছে যে ঐ দাওয়া প্রবল করণার্থে অধিক উদ্যোগ করা বিহিত নয়।

এই দাওয়া প্রবল করিবার উদ্যোগ সফল হইবে প্রথমাবধি আমার এমন আশা ছিল না। কিন্তু নৌকাদি গমনীয় নদীতে জলকর বাজেয়াপ্ত করণ বিষয়ে গবর্ণমেণ্টের যে প্রথম আজ্ঞা হইয়াছিল, তদ্বিবেচনায় বোধ হইল যে রাজ সম্পর্কীয় স্বত্ববিবাদ সফল হইবার আশায় যে কোন প্রকারে আদালতে উপস্থিত করা যাইতে পারে এতদ্বিষয়ে এদেশস্থ উচ্চতম আপীল আদালতের নিষ্পত্তি প্রাপ্ত হওয়া আবশ্যক।

ঐ সকল মোকদ্দমা ত্যাগ করণেতে কার্য্যপক্ষে অত্যল্প ক্ষতি হইয়াছে। যে হেতুক একি স্থলে নৌকাদি গমনীয় নদীর অর্থাৎ ভাগিরথীর জলকরে গবর্ণমেণ্টের স্বত্বের কোন আপত্তি হয় নাই, কিন্তু জলকরে গবর্ণমেণ্টের স্বত্ব যে বন্দোবস্তদ্বারা অনধিকার প্রবেশিদের হইতে রক্ষা পাইতে পারে এমত বন্দোবস্ত করা সুকঠিনপ্রযুক্ত রাজস্বের কার্য্যকারকেরা সেই স্বত্বদ্বারা লভ্য প্রাপ্ত হওয়া প্রায় অসাধ্য দেখিয়াছেন।

No. 3.

The following addition is made as Clause 5A at page 81 of the Board's Rules:—

This cancels the appointment of Mr. Banerjee to Midnapore, notified in the *Calcutta Gazette* of the 12th June last.

Baboo Ramakhoy Chatterjee, Deputy Magistrate and Deputy Collector of Pooree, is transferred to Midnapore, and vested with the powers of a Magistrate in the latter District.

Captain J. F. Sherer, Deputy Commissioner of Kamroop, to be a Deputy Commissioner of the Third Grade.

Captain W. C. S. Clarke, Officiating Deputy Commissioner of Seebsaugor, to be a Deputy Commissioner of the Fourth Grade.

Dr. F. N. Macnamara to be Chemical Examiner, and Professor of Chemistry in the Medical College, Calcutta.

Third Grade Sub-Assistant Surgeon Baney Madub Bose, on leave, to have Medical charge of the Civil Station of Rajmehal.

Third Grade Sub-Assistant Surgeon Nocoor Chunder Banerjee to have Medical charge of the Civil Station of Rajmehal, until the arrival of Sub-Assistant Baney Madub Bose, or until further orders.

Third Grade Sub-Assistant Surgeon Nundo Lall Ghose is appointed to the Vaccine Department at Darjeeling.

Baboo Mohun Chunder Burwah to be Sudder Ameen of Gowalparah.

Baboo Gunga Nath Burwah, Second Grade Moonsiff of Kamroop, is promoted to the First Grade of Moonsiffs.

The 8th July 1867.

Mr. A. V. Palmer to be Deputy Collector of Customs, Calcutta, with effect from the 1st ultimo, and to continue to officiate as Collector of Customs during the absence of Mr. J. A. Crawford on special duty.

The 9th July 1867.

Lieutenant J. Butler, Officiating Assistant Commissioner, Gowhatty, to have charge of the Sub-Division of Mungledye, during the absence, on leave, of Mr. J. J. S. Driberg, or until further orders.

Baboo Dinonath Addy, Deputy Magistrate and Deputy Collector of Nuddea, to have charge of the Sub-Division of Bongong, during the absence, on leave, of Mr. C. C. Quinn, or until further orders.

LEAVE OF ABSENCE.

The 3rd July 1867.

Lieutenant C. H. Garbett, Assistant Commissioner, Tezpore, for two months, on Medical Certificate, under the Financial Resolution, dated

শ্রীযুত বন্দ্যোপাধ্যায়ের মেদিনীপুরে নিযুক্ত হইবার যে কথা গত জুন মাসের ১৮ তারিখের বাঙ্গালা গেজেটে প্রকাশ হয় তাহা ইহাতে রহিত হইল।

পুরীর ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু রামাক্ষয় চট্টোপাধ্যায় মেদিনীপুরে নিযুক্ত হইয়াছেন ও শেষোক্ত জিলাতে মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন।

কামরূপের ডেপুটী কমিসনর কাপ্তান শ্রীযুত জে এফ শেরর সাহেব তৃতীয় শ্রেণীর ডেপুটী কমিসনর হইবেন।

শিবসাগরের একটিং ডেপুটী কমিসনর কাপ্তান শ্রীযুত ডবলিউ সি এস ক্লার্ক সাহেব চতুর্থ শ্রেণীর ডেপুটী কমিসনর হইবেন।

ডাক্তর শ্রীযুত এফ এন মাক্নামারা সাহেব কলিকাতার মেডিকাল কালেজে রসায়ণ দ্রব্য পরীক্ষক ও রসায়ণ বিদ্যার অধ্যাপক হইবেন।

তৃতীয় শ্রেণীর সব-আসিষ্টান্ট চিকিৎসক শ্রীযুত বেণীমাধব বসু রাজমহালের সিবিল মোকামের চিকিৎসা কর্ম্মের ভার পাইবেন। তিনি ছুটী লইয়াছেন।

সব-আসিষ্টান্ট শ্রীযুত বেণীমাধব বসুর না পঁহুছন কি অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত তৃতীয় শ্রেণীর সব-আসিষ্টান্ট চিকিৎসক শ্রীযুত নকুড়চন্দ্র বন্দ্যোপাধ্যায় রাজমহালের সিবিল মোকামের চিকিৎসা কর্ম্মের ভার পাইবেন।

তৃতীয় শ্রেণীর সব-আসিষ্টান্ট চিকিৎসক শ্রীযুত নন্দলাল ঘোষ দার্জ্জিলিঙ্গে টীকা দিবার কর্ম্মবিভাগে নিযুক্ত হইয়াছেন।

শ্রীযুত বাবু মোহনচন্দ্র বড়ুয়া গোয়ালপাড়ার সদর আমীন হইবেন।

কামরূপের দ্বিতীয় শ্রেণীর মুনসেফ শ্রীযুত বাবু গঙ্গানাথ বড়ুয়া মুনসেফদের প্রথম শ্রেণীভুক্ত হইয়াছেন।

১৮৬৭ সাল ৮ জুলাই।

শ্রীযুত এ বি পামর সাহেব কলিকাতার কষ্টমের ডেপুটী কালেক্টর হইবেন, উক্ত নিয়োগ গত মাসের ১ তারিখ অবধি প্রবল হইবে, এবং বিশেষ কার্য্যোপলক্ষে শ্রীযুত জে এ ক্রাফর্ড সাহেবের অনুপস্থানকালে তিনি কলিকাতার কষ্টমের কালেক্টরের কর্ম্ম করিতে থাকিবেন।

১৮৬৭ সাল ৯ জুলাই

শ্রীযুত জে জে এস ড্রিবর্গ সাহেবের ছুটীপ্রযুক্ত অনুপস্থান কালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত গৌহাটির একটিং আসিষ্টান্ট কমিসনর লেপ্টেনেন্ট শ্রীযুত জে বটলর সাহেব মঙ্গলদয়ি শাখাখণ্ডের কর্ম্মের ভার পাইবেন।

শ্রীযুত সি সি কুইন সাহেবের ছুটীপ্রযুক্ত অনুপস্থান কালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত নদীয়ার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু দীননাথ আঢ্য বনগাঁ শাখাখণ্ডের কর্ম্মের ভার পাইবেন।

ছুটী।

১৮৬৭ সাল ৩ জুলাই।

তেজপুরের আসিষ্টান্ট কমিসনর লেপ্টেনেন্ট শ্রীযুত সি এচ গার্বেট সাহেব চিকিৎসকের সর্টিফিকেটক্রমে, যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখ অবধি

the 22nd February 1856, from the date on which he may have availed himself of the leave.

The 4th July 1867.

Mr. S. M. Smylie, Sub-Assistant Revenue Surveyor, Third Division, Lower Provinces, for one month, under paragraph 16 of the Uncovenanted Service Absentee Rules, from the date on which he may avail himself of the leave.

Third Grade Sub-Assistant Surgeon Baney Madub Bose, Deputy Superintendent of Vaccination, Darjeeling Circle, for three months, under paragraph 11 of the Uncovenanted Service Absentee Rules.

The 9th July 1867.

Mr. J. J. S. Driberg, Extra Assistant Commissioner of Mungledye, for two months, under the orders of the Right Hon'ble the Secretary of State, dated 8th November 1865, from the date on which he may avail himself of the leave.

Mr. C. C. Quinn, Assistant Magistrate and Deputy Collector of Bongong, for two months, from the 11th instant, under Section 6 of the Covenanted Service Absentee Rules.

NOTIFICATIONS.

The 1st July 1867.

Mr. W. W. Daly, Assistant Superintendent of Police, Cachar, having proceeded, on the 18th May last, to join his new appointment as Officiating District Superintendent of the District, the unexpired portion of the leave granted to him, under orders of the 25th March, and of which he availed himself from the 18th April 1867, is cancelled.

The 5th July 1867.

Mr. R. P. Jenkins, Officiating Commissioner of Patna, having joined his appointment on the 22nd ultimo, the unexpired portion of the leave granted to him, under orders of the 8th April last, is cancelled.

NOTIFICATION.

The 17th June 1867.

Under the provisions of Section XI. of Act VII. of 1864, the Lieutenant-Governor of Bengal is pleased to issue the following Notification in supersession of that issued by the Government of Bengal, under date the 16th May 1865, and published in the *Calcutta Gazette* of the 24th idem. The present Notification contains such alterations and additions as have been sanctioned from time to time, by the Government of Bengal since the date of original Notification :—

The Lieutenant-Governor of Bengal is pleased, under the provisions of Section 42, Act VII

ফিনান্সিয়ল ডিপার্টমেন্টের ১৮৫৬ সালের ২২ ফেব্রুআরি তারিখের নির্দ্ধারণমতে দুই মাসের ছুটী পাইয়াছেন।

১৮৬৭ সাল ৪ জুলাই।

বঙ্গপ্রভৃতি দেশের তৃতীয় খণ্ডের সব-আসিষ্টান্ট রেবিনিউ সরবেয়র শ্রীযুত এস এম স্মাইলী সাহেব যে তারিখে ছুটীর গ্রহণ করেন সেই তারিখ অবধি অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৬ ধারামতে এক মাসের ছুটী পাইয়াছেন।

দারজিলিং চক্রের টীকা দিবার ডেপুটী সুপরিণ্টেণ্ডেণ্ট তৃতীয় শ্রেণীর সব-আসিষ্টান্ট চিকিৎসক শ্রীযুত বেণীমাধব বসু অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১১ ধারামতে তিন মাসের ছুটী পাইয়াছেন।

১৮৬৭ সাল ৯ জুলাই।

মঙ্গলদয়ির অতিরিক্ত আসিষ্টান্ট কমিসানর শ্রীযুত জে.জে এস ড্রিবর্গ সাহেব যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখ অবধি ভারতবর্ষের পক্ষ মহিমবর ত ষ্টেট সেক্রেটারী সাহেবের ১৮৬৫ সালের নবেম্বর মাসের ৮ তারিখের আজ্ঞামতে দুই মাসের ছুটী পাইয়াছেন।

বনগাঁয়ের আসিষ্টান্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটর শ্রীযুত সি সি কুইন সাহেব চিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ ধারামতে এই মাসের ১১ তারিখ অবধি দুই মাসের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৬৭ সাল ১ জুলাই।

কাছাড়ের পোলীসের আসিষ্টান্ট সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত ডবলিউ ডবলিউ ডালি সাহেব ঐ জিলার একটিং ডিষ্ট্রিক্ট সুপারিণ্টেণ্ডেণ্টরূপ আপন নূতন পদে গত মে মাসের ১৮ তারিখে গমন করাতে ১৮৬৭ সালের মার্চ মাসের ২৫ তারিখের আজ্ঞামতের যে ছুটী আপ্রিল মাসের ১৮ তারিখে গ্রহণ করেন তাহার অবশিষ্টাংশ রহিত হইল।

১৮৬৭ সাল ৫ জুলাই।

পাটনার একটিং কমিসানর শ্রীযুত আর পি জেন্‌কিন্স সাহেব গত মাসের ২২ তারিখে আপন কর্ম্ম গ্রহণ করাতে গত আপ্রিল মাসের ৮ তারিখের আজ্ঞামতে যে ছুটী পান, তাহার অবশিষ্টাংশ রহিত হইল।

বিজ্ঞাপন

১৮৬৭ সাল ১৭ জুন।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব ১৮৬৫ সালের মে মাসের ১৬ তারিখের যে বিজ্ঞাপন জুন মাসের ৬ তারিখের বাঙ্গলা গেজেটে প্রকাশ করিয়াছিলেন তৎপরিবর্ত্তে ১৮৬৪ সালের ৭ আইনের ১১ ধারার বিধানমতে নিম্নলিখিত বিধি প্রচার করিতেছেন। প্রথম জ্ঞাপনপত্র প্রকাশ করিবার পর বঙ্গদেশের গবর্ণমেণ্ট সময়েং যেং বিধির পরিবর্ত্তন ও যেং নূতন বিধি করিতে অনুমতি দিয়াছেন তৎসমুদয় এই জ্ঞাপনপত্রে ধরা গিয়াছে।

১৮৬৪ সালের বঙ্গদেশীয় ৭ আইনের (অর্থাৎ বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের অধীন প্রদেশে

…) 1864, *(an Act to amend and consolidate …ws relating to the manufacture, possession, …port and sale of Salt in the Provinces under …control of the Lieutenant-Governor of Bengal,)* …ix the 1st July next as the date from and after …hich the said Act shall come into operation.

2. Under the provisions of Section 12 of the said Act the Lieutenant-Governor is further pleased to define the following limits as those within which the possession and transport of Salt shall be regulated in the manner provided in the said Act.

3. The whole tract of country, with the exception noted below, included between the sea-board of the Bay of Bengal, and a continuous line drawn from the southernmost point of the coast of Chittagong to the southernmost point of the coast of Pooree so as to include the following Districts and parts of Districts:—

The District of Chittagong.

The District of Noakholly.

The District of Backergunge, except the Sub-Division of Madareepore

The Sub-Divisions of Khoolna and Bagirhaut, in the District of Jessore.

The District of 24-Pergunnahs, except the Sub-Divisions of Baraset and Barrackpore.

The Police Stations of Sulkeah, Doomjor, Chundeepore, and Shampore, in the District of Howrah.

The Sub-Divisions of Tumlook, Contai, and Nugwan, and the Police Station of Subhur— in the District of Midnapore.

The Balasore District.

The Cuttack District.

The Pooree District.

4. Within the above limits the tract in and about Calcutta and Howrah, lying within a ring-fence as defined below, shall not be included, and the rules prescribed under Sections 11 and 13, Act VII. (B. C.) 1864, shall not apply thereto, except in regard to such premises as are occupied by Saltpetre Refineries as specially defined by the Board of Revenue. The boundary of the tract thus excluded shall run from Cossipore Ghât on the left bank of the River Hooghly following the Gun Foundry Road and the Barrackpore Trunk Road up to the Barrackpore Bridge over the Circular Canal; thence along the right bank of that Canal to its junction with the Narkuldangah Suspension Bridge, thence along the Narkuldangah Main Road up to its junction with the Circular Road. The line shall thence follow the Circular Road to its junction with the Bhowanipore Road, and from that point shall follow the latter road to the foot-bridge over Tolly's Canal. From that point it shall follow the Calcutta

লবণ প্রস্তুত করণ ও নিকটে রাখণ ও চালান ও বিক্রয় করণের বিধান সংশোধন ও সংগ্রহ করিবার আইনের) ৪২ ধারার বিধানমতে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট) গবর্ণর সাহেব উক্ত আইন প্রচলিত হইবার আগামি জুলাই মাসের প্রথম তারিখ নিরূপণ করিয়াছেন।

২। উক্ত আইনের বিধানমতে লবণ নিকটে রাখিবার ও চালান করিবার কার্য্য যে সীমার মধ্যে প্রচলিত হইবে শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব উক্ত আইনের ১২ ধারার বিধানমতে নিম্নলিখিত সেই সীমা নির্দ্ধারণ করিয়াছেন।

৩। চট্টগ্রামের সমুদ্রাঞ্চলদেশের দক্ষিণাংশ অবধি পুরীর সমুদ্রাঞ্চলদেশের দক্ষিণাংশ পর্য্যন্ত রেখা টানিলে সেই রেখাঅবধি পশ্চাৎ লিখিত ৪ প্রকরণের নির্দ্দিষ্ট প্রদেশভিন্ন বঙ্গোপসাগরের সমুদ্রাঞ্চলস্থিত সমস্ত দেশ। ইহার মধ্যে নিম্নলিখিত জিলা ও জিলার অংশ পড়িবে যথা।

চট্টগ্রাম জিলা।

নওয়াখালি জিলা।

মাদারিপুর শাখাখণ্ডভিন্ন বাকরগঞ্জ জিলা।

যশোহর জিলার খুলনা ও বাগিরহাট শাখাখণ্ড।

বারাশত ও বারাকপুর শাখাখণ্ডভিন্ন চব্বিশপরগনা জিলা।

হাওড়া জিলার অন্তর্গত শালিখা ও ডোমজোড় ও ও চণ্ডীপুর ও শ্যামপুরের পোলীস থানা।

মেদিনীপুর জিলার অন্তর্গত তমলুক ও কাঁতি ও নগওয়ান শাখাখণ্ড ও সভঙ্গ পোলীস থানা।

বালেশ্বর জিলা।

কটক জিলা।

পুরী জিলা।

৪। কলিকাতা ও হাবড়ার অন্তর্গত ও চতুর্দিকস্থ যে দেশ নিম্নলিখিত চক্রাকৃতির সীমার মধ্যে থাকে তাহা পূর্ব্বোক্ত সীমার মধ্যে ধরা যাইবে না এবং তৎপ্রতি ১৮৬৪ সালের বঙ্গদেশীয় ৭ আইনের ১১ ও ১৩ ধারার বিধান বর্ত্তিবে না। কেবল শোরা পরিষ্কার করিবার যেং বাটীর সীমা রেবিনিউ বোর্ডকর্ত্তৃক বিশেষমতে অবধারিত হইল তাহার প্রতি বর্ত্তিবে, উক্ত বহিষ্কৃত দেশের সীমা এই। হুগলী নদীর বাম তীরস্থ কাশীপুর ঘাটহইতে কামানখানার রাস্তা ও চাণকের বড় রাস্তা ধরিয়া গোলাকৃতি খালের উপর চাণকের সাঁকো পর্য্যন্ত তথাহইতে ঐ খালের দক্ষিণ তীর ধরিয়া নারিকেলডাঙ্গার ঝুলান সাঁকোতে ঐ খালের সংযোগ স্থানপর্য্যন্ত ও তথাহইতে নারিকেলডাঙ্গার বড় রাস্তা ধরিয়া সরকুলর রোডের সঙ্গে তাহার সংযোগ স্থান পর্য্যন্ত চলে, পরে ঐ সীমা সেই সরকুলর রোড ধরিয়া ভবানীপুরের রাস্তার সঙ্গে সংযোগ স্থানপর্য্যন্ত চলে তথাহইতে ঐ ভবানীপুরের রাস্তা ধরিয়া টালির নালার উপর পদব্রজে গমনকারিদের সাঁকো পর্য্যন্ত যায়, সেই স্থানহইতে কলিকাতার দিগে উক্ত টালির নালার তীর ধরিয়া হেষ্টিংস সাঁকোতে ঐ খালের মুখে পঁহু-

bank of the said Tolly's Canal to its mouth at Hastings' Bridge and shall thence cross the River Hooghly in a straight course to the mouth of the creek at the south-west extremity of Chur Ramkistopore on the Howrah bank and following the boundary between the villages of Ramkistopore and Bhurparah shall strike the Trunk Road at the south-west angle of the premises of the Albion Mills, whence following the course of the aforesaid road northward it shall run up to the junction of that road, with the road running south of the Howrah Jail and leading to the right bank of the River Hooghly. It shall then run along the river bank up to the Howrah Ghât; thence proceed westward by the public road up to its junction with the Trunk Road, north of the Howrah Hospital, and thence in a northerly direction, through the Station of Howrah, along the north side of the Ghoosery Road to its termination on the right bank of the River Hooghly, and it shall then pass in a straight course across that river to the Cossipore Ghât.

ছিয়া সোজা পথে নদী পার হইয়া হাবড়ার। রামকৃষ্ণপুরের দক্ষিণ পশ্চিম ভাগে যে খাল তাহার মুখে পঁহুছিয়া রামকৃষ্ণপুর ও ভড়পাড়া মধ্যসীমা ধরিয়া আলবিয়ান কলঘর বাটীর পশ্চিম কোণে বড় রাস্তায় মিলিত হয়, তথাহইতে রাস্তা ধরিয়া উত্তর দিগে গিয়া সেই রাস্তার এবং হ ড়ার জেলের দক্ষিণ দিগের যে রাস্তা হুগলী নদ দক্ষিণ তীরে পঁহুছে সেই রাস্তার সঙ্গে তাহার সংযো স্থান পর্য্যন্ত পঁহুছে, পরে হাবড়ার ঘাট পর্য্যন্ত নদী তীরে২ যাইয়া হাবড়ার হাস্পাতালের উত্তর বড় রাস্তা সঙ্গে রাজপথের সংযোগ স্থানপর্য্যন্ত সেই রাজপ ধরিয়া পশ্চিম দিগে যায়, পরে উত্তর মুখ হইয়া হাবড়া দিয়া ঘূষড়ির রাস্তার উত্তরাংশ হইয়া হুগলীর দক্ষিণ তীরে শেষ পাইয়া সোজা পথে নদী পার হইয়া কাশীপুর ঘাটে পঁহুছে।

5. The Lieutenant-Governor is further pleased, under Sections 11 and 13 of Act VII. (B. C.) 1864, to prescribe the following Rules for regulating the manufacture, deposit, and transport of Salt within the limits above defined, and for securing the payment of duty thereon; as also for the granting of Rowannahs for Salt possessed or transported within the said limits and for fixing the fees to be paid for such Rowannahs.

৫। পূর্ব্বোক্ত সীমার মধ্যে লবণ প্রস্তুত করিবা রাখিবার ও চালান করিবার এবং তাহার মাসুল নিয়মিত রূপে আদায় করিবার জন্যে এবং উক্ত সীমার মধ্যে যে লবণ যাহার অধিকারে থাকে কি চালান করা যায় তাহার রওয়ানা দিবার এবং সেই রওয়ানার যত ফী দিতে হইবে তাহা নিরূপন করিবার জন্যে শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব ১৮৬৪ সালের বঙ্গদেশীয় ৭ আইনের ১১ ও ১৩ ধারামতে নিম্নলিখিত বিধি করিয়াছেন।

RULES prescribed in accordance with Sections 11 *and* 13 *of Act VII. (B. C.) of* 1864, *(for regulating the manufacture, deposit, transport, and sale of Salt in the Provinces under the control of the Lieutenant-Governor of Bengal and for securing the payment of duty thereon.)*

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের শাসিত দেশে লবণ প্রস্তুত করিবার ও রাখিবার ও চালান ও বিক্রয় করিবার ও তাহার উপর নিয়মিতরূপে মাসুল আদায় করিবার জন্যে ১৮৬৪ সালের বঙ্গদেশীয় ৭ আইনের ১১ ও ১৩ ধারামতে যে বিধি হইয়াছে তাহা এই।

MANUFACTURE OF SALT.

লবণ প্রস্তুত করিবার বিধি।

I. EVERY application for a License to manufacture Salt under the provisions of Section 7 of Act VII. (B. C.) of 1864, shall be presented to the Board of Revenue, and shall specify the Zillah, Pergunnah, Village, and Place in which the applicant proposes to manufacture Salt.

১ ধারা। ১৮৬৪ সালের বঙ্গদেশীয় ৭ আইনের ৭ ধারার বিধানমতে লবণ প্রস্তুত করিবার অনুমতির জন্যে যে প্রর্থনাপত্র করা যায় তাহা রেবিনিউ বোর্ডে দিতে হইবে। প্রার্থক যে জিলার যে পরগনার যে গ্রামের যে স্থানে লবণ প্রস্তুত করিতে ইচ্ছা করেন তাহা নির্দ্দিষ্ট করিবেন।

II. The Board of Revenue shall have full power to approve or to reject any such application for the manufacture of Salt, and the orders of the Board shall be final.

২ ধারা। রেবিনিউ বোর্ডের সাহেবেরা লবণ প্রস্তুত করিবার তদ্রূপ কোন প্রার্থনা গ্রাহ্য কি অগ্রাহ্য করিতে সম্পূর্ণ সক্ষম আছেন, এবং বোর্ডের আজ্ঞা চূড়ান্ত হইবে।

III. Immediately upon any application for License to manufacture Salt being sanctioned, the applicant shall execute an agreement, and shall thereupon receive from the Board of Revenue a License, the currency of which shall not extend beyond one year.

৩ ধারা। লবণ প্রস্তুত করিবার অনুমতিপত্র প্রার্থনা গ্রাহ্য হইলেই, প্রার্থক এক খান নিয়মপত্র সম্পাদন করিবেন। তাহা হইলে রেবিনিউ বোর্ডের সাহেবেরা তাঁহাকে অনুমতিপত্র দিবেন। সেই অনুমতিপত্র এক বৎসরের অধিক কাল চলিবে না।

IV. The Board of Revenue may appoint in each case such Excise Officers as they shall consider necessary to supervise the manufacture of Salt under such License as aforesaid, as well as its weighment, transportation, and storage, with a view to prevent smuggling and to protect the revenue. The names of all such Officers employed at any manufactory shall be notified to the Owner or his Agent at the Salt works. Nothing in this rule shall, however, be construed as interfering with the powers vested in Police Officers by Act VII. (B. C.) 1864.

৪ ধারা। উক্ত প্রত্যেক স্থলে পূর্ব্বোক্ত অনুমতিপত্রক্রমে ঐ লবণ প্রস্তুত করণ কার্য্যের তত্ত্বাবধারণের জন্যে এবং মাসুল অদানাপরাধ নিবারণার্থে ও রাজস্ব রক্ষার্থে ঐ লবণের ওজন ও স্থানান্তর ও গুদামজাত করণ কার্য্যের তত্ত্বাবধারণের জন্যে রেবিনিউ বোর্ডের সাহেবেরা আবকারি যে কর্ম্মকারকদিগকে আবশ্যক জ্ঞান করেন নিযুক্ত করিবেন। লবণের কারখানায় তদ্রূপ যে সকল কার্য্যকারককে রাখা যায় তাহাদের নাম খালাড়ির স্বামিকে কিম্বা তত্রত্য তাহার কর্ম্মকারককে জ্ঞাত করা যাইবে। কিন্তু ১৮৬৪ সালের বঙ্গদেশীয় ৭ আইনক্রমে পোলীসের কর্ম্মকারকদের প্রতি যেং ক্ষমতার্পিত হইয়াছে তাহার হানি করণ ভাবে এই বিধির অর্থ করিতে হইবে না।

V. The Board of Revenue shall determine the amount to be paid by each manufacturer of Salt for maintaining the necessary Excise Establishment, and the times and manner of payment.

৫ ধারা। আবকারী যত কর্ম্মকারকের আবশ্যক হয় তাহাদের রাখিবার জন্যে লবণ প্রস্তুতকারক প্রত্যেক জনের যত দিতে হইবে, ও তাঁহারা যে সময়ে যে প্রকারে দিবেন, রেবিনিউ বোর্ডের সাহেবেরা তাহা নিরূপণ করিবেন।

VI. Should any manufacturer fall into arrears in making any such payment, the Board of Revenue may, if they think proper, cancel the License granted to such manufacturer, or stop all further manufacture, until payment of the full amount due be made.

৬ ধারা। যদি কোন লবণ প্রস্তুতকারক তদ্রূপ টাকা দিতে ত্রুটি করেন, তবে রেবিনিউ বোর্ডের সাহেবেরা উপযুক্ত বোধ করিলে ঐ লবণ প্রস্তুতকারকের অনুমতিপত্র রহিত করিতে পারিবেন, অথবা প্রাপ্য সমুদয় টাকা যত কাল না দেওয়া যায় তত কাল লবণ পোক্তানী রহিত করিতে পারিবেন।

VII. The manufacture of Salt shall be closed on such date as the Board of Revenue may be pleased to prescribe in each individual case; the date being specified in the License of each manufacturer. All Salt manufactured after that date shall be held to be Salt manufactured *without* a License, and the provisions of Sections 5 and 6, Act VII. (B. C.) 1864, shall apply to such Salt, and to its manufacturer. The License also shall be liable to be cancelled.

৭ ধারা। রেবিনিউ বোর্ডের সাহেবেরা প্রত্যেক ব্যক্তিরপক্ষে যে তারিখ নির্দ্ধার্য্য করেন সেই তারিখে তাহার লবণ পোক্তানী বন্ধ হইবে। লবণ প্রস্তুতকারক প্রত্যেক জনের অনুমতিপত্রে সেই তারিখ থাকিবে। সেই তারিখের পর যে সকল লবণ পোক্তান হয় তাহা অনুমতিপত্রভিন্ন পোক্তানী লবণ জ্ঞান হইবে এবং ১৮৬৪ সালের বঙ্গদেশীয় ৭ আইনের ৫ ও ৬ ধারার বিধান সেই লবণের ও তৎপ্রস্তুতকারকের প্রতি বর্ত্তিবে। অনুমতিপত্রও রহিত করা যাইতে পারিবে।

VIII. Within one month from the date of the closing of his manufacture every licensed manufacturer of Salt shall notify to the Board of Revenue the quantity of Salt manufactured by him during the season. Should the manufacturer, without sufficient cause, fail to give this information within the prescribed period, or should he wilfully furnish incorrect information, he shall be liable to a fine not exceeding Rupees 500, and in the latter case all Salt in excess of the quantity notified by him shall be held to be contraband, and shall be liable to seizure and confiscation as such. The License also shall be liable to be cancelled.

৮ ধারা। লবণ পোক্তানী বন্ধ হইবার তারিখঅবধি এক মাসের মধ্যে সেই অনুমতিপত্রপ্রাপ্ত লবণপ্রস্তুতকারক পোক্তানীরকালের মধ্যে যত লবণ পোক্তান করিয়াছেন এই কথা রেবিনিউ বোর্ডে জ্ঞাত করিবেন। উপযুক্ত কারণ না থাকিলেও যদি নির্দ্দিষ্ট কালের মধ্যে সেই কথা জ্ঞাত না করেন, কিম্বা যদি ইচ্ছাপূর্ব্বক অশুদ্ধ সংবাদ দেন, তবে তাঁহার ৫০০৲ টাকা পর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবে, শেষোক্ত স্থলে তাঁহার নিকটে কথিত পরিমাণের অধিক যত লবণ পাওয়া যায় তাহা বিনানুমতির লবণ জ্ঞান হইয়া ক্রোক ও জব্দ হইবে। অনুমতিপত্রও রহিত হইতে পারিবে।

Deposit of Salt.

IX. The Board of Revenue may appoint the Collector of the District or other Officer specially selected for the purpose, to exercise a general control and supervision over all Warehouses provided by manufacturers of Salt, under the requirements of Section 10, Act VII. (B. C.)

লবণ গোলাজাত করিবার বিধি।

৯ ধারা। ১৮৬৪ সালের বঙ্গদেশীয় ৭ আইনের ১০ ধারার আজ্ঞাক্রমে লবণপ্রস্তুতকারকেরা যে সকল গোলা নিরূপণ করেন, তাহার সাধারণমতে কর্ত্তৃত্ব ও তত্ত্বাবধারণ করিবার জন্যে রেবিনিউ বোর্ডের সাহেবেরা জিলার কালেক্টর সাহেবকে কিম্বা সেই কর্ম্মের নিমিত্তে বিশেষমতে মনোনীত অন্য কর্ম্মকারককে নিযুক্ত করি-

1864. The Board may also appoint subordinate Officers to the charge of any such Warehouse. No Warehouse shall be approved unless on measurement it be found capable of containing at least 10,000 maunds of Salt.

X. All Salt manufactured under Excise License which may remain unstored at the Salt works fifteen days after the date fixed in the License for the closing of the manufacture shall, unless the storage thereof shall have been unavoidably prevented, be destroyed by the Officers appointed under Rule 4.

XI. Every Warehouse, when approved of by the Board of Revenue, shall be regularly licensed, and every manufacturer shall forthwith cause to be painted, or otherwise exhibited in a conspicuous part of the exterior of such Warehouse, the number of the License, the year in which it was granted, and the words "Licensed Warehouse" in the vernacular language and character of the District. The Board of Revenue may from time to time cause any licensed Warehouse to be inspected by the Collector of the District or other Officer appointed under Rule 9, and should it appear to the Board that from want of repair or from any other cause such Warehouse has become an unfit receptacle for the storage of Salt may require the manufacturer to repair or otherwise render it fit for that purpose, and in the event of his failing so to do, may cancel the License of such Warehouse.

XII. When a manufacture desires to remove any Salt from his Salt works for the purpose of storing it, he shall cause it to be packed for transport in the presence of the Officer who may have been appointed to this duty under Rule 4. When ready for despatch, such Officer shall carefully impress the Salt all over when packed in bulk with a wooden stamp (adul) supplied for the purpose; but when put up into bags, the mouth of every bag shall be closed with sealing wax, and a seal, with a clear and distinct device, affixed thereto, in not less than two places, and the aforesaid Officer shall also grant a Pass, to protect the Salt during transit.

XIII. The Pass shall specify the name of the manufacturer, the number of his License, the route by which the Salt is to be transported, and the date of despatch. It shall also be numbered and signed by the Officer granting it.

XIV. A separate Pass shall be granted for every despatch of Salt; but if it be despatched by means of coolies or bullocks, one Pass shall be sufficient for every gang of coolies or drove of bullocks, and in such case, in addition to the particulars stated in Rule 13, the Pass shall specify

বেন। আরো বোর্ডের সাহেবেরা তদ্রূপ গোলার রক্ষা করিবার জন্যে অধীন কর্ম্মকারকদিগকেও নিযুক্ত করিতে পারিবেন। গোলা ঘরের মাপ হইয়া যদি তাহাতে দশ হাজার মণ না ধরিতে পারে তবে গ্রাহ্য হইবে না।

১০ ধারা। আবকারির অনুমতিপত্রক্রমে লবণ প্রস্তুত হইয়া, অনুমতিপত্রেতে পোক্তানী বন্ধ করিবার যে তারিখ নিরূপণ হইয়াছে যদি সেই তারিখ অবধি পঞ্চদশ দিনের মধ্যে গোলাজাত না হইয়া খালাড়িতে থাকে, তবে ৪ ধারার নিযুক্ত কার্য্যকারকেরা ঐ লবণ নষ্ট করিবেন, কিন্তু যদি অনিবার্য্য কোন হেতুতে লবণ গোলাজাত হইতে পারে নাই, তবে নষ্ট করিবেন না।

১১ ধারা। গোলা ঘরের প্রতি রেবিনিউ বোর্ডের অনুমোদন হইলে তাহার অনুমতিপত্র নিয়মিতরূপে দেওয়া যাইবে। এবং লবণপ্রস্তুতকারক সেই গোলার বহির্ভাগের কোন প্রকাশ্য স্থানে রঙ্গ দিয়া কি অন্য প্রকারে এইং কথা লেখাইবেন, যথা অনুমতিপত্রের নম্বর, তাহা যে বৎসরে দেওয়া গিয়াছে এবং জিলার চলিত ভাষায় ও অক্ষরে "অনুমতিপত্র প্রাপ্ত গোলা" এই কথা লেখাইবেন। রেবিনিউ বোর্ডের সাহেবেরা জিলার কালেক্টর সাহেবের দ্বারা কিম্বা এই বিধির ৯ ধারামতে নিযুক্ত অন্য কার্য্যকারক দ্বারা সময়েং অনুমতিপত্রপ্রাপ্ত কোন গোলার দৃষ্টি করাইবেন, এবং সারাইয়া না রাখণপ্রযুক্ত কি অন্য কোন কারণে উক্ত গোলাঘর লবণ রাখিবার অনুপযুক্ত হইয়াছে বোর্ডের সাহেবেরা এমত বোধ করিলে, লবণ প্রস্তুতকারককে ঐ স্থান সারাইয়া দিতে কিম্বা প্রকারান্তরে সেই কার্য্যের উপযুক্ত করিতে আজ্ঞা করিবেন। তিনি তাহা না করিলে ঐ গোলার অনুমতিপত্র রহিত করিতে পারিবেন

১২ ধারা। লবণ প্রস্তুতকারী যখন গোলাজাত করিবার জন্যে খালাড়ি হইতে লবণ লইয়া যাইতে চাহেন, তখন যে কার্য্যকারক এই বিধির ৪ ধারামতে সেই কর্ম্মে নিযুক্ত হন তাঁহারই সাক্ষাতে তিনি চালান করিবার জন্যে লবণ বদ্ধ করাইবেন। যখন চালান করিতে প্রস্তুত হয় তখন সেই লবণ থামাকৃতি হইলে উক্ত কার্য্যকারক সেই কার্য্যের নিমিত্তে আদল নামে একটা কাঠের ইষ্টাম্প দ্বারা ঐ লবণের সর্ব্বস্থানে ছাপ দিবেন। যদি বস্তাবাঁধা হয় তবে প্রত্যেক বস্তার মুখ গালাদিয়া বন্ধ হইবে এবং তাহার অন্যূন দুই স্থানে স্পষ্ট অক্ষর বিশিষ্ট মোহর বসান যাইবে, এবং চালানের সময়ে লবণ রক্ষা করিবার নিমিত্তে উক্ত কার্য্যকারক ছাড়পত্র দিবেন।

১৩ ধারা। সেই ছাড় পত্রে লবণ প্রস্তুতকারির নাম ও তাহার অনুমতিপত্রের নম্বর ও যে পথ দিয়া লবণ চালান হইবে সেই পথ ও চালান করিবার তারিখ, এই সকল কথা লেখা থাকিবে, ও যে কার্য্যকারক তাহা দেন তিনি তাহাতে নম্বর দিয়া স্বাক্ষর করিবেন।

১৪ ধারা। লবণের প্রত্যেক চালানের স্বতন্ত্র ছাড়পত্র দিতে হইবে। কিন্তু যদি মুটিয়াদের মস্তকে কি বলদের পৃষ্ঠে চালান করা যায়, তবে মুটিয়াদের প্রত্যেক দলের কি বলদের প্রত্যেক পালের একি ছাড়পত্র দিলেই হয়। কিন্তু এমত স্থলে ১৩ ধারামতে যে কথা লিখিতে হয় তদ্ভিন্ন ঐ লবণ লইয়া যাইতে যত মুটিয়া কি বলদ নিযুক্ত থাকে

the number of coolies or bullocks employed in carrying the Salt as well as the number of baskets, bags, or packs used.

XV. A copy of every Pass granted under the foregoing Rules shall be forwarded by the Officer granting it to the Collector of the District, or other Controlling Officer appointed under Rule 9.

XVI. The arrival at any licensed Warehouse of Salt despatched from the Salt works shall at once be reported to the Officer in charge of the Warehouse, who shall without delay examine its condition, the state of the stamps or seals, as the case may be, and the Pass covering the Salt. The Pass shall then be forwarded in original, duly effaced, and with the particulars noted in Rule 18 entered upon it, to the Collector of the District, or other Controlling Officer appointed under Rule 9, and a copy shall be retained for record by the Officer in charge of the Warehouse.

XVII. If the Revenue Officer in charge of the Warehouse be satisfied that the Rules laid down above have been in no way infringed, he shall thereupon permit the manufacturer to store the Salt in the Warehouse.

XVIII. If, however, on examination it be found that the despatch of Salt has been tampered with, or that the quantity of Salt is likely to be more than one per cent. less than the quantity specified in the Pass, the Officer in charge of the Warehouse shall be empowered to seize and weigh the entire despatch of Salt, and after recording the explanation of the manufacturer, or his duly accredited servant in charge thereof, he shall report the case to the Collector of the District, or other Controlling Officer appointed under Rule 9, who shall trasmit the papers with his opinion on the case for the orders of the Board of Revenue, who may direct confiscation of the entire despatch as contraband. The Board may also, if they see fit, at once cancel the manufacturer's License. The manufacturer shall further be liable for the amount of duty that would be leviable on the deficiency in excess of 1 per cent.

XIX. On obtaining the permission of the Officer in charge of the Warehouse the Salt shall be weighed and stored therein by the servants and at the expense of the manufacturer, in the presence of such Officer, and the result of such weighment shall be noted on the Pass protecting the Salt, as well as in the Daily Store Account kept by the Officer in charge of the Warehouse.

[*Government Gazette*, 16*th July* 1867.]

ও যত চুবড়ি কি থলে কি বস্তার ব্যবহার হয় ঐ ছাড়পত্রে তাহা নির্দ্দিষ্ট থাকিবে।

১৫ ধারা। যে কার্য্যকারক পূর্ব্বোক্ত বিধিমতে ছাড়পত্র দেন তিনি সেই প্রত্যেক ছাড়পত্রের প্রতিলিপি জিলার কালেক্টর সাহেবের নিকটে কিম্বা এই বিধির ৯ ধারামতে তত্ত্বাবধানার্থে অন্য যে কার্য্যকারক নিযুক্ত হন তাঁহার নিকটে পাঠাইবেন।

১৬ ধারা। খালাড়িহইতে লবণ চালান হইয়া অনুমতিপত্র প্রাপ্ত কোন গোলাতে পঁহুছিলেই ঐ গোলা যে কার্য্যকারকের রক্ষণে থাকে তাঁহাকে তৎক্ষণাৎ সেই কথা জানাইতে হইবে, তিনি অবিলম্বে ঐ লবণের অবস্থা কিম্বা বিষয় বিশেষে ছাপের কি মোহরের ভাব এবং ঐ লবণের ছাড়পত্র দেখিবেন। পরে সেই আসল ছাড়পত্রের কএকটি কথা রীতিমতে কাটিয়া ও ১৮ ধারার লিখিত কথা লিখিয়া সেই ছাড়পত্র জিলার কালেক্টর সাহেবের নিকটে কিম্বা এই বিধির ৯ ধারামতে তত্ত্বাবধানার্থ অন্য যে কার্য্যকারক নিযুক্ত হন তাঁহার নিকটে পাঠাইবেন, এবং গোলা যে কার্য্যকারকের রক্ষণে থাকে তিনি দফ্তরে গাঁথিবার জন্যে ঐ ছাড়পত্রের প্রতিলিপি রাখিবেন।

১৭ ধারা। গোলাঘর রাজস্বের যে কার্য্যকারকের রক্ষণে থাকে তিনি পূর্ব্বোক্ত বিধির কোনমতে লঙ্ঘন হয় নাই হৃদ্বোধমতে জানিলে, লবণ প্রস্তুতকারককে গোলাতে লবণ রাখিতে দিবেন।

১৮ ধারা। কিন্তু তাহা দৃষ্টি করিলে ঐ লবণের চালানের উপর কোন প্রকারে হস্তক্ষেপ হইয়াছে কি ছাড়পত্রে যত লবণ লেখা হইল তাহার শতকরা একাংশের অধিক ন্যূন পড়িবার সম্ভাবনা আছে ইহা যদি জানিতে পান, তবে গোলা যে কার্য্যকারকের রক্ষণে থাকে তিনি সেই চালানের সমুদয় লবণ ক্রোক করিয়া ওজন করিতে সক্ষম হইবেন এবং সেই বিষয়ে লবণ প্রস্তুতকারক, কিম্বা তাঁহার উপযুক্তমতে ক্ষমতাপ্রাপ্ত যে চাকরের রক্ষণে লবণ চালান হইল সেই চাকর সেই বিষয়ের যে কারণ কহেন, তিনি তাহা লিখিয়া জিলার কালেক্টর সাহেবের নিকটে কিম্বা এই বিধির ৯ ধারামতে তত্ত্বাবধানার্থে অন্য যে কার্য্যকারক নিযুক্ত হন তাঁহার নিকটে সেই বিষয়ের রিপোর্ট করিবেন। তিনিও সেই বিষয়ে আপনার মত লিখিয়া রেবিনিউ বোর্ডের আজ্ঞা করিবার জন্যে ঐ কাগজপত্র প্রেরণ করিবেন। তাহাতে বোর্ডের সাহেবেরা ঐ সম্পূর্ণ চালান বিনানুমতির বলিয়া জব্দ হইবার আজ্ঞা করিতে পারিবেন। আরো বোর্ডের সাহেবেরা উপযুক্ত বোধ করিলে সেই লবণ প্রস্তুতকারকের অনুমতিপত্র একেবারে রহিত করিতে পারিবেন। তদ্ভিন্ন শতকরা একাংশের অধিক যত লবণ ন্যূন প্রকাশ হয় তাহার উপর যত মাসুল আদায় হইতে পারে ঐ লবণপ্রস্তুতকারী তত মাসুলের দায়ী হইবেন।

১৯ ধারা। গোলা যে কার্য্যকারকের রক্ষণে থাকে তাঁহার অনুমতি প্রাপ্ত হইলে লবণ প্রস্তুতকারকের চাকরেরা তাঁহার খরচে উক্ত কার্য্যকারকের সাক্ষাতে লবণ ওজন করিয়া গোলাজাত করিবেন, এবং সেই ওজনের যে ফল হয় তাহা ঐ লবণের ছাড়পত্রে এবং ঐ গোলা যে কার্য্যকারকের রক্ষণে থাকে তাঁহার গোলাজাত লবণের দৈনিক হিসাব খাতায় লেখা যাইবে।

XX. Every licensed Warehouse shall be secured by two padlocks supplied by the manufacturer on approval by the Officer in charge thereof, the key of one lock being retained by the person owning the Salt, or by some person on his behalf, and the key of the second lock by the Officer in charge of the Warehouse.

২০ ধারা। অনুমতিপত্র প্রাপ্ত প্রত্যেক গোলাঘর দুই তালাতে বন্ধ হইবে। লবণ প্রস্তুতকারক সেই তালা দিবেন। এবং ঐ ঘর যে কার্য্যকারকের রক্ষণে থাকে তাঁহার অনুমোদনের প্রয়োজন। লবণ যে ব্যক্তির হয় তিনি কিম্বা তাঁহার পক্ষে কোন ব্যক্তি একতালার চাবি রাখিবেন, এবং গোলা যে কার্য্যকারকের রক্ষণে থাকে তিনি দ্বিতীয় তালার চাবি রাখিবেন।

XXI. When a Warehouse shall have been stored with Salt the manufacturer, owner or mortgagee of the Salt shall enter into a Bond for payment of the amount of duty, as well as other charges leviable thereon, and he shall further bind himself to discharge, without objection, any duty that may be adjudged against him by the Board of Revenue on account of any excess or penalty duty in consequence of any deficiency (beyond the usual allowance of two and a half per cent. as wastage) of Salt found in his Warehouse at the time of clearance.

২১ ধারা। গোলাতে লবণ দেওয়া গেলে পর ঐ লবণ প্রস্তুতকারক কি স্বামী কি বন্ধকগ্রহীতা একখান প্রতিজ্ঞাপত্র লিখিয়া দিবেন। তাহার তাৎপর্য্য এই যে ঐ লবণের উপর যে মাসুল কি অন্য যে খরচ বসান যায় তাহা দিবেন, এবং লবণ সেই গোলাহইতে বাহির হইবার সময়ে ঝরতির নিমিত্তে শতকরা আড়াই অংশ পর্য্যন্ত যত বাদ দিবার অনুমতি আছে তদ্ভিন্ন কিছু ন্যূনতা প্রকাশ হইলে রেবিনিউ বোর্ডের সাহেবেরা তাহার যে অধিক মাসুল বসান কি দণ্ডস্বরূপ যে মাসুল দিবার আজ্ঞা করেন তিনি আপত্তি না করিয়া তাহা দিবেন।

XXII. No Bond shall be taken for a period exceeding three years, but, on expiry of that period, with the sanction of the Board of Revenue, a renewed Bond may be executed for a further term of two years. Applications for the renewal of Bonds about to expire shall be presented to the Board of Revenue at least two months previous to their expiry.

২২ ধারা। তিন বৎসরের অধিককালের প্রতিজ্ঞাপত্র লওয়া যাইবে না, কিন্তু সেই সময় গত হইলে রেবিনিউ বোর্ডের অনুমতিক্রমে অধিক দুই বৎসরের নূতন প্রতিজ্ঞাপত্র করা যাইতে পারিবে। প্রতিজ্ঞাপত্রের সময় প্রায় রহিত হইলে রেবিনিউ বোর্ডে তাহা নূতন করিবার প্রার্থনা সেই সময় অতীত হইবার পূর্ব্বে অন্যূন দুই মাস থাকিতে করিতে হইবে।

XXIII. No Salt shall, on any account, be removed from a licensed Warehouse without the [illegible] of the Board of Revenue, and any act [illegible] permission of the Board [illegible] the license of [illegible] in violation thereof shall subject the manufacturer, owner or mortgagee of the same to a penalty of Rupees 500, and the Salt thus removed shall be seized and confiscated. Provided that nothing in this Rule shall be held to prevent Government proceeding, if it see fit, under Section 16 of the Act.

২৩ ধারা। রেবিনিউ বোর্ডের অনুমতি না হইলে অনুমতিপত্রপ্রাপ্ত গোলাহইতে লবণ কোন প্রকারে স্থানান্তর করা যাইবে না। এই বিধি লঙ্ঘনক্রমে কো[illegible] প্রস্তুতকারকের কি স্বামির কি কার্য্য হইলে সেই [illegible] বন্ধকগ্রহীতার পাঁচ শত টাকা দণ্ড হইবে এবং যে লবণ তদ্রূপে স্থানান্তর করা যায় তাহা ক্রোক ও জব্দ হইবে কিন্তু যদি গবর্ণমেণ্ট আইনের ১৬ ধারামতে কর্ম্ম [illegible] তবে এই ধারার কথাতে বাধ হইবে না।

XXIV. The Salt of the manufacture of each year shall be separately stored, and every act in violation of this Rule shall subject the whole of the Salt within the Warehouse to seizure and confiscation.

২৪ ধারা। প্রত্যেক বৎসরের পোক্তানির লবণ স্বতন্ত্র রাখিতে হইবে। এই বিধি লঙ্ঘন করিয়া কোন কার্য্য হইলে গোলা ঘরের মধ্যের সকল লবণ ক্রোক ও জব্দ হইবার যোগ্য হইবে।

Transport and Sale of Salt.

লবণের চালান ও বিক্রয় করণের বিধি।

XXV. In addition to the Special Rowannah prescribed by Section 19 of Act VII. (B. C.) of 1864, Rowannahs shall be of two kinds—

1st.—The Wholesale Rowannah, required to protect all Salt removed immediately from Warehouses or Ships.

2nd.—The Retail Rowannah, required for the protection of Salt being a portion of an original despatch covered by a Wholesale or Special Rowannah, but separated therefrom for purposes of sale or otherwise.

২৫ ধারা। ১৮৬৪ সালের বঙ্গদেশীয় ৭ আইনের ১৯ ধারাতে যে বিশেষ রওয়ানা নির্দ্দিষ্ট হইয়াছে তদভিন্ন রওয়ানা দুই প্রকারের।

(১) মোট বিক্রয়ের রওয়ানা। একেবারে গোলা কি জাহাজহইতে যে লবণ স্থানান্তর করা যায় তাহার জন্যে ঐ রওয়ানার প্রয়োজন।

(২) খুচরা বিক্রয়ের রওয়ানা। লবণ মোটে বিক্রয়ের কি বিশেষ রওয়ানার একাংশ হইয়া যদি বিক্রয় করিবার কি অন্য কার্য্যের নিমিত্তে স্বতন্ত্র করা যায়, তবে তাহার জন্যে এই রওয়ানা প্রয়োজন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৭। ১৬ জুলাই।]

XXVI. Retail Rowannahs shall further be sub-divided into two kinds—

1st.—The Atrafee Rowannah, required to protect Salt which it may be intended to convey beyond the limits of the Police Station within which it may at the time be stored.

2nd.—The Charchittee, required to protect Salt which it may be intended to retain for sale within the limits of the Police Station within which it may at the time be stored.

XXVII. Wholesale Rowannahs shall be granted only by the Board of Revenue, on application being presented on stamped paper of the value prescribed for petitions to the said Board, and on payment of certain frees specified in the Schedule hereto annexed. The Rowannah shall specify—

1st.—The quantity of Salt to be transported under its protection;

2nd.—The description of Salt;

3rd.—The place whence the Salt is deliverable;

4th.—The mode of conveyance;

5th.—The destination of the Salt, and

6th.—The route by which the Salt shall be conveyed.

A Wholesale Rowannah shall be current for only one year from the date of issue, after which it shall be null and of no effect. The holder of a Wholesale Rowannah, the currency of which is about to expire, may apply to the Board of Revenue for a renewed Rowannah, which the Board shall grant on sufficient cause being shewn, and on the Salt being identified to their satisfaction.

XXVIII. If any person who shall have become possessed of a Wholesale Rowannah shall desire to make any alteration in the terms specified therein, permissible under these Rules, he may, by application to the Board of Revenue on stamped paper of the value prescribed for petitions to the said Board, obtain an Exchange Rowannah, which shall, for all the purposes of the Act and of these Rules, be considered to be a Wholesale Rowannah.

XXIX. Blank Forms of Retail Rowannahs of either kind shall be obtainable from the Collector of the District or from the Deputy Collector in charge of the Sub-Division within which the Salt is stored at the time of application, provided such Officer shall have been empowered by the Collector to grant such Rowannahs.

A Retail Rowannah shall specify—

1st.—The quantity and description of Salt covered by it, which shall, in no case, exceed 100 maunds;

2nd.—The time for which it is current, which shall, in no case, exceed six months;

২৬। খুজরা বিক্রয়ের রওয়ানার দুই ভাগ।

(১) আতরাফী রওয়ানা। যে পোলীস থানার এলাকার মধ্যে লবণ গোলাজাত আছে যদি সেই সীমার বাহিরে লইয়া যাইবার অভিপ্রায় থাকে, তবে তাহার জন্যে ঐ রওয়ানার প্রয়োজন।

(২) ছাড়চিঠি। যে পোলীস থানার এলাকার মধ্যে লবণ গোলাজাত আছে সেই সীমার মধ্যে বিক্রয়ার্থে তাহা রাখিতে হইলে তাহার জন্যে ঐ চিঠির প্রয়োজন।

২৭ ধারা। মোটে বিক্রয়ের রওয়ানা কেবল রেবিনিউ বোর্ডে পাওয়া যাইতে পারিবে, উক্ত বোর্ডে দরখাস্ত যে মূল্যের ইষ্টাম্পা কাগজে লিখিতে হয় সেই মূল্যের কাগজে প্রার্থনাপত্র লিখিয়া এই আইনের তফসীলে যে ফী নির্দ্দিষ্ট হইয়াছে তাহা দিলে রওয়ানা পাওয়া যাইতে পারিবে। সেই রওয়ানাতে এই২ কথা নির্দ্দিষ্ট হইবে।

১। ঐ রওয়ানার বলে যত লবণ চালান হইবে।

২। যে প্রকারের লবণ।

৩। লবণ যে স্থানে দিতে হইবে।

৪। যেরূপে চালান হইবে।

৫। চালান করিবার লক্ষিত স্থান।

৬। যে পথ দিয়া লবণ চালান হইবে।

মোটে বিক্রয়ের রওয়ানা যে তারিখে দেওয়া যায় সেই তারিখ অবধি কেবল এক বৎসর চলিবে, তাহার পর ব্যর্থ ও অকর্ম্মণ্য হইবে। মোটে বিক্রয়ের রওয়ানা যাঁহাকে দেওয়া যায় ঐ রওয়ানার সময় অতীত হইতে না হইতে তিনি রেবিনিউ বোর্ডে নূতন রওয়ানা প্রার্থনা করিতে পারেন, সেই রওয়ানা দিবার উপযুক্ত কারণ দর্শান গেলে এবং বোর্ডের সাহেবদের হৃদ্বোধমতে লবণের অনন্যতা নিশ্চিত হইলে তাঁহারা নূতন রওয়ানা দিবেন।

২৮ ধারা। যে ব্যক্তি মোটে বিক্রয়ের রওয়ানা প্রাপ্ত হইয়াছেন তিনি যদি এই বিধির সংগতভাবে ঐ রওয়ানার নির্দ্দিষ্ট নিয়মের পরিবর্ত্তন করাইতে চাহেন, তবে রেবিনিউ বোর্ডে যে মূল্যের ইষ্টাম্পা কাগজে দরখাস্ত লিখিতে হইবে তিনি সেই মূল্যের ইষ্টাম্প কাগজে প্রার্থনাপত্র দিলে, তবদীলী অর্থাৎ পরিবর্ত্তিত রওয়ানা পাইতে পারিবেন। আইনের ও এই বিধির সকল কার্য্যার্থে তাহা মোটে বিক্রয়ের রওয়ানা জ্ঞান হইবে।

২৯ ধারা। খুজরা বিক্রয়ের অন্যতর প্রকারের রওয়ানার শাদা পাঠ জিলার কালেক্টর সাহেবের স্থানে, কিম্বা ঐ রওয়ানা প্রার্থনা করিবার সময়ে লবণ যে শাখাখণ্ডের মধ্যে গোলাজাত থাকে সেই শাখাখণ্ডের কর্ম্মের ভারপ্রাপ্ত ডেপুটী কালেক্টর যদি কালেক্টর সাহেবের নিকটে তদ্রূপ রওয়ানা দিবার ক্ষমতাপ্রাপ্ত হন, তবে তাঁহারও স্থানে পাওয়া যাইতে পারিবে।

খুজরা বিক্রয়ের রওয়ানাতে এই২ কথা নির্দ্দিষ্ট হইবে।

১। তাহাতে যত ও যে প্রকারের লবণ রক্ষিত হয়। কিন্তু কোন স্থলে একশতমণের অধিক না হয়।

২। যত কাল চলন থাকিবে। কিন্তু কোন স্থানে ছয় মাসের অধিক না হয়।

3rd.—The number and date of the Rowannah from which the Salt was obtained;

4th.—The destination of the Salt;

5th.—The route by which the Salt shall be carried;

6th.—The mode of conveyance;

7th.—The name of the consignee or purchaser.

XXX. A fee of four annas shall be levied every Retail Rowannah No. 1.*

XXXI. Wholesale Rowannah holders are hereby empowered to issue to Furriahs or retail vendors Retail Rowannahs of both the descriptions specified in Rule 25, and holders of Retail Rowannahs, No. 1, are similarly empowered to issue Retail Rowannahs, No. 2, to Furriahs or retail vendors.

XXXII. Special Rowannahs, granted under Section 19 of Act VII. (B. C.) of 1864, shall, as nearly as possible, resemble Wholesale Rowannahs, and the Rules regarding Wholesale Rowannahs shall also apply to them. Salt conveyed into the limits notified under Section 12 of the Act, from Ships or Warehouses in Calcutta and Howrah, will require to be protected by a special Rowannah.

XXXIII. Every Wholesale and every Retail Rowannah shall always be kept with the Salt to which it refers, and on demand by any Police Officer above the rank [illegible] and any act with produced for examination. When, however, under the provisions of the Rule next following, a despatch of Salt covered by a Wholesale or Retail Rowannah is laden on more than one boat, or cart, or drove of bullocks, or gang of coolies, it will be sufficient if the Wholesale or Retail Rowannah covering the entire despatch of Salt be produced within twenty-four hours.

XXXIV. If it be necessary in any way to divide any lot of Salt covered by a Wholesale or Retail Rowannah, the owner of the Salt or any person acting in his behalf shall apply for, and shall be furnished with Chellans, the numbers and particulars of which, shewing the quantity of Salt protected by each Chellan separately, shall be endorsed on the Rowannah. Such Chellans shall be given up when the Salt of the despatch has to pass out of the limits notified under Section 12 of the Act, or is transferred to other boats, carriages, &c. A Chellan, therefore, can never protect Salt in itself, or independently of the Rowannah, to which it is merely subsidiary.

XXXV. If any person in charge of Salt shall fail to comply with the provisions of Section 22 of the Act, the owner of such Salt shall be liable to fine not exceeding Rupees 500.

* Atrafee Rowannah.

৩। লবণ যে রওয়ানাহইতে পাওয়া গেল তাহার নম্বর ও তারিখ।

৪ লবণের চালান করিবার লক্ষিত স্থান

যে পথ দিয়া চালান হইবে।

৬। যেরূপে চালান হইবে।

৭। মহাজনের কি ক্রেতার নাম।

৩০ ধারা। ১ নম্বরের প্রত্যেক খুজরা রওয়ানার * উপর চারি আনা ফী লওয়া যাইবে।

৩১ ধারা। যাঁহারা মোটে বিক্রয়ের রওয়ানা প্রাপ্ত হইয়াছেন তাঁহারা এই ধারাক্রমে ফড়িয়াদিগকে কি খুজরা বিক্রেতাদিগকে এই বিধির ২৫ ধারার নির্দ্দিষ্ট উভয় প্রকারের খুজরার রওয়ানা দিতে ক্ষমতাপন্ন আছেন এবং যাঁহারা ১ নম্বর খুজরার রওয়ানা প্রাপ্ত হন তাঁহারাও ফড়িয়াদিগকে কি খুজরা বিক্রেতাদিগকে ২ নম্বরের খুজরার রওয়ানা দিতে পারেন।

৩২ ধারা। ১৮৬৪ সালের বঙ্গদেশীয় ৭ আইনের ১৯ ধারামতে যে বিশেষ রওয়ানা দেওয়া যায় তাহা সাধ্য পর্য্যন্ত মোটে বিক্রয়ের রওয়ানার ন্যায় হইবে, এবং মোটে বিক্রয়ের রওয়ানার বিধি ঐ বিশেষ রওয়ানার প্রতি খাটিবে। যে লবণ কলিকাতার ও হাবড়ার কোন জাহাজ কি গোলাহইতে আইনের ১২ ধারার নির্দ্দিষ্ট সীমার মধ্যে আনীত হয়, বিশেষ পরওয়ানাক্রমে তাহার রক্ষা করা প্রয়োজন।

৩৩ ধারা। মোটে বিক্রয়ের এবং খুজরা বিক্রয়ের যে রওয়ানা যে লবণ সংক্রান্ত হয় তাহার সঙ্গে সর্ব্বদাই রাখিতে হইবে, পোলীসের কনষ্টাবলের ঊর্দ্ধ শ্রেণীর কোন কার্য্যকারক তাহা দেখিতে চাহিলে [illegible] দৃষ্টির জন্যে দেওয়া যাইবে। [illegible] কিন্তু মোটে কি খুজরা বিক্রয়ের [illegible] উপর বর্ত্তে যদি নিম্নলিখিত ধারার বিধানমতে সেই লবণ একের অধিক নৌকা কি গাড়ী কি বলদের পাল কি মুটিয়া দলদ্বারা চালান হইয়া থাকে, তবে ঐ সমুদয় লবণের মোটে বিক্রয়ের কি খুজরার রওয়ানা চব্বিশ ঘণ্টার মধ্যে উপস্থিত করিলেই হয়।

৩৪ ধারা। মোটে কি খুজরা বিক্রয়ের রওয়ানাতে যে লবণ রক্ষিত হয় তাহার বিভাগ করিবার আবশ্যক হইলে ঐ লবণের স্বামী কিম্বা যে ব্যক্তি তাঁহার পক্ষে কর্ম্ম করেন তিনি চালান প্রার্থনা করিয়া লইবেন, প্রত্যেক চালানের নম্বর ও তদ্দ্বারা যত লবণ রক্ষিত হয় এই বৃত্তান্ত রওয়ানার পৃষ্ঠে লেখা যাইবে। যদি ঐ চালানের লিখিত লবণ আইনের ১২ ধারার আজ্ঞাপিত সীমার বাহিরে পাঠাইতে হয় কিম্বা অন্য নৌকা গাড়ী প্রভৃতিতে দিতে হয়, তবে সেই চালান ত্যাগ করিতে হইবে। ইহাতে জানা গেল যে চালান কেবল রওয়ানার সহায়স্বরূপ, রওয়ানা ভিন্ন আপনি লবণ রক্ষা করিতে পারে না।

৩৫ ধারা। লবণ যে ব্যক্তির রক্ষণে থাকে তিনি যদি আইনের ২২ ধারার বিধানমতে কর্ম্ম না করেন, তবে লবণের স্বামির পাঁচ শত টাকা পর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবে।

* আতরাফি রওয়ানা।

XXXVI. Any person in charge of Salt in transit within the limits notified under Section 12 of the Act shall be bound to stop at every Police Pass Station upon the line of route laid down in his Rowannah, whether Wholesale or Retail, and shall present his Rowannah to the Chief Officer at such Station for endorsement, and shall, if required, allow his Salt to be examined.

XXXVII. The proprietor of any Salt, the Rowannah of which shall not be endorsed in the manner prescribed in the preceding Rule, shall be liable to a fine not exceeding Rupees 500; and if it shall appear to the Officer trying the case that the omission was made with fraudulent intent, he shall direct the Salt to be confiscated.

XXXVIII. The names of the Police Pass Stations, at which it will be necessary for proprietors of Salt to have their Salt and Passes examined and endorsed, shall be notified, from time to time, in the *Calcutta* and *Exchange Gazettes*.

XXXIX. On a despatch of Salt covered by a Wholesale or Attraffee Rowannah arriving at the Warehouse or Shop of any Salt trader situated in any place within the limits notified in Section 12 of the Act, the proprietor shall, within twenty-four hours, notify its arrival in writing to the Collector of the District, specifying in such notice the description, number, and date of the Rowannah, the quantity and description of Salt covered by it, and the place whence the Salt was obtained: Omission or neglect to comply with this Rule shall render such trader liable to a penalty not exceeding Rupees 10 for each offence.

XL. Every Salt trader carrying on business within the limits notified under Section 12 of the Act shall, on the 1st of every month, submit to the Collector of the District, or to the nearest Abkaree Darogah, a signed Statement specifying the quantity of Salt sold under each Wholesale or Attraffee Rowannah in his hands during the previous month, as well as the quantity of Salt remaining in store under each such document on the last day of such month. Omission or neglect to comply with this Rule shall subject such trader to a fine of Rupees 20 for each offence.

XLI. The Board of Revenue shall, from time to time, prescribe forms for the Agreements, Applications, Bonds, Licenses, Rowannahs, and other Documents required under the above Rules.

Schedule of Fees to be paid by persons taking out Wholesale, Renewed, Special or Exchange Rowannahs.

				Rs.	As.	P.
From	1 to 500 Maunds	...		1	0	0
„	501 to 1,000	„	...	1	8	0
„	1,001 to 1,500	„	...	2	8	0

[*Government Gazette*, 16*th July* 1867.]

৩৬ ধারা। আইনের ১২ ধারাতে যে সীমা আজ্ঞাপিত হইয়াছে সেই সীমা দিয়া যে ব্যক্তি লবণ লইয়া যান, মোটে কি খুজরা বিক্রয়ের রওয়ানাতে যে পথ লিখিত হইয়াছে তিনি সেই পথের মধ্য পোলীসের প্রত্যেক ছাড় চৌকীতে থামিয়া ঐ চৌকীর প্রধান কার্য্যকারক সেই রওয়ানার পৃষ্ঠে স্বাক্ষর করেন এই নিমিত্তে তাহা তাঁহার সম্মুখে অর্পণ করিবেন, এবং আজ্ঞা হইলে ঐ লবণ দৃষ্টি করিতে দিবেন।

৩৭ ধারা। ইহার পূর্ব্ব ধারামতে যে রওয়ানার পৃষ্ঠলিপি না হইয়াছে সেই রওয়ানাসম্পার্কীয় কোন লবণের স্বামির পাঁচ শত টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে, এবং যে কার্য্যকারক ঐ মোকদ্দমার বিচার করেন ঐ পৃষ্ঠলিপি প্রতারণার অভিপ্রায়ে লেখা যায় নাই ইহা যদি বোধ করেন, তবে লবণ জব্দ হইবার আজ্ঞা করিবেন।

৩৮ ধারা। পোলীসের কেং ছাড় চৌকীতে লবণস্বামিদের লবণ ও ছাড়পত্র দেখাইতে ও পৃষ্ঠলিপি লেখাইতে হইবে, সেইং চৌকীর নাম সময়েং কলিকাতা ও একুসচেঞ্জ গেজেটে প্রকাশ করা যাইবে।

৩৯ ধারা। মোটে বিক্রয়ের কি আতরাফি রওয়ানাতে যে লবণ রক্ষিত হয় তাহা যখন আইনের ১২ ধারার আজ্ঞাপিত সীমার মধ্যবর্ত্তি কোন স্থানে লবণ ব্যবসায়ির গোলাতে কি দোকানে পঁহুছে, তখন ঐ ব্যবসায়ী চব্বিশ ঘণ্টার মধ্যে জিলার কালেক্টর সাহেবের নিকটে লবণ পঁহুছিবার সংবাদ লিখিয়া জানাইবেন। রওয়ানা যে প্রকারের ও তাহার যে নম্বর ও তারিখ ও তাহাতে যে প্রকারের যত লবণ রক্ষিত হয় ও যে স্থান হইতে লবণ পাওয়া যায় এই সকল কথা ঐ পত্রের মধ্যে নির্দ্দিষ্ট করিয়া লিখিবেন। এই বিধিমতে কর্ম্ম না হইলে কি কর্ম্মের শৈথিল্য হইলে প্রত্যেক অপরাধের জন্যে ব্যবসায়ির দশ টাকার অনধিক দণ্ড হইতে পারিবে।

৪০ ধারা। যে লবণব্যবসায়ি আইনের ১২ ধারার আজ্ঞাপিত সীমার মধ্যে কর্ম্ম চালান, তিনি প্রতি মাসের ১ দিবসে বর্ণনাপত্র স্বাক্ষর করিয়া জিলার কালেক্টর সাহেবকে কিম্বা নিকটস্থ আবকারী দারোগাকে দিবেন, তাঁহার হস্তগত মোটে বিক্রয়ের কি আতরাফি প্রত্যেক রওয়ানাক্রমে পূর্ব্ব মাসের যত লবণ বিক্রয় করা যায় এবং সেই মাসের শেষ দিনে সেই প্রত্যেক রওয়ানার যত লবণ গোলাজাত থাকে ইহার বর্ণনা লিখিবেন। এই বিধিমতে কর্ম্ম না করিলে কি কর্ম্মের শৈথিল্য হইলে প্রত্যেক অপরাধের নিমিত্তে ব্যবসায়ির ২০ টাকা অর্থদণ্ড হইতে পারিবে।

৪১ ধারা। উক্ত বিধিমতে যে নিয়মপত্র ও প্রার্থনা পত্র ও প্রতিজ্ঞাপত্র ও অনুমতিপত্র ও রওয়ানা ও অন্য দলীলের প্রয়োজন হয়, রেবিনিউ বোর্ডের সাহেবেরা সময়েং তাহা লিখিবার পাঠ নিরূপণ করিবেন।

যে ব্যক্তিরা মোটে বিক্রয়ের কি নূতন কি বিশেষ কি পরিবর্ত্তিত রওয়ানা গ্রহণ করেন, তাঁহাদের যত ফী দিতে হইবে তাহার নির্ঘণ্ট পত্র।

১ অবধি ৫০০ পর্য্যন্ত মণের	...	১৲
৫০১ ঐ ১০০০ ঐ	..	১॥০
১০০১ ঐ ১৫০০ ঐ	...	২॥০

From 1,501 to 2,000 Maunds	3	0	0	১৫০১ ঐ ২০০০ ঐ	...	৩৲
2,001 to 2,500 „	4	0	0	২০০১ ঐ ২৫০০ ঐ	...	৪৲
2,501 to 3,000 „	4	8	0	২৫০১ ঐ ৩০০০ ঐ	...	৪॥০
3,001 to 3,500 „	5	8	0	৩১০১ ঐ ৩৫০০ ঐ	...	৫॥০
3,501 to 4,000 „	6	0	0	৩৫০১ ঐ ৪০০০ ঐ	..	৬৲
4,001 to 4,500 „	7	0	0	৪০০১ ঐ ৪৫০০ ঐ	..	৭৲
4,501 to 5,000 „	7	8	0	৪৫০১ ঐ ৫০০০ ঐ	..	৭॥০
5,001 to 5,500 „	8	8	0	৫০০১ ঐ ৫৫০০ ঐ	...	৮॥০
5,501 to 6,000 „	9	0	0	৫৫০১ ঐ ৬০০০ ঐ	..	৯৲
6,001 to 6,500 „	10	0	0	৬০০১ ঐ ৬৫০০ ঐ	..	১০৲
„ 6,501 to 7,000 „	10	8	0	৬৫০১ ঐ ৭০০০ ঐ	...	১০॥০

NOTICE.

In accordance with No. 38 of the above Rules, the following List of Pass Stations, at which Rowannahs or Passes protecting Salt in transit will, from the 1st July next, be examined and endorsed, is published for the information and guidance of all persons whom it may concern :—

DISTRICTS.	Places at which Pass Stations are situated.
Chittagong	Sudder Ghât, on the north bank of the Kurnafoolee River, in the Civil Station of Chittagong.
Noacolly	1. Bullummarrah Chur, on the east or left bank of the Megna. 2. Modoopoorah or south end of Kakrah Chur.
24-Pergunnahs	1. Kidderpore, on Tolly's Canal, south bank. 2. Balleaghatta, on the Eastern or Circular Canal. 3. Sealdah at the Termini of the Eastern Bengal and Calcutta and South-Eastern Railways. 4. Howrah at the Terminus of the East Indian Railway.
Howrah	1. Bali, at the mouth of the Balikhal, on the west or right bank of the River Hooghly. 2. Sunkrail, on the right or west bank of the River Hooghly.
Midnapore	1. Gewahkhalee, at the mouth of the Roopnarain River. 2. Tumlook, on the right bank of the Roopnarain River, at the Station of Tumlook. 3. Tengrakhalee, on the north bank of the Huldee River, at the mouth of the Pertaubkhalee Canal. 4. Bhaitghur, opposite Kaleenugger, on the Russoolpore River, south bank.
24-Pergunnahs	5. Attarahbankee, at the mouth of the Bidyadhuree River. 6. Kaleegungee, the Head-Quarters of the Police Station of Kaleegunge, on the south bank of the Kaleegunge River.

FORT WILLIAM, }
The 16th May 1865. }

বিজ্ঞাপন।

পূর্ব্বোক্ত বিধির ৩৮ ধারামতে আগামি জুলাই মাসের ১ দিবসাবধি যে লবণ চালান হয়, তাহার রওয়ানা ও ছাড়পত্র যেং চৌকীতে দেখাইতে ও পৃষ্ঠলিপি লেখাইতে হইবে তাহার নিম্নলিখিত ফর্দ্দ তৎসম্পর্কযুক্ত সকল লোকের জ্ঞান ও উপদেশার্থে প্রকাশ করা গেল।

জিলা।	যেং স্থানে চৌকী আছে
চট্টগ্রাম ...	চট্টগ্রামের সিবিল মোকামের কর্ণফুলী নদীর উত্তর তটস্থ সদর ঘাট।
নওয়াখালী	১ মেঘনা নদের পূর্ব্ব অর্থাৎ বাম তটস্থ বল্লমমারা চর। ২ মধুপুরার অর্থাৎ কাঁকরা চরের দক্ষিণাংশ।
২৪ পরগনা ...	১ টালির খালের দক্ষিণতটস্থ খিদিরপুর। ২ পূর্ব্বদিগের অর্থাৎ সরকুলর খালের বেলিয়াঘাটা। ৩ ইষ্টার্ণ বেঙ্গল রেলওয়ের ও সোথ ইষ্টার্ণ রেলওয়ের সীমান্ত স্থান শিয়ালদহ। ৪ ইষ্ট ইণ্ডিয়া রেলওয়ের সীমান্ত স্থান হাবড়া।
হাবড়া ...	১ হুগলী নদীর পশ্চিমতটস্থ বালির খালের মুখে বালী। ২ হুগলী নদীর ডাইন অর্থাৎ পশ্চিমতটস্থ সাকরাইল।
মেদিনীপুর ...	১ রূপনারায়ণ নদের মুখে গেঁওখালী। ২ রূপনারায়ণ নদের ডাইন পারস্থ তমলুক মোকামের তমলুক। ৩ হলদী নদীর উত্তরতটস্থ প্রতাবখালী খালের মুখে টেঙ্গরাখালী। ৪ রসুলপুর নদীর দক্ষিণ তটস্থ কালীনগরের সম্মুখে ভাইটীগড়।
২৪ পরগনা ...	৫ বিদ্যাধরী নদীর মুখে আঠারবাঁকী। ৬ কলীগঞ্জ নদীর দক্ষিণ তটস্থ কালীগঞ্জ থানার সদর চৌকী কালীগঞ্জ।

ফোর্ট উলিয়ম }
১৮৬৫ সাল ১৬ মে। }

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৫। ১৬ জুলাই।]

NOTIFICATION.

The 4th July 1867.

The Declaration published in the *Calcutta Gazette*, under date the 17th October 1866, for the acquisition, under the provisions of Act VI. of 1857, of land at Kuncurgatcheea for a Cemetery for the Armenian Community, is hereby cancelled.

বিজ্ঞাপন।

১৮৬৭ সাল ৪ জুলাই।

কাঁকরগাছিয়াতে আরমাণিরদের সমাধিস্থান করিবার জন্যে ভূমি গ্রহণার্থ ১৮৫৭ সালের ৬ আইনমতের যে বিজ্ঞাপন ১৮৬৬ সালের অকুটোবর মাসের ২৩ তারিখের বাঙ্গলা গেজেটে প্রকাশিত হয় তাহা ইহাতে রহিত হইল।

DECLARATION UNDER SECTION 2, ACT VI. OF 1857.

The 4th July 1867.

Whereas it appears to the Hon'ble the Lieutenant-Governor of Bengal that land is required to be taken for a public purpose, *viz*, for embankments of the Calcutta Municipal Railway, it is hereby declared that for the above purpose, 3 plots of land containing 4 beegahs, 7 cottahs, 2 chittacks, 5 square feet, more or less, situated in Khas Mehal Dhee Punchannogram, are required.

Plot A. comprises 1 beegah, 4 cottahs, 11 chittacks, more or less, is recorded as part of Holding No. 50, Sub-Division H., Grand Division IV., and is bounded on the North by the Calcutta Municipal Railway Line; on the South and West by a Public Drain; on the East partly by the Public Drain, and partly by land belonging to the same Holding.

Plot B. comprises an area of 1 beegah, 5 cottahs, 12 chittacks, and 10 feet, is recorded as part of Holding No. 62, Sub-Division J., Grand Division IV., and is bounded on the North by the Municipal Railway Line, and on the South, East, and West by land belonging to the same Holding.

Plot C. comprises an area of 1 beegah, 16 cottahs, 12 chittacks, 40 feet, is recorded as part of Holding No. 144, Sub-Division L., Grand Division IV., and is bounded on the North by the Calcutta Municipal Railway; on the South by Holding No. 176, the property of Takoordoss Pyke; on the West by Holding Nos. 142, 145, and 167, the properties of Takoordoss Pyke, Dwarkanath Bose, Buktar Nicary, and Moulove Noorul Huk, respectively; and on the East by a kutcha lane and lands within Pergunnah Calcutta, District 24-Pergunnahs.

This Declaration is made, under the provisions of Act VI. of 1857, to all whom it may concern.

১৮৫৭ সালের ৬ আইনের ২ ধারামতের বিজ্ঞাপন।

১৮৬৭ সাল ৪ জুলাই।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব অবগত হইয়াছেন যে রাজকীয় কার্য্যার্থে অর্থাৎ কলিকাতার মুনিসিপল রেলওয়ের বাঁধের নিমিত্তে ভূমি লওয়া আবশ্যক, অতএব সংবাদ দেওয়া যাইতেছে যে পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে খাস মহাল ডিহী পঞ্চানন গ্রামে ন্যূনাধিক ৪।২৵ ছটাক ৫ বর্গফুট পরিমিত তিন খণ্ড ভূমির প্রয়োজন।

A খণ্ড। ন্যূনাধিক ১/৪।৷৶ ছটাক ও চতুর্থ বৃহৎ খণ্ডের H শাখাখণ্ডের ৫০ নং যোতের অংশ বলিয়া উল্লিখিত, এবং ইহার উত্তর সীমা কলিকাতার মুনিসিপল রেল পথ, দক্ষিণ ও পশ্চিম সীমা রাজকীয় নর্দ্দমা, পূর্ব্ব সীমা অংশতঃ রাজপথ ও অংশতঃ উক্ত যোতের ভূমি।

B খণ্ড। কালিতে ১।০৸ ছটাক ১০ ফুট ও চতুর্থ বৃহৎ খণ্ডে J শাখাখণ্ডের ৬২ নং যোতের অংশ বলিয়া উল্লিখিত, এবং ইহার উত্তর সীমা কলিকাতার মুনিসিপল রেল পথ, দক্ষিণ, পূর্ব্ব ও পশ্চিম সীমা উক্ত যোতের ভূমি।

C খণ্ড। কালিতে ১৸১৸ ছটাক ৪০ ফুট, ও চতুর্থ বৃহৎ খণ্ডের L শাখাখণ্ডের ১৪৪ নং যোতের অংশ বলিয়া উল্লিখিত, এবং ইহার উত্তর সীমা কলিকাতার মুনিসিপল রেল পথ, দক্ষিণ সীমা ১৭৬ নং যোত ইহা ঠাকুরদাস পাইকের সম্পত্তি, পশ্চিম সীমা ১৪২ ও ১৪৫ ও ১৬৭ নং যোত ইহা যথাক্রমে ঠাকুরদাস পাইকের ও দ্বারকানাথ বসুর ও বক্তিয়ার নিকারির ও মৌলবী নুরুল হকের সম্পত্তি, পূর্ব্ব সীমা ২৪ পরগনা জিলার অন্তর্গত কলিকাতা পরগনার কাঁচা পথ ও ভূমি।

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক আছে তাঁহাদের জ্ঞানার্থে ১৮৫৭ সালের ৬ আইনের বিধানমতে এই সংবাদ প্রকাশ করা গেল।

Declaration under Section 2, Act VI. of 1857.

১৮৫৭ সালের ৬ আইনের ২ ধারামতের বিজ্ঞাপন

The 8th July 1867.

১৮৬৭ সাল ৮ জুলাই।

Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken at the public expense, for a public purpose, *viz.*, for a Burial Ground for the residents of Kidderpore, Garden Reach, &c., it is hereby declared that, for the above purpose, a piece of land, measuring 4 beegahs, 8 cottahs, more or less, situated at Mouzah Kidderpore, Pergunnah Magoorah, District of 24-Pergunnahs, is required.

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব অবগত হইয়াছেন যে রাজকীয় কার্য্যার্থে অর্থাৎ খিদিরপুর ও মুচিখোলা প্রভৃতি স্থানবাসিদের সমাধিস্থানের নিমিত্তে রাজকীয় অর্থব্যয়ে ভূমি লওয়া আবশ্যক, অতএব সংবাদ দেওয়া যাইতেছে যে পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে ২৪ পরগনা জিলার অন্তর্গত মাগুরা পরগনার খিদিরপুর মৌজায় ন্যূনাধিক ৪।৩ কাঠা পরিমিত ভূমির প্রয়োজন।

It is bounded on the North by the Jollah Road; on the South and East by a Drain; on the West partly by a Tank and partly by the Badamtollah Road.

উক্ত ভূমির উত্তর সীমা জলাপথ, দক্ষিণ ও পূর্ব্ব সীমা নর্দ্দমা, পশ্চিম সীমা অংশতঃ পুষ্করিণী ও অংশতঃ বাদামতলা পথ।

This Declaration is made, under the provisions of Section 2., Act VI. of 1857, to all whom it may concern.

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক আছে তাঁহাদের জ্ঞানার্থে ১৮৫৭ সালের ৬ আইনের ২ ধারার বিধানমতে এই সংবাদ প্রকাশ করা গেল।

HALF-YEARLY Statement of Mofussil Police Superannuation Fund from May to October 1866.

	Receipts.			Charges.			Balance on the 31st October 1866.
	Deductions from Pay Abstracts, &c.	Interest.	Total.	Refunds and charges.	Pensions	Total.	
	Rs. As. P.	Rs. As. P.	Rs. As. P.	Rs. As. P.	Rs. As P.	Rs. As. P.	Rs. As. P.
May	6,928 15 11	385 0 0	7,313 15 11	462 12 10	......	462 12 10	
June	7,076 9 0	325 0 0	7,401 9 0	214 0 0	......	214 0 0	
July	10,638 3 10	272 8 0	10,910 11 10	186 0 0	......	186 0 0	
August	7,056 8 0	287 8 0	7,344 0 0	610 12 0	......	610 12 0	
September	6,042 11 11	342 8 0	7,285 3 11	60 0 0	......	60 0 0	
October	6,704 3 11	645 0 0	7,349 3 11	39 0 0	......	39 0 0	
Balance on the 30th April 1866 ...	....	......	1,95,505 0 4	......	......	......	
Total ...	45,347 4 7	2,257 8 0	2,43,109 12 11	1,572 8 10	......	1,572 8 10	2,41,537 4 1

H. L. Dampier,
Offg. Secy. to the Govt. of Bengal.

মফঃসলের পোলীসের বার্দ্ধক্যকালীন পেন্স্যান ফণ্ডের ১৮৬৬ সালের মে অবধি অক্টোবর মাস পর্য্যন্ত অর্দ্ধবাৎসরিক বিবরণ।

	আয়।			ব্যয়।			
	বেতন প্রভৃতি হইতে যাহা কাটিয়া লওয়া যায়।	সুদ।	মোট।	প্রতিদান ও ব্যয়।	পেন্স্যান।	মোট।	১৮৬৬ সালের ৩১ অক্টোবর তারিখে উদ্বর্ত্ত।
	টাকা।	টাকা।	টাকা।	টাকা।	টাকা।	টাকা।	টাকা।
মে ...	৬,৯২৮৮/১১	৩৮৫৲	৭,৩১৩৮/১১	৪৬২৸১০	.....	৪৬২৸১০	
জুন ..	৭,০৭৬॥/০	৩২৫৲	৭,৪০১॥/০	২১৪৲	.....	২১৪৲	
জুলাই ...	১০,৬৩৮৶/১০	২৭২॥০	১০,৯১০॥৶/১০	১৮৬৲	.....	১৮৬৲	
আগষ্ট ...	৭,০৫৬॥০	২৮৭॥০	৭,৩৪৪৲	৬১০৸০	......	৬১০৸০	
সেপ্টেম্বর ...	৬,৯৪২॥৶/১১	৩৪২॥০	৭,২৮৫৶/১১	৬০৲	.....	৬০৲	
অক্টোবর ...	৬,৭০৫৶/১১	৬৪৫৲	৭,৩৫৯৶/১১	৩৯৲	.....	৩৯৲	
১৮৬৬ সালের ৩০ আপ্রিল তারিখে উদ্বর্ত্ত ..	...	...	১,৯৫,৫০৫৲৪	...	.....	.....	
মোট ..	৪৫,৩৫৭।৭	২,২৫৭॥০	২,৫৩,১০৯৸১১	১,৫৭২॥১০	...	১,৫৭২॥১০	২,৪১,৫৩৭।১

এচ, এল, ডাম্পিয়র,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটারী।

PUBLIC WORKS DEPARTMENT.

No. 231.

MILITARY.

The 9th July 1867.

Declaration under Section 2 of Act VI. of 1857.

Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken up at the public expense, for a public purpose, *viz.*, for manufacturing bricks, at Barrackpore, it is hereby declared that, for the above purpose, two plots of land, Nos. 3 and 4, measuring 101 beegahs, 4 cottahs, more or less, situated at Mouzah Pultah and Chunderpookuriah, Pergunnah Calcutta, District 24-Pergunnahs, are required.

Plot No. 3 measures 31 beegahs, 12 cottahs, and 4 chittacks, and is bounded on the North by garden land belonging to Jomeer Halloh Mistry and paddy lands belonging to Pootoo Mullick and Modoosoodun Newgie; on the South by paddy

পবলিক ওর্কস ডিপার্টমেণ্ট।

২৩১ নম্বর

সমর সম্পর্কীয়।

১৮৬৭ সাল ৯ জুলাই।

১৮৫৭ সালের ৬ আইনের ২ ধারামতের বিজ্ঞাপন।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব অবগত হইয়াছেন যে রাজকীয় কার্য্যার্থে অর্থাৎ বারাকপুরে ইঁট প্রস্তুত করিবার নিমিত্তে রাজকীয় অর্থ ব্যয়ে গবর্ণমেণ্টের ভূমি লওয়া আবশ্যক, অতএব সংবাদ দেওয়া যাইতেছে যে ২৪ পরগনা জিলার অন্তর্গত কলিকাতা পরগনার পল্‌তা ও চন্দনপুকুরিয়া মৌজাতে ন্যুনাধিক ১০১/৪ কাঠা পরিমিত ৩ ও ৪ নং দুই খণ্ড ভূমির প্রয়োজন।

৩ নং ভূমিখণ্ড ৩১॥২।০ ছটাক পরিমিত, ইহার উত্তর সীমা জমীর হালো মিস্ত্রির বাগাৎ ভূমি এবং পুঁটু মল্লিক ও মধুসূদন নেউগীর ধানের ভূমি, দক্ষিণ সীমা রমানাথ চট্টোপাধ্যায়ের ও জমীর হালো মিস্ত্রির ও পুঁটু মল্লিকের ও সেখ খাকরের ধানের ভূমি, পূর্ব্ব সীমা

lands belonging to Rumanath Chatterjee, Jomeer Halloh Mistry, Pootoo Mullick, and Shaik Khakur; on the East by the Pulta Road; and on the West partly by a private lane and partly by paddy lands belonging to Chotto Luckhun Ghose, Pootoo Mullick, Kadar Mullick, and Rutton Chuckerbutty.

Plot No. 4 measures 69 beegahs, 11 cottahs, and 12 chittacks, and is bounded on the North by Paddy lands belonging to Jomaintollah Mistry, Bhyrub Ghose, Goluck Lahooree, Shaik Halim, Rumanath Chatterjee, Shaik Haboo Jaun, and Nobin Ghose; on the South by Government Waste Land; on the East by paddy lands belonging to Nobin Ghose, Shaik Haniff, Nilmoney Bhuttacharjee, and Motee Halder; and West by the Pultah Road.

2. This declaration is made, under the provisions of Act VI. of 1857, to all whom it may concern.

J. E. T. NICOLLS, *Lieut.-Col., R. E.,*
Secy. to the Govt. of Bengal,
P. W. D.

পল্‌তার পথ, পশ্চিম সীমা অংশতঃ ব্যক্তি বিশেষের পথ ও অংশতঃ ছোট লক্ষ্মণ ঘোষের ও পুঁটু মল্লিকের ও কেদার মল্লিকের ও রতন চক্রবর্ত্তীর ধানের ভূমি।

৪ নং ভূমিখণ্ড ৬৯৷৷১৸৹ ছটাক পরিমিত, ইহার উত্তর সীমা জমাইনতুল্লা মিস্ত্রির ও ভৈরব ঘোষের ও গোলোক লাহিড়ীর ও সেখ হালিমের ও রমানাথ চট্টোপাধ্যায়ের ও সেখ হাবু জানের ও নবীন ঘোষের ধানের ভূমি, দক্ষিণ সীমা গবর্ণমেণ্টের পতিত ভূমি, পূর্ব্ব সীমা নবীন ঘোষের ও সেখ হানিফের ও নীলমণি ভট্টাচার্য্যের ও মতি হালদারের ধানের ভূমি, পশ্চিম সীমা পল্‌তার পথ।

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক আছে তাঁহাদের জ্ঞানার্থে ১৮৫৭ সালের ৬ আইনের বিধানমতে এই সংবাদ প্রকাশ করা গেল।

জে ই টি নিকলস্, লেপ্টেনেণ্ট কর্ণেল, আর, ই,
পবলিক ওর্কস ডিপার্টমেণ্টে, বঙ্গদেশের
গবর্ণমেণ্টের সেক্রেটারী

ORDERS OF THE HIGH COURT OF JUDICATURE AT FORT WILLIAM IN BENGAL.

LEAVE OF ABSENCE.

The 10th July 1867.

Moulvee Khadem Hossein, Moonsiff of Tumlook, Zillah Midnapore, for ten days, under paragraph 11 of the Uncovenanted Absentee Rules.

C. D. FIELD,
Offg. Registrar.

বঙ্গদেশস্থ কোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্টের আজ্ঞা।

... ছুটী।

১৮৬৭ সাল ১০ জুলাই।

মেদিনীপুর জিলার তমলুকের মুনসেফ শ্রীযুত মৌলবী খাদেম হুসেন অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১১ ধারামতে দশ দিনের ছুটী পাইয়াছেন।

সি ডি ফিল্ড,
একটিং রেজিষ্ট্রার।

GOVERNMENT ADVERTISEMENTS.

গবর্ণমেণ্টের ইশ্‌তিহার।

LAND ADVERTISEMENTS.

ভূমিবিষয়ক ইশ্‌তিহার

জিলা ত্রিপুরা।

এস্তাহার কাছারি কালেকুটরি জিলা ত্রিপুরা এই যে।

এতদ্দারায় সংবাদ দেওয়া যাইতেছে যে জিলা ত্রিপুরার এই মহাল বাকী জমার নিমিত্তে ১৮৫৯ ইং ১১ আইনমতে ১৮৬৭ ইং ২৭ জুলাই মোতাবেক ১২৭৪ বাঙ্গলার ১২ শ্রাবণ রোজ শনিবার অত্র জিলার কালেকুটরি কাছারিতে বিনা আপত্তে বিক্রয় হইবেক ইতি সন ১৮৬৭ ইং তাং ১ জুলাই।

তফছীল এস্তমুরারি জমা ধার্য্য হওয়া মহাল।

নম্বর রেজিষ্টরী	নাম মহাল	নাম মালিক	সদর জমা	বাকী
	তং রণভাওয়াল ৪৭৩৬ নং তাং মৃজা ওমেদআলী	সরূপচন্দ্র ঘোষ	৮৮৫।/	৬৭॥৩

T. T. ALLEN,
Offg. Collector.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৭। ১৬ জুলাই।]

জিলা দারজিলিং।

এস্তাহারনামা কাছারি কালেক্টরি জিলা দারাজালিং।

ইহার দ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে জিলা দারজিলিঙ্গাধীন লাখেরাজ হওয়া নিম্নলিখিত মহালের মূল্যের আসল টাকার সুদ বাকী থাকাসূত্রে ঐ ঐ মহাল পতিত ভূমি নিষ্কর হওয়া বিধির ১৫ ধারাক্রমে চলিত সনের আগামি ২৫সা আগষ্ট মোতাবেক সন ১২৭৪ সালের ৩১সা শ্রাবণ তারিখে বেলা ঠিক দুই প্রহর সময় অত্র জিলার কালেক্টরি কাছারিতে নীলামে ধরা যাইবেক এবং বিনা বাধাতে নীলাম হইবেক ইতি।

১ তৌজির নম্বর।	২ অধিকারির নাম।	৩ পরগনা ও মৌজা ও মহালের নাম অথবা স্থান যে স্থানে মহাল আছে।	৪ ভূমির পরিমাণ।	৫ সুদের দরুণ পাওনা টাকার সংখ্যা।	৬ আসল মূল্যের মধ্যে বক্রি মূল্য।
৫	মেং টমস, ওয়েন	পং মৌং দারজিলিং সলিম	২২৬ একর	২১:৸৵০	২১১৫৷৴৪
৪৪	ঐ ঐ	ঐ ঐ ঐ	১৯০০ ,,	৬৮৫৲	৬৮৪০৲
৯	মেসরস্ এইচ সি, লিভিঙ্গ, ডবলিউ, এ, ব্যাডিলে ডবলিউ আর, ডেবিস টি, এইচ, হলরে এবং সি, ষ্ট্র্যান	ঐ ঐ দারজিলিং ও সলিম	৪৩৫ ,,	৯২২৴৮	১১৭৪৪৵৮
৩৪	কাপ্তান, করলিস	ঐ ঐ মিরিগ	৩০১০ ,,	২৮৯০৲	২৬৯০০৲
১৭	বাবু ত্রৈলোক্যনাথ বন্দ্যোপাধ্যায়	ঐ ঐ শিবোখোলা	৩০৬ ,,	৫৮১৸৵৬	৫৮১৯৷৹

জিলা দারজিলিং ডেপুটী কমিস্যনর আপিস
সন ১৮৬৭ ইংরাজি তারিখ ৮ ই জুলাই।

বি, ডবলিউ, মর্টন। কাপ্তান
ডেপুটী কমিস্যনর।

জিলা ২৪ পরগনা।

এস্তাহার নামা কাছারি কালেক্‌টরি জেলা ২৪ পরগনা এই যে।

সন ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারামতে সংবাদ দেওয়া যাইতেছে যে জেলা চব্বিষ পরগনার নিচের লিখিত মহালাত মালগুজারির বাকি বাবৎ ইংরাজি সন ১৮৬৭ সালের ২৯ জুলাই মোতাবেক বাঙ্গলা সন ১২৭৪ সাল ১৪ শ্রাবণ রোজ সোমবার ঐ জেলার কালেক্‌টরি কাছারিতে বিনা ওজর নীলাম ধরা যাইবেক ইংরাজি সন ১৮৬৭ সাল তারিখ ১২ জুলাই মোতাবেক সন ১২৭৪ সাল তারিখ ২৯ আষাঢ়।

প্রথম শ্রেণীর এস্তমুরারি জমা ধার্য্য হওয়া মহাল।

১৪ নং কিং পং মাগুরা ওং কিং চেতলা ওং লিখিত মালিক রাধাচরণ রায় ওং সদর জমা কোং ৭৯৭৩৸৪৶

৩১৪ নং কিং পং মুড়াগাছা মৌং হরিনারায়ণপুর ওং সদর জমা ১২২৫৬৵৩ টাকার মধ্যে সন ১৮৫৯ সালের ১১ আইনের ১০ ধারামতে ।৵ ৪।।৶/১১ আনার কাত ৪৮০৬।৵৭ টাকার মহাল সতন্ত্র হিস্যা স্থাপিত হওয়ার এবং উহার বাকী আদায় করায় অবশিষ্ট রকম ।।/১৫।৯ আনা নছমিনারায়ণ রায় ওং সদর জম কোং ৭৪৪৯।।৶/৮ টাকার মহাল ৩৬।।৶/৬ টাকা বাকী আদায় জন্য নীলাম বিক্রয় হইবেক।

৬২৪ নং কিং পং বালিয়া তরফ জহুরাটী লিখিত মালিক রাজচন্দ্র চন্দ্র সদর জমা কোং মায় পুলিষ ৮৭১৸৶/৩

১৩৬৭ নং পং বুড়ন মৌং ভৈরবপুর দিং লিখিত মালিক গোবিন্দচন্দ্র বসু সদর জমা কোং ৭৯৬/৩

নীলাম খরিদদার বিল দাঁতভাঙ্গার খরচার নিমিত্তে দাইক হইবেক।

moved from [illegible] ঙ্গার খাল কাটাই খরচার জন্য বিক্রয় হইবেক।

মন্তব্য ঐ মহালের নীলাম ক্ষমাহওয়া সত্বে [illegible] দাঁতভা [illegible]

দ্বিতীয় শ্রেণী।

২২০৮ নং খাস রমজান নগর লিখিত মালিক তারাশঙ্কর রায় চৌং ওং সদর জমা মায় রাস্তা ১৫০৬।।/০

A. SMITH,
Collector.

NOTICE.

THE Office of the Commissioner of Revenue and Circuit, Presidency Division has been removed to No. 2, Theatre Road.

R. B. CHAPMAN,
Offg. Commissioner.

COMMRS. OFFICE, PRESIDENCY DIVN.
Dated Calcutta, the 13th June 1867.

বিজ্ঞাপন।

রাজধানীখণ্ডের রাজস্বের ও দায়েরসায়েরীর কমিস্যনর সাহেবের কার্য্যালয় ২ নং থিয়েটর রোডে উঠিয়া গিয়াছে।

আর বি চ্যাপমান,
একটিং কমিস্যনর

রাজধানীখণ্ডের কমিস্যনর সাহেবের কার্য্যালয়।
কলিকাতা, ১৮৬৭ সাল ১৩ জুন।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৬৭। ১১ জুলাই।]

MISCELLANEOUS ADVERTISEMENT. সাধারণ ব্যক্তিদের ইশ্‌তিহার।

বিজ্ঞাপন।

আমার এ/১১ ৯৫৪৪১ নম্বরের মং ৫০৲ টাকার এককেতা, গবর্ণমেণ্ট করেন্সী নোটের অর্দ্ধেক, আমার নিকট ও অধিকারহইতে, হারান গিয়াছে বিধায় সর্ব্বসাধারণকে জ্ঞাত করা যাইতেছে যে ঐ নোট প্রাপ্তমাত্র আমাকে সংবাদ দেন যিনি ঐ নোটের অনুসন্ধান করিয়া দিতে পারেন, তাঁহাকে ৫৲ টাকা পারিতোষিক দিব ইতি।

শ্রীচন্দ্রশেখর দাস।
মোং রাঙ্গনিয়া মুনসেফী আদালত
জিলে চট্টগ্রাম।

সন ১৮৬৭ ইং }
তাং ২৬ জুন। }

বিজ্ঞাপন

আমার নিম্নের লিখিত নম্বরের ১৬০৲ একশত ষাইট টাকার কাত ৮ কেতা গবর্ণমেণ্ট করেন্সী নোট আমার নিকট ও অধিকার হইতে হারাণ গিয়াছে বিধায় সর্ব্ব সাধারণকে জ্ঞাত করা যাইতেছে যে ঐ নোট প্রাপ্ত মাত্র আমাকে সংবাদ দেন যিনি ঐ নোটের অনুসন্ধান করিয়া দিতে পারেন তাঁহাকে ২০৲ বিশ টাকা পারিতোষিক দিব ইতি

শ্রীমহেশচন্দ্র মুখোপাধ্যায়।
মোং কাছারী কুখণ্ডী।
জেলা রাজশাহি।

সন ১৮৬৭ সাল। }
তারিখ ৩ জুলাই। }

তপশীল নোট।

এ ২৫।
৫৮৯৯২ নং ১ কেতা ২০৲
এ ২৭।
৩৩৫০৫ নং ১ কেতা ২০৲
এ ২৭।
৪৫৪৯২ নং ১ কেতা ২০৲
এ ২৫।
৬১৪৭৯ নং ১ কেতা ২০৲
এ ২৭।
৬৭৯৪২ নং ১ কেতা ২০৲
এ ২৭।
৫৩২৬১ নং ১ কেতা ২০৲
এ ২৬।
৩৯৬৩১ নং ১ কেতা ২০৲
এ ২৭।
৩২৪৭৫ নং ১ কেতা ২০৲

১৬০৲

মং একশত ষাইট টাকা মাত্র।

[*Government Gazette*, 16*th July* 1867.]

কলিকাতা বাঙ্গাল সেক্রেটারীয়েট যন্ত্রালয়ে গবর্ণমেণ্টের জন্যে শ্রীযুত এক জে বার্লো সাহেবকর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত হইল।

গবর্ণমেণ্ট গেজেটের ক্রোড়পত্র.

TUESDAY, JULY 16, 1867.

মঙ্গলবার ১৮৬৭ সাল ১৬ জুলাই

বিজ্ঞাপন

ইহাতে সংবাদ দেওয়া যাইতেছে যে নিম্ন লিখিত বিক্রয়ের বিজ্ঞাপনে যে সকল মহালের উল্লেখ হইল সে সকল মহালে গবর্ণমেণ্টের যে মালিকী স্বত্ব আছে তাহা নিম্ন লিখিত নিয়মের অধীন হইয়া বিক্রয় হইবে।

বিক্রয়ের নিয়ম।

১।—প্রত্যেক মহাল পার্শ্বের লিখিত নির্দ্দিষ্ট সদর জমার অধীন হইয়া যে ব্যক্তি নীলামে প্রথম ডাকের উপর সর্ব্বাপেক্ষা উচ্চ ডাকিবেক তাহাকে দেওয়া যাইবে।

২।—বর্ত্তমান পাট্টা এবং বন্দোবস্তের কার্য্য কি প্রবল আইনহইতে উৎপন্ন স্বত্ব সকল বিক্রয়ের পরে বহাল থাকিবে। রাজস্বের কার্য্যকারকদিগের কৃত জমাবন্দীতে যেং খোদকস্তা রাইয়ত স্বাক্ষর করিয়াছে ক্রেতারা তাহারদিগের স্বত্ব মানিতে বাধ্য হইবে।

৩।—একশত টাকার অনধিক পণ হইলে সেই সমুদয় টাকা তৎক্ষণাৎ দিতে হইবে।

৪।—একশত টাকার অধিক হইলে ডাক পণের চারি অংশের এক অংশ তৎক্ষণাৎ দাখিল করিতে হইবে বিক্রয়ের দিবস এক দিন বলিয়া গণনা করিলে বিক্রয়ান্তর পঞ্চদশ দিনের মধ্যাহ্ণ কালে, কিম্বা সেই দিবস বন্দের দিন হইলে তৎপরে প্রথম যে দিন কাছারী খোলা যায় সেই দিনের মধ্যাহ্ণ কালে, যদি অবশিষ্ট টাকা দাখিল না হয়, তবে বিক্রয় রহিত ও গচ্ছিত টাকা গবর্ণমেণ্টে জব্দ হইবে, ও প্রথম তুলীয় বিক্রয়ের ন্যায় পুনর্ব্বার বিজ্ঞাপন প্রকাশ করণপূর্ব্বক ঐ ত্রুটিকারি ক্রেতার ঝুঁকিতে সেই মহাল পুনর্ব্বার বিক্রয় হইবে।

৫।—মহালের উপর যে সামান্য সদর জমা ধার্য্য হইয়াছে ক্রেতারা তদতিরিক্ত রাস্তা প্রস্তুত ও গমনা-গমনের সুবিধার নিমিত্ত করও দিতে বাধিত হইবেন। তাঁহারা যে তারিখঅবধি ক্রীত মহাল দখল করেন সেই তারিখঅবধি সদর জমার উপর শতকরা এক টাকার হিসাবে ঐ কর ধার্য্য হইবে। ঐ কর বাকী রাজস্বের ন্যায় আদায় হইতে পারিবে।

রেবিনিউ বোর্ডের আজ্ঞাক্রমে,

আর পি চাপমান,
সেক্রেটারী।

নীলামের ইশ্‌তিহার।

জিলা মেদিনীপুর।

ইস্তাহারনামা কাছারি কালেক্টরী জেলা মেদিনীপুর।

ইহার দ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে, জেলা মেদিনীপুরের অন্তর্গত নিম্নলিখিত খাস মহালে গবর্ণমেণ্টের মালিকি স্বত্ব সন ১৮৬৭ সালের ২৫এ জুলাই মোতাবক বাঙ্গলা ১২৭৪ সালের ১০ই শ্রাবণ আমলি ১২৭৪ সালের ১১ই শ্রাবণ বৃহস্পতিবার এই জেলার কালেক্টরী কাছারিতে নীলাম হইবেক।

ঐ সকল মহাল যে ব্যক্তিগণ খরিদ করিবেন তাঁহারা এই ক্রোড় পত্রের শিরোভাগে রেবিনিউ বোর্ডের শ্রীযুত সেক্রেটরী সাহেবের স্বাক্ষরিত বিক্রয়ের নিয়মের অধীনে থাকিবেন।

গবর্ণমেণ্ট মহালের নম্বর।	তৌজীর নম্বর।	মহাল ও পরগণার নাম।	ভূমির পরিমাণ।	সদর জমা।			নীলামের প্রথম ডাক।	মন্তব্য।
				সদর জমা।	রোড কস্ত।	একুন।		
			এঃ রুঃ পঃ					
২৮	২৫২২	শ্যামরায় চক বালিওড়া পঃ মাজনামুঠা ..	৭৫।০।০	১৫৲	৵০	১৫৵০	৩০৲	
২৯	১১৩৮	গুরুপ্রসাদ চক একারপুর পঃ ঐ ...	৩৫।০।০	৭৲	৵০	৭৵০	১৪৲	
৩০	১৩৩৮	জগন্নাথ চক মৌং পায়রা-কান্দা পঃ ঐ ..	১৩৯।০।০	২৬৲	।০	২৬।০	৫২৲	
৩২	২১২৪	পিরাম চক রক্ত্যা পঃ ঐ	৪৪।০।০	৯৲	৵০	৯৵০	১৮৲	
৩৪	২২৯২	রঘুনাথ চক পঃ ঐ ...	৩৩।০।০	৭৲	৵০	৭৵০	১৪৲	
৪১	১৬৫৪	লক্ষ্মীজনার্দ্দন চক মৌং হরিণা ডমুরবেড়্যা পঃ নাড়ুয়ামুঠা ...	৪৯।০।০	১৫৲	৵০	১৫৵০	৩০৲	
৪২	২২৭১	রাধাবিনোদ চক পঃ ঐ...	৩৮।০।০	২২৲	।০	২২।০	৪৫৲	
৪৩	৬৩০	ভোগপুর পঃ বালিযোড়া	৬।০।০	১০৲	৵০	১০৵০	২০৲	
৪৪	৬২৯	ঐ ঐ ...	৬।০।০	৯৲	৵০	৯৵০	১৮৲	

moved from a lic… …of Revenue and any

W. J. Herschel,
Collector.

জিলা মেদিনীপুরের কালেক্টর সাহেবের দপ্তরখানা।
১৮৬৭ সাল ২১ মে।

জিলা মুরশিদাবাদ।

ইশ্‌তাহারনামা কাছারি কালেক্টরী জেলা মুরশিদাবাদ।

ইহাতে সংবাদ দেওয়া যাইতেছে যে অত্র জেলার মধ্যবর্ত্তি নিম্নের লিখিত খাস মহালের গবর্ণমেন্টের মালিকী স্বত্ব সন ১৮৬৭ সালের ১৩ আগষ্ট মোতাবক সন ১২৭৪ সালের ২৯ শ্রাবণ মঙ্গলবার জেলা মুরশিদাবাদের কালেক্টরী কাছারিতে বিক্রয় হইবেক এই মহাল যে ব্যক্তিরা ক্রয় করেন তাঁহারা ক্রোড়পত্রের শিরোভাগে রেবিনিউ বোর্ডের সেক্রেটরী সাহেবের স্বাক্ষরিত বিক্রয়ের নিয়মের অধীনে থাকিবেন ইতি সন ১৮৬৭ সাল তারিখ ২২ মেই মোতাবক সন ১২৭৪ সাল তারিখ ৯ জৈষ্ঠ।

রাজকীয় মহালের টৈরিজতের নম্বর।	তৌজীর নম্বর।	মাহালের নাম ও পরগনা।	জমির পরিমাণ।	সদর জমা।			নীলামের প্রথম ডাক।	মন্তব্য।
				মালগুজারী জমা রাজস্ব।	রাস্তার টেক্স।	মোট।		
			এঃ রুঃ পঃ					
২৫নং	৫৭৪নং	পত্তনী কাটীগঙ্গা পরগনে আজমনগর ..	২৩৪।০।৮	২১২।/০	২৵০	২১৪।৶০	৪২৪৷৷৵০	

H. Hankey,
Offg. Collector.

বাঙ্গাল সেক্রেটারীয়েট যন্ত্রালয়ে শ্রীযুত এফ জে বার্লো সাহেবকর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত হইল।

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, JULY 23, 1867.

মঙ্গলবার ১৮৬৭ সাল ২৩ জুলাই।

GOVERNMENT OF BENGAL.

LEGISLATIVE DEPARTMENT.

THE following Act of the Lieutenant-Governor of Bengal in Council received the assent of His Honor on the 22nd June 1867, and having been assented to by His Excellency the Governor General on the 1st July, is hereby promulgated for general information :—

ACT No. IX OF 1867.

An Act to amend Act VI of 1863 *and Act VI of* 1866 *passed by the Lieutenant-Governor of Bengal in Council.*

[Preamble.]

WHEREAS it is expedient to amend Act VI of 1863 and Act VI of 1866 passed by the Lieutenant-Governor of Bengal in Council; It is enacted as follows :—

[On payment of tax Justices to grant license.]

I. Whenever any person shall pay to the Justices the amount of the tax which under the provisions of Section XXXVII of the said Act VI of 1863, and of the Schedule A to the said Act annexed, or of Section V of Act VI of 1866, shall be payable by such person in respect of all carriages, horses, ponies, and mules kept within the said Town of which such person may be owner,

বঙ্গদেশের গবর্ণমেণ্ট।

ব্যবস্থাপন কর্ম্মবিভাগ

মন্ত্রিসভাধিষ্ঠিত বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের পশ্চাৎ লিখিত আইনে উক্ত মান্যবর ১৮৬৭ সালের ২২ জুন তারিখে স্বীয় সম্মতি প্রকাশ করিলেন। এবং মহিমবর শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবও জুলাই মাসের ১ তারিখে তদ্বিষয়ে সম্মতি প্রকাশ করাতে তাহা সর্ব্ব সাধারণের জ্ঞানার্থে প্রকাশ করা গেল।

১৮৬৭ সালের ৯ আইন।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের প্রচলিত ১৮৬৩ সালের ৬ আইন ও ১৮৬৬ সালের ৬ আইন সংশোধন করণার্থ আইন।

[হেতুবাদ।]

মন্ত্রিসভাধিষ্ঠিত বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের প্রচলিত ১৮৬৩ সালের ৬ আইন ও ১৮৬৬ সালের ৬ আইন সংশোধন করা বিহিত, এই হেতুক নিম্নলিখিত বিধান করা গেল।

[টাকুস দেওয়াগেলে জষ্টিসদের অনুমতিপত্র দিবার কথা।]

১ ধারা। ১৮৬৩ সালের উক্ত ৬ আইনের ৩৭ ধারার এবং ঐ আইনের A চিহ্নিত তফসীলের কিম্বা ১৮৬৬ সালের ৬ আইনের ৫ ধারার বিধানমতে কোন ব্যক্তি উক্ত নগরস্থ গাড়ীর ও ঘোড়ার ও টাটুর ও খচরের স্বামী হইয়া তাঁহার যে টাকুস দিতে হয় তাহা দিলে জষ্টিসেরা ঐ ব্যক্তিকে অনুমতিপত্র দিবেন, অর্থাৎ সেই অনুমতিপত্র প্রদানের পর জানুআরি মাসের ১ দিবসে কিম্বা জুলাই মাসের ১ দিবসে তৎ-

the Justices shall grant to such person a license to keep within the said Town such carriages, horses, ponies, and mules during the current half-year ending upon the first day of January, or the first day of July, which shall occur next after the grant of such license.

কালের প্রচলিত যে ছয় মাসের শেষ হয় সেই ছয় মাস পর্য্যন্ত উক্ত ব্যক্তিকে ঐ নগরের মধ্যে ঐ গাড়ী ও ঘোড়া ও টাটু ও খচর রাখিবার অনুমতি দিবেন ইতি।

[License to be produced.]

II. Every person to whom a license to keep any carriage, horse, pony, or mule may have been granted under this Act shall, at all reasonable times, while such license shall remain in force, if thereunto required by the said Justices, or any person duly authorized by them, produce such license to the Justices, or to such person as they shall by writing thereunto appoint, and in default of such production shall be liable to a fine which may extend to one hundred Rupees.

[অনুমতিপত্র দেখাইবার কথা।]

২ ধারা। কোন ব্যক্তিকে এই আইনমতে কোন গাড়ী কি ঘোড়া কি টাটু কি খচর রাখিবার অনুমতি-পত্র দেওয়া গেলে, যদি উক্ত জষ্টিসেরা কিম্বা তাঁহাদের দ্বারা উপযুক্তমতে ক্ষমতাপন্ন কোন ব্যক্তি তাঁহাকে ঐ অনুমতিপত্র দেখাইতে আজ্ঞা করেন, তবে ঐ অনুমতি-পত্র প্রবল থাকিলে তিনি যুক্তিসিদ্ধ কোন সময়ে ঐ জষ্টিসদিগকে, কিম্বা তাঁহারা লিখন দ্বারা অন্য যে ব্যক্তিকে নিযুক্ত করেন তাঁহাকে, ঐ অনুমতিপত্র দেখা-ইবেন। না দেখাইলে তাঁহার এক শত টাকা পর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

[Penalty on keeping carriages, &c., without a license.]

III. Every person who, after the passing of this Act, shall be owner of any carriage, house, pony, or mule kept within the Town, for keeping which within the said Town such person shall not have any license under the provisions of the said Act VI of 1863 or of the said Act VI of 1866, or of this Act, shall be liable to a fine not exceeding three times the amount of the tax which would have been payable by such person for all carriages, horses, ponies and mules kept without a license within the said Town of which such person may for the time being [illegible] and not less than the amount of such tax. And upon the payment of such fine the Justices shall grant to such person such license as in Section I is mentioned to keep within the Town the carriages, horses, ponies, and mules in respect of which such fine shall have been calculated.

[অনুমতিপত্র না পাইলেও গাড়ীপ্রভৃতি রাখিবার দণ্ডের কথা।]

৩ ধারা। এই আইন প্রচলিত হইবার পর যদি কোন ব্যক্তি উক্ত নগরস্থ কোন গাড়ী কি ঘোড়া কি টাটু কি খচরের স্বামী হইয়া ১৮৬৩ সালের উক্ত ৬ আইনের কিম্বা ১৮৬৬ সালের উক্ত ৬ আইনের কিম্বা এই আই-নের বিধানমতে কোন অনুমতিপত্র না লইয়া সেই নগরের মধ্যে ঐ গাড়ীপ্রভৃতি রাখেন, তবে অনুমতি-পত্রবিনা ঐ ব্যক্তির উক্ত নগরের মধ্যে যত গাড়ী ও ঘোড়া ও টাটু ও খচর থাকে সেই সকলের নিমিত্তে তাঁহার যত টাক্স দেওয়া কর্ত্তব্য তিনি তত টাক্সের তিন গুণের অনধিক ও সেই টাক্সের তুল্য টাকার অন্যূন অর্থদণ্ডের যোগ্য হইবেন। এবং উক্ত গাড়ীর ও ঘোড়ার ও টাটুর ও খচরের উপলক্ষে যে অর্থদণ্ডের নিরূপণ হয় তাহা দেওয়া গেলে জষ্টিসেরা উক্ত ব্যক্তিকে সেই নগরের মধ্যে ঐ গাড়ীপ্রভৃতি রাখিবার ১ ধারার লিখিত অনুমতিপত্র দিবেন ইতি

[Possession of carriages, &c., to be *primâ facie* evidence of ownership.]

IV. Whoever personally or by his servants may be in possession of any carriage, horse, pony, or mule, shall, for the purposes of this Act, be deemed to be the owner thereof, and to have been the owner thereof from the first day of January or the first day of July then next preceding unless and until the contrary shall be proved.

[কোন ব্যক্তির নিকটে গাড়ীপ্রভৃতি থাকিলে আ-পাততঃ তাঁহাকেই স্বামী জ্ঞান করিবার কথা।]

৪ ধারা। যদি কোন ব্যক্তির নিকটে কিম্বা তাঁহার পক্ষে চাকরদের নিকটে কোন গাড়ী কি ঘোড়া কি টাটু কি খচর থাকে, তবে এই আইনের কার্য্যার্থে সেই ব্যক্তি তাহার স্বামী জ্ঞান হইবেন ও যত কাল প্রকারান্তরের প্রমাণ না হয় তত কাল সেই ব্যক্তি তৎপূর্ব্ব জানুআরি মাসের কি জুলাই মাসের ১ দিব-সাবধি স্বামী আছেন জ্ঞান হইবে ইতি।

[Power to compel production of the books of livery stable-keepers.]

V. It shall be lawful for the Justices, by a notice in writing under their common seal, to require any person who shall carry on the trade or business of a livery stable-keeper, to produce, for the inspection of the said Justices, or of such person as they shall by such writing appoint, all books, papers, accounts, and documents, relating to the business of livery stable-keeper carried

[আড়গড়াওলাদের খাতা বলপূর্ব্বক দেখিয়া লইবার ক্ষমতার কথা।]

৫ ধারা। যে ব্যক্তি আড়গড়ার কর্ম্ম কি ব্যবসায় করে জষ্টিসেরা সেই ব্যক্তিকে আপনাদের সাধারণ মোহরাঙ্কিত আজ্ঞাপত্র লিখিয়া উক্ত জষ্টিসদের দেখিবার জন্যে, কিম্বা তাঁহারা উক্ত পত্রক্রমে যাঁহাকে নিযুক্ত করেন তাঁহার দেখিবার জন্যে, ঐ কর্ম্মসং-ক্রান্ত সকল খাতা ও কাগজপত্র ও হিসাব ও দলীল দেখাইতে আজ্ঞা করিতে পারিবেন। যাঁহাকে সেই-রূপ আজ্ঞাপত্র লিখিয়া দেওয়া যায় তিনি

on by such person. In case any person upon whom any such notice in writing may have been served shall, without reasonable cause, neglect or refuse to produce any such books, papers, accounts, or documents as aforesaid, he shall be liable to a penalty which may extend to one hundred Rupees.

যুক্তিসিদ্ধ হেতু না থাকিলেও যদি পূর্ব্বোক্ত কোন খাতা কি কাগজপত্র কি হিসাব কি দলীল দেখাইতে শৈথিল্য করেন কি স্বীকার না করেন, তবে তাঁহার একশত টাকা পর্য্যন্ত দণ্ড হইতে পারিবে ইতি।

[Power to compel return of inhabitants of a house and of their professions.]

VI. It shall be lawful for the Justices, by a notice in writing under their common seal, to require the person who for the time being shall occupy any house as owner or tenant thereof, to forward to the said Justices, a list in writing signed by him of the names of all persons for the time being residing in such house and of their respective professions, trades, and occupations. Any person who shall so occupy any house, and shall, without reasonable cause, neglect or refuse to forward such list to the said Justices for the space of ten days after such notice shall have been served upon him, or shall wilfully forward an incorrect or untrue list to such Justices, shall be liable to a fine which may extend to one hundred Rupees.

[ঘরের মধ্যে যত জন থাকে ও তাহাদের যে ব্যবসায় ইহার রিপোর্ট বলপূর্ব্বক লইবার কথা।]

৬ ধারা। কোন ব্যক্তি যে সময়ে যে ঘরের স্বামী কি প্রজা হইয়া কোন ঘরে বাস করেন জষ্টিসেরা তাঁহাকে আপনাদের সাধারণ মোহরাঙ্কিত পত্র লিখিয়া আজ্ঞা করিতে পারিবেন যে তৎকালে যে সকল ব্যক্তি ঐ ঘরে বাস করেন তাঁহাদের নাম ও তাঁহাদের যেং বৃত্তি ও ব্যবসায় ও কর্ম্ম থাকে তাহার ফর্দ্দ লিখিয়া তাহাতে স্বাক্ষর করিয়া উক্ত জষ্টিসদের নিকটে প্রেরণ করেন। কোন ব্যক্তি তদ্রূপে কোন ঘরে বাস করিলে এবং তাঁহাকে উক্ত প্রকারের আজ্ঞাপত্র দেওয়া গেলেও যদি সেই ব্যক্তি যুক্তিসিদ্ধ হেতু না থাকিলেও ১০ দিন পর্য্যন্ত উক্ত জষ্টিসদের নিকটে ঐ ফর্দ্দ পাঠাইতে শৈথিল্য করেন কি স্বীকার না করেন কিম্বা ঐ জষ্টিসদের নিকটে জ্ঞানপূর্ব্বক অশুদ্ধ কি অসত্য ফর্দ্দ দেন, তবে তাঁহার এক শত টাকা পর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

[Power to purchase land without the Town.]

VII. It shall be lawful for the Justices, with the sanction of the Lieutenant-Governor of Bengal, to purchase any such land without the limits of the Town as may be required by them for the better effectuating any purpose for which the said Justices may purchase land within the Town.

[নগরের বাহিরে ভূমি ক্রয় করিবার ক্ষমতার কথা।]

৭ ধারা। যদি জষ্টিসেরা কোন কর্ম্ম উপযুক্তরূপে সম্পাদন করিবার জন্যে নগরের মধ্যে ভূমি ক্রয় করিতে সক্ষম হন, তবে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের অনুমতি লইয়া তাঁহারা তদ্রূপ কর্ম্মের নিমিত্তে নগরের সীমার বাহিরেও ভূমি ক্রয় করিতে পারিবেন ইতি।

[Power to demise lands vested in Justices.]

VIII. It shall be lawful for the Justices, with the sanction of the said Lieutenant-Governor, to demise or lease any lands or buildings vested in them by virtue of the said Act VI of 1863, or acquired by them for the purposes thereof, or of this Act; and all rents and reservations in any such demise or lease shall be applied to the purposes of the said Act VI of 1863.

[জষ্টিসদিগকে ভূমি হস্তান্তর করিবার ক্ষমতাদানের কথা।]

৮ ধারা। উক্ত জষ্টিসদের প্রতি ১৮৬৩ সালের উক্ত ৬ আইনের বলে যে কোন ভূমি কি গৃহাদি বর্ত্তে, কিম্বা তাঁহারা ঐ আইনের কি এই আইনের কার্য্যার্থে যে ভূমি কি গৃহাদি প্রাপ্ত হন, উক্ত শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের অনুমতিক্রমে তাহা হস্তান্তর করিতে কি পাট্টা করিয়া দিতে পারিবেন, এবং তদ্রূপ কোন হস্তান্তর করণপত্রে কি পাট্টায় যে খাজানা অবধারিত কি যে টাকার বিধান হয় তাহা ১৮৬৩ সালের উক্ত ৬ আইন সংক্রান্ত কর্ম্মে প্রয়োগ হইবে ইতি।

[Justices not to borrow more than 55 lacs of Rupees.]

IX. It shall not be lawful for the Justices to borrow, by way of debenture or otherwise, any sum of money which, together with the amount which may for the time being be due on account of any debentures issued by the said Justices in pursuance of Section XCIII of the said Act VI of 1863, shall exceed the sum of fifty-five lacs of Rupees. Provided always that no sum, which may for the time being be due to the Secretary of State for India in Council on account of any

[জষ্টিসদের পঞ্চান্ন লক্ষ টাকার অধিক ঋণ গ্রহণ না করিবার কথা।]

৯ ধারা। উক্ত জষ্টিসেরা ১৮৬৩ সালের উক্ত ৬ আইনের ৯৩ ধারানুসারে ঋণগ্রহণপত্র দ্বারা যৎকালে যত টাকার ঋণী হন তাহা সমেত তাঁহারা ঋণগ্রহণপত্র দ্বারা কি প্রকারান্তরে অধিক ঋণগ্রহণ করিয়া সর্ব্বসুদ্ধ পঞ্চান্ন লক্ষ টাকার অধিক গ্রহণ করিতে পারিবেন না। কিন্তু মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেব কলিকাতায় জল যোগাওনের কার্য্য সম্পাদনার্থে জষ্টিসদিগকে যে ঋণ দান করিয়াছেন তজ্জন্যে তাঁহারা ভারতবর্ষের পক্ষে মন্ত্রিসভাধিষ্ঠিত উক্ত শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেবের নিকটে যত টাকা ঋণী হন

loan from such Secretary of State in Council to the Justices for the purpose of effecting the supply of water to Calcutta, shall be included in the calculation of such sum of fifty-five lacs of Rupees.

ঐ ঋণ উক্ত পঞ্চান্ন লক্ষ টাকার মধ্যে ধরিতে হইবে না ইতি।

[Power to determine prosecutions in absence of accused.]

X. Whenever any prosecution shall be instituted before any Justice of the Peace under the provisions of the said Act VI of 1863, or of the said Act VI of 1866, or of this Act, he may summon the person charged to appear at a time and place to be mentioned in the summons, and if such person shall not appear according to the tenor of the summons, the Justice of the Peace before whom such summons shall be returnable may, upon proof of the service, if no sufficient cause shall be shewn for the non-appearance of the person charged, proceed to hear and determine the case in his absence.

[অভিযুক্ত ব্যক্তির অনুপস্থানে অভিযোগ নির্ণয় করিবার ক্ষমতার কথা।]

১০ ধারা। ১৮৬৩ সালের উক্ত ৬ আইনের কিম্বা ১৮৬৬ সালের ৬ আইনের কিম্বা এই আইনের বিধানানুসারে যদি শান্তিরক্ষার্থ কোন জষ্টিসের সম্মুখে কোন অভিযোগ করা যায়, তবে তিনি অভিযুক্ত ব্যক্তির নামে আহ্বানপত্র দিয়া তাঁহাকে সেই আহ্বানপত্রের লিখিত সময়ে ও স্থানে উপস্থিত হইবার আজ্ঞা করিতে পারিবেন। যদি সেই ব্যক্তি আহ্বানপত্রের মর্ম্মানুসারে উপস্থিত না হন, তবে শান্তিরক্ষার্থ যে জষ্টিসের নিকটে ঐ আহ্বানপত্রের প্রত্যায়ন হইবে, অভিযুক্ত ব্যক্তিকে ঐ পত্র দিবার প্রমাণ হইলে এবং তাঁহার উপস্থিত না হইবার প্রচুর কারণ দর্শান না গেলে তিনি তাঁহার অনুপস্থানে নালিশ শুনিয়া নির্ণয় করিবেন ইতি।

[The Justices to provide water-supply.]

XI. The Justices shall provide a full supply of water within the Town, and shall for that purpose cause such mains and pipes to be laid, and such tanks, reservoirs, or other works to be made and constructed, as shall be necessary for the supply of water in all the chief public streets of the Town, and shall also erect, in all the aforesaid chief public streets, sufficient and convenient stand-pipes for the gratuitous use of the inhabitants of the Town. The said stand-pipes shall be so placed that there shall not be any portion of any of the said chief public streets, at a greater distance than one hundred and fifty yards from some such stand-pipe, and such stand-pipes shall, so far as may be reasonably practicable, at all times be kept charged with water.

[জল যোগাওনের বিধান করা জষ্টিসদের কর্ত্তব্যের কথা।]

১১ ধারা। জষ্টিসেরা নগরের মধ্যে সম্পূর্ণরূপে জল যোগাইবার বিধান করিবেন। তজ্জন্যে তাঁহারা নগরের সকল মুখ্য রাজ পথে জল যোগাইবার জন্যে বড় ও ছোট যত পয়োনালা বসান উচিত বসাইবেন এবং যত পুষ্করিণী কি জলাশয় কি অন্য যে বিষয় করিতে কি নির্ম্মাণ করিতে হয় তাহা করিবেন ও নির্ম্মাণ করিবেন এবং বিনা মূল্যে নগরীয় লোকদের ব্যবহারার্থে পর্য্যাপ্ত সংখ্যার এবং সুবিধাজনক খাড়া নল প্রস্তুত করাইবেন। উক্ত খাড়া নল এমন সকল স্থানে বসান যাইবে, যে ঐ মুখ্য রাজপথের কোন অংশ তদ্রূপ খাড়া নলহইতে দেড় শত গজের অধিক দূর না হয়, ও সেই সকল খাড়া নল যুক্তিমতে সর্ব্ব সময়ে জলপূর্ণ রাখিতে পারিলিই রাখা যাইবে ইতি।

[Justices to notify the completion of arrangements for water-supply.]

XII. When the Justices shall have provided all arrangements for the supply of water in the Town, or in any division, portion, or street thereof, and such convenient mains and stand-pipes as aforesaid, the Justices shall, with the sanction of the Lieutenant-Governor of Bengal, declare, by Notification published in the *Calcutta Gazette*, that the supply is complete within the Town, or any such division, portion, or street thereof.

[জল যোগাইবার নিয়ম সমাপ্ত হইলে জষ্টিসদের সেই বিষয়ের সম্বাদ দিবার কথা।]

১২ ধারা। জষ্টিসেরা নগরের কি তাহার কোন খণ্ডের কি অংশের কি পথের মধ্যে জল যোগাইবার সকল উপকরণ এবং পূর্ব্বোক্ত সুবিধাজনক বড় পয়োনালা ও খাড়া নল প্রস্তুত করিলে পর বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের অনুমতি লইয়া কলিকাতা গেজেটে এই মর্ম্মের সম্বাদ দিবেন যে নগরের মধ্যে কিম্বা নগরের অমুক খণ্ডে কি অংশে কি পথে জল যোগাইবার উপকরণ সম্পূর্ণ হইয়াছে ইতি।

[Imposition of water-rate.]

XIII. After it has been notified as aforesaid that the water supply in any division, portion, or street of the Town has been completed, it shall be lawful for the Justices to assess a water-rate upon all occupied houses and premises within such division, portion, or street of the Town. Such

[জলের টাক্স বসাইবার কথা।]

১৩ ধারা। নগরের কোন খণ্ডে কি অংশে কি পথে জল যোগাইবার উপকরণ সম্পূর্ণ হইয়াছে এই সংবাদ পূর্ব্বোক্তমতে দেওয়া গেলে পর, নগরের ঐ খণ্ডের কি অংশের কি পথের মধ্যে যত ঘরে ও বাড়ীতে লোক থাকে জষ্টিসেরা সেই সকলের উপর জলের টাক্স ধার্য্য করিতে পারিবেন। ঐ ঘরের ও বাড়ীর

water-rate shall not exceed four per centum upon the annual value of the said houses and premises, and shall be payable at the times and levied from the persons and in the manner provided by Act VI of 1863 for the payment and levy of the water rate for the imposition of which authority is thereby given. Provided that no such rate shall be levied upon any houses with their appurtenances, lands, or premises of which there shall not be any portion situate within one hundred and fifty yards of some stand-pipe duly charged as aforesaid, such distance being measured along the main thoroughfare.

বার্ষিক যত মূল্য হয় তাহার উপর ঐ জলের টাকুস শতকরা ৪৲ টাকার অধিক হইবে না। এবং ১৮৬৩ সালের ৬ আইনদ্বারা জলের যে টাকুস বসাইবার ক্ষমতা প্রদান হইয়াছে তাহা যে সময়ে যে ব্যক্তিদের স্থানে ও যেরূপে আদায় করিবার বিধান হইল ঐ জলের টাকুস সেইং সময়ে সেইং ব্যক্তিদের স্থানে সেই প্রকারে আদায় হইতে পারিবে। কিন্তু মুখ্য রাজপথ মাপিয়া যে ঘরের কি ভূমির কি বাড়ীর কোন অংশ পূর্ব্বোক্তমতে উপযুক্তরূপে জলপূর্ণ খাড়া নলহইতে দেড়শত গজের মধ্য না থাকে, তাহা হইতে কোন টাকুস আদায় হইতে পারিবে না ইতি।

[Power to assess owners in certain cases.]

XIV. If any house or tenement shall be occupied by more than one tenant holding in severalty, or shall be of less annual value than one hundred Rupees, it shall be lawful for the Justices to assess the owner of such house or tenement, or the owner of the land on which such house or tenement may be situate, and to recover from such owner the lighting and water rates imposed thereon under the said Acts VI of 1863 and VI of 1866.

[স্থলবিশেষে স্বামিদের উপর টাকুস বসাইবার ক্ষমতার কথা।]

১৪ ধারা। যদি একের অধিক জন প্রজা পৃথকং করার করিয়া এক ঘরে কি এক বসত বাটীতে বাস করেন, কিম্বা যদি ঐ গৃহাদির ভাড়া বৎসর ১০০৲ টাকার ন্যূন হয়, তবে জষ্টিসেরা সেই ঘরের কি বসত বাটীর স্বামির উপর, অথবা ঐ ঘর কি বসত বাটী যে জমীতে থাকে তৎস্বামির উপর টাকুস বসাইতে সক্ষম হইবেন, এবং ১৮৬৩ সালের উক্ত ৬ আইন ও ১৮৬৬ সালের ৬ আইনমতে ঐ গৃহাদির উপর আলোর ও জলের যত টাকুস ধার্য্য হইল তাহা ঐ স্বামির স্থানে আদায় করিতে পারিবেন ইতি।

[Owner to recover from occupier rates paid by owner.]

XV. Whenever any rate shall be recovered from or paid by any owner of any land, house, or tenement under the provisions of the Section next preceding, it shall be lawful for such owner, if there shall be but one occupying tenant of such land, house, or tenement, to recover from such tenant the entire amount of the rate which shall have been so paid by such owner; and if there shall be more than one occupying tenant of such land, house, or tenement, to recover from each of such tenants, such sum as shall bear to the entire amount of rate which may have been so paid by such owner, the same proportion as the value of the portion of such land, house, or tenement in the occupation of such tenant bears to the entire value of such land, house, or tenement.

[স্বামী রেট দিলে প্রজার স্থানে তাঁহার আদায় করিবার কথা।]

১৫ ধারা। যদি ভূমির কি ঘরের কি বসত বাটীর স্বামির স্থানে ইহার পূর্ব্ব ধারার বিধানমতে রেট আদায় করা যায়, কিম্বা যদি স্বামী তাহা দিয়া থাকেন, তবে সেই ভূমিতে কি ঘরে কি বসতবাটীতে কেবল এক জন প্রজা থাকিলে, স্বামী যত টাকা রেট দিয়াছেন তৎসমুদয় ঐ প্রজার স্থানে আদায় করিতে পারিবেন। যদি ঐ ভূমিতে কি ঘরে কি বসতবাটীতে অধিক প্রজা থাকেন, তবে প্রত্যেক জন ঐ ভূমির কি ঘরের কি বসতবাটীর যে অংশে বাস করেন তাহার যত টাকা ভাড়া দিয়া থাকেন, তদনুসারে হিসাব করিয়া স্বামী আপনার দত্ত সমুদয় টাকা তাঁহাদের স্থানে হারহারীমতে আদায় করিতে পারিবেন ইতি।

[Owner for recovering rates to have same power as for recovering rent.]

XVI. Every owner who, under the provisions of the Section next preceding, may be entitled to recover any sum from any occupying tenant of any land, house, or tenement or of any portion thereof, shall have for the recovery of such sum all such and the same remedies, powers, rights, and authorities as if such sum were rent payable to such owner by such tenant in respect of so much of such land, house, or tenement as may be in the occupation of such tenant.

[স্বামির ভাড়া আদায় করিবার যে ক্ষমতা রেট আদায় করিবারও সেই ক্ষমতা থাকার কথা।]

১৬ ধারা। যখন স্বামী ইহার পূর্ব্ব ধারার বিধান মতে কোন ভূমির কি ঘরের কি বসত বাটীর কি তাহার কোন অংশের কোন প্রজার স্থানে টাকা আদায় করিবার স্বত্ববান হন তখন সেই ভূম্যাদির কোন অংশের প্রজার স্থানে স্বামির সেই অংশের ভাড়া আদায় করিবার যে উপায় ও শক্তি ও স্বত্ব ও ক্ষমতা থাকে, ঐ রেট আদায় করিবারও তাঁহার সেই উপায় ও শক্তি ও স্বত্ব ও ক্ষমতা থাকিবে ইতি।

[*Government Gazette*, 23rd *July* 1867.]

[Power to construct Railway.]

XVII. It shall be lawful for the Justices with the sanction of the Lieutenant-Governor of Bengal, upon any of the public roads or streets in the Town of Calcutta or upon any land within or without the said Town which may be or become vested in the Justices, to construct or maintain any Railway which to the said Justices may appear to be useful or necessary for the purposes of the said Acts VI of 1863 and VI of 1866, or of either of them, and with the like sanction to use and employ upon any such Railway, by them heretofore constructed or hereafter to be constructed, such locomotive engines or other moving power and such carriages and wagons to be drawn or propelled thereby, and to carry and convey upon such Railway all such passengers and goods as shall be offered to them for that purpose and to make such reasonable charges in respect thereof as they may from time to time with the like sanction determine upon.

[Power to permit carriages of Railway Company to run.]

XVIII. It shall be lawful for the Justices from time to time, with the sanction of the Lieutenant-Governor of Bengal, to enter into any contract with any Railway Company, for the passage over any Railway already constructed by the said Justices or hereafter to be constructed by them, of the engines, coaches, wagons, or other carriages of such Company, or which shall pass over such Company's line of Railway, upon the payment of such tolls or rent and under such conditions and restrictions as may be mutually agreed upon.

[Power to demise Railway.]

XIX. It shall be lawful for the Justices, with the sanction of the Lieutenant-Governor of Bengal, to demise or lease any Railway constructed or to be constructed by them under the provisions, aforesaid, to any Railway Company upon such terms and under such conditions and restrictions as may be mutually agreed upon, and every Company to which any such Railway shall be so demised or leased by such Justices, shall, subject to such conditions and restrictions as aforesaid, have all such and the same powers for maintaining the same and for using and employing thereupon locomotive engines and other moving power and carriages and wagons to be drawn or propelled thereby, and for carrying and conveying thereupon passengers and goods, and making charges in respect thereof, as the said Justices would have had if such Railway had not been demised or leased.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৭। ২৩ জুলাই।]

[রেলরোড করিবার ক্ষমতার কথা।]

১৭ ধারা। কলিকাতা নগরের কোন রাজপথে কি রাস্তায় কিম্বা ঐ নগরের মধ্যস্থ কি বহিস্থ যে ভূমি জষ্টিসদের প্রতি বর্ত্তিয়াছে কি বর্ত্তে সেই ভূমিতে যদি তাঁহাদের বিবেচনায় ১৮৬৩ সালের উক্ত ৬ আইনের এবং ১৮৬৬ সালের ৬ আইনের কিম্বা তন্মধ্যে একতর আইনের কার্য্যের নিমিত্তে কোন রেলওয়ে নির্ম্মাণ করা কি তৎসংক্রান্ত কার্য্য সম্পাদন করা ফলজনক কি আবশ্যক, তবে তাঁহারা বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের অনুমতি গ্রহণপূর্ব্বক তাহা প্রস্তুত করিতে পারিবেন। এবং তদ্রূপ যে রেলরোড ইতিপূর্ব্বে প্রস্তুত হইয়াছে কি পশ্চাৎ হইবে তাহাতে যত কলের গাড়ী কি গত্যুৎপদক শক্তিযুক্ত অন্য বিষয় এবং তাহাতে আকৃষ্ট কি তাড়িত যত গাড়ী ও মাল গাড়ী চালাইতে নির্দ্ধার্য্য করেন তাঁহারা উক্ত শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের অনুমতিক্রমে তাহা করিবেন এবং ঐ রেলপথ দিয়া যে চড়নদারেরা যাইতে চাহেন তাঁহাদিগকে লইতে, ও স্থানান্তরে পাঠাইবার জন্যে যে মাল আনীত হয় তাহা লইয়া চালান করিতে এবং তজ্জন্যে তাঁহারা উক্ত শ্রীযুত গবর্ণর সাহেবের অনুমতি লইয়া সময়ে২ যুক্তিসিদ্ধ যত ভাড়া নির্ণয় করেন তাহা লইতে সক্ষম হইবেন ইতি।

[রেলওয়ে কোম্পানির গাড়ী চলিবার অনুমতি দিবার কথা।]

১৮ ধারা। উক্ত জষ্টিসেরা ইতি পূর্ব্বে কি পশ্চাতে যে কোন রেল পথ প্রস্তুত করেন তাহার উপর দিয়া কোন রেলওয়ে কোম্পানির কলের গাড়ীর কি চড়নদারের কি মালের কি অন্য গাড়ীর যাইবার কিম্বা অন্য যে গাড়ী ঐ কোম্পানির রেলের উপর গিয়া থাকে তাহার যাইবার জন্যে, ঐ জষ্টিসেরা সময়ে২ বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের অনুমতিক্রমে মাসুল কি ভাড়া লইবার নিয়ম এবং উভয় পক্ষ যে নিয়মেতে ও সঙ্কোচার্থ যেং বিধিতে সম্মত হন তদনুসারে যাইবার বিষয়ে কোন নিয়ম করিতে পারিবেন ইতি।

[রেলরোড হস্তান্তর করিতে পারিবার কথা।]

১৯ ধারা। জষ্টিসেরা পূর্ব্বলিখিত বিধানমতে যে রেলরোড প্রস্তুত করিয়াছেন কি করেন বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের অনুমতিক্রমে তাঁহারা কোন রেলওয়ে কোম্পানির সঙ্গে নিয়ম করিয়া এবং উভয় পক্ষ যে নিয়মেতে ও সঙ্কোচার্থ যে বিধিতে সম্মত হন তদনুসারে সেই রেলরোড হস্তান্তর করিতে কি পাট্টা দিতে পারিবেন। কিন্তু সেই রেলরোড হস্তান্তর না করিলে কি পাট্টা করিয়া না দিলে জষ্টিসেরা যেরূপে ঐ রেলপথ রক্ষা করিতে পারিতেন, ও তাহাতে যদ্রূপে কলের গাড়ী ও গত্যুৎপদক অন্য বিষয় ও তদ্দারা আকর্ষণীয় কি তাড়নীয় গাড়ী ও মাল গাড়ী ব্যবহার করিতে ও কর্ম্মে খাটাইতে পারিতেন ও সেই রেলপথে যদ্রূপে চড়নদারদিগকে ও মাল লইয়া যাইতে ও চালান করিতে পারিতেন ও তজ্জন্যে ভাড়া লইতে পারিতেন, ঐ জষ্টিসদ্বারা কোন কোম্পানির প্রতি ঐ রেলরোড পূর্ব্বোক্তমতে হস্তান্তর করা কি পাট্টা করিয়া দেওয়া গেলে পর পূর্ব্বোক্ত নিয়ম ও সংকোচার্থ বিধি বলবৎ রাখিয়া, সেই কোম্পানির সেই সকল ও তত্তুল্য ক্ষমতা থাকিবে ইতি।

[Town Hall vested in Justices.]

XX. From the passing of this Act, the building called the Town Hall of Calcutta, situate on the north side of Esplanade Row in the said Town together with all houses, out-houses, grounds, buildings, rights, members, and appurtenances whatsoever to the said Town Hall belonging, or in any wise appertaining or now or at any time heretofore occupied, possessed, or enjoyed together with or as part of the same, shall be and the same are hereby absolutely vested in the Justices.

[জষ্টিসদের প্রতি টৌনহাল অর্পিত হইবার কথা।]

২০ ধারা। এই আইন প্রচলিত হইবার সময়াবধি কলিকাতা নগরের এসপ্লানেড রো নামক রাস্তার উত্তর দিকস্থ কলিকাতা টৌনহাল নামক যে ঘর আছে তাহা এবং উক্ত টৌনহালসংক্রান্ত যে সকল ঘর ও বাহিরের ঘর ও ভূমি ও কোটা ও বাড়ী ও অন্য ও তৎসংক্রান্ত যে সকল বিষয় আছে কিম্বা এক্ষণে কি পূর্ব্বাবধি ঐ ঘরের সহিত কি তাহার অংশস্বরূপ যে দ্রব্যের অধিকার কি অর্পণ কি ভোগ হইয়া আসিতেছে তাহা জষ্টিসদের প্রতি সম্যক্‌রূপে অর্পিত হইবে ও এতদ্দ্বারা অর্পণ করা গেল ইতি।

[Buildings used for public Worship to be exempt from rates.]

XXI. Buildings used exclusively for purposes of public Worship shall be exempt from all rates and taxes which the Justices have authority to impose upon houses, buildings, or lands within the Town under any Act heretofore passed by the Lieutenant-Governor of Bengal in Council.

[ঈশ্বরারাধনার নিমিত্তে যে গৃহাদির ব্যবহার হয়, তাহার উপর টাক্স না বসাইবার কথা।]

২১ ধারা। জষ্টিসেরা মন্ত্রিসভাধিষ্ঠিত বঙ্গদেশের লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের প্রচলিত কোন আইনক্রমে নগরের অন্তর্গত ঘরের কি কোটার কি ভূমির উপর যে সকল রেট ও টাক্স বসাইতে ক্ষমতাপন্ন, হন কেবল ঈশ্বরারাধনার জন্যে যে গৃহাদির ব্যবহার হয় তাহা সেই রেট ও টাক্সহইতে নিষ্কৃতি পাইবে ইতি।

[Interpretation of the word "Town."]

XXII. The word "Town" in the said Acts VI of 1863 and VI of 1866, and in this Act, shall not be taken to include any portion of Fort William, of the Esplanade, or of Cooley Bazar now called Hastings.

[নগর শব্দের অর্থের কথা।]

২২ ধারা। ১৮৬৩ সালের উক্ত ৬ আইনে এবং ১৮৬৬ সালের ৬ আইনে ও এই আইনেতে নগর শব্দ প্রয়োগ হইলে তন্মধ্যে কিল্লার কি কিল্লার সম্মুখ মাঠের কি অধুনা হেষ্টিংস নামে খ্যাত কুলিবাজারের কোন অংশ ধরিতে হইবে না ইতি।

[Repeal of Acts.]

XXIII. The various portions of Acts mentioned in the Schedule hereto shall from and after the passing of this Act, be repealed, saves as to any rights theretofore acquired or liabilities theretofore incurred, under them respectively, and save as to any Acts or portions of Acts which may have been repealed by them respectively.

[যে২ আইন রহিত হইবে তাহার কথা।]

২৩ ধারা। এই আইনের তফসীলে আইনের যে২ অংশের উল্লেখ হইয়াছে তাহা এই আইন প্রচলিত হইবার সময়াবধি রহিত হইবে। কিন্তু তদ্দ্বারা যে কোন অধিকার এতৎপূর্ব্বে প্রাপ্ত হওয়া গিয়াছে কি যে কোন দায় বর্ত্তিয়াছে তৎসম্পর্কে উক্ত আইনের উক্ত অংশ প্রবল থাকিবে, এবং তাহার যে কথাক্রমে অন্য আইন কি আইনের কোন অংশ রহিত করা গিয়াছে তাহা প্রবল থাকিবে ইতি।

[Construction.]

XXIV. This Act shall be read with and taken as part of the said Acts VI of 1863 and VI of 1866.

[অর্থের ধারা।]

২৪ ধারা। এই আইন ১৮৬৩ সালের উক্ত ৬ আইনের এবং ১৮৬৬ সালের ৬ আইনের সহিত তাহার অংশস্বরূপ পাঠ্য হইবে ইতি।

SCHEDULE of Laws repealed—(referred to in Section XXIII.)

Number and date of Act	Title.	Extent of Repeal.
Act VI of 1863	An Act to vest the property of the Town of Calcutta, and the management of its Municipal affairs, in a Corporation; and to make better provision for the Conservancy and Improvement of the Town, and for the levying of Rates and Taxes therein ...	Sections 39 and 56.
Baboo Juggunnathprosaud Banerjee, Moonsiff of Roghoonathpoor, in Chota Nagpoor, for four months, under paragraph 11 of the Uncovenanted Absentee Rules.

C. D. Field,
Offg. Registrar.

High Court,
The 27th July 1867.

বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর । কোর্টের আজ্ঞা ।

নিয়োগ ।

১৮৬৭ সাল ২৪ জুলাই ।

দিনাজপুরের মুনসেফ শ্রীযুত বাবু গোপীনাথ মৈত্র দিনাজপুরের অন্তর্গত চিন্তামনের মুনসেফ হইবেন ।

চিন্তামনের মুনসেফ শ্রীযুত মৌলবী তুফেল আহম্মদ দিনাজপুরের মুনসেফ হইবেন ।

১৮৬৭ সাল ২৫ জুলাই ।

ছোট নাগপুরের অন্তর্গত রঘুনাথপুরের মুনসেফ ছুটী লওয়াতে তাঁহার অনুপস্থানকালে শ্রীযুত বাবু নন্দকুমার আয়কত ঐ স্থানের মুনসেফের কর্ম্ম করিবেন

১৮৬৭ সাল ২৬ জুলাই ।

বীরভূম জিলার অন্তর্গত দুবরাজপুরের মুনসেফ অনুগ্রহের ছুটী লওয়াতে ঐ আদালতের কর্ম্মের ভার ঐ ছুটীর দ্বাদশ দিন সিরিশ্‌তাদারের প্রতি অর্পিত হইবে ।

ছুটী ।

১৮৬৭ সাল ২৬ জুলাই ।

ছোট নাগপুরের অন্তর্গত রঘুনাথপুরের মুনসেফ যুত বাবু জগন্নাথপ্রসাদ বন্দ্যোপাধ্যায় অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১১ ধারামতে চারি মাসের ছুটী পাইয়াছেন ।

সি ডি ফিল্‌ড,
একটিং রেজিষ্ট্রার ।

হাই কোর্ট ।
১৮৬৭ সাল ২৭ জুলাই ।

[গবর্ণমেণ্ট গেজেট । ১৮৬৭ । ৩০ জুলাই ।]

GOVERNMENT ADVERTISEMENTS. গবর্ণমেণ্টের ইশ্‌তিহার।

বিক্রী নেমকের মাস্কাবারি হিসাব সন ১৮৬৭ সাল ৩০ জুন।

১ ডিপো।	২ পাঙ্গা	৩ করকচ	৪ দর ফি ১০০ মোন
হিজলী	মোন	মোন	টাকা
পাঙ্গা নেমক ঘাট রসুলপুর ...	১,৪,৬৮৫/	০	৩৮৫৲
ঐ ঐ কৃষ্ণনগর ...	২,২৪,৬৪৭/	০	
ঐ ঐ রামনগর ...	১,২৫,৩৮৯/	০	
ঐ ঐ কালীনগর ...	৫২,৯০৬/	০	
ঐ ঐ পুরীঘাট্টা ...	২৪,৯৮৪/	০	
একুন।	৪,৪২,৬১১/	০	
শালিখা।			
করকচ নেমক মান্দ্রাজ পরমিট ...	০	৫,৯৭,১৪২/	৩৬৫৲
মিশ্রিত করকচ নেমক ...	০	২,৬৭৯/	
করকচ নেমক সিন্ধু ...	০	৪,৬৫,২৫০/	৩৭৫৲
একুন।		১০,৬৫,০৭১/	
ঘুষুড়ি।			
পাঙ্গা নেমক ঘাট কালীনগর ...	৩,৪৬৮/	০	৩৯৫৲
মিশ্রিত ঐ ঐ রামনগর ...	১,৪৬৩/	০	
একুন।	৪,৯৩১/	০	
পুরী।			
পাঙ্গা নেমক ...	১,৬০,৫২১/	০	৩৮৫৲
করকচ নেমক ...	০	৫,৩৭,৬২১/	৩৪০ ৲
একুন।	.১,৬০,৫২১/	৫,৩৭,৬২১/	
মোট একুন ...	৬,০৮,০৬৩/	১৬,০২,৬৯২/	

মন্তব্য।—শহর কলিকাতার অন্তর্গত রেবিনিউ বোর্ডের দফ্তরখানাহইতে সকল রকম নেমকের বাবৎ যে ানা পাওয়া যায় সেই রওয়ানা গোলাঘাটে দাখিল করিয়া যে সকল ব্যক্তিরা নেমক প্রার্থনা রাখে তাহার-কে ৪ ঘরের লিখিত ১ ডিসেম্বর তারিখের ইস্তেহার দেওয়া কম নিরিখ দরে ১ ঘরের লিখিত সর ী গোলা হইতে ৫০/ পঞ্চাশ মোন এবং তাহার ঊর্দ্ধ পরিমাণে উপরের লিখিত নেমক ওজন দেওয়া যাইবেক,

আর এল মাঙ্গলস্‌।

ড রেবিনিউ। ফোর্ট উলিয়ম। সন ১৮৬৭ সাল ২২ জুলাই। ছোট সেক্রেটারী।

LAND ADVERTISEMENTS.

ভূমিবিষয়ক ইশ্‌তিহার ।

জিলা দারজিলিং ।

এস্তাহারনামা কাছারি কালেক্টরি জিলা দারজিলিং ।

ইহার দ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে জিলা দারজিলিঙ্গাধীন লাখেরাজ হওয়া নিম্নলিখিত মহালের মূল্যের আসল টাকার সুদ বাকী থাকাসুত্রে ঐ ঐ মহাল পতিত ভূমি বিক্রয় হওয়া বিধির ১৫ ধারাক্রমে চলিত সনের আগামি ২৫সা আগষ্ট মোতাবেক সন ১২৭৪ সালের ৩১সা শ্রাবণ তারিখে বেলা ঠিক তুই প্রহর সময় অত্র জিলার কালেক্টরি কাছারিতে নীলামে ধরা যাইবেক এবং বিনা বাধাতে নীলাম হইবেক ইতি ।

১	২	৩	৪	৫	৬
তৌজির নম্বর।	অধিকারির নাম।	পরগনা ও মৌজা ও মহালের নাম অথবা স্থান যে স্থানে মহাল আছে।	ভূমির পরিমাণ।	সুদের দরুণ পাওনা টাকার সংখ্যা।	আসল মূল্যের মধ্যে বক্রি মূল্য।
৫	মেং টমস, ওয়েন	পং মৌং দারজিলিং সলিম	২২৬ একর	২১৩৮৵০	২১১৫৶৪
৪৪	ঐ ঐ	ঐ ঐ ঐ	১৯০০ ,,	৬৮৫৲	৬৮৪০৲
৯	মেসরস্ এইচ সি, লিভিঙ্গ, ডবলিউ, এ, ব্যাডিলে ডবলিউ আর, ডেবিস টি, এইচ, হলরে এবং সি, ষ্ট্রান	ঐ ঐ দারজিলিং ও সলিম	৫৩৫ ,,	৯২২৶৮	১১৭৫৪।৵৮
৩৪	কাপ্তান, করলিস	ঐ ঐ মিরিগ	৩০০০ ,,	২৬৯০৲	২৬৯০০৲
১৭	বাবু ত্রৈলোক্যনাথ বন্দ্যোপাধ্যায়	ঐ ঐ শিবোখোলা	৩০৬ ,,	৪৮১৸৵৬	৪৮১৯৷৹

বি, ডবলিউ, মর্টন । কাপ্তান
ডেপুটী কমিস্যনর ।

জিলা দারজিলিং ডেপুটী কমিস্যনর আপিস
সন ১৮৬৭ ইংরাজি তারিখ ৮ ই জুলাই।

জেলা মেদিনীপুর।

ইস্তাহারনামা কাছারি কালেক্টরি জেলা মেদিনীপুর।

সন ১৮৫৯ সালের ১১ আইনের মর্ম্মানুযায়ি প্রকাশ করা যাইতেছে যে, জেলা মেদিনীপুরের সংক্রান্ত নিম্নলিখিত মহাল সকল সন ১৮৬৭ সালের ২৮ মার্চের পাওনা বাকীর রাজস্ব আদায় কারণ সন ১৮৬৭ সালের ৬ জুনের নীলামে খরিদ করিয়া বায়নার টাকা দাখিল করে। কিন্তু অবশিষ্ট মূল্যের টাকা দাখিল করে নাই। অতএব ঐ মহাল সন ১৮৬৭ সালের ১৮ আগস্ট মোতাবক বাঙ্গলা সন ১২৭৪ সালের ৩০এ শ্রাবণ আমলী সন ১২৭৪ সালের ৩১এ শ্রাবণ বৃহস্পতি বার জেলা মেদিনীপুরের কালেক্টরি কাছারিতে পুনরায় নীলামে ধরা যাইবেক ও বিনা বাধায় বিক্রয় হইবেক ইতি ১৮৬৭। ২২ জুলাই।

তৌজির নম্বর।	মহালের নাম।	মালিকের নাম।	সদর জমা	কৈফিয়ৎ।
		প্রথম শ্রেণীর চির বন্দবস্তী মহাল		
২১৪৮	মহল রোয়নান পং সবঙ্গ	মালিক রাম মজুমদার, আত্মারাম মজুমদার, ভক্তরাম মজুমদার, মুক্তরাম মজুমদার, রাজীবলোচন মজুমদার, কালীপ্রসাদ মজুমদার, পঞ্চানন্দ মজুমদার, শ্রীমতী বিরাজমোহিনী নাবালিগা, রামদেব বাকুড়া, ভরথচরণ বাকুড়', তারাপ্রসাদ দে, শিবনারায়ণ দে, দীনবন্ধু দে নাবালগ পেদর ও মহাফেজ। ঘাশীরাম দে, রামকৃষ্ণ দে, পদ্মলোচন ভুঞ্যা, শীতলপ্রসাদ ঘোষ।	১৫৯৫৸৶১০	ইহার মধ্যে ১০ দফামতে পৃথক হিসাব হওয়া হিস্যা তারাপ্রসাদ দে, শিবনারায়ণ দে, দীনবন্ধু দে নাবালগ পেদর ও মহাফেজ ঘাশীরাম দে তস্কীশ ... ৪৯৭।০ বাদ ১১ ধারামতে পৃথক হিসাব হওয়া হিস্যা রামকৃষ্ণ দে তস্কীশ ... ১৮৫৲১০ বাদ এজমালি হিস্যা মাণিকরাম মজুমদার, আত্মারাম মজুমদার, ভক্তরাম মজুমদার, মুক্তারাম মজুমদার, রাজীবলোচন মজুমদার, কালীপ্রসাদ মজুমদার, পঞ্চানন্দ মজুমদার শ্রীমতী বিরাজমোহিনী নাবালিগা রামদেব বাকুড়া, ভরতচরণ বাকুড়া, পদ্মলোচন ভুঞ্যা তস্কীশ ... ৬৯৪৶০ ১১ দফামতে পৃথক হিসাব হওয়া শীতল প্রসাদ ঘোষের হিস্যা নিজ হিস্যার বাকী রাজস্ব আদায় কারণ নীলাম হইবে তস্কীশ ... ২১৯।০

W. J. HERSCHEL,
Collector.

জিলা দিনাজপুর।

এস্তাহানামা কাছারি কালেক্টরি জেলা দিনাজপুর।

১৮৫৯। ১১ আইনের ৬ ধারানুযায়ি ইহা দ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে জেলা দিনাজপুরের নীচের লিখা মহাল ১৮৬৭। ২৮ জুন তকের অন্য প্রকার বাকি নিমিত্তক সন ১৮৬৭ সনের ১ আগস্ট মোং ১২৭৪ সালের ১৭ শ্রাবণ রোজ বৃহস্পতিবার এই জেলার কালেক্টরি কাছারিতে নীলাম ধরা যাইবেক ও বিনা বাধাতে বিক্রয় হইবেক।

প্রথম শ্রেণীর এস্তমুরারি জমা ধার্য্য হওয়া মহাল।

১১০ নম্বর মৌজে তেঘরাওগয়রহ।

পরগনে শালবাড়ির লিখিত মালিক সরিয়তুল্লা চৌধুরী ও বিবি পাতানী মাদরে জয়নুল্লা চৌধুরী ও বিবি পবিত্রা মাদরে মজিদুল্লা চৌধুরী ও সরফউল্লা চৌধুরী সালিয়ানা সদর জমা ২৫১৩৸৶৪। পাই।

মহারাণী শ্যামমোহনীর ১৮৫৯। ১০ আইনের ডিক্রীর বাবৎ ২১১৩।৶২ পাই আদায় জন্য দেনদার মজিদুল্লা চৌধুরীর মাতা বিবি পবিত্রার এই মহালে যে স্বত্ব ও লাভ আছে তাহা নীলামে ধরা গেল।

T. J. C. GRANT,
Offg. Collector.

[*Government Gazette, 30th July* 1867.]

কলিকাতা বাঙ্গাল সেক্রেটারীয়েট যন্ত্রালয়ে গবর্ণমেন্টের জন্যে শ্রীযুক্ত এফ জে বার্লো সাহেবকর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত হইল।

গবর্ণমেণ্ট গেজেটের ক্রোড়পত্র

TUESDAY, JULY 30, 1867.

মঙ্গলবার ১৮৬৭ সাল ৩০ জুলাই

বিজ্ঞাপন

ইহাতে সংবাদ দেওয়া যাইতেছে যে নিম্ন লিখিত বিক্রয়ের বিজ্ঞাপনে যে সকল মহালের উল্লেখ হইল সে সকল মহালে গবর্ণমেণ্টের যে মালিকী স্বত্ব আছে তাহা নিম্ন লিখিত নিয়মের অধীন হইয়া বিক্রয় হইবে।

বিক্রয়ের নিয়ম।

১।—প্রত্যেক মহাল পার্শ্বের লিখিত নির্দ্দিষ্ট সদর জমার অধীন হইয়া যে ব্যক্তি নীলামে প্রথম ডাকের উপর সর্ব্বাপেক্ষা উচ্চ ডাকিবেক তাহাকে দেওয়া যাইবে।

২।—বর্ত্তমান পাট্টা এবং বন্দোবস্তের কাগজ কি প্রবল আইনহইতে উৎপন্ন স্বত্ব সকল বিক্রয়ের পরে বহাল থাকিবে। রাজস্বের কার্য্যকারকদিগের কৃত জমাবন্দীতে যেং খোদকস্তা রাইয়ত স্বাক্ষর করিয়াছে ক্রেতারা তাহারদিগের স্বত্ব মানিতে বাধ্য হইবে।

৩।—একশত টাকার অনধিক পণ হইলে সেই সমুদয় টাকা তৎক্ষণাৎ দিতে হইবে।

৪।—একশত টাকার অধিক হইলে ডাক পণের চারি অংশের এক অংশ তৎক্ষণাৎ দাখিল করিতে হইবে বিক্রয়ের দিবস এক দিন বলিয়া গণনা করিলে বিক্রয়ান্তর পঞ্চদশ দিনের মধ্যাহ্ন কালে, কিম্বা সেই দিবস বন্দের দিন হইলে তৎপরে প্রথম যে দিন কাছারী খোলা যায় সেই দিনের মধ্যাহ্ন কালে, যদি অবশিষ্ট টাকা দাখিল না হয়, তবে বিক্রয় রহিত ও গচ্ছিত টাকা গবর্ণমেণ্টে জব্দ হইবে, ও প্রথম স্থলীয় বিক্রয়ের ন্যায় পুনর্ব্বার বিজ্ঞাপন প্রকাশ করণপূর্ব্বক ঐ ত্রুটিকারি ক্রেতার ঝুঁকিতে সেই মহাল পুনর্ব্বার বিক্রয় হইবে।

৫।—মহালের উপর যে সামান্য সদর জমা ধার্য্য হইয়াছে ক্রেতারা তদতিরিক্ত রাস্তা প্রস্তুত ও গমনাগমনের সুবিধার নিমিত্ত করও দিতে বাধিত হইবেন। তাঁহারা যে তারিখঅবধি ক্রীত মহাল দখল করেন সেই তারিখঅবধি সদর জমার উপর শতকরা এক টাকার হিসাবে ঐ কর ধার্য্য হইবে। ঐ কর বাকী রাজস্বের ন্যায় আদায় হইতে পারিবে।

রেবিনিউ বোর্ডের আজ্ঞাক্রমে,

আর বি চাপমান,
সেক্রেটারী।

নীলামের ইশ্‌তিহার।

জিলা মুরশিদাবাদ।

ইশ্‌তাহারনামা কাছারি কালেক্‌টরী জেলা মুরশিদাবাদ।

ইহাতে সংবাদ দেওয়া যাইতেছে যে অত্র জেলার মধ্যবর্ত্তি নিম্নের লিখিত খাস মহালের গবর্ণমেন্টের মালিকী স্বত্ব সন ১৮৬৭ সালের ১৩ আগস্ট মোতাবক সন ১২৭৪ সালের ২৯ শ্রাবণ মঙ্গলবার জেলা মুরশিদাবাদের কালেক্‌টরী কাছারিতে বিক্রয় হইবেক এই মহাল যে ব্যক্তিরা ক্রয় করেন তাঁহারা ক্রোড়পত্রের শিরোভাগে রেবিনিউ বোর্ডের সেক্রেটরী সাহেবের স্বাক্ষরিত বিক্রয়ের নিয়মের অধীনে থাকিবেন ইতি সন ১৮৬৭ সাল তারিখ ২২ মেই মোতাবক সন ১২৭৪ সাল তারিখ ৯ জ্যৈষ্ঠ।

রাজকীয় মহালের তৌজিবৃত্তের নম্বর।	তৌজির নম্বর।	মাহালের নাম ও পরগনা।	জমির পরিমাণ।	সদর জমা।			নীলামের প্রথম ডাক।	মন্তব্য।
				আর্দ্ধা করা রাজস্ব।	রাস্তার টাকা।	মোট।		
			এঃ রুঃ পঃ					
২৫নং	৫৭৪নং	পএস্তী কাটীগঙ্গা পরগনে আজমনগর	২৩৪।০।৮	২১২।/০	২৩/০	২১৪।৶০	৪২৪।৶০	

H. HANKEY,
Offg. Collector.

বাঙ্গাল সেক্রেটারীয়েট যন্ত্রালয়ে শ্রীযুক্ত এক জে বার্লো সাহেবকর্তৃক মুদ্রিত ও প্রকাশিত হইল।

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, AUGUST 6, 1867.

মঙ্গলবার ১৮৬৭ সাল ৬ আগস্ট।

GOVERNMENT OF BENGAL.

Legislative Department.

The following Act of the Lieutenant-Governor of Bengal in Council received the assent of His Honor on the 30th May 1867, and having been assented to by His Excellency the Governor General on the 1st July 1867, is hereby promulgated for general information :—

ACT No. XI of 1867.

An Act to provide from Rates to be levied in the Town of Calcutta the expense of the Police of that Town, and to enable the Corporation of the Justices of the Peace for the Town of Calcutta to apply a portion of the Municipal Fund of the said Town for the support of a Pauper Hospital.

[Preamble.]

WHEREAS it is expedient that the expense of maintaining the Police Force of Calcutta, and of maintaining Pauper Hospitals in the said Town, should be defrayed by rates to be levied upon the said Town; It is enacted as follows :—

[Justices may apply a certain sum for the support of Pauper Hospitals.]

I. On and after the commencement of this Act, it shall be lawful for the Justices, if they shall at a Special General Meeting think fit, to

বঙ্গদেশের গবর্ণমেণ্ট।

ব্যবস্থাপন কর্ম্মবিভাগ।

মন্ত্রিসভাধিষ্ঠিত বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের পশ্চাৎ লিখিত আইনে উক্ত মান্যবর ১৮৬৭ সালের ৩০ মে তারিখে স্বীয় সম্মতি প্রকাশ করিলেন। এবং মহিমবর শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবও ১৮৬৭ সালের ১ জুলাই তারিখে তদ্বিষয়ে সম্মতি প্রকাশ করাতে তাহা সর্ব্ব সাধারণের জ্ঞানার্থে প্রকাশ করা গেল।

১৮৬৭ সালের ১১ আইন।

কলিকাতা নগরে রেট আদায় করিয়া তাহাহইতে ঐ নগরের পোলীসের ব্যয়ের বিধান করিবার, এবং পাপর হাস্পাতালের ব্যয় পোষণার্থে কলিকাতা নগরের শান্তিরক্ষার্থ সমবায়িত জষ্টিসদিগের প্রতি উক্ত নগরের মুনিসিপল ফণ্ডের একাংশ প্রয়োগ করণের ক্ষমতা প্রদান করিবার আইন।

[হেতুবাদ।]

কলিকাতার পোলীস দল রাখিবার, এবং উক্ত নগরে দুঃস্থ ব্যক্তিদের চিকিৎসালয় রাখিবার খরচ নগরাদেয় টাক্সহইতে শোধ করা বিহিত। এই হেতুক নিম্নলিখিত বিধান করা গেল।

[পাপর হাসপাতাল রাখিবার জন্যে জষ্টিসদিগের কতক টাকা প্রয়োগ করিবার ক্ষমতার কথা।]

১ ধারা। এই আইন প্রচলিত হওনের কালাবধি জষ্টিসেরা বিশেষ সাধারণ সভা করিয়া যদি উপযুক্ত বোধ করেন, তবে উক্ত নগরের মুনিসিপল ফণ্ডহইতে

apply out of the Municipal Fund of the said Town such sum as to them shall seem proper in or towards the maintenance and support of a Pauper Hospital or Pauper Hospitals.

[Commissioner of Police to prepare Budget.]

II. So soon as conveniently may be after the passing of this Act, the Commissioner of Police for the Town of Calcutta shall transmit to the Justices a Budget or Estimate of the expense of the Police Force of the Town of Calcutta, from the commencement of this Act up to the first day of January then next ensuing; and on or before the first day of September in each year, the said Commissioner shall transmit to the said Justices a Budget or Estimate of the expense of the said Police Force for the year commencing on the first day of January then next ensuing.

[Form of Budget.]

III. Such Budget shall show the various heads of the estimated expenditure of the said Police Force, and the intended distribution of the said Police Force in the said Town during the period to which it relates.

[Chairman to lay the Budget before the Justices.]

IV. The Chairman of the Justices shall forthwith, upon the receipt of any such Budget, or of any such supplemental Budget as hereinafter is mentioned, cause the same to be printed, and a copy thereof sent by post or otherwise to each of the Justices of the Peace resident within twenty miles of Government House; and not less than ten nor more than twenty days after the receipt of the first of such Budgets, or of any such supplemental Budget as hereinafter is mentioned, shall lay the same before a Special General Meeting of the Justices: and shall lay every subsequent yearly Budget before the Justices at the Quarterly Meeting of the Justices to be held in the month of October next after the receipt of the same.

[Justices may pass, reject, or modify Budget, and the Budget as passed shall be submitted to the Lieutenant-Governor.]

V. It shall be in the discretion of the Justices to pass or to reject, or to modify, the estimates of all or any sums entered in the Budget, and the Budget as passed shall be submitted to the Lieutenant-Governor of Bengal.

[Power to bring in a supplemental Budget.]

VI. In case, during any period for which a Police Budget shall have been passed and submitted as aforesaid, it shall appear that the amount

এক কি অধিক পাপর হাস্পাতাল রাখিবার ও তাহার খরচ পোষাইবার জন্যে ও তদুপলক্ষে, যত টাকা বিহিত বোধ করেন প্রয়োগ করিতে সক্ষম হইবেন ইতি।

[পোলীসের কমিস্যনর সাহেবের দ্বারা বজেট প্রস্তুত হইবার কথা।]

২ ধারা। এই আইন প্রচলিত হইবার তারিখঅবধি আগামি জানুআরি মাসের প্রথম দিবস পর্য্যন্ত কলিকাতা নগরের পোলীস দলের নিমিত্তে যত টাকা ব্যয় সম্ভাবনা, উক্ত নগরের পোলীসের কমিস্যনর সাহেব এই আইন প্রচলিত হইবার পর সুবিধামতে ত্বরা করিয়া জষ্টিসদের সম্মুখে ইহার বজেট কি অনুমানপত্র প্রেরণ করিবেন। এবং প্রতি বৎসরের জানুআরি মাসের প্রথম দিবসাবধি উক্ত পোলীস দলের এক বৎসরের যত ব্যয় সম্ভাবনা উক্ত কমিস্যনর সাহেব তৎপূর্ব্ব সেপ্টেম্বর মাসের প্রথম দিবসে কি তাহার অগ্রে ঐ জষ্টিসদের নিকটে তাহার অনুমানপত্র অর্পণ করিবেন ইতি।

[অনুমানপত্রের পাঠের কথা।]

৩ ধারা। কথিত পোলীস দলসংক্রান্ত যে কার্য্যের জন্যে যত টাকার ব্যয় সম্ভাবনা এবং অনুমান পত্র যে কালের উদ্দেশে হয় সেই কালে ঐ পোলীস দল নগরের স্থানে২ কিরূপে বিলি করা যাইবে ঐ অনুমানপত্রে তাহা লেখা থাকিবে ইতি।

[সেই অনুমানপত্র জষ্টিসদের সম্মুখে সভাপতির অর্পণ করিবার কথা।]

৪ ধারা। জষ্টিসেরদের সভাপতি ঐ অনুমানপত্র কিম্বা তাহার নিম্নলিখিত প্রকারের ক্রোড়পত্র প্রাপ্ত হইলে, অবিলম্বে মুদ্রিত করাইবেন। এবং শান্তিরক্ষার্থ যে সকল জষ্টিস গবর্ণমেণ্ট হৌসহইতে বিশ মাইলের মধ্যে বাস করেন ডাকযোগে কি প্রকারান্তরে তাঁহারদের প্রত্যেকের নিকটে এক২ খানি প্রেরণ করাইবেন। এবং ঐ প্রথম অনুমানপত্র কিম্বা নিম্নলিখিত প্রকারের ক্রোড়পত্র প্রাপ্ত হইবার দশ দিনের অন্যূন ও বিশ দিনের অনধিক কালের মধ্যে, জষ্টিসদের বিশেষ সাধারণ সভার সম্মুখে অর্পণ করিবেন। তৎপরে প্রতিবৎসর যে অনুমানপত্র পান তাহা পাইলে পর অক্টোবর মাসের জষ্টিসদের যে ত্রৈমাসিক সভা হইবে সেই সভায় তাঁহাদের সম্মুখে ঐ অনুমানপত্র অর্পণ করিবেন ইতি।

[ঐ অনুমানপত্র গ্রাহ্য কি অগ্রাহ্য কি মতান্তর করিতে ও গ্রাহ্য হইলে লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের অনুমোদনার্থে অর্পণ করিতে জষ্টিসদের ক্ষমতার কথা।]

৫ ধারা। অনুমানপত্রে যে বিষয়ের যে আয়ব্যয় ধরা গিয়াছে, তন্মধ্যে জষ্টিসেরা সকল কি কোন খরচ গ্রাহ্য কি অগ্রাহ্য কি মতান্তর করিতে পারিবেন। পরে অনুমানপত্র গ্রাহ্য হইলে তাহা বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের বিবেচনার্থে সমর্পণ করিবেন ইতি।

[অনুমান পত্রের ক্রোড়পত্র উপস্থিত করিবার ক্ষমতার কথা।]

৬ ধারা। পূর্ব্বোক্ত পোলীস বজেট গ্রাহ্য ও অর্পিত হইলে, ঐ বজেটে যত কালের নিমিত্তে যত টাকার বিধান হইল উক্ত পোলীসদলের তত কালের আবশ্যক

provided by such Budget is insufficient to defray the necessary expense of the said Police Force for such period, it shall be lawful for the said Commissioner of Police to prepare a supplemental Budget for such period, and the provisions of the last three preceding Sections shall apply to such supplemental Budget.

[Amount of estimates to be paid to Government.]

VII. The amount of such estimates as may be so passed shall, after deducting therefrom such amount as may from time to time be allowed by the Government from the General Revenues towards the maintenance of the said Police Force, be paid to the said Lieutenant-Governor by the Justices out of the annual proceeds of the rate to be imposed as hereinafter is mentioned.

[Commissioner to give accounts of Police expenditure.]

VIII. On or before the first day of April in every year, the said Commissioner of Police shall present to the Chairman of the Justices, to be laid before the Justices at their next monthly meeting, an account of the expense of the Police Force of Calcutta for the year ending the thirty-first day of December then next preceding, and in case the amount which shall, during such year, have been paid to the said Lieutenant-Governor under the provisions hereinbefore contained shall not have been expended in the maintenance of the said Force, the balance remaining unexpended shall be deemed to have been paid by the Justices in or towards discharging the expense of the said Police Force during the ensuing year.

[Police rate to be paid in respect of property in Calcutta.]

IX. For the purpose of providing for the amount hereinbefore directed to be paid to the said Lieutenant-Governor, and of providing for the cost of collection of such amount, it shall be lawful for the Justices to impose, in addition to any rates which may be payable under Act VI of 1863 or Act VI of 1866 passed by the Lieutenant-Governor of Bengal in Council, an annual Police rate upon all houses, buildings, and lands in the Town, not exceeding three per centum of their annual value. Provided that it shall be at the option of the Justices, in lieu of such rate, to levy upon any land a fixed annual rate not exceeding one Rupee and four annas for every cottah.

[Mode of levying Police rate.]

X. Such rate shall be payable by the occupiers of the houses, buildings, lands, and huts, respectively subject thereto, by equal quarterly instalments.

[*Government Gazette, 6th August* 1867.]

ব্যয়ের জন্যে সেই টাকা কুলাইবে না ইহা যদি সেই কালের মধ্যে দৃষ্ট হয়, তবে পোলীসের উক্ত কমিস্যনর সাহেব ঐ কালের নিমিত্তে বজেটের ক্রোড়পত্র প্রস্তুত করিয়া অর্পণ করিবেন। ইহার পূর্ব্ব তিন ধারাতে যে বিধান হইয়াছে ঐ ক্রোড়বজেটের প্রতি সেই বিধান বর্ত্তিবে ইতি।

[অনুমানপত্রের টাকা গবর্ণমেন্টকে দাতব্য হওয়ার কথা।]

৭ ধারা। গবর্ণমেন্ট সময়ে২ পোলীস দলের রক্ষণার্থে সাধারণ রাজস্বহইতে যত টাকার অনুমতি করেন, ঐ অনুমানপত্র পূর্ব্বোক্তমতে গ্রাহ্য হইয়া নিম্নলিখিত প্রকারে যে রেট ধার্য্য হয়, জষ্টিসেরা তাহার বার্ষিক উৎপন্নহইতে তত টাকা বাদ দিয়া, লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবকে অবশিষ্ট টাকা দিবেন ইতি।

[পোলীসসংক্রান্ত অর্থ ব্যয়ের হিসাব কমিস্যনরের দিবার কথা।]

৮ ধারা। পোলীসের উক্ত কমিস্যনর সাহেব প্রতি বৎসর আপ্রিল মাসের প্রথম দিবসে কি তাহার অগ্রে তৎপূর্ব্ব ডিসেম্বর মাসের ৩১ তারিখপর্য্যন্ত কলিকাতার পোলীস দলের এক বৎসরের খরচের হিসাব জষ্টিসদের সভাপতির প্রতি অর্পণ করিবেন। তৎপরে যে মাসিক সভা হয় সেই সভায় ঐ হিসাব জষ্টিসদের সম্মুখে অর্পিত হইবে। উক্ত শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবকে পূর্ব্বোক্ত বিধানমতে ঐ বৎসরে যত টাকা দেওয়া যায়, যদি উক্ত দলের রক্ষণাবেক্ষণে তত টাকা ব্যয় না হইয়া থাকে, তবে জষ্টিসদের দ্বারা ঐ উদ্বর্ত্ত টাকা উক্ত পোলীস[illegible]র আগামি বৎসরের খরচের উপলক্ষে দেওয়া গিয়াছে জ্ঞান হইবে ইতি।

[কলিকাতাস্থ সম্পত্তির উপর পোলীস রেট লইবার কথা।]

৯ ধারা। উক্ত শ্রীযুত লেপ্টেনেন্ট গবরর্ণর সাহেবকে পূর্ব্ব বিধানমতে যে টাকা দিতে হইবে তাহার বিধান এবং ঐ টাকা আদায় করিবার খরচের বিধান করিবার জন্যে, মন্ত্রিসভাধিষ্ঠিত বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবরর্ণর সাহেবের প্রচারিত ১৮৬৩ সালের ৬ আইন ও ১৮৬৬ সালের ৬ আইনমতে যত টাক্স আদায় হইতে পারে, জষ্টিসেরা তদতিরিক্ত নগরের অন্তর্গত সকল ঘরের ও কোটার ও ভূমির বার্ষিক মূল্যের উপর বৎসর শত করা তিন টাকার অনধিক হারে পোলীস রেট ধার্য্য করিতে পারিবেন। কিন্তু জষ্টিসেরা যদি ইচ্ছা করেন, তবে সেই টাক্সের পরিবর্ত্তে কোন ভূমির প্রত্যেক কাঠার উপর ১।০ এক টাকা চারি আনার বার্ষিক রেট অবধারণ করিয়া আদায় করিতে পারিবেন ইতি।

[পোলীস রেট আদায় করিবার নিয়মের কথা।]

১০ ধারা। সকল ঘরের ও কোটার ও ভূমির ও খোলার ঘরের প্রজাদের ঐ রেট চারি সমান ভাগ করিয়া তিনং মাসে দিতে হইবে ইতি।

[Power to assess owners in certain cases.]

XI. If any house or tenement shall be occupied by more than one tenant holding in severality, or shall be of less annual value than one hundred Rupees, it shall be lawful for the Jsutices to assess the owner of such house or tenement, or the owner of the land on which such house or tenement may be situate, and to recover from such owner the rate imposed thereon under this Act.

[স্থলবিশেষে স্বামিদেরর উপর টাক্স বসাইবার ক্ষমতার কথা ।]

১১ ধারা । যদি একের অধিক জন প্রজা পৃথকৎ করার করিয়া একি ঘরে কি বসত বাটীতে বাস করেন, কিম্বা যদি কোন গৃহাদির ভাড়া বৎসরে ১০০৲ টাকার ন্যূন হয়, তবে জষ্টিসেরা সেই ঘরের কি বসত বাটীর স্বামির উপর, অথবা ঐ ঘর কি বসত বাটী যে জমীতে থাকে তৎস্বামির উপর টাক্স বসাইতে সক্ষম হইবেন, এবং এই আইনমতে ঐ গৃহাদির উপর যত টাক্স ধার্য্য হয় তাহা ঐ স্বামির স্থানে আদায় করিতে পারিবেন ইতি ।

[Owner to recover from occupier rates paid by owner.]

XII. Whenever any rate shall be recovered from or paid by any owner of any land, house, or tenement under the provisions of the Section next preceding, it shall be lawful for such owner, if there shall be but one occupying tenant of such land, house, or tenement, to recover from such tenant the entire amount of the rate which shall have been so paid by such owner; and if there shall be more than one occupying tenant of such land, house, or tenement, to recover from each of such tenants, such sum as shall bear to the entire amount of rate which may have been so paid by such owner, the same proportion as the value of the portion of such land, house, or tenement in the occcupation of such tenant bears to the entire value of such land, house, or tenement.

[স্বামী রেট দিলে প্রজার স্থানে তাঁহার আদায় করিবার কথা ।]

১২ ধারা । ইহার পূর্ব্ব ধারার বিধানমতে যদি ভূমির কি ঘরের কি বসত বাটীর স্বামির স্থানে রেট আদায় করা যায়, কিম্বা যদি স্বামী তাহা দিয়া থাকেন, তবে সেই ভূমিতে কি ঘরে কি বসত বাটীতে কেবল এক জন প্রজা থাকিলে, স্বামী যত টাকা রেট দিয়াছেন তৎসমুদয় ঐ প্রজার স্থানে আদায় করিতে পারিবেন । যদি ঐ ভূমিতে কি ঘরে কি বসত বাটীতে অধিক প্রজা থাকেন, তবে ঐ ভূমির কি ঘরের কি বসত বাটীর যে অংশে যে প্রজা বাস করিয়া যত টাকা ভাড়া দিয়া থাকেন, স্বামী তদনুসারে হিসাব করিয়া আপনার দত্ত সমুদয় টাকা তাঁহাদের স্থানে হারহারীমতে আদায় করিতে পারিবেন ইতি ।

[Owner for recovering rates to have same power as for recovering rent.]

XIII. Every owner who, under the provisions of the Section next preceding, may be entitled to recover any sum from any occupying tenant of any land, house, or tenement or of any portion thereof, shall have for the recovery of such sum all such and the same remedies, powers, rights, and authorities as if such sum were rent payable to such owner by such tenant in respect of so much of such land, house, or tenement as may be in the occupation of such tenant.

[স্বামির ভাড়া আদায় করিবার যে ক্ষমতা, রেট আদায় করিবারও সেই ক্ষমতা থাকার কথা ।]

১৩ ধারা । স্বামী কোন ভূমির কি ঘরের কি বসত বাটীর কি তাহার কোন অংশের কোন প্রজার স্থানে যদি ইহার পূর্ব্ব ধারার বিধানমতে টাকা আদায় করিতে স্বত্ববান হন, তবে সেই ভূম্যাদির কোন অংশের প্রজার স্থানে স্বামির ভাড়া আদায় করিবার যে উপায় ও শক্তি ও স্বত্ব ও ক্ষমতা থাকে, ঐ রেট আদায় করিবারও তাঁহার সেই উপায় ও শক্তি ও স্বত্ব ও ক্ষমতা থাকিবে ইতি ।

[Construction.]

XIV. This Act shall be construed with and as part of the said Act VI of 1863.

[অর্থ করিবার কথা ।]

১৪ ধারা । ১৮৬৩ সালের উক্ত ৬ আইনের সহিত ও তাহার অংশজ্ঞানে এই আইনের অর্থ করিতে হইবে ইতি ।

[Commencement of Act.]

XV. This Act shall commence and take effect from the first day of April 1867.

[এই আইনের প্রারম্ভের কথা ।]

১৫ ধারা । এই আইন ১৮৬৭ সালের আপ্রিল মাসের ১ দিবস অবধি প্রচলিত হইবে ইতি ।

J. PITT KENNEDY,
Asst. Secy. to the Govt. of Bengal,
(Legislative Department.)

জে পিট কেনেডি,
ব্যবস্থাপন কর্ম্মবিভাগে বঙ্গদেশের গবর্ণমেণ্টের
আসিষ্টাণ্ট সেক্রেটারী ।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

[গবর্ণমেণ্ট গেজেট । ১৮৬৭ । ৬ আগষ্ট ।]

CIRCULAR ORDERS OF THE BOARD OF REVENUE, L. P.

JULY 1867.

বঙ্গপ্রভৃতি দেশের রেবিনিউ বোর্ডের সরকুালর অর্ডর।

১৮৬৭ সাল। জুলাই মাস।

No. 1.

The following rule should be added as 8A, at page 118 of the Board's Rules :—

8A.—In all cases in which a public servant of the class eligible for pension is dismissed from his appointment by his superior officer, such officer shall invariably record a proceeding, either in English or in the Vernacular, setting forth fully the grounds of such dismissal. Before final orders are passed in such cases, the explanation of the public servant should be called for, and if such explanation be given verbally, it should be taken down in writing by the superior officer.

১ নম্বর।

বোর্ডের বিধি পুস্তকেরর ১১৮ পৃষ্ঠায় ৮A বলিয়া নিম্ন লিখিত বিধি দিতে হইবে।

৮A। যে শ্রেণীর রাজকীয় কার্য্যকারকেরা পরিণামে পেনস্যন পাইতে পারেন, যদি উপরিস্থ কার্য্যকারক সেই শ্রেণীর কোন কার্য্যকারককে তাহার অবধারিত পদহইতে অপসর করেন, তবে অপসর করিবার হেতু ইঙ্গলণ্ডীয় কি দেশীয় ভাষায় সর্ব্বদাই বিস্তারিতরূপে লিখিয়া সিরিশতার কাগজপত্রের মধ্যে রাখিবেন। তদ্রূপ স্থলে চূড়ান্ত আজ্ঞা হইবার পূর্ব্বে ঐ রাজকীয় কার্য্যকারককে আপন কর্ম্মের হেতুবাদ জানাইতে আজ্ঞা করা যাইবে। যদি তিনি সেই হেতু বাচনিক প্রকাশ করেন, তবে উপরিস্থ কার্য্যকারক তাহা লিখিয়া রাখিবেন।

No. 2.

In connection with Circular Order No. 1 of January 1867, the dates against the returns specified below, should be altered as follows in page 263 :—

XXIV.	*Due 7th July.*
XXV.	,, *20th August.*
XXVI.	,, *20th August.*
XXVIII. } XXIX. }	,, *15th April, at the latest.*
XLI. } XLII. }	,, *1st May.*

২ নম্বর।

বিধি পুস্তকের ২৬৩ পৃষ্ঠায় নিম্নলিখিত রিটর্ণের যে২ তারিখ নিরূপণ হইয়াছে ১৮৬৭ সালের জানুআরি মাসের ১ নম্বরের সরকুালরের উপলক্ষে তাহা নিম্ন লিখিতমতে পরিবর্ত্তন করিতে হইবে। যথা,

২৪ নং	৭ জুলাই তারিখে পঁহুছিবে !
২৫ নং	২০ আগস্ট ,, ,,
২৬ নং	২০ আগস্ট ,, ,,
২৮ নং } ২৯ নং }	আপ্রিল মাসের ১৫ তারিখের পর নয়।
৪১ নং } ৪২ নং }	১ মে।

No. 3.

After the column headed "Assam (generally)" in the revised Table of Rewards for the Destruction of Wild Animals, at page 187 of the Board's Rules, insert a separate column headed "Cossyah and Jynteah Hills," with the following amounts entered opposite to the different headings in the table :-

	Rs. per head.
Tigers	20
Leopards	10
Bears	2½
Hyænas	2
Elephants	10
Rhinoceros	5
Buffaloes	2½
Wolves	...

2. Also, after the word "Wolf," in the 2nd paragraph of the Section, add :—

and in the Cossyah and Jynteah Hills, one-half of the rate for the destruction of a Tiger cub.

৩ নম্বর।

বন্য পশু নষ্ট করিলে যে পুরস্কার দেওয়া গিয়া থাকে তাহার টেবিল বোর্ডের বিধি পুস্তকের ১৮৭ পৃষ্ঠায় প্রকাশ হইয়াছে, তাহার সংশোধন হইয়া "আসাম (সাধারণে)" এই শিরোলিপিযুক্ত আর এক ঘর করা গিয়াছে। এইক্ষণে "কাশিয়া ও জয়ন্তী পর্ব্বত" এই শিরোলিপির আর এক ঘর দিতে হইবে, ও সেই ঘরেতে নিম্ন লিখিত পশু নামের সমান পঁক্তিতে এই২ অঙ্ক লিখিতে হইবে।

	পশুর প্রতি
ব্যাঘ্রের ...	২০৲
চিতাবাঘের ...	১০৲
ভালুকের ...	২৷৷০
নেকড়া বাঘের ..	২৲
হস্তির ..	১০৲
গণ্ডারের ...	৫৲
মহিষের ..	২৷৷০
কেন্দুয়া বাঘ ...	...

২। আরো ঐ অধ্যায়ের দ্বিতীয় ধারার শেষে এই কথা দিতে হইবে, "এবং কাশিয়া ও জয়ন্তী পর্ব্বতে ব্যাঘ্রের বাচ্চা নষ্ট করিলে ধাড়ি নষ্ট করিবার পুরস্কারের অর্দ্ধেক পাওয়া যাইবে।

[*Government Gazette, 6th August* 1867.]

No. 4.

In supersession of the Board's Circular No. 6 of April last, the following amendments have been made to Section I, Chapter XVI, pages 233 and 234 of the Board's Rules, with reference to Act XXVI. of 1867. Two spare copies of the revised Section will be supplied to each officer, one for insertion in the Rules at page 233, and the other for the "Law of Landlord and Tenant," at page 60.

CHAPTER XVI.

THE RENT LAWS.

SECTION I—STAMPS.

1. Plaints in all suits under Sections 23 and 24 of Act X. of 1859, and petitions to deposit rent under Section 5 of Act VI. of 1862, are to be written on paper bearing a Stamp of the amount prescribed in Article 11, Schedule B. of Act XXVI. of 1867, the value or amount of the property claimed being calculated according to the precedents in force for such calculation in regard to Civil suits.

2. Applications under Sections 25, 27, 28 of Act X. of 1859, and Section 9 of Act VI. of 1862, in matters which are to be tried under the rent laws "as suits," are to be deemed plaints until the question be otherwise judicially determined, and are to be treated under the preceding rule.

Applications for the issue of a notice of enhancement under Section 13, for assistance to distrain under Section 119, in regard to resistance to distraint, or removal of distrained property under Section 149 of Act X. of 1859, or for measurement of lands under Section 10 of Act VI. of 1862, must be on an eight anna Stamp under Article 10, as they refer to no suits or cases before the Collector.

Applications other than the first for the summons of witnesses under Section 66, and for the production or filing of exhibits, &c., as well as written statements under Section 87, and all applications under Sections 77, 87, 89, 100, 105, 106, 109, 111, must be on Stamp paper of the value of 1 anna or 8 annas, according as the subject-matter of the suit or case to which they relate, is less or more than 50 Rupees.

4. Petitions of appeal, whether to the Collector, Judge, or High Court, must be on a stamp of the value prescribed in Article 11 of Schedule B.; those under Section 151 of Act X. of 1859, if to the Board of Revenue, on a Stamp of 2 Rupees, under Article 9; if to Commissioners or Collectors,

৪ নম্বর।

বোর্ডের গত আপ্রিল মাসের ৬ নম্বরের সরকুলর রহিত হইয়াছে। ১৮৬৭ সালের ২৬ আইনের উপলক্ষে বোর্ডের বিধি পুস্তকের ২৩৩ ও ২৩৪ পৃষ্ঠাগত ১৬ খণ্ডের ১ অধ্যায় নিম্নলিখিতমতে পরিবর্ত্তন করিতে হইবে। প্রত্যেক কার্য্যকারকের নিকটে সেই সংশোধিত অধ্যায়ের দুই২ প্রস্থ প্রেরণ করা যাইবে। তাহার এক খানি বিধি পুস্তকের ২৩৩ পৃষ্ঠায়, অন্য খানি "ভূম্যধিকারি ও প্রজা বিষয়ক ব্যবস্থা" পুস্তকের ৬০ পৃষ্ঠায় দিতে হইবে।

১৬ খণ্ড।

খাজানার বিধি।

১ অধ্যায়। ইষ্টাম্প।

১। ১৮৫৯ সালের ১০ আইনের ২৩ ও ২৪ ধারামত সকল মোকদ্দমায় যে নালিশের আরজী দেওয়া যায়, এবং ১৮৬২ সালের ৬ আইনের ৫ ধারামতে খাজানা দাখিল করিবার অনুমতির যে দরখাস্ত দেওয়া যায় তাহা ১৮৬৭ সালের ২৬ আইনের B তফসীলের ১১ প্রকরণের অবধারিত মূল্যের ইষ্টাম্প কাগজে লিখিতে হইবে। দেওয়ানী মোকদ্দমা সম্পর্কে মূল্য নিরূপণ করিবার যে নজীর প্রবল আছে, প্রার্থিত সম্পত্তির মূল্য কি টাকা ঐ নজীর অনুসারে নিরূপণ করিতে হইবে।

২। খাজানার আইনঅনুসারে মোকদ্দমার ন্যায় যে বিষয়ের বিচার করিতে হইবে, ১৮৫৯ সালের ১০ আইনের ২৫ ও ২৭ ও ২৮ ধারামতে এবং ১৮৬২ সালের ৬ আইনের ৯ ধারামতে সেই২ বিষয়ে যে প্রার্থনা করা যায়, আদালতে অন্যরূপ নির্ণয় না হওয়া পর্য্যন্ত তাহা নালিশের আরজী জ্ঞান হইবে এবং তাহা লইয়া পূর্ব্ব বিধিমতে কার্য্য হইবে।

১৮৫৯ সালের ১০ আইনের ১৩ ধারামতে খাজানা বৃদ্ধি করণের সম্বাদ প্রচার করিবার যে প্রার্থনা, ও ১১৯ ধারামতে ক্রোক করিবার সাহায্যের নিমিত্তে ও ১৪৯ ধারামতে ক্রোক করিবার বাধা সম্পর্কে, কিম্বা ক্রোক করা সম্পত্তি স্থানান্তর করণ সম্পর্কে যে প্রার্থনা, এবং ১৮৬২ সালের ৬ আইনের ১০ ধারামতে ভূমিমাপ করিবার যে প্রার্থনা করা যায়, তাহা কালেক্টর সাহেবের সম্মুখে উপস্থিত কোন মোকদ্দমা কি বিষয় সংক্রান্ত না হওয়াতে ১০ প্রকরণমতে আটআনার ইষ্টাম্প কাগজে লিখিতে হইবে।

৬৬ ধারামতে সাক্ষিদিগকে আহ্বান করিবার এবং দলীল প্রভৃতি উপস্থিত কি অর্পণ করিবার যে প্রথম প্রার্থনা হয় তদ্ভিন্ন সকল প্রার্থনা পত্র এবং ৮৭ ধারামতে সকল লিখিত বর্ণনা, এবং ৭৭, ৮৭, ৮৯, ১০০, ১০৫, ১০৬, ১০৯, ১১১ ধারামতে যে সকল প্রার্থনাপত্র দেওয়া যায় তাহা যে মোকদ্দমা কি বিবাদ সংক্রান্ত হয়, সেই বিবাদীয় বিষয়ের মূল্য ৫০৲ টাকার ন্যূন হইলে এক আনার, ও ৫০৲ টাকার অধিক হইলে ।৷০ আনার ইষ্টাম্প কাগজে লিখিতে হইবে।

৪। কালেক্টর কি জজ সাহেবের নিকটে কি হাই কোর্টে আপীলের যে দরখাস্ত করা যায় তাহা ১৮৬৭ সালের ২৬ আইনের B তফসীলের ১১ প্রকরণের নির্দ্দিষ্ট মূল্যের ইষ্টাম্প কাগজে, এবং ১৮৫৯ সালের ১০ আইনের ১৫১ ধারামতে যাহা রেবিনিউ বোর্ডে করা যায়, তাহা ৯ প্রকরণমতে ২৲ টাকার ইষ্টাম্প

a Stamp of 8 annas, under Article 8 of Act XXVI. of 1867.

5. In all suits instituted under Act XXVI. of 1867, the value of the claim, calculated according to the rules contained in the Notes A, B, C to Article 11, Schedule B., Act XXVI. of 1867, must be stated at foot of the statement of claim.

6. Petitions, other than those of appeal or those specified in Rule III, will, under the provisions of Article 10 of Schedule B. of Act XXVI. of 1867, bear a Stamp of 8 annas.

7. Copy of any decree, or order having the force of a decree, when passed by the High Court, is chargeable with a Stamp of 4 Rupees; if by any Revenue Court, of 8 annas on a claim of 50 Rupees or less in value, and of 1 Rupee if such amount or value exceeds 50 Rupees, under Article 3 of the Schedule B.

Copy or translation of a judgment or order, not being or having the force of a decree, is chargeable with a Stamp varying from 1 Rupee to 4 annas, under Article 4 of Schedule B.

8. Security bonds in cases under Act X. of 1859, taken under the provisions of Sections 51 and 127, must be on Stamp paper of the value of 8 annas.

9. The written authority to a servant employed in distraint under Section 120, may be on plain paper.

No. 5.

The following alteration has been made in the Board's Rules :—

Clause 3 *of para.* 7, *at page* 114. For "Head Constable," *insert* "Sub-Inspector."

No. 6.

The following is to be added as heading 10 in Register No. 89, at page 227 of the Board's Rules :—

"Date of renewal."

CIRCULAR ORDERS BY THE HIGH COURT OF JUDICATURE AT FORT WILLIAM IN BENGAL.

(Civil Side.)

No. 20.

To all Civil Judges in the Lower Provinces,—(dated Calcutta, 18th July 1867.)

The Court, having experienced much inconvenience from the retention of the records of the

কাগজে, ও কমিশ্যনর কি কালেক্টর সাহেবের নিকট যাহা করা যায় তাহা ৮ প্রকরণমতে ।।০ আট আনার ইষ্টাম্প কাগজে লিখিতে হইবে।

৫। ১৮৬৭ সালের ২৬ আইনমতে যে সকল মোকদ্দমা উপস্থিত করা যায় তাহার দাওয়ার মূল্য ১৮৬৭ সালের ২৬ আইনের B তফসীলের ১১ প্রকরণের A B C মন্তব্য কথার লিখিত বিধিমতে হিসাব করিয়া দাওয়ার বর্ণনা পত্রের তলে লিখিতে হইবে।

৬। আপীলের দরখাস্ত এবং উক্ত ৩ ধারামতে যেং দরখাস্ত নির্দ্দিষ্ট হইয়াছে, তদ্ভিন্ন অন্য সকল দরখাস্ত ১৮৬৭ সালের ২৬ আইনের B তফসীলের ১০ প্রকরণের বিধানমতে আট আনা মূল্যের ইষ্টাম্প কাগজে লিখিতে হইবে।

৭। হাই কোর্ট কর্ত্তৃক কোন ডিক্রী কিম্বা ডিক্রীর তুল্য বলবৎ আজ্ঞা করা গেলে তাহার প্রতিলিপিতে চারি টাকার মূল্যের ইষ্টাম্প লাগিবে। রাজস্ব সংক্রান্ত কোন আদালতকর্ত্তৃক করা গেলে যদি B তফসীলের ৩ প্রকরণমতে ৫০৲ টাকার কি তাহার ন্যূন মূল্যের দাওয়া হয় তবে ।।০ আটআনার যদি ৫০৲ টাকার অধিক কি অধিক মূল্যের দাওয়া হয় তবে ১ টাকার ইষ্টাম্প লাগিবে।

যে বিচার কি আজ্ঞা ডিক্রী নয় কি ডিক্রীর তুল্য বলবৎ নয়, B তফসীলের ৪ প্রকরণমতে তাহার প্রতিলিপিতে কি অনুবাদে ।০ চারি আনা অবধি ১৲ টাকা পর্য্যন্ত ইষ্টাম্প লাগিবে।

৮। ১৮৫৯ সালের ১০ আইনমত মোকদ্দমায়, ৫১ ও ১২৭ ধারার বিধানমতে যে জামিনীপত্র লওয়া যায় তাহা ।।০ আটআনা মূল্যের ইষ্টাম্প কাগজে লিখিতে হইবে।

৯। ১২০ ধারামতে ক্রোক করিবার কার্য্যে চাকর নিযুক্ত করা গেলে, তাহাকে যে ক্ষমতাপত্র দেওয়া গিয়া থাকে তাহা শাদা কাগজে লিখিতে হইবে।

৫ নম্বর।

বোর্ডের বিধির নিম্নরূপ পরিবর্ত্তন হইয়াছে।

বিধিপুস্তকের ১১৪ পৃষ্ঠার ৭ ধারার ৩ প্রকরণে, "হেড কনস্টাবল" এই শব্দের পরিবর্ত্তে "সব-ইনস্পেকটর" শব্দ দিতে হইবে।

৬ নম্বর।

বোর্ডের বিধিপুস্তকের ২২৭ পৃষ্ঠায় ৮৯ নং রেজিস্টরের ১০ ঘর করিয়া এই শিরোলিপি দিতে হইবে,

" নূতন করিবার তারিখ

JOHN ROBINSON, *Bengalee Translator.*

বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্টের সরক্যুলর অর্ডর।

দেওয়ানী পক্ষ

২০ নম্বর।

বঙ্গপ্রভৃতি দেশের সকল দেওয়ানী বিচারকর্ত্তা সমীপেষু।

কলিকাতা ১৮৬৭ সাল ১৮ জুলাই।

১৮৫৯ সালের ৮ আইন প্রচারিত হইবার পূর্ব্বে আপীল হওয়া প্রযুক্ত অধঃস্থ আদালতের যে সকল

Lower Courts called up in appeal prior to the promulgation of Act VIII. of 1859, have resolved to return such records to the Zillah Courts to which they belong.

2. All Zillah Judges are requested, immediately on such records reaching their office, to cause a notice to be hung up in their own Court-houses and in those of the subordinate Courts of the district, containing a list of the number and names of the parties to the cases with which they are connected, and notifying to the parties concerned that, unless they apply within three months from the date of such notice for the return of any documents or exhibits, &c., that they may have filed in their cases, applications for the return of such documents or exhibits, &c., will not be attended to afterwards, as the records will be destroyed.

3. The Judges will then, after the expiry of the time allowed for the presentation of applications for the return of such documents or exhibits, &c., proceed to destroy the records or parts of them in accordance with the existing rules.

By order, &c.,
(Sd.) C. D. FIELD,
Offg. Registrar.

কাগজপত্র তলব হইয়াছিল তাহা জমা হওয়াতে হাই কোর্টের অত্যন্ত ক্লেশ হইয়াছে। এই কারণে ঐ সকল কাগজপত্র যে২ জিলার আদালতের হয় তাঁহারা তথায় ফিরিয়া পাঠাইতে স্থির করিয়াছেন।

২। জিলার সকল জজ সাহেবকে আদেশ করা যাইতেছে যে, তাঁহারদের কার্য্যালয়ে সেই কাগজপত্র পঁহুছিলে, ঐ কাগজপত্র যে২ মোকদ্দমাসংক্রান্ত হয়, সেই২ মোকদ্দমার নম্বর ও উভয় পক্ষের নামের এক নির্ঘণ্ট করিয়া আপনারদের আদালত ঘরে এবং জিলার অন্তর্গত অধীন আদালতে জ্ঞাপনপত্রে প্রকাশ পূর্ব্বক এই সম্বাদ দিবেন যে, সেই২ মোকদ্দমায় যাঁহারদের সম্পর্ক থাকে, তাঁহারা আপন২ মোকদ্দমায় যে দলীল দস্তাবেজপ্রভৃতি অর্পণ করিয়াছিলেন, ঐ জ্ঞাপনপত্র প্রকাশ হইবার তারিখের পর তিন মাসের মধ্যে তাহা ফিরিয়া পাইবার প্রার্থনা করেন। তাহার পর ঐ দলীল দস্তাবেজপ্রভৃতি নষ্ট করা যাইবে, সুতরাং তখন তাহা পাইবার প্রার্থনা গ্রাহ্য হইবে না।

৩। ঐ দলীল দস্তাবেজপ্রভৃতি ফিরিয়া দিবার প্রার্থনা উপস্থিত করিবার যে সময় দেওয়া গেল সেই সময় অতীত হইলে, জজ সাহেবেরা বর্ত্তমান রীত্যনুসারে সেই কাগজপত্র কিম্বা তাহার কোন অংশ নষ্ট করিতে প্রবর্ত্ত হইবেন।

আজ্ঞাক্রমে,
সি ডি ফিল্ড,
একটিং রেজিষ্ট্রার

No. 21.

To the Civil Authorities in the Lower Provinces,—(dated Calcutta, 18th July 1867.)

I AM desired to inform you that the Government of Bengal* has been pleased to exempt Syud Humayoon Kudi Mahomed Ali Mirza, the third son of the Nawab Nazim of Moorshedabad, from personal attendance in the Civil Courts under the provisions of Section 22, Act VIII. of 1859.

By Order, &c.,
(Sd.) C. D. FIELD,
Offg. Registrar.

২১ নম্বর।

বঙ্গপ্রভৃতি দেশের দেওয়ানী কর্তৃপক্ষ সমীপেষু।

কলিকাতা ১৮৬৭ সাল ১৮ জুলাই।

আজ্ঞাক্রমে তোমাকে জ্ঞাত করিতেছি যে, ১৮৫৯ সালের ৮ আইনের ২২ ধারার বিধানমতে বঙ্গদেশের গবর্ণমেণ্ট* মুরশিদাবাদের নবাব নাজিমের তৃতীয় পুত্র শ্রীযুত সৈয়দ হুমায়ূন কদী মহম্মদ আলি মিরজাকে দেওয়ানী আদালতে স্বয়ং গমনহইতে নিষ্কৃতি দিয়াছেন।

আজ্ঞাক্রমে,
সি ডি ফিল্ড,
একটিং রেজিষ্ট্রার

(Criminal Side.)

No. 6.

To all Criminal Authorities in the Lower and Extra Regulation Provinces,—(dated Calcutta, 18th July 1867.)

THE Court are pleased to cancel their Circular Orders—

No. 6, dated 11th March 1863
„ 16 „ 16th June „
„ 5 „ 28th March 1866

and to issue the following instructions which are to be observed in framing charges under the Indian Penal Code.

ফৌজদারী পক্ষ।

৬ নম্বর।

বঙ্গপ্রভৃতি দেশের ও আইন বহির্ভূত প্রদেশের ফৌজদারী সকল কর্তৃপক্ষ সমীপেষু।

কলিকাতা ১৮৬৭ সাল ১৮ জুলাই।

হাই কোর্টের সাহেবেরা আপনারদের নিম্নলিখিত সরকুলর রহিত করিয়াছেন, বিশেষতঃ

১৮৬৩ সালের মার্চ মাসের ১১ তারিখের ৬ নম্বর।
ঐ জুন ঐ ১৬ ঐ ১৬ ঐ
১৮৬৬ সালের মার্চ ঐ ২৮ ঐ ৫ ঐ

এবং নিম্নলিখিত উপদেশ প্রচার করিয়াছেন ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনমতে অভিযোগপত্র প্রস্তুত করণ সময়ে ঐ উপদেশ মানিতে হইবে।

* *Vide* Government letter No. 4173, dated 6th July 1867.

* গবর্ণমেণ্টের ১৮৬৭ সালের জুলাই মাসের ৬ ত রিখের ৪১৭৩ নম্বরের পত্র দেখ।

2. In drawing up charges for offences falling under any of the Sections of the Indian Penal Code, which contain special exceptions, the provisions of Section 237 of the Code of Criminal Procedure must be strictly attended to, except when the charge is for—

- (a.) Murder (punishable under Section 302 of the Penal Code), or
- (b.) Culpable homicide not amounting to murder (punishable under Section 304 of the Penal Code), or
- (c.) Voluntarily causing grievous hurt (punishable under Section 325 of the Penal Code).

3. In drawing up charges for murder, the form given in Section 243 of the Criminal Procedure Code is to be followed : and in drawing up charges for culpable homicide not amounting to murder, the form given in Section 239 and in drawing up charges for voluntarily causing grievous hurt, the form given in Section 239 of that Code.

4. In cases where exceptions (of which provocation is an instance) are negatived, it is not necessary to negative provisoes which can exist only where the exceptions exist.

By order, &c.,
(Sd.) C. D. FIELD,
Offg. Registrar.

২। ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের যেং ধারাতে বিশেষ বর্জ্জনীয় কথা থাকে, তন্মধ্য কোন ধারার অধীনে যে অপরাধ আইসে সেই অপরাধের অভিযোগপত্র লিখিতে হইলে, ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের ২৩৭ ধারার বিধান অতি দৃঢ় মতে মানিতে হইবে। কিন্তু যদি

(ক) (দণ্ডবিধির আইনের ৩০২ ধারামত দণ্ডনীয়) জ্ঞানকৃত বধাপরাধের, কিম্বা

(খ) (দণ্ডবিধির আইনের ৩০৪ ধারামত দণ্ডনীয়) জ্ঞানকৃত বধাপরাধের তুল্য নয় এমত অপরাধযুক্ত হত্যাপরাধের, কিম্বা

(গ) (দণ্ডবিধির আইনের ৩২৫ ধারামত দণ্ডনীয়) ইচ্ছাপূর্ব্বক গুরুতর পীড়া জন্মাওন অপরাধের সেই অভিযোগ হয়, তবে সেই স্থলে সেই ২৩৭ ধারা প্রবল হইবে না।

৩। জ্ঞানকৃত বধাপরাধের অভিযোগপত্র লিখন সময়ে ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের ২৪৩ ধারার নির্দ্দিষ্ট পাঠ মানিতে হইবে। অপরাধ যুক্ত যে নরহত্যা জ্ঞানকৃতবধের তুল্য নয় তাহার অভিযোগপত্র লিখনে ২৩৯ ধারার নির্দ্দিষ্ট পাঠ ধরিতে হইবে, এবং ইচ্ছাপূর্ব্বক গুরুতর পীড়া জন্মাওনাপরাধের অভিযোগ লিখনে ঐ আইনের ২৩৯ ধারার নির্দ্দিষ্ট পাঠ ধরিতে হইবে।

৪। তদ্রূপ স্থলে রাগ জন্মানপ্রভৃতি বর্জ্জনীয় বিষয় উল্লেখ হইলে যদি অগ্রাহ্য করা যায়, তবে বর্জ্জনীয় বিষয় না থাকিলে যে উপবিধি প্রবল হইতে না পারে সেই উপবিধি অগ্রাহ্য করা অনাবশ্যক

সি ডি ফীল্ড,
একটিং রেজিষ্ট্রার।

No. 7.

To all Criminal Authorities in the Lower and Extra Regulation Provinces,—(dated Calcutta, 18th July 1867.)

IN modification of Circular No. 1, dated the 12th February last, the Court are pleased to issue the following instructions for the guidance of Criminal Authorities.

2. The High Court of Judicature hereby declares that the Circular Order No. 1, dated 12th February 1867, is not to be taken as applying to cases in which, upon the preliminary enquiry relating to an offence exclusively triable by a Court of Session, the question arises whether the accused, at the time when he did the act with which he is charged, was of unsound mind. In respect of such cases, the following separate instructions are issued, and this Circular is to be read with the Circular Order cited.

3. Section 226, Code Criminal Procedure, does not positively require the commitment of the accused in such cases, because it cannot be said that, where it clearly appears that the accused was of unsound mind at the time of committing the act in question, the evidence appears to be sufficient for conviction. This Section, however, does

৭ নম্বর

বঙ্গপ্রভৃতি দেশের এবং আইনবহির্ভূত প্রদেশের
ফৌজদারী সকল কর্ত্তৃপক্ষ সমীপেষু।

কলিকাতা। ১৮৬৭ সাল ১৮ জুলাই।

হাই কোর্টের সাহেবেরা গত ফেব্রুআরি মাসের ১২ তারিখের ১ নম্বরের সরকুলর মতান্তর করিয়া ফৌজদারী কর্ত্তৃপক্ষদের কার্য্যদর্শাওনার্থে নিম্নলিখিত উপদেশ প্রচার করিতেছেন।

২। যে অপরাধ কেবল সেশন আদালতের বিচার্য্য, সেই অপরাধ সম্পর্কে প্রথমস্থলীয় অনুসন্ধান হইবার সময়ে অভিযুক্ত ব্যক্তির নামে যে ক্রিয়ার অভিযোগ হয় যদি সেই ক্রিয়া করণ সময়ে সে প্রকৃতিস্থ মনা ছিল কি না এই প্রশ্ন উত্থাপিত হয়, তবে সেই স্থলে ১৮৬৭ সালের ফেব্রুআরি মাসের ১২ তারিখের ১ নং সরকুলর বর্ত্তে না, হাই কোর্টের সাহেবেরা ইহা জ্ঞাত করিতেছেন। তদ্রূপ স্থলের উপলক্ষে নিম্নলিখিত স্বতন্ত্র উপদেশ প্রচার করা যাইতেছে ও পূর্ব্বোক্ত সরকুলরের সহিত এই সরকুলর পাঠ্য।

৩। তদ্রূপ স্থলে ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের ২২৬ ধারাতে অভিযুক্ত ব্যক্তিকে সমর্পণ করিবার স্থির আজ্ঞা নাই। যেহেতুক কথিত ক্রিয়া করণ কালে অভিযুক্ত ব্যক্তি অপ্রকৃতিস্থ মনা ছিল ইহা যদি স্পষ্ট প্রকাশ করা যায়, তবে তাহার অপরাধ নির্ণয় করিবার পর্য্যাপ্ত প্রমাণ আছে ইহা বলা যায় না। কিন্তু সেই অভিযুক্ত ব্যক্তি অন্য কোন মোকদ্দ-

not provide that the accused shall not be committed in any other case.

4. Section 225 provides for the discharge of the prisoner when a Magistrate finds that there are nor *sufficient grounds for committing him to take his trial*, and in cases which fall under the other general exceptions of the Penal Code, there clearly would be no grounds for committing the accused, because, on proof of the facts, he would be entitled to an acquittal and release.

5. But in the particular case under consideration, it is otherwise, for when a person accused is acquitted on the ground of insanity, the Jury or Court is to find specially whether he committed the act or not, and if he be found to have committed it, he is to be kept in safe custody (Sections 393 and 394, Code Criminal Procedure). There are, therefore, good grounds for committing such person for trial, and his discharge is not directed by the 226th Section.

6. Commitment, therefore, seems discretional with the Magistrates in such cases, and, in the opinion of the Court, there can be no doubt as to the propriety of committing the accused, in order to the taking of proceedings under Sections 393 and 394 of the Code of Criminal Procedure.

By order, &c.,
(Sd.) C. D. FIELD,
Offg. Registrar.

মায় যে সমর্পিত হইবে না, এই ধারার এমত বিধান নাই।

৪। অভিযুক্ত ব্যক্তিকে বিচারার্থে সমর্পণ করিবার পর্য্যাপ্ত হেতু না থাকিলে ২২৫ ধারাতে মাজিষ্ট্রেট সাহেবকর্তৃক তাহার মুক্ত হইবার বিধান আছে। যে স্থলে দণ্ডবিধির আইনের অন্য সাধারণ বর্জ্জনীয় কথা থাকে সেই স্থলে অভিযুক্ত ব্যক্তিকে সমর্পণ করিবার কোন হেতু হয় না, ইহা স্পষ্ট, যেহেতুক বৃত্তান্তের প্রমাণ হইলেই সে ব্যক্তি নির্দ্দোষী ও মুক্ত হইবার যোগ্য হইবে।

৫। কিন্তু বিশেষ যে বিষয় বিবেচনাধীন আছে তাহা অন্যরূপ। যদি অপ্রকৃতিস্থ হওয়াপ্রযুক্ত অভিযুক্ত ব্যক্তিকে নির্দ্দোষ করা যায়, তবে ঐ কথিত ক্রিয়া করিয়াছে কি না, জুরির কি আদালতের এই বিষয় বিশেষমতে নির্ণয় করিতে হইবে। সে ঐ ক্রিয়া করিয়াছে ইহা যদি প্রকাশ হইয়া থাকে, তবে তাহাকে নির্ব্বিঘ্নে সতর্কতায় রাখিতে হইবে। (ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের ৩৯৩ ও ৩৮৪ ধারা) অতএব সেই ব্যক্তিকে বিচারার্থে সমর্পণ করিবার বিশিষ্ট হেতু আছে ও ২২৬ ধারাতে তাহার মুক্ত হইবার আজ্ঞা নাই।

৬। তদ্রূপ স্থলে দৃষ্ট হইতেছে যে মাজিষ্ট্রেট সাহেবেরা স্বীয় বিবেচনামতে সমর্পণ করিতে কি না করিতে সক্ষম হন। এবং ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের ৩৯৩ ও ৩৯৪ ধারামতে কার্য্য করণাভিপ্রায়ে অভিযুক্ত ব্যক্তিকে সমর্পণ করা উচিত, এতদ্বিষয়ে হাই কোর্টের বিবেচনায় সন্দেহমাত্র নাই।

সি ডি ফিল্ড।
রেজিষ্ট্রার।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

HOME DEPARTMENT.

NOTIFICATION.

Simla, the 24th July 1867.

No. 2685.

WITH reference to Notification No. 4180, dated the 23rd April last, the following Despatch from Her Majesty's Secretary of State for India, No. 73, dated the 14th June, is published for general information:—

PUBLIC. INDIA OFFICE;
No. 73. *London, the 14th June* 1867.

To His Excellency the Right Hon'ble the Governor General of India in Council.

SIR,—With reference to your letter of the 23rd of April last, No. 74, I have to inform you that Her Majesty has been graciously pleased to approve the appointment of the Hon'ble William Grey to be Lieutenant-Governor of the Bengal Division of the Presidency of Fort William.

I have, &c.,
(Sd.) STAFFORD H. NORTHCOTE.

E. C. BAYLEY,
Secy. to the Govt. of India.

হোম ডিপার্টমেণ্ট।

বিজ্ঞাপন।

সিমলা ১৮৬৭ সাল ২৪ জুলাই।

২৬৮৫ নম্বর।

গত আপ্রিল মাসের ২৩ তারিখের ৪১৮০ নং বিজ্ঞাপনোপলক্ষে ভারতবর্ষের পক্ষ শ্রীশ্রীমতী মহারাণীর শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেব গত জুন মাসের ১৪ তারিখে ৭৩ নম্বরের নিম্ন লিখিত যে পত্র পাঠান তাহা সর্ব্ব সাধারণের জ্ঞানার্থে প্রকাশ করা যাইতেছে।

রাজসংক্রান্ত। ইণ্ডিয়া আফিস।
৭৩ নম্বর। লণ্ডন ১৮৬৭ সাল ১৪ জুন।

মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের মহিমবর শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব সমীপেষু।

আপনকার গত আপ্রিল মাসের ২৩ তারিখের ৭৪ নম্বরের পত্রোপলক্ষে আপনাকে জ্ঞাত করিতেছি যে শ্রীশ্রীমতী মহারাণী ফোর্ট উলিয়ম প্রেসিডেন্সীর অন্তর্গত বঙ্গদেশের লেপ্টেনেন্ট গবরর্ণরের পদে মান্যবর শ্রীযুত উলিয়ম গ্রে সাহেবের নিয়োগ অনুমোদন করিয়াছেন।

ষ্টাফর্ড এচ নর্থকোট
ই সি বেলি।
ভারতবর্ষের গবর্ণমেন্টের সেক্রেটারী

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৬৭। ৬ আগষ্ট।]

FOREIGN DEPARTMENT.

NOTIFICATION.

The 23rd July 1867.

No. 724.

In recognition of the many public acts of liberality, especially in connection with the recent famine in Bengal, displayed by Baboo Lutchmeeput Sing Doogur, of Baloochur in the District of Moorshedabad, the Right Hon'ble the Viceroy and Governor General in Council is pleased to confer upon him the title of "Rai Bahadoor" as a personal distinction.

W. MUIR,
Foreign Secretary.

ফরিন্ ডিপার্টমেণ্ট।

বিজ্ঞাপন।

১৮৬৭ সাল ২৩ জুলাই।

৭২৪ নম্বর।

মুরশিদাবাদ জিলার অন্তর্গত বালুচরের শ্রীযুত লক্ষ্মীপৎ সিংহ দুগড় সাধারণের হিতজনক বহু কার্য্য, বিশেষতঃ বঙ্গদেশের বিগত দুর্ভিক্ষকালীন বদান্যতার কার্য্য করিয়াছেন, মন্ত্রিসভাধিষ্ঠিত মহিমবর শ্রীযুত রাজপ্রতিনিধি ও গবর্ণর জেনরল সাহেব তাহা অবগত হইয়া তাঁহার সম্মানার্থে "রায় বাহাদুর উপাধি প্রদান করিলেন।

ডবলিউ ম্যুর,
ফরিন্ সেক্রেটারী।

FINANCIAL DEPARTMENT.

NOTIFICATIONS.

Simla, the 23rd July 1867.

No. 1594.

Lieutenant-Colonel J. A. Ballard, C. B., R. E., Officiating Mint Master and Head Commissioner of Paper Currency, Calcutta, is allowed privilege leave for three months in addition to the usual time for rejoining his substantive office of Mint Master and Commissioner of Paper Currency in Bombay.

Surgeon-Major J. F. Shekleton, A. B., M. B., Assay Master of the Calcutta Mint, is appointed to officiate for Lieutenant-Colonel H. Hyde as Mint Master and Head Commissioner of Paper Currency, Calcutta, from the date of Lieutenant-Colonel Ballard's departure on privilege leave.

Surgeon H. W. Graham, Deputy Assay Master of the Calcutta Mint, is appointed to officiate for Dr. Shekleton as Assay Master.

ফিনান্সিয়ল ডিপার্টমেণ্ট।

বিজ্ঞাপন।

সিমলা ১৮৬৭ সাল ২৩ জুলাই

১৫৯৪ নম্বর।

কলিকাতার একটিংমিণ্ট মাষ্টর ও পেপরকরেন্সীর প্রধান কমিস্যনর লেপ্টেনেণ্ট কর্ণেল শ্রীযুত জে এ বালার্ড সাহেব সি, বি, আর, ই, স্বীয় মিণ্ট মাষ্টরের ও বোম্বাইস্থ পেপর করেন্সীর কমিস্যনরী কর্ম্ম পুনগ্রহণ করিতে যত সময় লাগে তদতিরিক্ত তিন মাস অনুগ্রহের ছুটী পাইয়াছেন।

লেপ্টেনেণ্ট কর্ণেল শ্রীযুত বালার্ড সাহেবের অনুগ্রহের ছুটীপ্রযুক্ত গমনের তারিখ অবধি কলিকাতার মিণ্টের আসে মাষ্টর সর্জ্জন মেজর শ্রীযুত জে এফ শেকলটন সাহেব এ, বি, এম, বি, কলিকাতার মিণ্ট মাষ্টর ও পেপর করেন্সীর প্রধান কমিস্যনর লেপ্টেনেণ্ট কর্ণেল শ্রীযুত এচ হাইড সাহেবের কর্ম্ম করিবেন।

কলিকাতার টাকশালের ডেপুটী আসে মাষ্টর সর্জ্জন শ্রীযুত এচ ডবলিউ গ্রেহাম সাহেব আসে মাষ্টর ডাক্তর শেকলটন সাহেবের কর্ম্ম করিবেন।

The 26th July 1867.

No. 1679.

Read the following Despatch from Her Majesty's Secretary of State for India :—

FINANCIAL. No. 221.

INDIA OFFICE; *London, the 14th June* 1867.

To His Excellency the Right Hon'ble the Governor General of India in Council.

SIR,—*Para.* 1. I have received your Financial (Separate Revenue) letter dated the 20th April last, No. 12, forwarding memorials from inhabitants of the town of Calcutta exercising trades

১৮৬৭ সাল ২৬ জুলাই।

১৬৭৯ নম্বর।

শ্রীশ্রীমতী মহারাণীর ভারতবর্ষের পক্ষ ষ্টেট সেক্রে-সাহেবের নিম্নলিখিত পত্র পাঠ করা গেল।

ইণ্ডিয়া আফিস।
লণ্ডন ১৮৬৭ সাল ১৪ জুন।

ফিনান্সিয়ল।
২২১ নম্বর।

মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের মহিমবর শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব সমীপেষু।

ভারতবর্ষের লাইসেন্স টাক্স ধার্য্যকরণ সম্বন্ধে কলিকাতাবাসি বাণিজ্য ব্যবসাকারি লোকদের ও কলিকাতার বাণিজ্য সভার স্মারক লিপিসহ প্রেরিত আপনকার গত আপ্রিল মাসের ২০ তারিখের ১২

and professions, and from the Calcutta Trades' Association, relative to the imposition of the License Tax in India.

শ্রীযুত বাবু রামচন্দ্র ভূমিক শেরাজগঞ্জের দাতব্য ঔষধালয়ের কর্ম্মসম্পাদনার্থ কমিটীর এক জন মেম্বর হইবেন।

তৃতীয় শ্রেণীর সব-আসিষ্টান্ট চিকিৎসক শ্রীযুত নীলমণি চৌধুরী দারজিলিঙ্গের টীকাদান কর্ম্ম বিভাগে নিযুক্ত হইয়াছেন।

পাদরী শ্রীযুত জে গ্রীনফিলড সাহেব মজফরপুরের সাধারণ বিদ্যাধ্যাপনীয় কমিটীর সেক্রেটারী হইবেন।

১৮৬৭ সাল ৫ আগস্ট।

রাজশাহীর জাইণ্ট মাজিষ্ট্রেট আপন পদোপলক্ষে প্রসন্ননাথ রায় ফণ্ড কমিটীর মেম্বর হন।

১৮৬৭ সাল ৬ আগস্ট।

ইষ্ট ইণ্ডিয়া রেলয়ের যে অংশ বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের শাসনাধীন দেশের অন্তর্গত কাপ্তান শ্রীযুত কিউ ডি পার্সন্স সাহেব সেই অংশের পোলীসের আসিষ্টান্ট ইনিস্পেক্‌টর জেনরল হইবেন।

হাবড়ার মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্‌টর শ্রীযুত এল আর টটনহাম সাহেব ১৮৫৯ সালের ১০ আইন ও ১৮৬২ সালের ৬ আইনমতের মোকদ্দমার আপীল শ্রবণ ও বিচার করণার্থে ১৮৬৭ সালের বঙ্গদেশীয় ৪ আইনের ৫ ধারামতে জিলার কালেক্‌টরের ক্ষমতাক্রমে কর্ম্ম করণার্থে নিযুক্ত হইলেন

গত আপ্রিল মাসের ৮ তারিখ অবধি উক্ত নিয়োগ প্রবল হইবে, যেহেতু শ্রীযুত টটনহাম সাহেব ঐ তারিখে হাবড়ার মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্‌টরের কর্ম্মের ভার গ্রহণ করেন।

ছুটী।

১৮৬৭ সাল ৩১ জুলাই।

ভাগলপুরের পোলীসের ডিষ্ট্রিক্‌ট সুপরিন্টেণ্ডেণ্ট মেজর শ্রীযুত এ ফ্রান্সিস সাহেব চিকিৎসকের সার্টিফিকটক্রমে ফিনান্সিয়ল ডিপার্টমেণ্টের ১৮৫৬ সালের ফেব্রুআরি মাসের ২২ তারিখের নির্দ্ধারণমতে গত মাসের ৩০ তারিখ অবধি আগামি নবেম্বর মাসের ১৫ তারিখ পর্য্যন্ত অতিরিক্ত ছুটী পাইয়াছেন।

১৮৬৭ সাল ৫ আগস্ট।

২৪ পরগনার সদর আমীন শ্রীযুত বাবু শ্যামধন মুখোপাধ্যায় অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৬ ধারামতে গত মাসের ১৬ তারিখ অবধি তিন সপ্তাহের ছুটী পাইয়াছেন।

সদর আমীনের অনুপস্থানকালে ২৪ পরগনার অতিরিক্ত মুনসেফ তাঁহার কর্ম্মের ভার প্রাপ্ত থাকিবেন।

বিজ্ঞাপন।

১৮৬৭ সাল ২ আগস্ট।

নিম্নলিখিত কার্য্যকারকেরা মধ্য প্রদেশের প্রধান কমিসানর সাহেবের আজ্ঞাধীনে নিযুক্ত হইয়াছেন।

তৃতীয় শ্রেণীর সব-আসিষ্টান্ট চিকিৎসক শ্রীযুত নন্দলাল ঘোষ।

তৃতীয় শ্রেণীর সব-আসিষ্টান্ট চিকিৎসক শ্রীযুত গোপালচন্দ্র রায়।

The services of the Third Grade Sub-Assistant Surgeon Woomesh Chunder Roy, a Supernumerary at the Presidency, are placed at the disposal of the Chief Commissioner of Oude, with a view to his being appointed to the charge of a Dispensary in that Province.

The 5th August 1867.

The services of the Third Grade Sub-Assistant Surgeon Nobin Chunder Chuckerbutty, a Supernumerary at the Presidency, are placed at the disposal of the Government of the North-Western Provinces, with a view to his being appointed to the Dispensary at Nynee Tal.

NOTIFICATION.

The 31st July 1867.

The following Rule to be added to the Rules for conducting the Examination of applicants for admission as Pleaders or Mooktears in the Mofussil Courts subordinate to the High Court of Judicature at Fort William in Bengal, has been approved by the Lieutenant-Governor of Bengal, and is published for general information :—

Additional Rule to be inserted as 7 A. ; 23 A. ; and 35 A.

Three hours shall be the time allowed for answering each paper of questions, and no more than two of such papers shall be given out on any one day.

NOTIFICATION.

The 1st August 1867.

It is hereby notified that the Union of Busseerhaut, in the District of 24-Pergunnahs, formed under Act XX. of 1856, (*vide* Government Notification dated 31st May 1861 published in the *Calcutta Gazette* of the 15th June 1861, page 1616,) is revised and sub-divided into two Unions, eerhaut and Taki, as noted below :—

Busseerhaut Union	*Taki Union.*
Busserhaut.	Taki.
Meerzapore.	Soedpore.
Shyepalla.	Jelalpore.
Khurdoballa.	Baokatty.
Hautkholla.	
Jerickpore.	
Bhowanipore.	
Dundeerhaut.	
Tatrah.	
Sungrampore.	
Bhoblah.	

NOTIFICATION.

The 3rd August 1867.

It is hereby notified that the Lieutenant-Governor of Bengal has been pleased to declare the

প্রেসিডেন্সীর অন্তর্গত অতিরিক্ত তৃতীয় শ্রেণীর সব-আসিষ্টান্ট চিকিৎসক শ্রীযুত উমেশচন্দ্র রায় অযোধ্যা প্রদেশের ঔষধালয়ে নিযুক্ত হওনাভিপ্রায়ে অযোধ্যার প্রধান কমিস্যনর সাহেবের আজ্ঞাধীনে নিযুক্ত হইয়াছেন।

১৮৬৭ সাল ৫ আগষ্ট।

প্রেসিডেন্সীর অন্তর্গত অতিরিক্ত তৃতীয় শ্রেণীর সব-অসিষ্টান্ট চিকিৎসক শ্রীযুত নবীনচন্দ্র চক্রবর্ত্তী নাইনাতাল ঔষধালয়ে নিযুক্ত হওনাভিপ্রায়ে উত্তর পশ্চিম দেশের গবর্ণমেন্টের আজ্ঞাধীনে নিযুক্ত হইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৬৭ সাল ৩১ জুলাই।

বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্টের অধীন মফঃসল আদালতে যে ব্যক্তিরা প্লীডর কি মোক্তার স্বরূপ গ্রাহ্য হওনাকাঙ্ক্ষি হন তাঁহাদের পরীক্ষা করিবার জন্যে যে বিধি আছে নিম্নলিখিত বিধি তাহাতে যোগ করণ বিষয়ে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব অনুমোদন করিয়াছেন, অতএব তাহা সর্ব্বসাধারণের জ্ঞানার্থে প্রকাশ করা গেল।

সংযুক্ত বিধি ৭A, ২৩A ও ৩৫A বলিয়া উল্লিখিত হইল।

প্রত্যেক প্রশ্ন পত্রের উত্তর দানার্থ তিন ঘণ্টা কাল দেওয়া যাইবে ও কোন দিন তদ্রূপ দুই পত্রের অধিক দেওয়া যাইবে না।

বিজ্ঞাপন।

১৮৬৭ সাল ১ আগষ্ট।

ইহাতে সংবাদ দেওয়া যাইতেছে যে ১৮৫৬ সালের ২০ আইনমতে কৃত ২৪ পরগনা জিলার অন্তর্গত বশীরহাট সমাহার (গবর্ণমেন্টের ১৮৬১ সালের ৩১ মে তারিখের বিজ্ঞাপন, ১৮৬১ সালের জুন মাসের ১৮ তারিখের বাঙ্গলা গেজেটের ৩৩৩ পৃষ্ঠা দেখ) সংশোধন ও বিভাগ হইয়া বশীরহাট ও টাকি এই দুই সমাহার করা গেল, যথা—

বশীরহাট সমাহার।	টাকী সমাহার।
বশীরহাট।	টাকী।
মৃজাপুর।	সোদপুর।
শাঁইপালা।	জেলালপুর।
খর্দ্দবালা।	বাওকাটী।
হাটখোলা।	
জেরিকপুর।	
ভবানীপুর।	
দণ্ডীর হাট।	
তাতড়া।	
সংগ্রামপুর।	
ভবলা।	

বিজ্ঞাপন।

১৮৬৭ সাল ৩ আগষ্ট।

ইহাতে সংবাদ দেওয়া যাইতেছে যে বঙ্গদেশের ত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব নওয়াখালী জিলা

Ferry between Siddhee Chur and the mainland at Ramnee, in the District of Noakhally, a Public Ferry, under Regulation VI, of 1819.	অন্তর্গত সিদ্ধিচর ও রামনীর মধ্যে যে খেয়া ঘাট আছে তাহা ১৮১৯ সালের ৬ আইনমতে রাজকীয় ঘাট প্রকাশ করিলেন।

NOTIFICATION.

Fort William, the 8th August 1867.

In continuation of the previous Notification of the 16th ultimo, it is hereby notified that the Lieutenant-Governor will—

Leave Sylhet for Shillong on or about the		10th	instant,
Return to Sylhet	,,	16th	,,
,, Dacca	,,	20th	,,
Leave Dacca	,,	21st	,,
,, Serajgunge	,,	24th	,,
and reach Gowalparah	,,	26th	,,

Letters which will reach Sylhet on or before the 16th instant, should be addressed to that place.

Further notice of the Lieutenant-Governor's movements will be given hereafter.

H. L. HARRISON,
Junior Secy. to the Govt. of Bengal.

বিজ্ঞাপন।

ফোর্ট উলিয়ম, ১৮৬৭ সাল ৮ আগষ্ট।

গত মাসের ১৬ তারিখের বিজ্ঞাপনাতিরিক্ত ইহাতে সংবাদ দেওয়া যাইতেছে যে শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব

শ্রীহট্ট হইতে এই মাসের	১০	তারিখ	পর্য্যন্ত	শিলঙ্গে যাত্রা করিবেন।
তথাহইতে	১৬	,,	,,	শ্রীহট্টে প্রত্যাগমন করিবেন।
শ্রীহট্টে হইতে	২০	,,	,,	ঢাকায় প্রত্যাগমন করিবেন।
ঢাকা হইতে	২১	,,	,,	শেরাজগঞ্জে যাত্রা করিবেন।
শেরাজগঞ্জহইতে	২৪	,,	,,	যাত্রা করিয়া
	২৬	,,	,,	গোয়ালপাড়ায় পঁহুছিবেন।

এই মাসের ১৬ তারিখে বা তৎপূর্ব্বে যে সকল পত্রাদি শ্রীহট্টে পঁহুছে তাহা উক্ত স্থানে পাঠাইতে হইবে

শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের ভ্রমণ বিষয়ক অন্য বিজ্ঞাপন ইহার পরে দেওয়া যাইবে।

এচ এল হারিসন।
বঙ্গদেশের গবর্ণমেণ্টের দ্বিতীয় সেক্রেটারী।

PUBLIC WORKS DEPARTMENT.

LOCAL COMMUNICATIONS.

No. 259.

The 6th August 1867.

Declaration under Sections II. and XXXIII. of Act VI. of 1857.

WHEREAS it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken by Government at the public expense, for a public purpose, *viz.*, for a deviation of the existing Cutwa Road to the proposed Kharry Bridge near Kurjuna, in the district of Burdwan, it is hereby declared that strip of land is required of an average breadth of 125 feet and comprising an area of about forty-eight biggahs twelve cottahs and ten chuttacks, more or less, situated in villages Kurjuna and Tharie, and bounded on both sides by the Mal lands of the said villages terminating at two ends in the existing Cutwa Road.

2. This Declaration is made, under the provisions of Act VI. of 1857, to all whom it may concern.

J. DUNDAS, *Lieut., R. E.,*
Asst. Secy. to the Govt. of Bengal,
P. W. D.

পবলিক ওর্কস ডিপার্টমেণ্ট

২৫৯ নম্বর।

স্থানীয় গমনাগমন বিষয়ক।

১৮৬৭ সাল ৬ আগষ্ট।

১৮৫৭ সালের ৬ আইনের ২ ও ৩৩ ধারামতের বিজ্ঞাপন।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব অবগত হইয়াছেন যে রাজকীয় কার্য্যার্থে অর্থাৎ বর্দ্ধমান জিলার অন্তর্গত কর্জনার নিকট প্রস্তাবিত খাড়ি সাঁকোর দিগে কাঁটওয়ার বর্ত্তমান পথ ফিরাইবার নিমিত্তে রাজকীয় অর্থ ব্যয়ে গবর্ণমেণ্টের ভূমি লওয়া আবশ্যক, অতএব সংবাদ দেওয়া যাইতেছে যে পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে কর্জনা ও তারই গ্রামে ন্যূনাধিক ১২৫ ফুট প্রশস্ত অর্থাৎ কালিতে ৪৮৷১২৷১৶ ছটাক পরিমিত ভূমির প্রয়োজন। উক্ত ভূমির উভয় দিকু উক্ত দুই গ্রামের মালের ভূমি ও তাহার শেষ দুই দিগ কাঁটওয়ার বর্ত্তমান পথ।

২। উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক আছে তাঁহাদের জ্ঞানার্থে ১৮৫৭ সালের ৬ আইনের বিধানমতে এই সংবাদ প্রকাশ করা গেল।

জে ডণ্ডাস, লেপ্টেনেণ্ট, আর, ই,
পবলিক ওর্কস ডিপার্টমেণ্টে
বঙ্গদেশের গবর্ণমেণ্টের আসিষ্টাণ্ট সেক্রেটারী

ORDERS OF THE HIGH COURT OF JUDICATURE AT FORT WILLIAM IN BENGAL.

APPOINTMENTS.

The 3rd August 1867.

Baboo Gobind Chowdry, the Sheristadar of the Moonsiff of Hemtabad, in Zillah Dinagepoor, to be placed in charge of the current duties of the Moonsiff's Office.

The 8th August 1867.

The Sheristadar of the Moonsiff of Dhamnuggur, in Zillah Cuttack, to be placed in charge of the current duties of the Moonsiff's Office, from the 4th March to the 2nd June last.

LEAVE OF ABSENCE.

The 9th August 1867.

Baboo Bhagwan Chunder Chuckerbutty, Moonsiff of Futtickcharry, Zillah Chittagong, for fifteen days, under paragraph 16 of the Uncovenanted Absentee Rules.

C. D. FIELD,
Registrar.

HIGH COURT, &c.
The 10th August 1867.

বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্টের আজ্ঞা।

নিয়োগ।

১৮৬৭ সাল ৩ আগষ্ট।

দিনাজপুর জিলার অন্তর্গত হেমতাবাদের মুনসেফের শিরিস্তাদার শ্রীযুত বাবু গোবিন্দ চৌধুরী মুনসেফের কার্য্যালয়ের চলিত কর্ম্মে ভারপ্রাপ্ত হইবেন।

১৮৬৭ সাল ৮ আগষ্ট।

কটক জিলার অন্তর্গত ধামনগরের মুনসেফের শিরিস্তাদার গত মার্চ মাসের ৪ তারিখ অবধি জুন মাসের ২ তারিখ পর্য্যন্ত মুনসেফের কার্য্যালয়ের চলিত কর্ম্মের ভার প্রাপ্ত ছিলেন।

ছুটী।

১৮৬৭ সাল ৯ আগষ্ট।

চট্টগ্রাম জিলার ফটিকচেরির মুনসেফ শ্রীযুত বাবু ভগবানচন্দ্র চক্রবর্ত্তী অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৬ ধারামতে পনের দিনের ছুটী পাইয়াছেন।

সি ডি ফিল্ড,
একটিং রেজিষ্ট্র

হাই কোর্ট।
১৮৬৭ সাল ১০ আগষ্ট

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৭। ১৩ আগষ্ট।]

LAND ADVERTISEMENTS.

ভূমিবিষয়ক ইশ্‌তিহার।

জিলা দারজিলিং।

এস্তাহারনামা কাছারি কালেক্টরি জিলা দারজিলিং।

ইহার দ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে জিলা দারজিলিঙ্গাধীন লাখেরাজ হওয়া নিম্নলিখিত মহালের মূল্যের আসল টাকার সুদ বাকী থাকাসূত্রে ঐ ঐ মহাল পতিত ভূমি বিক্রয় হওয়া বিধির ১৫ ধারাক্রমে চলিত সনের আগামি ২৫সা আগস্ট মোতাবেক সন ১২৭৪ সালের ৩১সা শ্রাবণ তারিখে বেলা ঠিক দুই প্রহর সময় অত্র জিলার কালেক্টরি কাছারিতে নীলামে ধরা যাইবেক এবং বিনা বাধাতে নীলাম হইবেক ইতি।

১	২	৩	৪	৫	৬
তৌজির নম্বর।	অধিকারির নাম।	পরগনা ও মৌজা ও মহালের নাম অথবা স্থান যে স্থানে মহাল আছে।	ভূমির পরিমাণ।	সুদের দরুণ পাওনা টাকার সংখ্যা।	আসল মূল্যের মধ্যে বক্রি মূল্য।
৫	মেং টমস, ওয়েন	পং মৌং দারজিলিং সলিম	২২৬ একর	২১৩৬৸৴০	২১১৫৷৴৪
৪৪	ঐ ঐ	ঐ ঐ ঐ	১৯০০ ,,	৬৮৫৲	৬৮৪০৲
৯	মেসরস্ এইচ সি, লিভিঞ্জ, ডবলিউ, এ, ব্যাডিলে ডবলিউ আর, ডেবিস টি, এইচ, হলরে এবং সি, ব্রুাম	ঐ ঐ দারজিলিং ও সলিম	৪৩৫ ,,	৯২২৴৮	১১৭৫৪৸৴৮
৩৪	কাপ্তান, করলিস	ঐ ঐ মিরিগ	৩০০০ ,,	২৬৯০৲	২৬৯০০৲
১৭	বাবু ত্রৈলোক্যনাথ বন্দ্যোপাধ্যায়	ঐ ঐ শিবোখোলা	৩০৬ ,,	৪৮১৸৴৬	৪৮১৯৷০

বি, ডবলিউ, মর্টন। কাপ্তান
ডেপুটী কমিস্যনর।

জিলা দারজিলিং ডেপুটী কমিস্যনর আপিস
সন ১৮৬৭ ইংরাজি তারিখ ৮ হি জুলাই।

জেলা মেদিনীপুর।

ইস্তাহারনামা কাছারি কালেক্‌টরি জেলা মেদিনীপুর।

সন ১৮৫৯ সালের ১১ আইনের মর্ম্মানুযায়ি প্রকাশ করা যাইতেছে যে, জেলা মেদিনীপুরের সংক্রান্ত নিম্নলিখিত মহাল সকল সন ১৮৬৭ সালের ২৮ মার্চের পাওনা বাকীর রাজস্ব আদায় কারণ সন ১৮৬৭ সালের ৬ জুনের নীলামে খরিদ করিয়া বায়নার টাকা দাখিল করে। কিন্তু অবশিষ্ট মূল্যের টাকা দাখিল করে নাই। অতএব ঐ মহাল সন ১৮৬৭ সালের ১৮ আগষ্ট মোতাবক বাঙ্গলা সন ১২৭৪ সালের ৩০এ শ্রাবণ আমলী সন ১২৭৪ সালের ৩১এ শ্রাবণ বৃহস্পতি বার জেলা মেদিনীপুরের কালেক্‌টরি কাছারিতে পুনরায় নীলামে ধরা যাইবেক ও বিনা বাধায় বিক্রয় হইবেক ইতি ১৮৬৭। ২২ জুলাই।

তৌজির নম্বর।	মহালের নাম।	মালিকের নাম।	সদর জমা	কৈফিয়ৎ।
		প্রথম শ্রেণীর চির বন্দবস্তী মহাল		
২১৪৮	মহল রোয়নান পং সবঙ্গ	মালিক রাম মজুমদার, আত্মারাম মজুমদার, ভক্তরাম মজুমদার, মুক্তারাম মজুমদার, রাজীবলোচন মজুমদার, কালীপ্রসাদ মজুমদার, পঞ্চানন্দ মজুমদার, শ্রীমতী বিরাজমোহিনী নাবালিগা, রামদেব বাকুড়া, ভরথচরণ বাকুড়া, তারাপ্রসাদ দে, শিবনারায়ণ দে, দীনবন্ধু দে নাবালগ পেদর ও মহাফেজ। ঘাশীরাম দে, রামকৃষ্ণ দে, পদ্মলোচন ভুঞ্যা, শীতলপ্রসাদ ঘোষ।	১৫১৭৸৶১০	ইহার মধ্যে ১০ দফামতে পৃথক হিসাব হওয়া হিস্যা তারাপ্রসাদ দে, শিবনারায়ণ দে, দীনবন্ধু দে নাবালগ পেদর ও মহাফেজ ঘাশীরাম দে তন্কীশ ... ৪৯৭।০ বাদ ১১ ধারামতে পৃথক হিসাব হওয়া হিস্যা রামকৃষ্ণ দে তন্কীশ ... ১৮৫৻১০ বাদ এজমালি হিস্যা মাণিকরাম মজুমদার, আত্মারাম মজুমদার, ভক্তরাম মজুমদার, মুক্তারাম মজুমদার, রাজীবলোচন মজুমদার, কালীপ্রসাদ মজুমদার, পঞ্চানন্দ মজুমদার শ্রীমতী বিরাজমোহিনী নাবালিগা রামদেব বাকুড়া, ভরতচরণ বাকুড়া, পদ্মলোচন ভুঞ্যা তন্কীশ ... ৬৯৪৶০ ১১ দফামতে পৃথক হিসাব হওয়া শীতলপ্রসাদ ঘোষের হিস্যা নিজ হিস্যার বাকী রাজস্ব আদায় কারণ নীলাম হইবে তন্কীশ ... ২১৭৷।০

W. J. Herschel,
Collector.

জিলা নদীয়া।

এস্তেহারনামা কাছারি কালেক্‌টরি জেলা নদীয়া।

সন ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারার বিধানক্রমে ইহার দ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে জেলা নদীয়ার নিম্নের লিখিত মহাল সন ১৮৬৭ সালের ২৮ জুন পর্য্যন্ত বাকী মালগুজারির নিমিত্ত এবং চলিত আইন ও আক্‌টের দ্বারা অন্যান্য যে দাওয়া বাকী মালগুজারির ন্যায় আদায় হইবার হুকুম আছে তাহার নিমিত্ত এবং চলিত আইনমতে সন ১৮৬৭ সালের ২২ আগষ্ট মোতাবেক সন ১২৭৪ সনের ৭ ভাদ্র বৃহস্পতিবার এই জেলার কালেক্‌টরি কাছারিতে নীলামে ধরা যাইবেক ও বিনা বাধাতে বিক্রয় হইবেক ইতি সন ১৮৬৭। ২৫ জুলাই মোতাবেক সন ১২৭৪ বাঙ্গলা ১০ শ্রাবণ।

এস্তমুরারি ধার্য্য হওয়া মহাল।

২১৪ নং তং গাভুরাডেঙ্গা পং রাজপুর গোলোকচন্দ্র মুখোপাধ্যায় দিগর সতন্ত্র হিসাব বাদে সদর জমা ৮৬৫৫৶৮।।

৪৭৭ নং তং শ্যামপুর পং হাওলখালি কালাচাঁদ চক্রবর্ত্তী দিগর ঐ ঐ ২৫৫৯।১

H. Bell,
Offg. Collector.

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৬৭। ১৩ আগষ্ট।]

INSOLVENT COURT. যোত্রহীনের আদালত।

COURT FOR THE RELIEF OF INSOLVENT DEBTORS AT CALCUTTA.

কলিকাতা যোত্রহীন ঋণিদের উপকারার্থ আদালত।

In the Matter of THEODORE DICKENS, an Insolvent.

Notice is hereby given, that Saturday, the 7th day of September next, is appointed for further hearing in this matter for the purpose of declaring a dividend, and that an Account in detail of the Receipts and Disbursements of the Assignee from the 22nd day of February 1849 until the day of 1st August Instant, has been filed, and may be inspected in the Office of the Chief Clerk. Any Creditor or other person interested, who may intend to establish or oppose any claim upon the Estate of the said Insolvent, will be heard. Notice having been given at the Office of the Chief Clerk three clear days before the hearing.

OFFICIAL ASSIGNEE'S OFFICE,
Calcutta, 9th August 1867.

যোত্রহীন থিওডোর ডিকেন্স সাহেবের বিষয়ে।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে ডিবিডেণ্ড প্রকাশ করিবার নিমিত্তে ঐ বিষয়ের পুনশ্চ শুননির জন্যে আগামি সেপ্টেম্বর মাসের ৭ তারিখ শনিবার নির্দ্ধারিত হইয়াছে, এবং ১৮৪৯ সালের ফেব্রুআরি মাসের ২২ তারিখ অবধি বর্ত্তমান আগষ্ট মাসের ১ তারিখ পর্য্যন্ত আসৈনি সাহেবের জমাখরচের বিস্তারিত হিসাব দাখিল করা গিয়াছে, প্রধান ক্লার্ক সাহেবের কার্য্যালয়ে তাহা দেখা যাইতে পারে। যে কোন মহাজন কি এবিষয়ে লিপ্ত অন্য যে কেহ উক্ত যোত্রহীনের ইষ্টেটের উপর কোন দাওয়া স্থাপন কি প্রতিবন্ধকতা করিতে চাহেন, তিনি শুননির দিবসের পূর্ব্ব তিন দিন থাকিতে প্রধান ক্লার্ক সাহেবের কার্য্যালয়ে সম্বাদ দিলে তাঁহার কথা শুনা যাইবে।

সরকারী আসৈনি সাহেবের দফ্তরখানা।
কলিকাতা ১৮৬৭ সাল ৯ আগষ্ট।

The like notice in the matter of WOOMACHURN PAUL and KADARNAUTH PAUL, Insolvents, wherein the Account of the Assignee is filed from 2nd February 1867 to 1st of August Instant.

যোত্রহীন উমাচরণ পাল ও কেদারনাথ পালের বিষয়ে সেই প্রকারের সম্বাদ দেওয়া যাইতেছে, তাহাতে ১৮৬৭ সালের ফেব্রুআরি মাসের ২ তারিখ অবধি বর্ত্তমান আগষ্ট মাসের ১ তারিখ পর্য্যন্ত আসৈনি সাহেবের হিসাব দাখিল করা গিয়াছে।

MISCELLANEOUS ADVERTISEMENT. সাধারণ ব্যক্তিদের ইশ্তিহার।

اقرار نامه منجانب مهاراجه دهراج راجندر کشور سنگهه بهادر مهاراجه بتيا

جوکه همکو اکثر اپني طبيعت نا معتدل رهنے کے سبب اور نيز ضرورت مشاغل ديني و تيرتهه جاترا و استقامت کاشي جي کي باعث بنظر رفع هرج کار رياست و حصول سبکدوشي بارديون سے واجب هوا که کچهه انتظام مستحکم کرين اسلئے هم اپنے لڑکے چرنجيو راج کمار هرندر کشور سنگهه بهادر کو که بعد همارے هر طرح وارث مستحق هين شرايط مفصله ذيل مالک رياست قرار ديکر عنان اختيار حواله کرتے هين اور خود مطلقا دست بردار هوتے هين فقط

شرط اول

چرنجيو راج کمار ابهي نابالغ هين اسلئے ايک کميٹي ولايت و انتظام رياست مقرر هو اور ممبر اُسکے تين رهين اول مهاراجه دهراج سري کاشي نريس يسري پرشاد نراين سنگهه بهادر دويم هم بذات خود سوم منيجر وقت اپنے عهده کے حيثيت سے فقط

شرط دویم

بحالت بلوغ بهي چرنجیو راج کمار کے تا حیات هماري کمیٹي مذکور بحال و برقرار بني رهیگي اور اگر درحالت نابالغي هماري حیات وفا نکرے اورهم ممبري کمیٹي کے لئے کسي کو اپنا قایم مقام نه کرجائین ممبر اول یعنے مهاراج سري کاشي نریس بهادر موصوف همارے بهي قایم مقام هونگے اور اختیار دوممبرونکا حاصل رکهینگے

شرط سوم

تاریخ تحریر اقرار نامه هذا تلك جسقدر دین ذمه ریاست واجب الادا ثابت هومحاصل ریاست سے اهالیان کمیٹي حسب راے اور اپني تجویز کے ادا و بیباق کرین لیکن جهت آینده هم اقرار واثق کرتے هین که کوئي قرضه جدید نوعي من الانواع همارے جانب سے نه لیا جائیگا اور اب همکو کسي طرح کا اختیار قرض لینےکا یا اراضي و جایداد متعلقه ریاست کسي کو دینے اور منتقل اور مکفول کرنیکا باقي نهین رهیگا اگر قرض کرین یا اراضي و جایداد متعلقه ریاست کسي کو دیوین یا منتقل و مکفول کرین مطلقا ناجایز هوگا اور هرگز وه ذمه ریاست نه ٹههریگا خواه وه انتقالات واسطے کار مذهبي و دیني هون خواه دینوي بلکه بعد همارے همارے ورثا کو بهي تا اداے دیون متذکرهٔ بالا کسي حالت مین قرض لینے یا اراضي و جایداد متعلقه ریاست کسي کو دینے خواه منتقل اور مکفول کرنے کا اختیار نرهیگا فقط

شرط چهارم

اور اسي غرض سے که اب همکو اس اقرار نامه کے بعد اور کوئي دست اویز مثل تمسک و رسید قرضه و سند تملیك و تکفیل و غیره لکهنے کا اختیار باقي نه رها همنے اپني مهرین که جو اسناد و وثایق پر هوتي تهین مقفل بند کرکے سپرد ممبر اول یعنے مهاراجه سري کاشي نریس بهادر موصوف کودین که کسي جاے محفوظ مین رکهین تاکه کوئي شخص انکو کام مین لاکرکوئي جعلي کاغذ نه بناوے هماري امورات ذاتي و خانگي خواه عدالت کے لئے همارا دستخط کافي هوگا فقط

شرط پنجم

ممبران کمیٹي موصوف کي تجویز جمله امورات متعلقه ریاست مین حسب غلبه راے ناطق اور قطعي منصور هوگي بجز معاملات ذاتي متعلقه منیجر که انهین اگر منیجر اور دوسرے ممبران کمیٹي کے در میان اختلاف واقع هو وه صاحب کمشنر بهادر کے حضور مین پیش هونگے اور انکے نسبت صاحب کمشنر بهادر بطور ثالث جو تجویز اور تصفیه فرماوینگے ناطق و قطعي ومحتتم سمجها جایگا فقط

شرط ششم

منیجر حسب صلاح و سفارس جناب صاحب کمشنر بهادر بمنظوري ممبر اول یعنے مهاراجه سري کاشي نریس بهادر موصوف مقرر هوتا رهیگا اور بلا اجازت صاحب موصوف موقوف نهوسکے گا بجز اسکے که جو کچهه بابت هرجه و نقصاني مابین ممبران کمیٹي اور منیجر ٹههر گیا هو ممبر اول یعنے مهاراجه سري کاشي نریس بهادر موصوف کو اختیار رهیگا که محاصل ریاست سے دلاکر موقوف کرین اور واضح رہے که منیجر کو حسب الهدایت و نگهباني کمیٹي کام کرنا پڑیگا

شرط هفتم

منجمله محاصل رياست بعد اداے مالگذاري سركاري و سود قرضه و مواجب مفصله ذيل جو كچهه بچے مصارف ضروري انتظام رياست و اداے ديون مين كام آوے اور جب دين باقي نه رهے ترقي اور بهبود رياست و علاقه داري مين حسب صوابديد وقت صرف كيا جاوے فقط

شرط هشتم

بعد تنقيح تعداد قرضه بنظر حصول سبكدوشي زر قرضه سے كميٹي كو نسبت قرضه متذكرة بالا دربارة تخفيف خرچ و تخفيف تزئيد سود و اداے قطعي و تبديل وتجديد وثيقه اختيار كامل حاصل هوگا فقط

شرط نهم

گركسي وقت محاصل رياست اداے مالگذاري سركاري خواه سود خواه اصل مبالغ قرضه خواه خرچه عدالت كے لئے كافي نهو ور ضرورت قرض لينے كي پڑے كميٹي كو اختيار هوگا كه جسطرح چاهے ليوے فقط

شرط دهم

ممبران كميٹي كو سواے منيجر وقت بحيثيت عهدة كے يهه بهي اختيار رهيگا كه بحالت خاص جب مناسب سمجهين اپنا اختيار خاص خواه عام باوقات معينه خواه غير معين اپني ذمه وري اور اپني اعتبار پر جس شخص كو چاهين سپرد كرين اور اُسكو اپنا قايم مقام بناوين فقط

شرط يازدهم

اگر همارا كوئي معاهدة سابق كسي كے ساتهه كميٹي كي راے مين از روے مغالطه دهي ثابت هو يا كسي نے حقوق واجب سے تجاوز كر كے استحقاق غير واجب غصبا حاصل كيا هو كميٹي كو اختيار هى كه جسطرح چاهين اُسكا تدارك عمل مين لاكر رياست كو نقصان نا روا سے بچاوين فقط

شرط دوازدهم

اهاليان كميٹي كو لازم هى كه جهت تعليم و ترتيب چرنجيو راج كمار جو تدابير مناسب معلوم هو وقتا فوقتا عمل مين لاتے رهين

شرط سيزدهم

همنے مبلغ دو هزار روپيه سالانه وصولي منافع كا علاقه منجمله علاقجات واقع ضلع گوركهپور جس شخص كو جس طرح پر دينے كا وعدة كيا هى اهاليان كميٹي دخل دهاني و داخل خارج وتحرير و توثيق بخشش نامه كا بزودي ممكنه تكمله كرادين فقط

[*Government Gazette*, 13*th August* 1867.]

شرط چهاردهم

يعنے شرط اخري يهه كه همكو خواه همارے ورثا كو كبهي كسي حالت مين اهاليان كمپنئي سے بحيثيت
ممبران كمپنئي كسي بات كا مواخذه نهوگا فقط

تفصيل مواجب متذكرهٔ شرط هفتم

همارى ذات خاص كے لئے   راني صاحبه   دولهن صاحبان

لرلک

المرقوم اٹهائيسوين ماه جولائي سنه ۱۸۶۷ع

العبد مهاراجه راجندر كشورسنگهه بهادر   ايشري   गवाही गंगा प्रसाद तेवारी

Signed and Sealed in my presence.
SEVAPROSAD.
Sealed and Signed in my presence.
ROY BULDEO BUKSH.

مهر مهاراجه بتيا   مهر مهاراجه بنارس

Both the Maharajahs of Bettiah and Benares sealed this document in my presence and attached their signatures on the second sheet. Their signatures on the first sheet were already attached previous to its being brought to me to attest as a witness.

PATNA,
July 29*th*, 1867.

R. P. JENKINS,
Officiating Commissioner.

Sta mpcorrect under Schedule A, Sec. 9, Act X of 1862. Admissible under Secs. 21, 22, 32, and 34 of Registration Act of 1866. *Fee Paid.*

Ordinary Fee Rs. 10
Extra Fee 5
Fee for Visit ... 10

E. DRUMMOND,
Registrar.

29*th July* 1867.

Presented for registration, on the 29th July 1867, at 11-30 A. M., at the Office of Registrar of Patna, by Maharajah Dhiraj Rajindur Kishwur Sing Bahadur, Maharajah of Bettiah.

العبد مهاراجه راجندر كشور سنگهه بهادر بقلم خاص

Execution was admitted by Maharajah Dhiraj Rajindur Kishwur Sing Bahadur, Maharajah of Bettiah.

Personally known to the Registrar of Patna. A visit was paid for testing the accuracy of this Deed.
SEVAPROSAD.

E. DRUMMOND,
Registrar of Patna.
29*th July* 1867.

العبد مهاراجه راجندر كشور سنگهه بهادر بقلم خاص

ROY BULDEO BUKSH.

Registered in Book I, Vol. II, pages 92 to 94, being No. 183 for 1867.

E. DRUMMOND,
Registrar of Patna

29*th July* 1867.

বিজ্ঞাপন।

সম্প্রতি ফৌজদারীসম্পর্কীয় "পোলীস এবং ফৌজদারী ম্যানুএল" নামক একখানি নূতন পুস্তক সংগ্রহ করা হইয়াছে তাহাতে ১৭৯৩ সালহইতে ১৮৬৭ সাল পর্য্যন্ত ফৌজদারীসম্পর্কীয় রদ ব্যতীত সমুদয় মূল আইন, প্রথমতঃ হাই কোর্টের পেটেন্টপত্র, এবং ফৌজদারী, পোষ্ট আফীস, রেলওয়ে, সরাই, ইলেক্‌ট্রিক টেলিগ্রাফ, মুনিসিপলটী অর্থাৎ নগরাদি সৌষ্ঠব করণের, চৌকীদারী টাক্স, প্রত্নস্বত্ব রক্ষা ও রেজিষ্টরী, প্রমাণবিষয়ক আইন এবং গবর্ণর জেনরল বাহাদুরের বিজ্ঞাপন ও ভিন্ন২ কর্তৃপক্ষের সরকুলর অর্ডর এবং হাই কোর্টের নিষ্পন্ন মোকদ্দমার নজীর ও আপেণ্ডিক্স অর্থাৎ কার্য্যনির্ব্বাহের উপদেশস্বরূপ ফারমপ্রভৃতি বিবিধ বিষয় একত্রে সংগ্রহ, প্রায় ১০৫০ পৃষ্ঠায় সম্পূর্ণ মূল্য ১০৲ টাকা ডাকমাসুল ১৲ টাকা।

শ্রীবেণীমাধব দে এণ্ড কোং।

কলিকাতা।
চিৎপুর রোড ২৪৬ নং বটতলা।

[Government Gazette, 15th August 1867.] ৩।

কলিকাতা বাঙ্গাল সেক্রেটারীয়েট যন্ত্রালয়ে গবর্ণমেন্টের জন্যে শ্রীযুক্ত এস জে গার্ল্যো সাহেবকর্তৃক মুদ্রিত ও প্রকাশিত হইল।

গবর্ণমেণ্ট গেজেটের ক্রোড়পত্র

TUESDAY, AUGUST 13, 1867.

মঙ্গলবার ১৮৬৭ সাল ১৩ আগষ্ট।

বিজ্ঞাপন।

ইহাতে সংবাদ দেওয়া যাইতেছে যে নিম্ন লিখিত বিক্রয়ের বিজ্ঞাপনে যে সকল মহালের উল্লেখ হইল সে সকল মহালে গবর্ণমেণ্টের যে মালিকী স্বত্ব আছে তাহা নিম্ন লিখিত নিয়মের অধীন হইয়া বিক্রয় হইবে।

বিক্রয়ের নিয়ম

১।—প্রত্যেক মহাল পার্শ্বের লিখিত নির্দ্দিষ্ট সদর জমার অধীন হইয়া যে ব্যক্তি নীলামে প্রথম ডাকের উপর সর্ব্বাপেক্ষা উচ্চ ডাকিবেক তাহাকে দেওয়া যাইবে।

২।—বর্ত্তমান পাট্টা এবং বন্দোবস্তের কার্য্য কি প্রবল আইনহইতে উৎপন্ন স্বত্ব সকল বিক্রয়ের পরে বহাল থাকিবে। রাজস্বের কার্য্যকারকদিগের কৃত জমাবন্দীতে যেং খোদকস্তা রাইয়ত স্বাক্ষর করিয়াছে ক্রেতারা তাহারদিগের স্বত্ব মানিতে বাধ্য হইবে।

৩।—একশত টাকার অনধিক পণ হইলে সেই সমুদয় টাকা তৎক্ষণাৎ দিতে হইবে।

৪।—একশত টাকার অধিক হইলে ডাক পণের চারি অংশের এক অংশ তৎক্ষণাৎ দাখিল করিতে হইবে বিক্রয়ের দিবস এক দিন বলিয়া গণনা করিলে বিক্রয়ান্তর পঞ্চদশ দিনের মধ্যাহ্ন কালে, কিম্বা সেই দিবস বন্দের দিন হইলে তৎপরে প্রথম যে দিন কাছারী খোলা যায় সেই দিনের মধ্যাহ্ন কালে, যদি অবশিষ্ট টাকা দাখিল না হয়, তবে বিক্রয় রহিত ও গচ্ছিত টাকা গবর্ণমেণ্টে জব্দ হইবে, ও প্রথম স্থলীয় বিক্রয়ের ন্যায় পুনর্ব্বার বিজ্ঞাপন প্রকাশ করণপূর্ব্বক ঐ ত্রুটিকারি ক্রেতার ঝুঁকিতে সেই মহাল পুনর্ব্বার বিক্রয় হইবে।

৫।—মহালের উপর যে সামান্য সদর জমা ধার্য্য হইয়াছে ক্রেতারা তদতিরিক্ত রাস্তা প্রস্তুত ও গমনা-গমনের সুবিধার নিমিত্ত করও দিতে বাধিত হইবেন। তাঁহারা যে তারিখঅবধি ক্রীত মহাল দখল করেন সেই তারিখঅবধি সদর জমার উপর শতকরা এক টাকার হিসাবে ঐ কর ধার্য্য হইবে। ঐ কর বাকী রাজস্বের ন্যায় আদায় হইতে পারিবে।

রেবিনিউ বোর্ডের আজ্ঞাক্রমে,

আর বি চাপমান,
সেক্রেটারী।

মালামের ইশ্‌তাহার।

জিলা মুরশিদাবাদ।

ইশ্‌তাহারনামা কাছারি কালেক্টরী জেলা মুরশিদাবাদ।

ইহাতে সংবাদ দেওয়া যাইতেছে যে অত্র জেলার মধ্যবর্ত্তি নিম্নের লিখিত খাস মহালের গবর্ণমেন্টের মালিকী স্বত্ব সন ১৮৬৭ সালের ১৩ আগষ্ট মোতাবক সন ১২৭৪ সালের ২৯ শ্রাবণ মঙ্গলবার জেলা মুরশিদাবাদের কালেক্টরী কাছারিতে বিক্রয় হইবেক এই মহাল যে ব্যক্তিরা ক্রয় করেন তাঁহারা ক্রোড়পত্রের শিরোভাগে রেবিনিউ বোর্ডের সেক্রেটরী সাহেবের স্বাক্ষরিত বিক্রয়ের নিয়মের অধীনে থাকিবেন ইতি সন ১৮৬৭ সাল তারিখ ২২ মেই মোতাবক সন ১২৭৪ সাল তারিখ ৯ জ্যৈষ্ঠ।

রাজস্বীয় মহালের কৈফিয়তের নম্বর।	তৌজীর নম্বর।	মাহালের নাম ও পরগনা।	জমির পরিমাণ।	সদর জমা।			নীলামের জমন টাকা।	মন্তব্য।
				মার্চ্যা করা রাজস্ব।	রাস্তার টেক্স।	মোট।		
			এঃ রূঃ পঃ					
২৫নং	৫৭৪নং	পএস্তী কাটীগঙ্গা পরগনে আজমনগর ..	২৩৫।০।৮	২১২।/০	২৶০	২১৪।৶০	৪২৪।।৶০	

H. HANKEY,
Offg. Collector.

বাঙ্গাল সেক্রেটারীয়েট যন্ত্রালয়ে শ্রীযুত এফ জে বার্লো সাহেবকর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত হইল।

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, AUGUST 20. 1867.

মঙ্গলবার ১৮৬৭ সাল ২০ আগষ্ট।

CIRCULAR ORDERS OF THE BOARD OF REVENUE, L. P.

JULY 1867.

No. 7.

UNDER instructions from Government, the following addition is made to para. 14, Section 4, Chapter XXV, at page 344 of the Revenue Rules:—"In cases when estates attached by Magistrates cannot bear the charge for a separate Manager or Receiver, and the Magistrate considers the direct collection of the rents desirable, he may appoint the Collectorate or Sub-divisional Nazir to be Manager or Receiver. As the Nazir in this capacity would act directly under the orders of the Magistrate, to whom alone he would be accountable, the security which the Nazir has furnished to the Collector will not extend to these duties, and therefore other security should be required of him, when such may be deemed necessary by the Magistrate."

No. 8.

The following addition should be made to the Board's Rules in Section 1, Chapter XII, page 191:—

8. The period fixed in Section 156 of Act X of 1859, (*viz.*, 15 days) may be adopted as the period within which Appeals may be preferred to

বঙ্গপ্রভৃতি দেশের রেবিনিউ বোর্ডের সরক্যুলর অর্ডর।

১৮৬৭ সাল। জুলাই মাস।

৭ নম্বর।

গবর্ণমেণ্টের আদেশানুসারে রাজস্বসংক্রান্ত বিধি-পুস্তকের ৩৪৪ পৃষ্ঠায়, ২৫ খণ্ডের ৪ অধ্যায়ের ১৪ ধারাতে এই কথা সংযোগ করিতে হইবে। যথা, মাজিষ্ট্রেট সাহেব যে মহাল ক্রোক করেন, তাহাহইতে যদি স্বতন্ত্র অধ্যক্ষের কি গ্রাহকের খরচ না পোষায়, এবং মাজিষ্ট্রেট সাহেব গবর্ণমেণ্টকর্ত্তৃক সেই মহালের খাজানা উসুল করা শ্রেয় বোধ করেন, তবে তিনি কালেক্টরীর কি শাখাখণ্ডের কাছারীরনাজিরকে অধ্যক্ষের কি গ্রাহকের পদে নিযুক্ত করিতে পারিবেন। নাজির সেই পদোপলক্ষে মাজিষ্ট্রেট সাহেবের আজ্ঞাধীনে কর্ম্ম করিবেন ও তাঁহারই নিকটে দায়ী হইবেন। এই হেতুক কালেক্টর সাহেবকে যে জামিন দিয়া থাকেন, তাহা উক্ত কর্ম্মের প্রতি বর্ত্তিবে না। সুতরাং মাজিষ্ট্রেট সাহেবের বিবেচনায় আবশ্যক হইলে, তিনি তাঁহার স্থানে অন্য জামিন লইতে পারিবেন।

৮ নম্বর।

বোর্ডের বিধিপুস্তকের ১৯১ পৃষ্ঠায় ১২ খণ্ডের ১ অধ্যায়ে নিম্নলিখিত কথা প্রয়োগ বরিতে হইবে।

৮। ১৮৫৯ সালের ১০ আইনের ১৫৬ ধারাতে ১৫ দিনের যে মিয়াদ অবধারিত আছে, বন্দোবস্তের ও সম্পত্তি বিভাগের ও বিবিধ মোকদ্দমাসংক্রান্ত কার্য্যে

a Collector against the order of a Deputy Collector in Settlement, Division, and Miscellaneous proceedings. But as there is no law fixing the period of appeal, no appeal should be rejected because preferred after the lapse of 15 days, if preferred within a reasonable period, and if the Collector sees sufficient grounds for his interference.

ডেপুটী কালেক্টরের যে আজ্ঞা হয়, তাহার উপর আপীল করিবার সেই মিয়াদ ধরা যাইতে পারিবে। কিন্তু আইনেতে তদ্রূপ আপীল করিবার মিয়াদ নিরূপিত নাই এই হেতুক ১৫ দিনের পর উপস্থিত করা গেলেও যদি সময় যুক্তিসঙ্গত হয় এবং সেই বিষয়ে কালেক্টর সাহেব হস্তক্ষেপ করিবার যথোচিত কারণ দেখেন, তবে অগ্রাহ্য করিতে হইবে না।

No. 9.

District Officers are requested to have the following note affixed to the Vernacular Printed Notice of sales of under-tenure supplied by the Superintendent of Stationery. If the sale is under Act VIII of 1865, after a suit under Act X of 1859, the words which prohibit the bidding of the Putneedar should be struck out; but left in, if the sale is under Regulation VIII of 1819.

৯ নম্বর।

ষ্টেশনরির সুপরিন্টেণ্ডেণ্ট সাহেব পেটাও তালুকের নীলামের যে বাঙ্গলা ইশ্‌তিহার ছাপাইয়া দিয়া থাকেন, তাহার নিম্নভাগে জিলার কার্য্যকারকদিগকে এই মন্তব্য কথা লিখিবার আদেশ হইতেছে। ১৮৫৯ সালের ১০ আইনমত মোকদ্দমা হইয়া যদি ১৮৬৫ সালের ৮ আইনমতে নীলাম হয়, তবে নীলামে পত্তনিদারের ডাক নিষেধ করিবার যে কথা আছে তাহা উঠাইয়া দিতে হইবে, যদি ১৮১৯ সালের ৮ আইনমতে নীলাম হয়, তবে ঐ কথা রাখিতে হইবে।

No. 10.

In accordance with the orders of Government, the following alterations should be made in the Board's Rules:—

১০ নম্বর।

গবর্ণমেণ্টের আজ্ঞানুসারে নিম্নলিখিত প্রকারে বোর্ডের বিধির পরিবর্ত্তন করিতে হইবে।

Section 7, Clause 5, page 199.

For "six rupees a month," *substitute* "seven rupees a month;" and for "five rupees each, monthly," *substitute* "six rupees each, monthly."

১৯৯ পৃষ্ঠার ৭ অধ্যায়ের ৫ প্রকরণে—

"মাসে ছয় টাকা" এই কথার পরিবর্ত্তে "মাসে সাত টাকা" পাঠ করিতে হইবে। এবং "মাসে২ প্রত্যেক জন পাঁচ টাকা" এই কথার পরিবর্ত্তে "প্রত্যেক জন মাসে২ ছয় টাকা" পাঠ করিতে হইবে।

Clause 10, page 200.

Add—"To the same Fund is charged the toll of three pies each levied at the bars on District Roads and Bridges from Peons employed in the service of processes."

২০০ পৃষ্ঠার ১০ প্রকরণে—

পেয়াদারা পরওয়ানা জারী করিবার কার্য্যে নিযুক্ত হইলে তাহারদের স্থানে জিলার পথে ও সাঁকোতে এক পয়সা করিয়া যে মাসুল আদায় হইয়া থাকে তাহাও সেই ফণ্ডহইতে দেওয়া যাইবে।

Clause 17, page 200.

Expunge—"but is less than 25 miles." And if the said distance exceed 25 miles. 2 rupees.

২০০ পৃষ্ঠার ১৭ প্রকরণে—

"২৫ মাইলের ন্যূন", এবং ২৫ মাইলের অধিক হইলে ২ টাকা এই কথা ত্যাগ কর।

2. The changes necessary under the orders of Government, with reference to which these alterations are made, should be given effect to at once.

২। গবর্ণমেণ্টের যে আজ্ঞার উপলক্ষে উক্ত কথা পরিবর্ত্তনের আদেশ হইল, তদনুসারে যাহা পরিবর্ত্তনীয় তাহা অগৌণে পরিবর্ত্তন করা উচিত।

3. In Table I of the present edition of Return No. XIX, the headings of columns 2 and 3, 5 and 6, and 8 and 9, should be corrected, respectively, from "Rs. 6" to "Rs. 7," and from "Rs. 5" to "Rs. 6." And, hereafter, columns 6 and 8 in Table II will be blank. Referring to the "Note" at head of the latter Table, the entries in column 8, Table I, will now be divided by 21 instead of 18, and those in column 9 of the same Table by 18 instead of 15.

৩। ১৯ নম্বরী রিটর্ণের যে পাঠ এইক্ষণে ব্যবহার হইয়া থাকে, তাহার প্রথম টেবিলের ২ ও ৩, ৫ ও ৬, ৮ ও ৯ ঘরের শিরোলিপিতে ৬ টাকা উঠাইয়া ৭ টাকা ও ৫ টাকা উঠাইয়া ৬ টাকা দিতে হইবে। এতৎপরে দ্বিতীয় টেবিলের ৬ ও ৮ ঘর শূন্য থাকিবে। এই শেষোক্ত টেবিলের অগ্রভাগে যে মন্তব্য কথা আছে তদুপলক্ষে আদেশ হইল যে প্রথম টেবিলের ৮ ঘরের লিখিত অঙ্ক ১৮ দিয়া ভাগ না করিয়া ২১ দিয়া ভাগ করিতে হইবে। এবং ঐ টেবিলের ৯ ঘরের অঙ্ক ১৫ দিয়া ভাগ না করিয়া ১৮ দিয়া ভাগ করিতে হইবে।

4. It will be observed that the pay of the salaried Peons is thus raised from 6 to 7 Rs., and from 5 to 6 Rs. a month; and that the higher fee of Rs. 2 for processes issued to a distance which exceeds 25 miles, is no longer to be levied.

৪। ইহাতে দৃষ্ট হইবে যে, বেতনভোগী পেয়াদাদের বেতন ৬ টাকা অবধি ৭ টাকা পর্য্যন্ত ও ৫ টাকা অবধি ৬ টাকা পর্য্যন্ত বৃদ্ধি হইয়াছে। এবং ২৫ মাইলের অধিক দূর স্থানে পরওয়ানা জারী করিতে হইলে তাহার জন্যে ২ টাকার যে উচ্চতর ফী লওয়া যাইত তাহা আর গ্রহণ হইবে না।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৭। ২০ আগষ্ট।]

No. 11.

The amounts deducted under Act XXI of 1867, in pay bills and abstracts, from the salaries of Government Servants, should be given only in the column of remarks in Return No. VIA.

১১ নম্বর।

১৮৬৭ সালের ২১ আইনমতে গবর্ণমেণ্টের কর্ম্মকারকদের বেতনের বিলে ও চুম্বকপত্রে যে টাকা বাদ দেওয়া গেল তাহা ৬A নম্বরী রিটর্ণের কেবল মন্তব্য কথার ঘরে লিখিতে হইবে।

No. 12.

The following alteration is to be made in the instructions at the foot of the form of Award, Appendix B, page 12 of the Revenue Rules.

Score through Instruction IV. When the Collector makes the Award the last paragraph will be omitted, columns 8 and 9 being left blank.

And alter Instruction " V" into " IV."

১২ নম্বর।

রাজস্বসংক্রান্ত বিধিপুস্তকের ১২ পৃষ্ঠায় B চিহ্নিত ক্রোড়পত্রে ফয়সলার যে পাঠ আছে তাহার নিম্নভাগের লিখিত উপদেশ কথার মধ্যে এই২ কথার পরিবর্ত্তন করিতে হইবে।

"কালেক্টর সাহেব ফয়সলা করিলে শেষ দফা ত্যাগ করিয়া ৮ ও ৯ ঘর শূন্য রাখিতে হইবে।" ৪ অঙ্কের এই উপদেশ ত্যাগ কর।

ও ৫ অঙ্কের স্থানে ৪ অঙ্ক দেও

No. 13.

A revised form of Return No. XVI, Proceedings under the Sale Laws, will be supplied immediately to all officers by the Superintendent of Stationery.

Returns from the 1st quarter of the current year should be submitted in the revised form to the Board.

১৩ নম্বর।

ষ্টেশনরির সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেব নীলামবিষয়ক আইনঅনুযায়ি মোকদ্দমাসংক্রান্ত কার্য্যের ১৬ নম্বরী রিটর্ণের সংশোধিত পাঠ অবিলম্বে সকল কার্য্যকারকদিগকে দিবেন।

চলিত বৎসরের প্রথম তিন মাসঅবধি বোর্ডে যে রিটর্ণ দেওয়া যাইবে, তাহা সংশোধিত পাঠে দিতে হইবে।

No. 14.

In accordance with a suggestion by the Inspector-General of Police, Lower Provinces, the Government have ruled that " any Head Constable (of Police) should be regarded as holding a position equivalent to that of a Jemadar of the old Police, for Abkaree purposes, under Act XXI of 1856," and with advertence to the search under authority of Section 58 of that Act.

2. The following alteration is made therefore in the Board's Rules :—

Section 7, Clause 3, page 113.

Expunge the words after " Any," up to " having good reason," &c., and *substitute* " Head Constable of Police."

১৪ নম্বর।

বঙ্গপ্রভৃতি দেশের পোলীসের ইন্স্পেক্টর জেনরল সাহেবের পরামর্শমতে গবর্ণমেণ্ট এই বিধি করিয়াছেন। ১৮৫৬ সালের ২১ আইনমতে আবকারী কার্য্যের উপলক্ষে, এবং ঐ আইনের ৫৮ ধারার অনুমতিক্রমে যে অনুসন্ধান করা যাইবে তদুপলক্ষে, (পোলীসের) কোন হেড কনষ্টাবল পুরাতন পোলীসের জমাদারের তুল্য পদপ্রাপ্ত জ্ঞান হইবেন।

২। অতএব বোর্ডের বিধির এইরূপ পরিবর্ত্তন করিতে হইবে।

১১৩ পৃষ্ঠার ৭ অধ্যায়ের ৩ ধারাতে—

"হেড কনষ্টাবলের পদাপেক্ষা পোলীসের উচ্চ শ্রেণীর কোন কার্য্যকারক" এই কথা ত্যাগ করিয়া "পোলীসের হেড কনষ্টাবল" এই কথা পাঠ করিতে হইবে।

No. 15.

The following is to be read as Rule 1A, Chapter XI, Section 12 of the Board's Rules at page 187 :—

1A. The scale of rewards sanctioned for the destruction of noxious wild Animals in Assam (except elephants) is extended to the Dooars of Bootan.

১৫ নম্বর।

বোর্ডের বিধিপুস্তকের ১৮৭ পৃষ্ঠায় ১১ খণ্ডের ১২ অধ্যায়ের ১A ধারা বলিয়া নিম্নলিখিত পদ পাঠ করিতে হইবে।

১A আসামে হস্তিভিন্ন মারাত্মক বন্য পশু নষ্ট করিবার জন্যে পুরস্কারের যে হার ধার্য্য হইয়াছে তাহা ভোট দেশের দ্বারের প্রতিও বর্ত্তিবে।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

[*Government Gazette, 20th August* 1867.]

CIRCULAR ORDERS BY THE HIGH COURT OF JUDICATURE AT FORT WILLIAM IN BENGAL.

(Civil Side.)

No. 22.

To all Civil Judges, Lower and Extra Regulation Provinces,—(dated Calcutta, 19th July 1867.)

THE attention of the Zillah and other subordinate Courts is directed to the necessity of strict adherence to the provisions of the Civil Procedure Code in drawing up their decrees.

2. It has frequently come under the observation of the High Court of Judicature, that the decrees of the Mofussil Courts are very far from "specifying clearly the relief granted, or other determination of the suit," as prescribed in the 189th Section of the Code.

3. Very frequently the Court is found to have ordered "that the suit be decreed in favor of the plaintiff, with costs and interest," or "that the plaintiff obtain possession of the property mentioned in the plaint," while the commencement of the decree, instead of containing (as directed) the *particulars of the claim* as stated in the register of the suit, contains merely a vague description of the *nature* of the claim, such as "a claim for possession of lakhiraj land with wasilat," &c.

4. And unfortunately the plaint itself in many cases is not as explicit as the law requires it to be, and thus it is occasionally necessary to look at the evidence or at the written statements* in order to ascertain precisely what was the subject matter of the suit.

5. It is doubtless for this reason that the inferior Courts, when called upon to execute decrees, are in the habit of referring to the records of the original suits, and for this purpose the records are sent backwards and forwards, to the great detriment of the papers, and to the serious inconvenience of the Appellate Court.

6. The High Court, therefore, desires to impress upon the lower Civil Courts generally the necessity of drawing up their decrees in such a manner that, in order to the understanding and execution of them, it may not be necessary to refer to any other document or paper whatever.

* Clauses 3, 4, and 5, Section 25, Act VIII of 1859.

বঙ্গদেশস্থ কোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্টের সরক্যুলর অর্ডর।

দেওয়ানী পক্ষ।

২২ নম্বর।

বঙ্গপ্রভৃতিদেশের ও আইন বহির্ভূত প্রদেশের সকল দেওয়ানী বিচারকর্ত্তা সমীপেষু।

কলিকাতা ১৮৬৭ সাল ১৯ জুলাই।

জিলার এবং অধীন অন্য সকল আদালতের বিচারকর্ত্তারা যখন আপনারদের ডিক্রী লেখেন, তখন দেওয়ানী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের বিধান তাঁহারদের অতি দৃঢ়রূপে মান্য করা আবশ্যক, এই বিষয়ে তাঁহারদিগকে মনোযোগ করাণ যাইতেছে।

২। "যে উপকার করা গেল কিম্বা মোকদ্দমার অন্য যে নিষ্পত্তি হয়, তাহা পরিষ্কারমতে নির্দ্দিষ্ট থাকিবে," ঐ আইনের ১৮৯ ধারায় এই বিধান হইয়াছে। কিন্তু মফঃসল আদালতের ডিক্রীতে সেই বিষয় পরিষ্কারমতে নির্দ্দিষ্ট হয় না হাই কোর্টের সাহেবেরা ইহা বারম্বার দেখিতে পাইয়াছেন।

অনেকবার "ফরিয়াদীর পক্ষে খরচা ও সুদসমেত মোকদ্দমার ডিক্রী হইল," কিম্বা "[illegible] আরজীতে যে সম্পত্তির উল্লেখ হইয়াছে ফরিয়াদী সেই সম্পত্তির অধিকার পাইবেন," আদালতের এই প্রকার আজ্ঞা দেখা যাইতেছে। কিন্তু দাওয়ার যে বৃত্তান্ত মোকদ্দমার রেজিষ্টরে লেখা আছে, তাহা আদেশমতে ডিক্রীর আরম্ভেতে না লিখিয়া, "ওয়াসিলাৎ সহিত লাখেরাজ ভূমির অধিকার পাইবার দাওয়া" ইত্যাদি কথার দ্বারা দাওয়ার ভাবমাত্রের অস্পষ্ট বর্ণন থাকে

৪। নালিশের আরজী আইনমতে যত স্পষ্ট করিয়া লেখা উচিত অনেকবার তাহাও দুর্ভাগ্যক্রমে তদ্রূপ স্পষ্ট না হওয়াতে, মোকদ্দমার মধ্যে বিবাদীয় বিষয় কি, ইহা নিশ্চিতমতে জানিবার জন্যে কখনং প্রমাণ কিম্বা লিখিত বর্ণনাপত্র* দৃষ্টি করা আবশ্যক।

৫। অধঃস্থ আদালতের প্রতি ডিক্রী সাধন করিবার আজ্ঞা হইলে বোধ হয় সেই কারণে তাঁহারা আসল মোকদ্দমার কাগজপত্র না দেখিয়া করিতে পারেন না। এইপ্রযুক্ত ঐ কাগজপত্র ইতস্ততো প্রেরণ করিতে হইলে তাহার অধিক ক্ষতি এবং আপীল আদালতের অত্যন্ত ক্লেশ হয়।

৬। অতএব অধঃস্থ দেওয়ানী আদালতের ডিক্রী বুঝিবার জন্যে ও সাধন করণার্থে অন্য কোন দলীল কি কাগজ দেখিবার প্রয়োজন না হয়, এমতে লেখা অত্যাবশ্যক। হাই কোর্টের সাহেবেরা তাঁহারদের সকলের মনে এই কথা বদ্ধ মূল করিতে চাহেন।

* ১৮৫৯ সালের ৮ আইনের ২৫ ধারার ৩, ৪ ও ৫ প্রকরণ।

[সরকারী গেজেট। ১৮৬৭। ২০ আগষ্ট।]

7. Attentive study of the Sections 190 to 197 of the Code will, in most cases, supply tl Judges with the precise direction required i framing their decrees, and even where the cas does not seem to be expressly provided for, th principles there given will apply.

8. Accuracy in this respect would be ver materially promoted if the parties to the suit and more especially their pleaders, would atten to the preparation of the decrees before they ar finally recorded, and see that they contain al requisite particulars, and also that they do no go beyond the judgment.

9. Errors and omissions may be detected b the parties interested, which escape the observa tion of the Officers and even of the Court, and i is obviously better that such imperfection should be corrected before signature of the decre than upon application weeks, months, or yea afterwards.

10. For this reason the Court thinks fit t order and direct that, after the promulgation o these rules, the pleaders on both sides shall b required to affix their signatures to the decrees c the Mofussil Courts, before they are signed b the Judges, and that where any pleader shall nc have signed the decree, the cause of his failin or refusing to sign shall be certified on th decree.

11. The High Court will expect that each subordinate and Zillah Judge will read and explain this order to the pleaders of his Court, and to the Ministerial Officers concerned, and the decrees hereafter emanating from those Courts will be scrutinized, and all instances of inattention to the law will be adequately noticed, while, on the other hand, a careful and intelligent mode of drawing up decrees will be looked upon as a circumstance indicating very plainly the efficiency of the Court so distinguished.

By order, &c.,
(Sd.) C. D. FIELD,
Offg. Registrar.

No. 23.

To all Civil Judges,—(dated Calcutta, the 29th July 1867.)

THE High Court, observing in many Miscellaneous Appeals that the Subordinate Courts have not awarded costs in respect of Pleaders' fees in accordance with Rule 8th laid down in the General Rules* made by the High Court in pursuance of

* Vide C. O. No. 22, dated 13th June 1866, and C. O. No. 28, dated 20th July 1866.

৭। ঐ বিচারকর্ত্তাদের যেরূপে ডিক্রী লিখিতে হইবে, উক্ত আইনের ১৯০ অবধি ১৯৭ পর্য্যন্ত সমস্ত ধারা মনোযোগপূর্ব্বক আলোচনা করিলে, তাহার স্পষ্ট বিধান জানা যাইবে। কোন২ মোকদ্দমায় যদি তাদৃশ স্পষ্ট বিধান না থাকা বোধ হয় তাহা হইলে ঐ২ ধারার মূল বিধি বর্ত্তিবে।

৮। ডিক্রী চূড়ান্তরূপে লেখা যাইবার পূর্ব্বে যদি মোকদ্দমার উভয় পক্ষ বিশেষতঃ তাঁহারদের উকীলেরা সেই বিষয়ে মনোযোগ করেন, এবং আবশ্যক সকল বিষয় লেখা হইয়াছে, ও বিচারের অতিরিক্ত কথা লেখা যায় নাই ইহা যদি দেখেন, তবে উক্ত ডিক্রী শুদ্ধরূপে লিখিবার অত্যন্ত সাহায্য হয়।

৯। অশুদ্ধ কথা লেখা গেলে এবং প্রয়োজনীয় কথা ত্যক্ত হইলে তাহা আমলাগণের এবং আদালতের দৃষ্টিগোচরে না পড়ে ইহা অসম্ভব নয়, কিন্তু তাহাতে যে ব্যক্তিদের স্বার্থ থাকে তাহারা সেই দোষ অনায়াসে ধরিতে পারিবেন। ফলতঃ ডিক্রীতে স্বাক্ষর হইয়া কএক সপ্তাহ কি মাস কি বৎসর গত হইলে পর প্রার্থনাপত্র দিয়া তাহা সংশোধন করাণঅপেক্ষা স্বাক্ষর করিবার পূর্ব্বে ঐ দোষ সংশোধন করা স্পষ্টই শ্রেয়।

১০। এই কারণে হাই কোর্ট এই আজ্ঞা ও আদেশ উচিত বোধ করিয়াছেন। এই বিধি প্রচারিত হইবার পরে, মফঃসল আদালতের ডিক্রীতে বিচারকর্ত্তাদের স্বাক্ষর করিবার অগ্রে, উভয় পক্ষের উকীলদিগের তাহাতে স্বাক্ষর করিতে হইবে। যদি কোন সময়ে উকীল ডিক্রীতে স্বাক্ষর না করেন, তবে যে কারণে করিলেন না, কিম্বা করিতে অসম্মত হইলেন তাহা সংশিতরূপে ঐ ডিক্রীতে লিখিতে হইবে।

১১। অধঃস্থ ও জিলার প্রত্যেক বিচারকর্ত্তা আপনার আদালতের উকীলদের নিকটে ও যে আমলাগণের সম্পর্ক থাকে তাহারদের নিকটে এই আজ্ঞা পাঠ করিয়া তাহার অর্থ করিয়া দিবেন, হাই কোর্টের এই আশা। ইহার পরে ঐ২ আদালতহইতে যে সকল ডিক্রী বাহির হয়, তাহার সূক্ষ্মরূপে আলোচনা হইবে। আইনের প্রতি অমনোযোগ হইলে তাহার উপযুক্তমতে সন্ধান লওয়া যাইবে। কিন্তু যে আদালত মনোযোগপূর্ব্বক ও বুদ্ধি-ভাবে ডিক্রী প্রস্তুত করেন, তাঁহার সেই কার্য্য ব্যুৎপত্তির স্পষ্ট নিদর্শন জ্ঞান হইবে

আজ্ঞাক্রমে,
সি ডি ফিল্ড,
একটিং রেজিষ্টার

২৩ নম্বর।

সকল দেওয়ানী বিচারকর্ত্তা সমীপেষু।

কলিকাতা ১৮৬৭ সাল ২৯ জুলাই।

হাই কোর্টের সাহেবেরা ১৮৬৫ সালের ২০ আইনের ৩৭ ধারানুসারে যে সাধারণ বিধি* প্রণয়ন করিয়াছিলেন তাহা ১৮৬৬ সালের জুলাই মাসের সকল গেজেটে প্রকাশ হইয়াছে। কিন্তু অধঃস্থ সকল আদালত ঐ বিধির ৮ ধারামতে উকীলদের ফী সংক্রান্ত খরচার

* ১৮৬৬ সালের ১৩ জুন তারিখের ২২ নম্বরের সরক্যুলর অর্ডর ও ১৮৬৬ সালের জুলাই মাসের ২০ তারিখের ২৮ নম্বরের সরক্যুলর অর্ডর দেখ।

Section 37, Act XX of 1865, and published in each issue of the *Calcutta Gazette* of July 1866, or that the fees, if awarded, have not been stated in the final order of the Court, calls the attention of all Subordinate Judges to the Rule in question, and directs that, except in cases where it may be ordered that each party shall pay his own costs, a specific sum be awarded as payable on account of the adversary's Pleader's fee; and that the award of such sum be distinctly recorded at the foot of the Order, with the other costs, if any, incurred by the parties respectively.

By order, &c.,

(Sd.) C. D. Field,
Offg. Registrar.

আজ্ঞা করেন না, যদি করিয়া থাকেন, তবে আদালতের শেষ আজ্ঞাতে তাহা লিখিত হয় না। বিবিধ বিষয়ের অনেক আপীলে হাই কোর্ট ইহা দৃষ্টি করিয়া অধঃস্থ সকল বিচারকর্ত্তাকে উক্ত বিধির প্রতি মনোযোগ করিতে আজ্ঞা করিয়া এই আদেশ করিতেছেন, যে মোকদ্দমায় বাদির ও প্রতিবাদির আপনং খরচা দিবার আজ্ঞা হয়, তদ্ভিন্ন সকল মোকদ্দমার বিপক্ষ পক্ষের উকীলের ফী বলিয়া নির্দ্দিষ্ট কতক টাকার আজ্ঞা করিতে হইবে। ও বাদির কি প্রতিবাদির যদি অন্য খরচা হইয়া থাকে, তবে আজ্ঞাপত্রের তলভাগে সেই খরচার সহিত ঐ ফীর টাকা লেখা যাইবে।

আজ্ঞাক্রমে,

সি ডি ফিল্ড।
একটিং রেজিষ্ট্রার।

(*Criminal Side.*)

No. 5.

From C. D. Field, Esq., Officiating Registrar of the High Court of Judicature at Fort William in Bengal, to all Sessions Judges in the Lower Provinces,—(dated Calcutta, the 12th July 1867.)

The Judges of the High Court have directed me to enclose, for your information and guidance, new forms of the Sessions Statements, Nos. 4 and 5, which are to be substituted for the forms in present use, the directions contained in Circular Order No. 19, dated 31st December 1861, of the late Sudder Court, being modified accordingly.

2. Copies of the new forms will be supplied to you from time to time, on your requisition, on application to the Registrar and you are requested to take care that your supply of them may not run short, as it is the wish of the Court that no other forms should be used.

3. I am to convey to you the following instructions for the use of the forms.

They are both, you will observe, in Europe paper of folio size and on separate leaves. It is intended that one of the forms should be used for each trial reported, the particulars indicated in the several columns being thus exhibited on the first page, and paper of the same size being pasted on where the nature of the case requires further space.

4. On [illegible] reverse or turn over will be written an abstrac[illegible] ses [illegible] nt or description of the case, setting for[illegible] nt clearly the circumstances,

ফৌজদারী পক্ষ

৫ নম্বর।

বঙ্গপ্রভৃতি দেশের সকল সেশন জজ সাহেবের প্রতি বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্টের একটিং রেজিষ্ট্রার শ্রীযুত সি ডি ফীল্ড সাহেবের পত্র। কলিকাতা ১৮৬৭ সাল ১২ জুলাই।

হাই কোর্টের জজ সাহেবেরা তোমার জ্ঞান ও উপদেশার্থে সেশনের ৪ ও ৫ দফার কৈফিয়তের নূতন পাঠ প্রেরণ করিতে আমাকে আজ্ঞা করিয়াছেন। এইক্ষণে যে পাঠের ব্যবহার হইয়া থাকে তৎপরিবর্ত্তে ঐ পাঠের ব্যবহার করিতে হইবে। তদনুসারে ভূতপূর্ব্ব সদর আদালতের ১৮৬১ সালের ডিসেম্বর মাসের ৩১ তারিখের ১৯ নম্বরের সরকুলর অর্ডর মতান্তর করিতে হইবে।

২। রেজিষ্ট্রার সাহেবের নিকটে প্রার্থনা করিলে সময়েং ঐ নূতন পাঠের কএক গ্রন্থ তোমার নিকটে প্রেরণ করা যাইবে। অন্য কোন পাঠের ব্যবহার না হয় হাই কোর্টের এই অভিপ্রায় থাকাতে তোমার হস্তগত সেই পাঠ ন্যূন না পড়ে এই বিষয়ে তোমার সতর্ক থাকিবার আদেশ হইতেছে।

৩। ঐ পাঠের ব্যবহার করিবার বিষয়ে তোমার নিকটে নিম্নলিখিত উপদেশ পাঠাইতে আদেশ পাইলাম।

দৃষ্ট হইবে যে দুই পাঠ ইউরোপীয় ফোলিও কাগজে স্বতন্ত্র হইয়াছে। যে সকল মোকদ্দমার রিপোর্ট কর, তাহার প্রত্যেকের জন্যে উক্ত পাঠের মধ্যে এক পাঠের ব্যবহার হওয়া অভিপ্রায়। ভিন্নং ঘরে যে সকল বিবরণ লক্ষিত হইয়াছে তাহা প্রথম পৃষ্ঠায় লেখা যাইবে। মোকদ্দমার ভাব বিবেচনায় যদি অধিক স্থানের প্রয়োজন হয় তবে সেই পরিমাণের কাগজ তাহাতে যুড়িয়া দিতে হইবে।

৪। উল্টা পৃষ্ঠায় ঐ মোকদ্দমার সার বর্ণনা কি বিবরণ লিখিতে হইবে। অর্থাৎ মোকদ্দমার ভাব-গতিক, ও প্রমাণের ভাব ও বিচার করিবার যাহা [illegible]

the nature of the evidence, the mode of trial, and any matter which calls for special notice, including always (in case of offences punishable with death) the explanation referred to in the concluding part of Section 380, Code of Criminal Procedure.

5. The Court will expect that these abstracts will be carefully prepared by the Judges themselves, and not entrusted to subordinates. Whenever it is necessary to add paper to the form, the additional paper must be of the same description and size as that on which the form is printed.

6. The charge as entered in column 5 of the **Abstract** Statement need not contain the whole of the charge *verbatim*, but must be given with sufficient fulness and certainty, omitting merely formal parts, and it will be borne in mind that these statements are submitted with a view to enable the Court to exercise the power of revision vested in it under the XXIX Chapter of the Code of Criminal Procedure.

7. In the 6th column, if the accused be convicted on the charge as laid, the entry need be only "as charged," but if he be convicted on an amended charge that charge should be shortly stated and the Section of the Indian Penal Code which applies referred to.

8. In the 7th column it should be stated whether the Jury were unanimous in their verdict, or what the majority was, also the names of the Jurors should be given, together with any recommendation to mercy or other special matter contained in the verdict. And in trials not by Jury the opinion of the Assessors should be given *seriatim*.

9. The several leaves comprising the trials, at any one Jail delivery, should be made up within one outside wrapper, of which a specimen is also forwarded.

10. The forms in hand should be used, as far as possible, for office copies, and you are requested to report at the expiration of three months the extent to which the time of Clerks in your Office has been economized by the plan now introduced.

By order, &c.,

(Sd.) C. D. Field,
Offg. Registrar.

অন্য যে বিষয় বিশেষ মতে লিখিতব্য বোধ হয় তাহা সংক্ষেপে কিন্তু স্পষ্টরূপে লিখিতে হইবে। অপরাধ যদি প্রাণদণ্ডনীয় হয়, তবে ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের ৩৮০ ধারার শেষভাগে যে অর্থের কথার উল্লেখ হইয়াছে তাহা লিখিতে হইবে।

৫। জজ সাহেবেরা ঐ সার বর্ণনা প্রস্তুত করিবার ভার অধীন কর্ম্মকারকদের প্রতি অর্পণ না করিয়া আপনারাই মনোযোগপূর্ব্বক প্রস্তুত করিবেন হাই কোর্টের এই প্রত্যাশা। যদি পাঠে অধিক কাগজ যোজনা করা আবশ্যক হয়, তবে পাঠ যে প্রকারের ও যে পরিমাণের কাগজে ছাপা হইয়াছে ঐ কাগজ সেই প্রকারের ও তাহার সেই পরিমাণ হইবে।

৬। সার বর্ণনার ৫ ঘরে যে অভিযোগ লিখিতে হইবে তাহা প্রত্যেক শব্দ ধরিয়া সম্পূর্ণরূপে লিখিবার প্রয়োজন নাই, কিন্তু ধারাবাহিক যে কথা লেখা গিয়া থাকে তাহা ত্যাগ করিয়া উপযুক্তমতে সম্পূর্ণ ও নিশ্চিত ভাবে তাহা লিখিতে হইবে। ফলতঃ ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের ২৯ অধ্যায়ক্রমে হাই কোর্টের প্রতি পুনরালোচনা করিবার যে ক্ষমতা প্রদান হইয়াছে, সেই ক্ষমতামতে কোর্টের কার্য্য করিবার অভিপ্রায়ে ঐ বর্ণনাপত্র প্রেরণ করা যায় এই কথা মনে রাখিতে হইবে।

৭। যে অভিযোগ করা যায়, যদি অভিযুক্ত ব্যক্তির সেই অভিযোগমতে দোষ নির্ণয় হয়, তবে ৬ ঘরে "অভিযোগমতে" এই কথামাত্র লেখা প্রয়োজন। যদি অভিযোগ সংশোধনপূর্ব্বক তাহাকে দোষী নির্ণয় করা যায়, তবে সেই অভিযোগ সংক্ষেপে লিখিয়া তাহার প্রতি ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের যে ধারা খাটে সেই ধারার উল্লেখ করিতে হইবে।

